Columbia University
in the City of New York

LIBRARY

Digitized by Google

Digitized by Google

Digitized by Google

[illegible] ... [illegible]
the Bible in the English
language

Digitized by Google

# OLD TESTAMENT

translated into Bengali

by

William Carey and John Fountain.

In 4 Vols.

Vol. 4

Prophetical Books.

Isaiah-Malachi.

γ X

Serampur

1805

Digitized by Google

Digitized by Google

ঈশ্বরের সমস্ত বাক্য ।—

বিশেষতঃ মানুষের ত্রাণ ও কার্য্যশোধনার্থে
ঈশ্বর যাহা প্রকাশ করিয়াছেন ।—

তাহাই

# ধর্ম্ম পুস্তক ।

তাহার প্রথম ভাগ যাহাতে চারি বর্গ ।—

মোশাকরণক ব্যবস্থা ।—

য়িশরালের বিবরণ ।—

গীতাদি ।—

ভবিষ্যদ্বাক্য ।

---

তাহার চতুর্থ বর্গ ভবিষ্যদ্বাক্য এই ।—

---

এব্রি ভাষাহইতে তর্জ্জমা হইল ।—

---

Serampur
শ্রীরামপুরে ছাপা হইল ।—

১৮০৫ ।
1805

Digitized by Google

Digitized by Google

COLLEGE
LIBRARY
N YORK.

# নামোচ্চারনের বর্ণ বিচিত্র।

কোন স্বর বর্ণের নীচে যদি বিন্দু থাকে তবে সে বর্ণের আরম্ভ ে মত উচ্চারন হইবে।

য়—যর নীচে যদি কোন বিন্দু থাকে তবে ে উচ্চারন হইবে।

স—সর নীচে যদি কোন বিন্দু তবে ৩ মত।

ক—কর নীচে যদি তবে ৫ মত।

?—যেখানে জিজ্ঞাসা সেখানে এই মত চিহ্ন।

মূলে যে কোন চিহ্ন থাকে তাহা টীকায় মুল ঠিকানার কারন দেয়া যাবে।

20851

Digitized by Google

নির্ঘণ্ট ।—


য়িশঈহা ভবিষ্যদ্বক্তার কথা ।—

য়রমীহা ভবিষ্যদ্বক্তার কথা ।—

য়রমীহার বিলাপোক্তি ।—

য়িহিজকল ভবিষ্যদ্বক্তার কথা ।—

দানিএল ভবিষ্যদ্বক্তার কথা ।—

হোশীয়া ভবিষ্যদ্বক্তার কথা ।—

য়োএল ভবিষ্যদ্বক্তার কথা ।—

আমোস ভবিষ্যদ্বক্তার কথা ।—

ওবদীহা ভবিষ্যদ্বক্তার কথা ।—

য়োনা ভবিষ্যদ্বক্তার কথা ।—

মীকা ভবিষ্যদ্বক্তার কথা ।—

নহোম ভবিষ্যদ্বক্তার কথা ।—

হাবক্কুক ভবিষ্যদ্বক্তার কথা ।—

সফনীহা ভবিষ্যদ্বক্তার কথা ।—

হাগী ভবিষ্যদ্বক্তার কথা ।—

জাকরীহা ভবিষ্যদ্বক্তার কথা ।—

মালকী ভবিষ্যদ্বক্তার কথা ।—


Digitized by Google

# যিশইয়াহর ভবিষ্যদ্বাক্য।—

## ১ প্রথম পর্ব্ব।—

১ যুহোদার অজিহা ও যোতম ও আহাজ ও যিহি
স্কিয়া রাজারদের কালে আমোসের পুত্র যিশইয়াহ
যে দর্শন যুহোদা ও যিরোশলমের বিষয়ে দেখিল
সে এই।—
২ হে স্বর্গেরা শুন হে পৃথিবী অবধান কর, কেননা
যিহুহা কহিতেছেন। আমি শিশুরদিগকে প্রতি
পালন ও ভরণ করিয়াছি কিন্তু তাহারাই আমাকে
৩ ছাড়িয়াছে। গরু আপন স্বামিকে ও গাধা আপ
নার কর্ত্তার হাড়ীকে জানে কিন্তু যিশরাল আমাকে
৪ জানে না আমার লোকেরা বিচার করে না। আহা
পাপী জাতি অযাথার্থ্যে ভারগ্রস্ত লোকেরা কুক্রিয়া
কারিকুল প্রকৃত পথ ত্যাগিসন্তানেরা তাহারা যিহু
হাকে ত্যাগ করিয়াছে তাহারা যিশরালের ধর্ম্মস্বরূপ
কে* তুচ্ছ করিয়া ছাড়িয়াছে তাহারা তাঁহাকে
৫ পশ্চাৎ করিয়াছে। শরীরের কোন প্রদেশে
আরবার মারিবা? † তোমরা কি আর শাস্তি

---

* অর্থাৎ যিশরালের ঈশ্বরকে।—

† এ কথা সে দেশের নাশকেরদিগকে কহা যায়।

Digitized by Google

দিবা? মাথা সমুদায় পীড়িত আছে ও হৃদয় সমুদায়
৬ দুর্ব্বল আছে পায়ের তালুয়াহইতে মাথা পর্য্যন্ত ক্ষেম
রহিত কোনই স্থান নাই সকলি ঘা ও কালশিরা ও
গলৎ ঘা সে চাপা যায় নাই ও বাঁধা যায় নাই ও
তৈলেতে নরম করা যায় নাই।—
৭ তোমারদের দেশ ওয়েরান হইয়াছে তোমারদের
সহর সকল অগ্নিতে দগ্ধ হইয়াছে তোমারদের ভূমি
বিদেশিরা খাইয়া ফেলিতেছে ও যেমন বন্যাতে নষ্ট
হইলে হইত তেমনি তোমারদের গোচরে তাহা শূন্য
৮ হইয়াছে। দ্রাক্ষা ক্ষেত্রের টোঙ্গ ও শশার বাগানের
ঝোপড়া ও শত্রুতে বেষ্টিত পরাজিত সহর যেমন ত্যক্ত
৯ হয় তেমন সীয়োনের কন্যা ত্যক্ত আছে। মহাত্মাময়
যিহুহা যদি অল্প অবশিষ্ট না রাখিতেন তবে আমরা
সদমের ন্যায় শীঘ্র হইতাম আমরা অমরার তুল্য
১০ হইতাম। হে সদমের প্রধান লোকেরা যিহুহার
কথা শুন হে অমরার লোকেরা আমারদের ঈশ্বরের
১১ বিধিতে তোমরা অবধান কর। যিহুহা বলেন
তোমারদের অনেক বলিদানেতে আমার কি কার্য্য?
আমি মেষাহুতি ও পুষ্ট পশুরদের চরবিতে পরিতৃপ্ত
আছি বলদেরদের ও মেষের বাচ্চারদের ও ছাগলের
১২ দের রক্তে আমার সন্তোষ নাই। তোমরা যদি
আমার সহিত সাক্ষাত করিতে আইস তবে তাহাতে
কি হয়? এমন আজ্ঞা তোমারদিগকে কে দিয়াছে?
১৩ তোমরা আমার স্থানে আর পা দিও না নিরর্থক উৎ
সর্গ আর আনিও না। সুগন্ধ কি? সে আমার ঘৃণিত

Digitized by Google

বস্তু অমাবস্যা ও শাবত দিন ও ঢেঁড়ি দেওয়াতে আগত
সভা ও উপবাস এবং ধর্ম্ম ত্যাগের দিন এই সকল
১৪ আমি সহিতে পারি না। তোমারদের মাসিক
পর্ব্ব ও তোমারদের উৎসব আমার মন ঘৃণা করে সে
আমার উপরে এক ভার আমি তাহা সহনেতে শ্রান্ত
১৫ হইয়াছি। তোমরা হাত বিস্তার করিলেও আমি
তোমারদের হইতে চক্ষু লুকাইব এবং যখন অনেক
প্রার্থনা কর তখনও আমি শুনিব না কেননা তোমার
১৬ দের হাত রক্তেতে পূর্ণ। আপনারদিগকে ধুও পরি
ষ্কৃত হও তোমারদের কুক্রিয়া আমার গোচরহইতে
১৭ দূরকর। কুক্রিয়া করা ত্যাগ কর সুক্রিয়া করা
শিক্ষা কর প্রকৃত ক্রিয়া করা চেষ্টা কর যাহা নষ্ট
হইয়াছে তাহা শোধিন কর. পিতৃহীনেরদের প্রকৃত
বিচার কর বিধবারদের মকর্দ্দমা কর।

১৮ যিহুহা বলেন আইস আমরা উত্তর প্রত্যুত্তর করিব
তোমারদের পাপ যদি সিন্দুরের ন্যায় লাল বর্ণ হয়
তবু তাহা বরফের ন্যায় শুক্লবর্ণ হইবে তাহা যদি
রক্তবর্ণের মত রাঙা হয় তবু মেষের লোমের ন্যায়
১৯ সাদা হইবে। তোমরা ও যদি ইচ্ছুক আজ্ঞাবর্ত্তী হও
২০ তবে দেশের উত্তম বস্তু খাইবা। কিন্তু যদি হেয়
জ্ঞান ও প্রত্যুৎ কর তবে শত্রুর তলোয়ারের ভক্ষ্য
হইবা কেননা যিহুহার মুখ সে কথা কহিয়াছে।
২১ বিশ্বস্ত নগরী যে সে কেমন করিয়া বেশ্যা হইয়া
গিয়াছে? সে প্রকৃত বিচারেতে পূর্ণ ছিল ধর্ম্ম তাহার
২২ মধ্যে বাস করিত। কিন্তু এখন বধকেরা তোমার

Digitized by Google

ক্ষপা খাদ হইয়াছে ও তোমার দ্রাক্ষারস জলেতে
২৩ মিশ্রিত হইয়াছে। তোমার অধ্যক্ষেরা দুষ্কৃতি ও
চোরের সখা হইয়াছে তোমার মধ্যে প্রত্যেক ঘুস
চাহে এবং সওগাত চেষ্টা করে তাহারা পিতৃহীনের
দের প্রকৃত বিচার করে না এবং বিধবারদের মক
২৪ দ্দমা তাহারদের গোচরে আইসে না। সেকারণ
পরমেশ্বর মাহাত্ম্যময় য়িহুহা য়িশরালের সর্ব্বশক্তি
মান যিনি তিনি বলেন আহা আমি শত্রুকপতার প্রতি
ভাক্ত হইয়া আরাম পাইব আমি আপন শত্রুরদিগকে
২৫ প্রতি হিংসা করিব। আমি আপন হস্ত তোমার
উপর পুনর্ব্বার আনিব ও আক্ষরেতে তোমার খাদ
২৬ ধ্বংস করিব এবং তোমার সকল রাঁজ দূর করিব
এবং আমি তোমার বিচারকর্ত্তারদিগকে পূর্ব্বকালের
মত পুনর্ব্বার দিব এবং আরম্ভ কালের মত তোমার
মন্ত্রিরদিগকে দিব তারপর ধর্ম্ম নগর বিশ্বস্ত প্রধান
২৭ সহর নামেতে তোমার নাম খ্যাত হইবে। সায়ন
বিচারদ্বারা উদ্ধার করা যাইবে এবং তাহার পর
দেশে নিবাসিরদের উদ্ধার যাথার্থ্যেতে করা যাইবে।
২৮ কিন্তু দুরাচার ও পাপিরদিগকে সর্ব্বনাশ একিবারে
ঘটিবে এবং যাহারা য়িহুহাকে ত্যাগ করে তাহারদের
২৯ ধ্বংস হইবে। কেননা যখন তোমরা পাতা ঝরা
আলন বৃক্ষ ও নির্জ্জল উদ্যানের মত হইবা তখন
তোমরা আপনারদের ইষ্ট আলন বৃক্ষেতে লজ্জিত
৩০ হইবা ও আপনারদের মনোনীত উদ্যানেতে বিবর্ণ
হইবা বলবান ব্যক্তি পাটের মত হইবে এবং তাহার

৩১ কার্য্য অগ্নির কনার ন্যায় হবে এবং দুই একি
বারে জ্বলিয়া যাইবে ও কেহ তাহা নিবাইবে না।

পর্ব্ব ২ আমোসের পুত্র যিশয়িহার কাছে যে বাক্য য়িহো
দা ও য়িরোশলমের বিষয়ে প্রকাশ করা গেল সে
এই।

২ শেষ কালে এমন হইবে যিহুহার ঘরের পর্ব্বত
পর্ব্বতেরদের মাথার উপরে স্থাপিত হবে এবং গিরির
দিগহইতেও উচ্চ করা যাইবে ও সকল দেশীয়েরা
৩ স্রোতের ন্যায় তাহার কাছে দৌড়িয়া যাইবে। এবং
অনেক লোকেরা যাইয়া কহিবে আইস আমরা যিহু
হার পর্ব্বতে অর্থাৎ যাকুবের ঈশ্বরের ঘরে যাই
এবং তিনি আপন পথ আমারদিগকে শিখাইবেন
এবং আমরা তাঁহার পথে গমন করিব কেননা
সীয়োনহইতে শাস্ত্র প্রকাশ হবে ও য়িরোশলমহইতে
৪ যিহুহার বাক্য প্রকাশ হবে এবং তিনি অন্যদেশীয়ের
দের মধ্যে বিচার করিবেন এবং অনেক লোকের
দিগকে অপ্রতিভ করিবেন তাহাতে তাহারা আপনার
দের তলোয়ার পিটিয়া লাঙ্গলের ফাল করিবে এবং
বর্চ্ছাকে কাস্ত্যা করিবে এক দেশীয় লোকেরা
অন্যদেশীয় লোকেরদের বিপরীতে তলোয়ার উঠাই
৫ বে না এবং তাহারা যুদ্ধ আর শিক্ষিবে না। হে
যাকুবের বংশ আইস আমরা যিহুহার দীপ্তিতে
৬ গতি করি। অবশ্য তুমি আপন যাকুবের বংশীয়
লোককে ত্যাগ করিয়াছ কেননা তাহারা পূর্ব্ব দেশ



Digitized by Google

হইতে পূর্ণকৃত এবং পলষ্টিয়দের ন্যায় মায়াবী
হইয়াছে তাহারদের অনেক২ আরও সন্তানও
৭ হইয়াছে। তাহার দেশ রূপা ও স্বর্ণেতে পূর্ণ ও
তাহারদের ধনের সীমা নাই তাহার দেশ ঘোড়াতেও
৮ পূর্ণ ও তাহারদের রথের সীমা নাই তাহার দেশও
দেবের প্রতিমাতে পূর্ণ তাহারা আপন হস্তকৃত বস্তু
কে অর্থাৎ আপন অঙ্গুলিকৃত বস্তুকে দণ্ডবৎ প্রণাম
৯ করে। তেঞি ইতর লোকেরা হেঁট করা যাইবে ও
মহৎ লোকেরা ক্ষুদ্র করা যাইবে এবং তুমি তাহার
১০ দিগকে মাফ করিবা না। পর্ব্বতে * যাইয়া যিহুহা
বিষয়ক ভয় ও তাহার মহত্ত্বের তেজহইতে ধূলায়
আপনাকে গুপ্ত কর। যখন তিনি পৃথিবীকে শঙ্কা
১১ করণক মারনের অন্যে উঠিবেন তখন মানুষের গুমানি
দৃষ্টি ছোট করা যাইবে ও মরণীয় মনুষ্যের গর্ব্ব
খাটো করা যাইবে এবং সে দিনে যিহুহা বই কাহাকে
১২ ও বড় করিয়া মানা যাইবে না। কেননা সৈন্যের †
যিহুহার দিবস প্রত্যেক মহৎ এবং উচ্চ বস্তুর বিপ
রীতে ও প্রত্যেক অভিমানী বস্তুর বিপরীতে ও আছে
১৩ এবং সে ছোট করা যাইবে ও লবাননের সকল উচ্চ
১৪ ও বড় আরস বৃক্ষের বিপরীতে ও সকল উচ্চ পর্ব্ব
১৫ তের বিপরীতে ও সকল বড় গিরির বিপরীতে ও প্রতি

---

* অর্থাৎ পর্ব্বতের গহ্বরে।—

† সৃষ্ট বস্তু যত সে সকল ঈশ্বরের সৈন্য অতএব তাহার নাম সৈন্যের যিহুহা।—

Digitized by Google

উচ্চ গুম্বিত গড়ের বিপরীতে ও সুদৃঢ়ীকৃত প্রত্যেক
১৬ প্রাচীরের বিপরীতে ও তার্শিশের প্রত্যেক জাহাজের
বিপরীতে ও সকল চিত্র কর্ম্মের বিপরীতে ও সে
১৭ দিন হবে এবং মনুষ্যের অহঙ্কারও খাটো করা
যাইবে ও মরণীয় মনুষ্যের উচ্চতা নীচ করা যাইবে
এবং কেবল য়িহুহা সে দিনে বড় করিয়া মান্য
১৮ যাবেন এবং দেবতারা ষোলয়ানা অন্তর্হিত হইবে।
১৯ যখন য়িহুহা ভয় করনক পৃথিবীকে মারিতে উঠেন
তখন তাহারা তাঁহার কর্ত্তৃক ভয়হইতে ও তাঁহার
মাহাত্ম্যের তেজহইতে পর্ব্বতের গহ্বরে ও ধুলার
গর্ত্তে যাইবে। য়িহুহা যখন ভয় করনক পৃথিবীকে
২০ মারিতে উঠেন সে দিনে তাঁহার বিষয়ক ভয়
ও মহত্ত্বের তেজহইতে পর্ব্বতেরদের গুহায় ও
২১ হেটোঙ্গেরা পর্ব্বতের ফাটায় যাইবার কারণ মনুষ্য
২২ আপন সেবা করনের নিমিত্তক স্বহস্ত কৃত স্বর্ণ ও
রূপার দেবের প্রতিমারদিগকে উন্দুর ও চামচিকার
দের কাছে ফেলিয়া দিবে।

পর্ব্ব আপন নাসিকায় প্রাণধারী মানুষে আর বিশ্বাস
৩ করিও না কেননা সে কি বিষয়ে মান্য? কেননা
দেখ পরমেশ্বর সৈন্যের য়িহুহা য়িরোশলম ও
য়িহোদাহইতে প্রতি ঠেকা ও প্রতি পেলা লড়াইতে
ছেন অর্থাৎ ভক্ষ্য ও জলস্বরূপ প্রত্যেক ঠেকা।
২ বলবান ও যোদ্ধা ও বিচারকর্ত্তা ও ভবিষ্যদ্বক্তা ও গুনিন
৩ ও পণ্ডিত ও পঞ্চাশ জনের কর্ত্তা ও সম্ভ্রান্ত লোক ও
মন্ত্রী ও ছিকমতী ও মন্ত্রনোয়ানেতে নিপুন যে জন

Digitized by Google

৪ এ সকলকে। আমি ছোকরারদিগকে তাহার
দের রাজা করিব এবং বালকেরা তাহারদের
৫ ওপর কর্ত্তৃত্ব করিবে। এবং লোকেরা পরস্পর
হিংসিত হইবে এবং প্রতি জন আপন পড়শীর ওপর
গর্ব্বিত হইবে। এবং বালক বৃদ্ধ মানুষের ওপর
৬ ও নীচ লোক মহত্তের ওপর অহংকারী হবে। সে
কারন কেহ আপনার পিতার বাটীস্থ নিজ ভ্রাতার
বস্ত্র ধরিয়া কহিবে তুমি আইস আমারদের কর্ত্তা
হও তোমার হাত যেন আমারদের এ নষ্টকল্প রাজ্যের
৭ ধারক হয়। তৎকালে সে জন এ কথা প্রকাশ
করিবে আমি তোমারদের ভাঙ্গার বান্ধক হইব না
কেননা আমার বাটীতে খাইবার নাই বস্ত্র নাই
আমাকে এ লোকেরদের কর্ত্তৃত্বে নিযুক্ত করিও না।
৮ তাহারদের অবজ্ঞা করার দ্বারা যিহোবার মহত্ত্বরূপ
চক্ষুকে কষ্ট করিবার নিমিত্তে তাহারদের জিহ্বা ও
হস্ত তাঁহার বিপরীতে আছে সে কারনে যিরোশলম
৯ কম্পিতেছে এবং যহোদা পড়িতেছে। তাহারদের
মুখের নির্ভয়তা তাহারদের বিপরীতে প্রমান দেয়
কেননা তাহারা সদমের মত আপনারদের পাপ প্রকাশ
করে তাহারা তাহা গুপ্ত করে না। তাহারদের প্রানের
সন্তাপ হবে কেননা তাহারা আপনারদের দুঃখ
১০ জন্মাইয়াছে। কহ ধার্ম্মিকের আশীর্ব্বাদ হইবে
তাহার অবশ্য কল্যান হইবে সে আপনার
১১ ক্রিয়ার ফল ভোগ করিবে। দুষ্টেরদের সন্তাপ
হবে তাহার অমঙ্গলাধিকার হইবে কেননা

Digitized by Google

তাহার হাতের ক্রিয়ার ফল তাহাকে দিতে হইবে।
১২ কিন্তু আমার লোকেরদের এই দশা বালকেরা
তাহারদের অন্যায় দণ্ডক হয় এবং স্ত্রী লোক
তাহারদের ওপর কর্ত্তৃত্ব করে। হে আমার লোক
আপনার অগ্রগামিরা তোমাকে ভুমে ভ্রমণ করায় ও
১৩ তোমার পথের গমন ফিরায়। য়িহুহা সওয়াল
জওয়াব করিতে ওঠেন তিনি আপনার লোকের সহিত
১৪ বাদানুবাদ করিতে ওঠেন ৳ য়িহুহা আপনার
লোকের প্রাচীন ও অধ্যক্ষরদের সহিত আদালতে
দেখা করিবেন। তোমরা আমার দ্রাক্ষা ক্ষেত্র
নষ্ট করিয়াছ গরিবেরদের লুটা বস্তু তোমার
১৫ দের ঘরে আছে। পরমেশ্বর সৈন্যের য়িহুহা
বলেন তোমারদের মনে কি যে আমার লোককে দলিয়া
ফেল ও গরিব লোকেরদের মুখ পিশিতেছ ? । —
১৬ য়িহুহা আরও কহিয়াছেন স্যিয়নের কন্যারা
অহঙ্কারী এবং বুক ফুলা ও কজ্জলেতে চক্ষু মিথ্যা
সুন্দরীকৃত হইয়া ও আরক পায় গমনে ও পায়ের শব্দ
১৭ বিক্ষেপেতে গমন করে। তেকারণ পরমেশ্বর
স্যিয়নের কন্যারদের মাথা ন্যাড়া করিবেন ও য়িহুহা
১৮ তাহারদের ওলঙ্গতা প্রকাশ করিবেন। সে দিনে
য়িহুহা তাহারদের সকল অলঙ্কার অর্থাৎ মল ও
১৯ জালী অলঙ্কার ও চন্দ্রহার ও ঝুমকা ও মালা ও কর্ণ
২০ ফুলি ঘোমটা ও মাথার কাপড় ও তাড় ও হেলিয়া
২১ ও আতরদান ও অঙ্গুরি ও ধুকধুকী ও নত ও
২২ বুটাদার বস্ত্র ও ঘোমটা ও ওড়নী ও বটুয়া ও

Digitized by Google

২৩ চিকন বস্ত্র ও সরু জামা ও পাগড়ী ও কমাল এই সকল
২৪ খুলিয়া লইবেন। তাহাতে সুগন্ধের বদলে পচা ঘা
ও ছাল পরা বস্ত্রের বদলে নেকড়া ও সুন্দর বিন্যাসের
বদলে টাক ও বক্ষের বদলে চট ও সুন্দর রূপের
২৫ বদলে চিমড়া চর্ম্ম হইবে। তোমার লোকেরা তলো
য়ারের কোপে ও তোমার বলবান লোকেরা সংগ্রামে
২৬ পড়িবে। ও তাহার দ্বার ক্রন্দন ও বিলাপ করিবে
এবং সে আপনি অনাথা হইয়া মৃত্তিকায় বসিবে।
পর্ব্ব সে দিনে সাত জন স্ত্রী এক জন পুরুষকে ধরিয়া
৪ এ কথা কহিবে আমরা আপনারদের ভক্ষ্য দ্রব্য খাইব
এবং আপনারদের বস্ত্র পরিব কেবল আমারদিগকে
তোমার নাম আশ্রয় করিতে দিও আমারদের অপ
২ মান ঘুচাও। সে দিনে যিহুহার ডাল তেজস্বী
ও সুন্দর হইবে এবং যিশরালের বংশের মধ্যে
যাহারা বাঁচে তাহারদের কারণ দেশের উৎপত্তি দিব্য
৩ ও বিলক্ষণ হবে। এবং এমত হইবে সীয়নে যে জন
এবং যিরোশলমে যে জন থাকে সে ধার্ম্মিক খ্যাত
হবে অর্থাৎ যিরোশলমের জীবৎ লোকেরদের
৪ মধ্যে যে প্রতি জন লেখা আছে। পরমেশ্বর
সীয়নের কন্যারদের মল ধুইয়া ফেলাইলে এবং
বিচার ও জ্বলনাত্মাতে যিরোশলমের রক্ত তাহার
৫ মধ্যহইতে পরিষ্কৃত করিলেপর যিহুহা সীয়ন
পর্ব্বতের প্রত্যেক থানার ও তাহার সকল পবিত্র
মণ্ডলির উপর দিনে মেঘ ও ধূমা এবং রাত্রে প্রজ্বলিত
অগ্নির তেজ সৃষ্টি করিবেন এবং সকলের উপর

Digitized by Google

৬ তেমন রূপ আচ্ছাদন হইবে। দিনে গ্রীষ্ম নিবারণার্থে
সে তাম্বু হইবে এবং ঝড় ও বৃষ্টি হইতে রক্ষার্থে
ছায়ার জন্যে আচ্ছাদন ও আশ্রয় হইবে।—

পর্ব সম্প্রতি আমি আপন প্রিয়ের কাছে তাহার দ্রাক্ষা
৫ ক্ষেত্রের বিষয়ক এক গীত অর্থাৎ প্রেম গীত গাইব।
এক শুষ্ক ফলবান পর্ব্বতের মাথায় আমার প্রিয়ের এক
২ দ্রাক্ষা ক্ষেত্র ছিল তিনি তাহার বেড় করিলেন ও
পাথর বাছিয়া ফেলিলেন এবং শরেকের দ্রাক্ষা লতা
তাহাতে রূপিলেন ও তাহার মধ্যে গড় গাথাইলেন
ও সরোবর খুদিলেন পরে তাহার দ্রাক্ষা ফল যে
হবে ইহা চাবিলেন কিন্তু তাহা আমড়োকা ফল
৩ ফলিল। এখন হে যিরোশলমের গৃহস্থেরা ও
য়িহোদার প্রজারা আমি মিনতি করি তোমরা আমার
৪ ও আমার দ্রাক্ষা ক্ষেত্রের বিচার করিও। আমার
দ্রাক্ষা ক্ষেত্রে আমি যে ক্রিয়া করিয়াছি ততোধিক
ক্রিয়া আর কি করিতে আমার সাধ্য অতএব সে
যে দ্রাক্ষা ফল ফলিবে আমি যখন ইহা ভাবিলাম
৫ তখন সে কেন আমড়োকা ফল ফলিল ;। অতএব
এখন আইস আমি আপন দ্রাক্ষা ক্ষেত্রকে যাহা
করিতে ঠাওরিয়াছি তাহা তোমারদিগকে জানাইব।
তাহার সে আবরণ আমি লওাইব এবং সে খাও
য়ান যাবে আমি তাহার বেড় নষ্ট করিব পরে সে
৬ দলান যাইবে। আমি তাহা বেয়াবাদও করাইব তাহার
কাটান ও খোদান হবে না কিন্তু স্যাকুল ও কাঁটা
গাছ তাহাতে উঠিবে আমি মেঘকেও আজ্ঞা দিব যে

Digitized by Google

৭ তাহার ওপরে বৃষ্টি না বর্ষায়া। য়িশরায়েলের বংশ
ঈশ্বরের য়িহ্বহার দ্রাক্ষা ক্ষেত্র ও য়িহুদার লোক
তাহার তোষিক বৃক্ষ এই নিশ্চয় তিনি ভাবিলেন যে
বিচার হইবে কিন্তু দেখ জোর হইল ও ধর্ম্ম যে
৮ হইবে কিন্তু দেখ জোরেতে হাহাকার হইল। স্থান
যাহাতে না থাকে এবং দেশের মধ্যে তোমার
দের একা বসতি যাহাতে হয় এই মত বাটীর ওপরে
বাটী ও ক্ষেত্রের ওপরে ক্ষেত্র কর যে তোমরা তোমার
৯ দের সন্তাপ হবে। ঈশ্বরের য়িহ্বহা আমার
শ্রবনে এ কথা প্রকাশ করিয়াছেন অবশ্য অনেক
বাটীর বিনাশ হইবে বড় ও সুন্দর বাটী গৃহস্থ
১০ শূন্য হইবে ও দশ বিঘা দ্রাক্ষা ক্ষেত্রেতে এক বাত
দ্রাক্ষা রস ওৎপন্ন হবে এবং এক য়মর বীজেতে এক
আইফা ফলোৎপন্ন হইবে।

১১ সুরা পানের জন্যে ভোরে ওঠে এবং সায়ং
কালে দ্রাক্ষা রসের তাপ পাওনের জন্যে বহুকাল
বসে এমন যে লোকেরা তাহারদের সন্তাপ হবে।
১২ এবং বীন ও নবল ও তবল ও বাঁশি ও দ্রাক্ষা রস
তাহারদের ভোজে হয় কিন্তু তাহারা য়িহ্বহার ক্রিয়া
মানে না তাহারা তাঁহার হস্তকৃত ক্রিয়া দেখিতে
১৩ পায় না অতএব জ্ঞানাভাবেতে আমার লোক
ওত্থাটিত হইয়া অন্য দেশীয় বাসে যায় তাহারদের
মহৎ লোকও ক্ষুধাতে মরিয়াছে ও তাহারদের
১৪ ইতর লোক তৃষ্ণাতে শুষ্ক হইয়া গিয়াছে। অতএব
অদৃষ্ট জগৎ আপন খাওনেচ্ছা বড়াইয়াছে

Digitized by Google

১৪ এবং আপন মুখ অত্যন্ত বিস্তীর্ণ করিয়াছে এ
তাহার মহৎ ও ইতর লোক ও তাহার কর্ম্মকারী
জনতা ও তাহার মধ্যে যত লোক আনন্দ করে
১৫ সে ইহারদিগকে গেলা যায়। এবং ইতর লোককে হেঁট
করা যাইবে এবং মহৎ লোক অপমান্য করা যাইবে
এবং গর্ব্বিত লোকেরদের দৃষ্টি নামান যাইবে
১৬ এবং সৈন্যের যিহোবা বিচারে উন্নত হইবেন
এবং ধর্ম্মস্বরূপ প্রভু আপন যাথার্থ্যের প্রকাশেতে
১৭ পবিত্ররূপে মান্য যাইবেন। তখন মেষেরা যেমন
চরিবে ও অন্যদেশীয়েরা পুষ্ট লোকেরদের পতিত
ক্ষেত্র খাইবে।—
১৮ যাহারা কুক্রিয়া দীর্ঘ কাঁচির মত এবং পাপ গাড়ির
পাগিডার মত লম্বা করিয়া টানে যাহারা কহে সে
১৯ শীঘ্র করুক সে আপন কার্য্য শীঘ্রই করুক আমরা
তাহা দেখি এই কারণ আমরা যাহাতে যিশরালের
ধর্ম্মস্বরূপের * নিয়মিত ক্রিয়া জানিতে পাই সে
সেমত উপস্থিত হওক সে সেই মত হওক এমন যে
২০ লোকেরা তাহারদের সন্তাপ হবে। যাহারা মন্দকে
ভাল ও ভালকে মন্দ করিয়া কহে যাহারা আলোর
বদলে অন্ধকার এবং অন্ধকারের বদলে আলো দেয়
যাহারা মিঠার বদলে তিক্ত ও তিক্তের বদলে মিঠা
২১ করে তাহারদিগের সন্তাপ হবে। যাহারা আপ
নারদের দৃষ্টিতে জ্ঞানবান এবং আপনারদের

* অর্থাৎ যিশরাল কর্ত্তৃক মান্য ধর্ম্মস্বরূপ ঈশ্বর।



Digitized by Google

২২ দুর্জনে দ্রাক্ষারস পানে বীর তাহারদিগের সন্তাপ হবে। যাহারা
দ্রাক্ষারস পান করিতে পরাক্রান্ত ও সুরা মিশাইতে
২৩ বলবান তাহারদের সন্তাপ হবে। যাহারা ঘুষ
লইয়া অপরাধীকে নিরপরাধী করে, এবং ধার্ম্মিকের
ধর্ম্ম তাহাহইতে লয় তাহারদের সন্তাপ হবে।
২৪ অতএব যেমন অনলের শিখা নাড়া চাটিয়া খায় ও
যেমন শিখা ভুষি খাইয়া ফেলে সেইরূপ তাহারদের
মূল পচা কাঠের মত হইবে। এবং তাহারদের
ফুল ধুলার ন্যায় উড়িয়া যাবে। কেননা তাহারা
সৈন্যের যিহোবার শাস্ত্র তুচ্ছ করিয়াছে তাহারা
যিশ্রায়েলের ধর্ম্মস্বরূপের কথা অবজ্ঞা করিয়াছে।
২৫ ইহাতে যিহোবার ক্রোধ আপন লোকেরদের বিপরীতে
প্রজ্বলিত আছে। এবং তিনি তাহারদের বিপরীতে
হস্ত বাড়াইয়াছেন। তিনি তাহারদিগকে মারিলেন
এবং পর্ব্বতেরা কম্পমান হইল এবং তাহারদের শব
গলিতের ন্যায় গলির মধ্যে পড়িল।
এ সকল হইলেও তাঁহার ক্রোধ ফিরে নাই কিন্তু
এই ক্ষণেও তাঁহার হাত বিস্তীর্ণ হইয়াছে।
২৬ তিনি অতি দূরদেশীয় লোকেরদের কারণ ধ্বজা
উঠাইবেন ও তাহারদের প্রত্যেক জনকে ডাকনার্থে
পৃথিবীর সীমাহইতে শিষ দিবেন এবং দেখ
২৭ তাহারা শীঘ্র করিয়া আসিবে। তাহারদের কেহ
দুর্ব্বল নয় কেহ উচোট খাইয়াও যায় না কেহ তন্দ্রা
যাবে না এবং ঘুমাবেও না তাহারদের কটিবন্ধ
খোলা যাবে না ও তাহারদের জুতার সুতা খোলা যাবে

Digitized by Google

তাহারদের বাণ তীক্ষ্ণ এবং তাহারদের সকল
ধনুক নত; তাহারদের ঘোড়ারদের খুরগুলির
মত এবং তাহারদের চক্র ঘূর্ণী বায়ুর ন্যায় জ্ঞাত করা
২৯ যাবে। তাহারদের গর্জ্জন সিংহীর গর্জ্জনের মত
যেমন সিংহের ছা গর্জ্জে তেমন তাহারা গর্জ্জিবে
তাহারা গর্জ্জন করিয়া শিকার ধরিবে। তাহারা তাহা
৩০ লইয়া গেলে পর কেহ নিস্তার করিবে না। সে
দিনে তাহারা সমুদ্রের গর্জ্জনের মত তাহারদের
বিপরীতে গর্জ্জন করিবে তখন যদি কেহ পৃথিবীর
প্রতি দৃষ্টি করিবে তবে দেখ অন্ধকার ও দুঃখ এবং
সে দেশের আকাশেতে আলো নষ্ট হয়।

৬ পর্ব্ব। ১ যে বৎসর উষিয় রাজা মরিলেন সে বৎসরে
আমি যিহোবাকে উচ্চ এবং উন্নত সিংহাসনের উপরে
বসিতে দেখিলাম তাঁহার দামনেতে মন্দির পরিপূর্ণ ছিল
২ তাঁহার উপরে সারাফীরা দাণ্ডাইল এবং সারাফের
ছয় ছয় পাখা ছিল সে দুইতে আপন মুখ ঢাকে আর
৩ দুইতে পা ঢাকে ও আর দুইতে উড়ে। এবং তাহারা
পরস্পর ডাকিয়া কহিল পবিত্র পবিত্র পবিত্র
৪ সৈন্যাধ্যক্ষ যিহোবা সর্ব্ব পৃথিবী তাঁহার তেজেতে পূর্ণ। তাহারদের
শব্দেতে মন্দিরের দ্বার নড়িল এবং মন্দির ধূমেতে
৫ পূর্ণ হইল। তখন আমি বলিলাম হায় আমি নষ্ট
হইয়াছি কেননা আমি অপবিত্রৌষ্ঠাধর মানুষ
এবং অপবিত্রৌষ্ঠাধর লোকেরদের মধ্যে নিবাসী
আমার চক্ষু রাজাকে অর্থাৎ সৈন্যের যিহোবাকে
৬ দেখিতে পাইয়াছে। পরে সারাফের এক জন পরাক্রমী যত

বেদির উপর হইতে যাহা চিমটাতে লইয়াছিল এমন একটা
অঙ্গার হাতে করিয়া উড়িয়া আমার কাছে আইল।
৭ পরে আমার মুখ স্পর্শ করাইয়া বলিল দেখ এই
অঙ্গার তোমার মুখ স্পর্শ করিয়াছে তাহাতে তোমার
অপরাধ গিয়াছে এবং তোমার পাপ মোচন হইয়াছে।
৮ আমি কাহাকে পাঠাইব? এবং আমারদের কারণ
কে যাইবে? এই কথা কহিতেছে যে যিহোবার রব
তাহা আমি তৎপরে শুনিলাম। তখন আমি কহিলাম
৯ দেখ এই আমি আমাকে পাঠাও। তিনি বলিলেন এ
লোকেরদের কাছে যাইয়া বল তোমরা শুনিয়াছ বটে
কিন্তু বুঝিতে পাও না তোমরা দেখিতেছ বটে কিন্তু
১০ জানিতে পাও না। এ লোকেরদের অন্তঃকরণ মোটা
কর তাহারদের কর্ণও বধির কর এবং তাহার-
দের চক্ষু মুদ পাছে তাহারা আপনারদের চক্ষুতে
দেখিতে পায় ও কর্ণে শুনিতে পায় এবং অন্তঃ
করণে বুঝিতে পায় ও মনে ফিরে তাহাতে আমি
১১ তাহারদিগকে সুস্থ করি। তখন আমি বলিলাম
হে যিহোবা এই কতক্ষণ পর্যন্ত হইবে। তিনি বলি
লেন নগরেরদের নিবাসী শূন্য ও বাটীরদের নর
শূন্য হওয়াতে বিনাশ পর্যন্ত ও দেশের খোলয়ানা
১২ ভূমি শূন্য হওয়া পর্যন্ত এবং যিহোবা মনুষ্য
জাতি অতি দূর করণ এবং দেশের মধ্যে অনেক
১৩ অনাথা স্ত্রী লোক হওয়া পর্যন্ত। দশমাংশ
যদি তাহার মধ্যে থাকে তবুও তাহার পুনঃ বিনাশ
হইবে কিন্তু আলা এবং আল্লন বৃক্ষ যদি ছেদিত

Digitized by Google

হয় তবু তাহাকে মুক্ত যেমন থাকে তেমনও ধর্ম্ম বীজ
এ দেশীয় লোকেরদের মূল হইবে।—

পর্ব্ব য়েহোদার রাজা আহাজ রাজার পুত্র যোথমের পুত্র উষিয়
৭ যের কালে অরামের রুষিন রাজা ও রমলিহার পুত্র পকহ
নামে পুত্র য়িশরায়েলের রাজা। এই দুই জন য়িরূশালম
সৈন্যেতে বেষ্টিত করণের জন্যে আইল কিন্তু
২ তাহা পরাস্ত করিতে পারিল না। অরাম আফ্রয়িমের
সহায় আছে এ কথা যখন দাউদের বংশের
কাছে কহা গেল তখন রাজার ও তাঁহার লোকের
দের মন বাতাসে বনের বৃক্ষের ন্যায় কম্পবান
৩ হইল। তৎকালে য়িহোবা য়িশয়াহকে কহিলেন
তুমি ও তোমার শয়রয়িশব পুত্র দুই জন দূরতর
পুষ্করিণীর মাথায় ধোবার ক্ষেত্রের পথে আহাজের
৪ সহিত দেখা করিতে যাও এবং তাহাকে কহ
সাবধান হও অমনি থাক এ দুই লোকাতে পোড়া
রেতের অর্থাৎ রুষিন ও রমলীহার পুত্রের মহা
৫ কোপেতে ভয় করিও না এবং অন্তঃকরণে দুর্ব্বল
৬ হইও না। আইস আমরা য়িহুদার বিপরীতে
যাইয়া তাহার ব্যাঘাত করি আমরা তাহার কিছু
ছিঁড়িয়া আপনারদের কারণ লই তাহার উপর
কর্তৃত্ব করণের কারণ আমরা এক জন রাজাকে অর্থাৎ
টবালের পুত্রকে তাহাতে নিযুক্ত করি আরাম আফ্রয়
ও রমলীহার পুত্র এই কথা কহিয়া তাহার বিরুদ্ধে
৭ কুপরামর্শ করিয়াছে এ নিমিত্তে য়িহোবা পরমেশ্বর এ
৮ কথা কহেন সে পরামর্শ স্থির হইবে না সে হইবেই

Digitized by Google

৮ কেননা আরামের মাথা দম্মেশক বটে ও দম্মেশকের মাথা
রসিন বটে ইফ্রিমের মাথা শমরোণ বটে ও শম
৯ রোণের মাথা রমলীয়ার পুত্র বটে কিন্তু পঁয়ষট্টি
বৎসরের মধ্যে ইফ্রিম ভিন্ন জাতি আর
লোক থাকিবে না। তোমরা আমাকে
প্রত্যয় না করিলে স্থির থাকিবা না।
১০ এবং যিহোবাও পুনর্ব্বার আহসকে এ কথা কহিলেন
১১ তুমি আপন ঈশ্বর যিহোবার নিকটে লক্ষণ প্রার্থনা কর
নীচের পাতালে কিম্বা উর্দ্ধস্থ স্বর্গে তাহা চাহ। কিন্তু
১২ আহস কহিল আমি চাহিব না আমি যিহোবার
১৩ পরীক্ষা করিব না। পরে তিনি কহিলেন হে দায়ূদের
বংশ এখন শ্রবণ কর তোমরা কি মানুষকে ব্যস্ত
করিয়া ওবে আমার ঈশ্বরকেও যে তোমরা ব্যস্ত কর
এ কি ক্ষুদ্র বিষয়? অতএব প্রভু আপনি এক লক্ষণ
১৪ তোমারদিগকে দিবেন। দেখ এক অক্ষত কন্যা গর্ভবতী
হইয়া পুত্র প্রসব করিবে ও লোকে তাঁহার নাম ইম্মানুয়েল
১৫ রাখিবে। সে কুক্রিয়ার হেয়জ্ঞান করণ ও সুক্রিয়ার
গ্রাহ্য পসন্দ করণ জ্ঞানপ্রাপ্ত হইয়া মাখন ও মধু আহার
১৬ করিবে। কেননা এ বালকের কুক্রিয়া হেয়জ্ঞান ও
সুক্রিয়া পসন্দ করণ জ্ঞান উপস্থিত হওয়ার পূর্ব্বে যে
দেশের দুই রাজার কাছে তুমি ক্লেশ পাইতেছ সে
১৭ এ দেশ নিরালয় হইবে। যে কাল ইফ্রায়িম যিহূদাকে
ত্যাগ করিল সে দিনাবধি কখন না হইল এমন যে
সময় সে সময় যিহোবা তোমার ও তোমার লোক ও
তোমার পিতৃবংশের উপর আনিবেন। সে কালে

Digitized by Google

১৮ সেই সময় হইতে পরমেশ্বর যিহোবা মিস্রের নদীর
১৯ শেষপ্রদেশের মক্ষিকাকে ও অশূরের দেশের মধুমক্ষিকে
ডাকিবেন তাহাতে সেই সকল তাহারা আসিয়া সকলে
পতিত প্রান্তরে ও পাহাড়ির পর্ব্বতের উপর ও
২০ সকল বিবিধ বনে ও ঝোপে বাস করিবে। সেই দিনে
যিহোবা নদীর পারস্থ লোকের ভাড়া ক্ষুর অর্থাৎ
অশূরের রাজার মস্তক ও পায়ের লোম ক্ষৌরি
২১ করিবেন এবং দাড়ি নষ্ট করা যাইবে। সেই দিনে
সময় হইতে যদি কেহ যুবা গাভী ও দুইটা মেষ পালন
করে। তবে তাহাদের অনেক দুগ্ধেতে সে মাখন
২২ খাইবে। দেশে যে জন অবশিষ্ট হয় সে পূর্ব্বোক্ত জন
২৩ মাখন ও মধু খাইতে পাইবে। এবং যে প্রতি ক্ষেত্র
সহস্র রূপামুদ্রা মূল্যবান সহস্র দ্রাক্ষা গাছ ছিল
সে সে দিনে ঐ সব ক্ষেত্র শ্যাকুল ও কাঁটা গাছ হইবে।
২৪ লোকেরা বাণ ও ধনুক হাতে করিয়া সেখানে যাইবে
কেননা সমস্ত দেশ শ্যাকুল ও কাঁটা গাছেতে পূর্ণ
২৫ হইবে। এবং শ্যাকুল ও কাঁটার ভয় যেখানে কাহার
যাওয়া ছিল না এমন যে পূর্ব্বকালের কোদালিতে খোদা
আবাদ সকল পর্ব্বত সেই বলদের চরাণ ও মেষের
দলভূমজের চারণ স্থান হইবে।

পর্ব্ব ৮ পরে যিহোবা আমাকে কহিলেন একখান বড় পত্র
লইয়া স্পষ্ট শীঘ্র লুটের নিমিত্তে শিকার ত্বরায়
ধরণের নিমিত্তে এই কথা লেখকের হাতিয়ার দিয়া তে
২ তাহার উপর লেখ। তখন আমি প্রমাণের জন্য বিশ্বস্ত
সাক্ষিরদিগকে অর্থাৎ আওরীয়া যাজককে ও যিবর

Digitized by Google

কীহার পুত্র তাহাকে আপনার কাছে আনিলাম।
৩ পরে আমি ভবিষ্যদ্বক্তীর নিকটে গেলাম তাহাতে সে
গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব হইল তখন যিহহো আমা
কে কহিলেন তাহার নাম মাহের শালাল হাশবজ *
৪ রাখ। কেননা এ বালকের হে আমার পিতা হে
আমার মাতা এই কথার উচ্চারণ জাননের পূর্ব্বে
দম্মেশকের ধন ও শমরোনের লুট আশোরের
রাজার অগ্রে অপহরণ করা যাবে।—
৫ তৎপর যিহহো এ কথা আমাকে কহিলেন এ
৬ লোক শিলয়াহের মন্দ২ স্রোতের জল হেয়জ্ঞান
করিয়া রসিন ও রমলীহার পুত্রে আনন্দিত হইয়াছে
৭ অতএব দেখ পরমেশ্বর নদীর জল সে যাহা কোবাল
ও বিক্রান্ত স্রোতো বিশিষ্ট জল অর্থাৎ আশোরের
রাজা এ তাহার সকল সামন্ত তাহারদের ওপর
আসিতেছেন। সেই তাহারদের সকল নদীর ওপরে
ফুলিয়া উঠিবে ও তাহার সকল পাত ছাড়িয়া উঠিবে।
৮ সেও ফুলিতে২ বাড়িতে২ যিহোদা দিয়া যাবে সে
গলা পর্য্যন্ত হবে হে অম্মনুয়েল তাহার পাখার
বাতাস তোমার দেশের প্রস্থেতে হবে।—
৯ হে লোকেরা তোমরা ইহা জ্ঞাত হও এবং চমৎ
কৃত হও হে দূর দেশস্থেরা তাহাতে অবধান কর আপ
নারদের কমর বাঁধিয়া ভীত হও আপনারদের কমর
১০ বাঁধিয়া ভীত হও। পরামর্শ কর কিন্তু সে বৃথা হইবে

---

* অর্থাৎ লুট করনের জন্যে শীঘ্র হও শিকার ধর
নের জন্যে ত্বরায় যাও।—

Digitized by Google

কথা কহ কিন্তু সেইও স্থির হইবে না কেননা প্রভু
১১ আমারদের সহিত আছেন। এ লোকেরা যাহা
পবিত্র করিয়া মানে তাহা পবিত্র করিয়া মানিও না
১২ এবং তাহারদের ভয়েতেও ভীত হইও না এবং সশ
ঙ্কিতও হইও না। সৈন্যের য়িহুহা যিনি তাঁহাকে পবিত্র
১৩ করিয়া মান তিনি যেন তোমারদের মান্য ও তোমার
১৪ দের ভেতব্য হন তাহাতে তিনি তোমারদের এক
আশ্রয় হইবেন কিন্তু য়িশ্রায়েলের দুই বংশের
দিগের বাধা পাথর ও বাধাজনক পর্ব্বত এবং য়িরো
শলমের প্রজারদিগের কাছে ফাঁদ ও কল হই
১৫ বেন এবং তাহারদের মধ্যে অনেক লোক উচোট
খাইবে ও পড়িবে ও ভাঙ্গা যাবে ও ফাঁদে পড়িয়া ধরা
যাবে য়িহুহা যখন এই সকল কথা কহিয়া এ লোকের
দের পথে না যাইতে আমার হাত ধরিয়া আমাকে
ইহা শিক্ষা করাইলেন তখন এই কথা আমাকে কহি
১৬ লেন। সাক্ষ্য কথা বাঁধিয়া রাখ আমার শিষ্যেরদের
১৭ মধ্যে আজ্ঞা মোহর করিয়া রাখ। যাকুবের বংশ
হইতে মুখ লুকান যে য়িহুহা তাঁহার অপেক্ষা আমি
১৮ করিব আমি তাঁহারি অপেক্ষা করিব। দেখ আমি ও
য়িহুহা কর্ত্তৃক দত্ত আমার সন্তানেরা সীয়োন পর্ব্বতবাসী
সৈন্যের য়িহুহাহইতে নির্গত য়িশ্রায়েলের মধ্যে লক্ষণ
১৯ ও অদ্ভুত বস্তুর কারণ হই। যখন তাহারা তোমার
দিগকে কহে জান্ ও গুণিলেরদের স্থানে চাহ যাহারা
কিচ ও ফুসুং করে তাহারদের স্থানে চাহ। লোকে কি



Digitized by Google

আপনারদের ঈশ্বরের স্থানে চাহিবে না? তাহারা
২০ কি জীবতের বদলে মরার স্থানে চাহিবে? তাহারা
আজ্ঞা ও সাক্ষ্য কথার স্থানে চাহুক তাহারা সে
সুস্পষ্ট বাক্যানুযায়ী যদি না কহে তবে তাহারদের প্রতি
২১ অম দুঃখিত ও ক্ষুধিত হইয়া দেশান্তরে যাবে। পরে
সে যখন ক্ষুধিত হইয়া আপনার বিষয়ে ক্রুদ্ধ হইবে
তখন আপন রাজাকে এবং আপন ঈশ্বরকে শাপ
২২ দিবে। সে ঊর্দ্ধ ও মৃত্তিকার দিগে দৃষ্টি করিবে
কিন্তু দেখ দুঃখ ও অন্ধকার ও ঘোরতা ও ক্লেশ ও
ঘোরতম অন্ধকার কিন্তু তাহার পরে সে দুঃখ পাওয়ার
৯ পর্ব দেশে অন্ধকার হইবে না। সে কালে তিনি জবূলন
১ ও নপ্তুলি দেশ খাটো করিলেন কিন্তু শেষ কালে
তাহা তেজস্বী করিয়াছেন অর্থাৎ সমুদ্রের পথস্থ
যির্দ্দনের ওপার অন্যদেশীয়েরদের গালিলি।
২ যে লোক অন্ধকারে গতি করিল তাহারা মহা
আলো দেখিতে পাইয়াছে যাহারা মৃত্যুর উৎপাদক
ছায়ার দেশে বাস করিল তাহারদের উপর আলো
৩ প্রকাশ হইয়াছে। তুমি লোকেরদিগকে বাড়াইয়াছ
তুমি তাহারদের আহ্লাদ বাড়াইয়াছ তাহারা তোমার
বিদ্যমানে ফসল সময়ের মত ও লুট ভাগিরদের মত
৪ আনন্দ করে। কেননা যেমন মদীনের দিনে ছিল
তেমন তুমি তাহার ভার বহনের বাঁক ও তাহার
স্কন্ধের উপর যে পাইন ও তাহার অন্যায়ি দণ্ডকারির
৫ দণ্ড ভাঙ্গিয়াছ। কেননা সংগ্রামস্থ সমস্ত সৈন্যের
যোজা এবং অনেক রক্তেতে লিপ্ত বস্ত্র পোড়ান হইবে

Digitized by Google

৬ অর্থাৎ অগ্নিতে পোড়াবার দ্রব্য হইবে। কেননা এক জন বালক আমারদের কারণ জন্মিয়াছে এক জন পুত্র আমারদের কাছে দেয়া গিয়াছেন কর্তৃত্ব ভার তাঁহার স্কন্ধের উপরে হইবে তাঁহার নাম আশ্চর্য্য মন্ত্রী ক্ষমতাজ প্রভু অনন্ত কালীন পিতা নির্ব্বিঘ্ন

৭ রাজা খ্যাত হইবেন। দায়ূদের সিংহাসন ও রাজ্যের উপর ন্যায় ও পুণ্য ক্রিয়াতে এখনাবধি সদা সর্ব্বস্থানে আজ্ঞা অক্ষয় ও স্থির করণের নিমিত্ত তাঁহার কর্তৃত্বের ও মঙ্গলের বৃদ্ধির শেষ হইবে না। সৈন্যের যিহুয়ার সে উদ্যোগ তাহা সিদ্ধ করিবে।

৮ যিহুয়া এক বাক্য যাকুবের বিপরীতে পাঠাইলেন

৯ এবং সে বাক্য যিশরালের উপরে পড়িয়াছে। এ সকল লোক অর্থাৎ ইফ্রয়িম এবং শমরোণের প্রজারা তাহারদের অন্তঃকরণের অহঙ্কার ও দর্পেতে

১০ দণ্ডমান হইয়া কহে ইট পড়িয়াছে বটে কিন্তু আমরা খোদকারি পাথরেতে গাঁথিব অশ্বত্থ পড়িয়াছে বটে কিন্তু আমরা এরস বৃক্ষ তাহারদের বদলে দিব।

১১ সে কারণ যিহুয়া রসিনের শত্রুদিগকে তাহার বিপরীতে উঠাইবেন তাহার সকল শত্রুকে একেবারেই উঠাইবেন। পূর্ব্বদিগে আরামীয়েরদিগকে পশ্চিম দিগে পলেষ্টীয়েরদিগকে তাহারা প্রতিদিগে যিশরালকে খাইয়া ফেলিবে।

১২ এ সকল হইলেও তাঁহার ক্রোধ ফিরে নাই কিন্তু এখন পর্য্যন্ত তাঁহার হস্ত বিস্তীর্ণ হইয়াছে।

Digitized by Google

১১ যিনি তাহারদিগকে মারিলেন তথাচ তাঁহারদিগে
এ লোকেরা কখন ফিরে না এবং সৈন্যের যিহুহা
১৪ কে চেষ্টা করে না। সে কারণ যিহুহা যিশ্রাল
হইতে মাথা ও লেজ ও তাল ও পাঁতি একি দিনে
১৫ ছেদন করিবেন। বৃদ্ধ ও সম্ভ্রান্ত লোক যিনি তিনি
মাথা মিথ্যা কথা শিক্ষকারী ভবিষ্যদ্বক্তা যে সে
১৬ লেজ। কেননা এ লোকেরদের গুরুরা তাহার
দিগকে ভুলায় ও যাহারা তাহারদের কথা মানে
১৭ তাহারা খাইয়া ফেলা যাইবে। এতদর্থে যিহুহা
তাহারদের যুবা লোকেরদিগকে দেখিয়া আনন্দ
করিবেন না ও তাহারদের পিতৃহীন ছাওয়াল
ও বিধবারদিগকে কিছু দয়া করিবেন না কেননা
তাহারদের প্রতিজন কাল্পনিক ও কুকর্মকারী ও
প্রতি মুখ অবোধ কথা কহে।
এ সকল হইলেও তাহার ক্রোধ ফিরে না কিন্তু
তাঁহার হস্ত এখন পর্য্যন্ত বিস্তীর্ন হইয়াছে।
১৮ কেননা কুক্রিয়া অগ্নির মত জ্বলে সে খ্যাকুল ও
কাঁটা পোড়াইয়া ফেলিবে সেও বনের নিবিড় স্থান
পোড়াইবে ও ধূয়া মেঘের ন্যায় হইয়া উঠিবে।
১৯ সৈন্যের যিহুহার ক্রোধেতে দেশ অন্ধকারময় হই
য়াছে এবং লোকেরা অগ্নিতে পোড়াবার খড়ির ন্যায়
২০ হইবে কেহ আপন ভাইকে দয়া করিবে না। কিন্তু
সে দক্ষিনে কাড়িয়া লইবে তবু তাহার ক্ষুধা থাকিবে
এবং বামে খাইয়া ফেলিবে কিন্তু তবু পরিতুষ্ট
হইবে না প্রতিজন আপন প্রতিবাসির মাংস খাইবে

Digitized by Google

মনশা আফ্রিমকে ও আফ্রিম মনশাকে খাইয়া
ফেলিবে তাহারা দুই জনও যিহোদার বিপরীতে এক
যোগ হইবে।

এ সকল হইলেও তাঁহার ক্রোধ ফিরে না কিন্তু
তাঁহার হস্ত এখন পর্য্যন্ত বিস্তীর্ণ হইয়াছে।

পর্ব্ব ১০

বিধবারা যেন তাহারদের শিকার হয় ও পিতৃ
হীনেরদের সামগ্রী যেন লুট করিতে পারে এই
২ জন্যে যাহারা কুব্যবস্থা করে যে লোকেরা গরিবের
দিগকে বিচারে ফিরান ও আমার লোকেরদের মধ্যে
যে দরিদ্র তাহারদের স্বত্ব পাওয়া হরণরূপ অন্যায়
৩ আজ্ঞা দেয় তাহারদের সন্তাপ হইবে। বিচার
করণ দিনে তোমরা কি করিবা? যে দূর হইতে
আগত সর্ব্বনাশক দিনে রক্ষার কারণ কাহার
কাছে পলাইবা? ও কোথায় তোমারদের ধন থুইবা?
৪ তাহারা আমা বিনা বন্ধুরদের নীচে পড়িবে তাহারা
ও মরারদের নীচে পড়িবে।

এ সকল হইলেও তাঁহার ক্রোধ ফিরে না কিন্তু
তাঁহার হস্ত এখন পর্য্যন্ত বিস্তীর্ণ হইয়াছে।

৫ যাহার হস্তস্থ লাঠি আমার দণ্ড দেওনার বস্তু আছে
৬ এমন আমার ক্রোধরূপ দণ্ড যে আশোর। লুট একত্র
করণের জন্যে শিকার লইয়া যাওনের জন্যে ও তা
হারদিগকে গলির কর্দ্দমের ন্যায় দলাবার জন্যে আমি
কাল্পনিক জাতির বিপরীতে তাহাকে পাঠাইব ও আমার
ক্রোধ পাত্ররদের বিপরীতে তাহাকে আজ্ঞা দিব।
৭ কিন্তু সেই এমত মনঃকরে না তাহার মনেও এমন

Digitized by Google

চেষ্টা নাই কিন্তু অনেক দেশীয়েরদিগকে বিনাশ
ও ছেদন করিতে তাহার অন্তঃকরণে আছে।
৮ কেননা সেই কহে আমার অধ্যক্ষেরা কি রাজারদের
৯ তুল্য নয়?। কর্কমীশের মত কি কালনা নয়?
অর্পদের মত কি হমাত নয়? যেমন দম্মেশেক তেমন
১০ শমরোণ কি নয়?। যাহারদের খোদকারি প্রতিমা
শমরোণ ও যিরূশালমের প্রতিমাহইতে সুন্দর দেব
তারদের সেই রাজ্য যেমন আমার হাত করতলে
১১ করিয়াছে ও যেমন শমরোণ ও তাহার দেবের
দিগকে করিয়াছে তদনুযায়ী আমি যিরূশালম ও
১২ তাহার প্রতিমারদিগকে কি করিব না?। কিন্তু
যিহুহার সমস্ত ক্রিয়া সীয়োন পর্ব্বতে ও যিরূশাল
মের উপর পূর্ণ হইলে পর আমি আশোরের রাজার
অহঙ্কারী মনের অঙ্কুর ও তাহার গর্ব্বিত চক্ষুর
১৩ জয়শীল দৃষ্টির শাস্তি দিব। কেননা সে কহে
আমি আপন হস্তের পরাক্রম করণক ও আপন জ্ঞান
করণক কার্য্য সিদ্ধ করিয়াছি কেননা আমি
চৌকস হই আমি লোকেরদের সীমানা সরাই
য়াছি আমি তাহারদের সঞ্চিত ধন লুট করিয়াছি
এবং যাহারা আপন মর্য্যাদাতে বসিয়া ছিল তাহার
১৪ দিগকেও আমি নামাইয়াছি। আমার হস্ত
পক্ষির বাসা পাওনের ন্যায় লোকেরদের ধন পাই
য়াছি ও যেমন কেহ ছাড়া ডিম্ব কুড়ায় সে মত
আমি পৃথিবীতে সর্ব্বত্রে কুড়াইয়াছি এবং পাখা
নাড়া কিম্বা ঠোঁট মেলান কিম্বা চিঁচিঁ শব্দ যে করে

Digitized by Google

১৫ এখন কেহ ছিল কাষ্ঠ কুড়ালী কি আপন কর্ত্তৃক ছেদ
কের বিপরীতে দর্পী হইবে? করাৎ কি আপন করা
তীর বিপরীতে আপনাকে বড় বলিবে যে জন লাঠি
লওয়ায় লাঠি তাহাকে উঠাইলে যেমন হয় ও দণ্ড
১৬ আপনার কর্ত্তাকে উঠাইলে যেমন হয় তেমন?। এত
দর্থে সৈন্যের যিহোহা তাহার স্থূলাকার লোকের
ওপর কৃশতা পাঠাইবেন ও তাঁহার তেজের নীচেও
১৭ তিনি অগ্নি প্রজ্বলনের মত পোড়ানকে প্রকাশিবেন। যিশ
রালের দীপ্তিকারী যে সে অগ্নি হইয়া যাবে তাহার
ধর্ম্মস্বরূপ যিনি তিনিও শিখা হইবেন তিনি এক দিনে
তাহার কাঁটাকে ও স্যাকুলকে পোড়াইবেন ও ধ্বংস
১৮ করিবেন। তাহার কানন ও ফলপূর্ণ ক্ষেত্রের তেজ
তিনি প্রাণ শরীরাদি সমুদায় ধ্বংস করিবেন ও
যেমন কেহ অগ্নি ছাড়িয়া পলাইয়া বাঁচে তেমন ও
১৯ সে হবে। তাহার কাননের অবশিষ্ট বৃক্ষ যাহাতে
বালক হিসাব করিয়া লিখিতে পারিবে তাহারা এমন
অল্প হইবে।

২০ সে দিনে এমত হইবে যে জন যিশরালের ও যাঁকু
বের লোকেরদিগকে মারিল তাহার ওপর যিশরা
লের অবশিষ্ট ও যাঁকুবের বংশের বাঁচা লোকেরা
আর কখন বিশ্বাস করিবে না কিন্তু সত্যরূপে
যিশরালের ধর্ম্মস্বরূপ যিহোহায় বিশ্বাস করিবেক।
২১ অবশিষ্ট যাহারা অর্থাৎ যাঁকুবের অবশিষ্টেরা সর্ব্ব
২২ শক্তিমান প্রভুর কাছে ফিরিবে। কেননা হে যিশ
রাল তোমার লোক সমুদ্রের বালুর মত যদি হয় তবু

Digitized by Google

তাঁহারদের অবশিষ্ট মাত্র ফিরিয়া আসিবে সে নিযুয়িত
২৩ নিষ্পত্তি অতি যাথার্থ্যেতে পূর্ণ হইয়া ওথলিবে। কেননা
সৈন্যের যিহ্‌হা সে দেশের মধ্যে এক শুদ্ধ ও নিশ্চয়
২৪ নিয়ম পূর্ণ করিবেন। এতদর্থে সৈন্যের যিহ্‌হা
বলেন হে আমার সীয়ন নিবাসী লোকেরা আশোরী
হেতে ভয় করিও না সে তোমাকে লাঠিতে মারিবে বটে
ও মিস্রেরের পথে তোমার বিপরীতে আপন দণ্ড উঠা
২৫ ইবে বটে কিন্তু এখন আর কিঞ্চিৎ কাল পরে আমার
ক্রোধ ও আমার চণ্ডতা তাঁহারদের সংহারে সম্পূর্ণ
২৬ হইবে। মদীনের অরব পর্ব্বতে যে আঘাত ও
সমুদ্রের ওপর যে দণ্ড ওঠাইলেন তাদৃশ কাটা সৈন্যের
যিহ্‌হা তাহার বিপরীতে ওঠাইবেন তিনি তাহাই
মিস্রেরের মত ওঠাইবেন।—
২৭ সে দিনে এমন হইবে তাহার ভার তোমার স্কন্ধ
হইতেও তাহার হাঁক তোমার গলাহইতে লওয়া
২৮ যাইবে হাঁক তোমার স্কন্ধহইতেই নষ্ট হইবে। সে
আইতে ওত্তরিয়াছে সে মীগ্রোনে গিয়াছে সে আপন
২৯ দ্রব্যজাত মকমশে থুইবে। তাহারা ঘাট ছাড়িয়া
গিয়াছে গিবাতে তাহারদের রাত্রির প্রবাসের স্থান
হইবে রামা কম্পবান হইয়াছে শাওলের গিবিআ পলাই
৩০ তেছে হে গলিমের কন্যা আপন রবেতে চেঁচাও হে
লীশা তাহার চেঁচান অবধান কর হে আনতত তাহাকে
৩১ ওত্তর দিও। মদমেনা গিয়াছে গিবিমের গৃহস্থেরা
৩২ বেগে পলাইতেছে কিন্তু আজি তাহাকে নবে থাকিতে
হবে সে সীয়নের কন্যার পর্ব্বতের বিপরীতে

Digitized by Google

অর্থাৎ যিরোশালমের গিরির বিপরীতেই হাত নাড়াই
৩৩ বে। দেখ সৈন্যের যিহুহা তেজস্বী ডালকে পতন
করাইবেন মহা শস্ত্রের সহিত কাটিয়া ফেলিবেন বড় উচ্চ
যে সেও নোয়ান করা যাইবে বড় দীর্ঘ যে সেও হেঁট
৩৪ করান যাবে। তিনি লোহা দিয়া কাননের ঝাড় ছেদন
করিবেন যাহা পরাক্রান্ত হস্তেতে লবানন পড়িবে।
পর্ব্ব কিন্তু যিশীর মুড়া হইতে এক শাখা বাহির হবে তাহার
১১ মূল ছাড়িয়া যে এক ডাল সে ফলবান হইবে যিহুহার
আত্মা অর্থাৎ জ্ঞান ও বুদ্ধিরূপ আত্মা পরামর্শ ও পরা
ক্রমরূপ আত্মা যিহুহাবিষয়ক জ্ঞান ও ভয়রূপ আত্মা
৩ তাঁহার উপর থাকিবে। তিনি যিহুহা বিষয়ক ভয়ে
সুবিবেচক হবেন তাহাতে চক্ষুর দর্শনানুসারে তিনি
বিচার করিবেন না ও কর্ণের শ্রবণানুসারে অনুযোগ
৪ করিবেন না কিন্তু দরিদ্রেরদের পক্ষেতে বিচার করিবেন
এবং যথার্থতায় পৃথিবীর নম্রলোকেরদিগের মঙ্গ
সাপক্ষ করিবেন তিনি আপন মুখের কথারদ্বারা পৃথি
বীকে মারিবেন তিনি আপন ওষ্ঠাধরের নিশ্বাসেতে
৫ দুরাচারকে বধ করিবেন। ধর্ম্ম তাঁহার কমর
বন্দ হইবে ও স্থির বাক্যতা তাঁহার কাঁকালির বন্ধন
৬ হবে। তখন কেন্দুয়া মেষের বাচ্চার সহিত বসতি
করিবে ও চিতাবাঘ ছাগলের বাচ্চার সহিত শয়ন
করিবে এবং বাছুর ও সিংহের বাচ্চা ও মোটা পশু
একত্র আসিবে এবং ছোট বালক তাহারদিগকে চরা
৭ইবে। গোয়ালী ও ভালুকী এক ঠাঁই চরিবে তাহার



Digitized by Google

দের বাচ্চারা এক স্থানে শয়ন করিবে এবং সিংহ
৮ বলদের মত পোয়াল খাইবে। স্তন্যপায়ী বালক আগে
সর্পের গর্তের ওপর খেলিবে ও ত্যক্ত স্তন্যপান বালক
৯ কেওটী সর্পের বাসার ওপরে হাত দিবে। তাহারা
আমার পবিত্র পর্ব্বতের সর্ব্বত্রে হিংসা কিম্বা বিনাশ
করিবে না। যেমন সমুদ্রের গভীর ঠাঁই জলেতে
আচ্ছাদিত হয় তেমনে পৃথিবী যিহুহাবিষয়ক জ্ঞানেতে
১০ পূর্ণ হবে। সে দিনে এমন হইবে যিশীর যে মূল
লোকেরদের ধ্বজার কারণে স্থাপিত আছে তাঁহার
কাছে সকল দেশীয় লোকেরা যাবে ও তাঁহার আশ্রয়
১১ সুন্দর হইবে। সে কালে এমন হইবে যিহুহা অশ্শোর
ও মিস্র ও পাত্রোস ও কুশ ও আইলাম ও শিনআর
ও হমাত ও পশ্চিমদিগে নিবাসী আপন অবশিষ্ট
লোকেরদিগকে সেই স্থানহইতে আনিবার কারণ
১২ হাত দ্বিতীয়বার বাড়াইবেন এবং অন্যদেশীয়েরদের
দিগে চিহ্ন ওঠাইবেন এবং যিশরাএলের ত্যক্ত লোকের
দিগকে একত্রও করিবেন তিনি য়িহোদার অক্ত লো
কেরদিগকে পৃথিবীর চারি সীমাহইতে আনিয়া একত্র
১৩ করিবেন। আফ্রিমের দ্বেষ বিরত হইবে এবং
য়িহোদার শত্রুতা আর থাকিবে না। য়িহোদার বিষয়ে
আফ্রিমের দ্বেষকরা জ্বালা হইবে না এবং য়িহোদার
১৪ শত্রুতা আফ্রিমের বিপরীতে থাকিবে না। কিন্তু তাহারা
পশ্চিমদিগে পলশতীরদের সীমানায় প্রবেশ করিবে
তাহারা পূর্ব্বদেশের শিশুরদিগকে এক কালে নষ্ট
করিবে তাহারা আদোম ও মোয়াবের ওপরে হস্ত

Digitized by Google

দিবে ও অম্মোনের সন্তানেরা তাঁহারদের বশীভূত
১৫ হবে। যিহুহা মিস্রীয় সমুদ্রের জিহ্বা শুষ্কতাতে মারি
বেন ও আপন মহা বায়ুতে আপন হাত নদির ওপর
নাড়িবেন ও তাহাকে সাত দাঁড়া করিবেন ও তাহার
১৬ দিগাকে শুষ্ক পায় পার করিবেন। তাঁহার যে অবশিষ্ট
লোকেরা আশোর দেশে বাসহইতে রক্ষা পাইবে
তাহারদের কারণ মিস্র দেশহইতে আইসন কালে
যেমত যিস্রালের কারণ ছিল তেমনে বড় এক পথ
ও হইবে।

পর্ব্ব ১২ সে দিনে তুমি বলিবা হে যিহুহা আমি তোমার স্তব
করিব কেননা তুমি আমার ওপর ক্রুদ্ধ হইলেও তোমার
ক্রোধ আমাহইতে ফিরিয়াছে ও তুমি আমাকে সান্ত্বনা
২ করিয়াছ। দেখ প্রভু আমার ত্রান স্বরূপ আমি
বিশ্বাস করিব এবং ভয় করিব না কেননা যিহুহা
আমার বল ও আমার গীত তিনিও আমার ত্রান
৩ স্বরূপ হইয়াছেন। তোমরা ত্রানের ওনইহইতে জল
৪ ওঠাইবা সে কালে তোমরা বলিবা যিহুহার প্রতি
ধন্যবাদ কর তাঁহার নামে নিবেদন কর তাঁহার
মহা ক্রিয়া লোকেরদের মধ্যে জানাও তাঁহার নাম
যেমত মহা সম্ভ্রান্ত হইয়াছে তাহার বিষয়ে এই
৫ প্রকাশ কর। যিহুহার উদ্দেশে গান কর কেননা
তিনি বড় আশ্চর্য্য ক্রিয়া করিয়াছেন সকল পৃথিবীতে
৬ এই প্রকাশিত হইয়াছে। ওহে সীয়নবাসিনী তুমি
উচ্চৈঃস্বরে কহ এবং উল্লাষ ধ্বনি কর কেননা যিশ্
রালের ধর্ম্মস্বরূপ যিনি তিনি তোমার মধ্যে বড়।

Digitized by Google

পর্ব্ব — বাবেলের বিষয়ে যে ঈশ্বরীয়বাণী আমোসের পুত্র
১৩ যিশাইয়াহের কাছে প্রকাশ করা গিয়াছিল।—
২ তাহারা অবিক্ষেরদের দ্বারে প্রবেশ করে এই
জন্যে মহা পর্ব্বতের ওপর ধ্বজা ওঠাও রব ওঠাও হাতে
৩ ঠার আমার মর্দ্দে লেখা যোদ্ধারা অর্থাৎ আমার বলবান
লোকেরা অর্থাৎ আমার মহত্ত্বেতে আহ্লাদিত যাহারা
তাহারা যে আমার ক্রোধিরূপ দণ্ড দেয় এই আজ্ঞা আমি
৪ তাহারদিগকে দিয়াছি। বড় ভিড়ের মত মহা জনতার
কোলাহল পর্ব্বতে আছে দেশীয় লোক সমূহের অর্থাৎ
একত্রীকৃত রাজ্যেরদের কল্লোল আছে। সৈন্যের
৫ যিহুহা যুদ্ধের কারণ সেনা একত্র করেন। তাহারা
অর্থাৎ যিহুহা ও তাঁহার ক্রোধিরূপ দণ্ড দিবার নিমি
ত্তক অস্ত্র শস্ত্র দূর দেশহইতে অর্থাৎ স্বর্গের অন্ত
ভাগহইতে দেশ সর্ব্বতোভাবে নষ্ট করিবার নিমিত্তে
৬ আসিতেছে। হে লোকেরা তোমরা আর্ত্তস্বর কর
কেননা যিহুহার দিন নিকট সে প্রলয়ের মত্তে সর্ব্ব
৭ শক্তিমানের নিকটহইতে আসিবে। সেকারণ সকল
হাত শিথিল হইবে এবং মরণীয় প্রত্যেক মানুষের
হৃদয় গলিয়া যাবে এবং তাহারা ভয়ার্ত্ত হইবে।
৮ যন্ত্রণা ও ব্যথা তাহারদিগকে ধরিবে তাহারা স্ত্রী
লোকের প্রসব ব্যথার ন্যায় ব্যথাতে ব্যথিত হইবে
তাহারা চমৎকৃত হইয়া এক জন আর এক জনের
প্রতি দৃষ্টি করিবে তাহারদের * মুখ অগ্নি শিখার
মত হইবে।—

* অর্থাৎ ঈশ্বরের সৈন্যেরদের।—

Digitized by Google

৯ দেখ দেশকে ওয়ান করিবার নিমিত্তে যিহোহার
যাতনা দিন অর্থাৎ শূন্য করিবার নিমিত্তে চণ্ড কোপ ও
প্রচণ্ড ক্রোধসমেত দেশে আসিতেছে। তিনি পাপী লো
কেরদিগকে তাহার মধ্যহইতে ফেলিয়া নষ্ট করিবেন।
১০ স্বর্গের তারা ও জ্যোতির্গণ দীপ্তি করিবে না. সূর্য্য
আপন যাত্রাতে অন্ধকারময় হইয়াছে ও চন্দ্র আপন
১১ তেজ প্রকাশ করিবে না। আমি তাহার কুক্রিয়া প্রযুক্ত
জগৎকে ও তাহারদের অযথার্থেতে দুষ্ট লোকের
দিগকে শাস্তি দিব এবং আমি অহঙ্কারিরদের গর্ব্বের
শেষ করিব এবং ভয়ঙ্কর লোকেরদের সাহস নামাইব।
১২ আমি মনুষ্যকে বিশুদ্ধ স্বর্ণহইতে বহুমূল্য করিব
মনুষ্যকেই ওফিরের বহুস্বর্ণাধার প্রস্তরহইতে মূল্য
১৩ বান করিব। এতদর্থে সৈন্যের যিহোহার ক্রোধ ও তাঁহার
জ্বলন্ত ক্রোধের দিনে আমি স্বর্গ কম্পাইব এবং পৃথিবী
১৪ আপন স্থানহইতে নাড়ান যাইবে। যাহারা অবশিষ্ট
থাকে তাহারা তাড়িত হরিণ ও একত্র করণের রক্ষক
শূন্য মেষের মত হইবে তাহারা প্রত্যেক জন আপন২
দেশীয় লোকেরদের প্রতি দৃষ্টি করিবে ও প্রতি জন
১৫ আপন২ দেশেরদিগে পলাইবে। যে প্রত্যেক জন ধরা
যায় সে ফুড়ান যাইবে এবং যত লোক একত্র জড় হই
১৬ য়াছে সে সকলে তলোয়ারের কোপে পড়িবে তাহার
দের চক্ষুর গোচরে তাহারদের বালকেরদিগকে আছ
ড়ান যাইবে ও তাহারদের বাটী লুটান যাইবে ও
তাহারদের স্ত্রীলোকেরদিগকে বলাৎকার করা যাইবে।
১৭ দেখ আমি বপ্রতুচ্ছকারী মাদীরদিগকে তাহারদের

Digitized by Google

বিপরীতে উঠাইব তাহারা স্বর্ণও কিছু ভাল বাসিবে
১৮ না। তাহারদের ধনুক যুবা লোকেরদিগকে কাটিয়া
ফেলিবে তাহারাও গর্ব্ভ ফলের উপর কিছু কৃপা করিবে
না তাহারদের চক্ষু বালকেরদিগকে কিছুই দয়া করিবে
১৯ না। এবং পূর্ব্বকালীন রাজ্যগণের সে সৌন্দর্য্য ও
কাশ্দীয়েরদের সম্ভ্রম ও অহঙ্কারী হওনের বস্তু পূর্ব্বে
ছিল যে বাবেল সে সদম ও অমরার ঈশ্বর হস্তকৃত
২০ ধ্বংশনের মত হইবে। তাহার মধ্যে আর কখন
বসতি লাগিবে না সর্ব্ব পুরুষানুক্রমেও কেহ তাহাতে
বাস করিবে না। আরাবীয়েরা সে স্থানে টোল উঠাইবে
না এবং কৃষকেরা সে স্থানে মেষের খোয়াড় করিবে
২১ না। কিন্তু কাননের বন পশু ও মহা শব্দকারী অদ্ভুত
জন্তুরা তাহারদের বাটী পূর্ণ করিবে সে স্থানে পেঁচার
কন্যা বাস করিবে এবং সে স্থানে বানরেরা কলরব
২২ করিবে। ভেড়িয়ান তাহারদের অট্টালিকায় ও নাগেরা
তাহারদের সুন্দর গৃহে পরস্পর কান্দিবে। তাহার কাল
নিকটে আছে এবং তাহার দিনের গৌণ হইবে না।

পর্ব্ব কেননা য়িহুহা যাকুবের উপর দয়া করিবেন এবং
১৪ এখনও য়িশরালকে পসন্দ করিবেন তিনি আপন
দেশে তাহারদিগকে বিশ্রাম দিবেন এবং অন্য লোক
তাহারদের সহিত যুক্ত হইবে ও যাকুবের বংশের
২ সংযোগে থাকিবে। অন্যদেশীয়েরা তাহারদিগকে
লইয়া আপন স্থানে আনিবে ও য়িশরালের বংশ
য়িহুহার দেশে তাহারদিগকে দাস দাসীরদের ন্যায়
অধিকার করিবে তাহারা যাহারদের দাস বলাৎ

Digitized by Google

কারেতে ছিল সে লোকেরদিগকে দাস পদে করিবে
এবং আপনারদের দণ্ডকারিরদের ওপর কর্ত্তৃত্ব করি
৩ বে। সে কালে এমন হইবে যিহুহা তোমার দুঃখ ও
ভাবনা ও কঠোর দাসত্ব ভারহইতে তোমাকে বিশ্রাম
৪ দিবেন তাহাতে বাবেলের রাজার বিষয়ে তুমি এ
ওপদেশ কহিবা অন্যায় দণ্ডকারিণী যে সে কেমনে
৫ লুপ্তা হইয়াছে স্বর্ণাকর্ষিণী যে সে কেমনে বিরতা
হইয়াছে দুষ্টের দণ্ড অর্থাৎ শাসকেরদের দণ্ড যিহুহা
৬ ভাঙ্গিয়া ফেলিয়াছেন। যে জন ক্রুদ্ধ হইয়া লোকেরদিগ
কে অবিরাম আঘাতে মারিল যে জন ক্রুদ্ধ হইয়া অন্য
দেশীয়েরদিগকে কর্ত্তৃত্ব করিল সে জন বিপক্ষগ্রস্ত
৭ হইয়াছে ও কেহ বারণ করে না। সমস্ত পৃথিবী শান্ত
৮ ও নিশ্চিন্ত আছে তাহারা আনন্দ ধ্বনি করে বরশ
বৃক্ষেরা ও লবানোনের আরজ বৃক্ষেরা তোমার ওপরে আন
ন্দিত হইয়া কহে হাঁরে তুই যে পড়িয়াছিস তাহাতে
৯ কোন ছেদক আমারদের নিকটে আইসে না। তোর
আগমনে তোর সহিত দেখা করিতে অদর্শনীয়
অধঃস্থ জগৎ তোমার বিষয়ে চালিত আছে সে তোমার
জন্য সকল পরাক্রান্ত মৃতেরদিগকে অর্থাৎ পৃথিবীর
সকল মহারাজারদিগকে সচেতন করে অন্যদেশী
য়েরদের সকল রাজারদিগকে সে আপনং সিংহা
১০ সনহইতে ওঠায়। তাহারা সকল নিকট আসিয়া তো
মাকে কহিবে হাঁরে তুই কি তুই ও আমারদের মত কি
দুর্ব্বল হইয়াছিস? তুই কি আমারদের সমান হইয়া
১১ ছিস?। তোর অহঙ্কার ও তোর তন্ত্রীয় যন্ত্রের বাজান কি

Digitized by Google

কবরে নামান গিয়াছে? কীট কি তোমার বিছানা এবং
১২ কেঁচো কি তোমার পালংপোস? হে প্রত্যুষের পুত্র যে
শোভাতি তারা তুই স্বর্গহইতে কেমনে পড়িয়াছিস্
হাঁরে অন্যদেশীয় বিজয়ী তুই মৃত্তিকা পর্য্যন্ত কেমনে
১৩ ছেদিত হইয়াছিস। তুই মনে করিয়াছিলি যে আমি
স্বর্গে উঠিব সর্ব্বশক্তিমানের নক্ষত্রহইতে ঊর্দ্ধে আমি
আপন সিংহাসন বসাইব আমি ঈশ্বরের সাক্ষাৎরূপ
১৪ পর্ব্বতের উপরে উত্তরদিগে বসিব। আমি মেঘের
স্থূলের উপরে উঠিব আমি সর্ব্বোচ্চের ন্যায় হইব।
১৫ কিন্তু তুই কবরে অর্থাৎ খাদের একদিগেই নামান
১৬ যাবি। যাহারা তোকে দেখে তাহারা তোর উপর এক
দৃষ্টি হইয়া অবলোকন করিবে তাহারা তোকে মনে
বিবেচনা করিবে যেজন পৃথিবীকে কম্পাইল ও রাজ্যের
১৭ দিগকে চালাইল যে জন সংসারকে বনের মত করিল
যে জন নগরেরদিগকে ধ্বংশ করিল যে জন কদাচ
আপন লুণ্ঠিতেরদিগকে তাহারদের বাটীতে যাইবার
১৮ কারণ ছাড়িল না সে কি এই? অন্যদেশীয়েরদের
রাজা সকলেই প্রত্যেক জন আপনং কবরে সম্ভ্রমে
১৯ শুইতেছে কিন্তু তুই মৃত মানুষেরদিগেতে ও তলো
য়ারেতে ফুরান লোকেতে যাহারা খাদের পাথরের
কাছে নামে তাহারদিগেতে বস্ত্রাবৃত হইয়া ঘৃণিত বৃক্ষ
ও পদতলে দলা শবের মত আপন কবরহইতে ফেলান
২০ গিয়াছিস। কেননা তুই আপনার দেশ নষ্ট করিয়া
ছিস তুই আপনার লোকেরদিগকে বধ করিয়াছিস
এই নিমিত্তে কবরে শয়নে তুমি তাহারদের সঙ্গি

Digitized by Google

হবা না কুক্রিয়াকর্ত্তারদের বংশের যশ কথন হইবে
২১ না। তাহারদের পিতৃলোকেরদের অযাথার্থ্য প্রযুক্ত
তাহার সন্তানেরদের কারন বধ প্রস্তুত কর পাছে
তাহারা ওঠে এবং পৃথিবী অধিকার করে ও জগতের
২২ মুখ সহরেতে পূর্ণ করে। কেননা সৈন্যের যিহুহা
কহেন আমি তাহারদের বিপরীতে ওঠিব যিহুহা বলেন
আমি নাম ও যে অবশিষ্ট থাকে ও পুত্র ও পৌত্র এই
২৩ সকলকে বাবেলহইতে ওচ্ছন্ন করিব। সৈন্যের
যিহুহা বলেন আমি তাহা শেজারুর অধিকারও জলের
পুষ্করিণী করিব আমি তাহা সংহারকর্ত্তা ঝুদ্দাঃশ্বর
২৪ সাগরে ডুবাইয়া ফেলিব। সৈন্যের যিহুহা কিরা
করিয়া কহিয়াছেন অবশ্য আমি যেমন নিয়ম
২৫ করিয়াছি তেমন হইবে এবং আশোরীকে আমার
দেশে পেষিতে ও আমার পর্ব্বতে দলিতে আমি যে
রূপ মনে করিয়াছি তদ্রূপে সে নিয়ম স্থির হইবে।
তখন তাহার যোয়াল তাহারদের * ওপরহইতে যাবে
এবং তাহার ভার তাহারদের স্কন্ধহইতে চালিত
২৬ হইবে। যে নিয়ম সমস্ত পৃথিবীর বিষয়ে স্থির করা
গিয়াছে ও যে হস্ত সকল দেশীয় লোকেরদের ওপর
২৭ বিস্তীর্ণ হইয়াছে সে এই। কেননা সৈন্যের যিহুহা
নিয়ম করিয়াছেন তাহা নিবারন করিবে কে? এবং যে
হস্ত বিস্তীর্ণ আছে সে তাঁহার কে তাহা ফিরাইবে?।—

---

* অর্থাৎ যিশরালেরদের।



Digitized by Google

২৮ যে বৎসর আহজ রাজা মরিল সে বৎসরে এ
বাক্য প্রকাশ করা গেল।
২৯ হে পলেশতী যে দণ্ড তোমাকে মারিল সে দণ্ড ভাঙ্গা
হওয়াতে এক মন হইয়া আনন্দ করিও না কেননা
সর্পের মূলহইতে কেউটিয়া সর্প বাহির হইবে এবং
৩০ তাহার ফল জ্বলন্ত উড়নীয় এক সর্প হবে। কেননা
গরিবেরা আমার উত্তম পুথম ফল ভোজন করিবে ও
দরিদ্রেরা নিরাপদে শয়ন করিবে কিন্তু তিনি তোমার
মূলকে ক্ষুধাতে মারিয়া ফেলিবেন ও তোমার অবশিষ্ট
৩১ যে জন থাকে তাহাকে বধ করিবেন। হে দ্বার তুমি
ক্রন্দন কর হে নগর তুমি হাহাকার কর হে পলেশত
তুমি সর্বতোভাবে শঙ্কায় বিমগ্ন হইয়াছ কেননা উত্তর
দিগহইতে ধূম আসিতেছে ও তাহার সৈন্যের মধ্যে
৩২ গাদুলিসা কেহ হইবে না। অন্যদেশীয় লোকেরদের
উকিলেরদিগকে কি প্রত্যুত্তর দেওয়া যাবে? যিহুহা
সায়নের ভিত দে করিয়াছেন ও তাঁহার লোকের মধ্যে
গরিব যাহারা তাহারা তাহাতে আশ্রয় করিবে।

পর্ব ১৫ মোয়াবের বিষয়ক বাক্য।

রাত্রিতে আর নষ্ট হইয়াছে সেকারণ মোয়াব অনাথ
২ হইয়াছে রাত্রিতে কীর নষ্ট হইয়াছে সেকারণ মোয়াব
অনাথ হইয়াছে। বীতদিবোনে অর্থাৎ উচ্চ স্থানে ক্রন্দন
করিবার কারণ সে যাইতেছে নবো ও মীদিবার উপর
মোয়াব হাহাকার করিবে প্রত্যেক মাথা টাক ও প্রত্যেক
৩ দাড়ি ক্ষৌর হইয়াছে। তাহার রাস্তাতে লোকেরা
চট পরে তাহার ঘরের ছাতের উপরে ও তাহার

Digitized by Google

যেন। স্থানে প্রত্যেক জন হাহাকার করে ও ক্রন্দন
৪ করিতেং নামিয়া যায়। যিশবোন ও আলআলা বড়
চিৎকার শব্দ করে তাহারদের শব্দ যিহস্ পর্য্যন্ত
শুনা যায় মোয়াবের কমরই রোদন করে তাহার
৫ আপন জীবন তাহার প্রতি ভারি আছে মোয়াবের
হৃদয় তাহার মধ্যে রোদন করে সে ত্রিহায়ণী গাবীর মত
শব্দ করিয়া সোআরকে ডাকে তাহারা লোহিতের
পথে ক্রন্দন করিতেং যাইবে তাহারা যিরনীমের পথে
৬ বিনাশ হওয়ার্থক ক্রন্দন শুনাইবে। নিম্রীমের জল
শুষ্ক হইবে কেননা ঘাস শুকিয়া গিয়াছে তৃণ ম্লান
৭ হইয়াছে সবুজ শাক আর নাই। এতদর্থে তাহার
দের প্রাচুর্য্যের ধ্বংশ হইবে ও তাহারা যেং সঞ্চয়
করিয়াছে তাহা বাইসী বৃক্ষনায় নদীতে লইয়া যাওয়া
৮ যাবে কেননা ক্রন্দন শব্দ মোয়াবের সিমানার চতু
র্দ্দিগে বেড়িয়াছে তাহার ক্রন্দন ইগলীম পর্য্যন্ত ও
তাহার হাহাকার বীরএলীম পর্য্যন্ত শুনা যায়।
৯ দীমোনের জল রক্তেতে পূর্ণ আছে কিন্তু আমি
দীমোন ও মোয়াব ও আরিএলের বাঁচা ও আদমার অব
শিষ্ট লোকেরদের উপর আরো দুঃখ আনিব। —
পর্ব্ব অরণ্য সেলা হইতে সীয়োনের কন্যার পর্ব্বতে
১০ দেশাধিপতির পুত্রকে আমি পাঠাইব। এবং বাসাহইতে
তাড়িত ভ্রমণকারী পক্ষির যেমন মোয়াবের কন্যা
৩ আর্নোনের ঘাটে তেমন হবে। পরামর্শ দেও ন্যায়
করনেতে প্রবৃত্ত হও মধ্যাহ্নে আপন ছায়া রাত্রির
মত কর তাড়িতেরদিগকে লুকাও পলাতকেরা কোথায়

Digitized by Google

৪ তাহা প্রকাশ করিও না। হে সীয়ন মোয়াবের
তাড়িতেরদিগকে তোমার সহিত বাস করিতে দেও
তুমি নাশকহইতে তাহারদের আবরন হও কেননা অপ
কৃত দণ্ডকারী আর বাঁচে না নাশকের শেষ হইয়াছে যে
জন তোমারদিগকে পদতলে দলিল সে জন দেশহইতে
৫ নষ্ট হইয়াছে। ক্ষমাতে সিংহাসন স্থির করা যাইবে
এবং প্রকৃত বিচার যত্নপূর্ব্বক অন্বেষন করত এবং
ন্যায় করত এক জন অর্থাৎ দায়ূদের তাম্বুতে এক
৬ বিচারকর্ত্তা তাহার ওপর বসিবেন। আমরা মোয়াবের
অহঙ্কার ও গর্ব্ব ও দর্প ও কোপের কথা শুনিতে
পাইয়াছি সে বড় অহঙ্কারী হইয়াছে তাহার মিথ্যা
৭ কথা অনর্থক। অতএব মোয়াব বড় হাহাকার করিবে
মোয়াবের সকল লোকের জন্য সে ক্রন্দন করিবে
তোমরা কিরহরশতের লোকের কারণ রোদন করিবা
৮ যিশবোনের ক্ষেত্রের লজ্জা হইয়াছে যাহার তেজস্বী
শাখা অন্য দেশীয় লোকের অধিপতিরদিগকে জিনিল
যাহারা যিয়াজের পর্যন্ত কাননে গেল যাহার ডাল
আপনারদিগকে বাড়াইয়াছে এবং সমুদ্রের পার হইল
এমন যে শিবমার দ্রাক্ষা লতা সে দুর্ব্বল হইয়াছে।
৯ অতএব যিয়াজরের ক্রন্দনেতে যেমন ক্রন্দন করা যায়
তেমনি শিবমার দ্রাক্ষা লতার কারণ আমি ক্রন্দন করিবা
হে যিশবোন ও আলয়াল্য আমি চক্ষুর জল তোমার
ওপর সেঁচিব কেননা নাশকর্ত্তা তোমার গ্রীষ্ম কালের
১০ ফল ও দ্রাক্ষার ওপর পড়িয়াছে। ফলবান ক্ষেত্রহইতে
আনন্দ ও আহ্লাদ যগিয়াছে তাহারা দ্রাক্ষা ক্ষেত্রে গান

Digitized by Google

করিবেক না তাহারা ওয়াং শব্দ করিবেক না চাপ
দিয়া লোকেরা রস বাহির করিবে না হর্ষনাদ বিরত
১১ হইল । এতদর্থে আমার অন্তর মোয়াবের কারণে ও
আমার নাভিভূতি কিরহারশের কারণে বীণের মত
১২ বাজিবে । এবং এই মত হইবে আপনাকে উচ্চস্থানে
পরিশ্রান্ত করিয়াছে মোয়াব যখন ইহা দেখিতে পায়
তখন প্রার্থনা করিবার কারণ সে আপন পবিত্র স্থানে
প্রবেশ করিবে কিন্তু তাহার কার্য্য সিদ্ধ হবে না ।
১৩ অনেক কাল গেলে য়িহুহা এ কথা মোয়াবের বিষয়ে
১৪ কহিলেন কিন্তু এখন য়িহুহা এ কথা কহিয়াছেন
চাকরের বৎসরের ন্যায় এমন তিন বৎসর গেলে
মোয়াবের মাহাত্ম্য আপন সকল জনতার মধ্যে হীন
হইবে এবং অবশিষ্ট যাহারা তাহারা অল্প ও ক্ষুদ্র ও
নির্ব্বল হইবে ।

পর্ব্ব দম্মেশেকের বিষয়ক বাক্য ।
১৭ দেখ দম্মেশেক এমন চালিত হইয়াছে যে সে
নগররূপে আর হবে না সে নষ্টই হইবে । নগরেরা
অশেষরূপে ত্যক্ত হইবে সে পশু পালেরদের কাছে
দত্ত হইবে তাহারাই শুইবে ও কেহ তাহারদিগকে
৩ তাড়াইবে না । আফ্রিমের গড় ও দম্মেশেকের রাজ্য
লুপ্ত হইবে । সৈন্যের য়িহুহা কহেন অরামের
অহঙ্কার য়িশরালের সন্তানের মাহাত্ম্যের মত হইবে ।
৪ সে দিনে এমনও হইবে যাকবের মাহাত্ম্য কমি করা
যাইবে এবং তাহার মাংসের স্থূলতা ক্ষীণ হইয়া
৫ যাইবে । ও যেমত কেহ অকাটা শস্য কুড়ায় ও

Digitized by Google

আপন হাত দিয়া শস্যের শীষ কাটে কিম্বা যেমত
কেহ রফায়ীমের মাঠে ঝরা শীষ কুড়ায় তেমনিও সে
৬ হবে। যিশ্রায়েলের ঈশ্বর যিহোবা এই কথা বলেন
কিন্তু বৃক্ষের মস্তকে অতি উচ্চ ডালে দুই তিন ফল
যেমন থাকে এবং বাহিরে ফলবান ডালে গোটা চারি
পাঁচ ফলও যেমন থাকে তেমনি তাহার মধ্যে কিছু
৭ থাকিবে। সে দিনে মনুষ্য আপন সৃষ্টিকর্ত্তাকে
মানিবে এবং তাহার চক্ষু যিশ্রায়েলের ধর্ম্মস্বরূপের
৮ প্রতি চাহিবে। সে স্বহস্তকৃত ক্রিয়ার বেদীতে অতি
চিত্ত দিবেক ও আপন অঙ্গুলিতে কৃত যন্ত্র এবং
দেব বৃক্ষ ও সৌর প্রতিমার দিগকেও মানিবে না।
৯ তখন খোঁজীয়েরা ও আমরীয়েরা যিশ্রায়েলের সন্তা
নেরদের সম্মুখে দেশ ছাড়িয়াছিল সে ছাড়নের
ন্যায় তাহার মজবুত নগর সে দিনে হবে এবং দেশ
১০ নরশূন্য হইবে। অয়ি আপন ত্রাণরূপ ঈশ্বরকে বিস্মৃত
হইয়াছ এবং তোমার বলরূপ পর্ব্বতকে স্মরণ না
১১ করিয়াছ সে কারণ তুমি সুন্দর বৃক্ষ রাখিলে ও অন্য
দেশীয় কলম বসাইলে যে দিনে তুমি আপন বৃক্ষ
মৃত্তিকায় লাগাইয়াছ ও যে প্রাতে তুমি আপন কলম
বর্দ্ধিত করিয়াছ অর্থাৎ ফল পাইবার দিনে সে ফল
১২ নষ্ট হইবে ও ভরসা বিনা দুঃখমাত্র রহিবে। সমু
দ্রের গর্জ্জনের ন্যায় গর্জ্জনকারী এবং অনেক লোকের
দের কোলাহলের ন্যায় শব্দকারী ও মহা জলের
গর্জ্জনের মত শব্দকারী অন্যদেশীয় লোকেরদের সন্তাপ
১৩ হইবে। মহা জলের গর্জ্জনের ন্যায় অন্যদেশীয়েরা শব্দ

Digitized by Google

করে বটে কিন্তু তিনি তাহারদিগকে ধমকাইবেন তাহারা
দূরে পলাইয়া যাইবে এ পর্ব্বতজাত ভূষির বাতাসের
সম্মুখে যেমন হয় ও ঘূর্ণির আগে তুলাও যেমন
১৪ হয় তেমনি তাহারা তাড়িত হইবে। সন্ধ্যা কালে
দেখ ভয় ও শঙ্কিত ও প্রভাতের পূর্ব্বে সে নয়। যাহারা
আমারদিগকে নষ্ট করে তাহারদের অধিকার এই ও
যাহারা আমারদের সামগ্রি লুটিয়া লয় তাহারদের
ভাগ এই।

পর্ব্ব সমুদ্র ও জলের যুগের উপর নলের ভেলায়
১৮ দূতেরদিগকে যে পাঠায় এমন যে কূশের নদী তীরস্থ
পাখা বিশিষ্ট করতালের দেশ তাহাকে সম্বোধন করি।
২ হে বেগগামী দূতেরা তোমরা এক দীর্ঘকপে টানা
এ সম্প্রালীকৃত প্রথমাবধি ও এ কাল পর্য্যন্ত ভয়ঙ্কর
রশিতে জরিব করা ও দলান এ নদীতে প্রতিপালিত
৩ দেশস্থ লোকেরদের কাছে যাও হে জগতস্থ অথচ
পৃথিবীর সকল নিবাসী পর্ব্বতেরদের উপর যখন ধ্বজা
উত্থাপিত হয় তখন দেখ তখন তুরি বাজান শুন।
৪ কেননা যিহূহা এ কথা আমাকে কহিয়াছেন বৃষ্টির
পরে পরিষ্কৃত গ্রীষ্ম ও ফসল কাটন কালে শিশীর যুক্ত
মেঘ যেমন তেমনি আমি বসিয়া আপন স্থিরীকৃত
৫ স্থিতি করনের স্থানের প্রতি নিরীক্ষণ করিব। দ্রাক্ষা
সঞ্চয় কালের পূর্ব্বে যখন অঙ্কুর সম্পূর্ণ হয় ও পুষ্প
ফলদানকারী দ্রাক্ষা ফল হওয়ার পূর্ব্বেও তিনি অঙ্কুশ
কাস্তা দিয়া আগা কাটিবেন এবং ডাল লইয়া যাবেন ও
৬ কাটিয়া ফেলিবেন। তাহারা পর্ব্বতের আস্তুরি পক্ষী ও

Digitized by Google

পৃথিবীর বন পশুর কারণে ছাড়ান যাইবে গ্রীষ্ম কালে
আত্মম্ভরি পক্ষীরা তাহার ওপর থাকিবে ও শীতকালে
৭ পৃথিবীর প্রত্যেক বন-পশু তাহার ওপর থাকিবে। সে
সময় সৈন্যের য়িহুহার স্থানে অর্থাৎ সীয়ন পর্ব্বতে
দীর্ঘ টানা সম্মানীকৃত প্রথমাবধি এবং এখন পর্য্যন্ত
ও অহঙ্কারী রশিতে তরিব করা ও দলান ও নদীতে
প্রতিপালিত দেশস্থ লোকহইতে সৈন্যের য়িহুহার
কাছে নজর আনা যাবে।

পর্ব্ব মিসরের বিষয়ক বাক্য।

১৯ দেখ য়িহুহা বেগগামী মেঘেতে আরূঢ় হইয়া মিসরে
আসিতেছেন তাঁহার সাক্ষাতে মিসরের দেবতারা
চালিত হইবে ও মিসরের হৃদয় তাঁহার মধ্যে গলিয়া
২ যাবে। এবং আমি মিসরীয়ের দিগকে মিসরীয়ের
দের বিপরীতে ওঠাইব তাহারা প্রতিজন আপনং
ভাই ও প্রতি জন আপনং প্রতিবাসীর সহিত যুদ্ধ
করিবে সহর সহরের সহিত ও রাজ্য রাজ্যের সহিত
৩ যুদ্ধ করিবে। মিসরের আত্মা তাহার মধ্যে আলুয়া
যাবে এবং আমি তাহার পরামর্শ গ্রাস করিব তাহারা
প্রতিমারদের ও গুনিরদের ও জানেরদের এবং
ভেল্কিরদের কাছে পরামর্শ জিজ্ঞাসা করিবে।
৪ সৈন্যের য়িহুহা পরমেশ্বর কহেন আমি মিসরকে
বদ্ধ করিয়া দুর্জ্জন স্বামির হস্তে সমর্পণ করিব এবং
৫ দুরন্ত রাজা তাহারদের ওপর কর্ত্তৃত্ব করিবে। তখন
সমুদ্র নির্জ্জল হইবে ও নদী ক্ষীণ হইয়া শুকিয়া যাইবে
তাহার স্রোত দুর্গন্ধ হইবে মিসরের সরোবরেরা

Digitized by Google

৪২ এক জন এখানে আছে। দক্ষিণ দেশের রাণী এই
লোকেরদের সহিত বিচারে দাঁড়াইয়া তাহারদের
দোষ প্রকাশ করিবেন কেননা তিনি পৃথিবীর সীমা
হইতে শলমার বিদ্যা শুনিতে আইলেন কিন্তু দেখ
৪৩ শলমা হইতে বড় এক জন এখানে আছে। অপবিত্র
আত্মা যখন মনুষ্যকে ছাড়িয়া যায় তখন বিশ্রামের
অন্বেষণ করিতে শুষ্ক স্থানি দিয়া গতি করে কিন্তু
৪৪ তাহা পায় না তখন সে বলে আমার যে আশ্রয়
হইতে আইলাম তাহাতে আমি ফিরিয়া যাইব
এবং গেলে তাহা শূন্য ও ঝাড়া ও সাজানো পায়
৪৫ পরে সে ভূত যাইয়া আপন হইতে দুষ্ট আর সাত
আত্মা সঙ্গে লয় এবং তাহারা প্রবেশ করিয়া তাহাতে
বাস করে তৎকারণ সে মনুষ্যের শেষ প্রথমহইতে
মন্দ. এ পাপি লোক সকল এইমত হইবেক।—
৪৬ তিনি লোকের সহিত কথা কহিতে ছিলেন
তৎকালে দেখ তাঁহার মাতা ও তাঁহার ভ্রাতারা বাহিরে
৪৭ দাণ্ডাইয়া তাঁহার সঙ্গে কথা কহিতে চাহিলে তখন এক
জন তাহাকে বলিল দেখ তোমার মাতা ও তোমার
ভ্রাতারা বাহিরে দাণ্ডাইয়া তোমার সঙ্গে কথা কহিতে
৪৮ চাহে। কিন্তু যে জন তাঁহাকে বলিয়াছিল তাহার
কাছে তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন আমার মাতা
৪৯ কে? আমার ভ্রাতারা কে? পরে আপন শিষ্যের
দেরদিগে হাত বাড়াইয়া তিনি বলিলেন আমার
৫০ মাতা ও আমার ভ্রাতারা এই দেখ কেননা যে কেহ



Digitized by Google

আমার স্বর্গীয় পিতার ইচ্ছামত কার্য্য করে সেই
আমার ভ্রাতা ও ভগ্নী ও মাতা।

পর্ব্ব ১৩

সে দিনে যিশু ঘর হইতে যাইয়া সমুদ্রের তীরে
বসিলেন এবং এমত বহু জনতা তাহার স্থানে একত্র
হইল যে তিনি নৌকায় যাইয়া বসিলেন ও সকল
৩ লোক তটের ওপরে দাণ্ডাইল। এবং তিনি শ্লেষ
প্রবন্ধে অনেক বিষয় তাহারদিগকে কহিলেন তাহা
এই দেখ এক জন বীজ বপনকর্ত্তা বীজ বুনিতে গিয়া
৪ ছিল সে জন বুনিতে২ কিছু বীজ পথের পার্শ্বে পড়িল
৫ ও পক্ষিরা আসিয়া তাহা খাইয়া ফেলিল। কতক
পাষাণস্থলে পড়িল যেখানে বিস্তর মৃত্তিকা নাই ও
মৃত্তিকার গভীরতা না হওনেতে তৎক্ষণে তাহারা
৬ গাছ হইল কিন্তু সূর্য্যের ওদয় হইলে তাহা পুড়িয়া
গেল ও তাহার শিকড় হইল না এই কারণ শুষ্ক
৭ হইয়া গেল। কতকও কাঁটাগাছের মধ্যে পড়িল
৮ এবং কাঁটাগাছ বাড়িয়া তাহা খাইয়া ফেলিল। আর২
বীজ ভাল মৃত্তিকাতে পড়িল এবং কতক একশত গুণ
কতক ষষ্টি গুণ কতক ত্রিংশত গুণ ফল ফলিল।
৯ যাহার শুনিতে কর্ণ আছে সে শুনুক।
১০ তৎপরে শিষ্যেরা আসিয়া তাহাকে বলিল
লোকেরদিগকে শ্লেষপ্রবন্ধে কিকারণ কহিতেছ?
১১ তিনি প্রত্যুত্তর করিয়া তাহারদিগকে বলিলেন
তোমারদিগকে স্বর্গের রাজ্যের গুপ্ত বিষয় জানিতে
দেওয়া যায় কিন্তু তাহারদিগকে দেওয়া যায় না এই
১২ কারণ। কেননা যাহার আছে তাহাকে দিতে

Digitized by Google

হবে ও সে আর অনেক পাইবে কিন্তু যাহার নাই
তাহার যাহা২ আছে তাহও তাহা হইতে লইতে
১৩ হইবেক। অতএব আমি তাহারদিগকে দৃষ্টান্তবন্ধে
কহি কেননা তাহারা দেখিতে২ দেখে না ও শুনিতে২
১৪ শুনে না এবং বুঝেও না। অতএব যিশঈহা যে
ভবিষ্যদ্বাক্য বলিলেন শুনিতে তোমরা শুনিবা কিন্তু
বুঝিবা না ও দেখিতে২ দেখিবা কিন্তু জ্ঞাত হইবা না
১৫ কেননা এ লোকের অন্তঃকরণ মোটা তাহারদিগের কর্ণ
ও শুনিতে ভারি ও আপনারদের চক্ষু মুদিয়াছে পাছে
কোনোকালে তাহারা চক্ষুতে দেখিতে পাইয়া ও কর্ণে
শুনিতে পাইয়া ও অন্তঃকরণে বুঝিতে পাইয়া ফিরে
তাহাতে আমি তাহারদিগকে ভাল করি এই তাহার
১৬ দের মধ্যে পূর্ণ আছে। কিন্তু তোমারদের চক্ষু দেখে ও
১৭ তোমারদের কর্ণ শুনে সেকারণ তাহারা ধন্য। তোমার
দিগকে আমি সারোদ্ধার বলি তোমরা যাহা দেখ
তাহা অনেক ভবিষ্যদ্বক্তা ও যাথার্থিক লোক দেখিতে
ইচ্ছা করিয়াছে কিন্তু দেখিতে পাইল না ও যাহা
তোমরা শুন তাহা শুনিতেও ইচ্ছা করিয়াছে কিন্তু
শুনিতে পাইল না।—
১৮ অতএব তোমরা সে বীজ বপনকর্ত্তার দৃষ্টান্তবন্ধের
১৯ অর্থ শুন। যখন কেহ রাজ্যের কথা শুনিয়া বুঝে
না তখন সে দুষ্ট ব্যক্তি আসিয়া যাহা তাহার
অন্তঃকরণে বুনা গেল তাহা লইয়া যায় পথের পার্শ্বে
২০ বীজ পাইল যে সেই এই। কিন্তু পাষাণস্থলে বীজ
যে পাইল সে এই যে কথা শুনিয়া তৎক্ষণাৎ হৃষ্ট মনে

Digitized by Google

২১ তাহা গ্রহণ করে  কিন্তু আপনার মধ্যে শিকড়
নাই অতএব কিছু কালমাত্র রহে কেননা কথার
নিমিত্তে দুঃখ কি বিপক্ষতা উপস্থিত হইলে কিঞ্চিৎ
২২ কাল পরে সে অসুস্থিত হয়। কাঁটাগাছের মধ্যে বীজ
যে পাইল সে এই যে জন কথা শুনিয়া এ সংসারের
চিন্তা ও ধনতে ভ্রান্তি সে কথা খাইয়া ফেলায়
২৩ তাহাতে অফল্য হইয়া যায়।  কিন্তু ভাল মৃত্তিকায়
যে বীজ পাইল সে এই যে জন কথা শুনিয়া বুঝে
ও কতক একশত কতক ষষ্ঠি কতক ত্রিংশত্গুণ ফল
ফলে।—

২৪ পরে তিনি আর এক দৃষ্টান্ত তাহারদের কাছে
করিলেন  স্বর্গের রাজ্য কোন এক জনের মত যে
আপন ক্ষেত্রে ভাল বীজ বুনিল  কিন্তু যে কালে
২৫ মনুষ্যেরা নিদ্রিত ছিল সে কালে তাহার শত্রু আসিয়া
২৬ গোমের মধ্যে বনবীজ বুনিয়া চলিয়া গেল.  কিন্তু
যখন পত্র বৃদ্ধি হইয়া ফল ধরিল তখন বনগাছও
২৭ দেখা গেল  অতএব সে গৃহস্থের দাসেরা আসিয়া
তাহাকে বলিল হে মহাশয় তোমার ক্ষেত্রে তুমি কি
২৮ ভাল বীজ বুন নাই তবে কোথা হইতে এ বন? তিনি
তাহারদিগকে বলিলেন  কোন শত্রু ইহা করিয়াছে।
দাসেরা তাহাকে বলিল তবে কি আমরা যাইয়া
২৯ তাহা উপাড়িয়া একত্র করিব? কিন্তু তিনি বলিলেন
তাহা নহে কি জানি তোমরা সে বন উপাড়িতে২
গোমও তাহার সঙ্গে উৎপাটন কর ফসল
৩০ পর্য্যন্ত দুই একত্র বাড়ুক তখন ফসলের কালে আমি

Digitized by Google

দাওয়ালেরদিগেকে বলিব প্রথমে বনগাছ একত্র
করিয়া পোড়ানের কারণ আটি বাঁধ কিন্তু গোম
আমার গোলায় একত্র কর।—
৩১ তিনি আর এক দৃষ্টান্ত তাহারদের কাছে
করিলেন স্বর্গের রাজ্য একটা শর্ষা বীজের মত যাহা
৩২ কোন মনুষ্য লইয়া আপন ক্ষেত্রে বুনিল। তাহা
সকল বীজের মধ্যে ক্ষুদ্র বটে কিন্তু বৃদ্ধি পাইয়া
তৃণের মধ্যে বড় হয় ও বৃক্ষ হইয়া যায় তাহাতে
শূন্যের পক্ষিরা আসিয়া তাহার শাখায় থাকে।—
৩৩ তিনি আর এক দৃষ্টান্ত তাহারদিগেকে করিলেন
স্বর্গের রাজ্য খমিরের মত যাহা কোন স্ত্রীলোক
তিন কাঠা ময়দার মধ্যে সমস্ত খমির হওয়া পর্য্যন্ত
ঢাকিয়া রাখিল।—
৩৪ এ সকল দৃষ্টান্তে যিশু সে জনতাকে বলিলেন
ও দৃষ্টান্ত ব্যতিরেকে তাহারদিগেকে বলিতেন না।
৩৫ যাহা ভবিষ্যদ্বক্তা কহিয়াছেন আমি দৃষ্টান্ত
কথা কহনেতে আমার মুখ খুলিব যাহা জগতের
উৎপত্তি অবধি গুপ্ত ছিল সে কথা আমি প্রকাশ
করিব তাহাই পূর্ণ করণের নিমিত্তে।—
৩৬ যিশু জনতাকে বিদায় করিয়া ঘরে গেলে পর
তাহার শিষ্যেরা তাহার কাছে আসিয়া বলিল
বিশেষ করিয়া ক্ষেত্রের বনগাছের দৃষ্টান্ত আমার
৩৭ দিগেকে কহ। তিনি প্রত্যুত্তর করিয়া তাহারদিগেকে
বলিলেন যে জন ভাল বীজ বুনে সে মনুষ্যের পুত্র।
৩৮ সে ক্ষেত্র এ জগৎ সে ভাল বীজ রাজ্যের শিশুগণ

Digitized by Google

৩৯ কিন্তু বনবীজ দুষ্ট ব্যক্তির শিশুগন যে শত্রু তাহা বুনিল
সে শয়তান ফসল জগতের শেষকাল এবং সে দাওয়া
৪০ লিয়া ঈশ্বরের দুত। অতএব যেমত বনগাচ একত্র হইয়া
অগ্নিতে দগ্ধ হয় সেমত এ জগতের শেষকালে
৪১ হইবে। মনুষ্যের পুত্র আপন দুতেরদিগকে পাঠাই
বেন ও তাহারা তাহার রাজ্য হইতে সমস্ত অশুদ্ধা
৪২ কারী ও অযথার্থকারী ব্যক্তিরদিগকে একত্র করিয়া
অগ্নিকুণ্ডে ফেলিবে সে স্থানে হাহাকার ও দন্ত
৪৩ কিড়িমিড়ি। সে কালে যাথার্থিকেরা তাহারদের
পিতার রাজ্যে সুর্য্যের মত শোভা পাইবে। যাহার
শুনিতে কর্ন আছে সে শুনুক।—

৪৪ আর—স্বর্গের রাজ্য ক্ষেত্রে গুপ্ত ধনের মত যাহা
কেহ পাইয়া গুপ্ত করিয়া রাখে তারপর আনন্দের
কারন যাইয়া আপনার যাহাং আছে তাহা বিক্রয়
করে এবং সে ক্ষেত্র ক্রয় করে।—

৪৫ আর—স্বর্গের রাজ্য সুন্দর মুক্তান্বেষী এক জন
৪৬ বনিকের মত সে মহামুল্য এক মুক্তা পাইয়া যায় ও
আপন সমস্ত বিক্রয় করিয়া তাহা কিনে।—

৪৭ পুনশ্চ—স্বর্গের রাজ্য কোন জালের মত যাহা
৪৮ সমুদ্রে এড়িয়া প্রত্যেক প্রকার বস্তু একত্র করে তাহা
পূর্ন হইলে লোকেরা তীরে তুলিল পরে বসিয়া ভাল
যাহা তাহা পাত্রে একত্র করিল কিন্তু মন্দ ফেলিয়া
৪৯ দিল। জগতের শেষকালে সেমত হইবে দুতেরা
আগমন করিয়া যাথার্থিক হইতে দুষ্ট লোককে
৫০ বাচিয়া ফেলিবেক এবং তাহারদেগকে অগ্নি

Digitized by Google

কুণ্ডে ফেলাইবে সে স্থানে ক্রন্দন ও দন্তকিড়িমিড়ি।
৫১ যিশু তাহারদিগকে বলিলেন এ সকল বাক্য কি
তোমরা বুঝিয়াছ? তাহারা তাহাকে বলিল হাঁ প্রভু
৫২ তাহাতে তিনি তাহারদিগকে বলিলেন অতএব স্বর্গের
রাজ্যের বিষয়ে শিক্ষিত যে প্রত্যেক অধ্যাপক আছে
আপন ভাণ্ডারহইতে নূতন ও পুরাতন বস্তু বাহির করে
৫৩ যে কোন গৃহস্থ এমন গৃহস্থের মত তিনি। যিশু এ শ্লেষ
প্রবন্ধ সমাপ্ত করিয়া সে স্থানহইতে প্রস্থান করিলেন।
৫৪ পরে আপনার দেশে উত্তরিয়া তাহারদের সিনাগোগে
শিক্ষা করাইলেন তাহাতে লোকেরা চমৎকৃত হইয়া
বলিল কোথা হইতে ইহারা এ সকল জ্ঞান ও আশ্চর্য্য
৫৫ কর্ম্ম হইল এই কি ছুতারের পুত্র নহে? ইহার মাতার
নাম কি মারিয়া নহে? ও তাহার ভ্রাতারাও কি যাকুব
ও য়োসিস ও শিমন ও য়িহোদা নহে? তাহার ভগ্নীরাও
৫৬ কি সকল আমারদের এখানে নহে? তবে ইহার এ
সকল ক্ষমতা কোথা হইতে হইল? অতএব তাহারা
৫৭ তাহাতে অশঙ্কিত হইল কিন্তু যিশু তাহারদিগকে
বলিলেন ভবিষ্যদ্বক্তা আপনার দেশ ও আপনার বাটী
৫৮ ব্যতিরেকে অমর্য্যাদিত নহে। তিনি তাহারদের
অনাস্থা প্রযুক্ত সে স্থানে অনেক আশ্চর্য্য ক্রিয়া
করিলেন না।

পর্ব্ব ১৪ তৎকালে চৌয়ানির রাজা হেরোদ যিশুর সুখ্যাতি
শুনিয়া তাহার দাস লোকেরদিগকে বলিল এই য়োহন
ডুবক সে মৃত্যু হইতে উঠিয়াছে অতএব তাহার এ
অসম্ভব পরাক্রম প্রকাশিত আছে কেননা হেরোদ

Digitized by Google

আপন ভ্রাতৃবন্ধু ফিলিপের স্ত্রী হেরোদিয়ার নিমিত্তে
য়োহনকে ধরিয়া বন্ধন করিয়াছিল ও কারাগারে
৪ থুইয়াছিল কেননা য়োহন বলিয়াছিল তাহাকে
৫ বিবাহ করা তোমার অকর্ত্তব্য কিন্তু তাহাকে বধ
করিতে চাহিয়া জনতাকে ভয় করিল কেননা যে তিনি
৬ ভবিষ্যদ্বক্তা এই তাহারা ভাবিল। পরে হেরোদের
জন্ম দিন হইল তৎকালে হেরোদিয়ার কন্যা
তাহারদের সাক্ষাতে নৃত্য করিয়া হেরোদের তুষ্টি
৭ জন্মাইল তাহাতে সে যাহা২ চাহিবে তাহা তাহাকে
৮ দিতে কিরা করিয়া প্রতিজ্ঞা করিল সে কন্যা আপনার
মাতার স্থানে পূর্ব্বে শিক্ষিত হইয়া বলিল তুমি পাত্রে
করিয়া য়োহন ডুবকের মস্তক আমাকে দিও তাহাতে
৯ রাজা মনস্তাপিত হইল কিন্তু সে কিরার নিমিত্তে ও
যাহারা তাহার সঙ্গে ভোজনে বসিল তাহারদেরও
১০ নিমিত্তে তাহা দিতে আজ্ঞা দিল অতএব তিনি লোক
পাঠাইয়া কারাগারে য়োহনের শিরশ্ছেদন করিলেন
১১ পরে তাহার মস্তক পাত্রে আনাইয়া কন্যাকে দিল
১২ এবং সে আপন মাতার স্থানে তাহা দিল পরে
তাহার শিষ্যেরা আসিয়া শরীর লইয়া গোর দিল
১৩ তার পারে যাইয়া য়িশুকে সমাচার দিল। য়িশু তাহা
শুনিয়া নৌকা দিয়া অরণ্যে গুপ্তরূপে প্রস্থান করিলেন
এবং লোকেরা তাহা শুনিয়া পদব্রজে সকল সহর
হইতে তাহার পশ্চাৎ গেল।—
১৪ য়িশু বাহিরে যাইয়া বড় মানব্য দেখিলেন তাহাতে
তাহারদের ওপর দয়াশীল হইয়া তাহারদের অসুস্থ

Digitized by Google

ওপর থাকিল সে কাটা গিয়া পড়িবে কেননা
যিহুহা তাহা কহিয়াছেন।

সোরের বিষয়ক বাক্য।

পর্ব্ব হে তার্শিশের জাহাজ তোমরা আর্ত্তস্বর কর
২৩ কেননা সে ভিতরে বাহিরে সর্ব্বতোভাবে নষ্ট হইয়াছে
সমাচার কিত্তিম দেশহইতে তাহারদের নিকটে পৌছি
২ য়াছে। হে সমুদ্র তীর নিবাসীরা তোমরা নীরব হও
সীদোনের বাণিজ্যকারি লোকেরা অর্থাৎ যে২ লোক সমুদ্রের
পার হয় তাহারা তোমার মধ্যে ভিড়ের ন্যায় থাকিল।
৩ নীল নদীর অনেক জলজাত বীজ ও নদ্যুৎপন্ন যে সেই
তাহার রাজস্ব ছিল এবং অন্যদেশীয়েরদের বাজার
৪ সে ছিল। হে সীদন তুমি লজ্জিত হও কেননা সাগর
অর্থাৎ সমুদ্রের শক্ত গড় এ কথা কহিয়াছে আমি
প্রসব যন্ত্রণা না পাইলে ও বালক প্রসব না হইলে
এবং যুবারদিগকে প্রতিপালন না করিলে ও যুবতীর
দিগকে সংবৃদ্ধ না করিলে যে রূপ হইতাম
৫ তেমনি হই। এ কথা মিসরকে স্পর্শ করিবা
মাত্রে তাহারা সোরের সংবাদেতে ব্যথিত হইবে।
৬ তোমরা পার হইয়া তার্শিশে যাও হে সমুদ্র তীর
৭ নিবাসীরা তোমরা আর্ত্তস্বর কর পূর্ব্বকাল বধি স্থিত
অথচ জয়ী যে তোমারদের সহর সে কি এই? দূর
দেশে বাস করণের কারণ তাহার আপনার পা তাহা
৮ কে বহিয়া লইয়া যায়। মুকুটদায়িনী অথচ যাহার
বনিকেরা রাজা ছিল যাহার মহাজনেরা দেশাধ্যক্ষ



Digitized by Google

ছিল এমন যে কোর তাহার বিপরীতে এ নিয়ম করিয়াছে কে ? । সকল সৌন্দর্য্যের অহঙ্কার নষ্ট করার ও পৃথিবীর সকল মহৎ লোকেরদিগকে নিন্দা করার
১০ নিমিত্তে সৈন্যের [illegible] এ নিয়ম করিয়াছেন । হে তার্শিশের কন্যা তুমি নদীর ন্যায় আপন দেশের উপরে উথলে যে বন্ধনেতে তোমার বল বদ্ধ হইয়াছিল সে
১১ নাই । তিনি সমুদ্রের উপর হস্ত বাড়াইয়াছেন তিনি রাজ্যেরদিগকে নাড়াইয়াছেন যিহোবা বাণিজ্যরূপ সহর
১২ নষ্ট করিতে আজ্ঞা দিয়াছেন । তিনি কহিয়াছেন হে সীদোনের কুমারী নষ্টা কন্যা তুমি আহ্লাদ আর করিবা না উঠিয়া কিত্তিমে যাও পার হও সেখানেও তোমার
১৩ বিশ্রাম হইবে না । কাশ্দীয়েরদের দেশ দেখ এ লোক অপ্রমাণী ছিল অশূর নিবাসীরদের কারণ আশোরীয় তাহা স্থাপন করিল তাহারা দুর্গ গাঁথিল তাহারা তাহার অট্টালিকা নির্মাণ করিল এই লোকেরা
১৪ তাহার বিনাশ করিয়াছে । হে তার্শিশের জাহাজ তোমরা আর্ত্তনাদ কর কেননা তোমারদের শক্তি
১৫ স্থান বিনষ্ট হইয়াছে । সেইদিনে এমত হইবে এক রাজার কালের ন্যায় সোর সত্তর বৎসর পর্য্যন্ত বিস্মৃত হইবে সত্তর বৎসরের অন্তে সোর বেশ্যার
১৬ ন্যায় গান করিবে । হে অনেক দিন ত্যক্তা বেশ্যা তুমি বীণা লইয়া সহরে বেড়াও তুমি আরবার মনে যে পড়িবা এই কারণ বীণা সুন্দররূপে বাজাও অনেক
১৭ গীত গাও । সত্তর বৎসরের শেষে যিহোবা সোরের হিসাব করিবেন পরে সে আপন লাভকারী পূর্ব্ব

Digitized by Google

ব্যভিচার প্রতি ফিরিয়া তাহ করিবে ও পৃথিবীর মুখ
ব্যাপী জগতের সকল রাজ্যগণের সহিত ব্যভিচার
১৮ ক্রিয়া করিবে। কিন্তু তাহার ব্যাপার ও লাভ যিহুহার
নিমিত্ত পবিত্র হইবে তাহা সঞ্চিত ও রক্ষিত করা
যাইবে না কেননা যিহুহার সম্মুখে নিবাসীরদের
পুষ্টর খাদ্য ও সুন্দর বস্ত্রের কারণ তাহার ব্যাপার
হইবে।

পর্ব্ব ২৪ দেখ যিহুহা দেশকে শূন্য ও নিরালয় করেন তিনি
তাহা উল্টিয়া ফেলেন ও প্রজারদিগকে ছিন্ন ভিন্ন
২ করেন। যেমন লোকেরদের গতি তেমনি পুরোহিতের
যেমন চাকরের তেমনি মুনিবের যেমন দাসীর তেমনি
ঠাকুরানীর যেমন ক্রেতার তেমনি বিক্রেতার যেমন
ধারকের তেমনি মহাজনের যেমন সুদখোরের তেমনি
৩ সুদদায়ি লোকের গতি হবে দেশ সর্ব্বতোভাবেই শূন্য
ও নষ্ট করা যাইবে কেননা যিহুহা এ কথা কহিয়া
৪ ছেন। দেশ রোদন করিতেছে সে ম্লান হই
তেছে পৃথিবী দীন হইয়াছে সে ম্লান হইয়াছে দেশের
৫ গর্ব্বিত লোকেরা দুর্ব্বল হইয়াছে। দেশ আপন
গৃহস্থেরদের নীচে অপবিত্র হইতেছে কেননা তাহারা
ব্যবস্থা লঙ্ঘিয়াছে তাহারা নিয়ম অন্যমত করিয়াছে
তাহারা অনন্ত ধর্ম্মব্যবস্থা ভাঙ্গিয়াছে। যাহারা তাহাতে
৬ বাস করে তাহারা অপরাধি সে কারণ অভিশাপে
দেশ খাইয়া ফেলিয়াছে অতএব দেশের নিবাসীরা
নষ্ট হইয়াছে যে অরণীয় মানুষেরা তাহার মধ্যে অল্প
৭ শিষ্ট থাকে তাহারা সকলে। নূতন দ্রাক্ষারস ক্রন্দন

Digitized by Google

করিতেছে দ্রাক্ষা গাছ শুষ্ক হইয়া যায় সকল আহ্লাদিতা
৮ দুঃখ করে। তেম্বুরের নিগাদ আটক করে। খঞ্জরীর
আনন্দ ধ্বনি নিবর্ত্ত হইয়াছে। আয় শব্দ আর থাকে
৯ না বীণের উল্লাস ধ্বনি নিবর্ত্ত হইয়াছে। তাহারা গীত
গাইতে২ দ্রাক্ষারস আর পীবে না। যাহারা তাড়ি পান
করে তাহারদের মুখেও তাহা তিক্ত লাগিবে।
১০ সহর ভাঙ্গা গিয়াছে সে নর শূন্য হইয়াছে কেহ
যেন প্রবেশ করিতে না পারে প্রতি ঘর এমন রুদ্ধ
১১ হইয়াছে। গলিতে দ্রাক্ষারসের কারণ চেঁচান হইয়াছে
সকল আহ্লাদ গিয়াছে। দেশের সকল আনন্দ দেশান্ত
১২ রিত হইয়াছে। সহরে শূন্যতা থাকে বড় কোলাহলেতে
১৩ দ্বার ভাঙ্গিয়া পড়িয়াছে। দেশের মধ্যস্থলে অর্থাৎ
লোকেরদের মধ্যস্থলেও এমত হইবে। যেমন জিত
ফলের ঝাড়া ও যেমন ফসলের পরে দ্রাক্ষা কুড়ান
১৪ সেই মত হইবে। কিন্তু ইহারা উচ্চৈঃস্বরে ডাকিবে
ইহারা গান করিবে এবং জল যিহুহার মহত্ত্বের
১৫ বিষয়ক ধ্বনি করিবে। এতদর্থে তোমরা দূর দেশে
১৬ থাকিয়া যিহুহার নাম কর সমুদ্রের দূরস্থ সীমান্ময়
তোমরা যিশরালের ঈশ্বর যিহুহার মাহাত্ম্য প্রকাশ কর
ধার্ম্মিকেরা বল এই বাক্যরূপ গীত দূরস্থ সীমা হইতে
আমরা শুনিয়াছি কিন্তু আমি কহিয়াছি আহা আমার
দীনহীনতা আমার দীনহীনতা আমার দুর্ভাগ্য লুটিয়েরা
লুট করিতেছে লুটিয়েরা আমারদের দুরন্ত বিনাশ
১৭ করা ব্যাপার ছাড়ে না। হে দেশের প্রজা ভয় ও
১৮ ফাঁদ ও ফাঁদ তোমারদের উপরে হয়। যে ভয়ও হইবে

Digitized by Google

যে জন ভয় হইতে পলাইয়া বাঁচে সে খাতে পড়িবে
যে জন খাদ লাভিয়া বাঁচে সে ফাঁদে বদ্ধ যাইবে
কেননা ওপরিস্থ জলের দ্বার খুলা যায় এবং পৃথিবীর
১৯ ভিত কম্পে। দেশ বড় লড়ে দেশ সর্ব্বতোভাবে
চূর্ণ হইয়াছে দেশ স্বস্থান হইতে বড় সরিয়াছে।
২০ দেশ মাতালের মত ঢুলিয়া যায় সেও এক রাত্রি
প্রবাস স্থানের ন্যায় অস্থির আছে কেননা সে আপন
অযথার্থ ভারেতে বড় চাপা হইয়াছে সে ও পড়িবে
২১ এবং আর উঠিবে না। সে কালে এমত হইবে যিহুহা
২২ ওপরিস্থ সেনাগণকে ওপর স্থানে এবং পৃথিবীর সকল
রাজাকে পৃথিবীতে সংগ্রহ করিবেন ও যেমত
আটিতে বাঁধা যায় তেমত তাহারা খাদের জন্য একত্র
করা যাইবে তাহারা কারাগারে দৃঢ় বন্ধনে বদ্ধ
হইবে এবং অনেক দিনের পরে তাহারদের তজবিজ
২৩ হইবে। এবং চন্দ্র বিবর্ণ ও সূর্য্য লজ্জিত হইবে কেননা
সৈন্যের যিহুহা সীয়োন পর্ব্বতের ওপর ও যিরোশল
য়ের ওপরে রাজ্য করিবেন এবং আপন প্রাচীন
লোকেরদের সাক্ষাতে ও তাহার মাহাত্ম্য প্রকাশিত
হইবে।

পর্ব্ব ২৫ হে যিহুহা তুমি আমার ঈশ্বর তুমি আশ্চর্য্য ক্রিয়া
১ করিয়াছ তুমি পূর্ব্বকালের নিয়ম এবং অমোঘ প্রতিজ্ঞা
পূর্ণ করিয়াছ সে কারণ আমি তোমার সম্ভ্রম করিব
২ আমি তোমার স্তুতি করিব। কেননা সহরকে তুমি
ঢিবি করিয়াছ মুরচাবন্দি শক্ত করা গড়কে তুমি
বিনাশ করিয়াছ অন্য দেবেরদের পুরী যেন আর না

Digitized by Google

হয় যেন আর গাঁথা না যায় তুমি তাহা তেমনি করি
৩ য়াছ। অতএব দুষ্ট লোকেরা তোমার স্তুতি করিবে
ভয়ঙ্কর দেশীয় লোকেরদের নগর তোমাকে ভয়
৪ করিবে। কেননা তুমি দরিদ্রেরদের রক্ষক এবং বিরুদ্ধ
দশায় অনাথের রক্ষক ছিলা। যে কালে ভয়ঙ্কররদের
ফুঁক প্রাচীর কালের ঝড়ের ন্যায় গর্জে সে কালে তুমি
৫ ঝড়ে আশ্রয় ও গ্রীষ্মে ছায়া আছ। যেমন শুষ্ক ভূমিতে
গ্রীষ্ম তেমন অহঙ্কারের কোলাহল নীচ করিবা ও
যেমন ঘন মেঘেতে গ্রীষ্ম তেমন ভয়ঙ্কর লোকের
৬ জয়শব্দ অল্প করা যাবে। এবং এ পর্ব্বতে
সৈন্যের যিহুহা সকল লোকের কারণ সুন্দর ভোজ
ও পুরাতন দ্রাক্ষা রস অর্থাৎ উত্তমোত্তম সুভক্ষ্য ও
পুরাতন নির্ম্মলীকৃত দ্রাক্ষারসযুক্ত এক ভোজ করিবেন।
৭ ও যে আচ্ছাদন সকল লোকেরদিগকে আচ্ছাদিত করিল
এবং যে ঘোমটা সকল দেশীয় লোকেরদের উপরে
৮ ছিল তাহা তিনি এ পর্ব্বতে নষ্ট করিবেন। তিনি
মৃত্যুকে নিঃশেষরূপে সংহার করিবেন যিহুহা পরমে
শ্বর সকল মুখহইতে নেত্রাশ্রু মুছিবেন। এবং
আপন লোকেরদের অপমান তিনি সমস্ত পৃথিবীহইতে
ঘুচাইবেন কেননা যিহুহা তাহা কহিয়াছেন।
৯ তাহারা সে সময়ে বলিবে দেখ এই আমারদের
ঈশ্বর আমরা তাঁহার শরণ লইয়াছি এবং তিনি
আমারদিগকে নিস্তার করিয়াছেন। এই যিহুহা
আমরা তাঁহার শরণ লইয়াছি তাঁহার তারণে আমরা
১০ আনন্দ ও জয়ধ্বনি করিব। কেননা এ পর্ব্বতের

Digitized by Google

উপরে যিহুহার হাত বিশ্বাস দিবে। ও গোয়াল যেমন গাড়ির চাকার নীচে মারা যায় তেমনে মোয়াব
১১ আপন স্থানে মারা যাইবে। যে জন ডুবিতেছে সে যেমন সাঁতারের কারণ হাত বাড়ায় তেমনে সে তাহার মধ্যে হাত বাড়াইবে কিন্তু ঈশ্বর আপনার হাতের অবস্মাৎ আনিয়া বাড়াতে তাহার অহঙ্কার
১২ নামাইবেন। তিনি তোমার ওচ্চা প্রাচীরের গোলাও নামাইবেন তিনি তাহা মৃত্তিকাতেই নামাইবেন তিনি তাহা ধূলাতেই ফেলিবেন।

পাঠ ২১ সে কালে এ গান করা যাইবে যিহুদা দেশে

২
আমাবুদের মজবুত সহর আছে প্রাচীর এবং গোলার কারণ তিনি ত্রাণ স্থাপন করিবেন। তোমরা দ্বার খুল সত্যতাতে অবিরত অথচ স্থির মন যে ধার্ম্মিক লোক
৩ তাহারা প্রবেশ করুক। তাহারা তোমাতে আশ্রয় করিয়াছে অতএব তুমি তাহারদিগকে নিত্য কুশলে
৪ রক্ষা করিবা। যিহুহায় অশেষ রক্ষা হইয়াছে অতএব
৫ সদাকাল যিহুহায় আশ্রয় কর। কেননা যাহারা ওচ্চ স্থানে বাস করে তাহারদিগকে তিনি দ্রম্ব করিয়াছেন দর্পী সহর যে তাহা তিনি নামাইয়াছেন। তিনি তাহা মৃত্তিকাবৎ করিয়াছেন তিনি তাহা ধূলার সমান করি
৬ য়াছেন। পা অর্থাৎ দরিদ্রের পা অথচ গরিবেরদের
৭ পায়ের বিক্ষেপ তাহা দলিবে। ধার্ম্মিকের পথ সর্ব্বতোভাবে সোজা তুমি ধার্ম্মিকেরদের পথ ঠিক
৮ সমান করিতেছ। হে যিহুহা তোমার বিচারণেতে আমরা তোমার নাম বিশ্বাস করিয়াছি এবং

তোমার স্মরণেতে আমারদের মনের আশা ।
৯ রাত্রিতে আমি তোমাকে মনের সহিত বাঞ্ছা করিয়াছি
আমি আপন মধ্যস্থ আত্মাতে তোমাকে প্রাতঃকালে
চেষ্টা করিয়াছি কেননা তোমাকর্তৃক শাস্তি পৃথিবীতে
প্রকাশিত হইলে জগতের নিবাসীরা সাধুতা শিখিবে।
১০ দুষ্ট লোকেরদিগকে যদি কৃপা করা যায় তথাপি
সে ধর্ম্ম শিখিবে না সুকৃতাচরণ দেশেও সে বিপথ
গামী হইবে ও যিহুহার মহত্ত্ব মানিবে না । হে
১১ যিহুহা তোমার হস্ত উত্থিত হইয়াছে কিন্তু তাহারা
দেখিতে চাহে না তাহারা অবশ্য লজ্জিত হইয়া
তোমার লোককার্য্যার্থ উদ্যোগ দেখিবে । অবশ্য অগ্নি
তোমার শত্রুরদিগকে খাওয়াইবে। হে যিহুহা তুমি
১২ আমারদের কারণ কুশল নিরূপণ করিবা কেননা
আমারদের সকল ক্রিয়া তুমি আমারদের কারণ
১৩ করিয়াছ । হে যিহুহা আমারদের ঈশ্বর তোমা
ভিন্ন অন্য প্রভুরা আমারদের উপর কর্ত্তৃত্ব করি
য়াছে কিন্তু তাহার পরে আমরা কেবল তোমার ও
১৪ তোমার নামের প্রশংসা করিব। তাহারা মরিয়াছে
তাহারা জীবৎ থাকিবে না তাহারা মৃত অন্যায়
সত্তক তাহারা উঠিবে না সেকারণ তুমি তাহার
দের নিকট যাইয়া তাহারদিগকে সংহার করিয়াছ
১৫ তাহারদের স্মরণার্থ বস্তু তুমি লুপ্ত করিয়াছ । হে
যিহুহা তুমি দেশীয় লোকেরদিগকে বাড়াইয়াছ তুমি
দেশীয় লোকেরদিগকে বাড়াইয়াছ তোমার মাহাত্ম্য
প্রকাশ করা গিয়াছে দেশের সকল সীমা তুমি বহু

Digitized by Google

১৬ বাড়াইয়াছ। হে যিহূহা আমরা দুঃখ কালে তোমাকে
চেষ্টা করিয়াছি যখন তোমাকর্তৃক শাস্তি আমারদের
উপর ছিল তখন আমরা বড় মিনতি করিলাম।
১৭ গর্ব্ববতী স্ত্রী প্রসবকাল নিকট হইলে যেমন দুঃখিত
ও ব্যথিত হইয়া প্রসব কালে চেঁচায় তেমনে ওহে
যিহূহা আমরা তোমার সাক্ষাতে হইয়াছিলাম।
১৮ আমরা গর্ব্ববতী হইয়াছিলাম আমরা ব্যথিত
হইয়াছিলাম আমরা বায়ুর মত প্রসব করিয়াছি
দেশে ত্রাণ নিষ্পন্ন হয় না এবং জগন্নিবাসীরা পড়ে
১৯ নাই। তোমার মৃত লোকেরা জীয়িবে আমার
মৃত লোকেরা ওঠিবে। হে ধূলি নিবাসীরা তোমরা
জাগ্রত হও গান কর কেননা তোমার নীহার প্রভূষের
নীহারের মত কিন্তু পৃথিবী গর্ব্বপাতের মত সে মৃত
২০ অন্যায় দণ্ডকারিরদিগকে বাহির করিয়া ফেলিবে। হে
আমার লোক আইস আপন নিভৃতি কুঠারিতে যাও এবং
দ্বার তোমার পাছে বন্ধ কর সে ক্রোধ বহিয়া যাওন
পর্য্যন্ত কিঞ্চিৎ কাল এক তিল কালই গুপ্ত থাক।
২১ কেননা যিহূহা তাহারদের পাপেতে পৃথিবীর নিবাসির
দিগকে শাস্তি দিবার কারণ আপন স্থানহইতে যাইবেন
এবং পৃথিবী স্বোপরিস্থিত রক্ত প্রকাশ করিবে
এবং মারা পড়া লোকেরদিগকে আর ঢাকিবে না।
পর্ব্ব সেকালে যিহূহা আপন তলোয়ারেতে অর্থাৎ আপন
২৭ চকচকী ও বড় ও শক্ত তলোয়ারেতে লোইতন নামে
সে শক্ত নাগকে এবং লোইতন নামে সে কুণ্ডলী



Digitized by Google

সর্পকে শাস্তি দিবেন এবং সমুদ্রের কুম্ভীরকে মারিয়া ফেলিবেন।—
২ সেকালে প্রিয় দ্রাক্ষা ক্ষেত্রের প্রতি প্রত্যোত্তর রূপ গান করিও।—
৩ তাহাকে যে রক্ষা করে সে আমি যিহুহা আমি পলকে২ তাহাতে জল সেঁচিব আমি রাত্রিদিন তাহা রক্ষা করিব এবং দিনে তাহার চৌকী দিব।
৪ আমার রক্ষা করিবার প্রাচীর নাই আহা যদি কাঁটা ও স্যাকুলের এক বেড়া আমার হইত।—
যদি আমি তাহারদের বিপরীতে যুদ্ধ করিতে যাই
৫ তবে একিবার তাহা পোড়াইব। আহা সে বরং আমাকে আশ্রয় করুক।—
সেই আমার সহিত মিলুক সে আমার সহিতই মিলুক।
৬ যাকুবের মূলহইতে উৎপন্ন যাহারা তাহারা বাড়িবে ইস্রায়েল পল্লব ধরিবে এবং তাহারা পৃথিবীর মুখ ফলেতে পূর্ণ করিবে।—
৭ তিনি যেমন তাহার প্রহারকেরদিগকে মারেন তেমনে কি তাহাকে মারিয়াছেন? যাহারা তাহাকে বধ করিল সে কি তাহারদের মত হত হইয়াছে?।
৮ তুমি যখন দ্বা মারিবা তৎকালে মহা ঝড় পূরীয়া বাতাসের দিনেই অগ্নি ওজপুক্ত বিবেচনা করিয়া প্রকৃত
৯ পরিমাণের মত তাহার দণ্ড দিবা। এতদর্থে সে যদি যজ্ঞ বেদির সকল পাথর ছড়িয়া পড়া চূণের পাথরের মত করে এবং দেবস্থান ও প্রতিমা যদি আর না উঠে

তবে ইহা হইলে যাকুবের অযথার্থ্যের মোচন করা
যাইবে এবং সে আপন পাপ দূর করার সকল ফল
১০ পাইবে। কিন্তু সুদৃঢ়ীকৃত সহর যে সে ওএরান ও ত্যক্ত
বসতি এবং অরন্যের মত নরশূন্য হইবে সেখানে
বলদ চরিবে ও সেখানে শুইবে ও তাহার কোমল ডাল
১১ ভক্ষন করিবে। তাহার শাখা যখন শুষ্ক হইয়া যায়
তখন ভাঙ্গা যাইবে স্ত্রীলোকেরা আসিয়া তাহা পোড়াইয়া
ফেলিবে। অবশ্য এ অজ্ঞান এক লোকসমূহ সেকারন
যিনি তাহাকে সৃষ্টি করিলেন তিনি তাহাকে দয়া করি
বেন না এবং যিনি তাহাকে নির্ম্মান করিলেন তিনি
১২ তাহার উপরে কিছু অনুগ্রহ করিবেন না। সে কালে
এমন হইবে য়িহুহা নদীর বন্যা হইতে মিসরের স্রোত
পর্য্যন্ত তাহার ফল পাড়িবেন এবং হে য়িশরালের
সন্তানেরা তোমারদের একৈক জনকে কুড়ান যাইবে।
১৩ সে কালে বড় তুরি বাজান যাইবে এবং যাহারা
আশোর দেশে মৃত্যুকল্প হইয়াছিল এবং যাহারা
মিসর দেশে ছিন্নভিন্ন হইয়াছিল তাহারা আসিবে
এবং পবিত্র পর্ব্বতে অর্থাৎ য়িরোশলমে য়িহুহার
সাক্ষাতে ভজনা করিবে।

২৮ আপ্রিমের মাতাল লোকেরদের অহঙ্কাররূপ মুকুট
এবং তাহারদের তেজস্বী সৌন্দর্য্যরূপ শুষ্ককল্প পুষ্প
অর্থাৎ যাহারা ফলপূর্ণ মাঠের মাথায় দ্রাক্ষা রসেতে
২ মত্ত হয় তাহারদের সন্তাপ হবে। দেখ সে ক্ষমতাপন্ন
ব্যক্তি সে অতিবলবান ব্যক্তি শীল ঝড়ের মত অর্থাৎ
অতিবিনাশকারি ঝড়ের মতই এবং অতি কোমল

অথচ ধাবমান মহাবন্যার ন্যায় তাহারদিগকে
৩ আপন হাস্তেতে মৃত্তিকায় ফেলিয়াছেন। তাহারা অর্থাৎ
আফ্রিমের মাতাল লোকেরদের অহঙ্কাররূপ মুকুট
৪ পদতলে দলান যাইবে এবং তাহারদের তেজস্বী সৌ
ন্দর্য্যরূপ শুষ্কবৎ যে পুষ্প ফলপূর্ণ মাঠের মাথায় আছে
সেই গ্রীষ্মকালের পূর্ব্বেতেও যে অকাল ফল কেহ
দেখিবামাত্রে ছিঁড়ে এবং তাহা হাতে গ্রহণ করিবা
মাত্রে সেইক্ষণে গ্রাস করে তাহারই মত হইবে।
৫ সে কালে সৈন্যের যিহোবা আপন অবশিষ্ট লোকের
দের এক সুন্দর মুকুট ও তেজস্বী টোপর হইবেন
৬ এবং যাহারা বিচার করণের নিমিত্তে বসে তাহার
দের বিচার আত্মা এবং যাহারা বৈরিরদের দ্বার
পর্য্যন্ত যুদ্ধ ফিরায় তাহারদের বলও হইবেন।
৭ কিন্তু ইহারা দ্রাক্ষা রসেতে ভুলিয়াছে এবং সুরাতে
টলটলিয়া হইয়াছে পুরোহিত ও ভবিষ্যদ্বক্তা সুরা
পানেতে ভুলিয়াছে তাহারা দ্রাক্ষা রসের নীচে
চাপা পড়িয়াছে তাহারা সুরাপানেতে টলটলিয়া হই
য়াছে তাহারা দর্শনে ভুলিয়াছে তাহারা বিচারে
৮ ওচোট খাইয়াছে। সকল মেজ বমিতে ও মলেতে
৯ পূর্ণ হইয়াছে এবং পরিষ্কার স্থান নাই। তাহারা
বলে সে কাহাকে জ্ঞান শিক্ষা করাইতে চাহে?
কাহাকে বুদ্ধিদান দিতে চাহে? কি দুগ্ধ ত্যাগী ও
১০ স্তনপান নিবৃত্ত লোকেরদিগকে? কেননা আজ্ঞার
উপর আজ্ঞা আজ্ঞার উপর আজ্ঞা পাঁতের উপরে
পাঁত পাঁতের উপর পাঁত এখানে অল্প সেখানে অল্প

১১ এমত্তে তিনি অবশ্য তোতলা ওষ্ঠের এবং বিরুদ্ধ
১২ ভাষাতে এ লোকেরদের সহিত কথা কহিবেন। কেননা
সত্য বিশ্রাম এই ক্লান্ত লোকেরদিগকে বিশ্রাম দেও
এবং আরাম এই তিনি তাহারদিগকে এ কথা কহিলে
১৩ ও তাহারা শুনিতে চাহিল না। সেই কারণ তাহারা
আগে যায় ও পাছে পড়ে ও ভগ্ন হয় এ ফাঁদেরা যায়
ও আকর্ষিত হয় এই নিমিত্তে যিহোবার কথা আজ্ঞার
ওপরে আজ্ঞা আজ্ঞার ওপরে আজ্ঞা পাঁতের ওপর পাঁত
পাঁতের ওপর পাঁত অল্প এখানে অল্প সেখানে এমনে
১৪ হবে। হে নিন্দকেরা হে যিরোশালমস্থ এ লোকেরদের
১৫ যাবৎ যে ওপদেশ বক্তারা এ কথা বলে আমরা মৃত্যুর
সহিত বন্দোবস্ত করিয়াছি আমরা কবরের সহিত
বন্দোবস্ত করিয়াছি সর্ব্বব্যাপী মরক যখন এ স্থান
দিয়া যায় তখন আমারদিগকে সে স্পর্শ করিবে না
কেননা আমরা মিথ্যা কথাতে আশ্রয় করিয়াছি
এবং আপনারদের কারণ কূর্ত্তারূপ আচ্ছাদন করি
য়াছি এমন যে তোমরা যিহোবার কথা শুনিও।
১৬ সেই কারণ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন দেখ
আমি স্থির স্থাপিত ভিত্তের জন্য এক পাথর অর্থাৎ
পরীক্ষিত এক প্রস্তর অথচ কোণার এক প্রস্তর অর্থাৎ
বহুমূল্য এক প্রস্তর স্থাপন করি যে জন তাহাতে বিশ্বাস
১৭ করে সে লজ্জিত হইবে না। এবং আমি সূত দিয়া বিচার
স্থাপিয়া দিব এবং সালসূতা দিয়া প্রকৃত নীতি স্থাপিব
শিলাবৃষ্টি সে মিথ্যা আশ্রয় লইয়া যাবে এবং গোপনের
১৮ নিমিত্তের স্থান জলেতে ডুবাইয়া ফেলিবে। মৃত্যুর সহিত

Digitized by Google

তোমারদের যে বন্দোবস্ত সে ভাঙ্গা যাইবে এবং কবরের সহিত তোমারদের যে বন্দোবস্ত সেই স্থির রহিবে
১৯ না। যখন সর্ব্বব্যাপী মড়ক তাহা দিয়া যায় তখন তোমরা তাহাতে অধঃপাতিত হইবা। সে যাইবা মাত্র তোমারদিগকে ধরিবে সে প্রতি প্রাতে দিনে ও রাত্রিতে তোমারদের নিকট দিয়া যাইবে এবং তাহার বিষয়ক সমাচার পাবা মাত্রেতে শঙ্কা হবে।
২০ কেননা কোন কেহ গা মুড়িবে এমন উপযুক্ত পরিমাণহইতে খাট্টা খাটো আছে। এবং কোন কেহ গাত্র জড়াইবে এমন যে উপযুক্ত পরিমাণ
২১ তাহাহইতে পালংপোষ আঁটা আছে। কেননা যিহুহ যেমন পরাস্নিম পর্ব্বতে উঠিলেন তেমনি উঠিবেন যেমন গিবজনের মাঠে ছিলেন তেমনি তিনি আপন কার্য্য অর্থাৎ আপন অদ্ভুত কার্য্য করণের জন্য এবং আপন কার্য্য অর্থাৎ আপন অসম্ভব কার্য্যই
২২ করণের জন্য ক্রুদ্ধ হইবেন। অতএব তোমারদের শাস্তি আর অতিশয় না হয় এই জন্যে আর নিন্দাতে আবিষ্ট হইও না কেননা আমি সৈন্যের যিহুহাহইতে দেশের সর্ব্বত্র পূর্ণ হওয়া নিমিত্তে ও স্থির নিয়মের এক কথা শুনিয়াছি।
২৩ কর্ণ পাতিয়া আমার রব শুন হে। অবধান
২৪ করিয়া আমার কথা শুন হে। কৃষক দিনেদিনে বীজ বুনানের কারণ চসিতেং এবং ক্ষেত্রের ঢেলা
২৫ ভাঙ্গিতেং হাল কি বহে? তিনি তাহার মুখ সমান করিয়া জিরা ও জীরা কি ফেলেন না? এবং

Digitized by Google

গোম ও চিত মত এবং যব এবং কলাই আপনং
২৬ নিরূপিত স্থানে কি বুনেন না? কেননা তাঁহার
ঈশ্বর তাহাকে প্রকৃত মত শিক্ষা করান এবং তাহাকে
২৭ জ্ঞান দেন। তিল যুদ্ধযন্ত্রেতে* মাড়া যায় না
এবং জীরার উপরে গাড়ির চক্র ঘুরে না তিল দণ্ড
২৮ দিয়া এবং জীরা ঠেঙ্গা দিয়া মাড়া যায় কিন্তু রুটির
শস্য গাড়ির তারেতে মাড়া যায়। তিনি তাহা এমন
মাড়িতে ও গাড়ির চক্র দিয়া পাড়া দিতে ও পশুর
খুরেতে চুর্ণ করিতে সদাকাল প্রবৃত্ত হইবেন না।
২৯ পরামর্শে আশ্চর্য্য এবং কার্য্য করনেতে আপনাকে
প্রকাশ করেন যে সৈন্যের য়িহুহা তাঁহার ক্রিয়া এই।

পর্ব্ব আরিএল অর্থাৎ দাউদ যে নগর সৈন্যেতে বেষ্টিত
২৯ সে আরিএলের সন্তাপ হউক। তোমরা বৎসরের
উপরে বৎসর কর পর্ব্ব আপন পর্য্যায়ানুক্রমে হউক।
২ কিন্তু আমি আরিএলের উপর দুঃখ আনিব এবং নিত্য
ক্রন্দন ও শোক হইবে এবং আমার দৃষ্টিতে বড়
৩ যজ্ঞ বেদির চুলার মত সে হইবে। আমি তোমার
চতুর্দিগে দাউদের মত ছাউনি করিব এবং আমি
৪ গড় করিয়া তোমাকে সৈন্যেতে বেষ্টিত করিব এবং
তোমার নিকটে গড় গাথিব। এবং তুমি নামান
যাইবা এবং যেমন মৃত্তিকার নীচে থাকিয়া কেহ
কহে তেমনি তুমি বলিবা এবং ধুলাহইতে দুর্ব্বল
কথা কহিবা। যেমন গুনির রব তেমনে মৃত্তিকা

---

* অর্থাৎ শস্যমাড়াযন্ত্র বিশেষ।

হইতে তোমার রব শুনা যাবে তোমার কথা ও ধুলা হইতে খোশু শব্দ করিবে; কিন্তু অহঙ্কারিরদের অনন্তা মৃদু২ ধুলার ন্যায় হইবে এবং শঙ্কা দায়কেরদের অনন্তা উড্ডীয়মান ভুষির মত হইবে। এই ফল এক পলকে মাত্রস্থায়ী এবং অকস্মাৎ হবে কেননা গর্জ্জন ও ভূমিকম্প ও মহাশব্দ ও ঝড় ও তুফান ও জ্বলন্ত অগ্নির সহিত সৈন্যের যিহুহার নিকট হইতে হটাৎ দর্শন হইবে; এবং যেমন স্বপ্ন কিম্বা রাত্রিতে যে দর্শন তেমনে অন্যদেশীয় সমূহ আরিএলের সহিত যুদ্ধ করে ও তাহারদের সকল সৈন্য ও গড় ও যত লোক তাহার ব্যাঘাত করে সে সকলের এই গতিক হবে। ক্ষুধিত মানুষ স্বপ্ন দেখিয়া আপনি ভোজন করে যেমন ইহা ভাবে কিন্তু জাগৃত হইয়া দুর্ব্বল হয় ও খাইতে চাহে এবং তৃষিত লোক স্বপ্ন দেখিয়া আপনি যে জল পান করিতেছে যেমন ইহা ভাবে কিন্তু জাগিয়া দুর্ব্বল হয় ও পীবার ইচ্ছা আছে সেমত সীয়ন পর্ব্বতের সহিত আপনারদিগকে যুদ্ধ করিতে সজ্জা করে যে সকল দেশীয় লোকসমূহ তাহারা তেমনি হইবে। তাহারা চমৎকারেতে স্তব্ধিত হইয়াছে তাহারা খর্ব্ব হইয়াছে তাহারা খাবার মত দৃষ্টি করে তাহারা মত্ত হইয়াছে কিন্তু দ্রাক্ষা রস পান ব্যতিরেক তাহারা টলটলিয়া যায় কিন্তু

১০ সুরাপান বিনা। কেননা যিহুহা তোমারদের উপর ঘোর নিদ্রা শীলতা ঢালিয়াছেন এবং তোমারদের চক্ষু মুদিয়াছেন ভবিষ্যদ্বক্তারদের ও শাসন

কর্ত্তারদের ও দর্শকেরদের চক্ষু তিনি বন্ধ করিয়াছেন।
১১ ইহাতে আমি তোমাকে মিনতি করি ইহা পড় কেহ অক্ষ
রজ্ঞ তাহাকে এই কথা কহিয়া যদি কোন পুস্তক পড়িতে
দেয় তবে সে উত্তর করে যে আমি তাহা পড়িতে পারি
১২ না কেননা সে বাঁধা আছে কিম্বা আমি মিনতি করি
ইহা পড় এ কথা কহিয়া কোন পুস্তক অক্ষর অবিদিত
তাহাকে যদি দেয় তবে সে প্রত্যুত্তর করে যে আমি
অক্ষর চিনি না এমন কোন থাম করা পুস্তকের ন্যায়
১৩ এ দর্শন তোমারদের প্রতি আছে। এতদর্থে যিহুহা
কহিয়াছেন এ লোকেরদের অন্তঃকরণ আমাহইতে
দূর থাকিলে তাহারা মৌখিক আমার নিকট আইসে
এবং ওষ্ঠাধরেতে আমার সম্ভ্রম করে এবং তাহারা
মানুষের আজ্ঞা শিখাইতেং আমার বিষয়ক যে ভয়
১৪ করে সে ও নিরর্থক হয় সেই কারণ দেখ আমি
এ লোকেরদের ওপরে এমত আশ্চর্য্য এবং চমৎকার
ক্রিয়া পুনরায় করিব যে তাহারদের জ্ঞানবান লোকের
দের জ্ঞানের ক্ষয় হইবে ও সাবধান লোকেরদের সাব
১৫ ধানতা লুপ্ত হইবে। যাহারা গুপ্ত অনুসন্ধান করাতে
যিহুহাহইতেও গভীর হয় যাহারদের কার্য্য অন্ধকারে
থাকে ও যাহারা বলে আমারদিগকে কে দেখে? ও
আমারদিগকে কে জানিবে? তাহারদের সন্তাপ হবে।
১৬ তোমরা গোঁয়ার বট কিন্তু কুম্ভকারকে কি মৃত্তিকার
তুল্য মানা যাইবে? সে আমাকে সৃষ্টি করিল না কৃত
বস্তু কি সৃষ্টিকর্ত্তার বিষয়ে ইহা কহিতে পারে?
তাহার কিছু জ্ঞান নাই নির্ম্মিত বস্তু কি নির্ম্মাণ

Digitized by Google

১১ কর্ত্তাকে ইহা কহিবে? লবাননে যে সময়ে করমলের মত করা যাইবে ও করমল যে সময়ে অরণ্যের মত
১৮ দেখা যাবে সে কি অত্যল্প কাল নাই? ঐ কালে বধিরেরা পুস্তকের কথা শুনিবে এবং মেঘ ও অন্ধকারেতে পূর্ব্বে আচ্ছাদিত যে অন্ধেরদের চক্ষু
১৯ সে দেখিতে পাইবে। নম্র লোকেরা আপনারদের যিহোবাতে যে আনন্দ তাহা বাড়াইবে ও দরিদ্রেরা
২০ যিশরালের ধর্ম্মস্বরূপে উল্লাসিত হইবে। কেননা ভয়ঙ্কর যে সে ক্ষীন হইয়াছে নিন্দকও আর থাকে না
২১ যাহারা কুক্রিয়া করিতে সচেতন ছিল ও যাহারদের কথাতে পাপিরেরা দুষ্টান গিয়াছিল এবং যে জন নগরের দ্বারে প্রত্যুত্তর করিল তাহার কারণে কল পাতিল
২২ এবং মিথ্যা কথার দ্বারা ধার্ম্মিককে ওলটিয়া দেয় এমন যে লোক সে সকলে ঘোলয়ানা উচ্ছেদিত হইয়াছে।
২২ অতএব যাঁকুবের বংশের প্রভু আবরহামের মুক্তিদ যে যিহোবা তিনি এ কথা কহেন যাঁকুব আর লজ্জিত হইবে না তাহার মুখও লজ্জাতে আচ্ছাদিত আর
২৩ হইবে না। কেননা তাহার সন্তানেরা যখন আমার হস্তকৃত ক্রিয়া দেখিতে পায় তখন তাহারা আপনারদের মধ্যে আমার নামকে পবিত্র করিয়া মানিবে তাহারা যাঁকুবের ধর্ম্মস্বরূপকেই পবিত্র করিয়া মানিবে এবং যিশরালের ঈশ্বরের গোচরে কম্পমান হইবে
২৪ যাহারা পূর্ব্বে ভ্রমনশীলতাতে ভ্রমনে গিয়াছিল তাহারা জ্ঞান পাইবে এবং হিংসুক লোকেরা উপদেশ কথাতে মনোযোগ করিবে।—

Digitized by Google

পর্ব্ব য়িহুহা কহেন যে দুরাগ্রহী শিশুরা পাপের উপর পাপ
৩০ করণের নিমিত্তে পরামর্শ করে কিন্তু সে আমাহইতে
২ নাই এবং নিয়ম স্থির করে কিন্তু সে আমার আত্মার
দ্বারা নাই ও আমার কাছে জিজ্ঞাসা না করিয়া ফারো
ণের রাজত্বে আপনারদিগকে বলবান করণের নিমিত্তে
ও মিসরের ছায়াকে আশ্রয় করণের নিমিত্তে মিসরে
৩ যাইতে প্রবৃত্ত হয় তাহারদের সন্তাপ হবে। ফারোণের
৪ বল তোমারদের লজ্জার কারণ অবশ্য হইবে : এবং
তোমারদের মিসরের ছায়াকে শরণ লওয়া যে সে
তোমারদের অপমান হইবে। তাহারদের অধ্যক্ষেরা
সোয়ানে ছিল তাহারদের উকিলেরা হানেসে উপ
৫ স্থিত ছিল। যে লোকেরদের দ্বারা তাহারদের লাভ
ছিল না যাহারা অনুপকারী ও অহিতকারী ও লজ্জা
দায়ী ও অপমানদায়ী ছিল এমন লোকেরদের বিষয়ে
৬ তাহারা সকলে লজ্জিত ছিল। ক্লেশ ও দুঃখদায়ক
ও সিংহী ও দুরন্ত সিংহ ও নাগ ও উড্ডীয় সর্প
উৎপাদক দেশ দিয়া দক্ষিণদিগে যায় যে পশু
তাহারদের ভার এই। যে লোকেরা তাহারদের
লাভ হইল না এমন লোকেরদের কাছে তাহারা যুবা
পশুরদের স্কন্ধের উপর আপনারদের সম্পদ বহে ও
৭ আপনারদের ধন উষ্ট্রের কুঁজের উপর বহে। কেননা
মিসর কেবল মাত্র তাহারা বৃথা উপকার করিবে
৮ এজন্যে আমি বসিয়া থাকা তাহারদের রক্ষা।
৯ এই এক দুরাগ্রহী লোকসমূহ এবং তোমরা দেখিও
১০ না এই কথা দর্শকেরদিগকে কহে এবং সত্য কথা

Digitized by Google

১১ কহিও না আমারদিগকে সহজ কথা কহ তোষার
বাক্য কহ পথহইতে ফির সোজা পথ ছাড়িয়া যাও
য়িশরালের ধর্ম্মস্বরূপকে আমারদের গোচরহইতে
দূর কর এই কথা ভবিষ্যদ্বক্তারদিগকে কহে মিথ্যাবাদী
ও য়িহুহার বিধি শুনিতে অসম্মত শিশু যে ইহারা সে
যে এই কথা ভবিষ্যৎকালের কারণ যে থাকে ও সদা
কালের সাক্ষ্য যে হয় এই নিমিত্ত তুমি এখন যাইয়া এ
কথা তক্তার উপরে লেখ এবং অক্ষর করিয়া পুস্তকে
১২ তাহা গাথ। এতদর্থে য়িশরালের ধর্ম্মস্বরূপ এ কথা
কহেন তোমরা এ কথা হেয়জ্ঞান করিয়াছ এবং
অযাথার্থ্য ও পরাঙ্মুখতাতে বিশ্বাস করিয়াছ এবং
তাহার উপরে ষোলয়ানা ভর দিয়াছ অতএব ঈশ্বর
১৩ শুনুন এবং উচ্চ দেয়ালে যে ফুলা অকস্মাৎ
১৪ ভাঙ্গা যায় অর্থাৎ এক নিমিষে ভাঙ্গা যায় তাহার
ন্যায় দোষ তোমারদের প্রতি হইবে। যখন
কেহ কুম্ভকারের পাত্র ভাঙ্গে সে তখন যেরূপে তাহা
ভাঙ্গিয়া ফেলে ও কিছু দয়া না করে যাহাতে
তাহার খলার মধ্যে চুলাহইতে অগ্নি তুলনের কারণ
কিম্বা হ্রদহইতে জল তুলনের কারণ এক পাত্র পাওয়া
না যায় সে ভাঙ্গা যেমন সেই মত সে ভাঙ্গা যাবে।
১৫ য়িহুহা পরমেশ্বর য়িশরালের ধর্ম্মস্বরূপ এ কথা
সংরোদ্ধার করিয়াছেন তোমারদের আচরণহইতে
ফিরনেতে ও শান্ত হওয়াতে তোমারদের নিস্তার হইবে
নিঃশব্দতাতে ও পূর্ণ সাহসেতে তোমারদের বল
১৬ হইবে কিন্তু তোমরা শুনিতে চাহিলা না। তোমরা

Digitized by Google

বলিলা তাহা নাই কিন্তু আমরা অশ্বারোহন করিয়া
পলাইব সেই কারণ তোমরা যেদাম যাইবা এবং
আমরা বেগগামী ঘোড়ায় চড়িব ইহাও বলিয়াছি
সেকারণ যাহারা তোমারদিগকে পীছে তাহারাও
১৭ বেগগামী হইবে। তোমারদের পর্ব্বতের শৃঙ্গস্থ
ধ্বজা ও উচ্চ পর্ব্বতের উপরিস্থ পট্টুকার ন্যায় হওয়া
পর্য্যন্ত এক জনের ধমকানেতে সহস্র পলাইবে ও
পাঁচ জনের ধমকানেতে তোমারদের দশ সহস্র
১৮ পলাইবে। কিন্তু এ নিমিত্তে য়িহুহা তোমারদের
উপর অনুগ্রহ করিতে অপেক্ষা করিবেন এ নিমিত্তই
তিনি নীরব হইয়া তোমারদিগকে ক্ষমা করিতে অপেক্ষা
করিবেন। কেননা য়িহুহা বিচারকর্ত্তা ঈশ্বর যাহারা
তাঁহাতে বিশ্বাস করে তাহারা সকলি ধন্য।
১৯ ধার্ম্মিক লোকসমূহ সীয়নে বাস করিবে ও তুমি
য়িরোশলমে আর ক্রন্দন করিবা না তোমার ক্রন্দন
রবে তিনি তোমার উপর বড় কৃপাবান হইবেন তিনি
২০ তোমার কথা শুনিবামাত্র উত্তর দিবেন। য়িহুহা
তোমার দুঃখরূপ ভক্ষ্য এবং শোকরূপ জল আহার
করিয়াছেন বটে কিন্তু তোমার অধ্যাপকেরা আর
দ্বার দূরীকৃত হইবে না কিন্তু তোমার চক্ষু তোমার
অধ্যাপকেরদিগকে দেখিতে পাইবে। পথ এই
ইহাতেই চল দক্ষিণে বামে ফিরিও না এ উপদেশ কথা
২১ তোমার পশ্চাৎ হইতে তোমার কর্ণ শুনিতে পাইবে।
তোমরা আপনারদের রূপার প্রতিমার আচ্ছাদনের
এবং তোমারদের স্বর্ণের ছাঁচুয়া প্রতিমারদের অভরণ

Digitized by Google

অশুচি জ্ঞান করিবা তুমি তাহা অশুচি বস্ত্রের মত
ফেলিয়া দিবা তুমি বলিবা আমাহইতে দূর হও।
২৩ তিনি তোমার বীজ বুনের কারণ বৃষ্টি এবং ভূমিতে
উৎপন্ন ভক্ষ্য দিবেন সেও অনেক এবং স্থূল
২৪ হবে। তখন তোমার পশু মেলা মাঠে চরিবে ভূমিচষা
বলদ ও যুবা গর্দ্দভ কুলা ও চালুনির দ্বারাতে শোধা দানা
খাইতে পাইবে। যে মহাবধ হওয়া দিনে গড়ের পতন
২৫ সে দিনে প্রত্যেক উচ্চ পর্ব্বত এবং প্রত্যেক উচ্চ গিরিতে
বিভক্ত নদী এবং জলের স্রোত হবে। যে দিনে
২৬ যিহোবা আপন লোকেরদের ভগ্ন বান্ধিবেন এবং আপন
প্রহারকৃত ঘা সুস্থ করিবেন সে দিনে চন্দ্রের দীপ্তি
মধ্যাহ্ন কালীন সূর্য্যের দীপ্তির মত হবে এবং মধ্যাহ্ন
২৭ কালীন সূর্য্যের দীপ্তি সাতগুণ হইবে। দেখ যিহোবার
নাম দূরহইতে আসিতেছে তাঁহার ক্রোধ জ্বলিতেছে
শিখা মহাভারযুক্ত তাঁহার ওষ্ঠাধর ক্রোধে পূর্ণ তাঁহার
২৮ জিহ্বা সর্ব্বগ্রাসকারি অনল। তাঁহার আত্মা প্লাবনীয়
বন্যার মত সে গলার মধ্যপর্য্যন্ত হবে। তিনি অন্য
দেশীয় লোকেরদিগকে সর্ব্বনাশক কুলাতে পাছু
ড়িতে আসিতেছেন এবং লোকেরদের ভুলাবার নিমিত্ত
২৯ তাহারদের মুখে লাগাম হইবে। চেতি দেওয়ার
পর্ব্বের রাত্রির মত ও কেহ যেমন যিহোবার পর্ব্বতে
অর্থাৎ যিশ্রায়েলের পাষাণস্বরূপে যাওনের জন্যে বাঁশির
শব্দেতে গমন করে তেমন তোমরা অন্তঃকরণে আনন্দ
৩০ করিয়া গান করিবা। তদ্রূপকারী ক্রোধ এবং সর্ব্বনাশক
অগ্নি শিখা ও মহা ঝড় ও ঝঞ্ঝনীয় বৃষ্টি এবং শিলা

Digitized by Google

বৃদ্ধি করিয়া য়িহুহা আপন তেজস্বী রব শুনাইবেন
৩১ এবং আপনার হাতের নামনি দেখাইবেন। লাঠি
মারিতে উদ্যত অশোরীয় যে সে য়িহুহার রবেতে মারা
৩২ পড়িবে। এবং এমত হইবে যে শাস্তি করিবার দণ্ড
য়িহুহা তাহার উপর ভারী লাগাইবেন সে যখন কোন
খানে যাবে তখন তাহার সহিত তবল ও বীনা যাবে
এবং তিনি তাহারদের সহিত মহা যুদ্ধ করিবেন।
৩৩ কেননা মহা অগ্নি চিতা এবং বহু কাষ্ঠময় তোফত
পূর্ব্বকালাবধি নিরূপিত হইয়াছে সেই রাজার কারণও
প্রস্তুত হইয়াছে তিনি তাহা গভীর করিয়াছেন তিনি
তাহা বিস্তার করিয়াছেন য়িহুহার ফুক গন্ধকের
বেগের মত তাহা জ্বালাবে।—

পর্ব্ব ৩১ যাহারা উপকারের কারণ মিসরে যায় যাহারা
রক্ষের জন্যে অশ্বে বিশ্বাস করে যাহারা রথ
অনেক হওয়াতে রথে বিশ্বাস করে এবং অশ্বারূঢ়
কত বলবান হইয়াছে এই কারণ তাহারদিগেতে বিশ্বাস
করে কিন্তু য়িশরালের ধর্ম্মস্বরূপের প্রতি দৃষ্টি করে
না এবং য়িহুহার কাছে পরামর্শ লয় না। এমন
২ যে লোক তাহারদের সন্তাপ হবে। তিনি আপন
জ্ঞানের দ্বারা তাহারদের উপর দুর্দশা আনিবেন
এবং আপন কথা ছাড়িবেন না কিন্তু দুষ্ট লোকের
ঘের বাটীর ও কুক্রিয়াকর্ত্তারদের উপকারিরদের
৩ বিরুদ্ধে উঠিবেন। কেননা মিসরিরা মনুষ্য
ঈশ্বর নয় তাহারদের ঘোড়াও মাংসবিশিষ্ট
ও আত্মা নয় এবং য়িহুহা আপন হস্ত বিস্তার

Digitized by Google

করিবেন তখন উপকারক পড়িবে এবং উপকৃতকে
উল্টান যাইবে এবং সকলে একিবারে নষ্ট হইবে।
৪ কেননা য়িহুহা আমাকে এ কথা কহিয়াছেন যেমত
সিংহ অর্থাৎ যুবা সিংহ আপন শিকারের উপর
গর্জ্জে অনেক রাখাল এক কালীন তাহার বিরুদ্ধে
চীৎকার করিলেও তথাচ সে তাহারদের রবেতে
ভয়ান্ত হবে না ও তাহারদের কোলাহলেতে মৃদু
হইবে না সেমত সৈন্যের য়িহুহা সীয়ন পর্ব্বতে
এবং আপন গিরির কারণ যুদ্ধ করিতে নামিবেন।
৫ যেমন বাড়ি পক্ষিনিরা আপন২ ছারদের উপর বসে
তেমনি সৈন্যের য়িহুহা রক্ষা করিতে২ উদ্ধার করিতে২
অগ্রে২ লাফ দিতে২ এবং মুক্ত করিতে২ য়িরোশলম
৬ কে রক্ষা করিবেন। হে য়িশরালের সন্তানেরা যাহার
বিরুদ্ধে তোমরা এমত প্রবৃত্ত হইয়াছ তাঁহার পক্ষে ফির।
৭ অবশ্য তাহারা প্রত্যেক জন আপন হস্তকৃত রূপার
প্রতিমা এবং স্বর্ণের প্রতিমারূপ পাপ বস্তু সে দিনে অতি
৮ তুচ্ছ করিয়া ফেলিয়া দিবে। মানুষের তলোয়ার ব্যতি
রিক্ত তলোয়ারের কোপেও আশোরী পড়িবে মরণীয়
মানুষের তলোয়ার ব্যতিরিক্ত তলোয়ার তাহাকে খাইয়া
ফেলিবে তলোয়ারের মুখহইতে সে পলাইতে লাগিবে
এবং তাহার মনোনীত লোকেরদের নির্ভয় মন দুর্ব্বল
৯ হইবে এবং ভয়েতে আপন সে দৃঢ় গড় লঙ্ঘিবে
তাহার পলানেতে তাহার অধ্যক্ষেরা ভয়েতে আপন্ন
হবে। যাহার অগ্নি সীয়নে ও যাঁহার আখর য়িরোশ
লমে এমন যে য়িহুহা তিনি এ কথা কহেন।

Digitized by Google

পর্ব্ব দেখ এক জন রাজা যাথার্থ্যে কর্ত্তৃত্ব করিবেন এবং
৩২ অধ্যক্ষেরা প্রকৃততাতে শাসন করিবে। এবং যেমন
ঝড়ে আচ্ছাদন ও বন্যাতে যেমন আশ্রয় ও যেমন শুষ্ক
স্থানে সরোবর ও যেমন গ্রীষ্মেতে দুর্ব্বল কোন দেশে
মহা পর্ব্বতের ছায়া তেমনি এক জন মনুষ্য হইবে।
৩ এবং যাহারা দেখে তাহারদের চক্ষু তাঁহাকে মানিবে
৪ যাহারা শুনে তাহারদের কর্ণ অবধান করিবে। অবিবে
চক লোকেরদেরই অন্তঃকরণ ভাবিবে এবং জ্ঞান পাইবে
এবং তোতলা জিহ্বা ভাবনা ব্যতিরেকেও স্পষ্টরূপে
৫ কথা কহিবে। মূর্খ সম্ভ্রান্তরূপে আর খ্যাত হইবে
৬ না এবং কৃপণ দাতৃরূপে আর খ্যাত হবে না কেননা
ক্ষুধিতের প্রাণ শূন্য করণের ও তৃষিতের জল বারণ
করণের জন্য মূর্খ ব্যক্তি মূর্খতা প্রকাশ করিবে এবং
তাহার অন্তঃকরণ কাল্পনিকতা করিতেং এবং
ঈশ্বরের বিরুদ্ধে অপ্রকৃত কথা কহিতেং অযাথার্থ্য
৭ সৃষ্টি করিবে। যে জন কৃপণ তাহার হাতিয়ার মন্দ
সে জন নম্র লোকেরদিগকে মিথ্যা কথারূপ জালে
আটকাবার জন্যে এবং বিচারে গরিবের কথার অন্যথা
৮ করণের জন্যে মনেং হিংসা ঠাওরে। কিন্তু দাতা
যে জন সে দাতৃত্বরূপ ঠাওরিবে এবং আপন দাতৃত্ব
৯ সন্ধানেতে আপনিও স্থির হইবে। হে নিশ্চিন্ত
রূপে ওপবিষ্টা স্ত্রীলোক তোমরা ওঠ আমার কথা শুন
হে নিরাপদে নিবাসি কন্যারা তোমরা আমার বাক্যে
১০ অবধান কর। হে নিরুদ্বিগ্না স্ত্রীলোক তোমরা



Digitized by Google

বৎসরের ওপর আর২ বৎসর পর্য্যন্ত ব্যস্ত হইবা
কেননা দ্রাক্ষার ফসলের ত্রুটি আছে ফল পাড়ন কাল
১১ হবে না। হে অলস লোক তোমরা কম্প্রমান হও হে
নিশ্চিন্ত লোক তোমরা চিন্তান্বিত হও বাস্ত খোল গা
১২ আদুল কর। কোমরের ও বুকের ওপর চট পর সুন্দর
১৩ ক্ষেত্র এবং ফলবান দ্রাক্ষা লতার কারন ক্রন্দন কর।
আমার লোকের দেশের ওপর অর্থাৎ সর্ব্ব আনন্দ
করনের ঘর ও ওল্লাষ করনের সহরের ওপরে কাঁটা
১৪ এবং স্যাকুল বাড়িবে। কেননা আত্মা ওপরহইতে
১৫ আমারদের ওপরে যে পর্য্যন্ত ঢালা না যান এবং
অরন্য ফলবান ক্ষেত্র যে পর্য্যন্ত না হয় এবং ফলবান
ক্ষেত্র যে পর্য্যন্ত অরন্যরূপে মান্য না হয় সে পর্য্যন্ত
অট্টালিকা ছাড়ান যাবে ও নরপূর্ন সহর নরশূন্য
হইবে চিরকালে ওফেল এবং চৌকিশালা পশুর খাদ
ও বন গর্দ্ধভের আনন্দ ও পাল চরানের স্থান হইবে।
১৬ তৎকালে বিচার অরন্যে বাস করিবে ও ফলবান
১৭ ক্ষেত্রে ধর্ম্ম বসতি করিবে ও ধর্ম্মের কার্য্য শান্তি হইবে
ও ধর্ম্মের ফল নিত্য শমতা ও নিরাপদ হইবে ও
১৮ আমার লোকেরা নির্বিরোধি গৃহে এবং নিরাপদ
বসতিতে এবং ভয় শূন্য আশ্রয়ে বাস করিবে।
১৯ কিন্তু শীলা বৃষ্টি হবে ও কানন উৎপাটিত হইবে
২০ এবং সহরকে মাঠের সমান করান যাইবে। জলেতে
পূর্ন যে স্থান সে স্থানে বীজ বুন এবং বলদ ও গর্দ্ধ
৩৩ ভেরদের পা বাহিরে পাঠাও যে তোমরা তোমরা ধন্য।
আপনি নাশিত না হইয়াছ অথচ নাশক হইয়াছ

Digitized by Google

যে তুমি আপনি লুণ্ঠিত না হইয়াছ অথচ লুটিয়াছ
এমন যে তুমি তোমার সন্তাপ হবে তুমি নাশ করিতে
যখন ছাড়িবা তখন নষ্ট হইবা তুমি লুট করনেতে
যখন শান্ত হইবা তখন তাহারা তোমাকে লুটিবে। —
২ হে য়িহুহা আমারদিগকে কৃপা কর আমরা তোমার
শরণ লইয়াছি তুমি প্রতি প্রাতে আমারদের বল হও
বিষম সময়ে আমারদের রক্ষক হও। —
৩ তোমার ভয়ঙ্কর রবহইতে লোকেরা পলাইল তুমি
৪ আপনাকে উঠাইলে দেশীয়েরা ছিন্নভিন্ন হইল। কিন্তু
যেমন পঙ্গপাল ফড়িঙ্গ সঞ্চয় করে তেমনে তোমার
লুণ্ঠিত বস্তু সঞ্চিত হইবে যেমন কীট ইতস্ততো দৌড়ে
তেমনি তাহারা দৌড়িয়া তাহা ধরিবে। —
৫ য়িহুহা নামলুব্ধ আছেন তিনিই ঊর্দ্ধে বাস করেন
সীয়োনকে তিনি প্রকৃত কার্য্যেতে ও বিচারেতে পূর্ণ করি
৬ য়াছেন ও তোমার কালে স্থিরতা ও জ্ঞান ও বুদ্ধি ও নিত্যা
ত্রাণ অধিকার হইবে এবং য়িহুহার ভয় যে সে তোমার
ধন হইবে। —
৭ দেখ বলবান লোকেরা বড় হাহাকার করে মেলের
৮ নিমিত্তক দূতেরা বড় ক্রন্দন করে। পথ
সকল নরশূন্য হয় পথিক কেহ নাই। সে বন্দোবস্ত
ভাঙ্গিয়াছে সে দণ্ড নগর অগ্রাহ্য করিয়াছে সে
৯ মনুষ্যেরদিগকে কিছু আদর করে না। দেশ ক্রন্দন
করে সে দুর্ব্বল আছে লবানন লজ্জা পাইয়াছে সে
ম্লান হইয়াছে শারন বনের মত হইয়াছে বশন ও
কর্ম্মলের সৌন্দর্য্য হারান গিয়াছে। —

Digitized by Google

১০ যিহুহা কহেন এক্ষনে আমি উঠিব এক্ষনে আপ
১১ নাকে উপরে উঠাইব এক্ষনে নামলুব্ধ হইব তোমরা
ভুষিরূপ গর্ব্ভ ধরিবা তোমরা নাড়া প্রসব হইবা
এবং আমার আত্মা অগ্নির ন্যায় তোমারদিগকে
১২ নষ্ট করিবে এবং যেমত চুন পোড়া যায় ও যেমত
কণ্টক কাটা গিয়া অগ্নিতে দগ্ধ হয় সে মত লোকের
দিগকে পোড়ান যাইবে।—

১৩ হে দুরস্থ লোক তোমরা আমার কার্য্যের বিষয়
শুনহ হে নিকটস্থ লোক তোমরা আমার পরাক্রম
১৪ স্বীকার কর। সিয়োনস্থ পাপী লোকেরা ভয়েতে আহত
হইয়াছে কাল্পনিকেরদিগকে শঙ্কা ধরিয়াছে আমার
দের মধ্যে এ সর্ব্বনাশক অগ্নি সহিতে পারে কে?
আমারদের মধ্যে এ অনন্ত পোড়ান সহিতে পারে
কে?।—

১৫ যে জন শুদ্ধ ধর্ম্মাচরণ করে এবং প্রকৃত কথা কহে
যে জন অন্যায়েতে প্রাপ্ত লাভকে ঘৃনা করে যে জন
ঘুসহইতে হাত ঝাড়ে আইস আমরা খুন করি যে
জন এ রূপ কথা শুনিয়া শ্রবন বন্ধ করে ও দুষ্কর্ম্ম দর্শন
১৬ হইতে চক্ষু মুদে সে জনের বসতি ঊর্দ্ধস্থানে হইবে,
পাষানময় পর্ব্বতস্থ গড় তাহার আশ্রয় হইবে তাহার
ভক্ষ্য দিনেং দেওয়া যাইবে তাহার জল অপ্রাপ্য হইবে
১৭ না। তোমার চক্ষু সুসৌন্দর্য্যান্বিত রাজাকে দেখিবে
তোমার আপন দেশ অতি বিস্তীর্নরূপেও তোমার চক্ষু
১৮ দেখিবে তোমার অন্তঃকরন গত ভয়েতে চিন্তা করিবে
এখন মোহরির কোথায়? ও রাজস্ব তৌলকর্ত্তা

Digitized by Google

সে সে কোথায়? গড় গণন করিল যে সে কোথায়?।
১৯ তুমি সে মূর্খ লোকেরদিগকে আর দেখিবা না তুমি
যাহা শুনিতে না পার এমত গম্ভীর ভাষা এবং যাহা
বুঝিতে না পার এমত তোতলা জিহ্বাবিশিষ্ট লোকের
২০ দিগকে আর দেখিবা না। আমারদের বড় পর্ব্বযুক্ত
নগর যে সীয়োন তাহা তুমি দেখিতে পাইবা যাহার
কোন খুঁটি ওপড়ান যাইবে না এবং যাহার এক দড়ি
ছিড়া না যাইবে এমন যে শান্তিযুক্ত বসতি ও অলড়
২১ তাম্বু অর্থাৎ য়িরোশলম তাহাকে তুমি দেখিবা। কিন্তু
দাঁড়যুক্ত বড় নৌকাতে অতরণীয় ও মজবুত জাহাজে
তে অগম্য বহু স্রোতের মোহনা এবং প্রশস্ত নদীর
ন্যায় স্থানরূপে য়িহুহার মাহাত্ম্যময় নাম আমার
২২ দের কাছে হইবে। কেননা য়িহুহা আমারদের বিচার
কর্ত্তা য়িহুহা আমারদের ব্যবস্থাকর্ত্তা য়িহুহা আমার
দের রাজা তিনি আমারদিগকে উদ্ধার করিবেন।
২৩ তোমার পাল ঢিলা হইয়াছে তাহারা তাহা শক্ত
করিতে পারে না তোমার মাস্তুল শক্ত নাই তাহারা
ধ্বজা উঠাইতে পারে না তৎকালে লুটিত বড় বস্তু
২৪ বিভক্ত হইবে খোঁড়ারাই শিকার করিবে। আমি
পীড়িত আছি প্রজারা এ কথা আর বলিবে না তাহার
মধ্যনিবাসী লোকেরা আপনারদের অযথার্থ্যের শাস্তি
হইতে মুক্ত হইয়াছে।—

পর্ব্ব ৩৪ হে অন্যদেশীয়েরা নিকট আসিয়া অবধান কর হে
লোকেরা তোমরা আমার কথা পরিগ্রহ কর পৃথিবী
এবং তাহার পূর্ণতা জগৎ ও তাহার সকল উৎপন্নেরা

Digitized by Google

২ শ্রবন করুক। কেননা সকল দেশীয়রদের বিরুদ্ধে
য়িহুহার ক্রোধ. এবং সকল জাতির ওপর তাঁহার চণ্ড
কোপ পুজ্বলিত হইয়াছে তিনি তাহারদিগকে মানৎ
বস্তুরূপ করিয়াছেন তিনি তাহারদিগকে হত হবার
৩ জন্যে দিয়াছেন তাহারদের হত লোকেরা বাহিরে ফেলা
যাইবে এবং তাহারদের শবহইতে দুর্গন্ধ উদ্গত হইবে
৪ এবং পর্ব্বতেরা তাহারদের রক্তেতে গলিত হইবে।
এবং স্বর্গের সকল সৈন্য ক্ষীন হইবে ও স্বর্গ পত্রের
মত জোড়ান যাইবে ও যেমন দ্রাক্ষা লতাহইতে শুষ্ক
পত্র ও যেমন ডুম্বুর বৃক্ষহইতে শুষ্ক ফল পড়ে তেমনে
৫ তাহারদের সর্ব্ব সৈন্য মলীন হইবে। কেননা স্বর্গে
আমার তলোয়ার অদুনাকৃত আছে দেখ আমার
কর্তৃক সংহারের কারন মানৎ বস্তুরূপ হইয়াছে
৬ যে আদোম তাহার ওপরে সে পড়িবে। য়িহুহার
তলোয়ার রক্তেতে তৃপ্ত সে চরবিতে পরিতৃপ্ত আছে
ভেড়ারদের বাচ্চার এবং ছাগলেরদের রক্ত ভেড়ার
দের গলার চরবিতেই সে পরিতৃপ্ত হইয়াছে। কেননা
বস্‌রায় য়িহুহা যজ্ঞ করেন এবং আদোম দেশে
৭ মহা বধ হবে। তাহারদের সহিত বন ছাগল পড়িবে
এবং আঁড়িয়ারদের সহিত বলদেরা পড়িবে তাহার
দের দেশ রক্তেতে মত্ত হবে এবং ধুলা চরবিতে
৮ ধনবান হইবে। কেনন। এ য়িহুহার প্রতিফল
দেওয়ার দিন সীয়োনের মকদ্দমার প্রতিবাদির নিশা
৯ পাওয়া বৎসর এই। তাহার স্রোত জল ধুনা করা
যাবে তাহার ধুলাও গন্ধক হইয়া যাবে তাহার সমস্ত

Digitized by Google

১০ দেশ জ্বলন্ত ধূনা হইবে সে রাত্রিদিনে কখন নির্ব্বান
হইবে না তাহার ধূমা নিত্য উঠিবে সে সর্ব্ব পুরুষ
অনুক্রমে নিরাবাদ হইবে। সদাসর্ব্বক্ষন পর্য্যন্ত
১১ তাহা দিয়া কেহ যাবে না। কিন্তু পানিভেলা ও
সেজারু তাহাতে অধিকার পাইবে ভুতুম পেঁচা ও ডাল
কাক সেখানেও বাস করিবে তিনি তাহার উপরে
সর্ব্বনাশরূপ দড়ি ও তাহার পোতা মাঠের উপর
১২ শূন্যতারূপ শালসূতা টানিবেন। তাহারা আর সে
রাজ্যের সুখ্যাতি বলিবে না তাহার সকল অধ্যক্ষের
১৩ দের ঘোলয়ানা অভাব হবে। তাহার অট্টালিকায়
কাঁটা তাহার গড়েও বিচুটি ও স্যাকুল বৃদ্ধি পাইবে
এবং সে নাগেরদের বসতি হইবে এবং পেঁচা
১৪ পক্ষির রাজধানী হইবে। শৃগালেরা ও বনবিড়ালেরা
সেখানে দেখা দিবে। এবং হনুমান আপন
সখীর প্রতি ডাকিবে সেখানেও পেঁচারা থাকিবে
১৫ এবং আপনার আশ্রয় করিবে। সেখানে কিক্ষত
পক্ষী বাসা করিবে ও ডিম্ব পাড়িবে ও ফুটাইবে।
এবং আপনার ছায়ায় বাচ্চা একত্র করিবে সেখানে
ও শকুনিরা একং উন নিজ পুরুষের সহিত একত্র
১৬ হইবে। যিহুহার পথিতে বিচার করিয়া পাঠ কর
ইহারদের একও ভুলিবে না কোন কাহার সখার
অভাব হইবে না কেননা যিহুহার মুখ আজ্ঞা করিয়াছে
এবং তাঁহার আত্মা তাহারদিগকে একত্র করিয়াছেন
১৭ এবং তিনি তাহারদের কারণ গুলিবাঁট করিয়াছেন
তাঁহার হাত ও তাহারদের অংশ জরিব করিয়াছেন

Digitized by Google

তাহারা সে দেশ ভিন্ন অধিকারের কারন পাইবে তাহারা পুরুষ২ অনুক্রমে তাহাতে বাস করিবে।

পর্ব্ব ৩৫ অরন্য এবং শুস্কস্থান আনন্দিত হইবে ও বন হৃষ্ট হইয়া তেজস্বন্ত হইবে। সে গোলাবের মত সুন্দর রূপে বাড়িবে লবাননের তেজ ও করমল ও শারনের

২ সৌন্দর্য্য তাহার কাছে দেয়া যাবে। যিহুহ্বার তেজ অর্থাৎ আমারদের ঈশ্বরের ঐশ্বর্য্য ইহারা দেখিতে

৩ পাইবে। দুর্ব্বল হস্তকে বলবান কর এবং হাঁটুকে

৪ স্থির কর তোমরা বলবান হও ভয় করিও না তোমার দের ঈশ্বরকে দোষ প্রতিফল দেওয়ার অর্থাৎ ঈশ্বর কর্তৃক প্রতিফল দেওয়ার সময় হইবে তিনি আপনি আসিয়া তোমারদের উদ্ধার করিবেন ভীতান্তঃকরণের দিগকে এই কথা কহ। তখন অন্ধ লোকেরদের চক্ষু

৫ মেলান যাইবে এবং বধিরদের কর্ন খুলা যাবে

৬ তখন খোঁড়া হরিনের মত লাফ দিবে এবং গোঙ্গারদের জিহ্বা গান করিবে। কেননা বনে জল এবং অরন্যে বড় স্রোত বাহিরিবে এবং চকচকি বালি

৭ পুষ্করিনী হইয়া যাবে এবং তৃষিত ভুমি ফুটফুটা উনুই হবে এবং শাগের স্থানে ঘাস ও নল ও পাতি

৮ বাড়িবে। সেখানে বড় পথ হইবে এবং ধর্ম্মের পথ নামে খ্যাত হবে কেনন অশুচি লোক তাহা দিয়া যাবে না তিনি আপনি পথে যাইতে২ তাহারদের সঙ্গি হইবেন অজ্ঞান ব্যক্তিও তাহাতে ভুলিবে না

৯ কোন সিংহ সেখানে থাকিবে না এবং জন্তুরদের মধ্যেরকর্ত্তা সে স্থানে যাবে না এবং সেখানে ও পাওয়া

Digitized by Google

যাবে না কিন্তু মুক্ত লোকেরা তাহাতে গমন করিবে।
১০ য়িহোবার মুক্ত লোকেরা ফিরিবে তাহারা জয়ং ধ্বনি
করিতে২ সীয়োনে ওত্তরিবে তাহারদের মাথায় নিত্য
আহ্লাদরূপ মুকুট হইবে তাহারা আনন্দ এবং আহ্লাদ
পাইবে এবং শোক ও আর্ত্তস্বর পলাইবে।

পর্ব্ব ৩৬ যিজকীয়া রাজার চতুর্দ্দশ বৎসরে আশোরের
সনহেরিব রাজা যিহোদার প্রাচীরে বেড়া সকল নগরের
২ বিরুদ্ধে আসিয়া হস্তবশ করিল। তৎকালে আশোরের
রাজা অনেক সৈন্যের সহিত লাকিশ হইতে যিরো
শালমে যিজকীয়া রাজার কাছে রবশাকিকে পাঠাইল।
এবং সে ওত্তরিয়া ওদিগের পুষ্করিণীর মাথায় ধোবার
৩ ভূমিতে যাওন পথে দাঁড়াইল। সে কালে খিলকীয়ার
আলিয়াকিম নামে পুত্র রাজ বাটীর কর্ত্তা এবং শবনা
৪ অধ্যাপক এবং আসফের পুত্র য়োয়া দপ্তরি ইহারা
তাহার কাছে গেল। তখন রবশাকি তাহারদিগকে
কহিল তোমরা যিজকীয়াকে কহ মহারাজা অর্থাৎ
আশোরের রাজা এ কথা কহেন তুমি এ যে বিশ্বাস
৫ করিতেছ তাহার কারণ কি?। তুমি কহিয়াছ কিন্তু
সে অনর্থক কথা আমার রণ করণ পরামর্শ ও বল
প্রচুর আছে এখন দেখ তুমি কাহার উপর বিশ্বাস
৬ করিতেছ যে আমার কর্ত্তৃত্ব হেয়জ্ঞান কর?। তুমি এ
ভাঙ্গা নলে অর্থাৎ মিসরে অবশ্য বিশ্বাস করিতেছ
দেখ কেহ তাহার উপর ভর দিলে সে তাহার হাত
ফুড়িবে মিসরের ফারোয়া রাজা তাহার সকল

Digitized by Google

৭ শরণাগতেরদের প্রতি এই মত। কিন্তু আমরা
যিহুহা আমারদের ঈশ্বরে বিশ্বাস করি যদি তোমরা
আমাকে এ উত্তর দেও তবে যাহার উচ্চ স্থানে ও
বেদি যিহিষ্কীয় লড়াইয়া যিহোদারদিগকে ও যিরো
শালমস্থেরদিগকে কেবল এ বেদির নিকট ভজনা
করিতে আজ্ঞা যে দিয়াছে সেই কি সে নয়?।
৮ তোমরা আমার এ কথা গ্রহণ কর আমার প্রভু
আশোরের রাজার সহিত বন্দোবস্ত কর পরে যদি
তাহারদের সোয়ার দিতে পার তবে তোমাকে আমি
৯ দুই সহস্র অশ্ব দিব। তবে আমার প্রভুর অতি
নীচ সেনাপতিরদের মধ্যে যে জন তোমার সহিত
রণ করিতে আইসে তাহাকে কেমন করিয়া ফিরা
ইবা?। এবং মিসর তোমার কারণ রথ ও সোয়ার
যে যোগাইবে তুমি কি ইহাতে বিশ্বাস করিতেছ?
১০ আমিও কি যিহুহা ব্যতিরেকে এ দেশ নষ্ট করিতে
আসিয়াছি? যিহুহা আমাকে কহিয়াছেন তুমি
যাইয়া এ দেশ নষ্ট কর।
১১ তখন ইলিকিয় ও শবনা ও যোয়া রবশক্কাকে
বলিল আপনি অনুগ্রহ করিয়া সরীয় ভাষা আপন
কার দাসেরদিগকে কহন কেননা আমরা তাহা বুঝি
এবং দেয়ালের উপরিস্থ লোকেরদের শ্রবণে যিহোদীর
১২ দের ভাষা কহন না। কিন্তু রবশক্কা বলিল
আমার প্রভু কি কেবল তোমার মনিবকে ও তোমাকে
এ কথা কহিতে আমাকে পাঠাইয়াছেন? ও তোমার
দের সহিত যাহারদের ভক্ষ্য আপনং বিষ্ঠা ও যাহার

Digitized by Google

দের পেয় আপন২ মূত্র এমন যে দেয়ালের উপরিস্থ
১৩ লোক তাহারদের কাছে কি নয়? তৎপরে রবশকা
দাঁড়াইয়া য়িহোদীরদের ভাষায় উচ্চৈস্বরে কহিল
তোমরা মহারাজার অর্থাৎ আশোরের রাজার কথা
১৪ শুন। মহারাজা এ কথা কহেন যুজকীয়া
তোমারদিগকে প্রবঞ্চনা করিতে দিও না কেননা তোমার
দিগকে রক্ষা করিতে তাহার সাধ্য নাই। য়িহুহা
১৫ অবশ্য আমারদিগকে পরিত্রাণ করিবেন এ নগর
আশোরের রাজার অধিকার হবে না যুজকীয়া
এ কথা কহিয়া তোমারদিগকে য়িহুহায় বিশ্বাস
১৬ করিতে যেন না লওয়ায়। যুজকীয়ার এ কথা শুনিও
না কেননা আশোরের রাজা এ কথা কহেন আমার
সহিত ঐক্যবাক্য করিয়া আমার কাছে বাহির আইস
১৭ এবং আমি আসিয়া তোমারদের দেশের মত শস্য
ও দ্রাক্ষারস ও ভক্ষ্য ও দ্রাক্ষা ক্ষেত্রেতে পূর্ণ এক
দেশে তোমারদিগকে যে পর্য্যন্ত লইয়া না যাই সেই
পর্য্যন্ত প্রত্যেক জন আপন২ দ্রাক্ষা লতার ফল ও প্রতি
জন আপন২ ডুমুর বৃক্ষের ফল খাও এবং প্রত্যেক
১৮ জন আপন২ কূপের জল পান করিও। য়িহুহা আমার
দিগকে পরিত্রাণ করিবেন যুজকীয়া এ কথা কহনেতে
যেন তোমারদিগকে না ভাড়ায়। অন্য দেশীয়েরদের
দেবেরা আপন২ দেশ আশোরের রাজার হাতহইতে
১৯ কি রক্ষা করিয়াছে?। হামত ও আর্পদের দেবেরা
কোথায় ও শপর্বয়িমের দেবতারা কোথায়? তাহারা
কি শমরোণ আমার হাতহইতে রক্ষা করিয়াছে যে

য়িহুহা য়িরোশলমকে আমার হাতহইতে মুক্ত করি
২০ বেন? । কিন্তু লোকেরা চুপ করিয়া এক কথাও
প্রত্যুত্তর দিল না কেননা রাজার এ আজ্ঞা ছিল
২১ তাহাকে প্রত্যুত্তর দিও না। তখন খিলকিয়ার আলি
২২ কিম নামে পুত্র রাজ বাটীর কর্ত্তা ও শবনা অধ্যাপক
এবং আসফের পুত্র য়োয়া দপ্তরি ইহারা আপনং
বস্ত্র ছিড়িয়া য়িহুজকীয়ার নিকটে আইল এবং রাবশ
কার কথা নিবেদন করিল।

পর্ব্ব ৩৭ য়িহুজকীয়া রাজা তাহা শুনিয়া আপন বস্ত্র ছিড়িলেন
১ ও চট পরিলেন ও য়িহুহার ঘরে গেলেন। পরে
২ চটেতে পরিহিত আলিকিম রাজবাটীর কর্ত্তাকে ও শবনা
অধ্যাপককে এবং যাজকেরদের প্রাচীন লোকেরদিগকে
তিনি আমোসের পুত্র য়িশয়িহা ভবিষ্যদ্বক্তার নিকটে
৩ পাঠাইলেন। তাহারা তাহাকে বলিল য়িহুজকীয়া এ
কথা কহেন অদ্যকার দিবস ক্লেশ ও ইস্কান ও অপ
মানের দিবস কেননা বালকেরদের জন্মকাল আছে
৪ কিন্তু প্রসব করণের বল নাই। আহা জীবৎ ঈশ্বরকে
নিন্দা করণের জন্যে আপন প্রভুতে অথচ আশোরের
রাজাতে প্রেরিত যে রবশকা সে যে কথা কহিয়াছে যদি
তোমার ঈশ্বর য়িহুহা সে কথা শুনেন এবং যে কথা
য়িহুহা তোমার ঈশ্বর শুনিয়াছেন সে কথার উত্তর
যদি দেন। তুমি লোকেরদের মধ্যে অবশিষ্ট দরিদ্রের
৫ রদে কারন ও প্রার্থনা করিও। পরে য়িহুজকীয়া রাজার
৬ দাসেরা য়িশয়িহার নিকট উপস্থিত হইল। এবং য়িশ
য়িহা তাহারদিগকে বলিলেন তোমারদের প্রভুকে এ কথা

Digitized by Google

৭ কহ। যিশয়াহ এ কথা কহিলেন তুমি যাহা শুনিয়াছ
ও যাহাতে আশোরের রাজার দাসেরা আমার
পাষণ্ডতা করিয়াছে সে কথাতে ভীত হইও না। দেখ
আমি তাহার মধ্যে এক আত্মাকে প্রবিষ্ট করিব এবং
সে সমাচার শুনিয়া আপন দেশে ফিরিয়া যাইবে এবং
আপন দেশে তলোয়ারের কোপে হত করা যাইবে।
৮ তৎপরে রবশকা ফিরিয়া আশোরের রাজাকে লবনা
সৈন্যেতে বেষ্টিত করিতে দেখিল কেননা তাহার লাকিশ
৯ ছাড়নের সম্বাদ সে পাইয়াছিল। এবং যখন সে মি
রিব কুশ দেশের তহাকা রাজার বিষয়ে এ সম্বাদ
পাইল যে সে আপনকার সহিত রণ করিবার নিমিত্তে
আসিতেছে তখন সে পুনর্ব্বার হিজকীয়ার নিকটে
১০ দূতের দিগকে পাঠাইয়া বলিল। যিহোদার হিজকীয়া
রাজাকে এ কথা কহ তুমি যে ঈশ্বরে বিশ্বাস কর সে
ঈশ্বর যিরোশলম আশোরের রাজার হস্তগত হইবে
১১ না এ কথা কহাতে তোমাকে যেন না ভাড়ায়। আশো
রের রাজারা সকল দেশে যাহা২ করিয়াছেন তাঁহারা
সে সকল দেশের লোকেরা বিনাশ যে করিয়াছেন
ইহা তুমি অবশ্য শুনিতে পাইয়াছ তবে কি তুমি
১২ উদ্ধার পাবা?। আমার পিতৃলোকেরা যাহারদিগকে
বিনাশ করিল এমন যে গোজন ও হারন ও রেসফ ও
তলশর নিবাসীরা ও এদনের সন্তানেরা সে দেশস্থের
১৩ দেব দেবেরা কি তাহারদের উদ্ধার করিয়াছে?। হমা
তের ও অর্পদের রাজা কোথায়? এবং সপরোবি
মের ও হেনার ও ইবার রাজা কোথায়?।

১৪ যেজকীয়া সেই পত্র দূতেরদের হাতহইতে লইয়া পাঠ
করিলেন পরে যিহুহার মন্দিরে যাইয়া তাহা যিহুহার
১৫ সম্মুখে মেলাইলেন। পরে যেজকীয়া যিহুহার কাছে
১৬ এই কথা নিবেদন করিলেন। হে যিশরালের ঈশ্বর
সেনার ঈশ্বর করবীরদের মধ্যস্থলস্থ যিহুহা তুমি
তুমিই কেবল পৃথিবীর সকল দেশীয়েরদের ঈশ্বর তুমি
১৭ স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করিয়াছ। হে যিহুহা অবধান
করিয়া শুন হে যিহুহা আপন চক্ষু মেলিয়া দেখ সন্হে
রিব যে সকল কথা জীবৎ ঈশ্বরের অপমান করিবার
১৮ নিমিত্ত পাঠাইয়াছে তাহার সেই কথা শুন। হে যিহুহা
আশোরের রাজারা সমস্ত দেশীয়েরদের ও তাহারদের
১৯ দেশেরও নাশ করিয়াছে এবং তাহারদের প্রতিমার
দিগকে অগ্নিতে ফেলিয়াছে এই নিশ্চয় কেননা তাহারা
শিশুরদের বিষয়ে আমাকে জিজ্ঞাসা কর? এবং আমার
আপনার হস্তকৃত ক্রিয়ার বিষয়ে কি আমাকে আজ্ঞা
১২ দেও?। আমি পৃথিবীর সৃষ্টি করিয়াছি এবং তাহার
উপরিস্থ মনুষ্যেরদিগকে নির্ম্মান করিয়াছি আমার হস্ত
স্বর্গ সকলকে বিস্তীর্ন করিয়াছে তাহারদের সকল
১৩ সৈন্যেরদিগকে আমি আজ্ঞাও দিয়াছি। আমি তাহাকে
ধর্ম্মে উৎপন্ন করিয়াছি ও তাহার সকল গমন সোজা
করিব তিনি আমার নগর গাঁথিবেন এবং আমার
বিদেশে বদ্ধ লোকেরদিগকে তিনি মুক্ত করিবেন
কিন্তু তঙ্কার কারন নয় উপঢৌকনের কারনও নয়।
সৈন্যের ঈশ্বর য়িহুহা এ কথা কহেন।

১৪ য়িহুহা এ কথা কহেন মিসরের ধন ও কূশের সম্পত্তি
ও দীর্ঘশরিরর শাবীয় লোকেরা তোমার নিকটে আসিবে
ও তোমার হইবে তাহারা তোমার পশ্চাতে যাইবে
তাহারা জিঞ্জিরে বদ্ধ হইয়া গতি করিবে তাহারা
তোমার নিকটে প্রনাম করিবে ও কেবল তোমার মধ্যে
পরমেশ্বর যে আছেন এবং তাঁহাবই আর ঈশ্বর যে
নয় এ কথা কহত বিনয় বচনে তোমার কাছে নিবেদন
১৫ করিবে। হে য়িশরালের ঈশ্বর মুক্তিদ তুমি অবর্ণ্য
পরামর্শ গোপনকারী প্রভু।—

১৬ তাহার যত বৈরি ইহারা সকলে চমৎকৃত আছে
প্রতিমা নির্ম্মান কর্ত্তারদিগকে এককালীন লজ্জান্বিত
১৭ হইয়া স্থানান্তরেও আছে। কিন্তু য়িশরাল অনন্ত

Digitized by Google

যেহেতুতে য়িহুহায় মুক্ত হইবে অনন্তকালে তোমরা
লজ্জিত হইবা না ও লজ্জাতে বিবর্ণ হইবা না। —
১৮ কেননা স্বর্গের সৃষ্টিকর্ত্তা য়িহুহা যিনি তিনি এ
কথা কহেন পৃথিবীর সৃষ্টি ও নির্ম্মাণকারী যিনি তিনি
ঈশ্বর তিনি তাহা স্থির করিয়াছেন তিনি তাহা বৃথা
সৃষ্টি করিলেন না তাহাতে বসতি হয় এই নিমিত্ত
১৯ তিনি তাহার সৃষ্টি করিলেন। আমি য়িহুহা আমা
ব্যতিরেক আর কেহ নাই। আমি নিভৃতিতে ও পৃথি
বীর অন্ধকার স্থানে কহি নাই তোমরা আমাকে
বৃথা চেষ্টা কর এই কথা আমি যাকুবের সন্তানের
দিগকে কহি নাই আমি সত্যবাদী সরলোত্তরকারী
য়িহুহা। —
২০ তোমরা একত্র আইস হে অন্যদেশীয়েরদের হাত
হইতে বাঁচিয়াছ যে তোমরা একত্র হও। যাহারা
আপন হস্তেতে চাঁচা কাষ্ঠ বহিয়া বেড়ায় যাহারা
উদ্ধার করিতে অশক্ত ঠাকুরের কাছে প্রার্থনা করে
২১ তাহারা কিছুই জানে না। সর্ব্বত্র ঢেঁড়ি দিয়া
তাহারদিগকে নিকটে আনিও তাহারা পরামর্শ করুক
যিনি অতি পূর্ব্বকালাবধি ইহা জানাইলেন ও প্রথমাবধি
প্রকাশ করিলেন তিনি কে? যাহাব্যতিরেক আর
কোন ঈশ্বর নাই সত্যবাদী ও মুক্তিদায়ী প্রভু য়িহুহা
যে আমি সে কি আমি নয়ি? আমাবই আরও
২২ কেহ নাই। হে পৃথিবীর অন্তভাগস্থ লোকেরা আমার
প্রতি দৃষ্টি করিয়া উদ্ধৃত হও কেননা আমি পরমেশ্বর
২৩ আমা ব্যতিরেক আর কেহ নাই। আমি আপন নাম

Digitized by Google

লইয়া দিব্বিব করিয়াছি এ সত্য অযোগ্য বাক্যই আমার
মুখহইতে নির্গত হইয়াছে অবশ্য প্রত্তি হাঁটু অ মার
২৪ কাছে গাড়ান যাইবে এবং- যুক্তিকরনেরও পরাক্রমের
প্রশংসা কেবল য়িহুহার এ কথা কহিয়া প্রত্তি জিহ্বা
২৫ আমার ওদ্দেশে কিরা করিবে। যত লোক তাঁহার
বিরুদ্ধে বেজার হইয়াছিল তাহারা লজ্জিত হইবে তাহারা
তাঁহার কাছেও আসিবে। য়িশরালের সকল বংশ
য়িহুহাতে নির্দ্দোষীকৃত হইবে ও দর্প কথা কহিব।—

পর্ব্ব বেল হেঁট হইয়াছে নবো ভাগা গিয়াছে তাহারদের
৪৬ ঠাকুরেরদিগকে জন্তুরদের ও পশুরদের ওপরে থোয়ান
গিয়াছে তাহারদের অতিবাদ বোজা হইয়াছে ক্লান্ত
২ পশুরদের দুঃখদায়ক ও ভার। তাহারা বসিল তাহারা
একত্র হেঁট হইয়া পড়িল তাহারা আপনারদের বোজা
রক্ষা করিতে পারিল না তাহারা আপনারাই বন্ধনেতে
আকর্ষিত হইয়া অন্যদেশে বাস করিবার নিমিত্ত
যাইতেছে।—

৩ হে যাঁকুবের বংশ হে য়িশরাল বংশের যে লোক
অবশিষ্ট আছ হে জন্মকালাবধি আমা কর্ত্তৃক বাহিত
হইয়াছ ও গর্ব্ভস্থ কালাবধি বাহিত ছিলা যে তোমরা
৪ আমার কথা শুন। তোমারদের বৃদ্ধাবস্থা পর্য্যন্ত আমি
সেই মত তোমারদের পাকাচুল কাল পর্য্যন্ত আমি তো
মারদিগকে বহিব আমি তোমারদিগকে সৃষ্টি করি
য়াছি এবং- শুনিব এবং- বহিব এবং- পরিত্রান করিব।
৫ হে থৈলাহইতে স্বর্ন চালিয়া দেও এবং তরাজুতে রূপা
তৌল কর যে তোমরা তোমরা কাহার সদৃশ ও কাহার

Digitized by Google

সমান আমাকে করিবা? এবং আমরা পরস্পর সদৃশ
৬ হই এই জন্যে কি উপমাতে আমাকে করিবা? তাহারা
স্বর্ণকারকে বেতন দেয় তাহাতে সে তাহা এক
প্রতিমা করে তাহারা তাহার ভজনা করে তাহারা
৭ তাহার সম্মুখেই অষ্টাঙ্গ প্রণাম করে। তাহারা
তাহাকে স্কন্ধ করিয়া বহে তাহারা তাহাকে বহিয়া
বেড়ায় তাহারা তাহাকে স্বস্থানে রাখিলে সে দাঁড়ায়
সে আপন স্থানহইতে নড়ে না যে জন তাহার
কাছে প্রার্থনা করে তাহাকে সে উত্তর দেয় না এবং
তাহার দুঃখহইতে তাহাকে উদ্ধারও করে না।
৮ হে ঈশ্বরত্যাগিরা ইহা মনে কর ও আপনারদিগকে
মনুষ্যের মত প্রকাশ কর তোমরা ইহাতে চিন্তা
৯ কর। পূর্ব্বকালের যে কার্য্য তাহা মনে কর অবশ্য
আমি ঈশ্বর এবং আমাবই আর কেহ নাই আমিই
১০ পরমেশ্বর আর কোন বস্তু আমার তুল্য নয়। আরম্ভ
কালাবধি শেষকাল পর্য্যন্ত প্রকাশকারী এবং অতি
পূর্ব্বকালাবধি যাহা এখন বর্ত্তমান নয় তাহার প্রকাশ
কারী আমার যুক্তি স্থির হইবে এবং যাহা ইচ্ছা
১১ করিয়াছি তাহা করিব এ বচনবাদী ও পূর্ব্বদিগ
হইতে নশর পক্ষী এবং অতিদূর দেশহইতে আমার
নিয়মিত মানুষকে আহ্বানকারী যে আমি আমি যেমন
কহিয়াছি তেমনি করিব আমি যাহা নিয়ম করি
১২ য়াছি সে কার্য্য অবশ্য পূর্ণ করিব। হে কঠিনান্তঃ
করণেরা এবং উদ্ধারহইতে দূরস্থেরা তোমরা আমার
১৩ কথা শুন। আমি আপন অঙ্গীকৃত পরিত্রাণ নিকটে

Digitized by Google

আনি তাহা দূরে থাকিবে না এবং আমার মুক্তিকরা
বিলম্ব হইবে না আমি সীয়নে মোক্ষও দিব আমার
তেজও য়িশরালে দিব।

পর্ব্ব ৪৭

হে বাবেলের আইবড় কন্যা তুমি নামিয়া ধুলায়
বস হে কাশিদীয়েরদের কন্যা তুমি সিংহাসন বিনা
মৃত্তিকায় বস কেননা তোমার নাম কোমল ও নরম
২ আর কহা যাইবে না। জাঁতা ধর দানা পিশ
কেশ মুক্ত কর ফুরফুরা চুল দেখাও পা শূন্য কর
নদির [illegible] খুলিয়া হাঁট তোমার ওলঙ্গতা প্রকাশ করা
৩ যাবে তোমার লজ্জাও প্রকাশ করা যাবে। আমি
সম্পূর্ণ প্রতিফল দিব এবং কোন মানুষকে আমার কাছে
তোমার তরে প্রার্থনা করিতে দিব না?।
৪ সৈন্যের যিহুহা আমারদের হিংসকেরদের প্রতি
হিংসক আছেন য়িশরালের ধর্ম্মস্বরূপ তাঁহার নাম।
৫ হে কাশিদীয়েরদের কন্যা তুমি চুপ করিয়া বস তুমি
অন্ধকারে যাও কেননা রাজ্যের ঠাকুরানী নামেতে
৬ তুমি আর খ্যাত হইবা না। আমি আপন
লোকেরদের ওপরে ক্রুদ্ধ হইয়াছিলাম আমি
আপন অধিকার সামান্যরূপে করিলাম এবং তাহার
দিগকে তোমার হস্তে দেওয়াইলাম তুমি কিছু দয়া
তাহারদের ওপর করিলা না তুমি আপন যোঁয়ালের
৭ ভার বৃদ্ধ লোকেরদের ওপর অতিশয় দিয়াছ। এবং
তুমি বলিয়াছ আমি সর্ব্বক্ষণে ঠাকুরানী হইব কেননা
এই সকল তুমি ভালও ঠাওরাও নাই শেষে তোমাকে
৮ যেং ঘটিবে তাহা তুমি কিছু চিন্তা কর নাই। কিন্তু

Digitized by Google

হে নিরাপদস্থল নিবাসিনী সুখভোগিনী অথচ আমিই আছি ও আমাবই আর কেহ নাই আমাকে বিধবার মত বসিতে হইবে না আমি পুত্রশুরদের অভাব
৯ জানিতে পাইব না অন্তঃকরনে এমন কথাবাদিনী যে তুমি এ কথা শুন তোমার অনেক মন্ত্রনা এবং তোমার গুনি কার্য্যের বল হইলে ও তথাচ হত বংশতা ও বৈধব্য এ দুই আপদ এক নিমেষে তোমাকে ঘটিবে সে সত্বরই তোমার ওপর আসিবে।
১০ তুমি আপনার দুষ্টতার ওপর বিশ্বাস করিয়া কেহ আমাকে দেখে না এই কথা কহিয়াছ তোমার জ্ঞান ও তোমার বুদ্ধি তোমার মনকে ফিরাইয়াছে তাহাতে তুমি অন্তঃকরনে কহিয়াছ আমিই আছি এবং আমা
১১ বই আর কেহ নাই সেকারন যে দুঃখ তুমি বারন করিতে জানিবা না সে দুঃখ তোমাকে ঘটিবে এবং যে দুর্ভাগ্যের প্রায়শ্চিত্ত তুমি করিতে পারিবা না সে দুর্ভাগ্য তোমাকে ঘটিবে এবং যে বিনাশ তুমি কিছু টাওরাইতে পারিবা না সে বিনাশ তোমার ওপর সত্বর
১২ আসিবে। এখন যদি তোমার কিছু ওপকার হইতে পারিবে যদি তাহাতে কিছু বল হইতে পারিবে তবে তোমার মন্ত্রতন্ত্র ও যে গুনিক্রিয়াতে যুবাকালাবধি তুমি ব্যাপার করিয়াছ তাহাতে তুমি প্রবৃত্ত হও।
১৩ আপন অনেকং পরামর্শে তুমি পরিক্লান্ত হইয়াছ এক্ষনে তোমার জ্যোতিস্তজ্ঞ ও নক্ষত্রদর্শক ও প্রতি অমাবস্যায় তোমার যেং ঘটনা হইবে ইহা যাহারা দেখায় তাহারা দাঁড়াইয়া তোমাকে ওদ্ধার করুক।

Digitized by Google

১৪ দেখ তাহারা নাড়ার মত হবে অগ্নি তাহার
দিগকে পোড়াইবে তাহারা শিখার বলহইতে আপ
নারদের প্রাণ রক্ষা করিতে পারিবে না তাহারদের
সরাশিক্ষ কাষ্ঠ গরম করিবার ও অগ্নি পোহাবার
১৫ জন্য এক অঙ্গারাও থাকিবে না। যে সকল
ঘাত্রিদের সহিত তুমি যুবাকালাবধি পরামর্শ করাতে
শ্রম করিয়াছ তাহারা তোমার এমন উপকারী হবে
তাহারা প্রতি জন আপন কার্য্যে ফিরিবে কেহ
তোমাকে পরিত্রাণ করিবে না।

পর্ব্ব হে যাঁকুবের বংশ হে যিশরাল নামেতে খ্যাত
৪৮ যুহোদ্দাকপ উৎসইহইতে বহিয়াছ যিহূহার নাম লইয়া
কিরা কর ও যিশরালের ঈশ্বরকে প্রকাশরূপে স্বীকার
২ কর কিন্তু সরলতাতে নয় সত্যতাতে নয় পবিত্র
সহর নামেতে খ্যাত এবং সৈন্যের যিহূহা
নামে যিশরালের ঈশ্বরকে আপনারদের ধারণকর্ত্তা
৩ বলিয়া মান এমন যে তোমরা এ কথা শুনহ। আমি
পৃথমাবধি পূর্ব্বকালের বিষয় তোমারদিগকে দেখাই
য়াছি সে বিষয় আমার মুখহইতে নির্গত হইল এবং
আমি তাহা প্রকাশ করিলাম আমি তাহা অকস্মাতে
৪ করিলে সে উপস্থিত হইল। তুমি একগুঁয়া লোক
এবং তোমার গলা লোহার রগ ও তোমার কপাল
পিত্তল ইহা আমি জানিলাম অতএব আমি পৃথমাবধি
৫ তোমাকে তাহা দেখাইলাম। আমার ঠাকুর তাহা
করিয়াছেন এবং আমার খোদিত ও ছাঁচয়া
প্রতিমা তাহার আজ্ঞা করিয়াছেন তুমি এই কথা যে

Digitized by Google

না কহ এই কারন প্রথমাবধি ওপস্থিত হওয়ার পূর্ব্বেই
৬ আমি তাহা তোমাকে দেখাইলাম। তুমি তাহা
পূর্ব্বেই শুনিতে পাইয়াছ। দেখ সে সকলি প্রত্যক্ষ
হইয়াছে তবে তোমরা প্রকাশরূপে কি স্বীকার করিবা
না? এ কালাবধি আমি এ পর্য্যন্ত অপ্রকাশ এবং
তোমার জ্ঞানের বহির্ভূত নূতন বিষয় তোমাকে
৭ শুনাইব। দেখ আমি সে সকল জানিয়াছি তুমি পাছে
এ কথা কহ তাহার ওদ্ভব এক্ষনে হইয়াছে এবং
পূর্ব্বকালে ছিল না এবং আজিকার পূর্ব্বে তুমি তাহা
৮ শুনিতে পাও নাই। তুমি তাহা শুনিতে পাও নাই এবং
জানিতেও পাও নাই তোমার কর্ন তাহা গ্রহণের
জন্যে প্রথমাবধি খোলা ছিল না কেননা তুমি যে
অবশ্য বিশ্বাস ঘাতক এবং জন্মকালাবধি তোমার নাম
৯ ঈশ্বরত্যাগি যে হইল ইহা আমি জানিলাম। আমি
তোমাকে ঘোলোয়ানা ওচ্ছন্ন না করি এই জন্যে আপ
নার নামের নিমিত্তে আমি আপন ক্রোধ বিলম্ব করিব
এবং আপনার স্তবের নিমিত্তেও আমি তাহা তোমার
১০ ওপরে পশ্চাহইতে বদ্ধ করিব। দেখ অগ্নিতে আমি
তোমাকে পরিষ্কৃত করিয়াছি কিন্তু রূপার মত নয় আমি
১১ দুঃখরূপ আগুনেতে তোমার পরীক্ষা করিয়াছি। আমি
আপনার জন্যে তাহা করিব কেননা আমার নাম
কেমনে পাষণ্ড করা যাইবে আমার মাহাত্ম্য আমি
১২ অন্য কাহাকেও দিব না। হে আমার দাস যাকুব
ও আমার আহূত য়িশরাল তুমি আমার কথা শ্রবণ
কর আমি তিনি আমিই প্রথম ও আমি শেষ

১৩ আমার হাত পৃথিবীর ভিত করিয়াছে এবং আমার
দক্ষিণ হস্ত স্বর্গেরদিগকে বিগতে মাপিয়াছে আমি
তাহারদিগকে তলব করি তাহারা সকলে হাজির হয় ।
১৪ তোমরা সকল একত্র হইয়া শুনহ এ প্রসঙ্গ পূর্ব্বে
প্রচার যে করিয়াছে তোমারদের মধ্যে এমন কে
আছে ? য়িহুহা যাহাকে প্রেম করিয়াছেন সে বাবে
১৫ লের ওপরে তাঁহার মনস্থ ক্রিয়া ও কাল্দীয় লোকের
দের ওপরে তাঁহার পরাক্রম প্রত্যক্ষ করিবে । আমি
আমিই কহিয়াছি এবং আমি তাহাকে ডাকিয়াছি
আমি তাহাকে আনিয়াছি তাহার পথেও মঙ্গল
১৬ হইবে । আমার নিকটে আসিয়া ইহা শুন আরম্ভ
কালাবধি আমি গুপ্তে কহি নাই তাহার ওদ্ভব হওয়ার
আরম্ভের পূর্ব্বে আমি তাহা নিয়ম করিয়াছিলাম
এবং এখন পরমেশ্বর য়িহুহা আমাকে ও আপন
আত্মাকে পাঠাইয়াছেন ।—
১৭ য়িহুহা তোমার মুক্তিদ য়িশরালের ধর্ম্মস্বরূপ এ
কথা কহেন তোমার প্রাপ্তি যাহাতে হয় ইহা শিক্ষা
করান ও তোমার গন্তব্য পথে তোমাকে গমন করান
১৮ যে তোমার প্রভু য়িহুহা তিনি আমি । তুমি যদি আমার
আজ্ঞা মানিতা তবে তোমার সম্পত্তির বৃদ্ধি নদীর ন্যায়
হইত এবং তোমার যাথার্থ্য সমুদ্রের জলের মত
১৯ হইত তোমার সন্তানেরা বালির মত হইত ও তোমার
ওদরোৎপন্ন তাহার ওদরোৎপন্নের ন্যায় হইত
তোমার নাম ওচ্ছিন্নও হইত না এবং আমার সম্মুখ
হইতে তাহাও নষ্ট হইত না ।—

Digitized by Google

২০ বাবেলহইতে নির্গত হও আনন্দ শব্দ করিতেং কাশি
দীয়েরদের দেশহইতে পলাও যিহুহা আপন ঠাকুর
২১ নাম দাসকে মুক্ত করিয়াছেন তোমরা ইহা কহ ইহা
প্রকাশ কর ইহা শুনাও ইহা পৃথিবীর সীমাপর্য্যন্ত
প্রচার কর যে বনে তিনি তাহারদিগকে গমন করাই
লেন সে বনে তাহারা তৃষিত ছিল না তিনি পর্ব্বত
হইতে তাহারদের জন্য জল বাহির করিলেন তিনি
পাষান ফাটাইলে জল হুহু করিয়া বাহির হইল।
২২ যিহুহা কহেন যে দুষ্টেরদের কিছু মঙ্গল নয়।—

পর্ব্ব হে দূর দেশেরা এবং হে লোকেরা তোমরা দূর
৪৯ থাকিয়া আমার কথায় অবধান কর। গর্ব্ভস্থ হওয়া
অবধি যিহুহা আমাকে ডাকিয়াছেন আমার মাতৃ
গর্ব্ভস্থিতিকালাবধি তিনি আমার নাম কহিয়াছেন
২ তিনি আমার মুখও তীক্ষ্ণ তলোয়াররূপে করিয়াছেন
তিনি আপন হস্তের ছায়ায় আমাকে লুকাইয়াছেন
তিনি আমাকে চকচকা বানরূপে করিয়াছেন তিনি
৩ আপন তরকষের মধ্যে আমাকে থুইয়াছেন। তিনি
আমাকে কহিয়াছেন হে যিশরাল যাহার কর্ত্তৃক আমার
স্তব প্রকাশ হইবে এমন যে আমার দাস সে তুমি।
৪ কিন্তু আমি কহিয়াছি আমি বৃথা শ্রম করিয়াছি
আমি নিরর্থক এবং অকারন বল ব্যয় করিয়াছি কিন্তু
আমার মামলাও যিহুহার কাছে এবং আমার ক্রিয়ার
৫ ফল আমার ঈশ্বরের সহিত আছে। ঠাকুরকে আপন
কাছে পুনর্ব্বার আনিবার কারন এবং যিশরালকে
আপন নিকটে একত্র করিবার কারন আমি যে তাহার

Digitized by Google

সেবক হই এই নিমিত্ত আমি যাহাতে য়িহ্বহার দৃষ্টিতে
আদৃত এবং আমার ঈশ্বর আমার সামর্থ্য আছেন
তেমনে আমাকে গর্ব্ভস্থকালাবধি নির্ম্মান করিলেন যে
৬ য়িহ্বহা তিনি এ কথা কহেন যাঁকুবের কলম বাড়াইতে
এবং য়িশরালের ডাল পুনর্ব্বার তাজা করিতে যে তুমি
আমার সেবক হও এ তোমার ক্ষুদ্র বিষয় তুমি পৃথি
বীর সীমা পর্য্যন্ত আমাকর্ত্তৃক ত্রানরূপ বস্তু যে হও
এই জন্যে অন্যদেশীয়েরদের আলোস্বরূপে আমি
তোমাকে পদার্পিতও করিব।—
৭ তুচ্ছমূর্ত্তি ও অন্যদেশীয়েরদের দূষিত ও অধ্যক্ষের
দের বশীভূত যে আপন ধর্ম্মস্বরূপ তাঁহাকে য়িশরা
লের মুক্তিদ য়িহ্বহা এ কথা কহেন রাজারা তাহাকে
দেখিয়া উঠিবে অধ্যক্ষেরা তাহাকে দেখিয়া বিশ্বাস্য
য়িহ্বহার ও য়িশরালের ধর্ম্মস্বরূপের জন্যে তাহার
পূজা করিবে কেননা তিনি তোমাকে পসন্দ করিয়া
ছেন।—
৮ য়িহ্বহা এ কথা কহেন আমি গ্রহনীয় কালে
তোমার কথা শুনিয়াছি এবং ত্রানের দিনে তোমার
উপকার করিয়াছি তোমরা বাহিরে যাও এই কথা
বন্দুয়ানেরদিগকে কহিয়া এবং তোমরা প্রকাশিত
হও এই কথা অন্ধকারস্থিতেরদিগকে কহিয়া আমি
দেশের পুন মঙ্গল করিতে এবং নিরালয় স্থান অধিকৃত
করিতে তোমাকে রক্ষা করিব এবং লোকেরদের
৯ বন্দোবস্তের কারন দিব। তাহারা পথের নিকটে চরিবে
১০ এবং উচ্চস্থানে তাহারদের চরান স্থান হইবে। তাহারা

Digitized by Google

ক্ষুধিত হইবে না ও তৃষিত হইবে না গ্রীষ্ম কিম্বা
রৌদ্রও, তাহারদিগকে মারিবে না কেননা যিনি
তাহারদিগকে দয়া করেন তিনি তাহারদিগকে পথ
দেখাইবেন এবং স্বচ্ছ করিয়া বহায় এমন জল ঊনইর
১১ নিকট তাহারদিগকে লইয়া যাবেন। আমার সকল
পর্ব্বতে আমি সমান পথ করিব আমার রাজ পথও
১২ ঊচ্চা করান যাইবে। দেখ ইহারা দূরহইতে এবং
দেখ ইহারা ঊত্তর ও পশ্চিমদিগহইতে এবং ইহারা
সীনিম দেশহইতেও আসিবে।—
১৩ হে স্বর্গেরা তোমরা নাদ করিয়া গান কর হে
পৃথিবী তুমি আনন্দ কর হে পর্ব্বতেরা তোমরা এক
কালে গীত গাও কেননা য়িহুহ্বা আপন লোকের
দিগকে সান্ত্বনা করিয়াছেন এবং আপন দুঃখি
লোকেরদের ঊপর দয়া করিবেন।—
১৪ কিন্তু সীয়োন কহিতেছে য়িহুহ্বা আমাকে ত্যাগ
করিয়াছেন আমার পরমেশ্বর আমাকে বিস্মৃতও
১৫ হইয়াছেন। স্ত্রীলোক আপন গর্ব্ভজাত পুত্রকে
যাহাতে কিছু স্নেহ না করে এমন আপন স্তন্যপায়ী
বালককে কি বিস্মৃতা হইতে পারিবে? ইহারা বিস্মৃতা
হইতে পারিবে বটে কিন্তু তোমাকে আমি বিস্মৃত
১৬ হইব না। দেখ আমি আপন হাতের তালুয়ায়
তোমার আকার খুদিয়াছি তোমার প্রাচীর নিত্য
১৭ আমার দৃষ্টিতে থাকে। যাহারা তোমাকে নষ্ট করিল
তাহারা কিঞ্চিৎ কাল পরে তোমার গৃহকারী হইবে
এবং যাহারা তোমাকে শূন্য করিল তাহারা তোমার

Digitized by Google

১৮ সন্তান হইবে। তোমার চক্ষু ঊর্দ্ধ করিয়া চতুর্দ্দিগে
দেখ এই সকল একত্র হইয়া তোমার স্থানে আসিতেছে
যিহুহা বলেন আমি যদি জীবৎ থাকি তবে তুমি যেমন
সুন্দর বস্ত্রেতে তেমনে তাহারদিগেতে আপনাকে
ভূষিত করিবা এবং যেমন কন্যা আপন অলঙ্কার
পরে তেমনে তাহারদিগকে আপন গায়ে বাঁধিবা।
১৯ কেননা তোমার পতিত ও নিরাবাদ স্থান এবং
তোমার নরশূন্য দেশ প্রজাতে ঘনবসতি হইবে এবং
যাহারা তোমাকে খাইয়া ফেলিল তাহারা বড় দূর
২০ চালিত হইবে। তোমার যে পুত্রেরদিগকে হরন করা
গিয়াছে তাহারা এ স্থান আমার কারন বড় আঁটা
আছে আমার বাস করিবার নিমিত্ত স্থান দেও
২১ এই কথা তোমার শুবনে কহিবে। এবং তুমি অন্তঃ
করনে বলিবা আমার এ সকলকে জন্মাইয়াছে কে?
আমি সন্তানহীন ও একাকিনী ও দেশত্যক্তা ও চঞ্চল
রূপিনী ছিলাম ইহারদিগকে প্রতিপালন করিয়াছে
কে? দেখ আমি ত্যক্তা ও একাকিনী ছিলাম ইহারা সে
কালে কোথায় ছিল?।—

২২ য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন দেখ আমি অন্য
দেশীয়েরদের প্রতি হাত ওঠাইব এবং লোকেরদের
প্রতি আপন ধ্বজা ওঠাইব তাহারা বক্ষস্থলে করিয়া
তোমার পুত্রেরদিগকে আনিবে ও তোমার কন্যারা
২৩ স্কন্ধে হইয়া বাহিত হইবে। রাজারা তোমার প্রতি
পালক পিতা হইবে এবং তাহারদের রানীরা তোমার
প্রতিপালিকা মাতা হবে তাহারা ভূমিরদিগে মুখ

Digitized by Google

হেঁট করিয়া তোমার স্থানে প্রণাম করিবে এবং
তোমার পায়ের ধূলা চাটিবে এবং আমি যে যিহুহা
ইহা এবং যাহারা তাঁহার ওপর বিশ্বাস করে তাহারা
লজ্জিত যে হইবে না ইহাও তুমি জানিবা। —
২৪ বলবানহইতে লুট কি কাড়িয়া লওয়া যাইবে এবং
ভয়ঙ্করেতে ধৃত শিকার কি খালাস করা যাইবে ?।
২৫ যিহুহা এ কথা কহেন পরাক্রান্তেরদিগের শিকার ফের
ধরা যাইবে এবং ভয়ঙ্করেতে ধৃত লুট যে সে খালাস
করা যাইবে কেননা যাহারা তোমার সহিত যুদ্ধ করে
তাহারদের সহিত আমি যুদ্ধ করিব এবং তোমার
২৬ শিশুরদিগকে মুক্ত করিব। এবং তোমার অন্যায় দণ্ড
কারিরদিগকে আমি আপনারদের মাংস খাওয়াইব
এবং নূতন দ্রাক্ষারসের মত আপনারদের রক্ত পান
করাইব এবং আমি যে তোমার ত্রাণকর্ত্তা যিহুহা
এবং তোমার মুক্তকর্ত্তা যে যাকুবের পরাক্রান্ত সর্ব্ব
প্রাণিরা ইহা জানিবে। —

পর্ব্ব ৫০

যিহুহা এ কথা কহেন তোমারদের মাতাকে ত্যাগ
করিবার এ যে পত্রের দ্বারা আমি তাহাকে ছাড়িয়া
দিয়াছি সে কোথায় ? এবং আমার মহাজনেরদের
মধ্যে ও কোন মহাজনের কাছে তোমারদিগকে বিক্রয়
করিয়াছি ? দেখ তোমরা আপনারদের অযথার্থেতে
বিক্রীত হইয়াছ তোমারদের দোষেতে তোমারদের
২ মাতাও ছাড়ান গিয়াছে। আমি কি নিমিত্ত আসি
য়াছি এবং কেহ সাক্ষাতে ছিল না ? আমি কেন
ডাকিয়াছি এবং কেহ উত্তর করিল না ? তবে কি

Digitized by Google

আমার হাত এমন খাটো যে আমি মুক্ত করিতে পারি
না? এবং আমার ওদ্ধার করিবার পরাক্রম কি
কিছু নাই? দেখ আমি আপন ধমকানেতে সমু দুকে
শুষ্ক করি আমি নদীকে বন করি এবং জল না হও
য়াতে তাহারদের মৎস্য শুকিয়া যায় এবং তৃষ্ণাতে
মরে।—
৩ আমি কালবর্ণেতে স্বর্গেরদিগকে পরাই এবং
৪ তাহারদের চট আচ্ছাদন করি। আমি পরিশ্রান্ত
লোকেরদিগকে ওপযুক্ত কথা কহিতে যে জানি এই
কারন য়িহুহা আমাকে বিদ্বানের জিহ্বা দিয়াছেন তিনি
প্রতি প্রাতে জাগেন আমি শিষ্যের ন্যায় মনোযোগ
দ্বারা শুনি এই নিমিত্ত তিনি আমার কর্ণ জাগান।
৫ য়িহুহা পরমেশ্বর আমার কর্ণ খুলিয়াছেন আমি
হুজ্জতিও ছিলাম না এবং বিপরীত গতি করিলাম না।
৬ আমি আপন পৃষ্ঠ মারকেরদিগকে ও দাড়ি ওৎপাটকের
দিগকে আপন গাল দিয়াছি আমি আপন মুখ লজ্জা
৭ ও থুতু দেওয়াহইতে গুপ্ত করিলাম না। কেননা য়িহুহা
পরমেশ্বর আমার ওপকারী সে কারন আমি লজ্জিত
নহি সে কারন আমি আপন মুখ চকমকি পাথরের মত
করিয়াছি এবং আমি লজ্জিত যে হইব না ইহা জানি।
৮ যিনি আমাকে নির্দ্দোষী করেন তিনি নিকট আমার
সহিত যুদ্ধ করিবে কে? আইস আমরা একত্র হইয়া
বাহিরে দাঁড়াই। আমার বৈরি কে? সে রন করিতে
৯ আইসুক। দেখ য়িহুহা পরমেশ্বর আমার ওকিল
আমার দোষী হওয়ার প্রমান দিবে কে? দেখ তাহারা

Digitized by Google

সকলে বস্ত্রের মত পুরান হইয়া যাবে কীট তাহারদিগকে খাইয়া ফেলিবে।—

১০ য়িহুহাকে যে ভয় করে এমন লোক তোমারদের মধ্যে কে? সে তাহার সেবকের কথায় অবধান করুক। তোমারদের মধ্যে যে অন্ধকারে গমন করে ও যাহার কিছু দীপ্তি নাই সে য়িহুহার নামে বিশ্বাস করুক এবং আপন

১১ ঈশ্বরের ধারনের উপর ভর দিউক। অগ্নি জ্বালাও কাষ্ঠ চতুর্দিগে জমা কর যে তোমরা দেখ তোমরা আপনারদের অগ্নি ও আপনারদের কর্ত্তৃক প্রজ্বলিত কাষ্ঠের আলোতে ভ্রমন কর আমার হাতে তোমরা ইহা পাইবা তোমরা দুঃখে শুইবা।—

পর্ব্ব ৫১ হে ধর্ম্মানুগামিরা হে য়িহুহার চেষ্টা কারিরা তোমরা আমার কথা শুন। যে পর্ব্বতহইতে তোমরা খোদিত ছিলা এবং যে গহ্বরহইতে খুন্ন ছিলা তাহার

২ প্রতি দৃষ্টি কর। তোমরা আবরহাম গোত্র এবং তোমারদিগকে প্রসব করিল যে শারা তাহারদের প্রতি দৃষ্টি কর কেননা তিনি একা হইলেও আমি তাহাকে ডাকিলাম

৩ ও বর দিলাম ও তাহার বৃদ্ধি করিলাম। অতএব য়িহুহা সিয়নকে সান্ত্বনা করিবেন তিনি তাহার সকল নষ্ট স্থানকে সান্ত্বনা করিবেন তিনি তাহার বন এদনের মত এবং তাহার কানন য়িহুহার উদ্যানের মত করিবেন আনন্দ ও আহ্লাদ ও ধন্যবাদ ও গানের রব তাহার মধ্যে পাওয়া যাবে।—



Digitized by Google

৪ হে লোকেরা তোমরা আমার কথায় অবধান কর
হে অন্য দেশীয়েরা আমার বচন শ্রবণ কর কেননা
আমাহইতে ব্যবস্থা বাহির হইবে এবং লোকেরদের
আলোর কারণ আমি আপন বিচার প্রকাশ করিব।
৫ আমার ধর্ম্ম নিকটে আছে আমাকর্ত্তৃক ত্রাণ যাত্রা
করে আমার ভুজ লোকেরদের ইনসাফ করিবে দূর
দেশেরা আমার অপেক্ষা করিবে তাহারা সাহস
৬ করিয়া আমার ভুজের প্রতি চাহিবে। তোমরা ঊর্দ্ধস্থ
স্বর্গের প্রতি ও নীচস্থ পৃথিবীর প্রতি দৃষ্টি কর অবশ্য
স্বর্গ ধূমার মত গলিয়া যাইবে এবং পৃথিবী বস্ত্রের
ন্যায় জীর্ণ হইয়া যাইবে তাহার সকল নিবাসিরা
অতি ছার কীটের মত বিনষ্ট হইবে কিন্তু আমার ত্রাণ
সদাকাল থাকিবে এবং আমার ধর্ম্মের ক্ষয় হইবে না।
৭ হে যাথার্থ্যজ্ঞেরা অর্থাৎ যে লোকেরদের অন্তঃকরণে
আমার ব্যবস্থা থাকে এমন যে তোমরা আমার কথা
শুন ছার মনুষ্যের ধিক্কারে ভয় করিও না ও তাহার
৮ নিন্দাতে পরাজিত হইও না। কেননা পোকা
তাহারদিগকে বস্ত্রের ন্যায় খাইয়া ফেলিবে ও কীট
তাহারদিগকে মেষের লোমের মত খাইবে কিন্তু
আমার ধর্ম্ম সদাকাল থাকিবে এবং আমাকর্ত্তৃক ত্রাণ
সর্ব্ব পুরুষ পর্য্যন্ত হবে।
৯ হে যিহুহার ভুজ জাগ জাগ বল পরিধান কর পূর্ব্ব
কালের ন্যায় অর্থাৎ পূর্ব্ব পুরুষের কালের ন্যায়
সচেতন হও রাহবকে যে মারিল ও নাগকে হানিল
১০ তুমি কি সে নহ?। সমুদ্রের অর্থাৎ সে মহাগভী

Digitized by Google

রের জল শুষ্ক করিল সমুদ্রের গভীরস্থানকে মুক্ত
লোকেরদের পার হওনের পথ যে করিল তুমি কি সে
১১ নহ?। য়িহুহার মুক্ত লোকেরা এ প্রকারে ফের
আসিবে এবং মহানাদ করিতে২ সিয়নে গুঞ্জরিবে
তাহাদের মাথার মকুট অনন্ত হর্ষ হইবে তাহারা
আনন্দ ও আহ্লাদ পাইবে এবং শোক ও কোকান
১২ পলাইবে। যিনি তোমাকে সান্ত্বনা করেন তিনি
আমি আমিই। মরণীয় মানুষ এবং ঘাসের
১৩ মত ভবিতব্য মানুষের পুত্রকে যে ভয় করিবা এবং
যিনি স্বর্গেরদিগকে বিস্তীর্ণ করিলেন ও পৃথিবীর ভিত
করিলেন এমন যে য়িহুহা তোমার সৃষ্টিকর্ত্তাকে
বিস্মৃত হইবা এবং জোরকর্ত্তা প্রতি দিনে নষ্ট করিতে
উদ্যত হইলে যেমন হইত তেমনে তাহার ক্রোধেতে
নিত্য ভয় কর কিন্তু জোরকর্ত্তার ক্রোধ কোথায়
১৪ এ সকল এখন কর যে তুমি তুমি কে?। বিদেশে
বদ্ধ কারাগারে যেন না মরে ও তাহার ভক্ষ্যের
অভাব না হয় এই জন্যে যিনি আইসেন তিনি শীঘ্র
১৫ আগমন করিতেছেন সমুদ্রের ঢেও অতিশয়
গর্জ্জিলেও যিনি তাহা এক কালেই নিবৃত্ত করেন
এমন যে তোমার ঈশ্বর য়িহুহা তিনি আমি সৈন্যের
১৬ য়িহুহা তাঁহার নাম। স্বর্গ বিস্তীর্ণ করিতে ও
পৃথিবীর ভিত করিতে ও সীয়োনকে তুমি আমার লোক
এ কথা কহিতে আমি আপন বাক্য তোমার মুখে
থুইয়াছি ও আপন হস্তের ছায়ায় তোমাকে
ঢাকিয়াছি।—

Digitized by Google

১৭ য়িহুহার হাতহইতে তাহার ক্রোধবাটীস্থ পান দ্রব্য করিয়াছ এমন যে য়িরোশলম হে তুমি গাত্রোত্থান কর গাত্রোত্থান কর ওঠ তুমি কম্পনরূপ পাত্রের গাদা পান

১৮ করিয়াছ তুমি তাহা নিংড়িয়াছ। সে যত পুত্র প্রসব হইয়াছে তাহারদের মধ্যে তাহারে পথপ্রদর্শক কেহ নাই সে যে সকল পুত্র প্রতিপালন করিয়াছে তাহার

১৯ দের মধ্যে তাহার হাত ধরিতে কেহ নাই। শূন্যতা ও সর্ব্বনাশ এ দুই তোমাকে ঘটিয়াছে তোমার কারণ শোকান্বিত হইবে কে? আকাল ও তলোয়ার তোমাকে

২০ ঘটিয়াছে তোমাকে সান্ত্বনা করিবে কে?। তোমার পুত্রেরা মোহিত হইল তাহারা য়িহুহার ক্রোধেতে ও তোমার ঈশ্বরের ধমকানেতে পূর্ণ হইয়া জালে আটকা মহিষের ন্যায় প্রতি রাস্তার মাথায় পড়িয়া রহে।

২১ অতএব হে ব্যাকুল কন্যা ও দ্রাক্ষরস পান ব্যতিরিক্তে

২২ মত্তা তুমি সম্প্রতি এ কথা শুন। য়িহুহা তোমার পরমেশ্বর এবং আপন লোকেরদের অন্যায়ের প্রতিফলদায়ক যে তোমার ঈশ্বর তিনি এ কথা কহেন। দেখ কম্পনরূপ বাটী অর্থাৎ আমার ক্রোধরূপ বাটীর গাদা আমি তোমার হাতহইতে লই তোমাকে তাহা আরবার

২৩ খাইতে হবে না। কিন্তু যাহারা তোমার উপর অন্যায় করে এবং তুমি হেঁট হও আমরা তোমার উপর দিয়া যাই যাহারদের এমন কথাতে তুমি মৃত্তিকার ও গলির ন্যায় আপন পিঠ পথিকেরদের কারণ পাতিয়াছ তাহারদের হাতে আমি তাহা দিব।

Digitized by Google

পর্ব্ব ৫২ হে সীয়ন তুমি জাগ সচেতন হও আপন বল পরিধান
কর হে পবিত্র নগর যিরোশলম তুমি আপন তেজস্বী
বস্ত্র পর কেননা অত্বকচ্ছেদী ও অশুচি তোমার মধ্যে
২ আর কখন প্রবেশ করিবে না। হে যিরোশলম
তুমি আপন গাত্রের ধূলা ঝাড় আপন আসন
আরোহণ কর হে সীয়নের অন্যদেশে বন্ধা কন্যা
৩ তুমি আপন গলার বন্ধন খোল। কেননা যিহুহা এ
কথা কহেন তোমরা কিছু অর্থেতে বিক্রীত ছিলা তা
নয় এবং তঙ্কা ব্যতিরেকে তোমরা মুক্ত করা যাইবা।
৪ কেননা যিহুহা পরমেশ্বর এ কথা কহেন প্রথমে
আমার লোক মিস্‌রে প্রবাস করিতে গেল এবং
শেষে আশোরীয়েরা তাহারদের ওপর অন্যায় করিল।
৫ কিন্তু এখন যিহুহা কহেন আমাকে আর কি করিতে
আছে কেননা কিছু না দিয়া আমার লোক স্থানান্তরে
নীত হইয়াছে যিহুহাও কহেন যাহারা তাহারদের
শাসনকর্ত্তা তাহারা তাহারদের বিষয়ে দর্প কথা কহে
এবং আমার নাম দিনে দিনে নিন্দিত আছে।
৬ অতএব সে দিনে আমার লোক আমার নাম জানিবে
কেননা আমি তিনি অর্থাৎ যিহুহা প্রতিজ্ঞাকর্ত্তা
৭ এবং দেখ আমি এখানে আছি। আনন্দযুক্ত প্রেরিত
অথচ কুশল প্রচারক অথচ আনন্দযুক্ত মঙ্গল সমাচার
দায়ী অথচ ত্রাণ প্রচারক অথচ তোমার ঈশ্বর কর্ত্তৃত্ব
করেন সীয়নকে এ বাক্যবাদী যে তাহার পা পর্ব্বতের
৮ ওপরে কেমন সুন্দর দেখা যায়। তোমার সকল
কোটাল ওচ্চৈঃস্বর করে তাহারা একিবারে গোগাড়ি

Digitized by Google

পিটে কেননা যখন যিহুয়া সীয়নে পুনর্ব্বার আইসেন
৯ তখন তাহারা মুখামুখি দেখিবে। হে যিরোশলমের
কাঁথড়ারা তোমরা ওল্লাসিত হও একত্র ওচ্চৈঃস্বর কর
কেননা যিহুহা আপন লোকেরদিগকে সান্ত্বনা করিয়া
১০ ছেন তিনি যিশরালকে মুক্ত করিয়াছেন। যিহুহা
আপন বীর্য্য ভুজ সকল দেশীয়েরদের দৃষ্টিতে অনুলা
করিয়াছেন এবং পৃথিবীর সকল সীমাস্থ লোকেরা
আমারদের ঈশ্বরের ত্রাণ দেখিতে পাইয়াছে।—
১১ প্রস্থান কর প্রস্থান কর তোমরা সেখানহইতে যাও
অপবিত্র বস্তু স্পর্শ করিও না তাহার মধ্যহইতে যাও হে
১২ যিহুহার পাত্র বাহকেরা তোমরা শুচি হও। অবশ্য
তোমরা শীঘ্রিরূপে বাহিরে যাইবা না এবং দৌড়িয়াং
গমন করিবা না কেননা তোমারদের সম্মুখে যিহুহা
গতি করিবেন এবং যিশরালের ঈশ্বর তোমারদের
পশ্চাদ্বর্ত্তি লোকেরদিগকে আনিবেন।—
১৩ দেখ আমার সেবক ভাগ্যবান হইবেন তিনি ওচ্চস্থ ও
১৪ মহৎ এবং অতি সম্ভ্রান্ত করা যাইবেন। তাঁহার
মুখ মানুষেরদের মুখহইতে ও তাঁহার মূর্ত্তি মনুষ্যের
সন্তানরদের মূর্ত্তিহইতে এমন বিরূপীকৃত ছিল যে
১৫ অনেক লোকেরা তাঁহার দর্শনেতে চমৎকৃত হইল
অতএব তিনি অনেক দেশীয়েরদিগকে ছিটাইয়া দিবেন
তাঁহার সম্মুখে রাজারা মুখ বন্ধ করিবে কেননা
যাহা তাহারদের কাছে পূর্ব্বে প্রকাশিত ছিল না তাহারা
তাহা দেখিতে পাইবে এবং যাহা শুনিতে পায় নাই
তাহাও তাহারা মনে বিচার করিবে।

Digitized by Google

পর্ব্ব ৫৩ আমারদের সংবাদে প্রত্যয় করিয়াছে কে? যিহুহার
হাত কাহার কাছে প্রকাশিত হইয়াছে?। কেননা
যেমন কোমল চারা ও যেমন শুষ্ক ভূমিতে শিকড়
তেমনি তিনি তাহারদের দৃষ্টিতে বাড়েন। আমরা
যে তাহাকে প্রিয় জ্ঞান করিব তাঁহার এমন রূপ নয়
এবং সৌন্দর্য্যও নয় ও আমরা যে তাঁহাকে ইচ্ছা
৩ করিব এমন তাঁহার মুখ নয়। তিনি অবজ্ঞাত এবং
মনুষ্যের মধ্যে গণিত নন তিনি দুঃখি ও শোক
পরিচিত যে কোন লোক আপন মুখ আমারদের হইতে
লুকায় তাহারি মত তিনি নিন্দিত এবং আমরাও
৪ তাঁহাকে আদর করিলাম না। অবশ্য তিনি আমারদের
দুর্ব্বলতা সহিয়াছেন ও আমারদের দুঃখ ভোগ
করিয়াছেন কিন্তু তিনি যে বিচার আজ্ঞাতে প্রহারিত ও
ঈশ্বরকর্ত্তৃক নিগৃহীত ও পীড়িত আমরা ইহা জানিলাম।
৫ কিন্তু তিনি আমারদের দোষের কারণে তাড়িত তিনি
আমারদের অযাথার্থ্যের কারণে প্রহারিত ছিলেন যে
শাস্তিতে আমারদের মঙ্গল হয় তাহা তাঁহার উপরে
দেওয়া গেল এবং তাঁহার প্রহারেতে আমারদের পীড়া
৬ মোচন হইল। আমরা সকলে মেষের মত ভ্রমণ
করিয়াছিলাম আমরা প্রতি জন বিপথ হইয়া আপনা২
পথে গিয়াছিলাম যিহুহা আমারদের সকলের অযা
৭ থার্থ্যের ভোগ তাঁহার উপরে বসাইয়াছেন। তাঁহা
বেবাক চাহা গেল এবং তিনি নিশা দেওয়াকর্ত্তা নিযুক্ত
ছিলেন কিন্তু তিনি মুখ খুলিলেন না মারিবার জন্যে
মেষের বাচ্চাকে যেমন কেহ লইয়া যায় ও যেমন

Digitized by Google

লোম কাটার সম্মুখে যেমন গোঙ্গা হয় তেমনে তিনি
৮ মুখ খুলিলেন না। তিনি অন্যায় বিচারে ওচ্ছন্ন হইয়া
ছিলেন তাঁহার গতিও কে বলিতে চাহিল? কেননা
তিনি জীবৎ লোকেরদের দেশহইতে ওচ্ছন্ন ছিলেন
আমার লোকেরদের ঘাইটের কারণ তিনি মৃত্যুকর
৯ আঘাতেতে প্রহারিত ছিলেন। কিন্তু দুষ্টেরদের সহিত
তাঁহার কবর নিয়মিত ছিল এবং ধনবানের সহিত
তাঁহার কবর স্থান ছিল। তিনি কোন অনুচিত ক্রিয়া করি
লেন না এবং তাঁহার মুখে কোন প্রতারণাও পাওয়া গেল
১০ না কিন্তু তাঁহাকে দুঃখেতে চেপা করিতে যিহুহার সন্তোষ
ছিল। যদি তাঁহার প্রাণ প্রায়শ্চিত্তরূপ ওৎসর্গ করা
যায় তবে তিনি চিরকালস্থায়ী বংশ দেখিবেন এবং
যিহুহার দয়াযুক্ত নিয়ম তাঁহার হাতে সিদ্ধ হইবে।
১১ তিনি আপন প্রাণের যন্ত্রণার ফল দেখিতে পাইবেন
ও তৃপ্ত হইবেন আমার ধার্ম্মিক সেবক আপন জ্ঞানেতে
অনেককে যাথার্থিক করিবেন কেননা তিনি তাহারদের
১২ অযাথার্থের ভোগ করিবেন। অতএব তাঁহার বাঁটের
কারণ আমি তাহাকে অনেককে দিব বলবান
লোকেরাও তাঁহার লুটরূপ ভাগ হইবে কেননা তিনি
মরণ পর্য্যন্ত আপন প্রাণ ঢালিলেন ও দোষীরদের
সহিত গণা গেলেন এবং অনেকের পাপের ভোগ
করিলেন এবং দোষাসক্তেরদের কারণ প্রার্থনা
করিলেন।

পর্ব্ব ৫৪ কখন গর্ব্ভে ধারণ না করিয়াছ হে এমন বন্ধ্যা তুমি
আনন্দরূপে চীৎকার কর প্রসব না করিয়াছ হে এমন

Digitized by Google

তুমি আনন্দ ধ্বনি এবং উল্লাষ শব্দ কর। কেননা
য়িহহা বলেন অনাথার শিশু বিবাহিতা স্ত্রীর শিশু
২ হইতে অনেক হইবে। তুমি আপন তাম্বুর
জায়গা বাড়াও আপন তাম্বুর সামিয়ানা বৃদ্ধ হওক
ভয় করিও না দড়ী লম্বা কর খুঁটি মজবুত গাড়।
৩ কেননা দক্ষিণে বামে তুমি বড় বাড়িবা তোমার
সন্তানেরা অন্যদেশীয় লোকাধিকার পাইবে। তাহারা
৪ ও নরশূন্য নগরে বসতি করিবে। তুমি ভয়
করিও না। কেননা তোমার লজ্জা হইবে না। বিবর্ণ
হইও না কেননা তোমার অপমান হইবে না তুমি
আপন যুবাকালের লজ্জাও বিস্মৃতা হইবা এবং আপন
৫ বৈধব্যের অনাদর স্মরণ করিবা না। কেননা তোমার
সৃষ্টিকর্ত্তা যিনি তিনি তোমার স্বামী সৈন্যের ঈশ্বর
য়িহহা তাঁহার নাম য়িশরালের ধর্ম্মস্বরূপ যিনি তিনি
তোমার মুক্তিদ তিনি সমস্ত পৃথিবীর ঈশ্বর বিখ্যাত
৬ হইবেন। কেননা তোমার ঈশ্বর কহেন ত্যক্তা
ও বড় দুঃখিনী স্ত্রীকে এবং যুবাবস্থায় বিবাহিতা
হওনের পরে স্বামীতে ত্যক্তা বধুকে যেমন তেমনে
৭ তোমাকে য়িহহা পুনর্ব্বার ডাকিয়াছেন। আমি
অল্প ক্রোধে তোমাকে ত্যাগ করিয়াছি কিন্তু বড়
৮ ক্ষমাতে পুনর্ব্বার তোমাকে গ্রহণ করিব। তোমার
মুক্তিদ য়িহহা কহেন আমি কিঞ্চিৎ কালের ক্রোধে
তোমাহইতে এক পলকে মুখ লুকাইয়াছি কিন্তু
অনন্ত প্রীতি করিয়া আমি তোমাকে কৃপা করিব।



Digitized by Google

৯ নোহের কালীন জল পৃথিবীতে আর ব্যাপিবে না
নোহের কালে আমি এ ক্রিয়া করিয়া যেমন কহিয়া
ছিলাম তদ্রূপ ক্রিয়া আমি এখন করিব কেননা
আমি যে আর ক্রুদ্ধ হইব না এবং তোমাকে আর
১০ ধমকাইব না এই ক্রিয়া আমি করিয়াছি। কেননা
তোমাকে বড় প্রেম করেন যে যিহুহা তিনি এ কথা
কহেন পর্ব্বতেরা চালিত হইবে এবং গিরি উলটান
যাইবে কিন্তু আমার প্রীতি তোমাহইতে আর কাড়া
যাইবে না এবং আমার কুশলরূপ বন্দোবস্ত উলটান
যাইবে না।
১১ হে দুঃখিনী ও ঝড়েতে মারা এ সান্ত্বনাহীনা দেখ
আমি সিন্দুরেতে তোমার পাথর বসাইব এবং তোমার
১২ ভিত নীল মনির হইবে। এবং তোমার আলিসা
অয়স্কান্ত মনির ও তোমার দ্বার সূর্য্যকান্ত মনির
করিব এবং তোমার সকল দেয়াল মাত্রাং বহুমূল্য
১৩ প্রস্থরের হবে ও তোমার সকল শিশুরা যিহুহাতে
শিক্ষিত হবে এবং তোমার শিশুরদের মঙ্গল বিস্তর
১৪ হইবে। তুমি ধর্ম্মে স্থিরা করা যাইবা তুমি অন্যায়ের
দূরে থাকিবা তাহাই তুমি ভয় করিবা না তুমি
শঙ্কার দূরে থাকিবা কেননা সে তোমার নিকটে
১৫ আসিবে না। তাহারা সকল একযোগ হইবে কিন্তু
আমার আজ্ঞাতে নয় যে কেহ তোমার বিপরীতের
জন্যে বন্দোবস্তে ঐক্য হইয়াছে তাহারা তোমার
১৬ পক্ষে আসিবে। দেখ ফুঁকানেতে কয়লাকে অগ্নি
করে ও কার্য্যে প্রযুক্ত হাতিয়ার করে যে কামার

Digitized by Google

তাহাকে আমি সৃষ্টি করিয়াছি আমি বিনাশ করনের
১৬ জন্যে নাশককেও সৃষ্টি করিয়াছি। তোমার
বিপরীতে যে অস্ত্র বানান যায় সে থাকিবে না এবং
যে প্রতি জিহ্বা তোমার সহিত্ত বিবাদ করে তাহা তুমি
পরাস্ত করিবা য়িহুহার সেবকেরদের অধিকার এই
য়িহুহা কহেন তাহারদের নির্দোষী হওয়া আমাকর্ত্তৃক
আছে।

পর্ব্ব হে তৃষিত্ত প্রতি জন তোমরা জলের কাছে আইস
৫৫ যাহার কিছু রুপা নাই এমন তোমরা আইস কিন এবং
খাও তোমরাই আইস দ্রাক্ষরস ও দুগ্ধ রুপা ব্যত্তি
২ রেকে ও মূল্য ব্যত্তিরেকে ক্রয় কর। যাহা খাদ্য নয়
তাহার কারণ তোমারদের রুপা কেন তৌল করিয়া
দিতেছ? তৃপ্তি যাহাতে নয় তাহার কারণ কেন শ্রম
দেও? অবধান কর আমার বাক্য শুন এবং যাহা
নিতান্ত ভাল তাহা খাও এবং তোমারদের মন তৃপ্তি
পর্য্যন্ত উত্তম খাদ্যেতে আপন অভিলাষ পূর্ণ করিবে।
৩ অবধান করিয়া আমার নিকট আইস শুন তাহাতে
তোমার প্রাণ বাঁচিবে এবং আমি অনন্ত এক বন্দোবস্ত
তোমারদের সহিত্ত করিব যে অক্ষয় প্রতিজ্ঞা দাঊদের
প্রতি অনুগ্রহপূর্ব্বক করা গিয়াছে তাহার ফল
৪ তোমারদিগকে আমি দিব। দেখ লোকেরদের
এবং অন্যদেশীয়েরদের শাসনকর্ত্তা ও নিকট এক সাক্ষী
ব্যবস্থা কর্ত্তা হওনের কারণ আমি তাঁহাকে নিযুক্ত
৫ করিয়াছি। দেখ যে দেশীয় লোকেরদিগকে তুমি
জানিলা না তাহারদিগকে তুমি ডাকিবা এবং যে

Digitized by Google

দেশীয়েরা তোমাকে জানিল না তাহারা য়িহুহা
তোমার ঈশ্বরের নিমিত্তে এবং য়িশরালের ধর্ম্ম
স্বরূপের নিমিত্তে তোমার কাছে দৌড়িবে কেননা
তিনি তোমার গৌরব করিয়াছেন।
৬ য়িহুহা যে কালে পাওয়া যাবেন সে কালে তাঁহার
অন্বেষণ কর তিনি যে সময়ে নিকট আছেন সে কালে
৭ তাঁহার কাছে প্রার্থনা কর। দুষ্ট লোক আপন ধারা
এবং অযাথার্থিক লোক আপন মনের সঙ্কল্প ত্যাগ
করুক সেও য়িহুহার কাছে ফিরুক কেননা তিনি দয়া
করিয়া তাহাকে গ্রহণ করিবেন ও আমারদের ঈশ্বরের
প্রতিও ফিরুক কেননা তিনি অতিশয় ক্ষমা করেন
৮ করেন। কেননা য়িহুহা কহেন আমার মনের সঙ্কল্প
তোমারদের মনের সঙ্কল্প নয় এবং তোমারদের ধারা
৯ আমার ধারা নয়। কেননা যেমত স্বর্গ পৃথিবীহইতে
ওচ্চ সেমত আমার পথ তোমারদের পথহইতে এবং
আমার মনের সঙ্কল্প তোমারদের মনের সঙ্কল্প
১০ হইতে ওচ্চ আছে। বৃষ্টি এবং বরফ যেমন
স্বর্গহইতে বর্ষিয়া পুনর্ব্বার সেখানে যায় না
কিন্তু বপন কর্ত্তাকে বীজ ও ভোজন কর্ত্তাকে ভক্ষ্য
দেওনের নিমিত্ত পৃথিবী সেঁচে এবং তাহাকে
১১ ওৎপাদক ও ফলবান করে তেমনে আমার মুখ
নির্গত বাক্য অবশ্য হবে সে আমার কাছে বৃথা
ফিরিবে না কিন্তু যাহা আমি নিয়ম করিয়াছি তাহা
পূর্ণ করিবে এবং যে নিয়মিতের সিদ্ধির জন্যে আমি
১২ তাহাকে পাঠাইলাম তাহা সিদ্ধ করিবে। তোমরা

Digitized by Google

অবশ্য আনন্দ করত যাত্রা করিবা এবং কুশলে তোমরা
আগে২ নীত হইবা গিরি পর্ব্বতাদি তোমারদের
অগ্রভাগে গান করিতে লাগিবে ও ক্ষেত্রের সকল
১৩ বৃক্ষ হাততালি দিবে। কাঁটা গাছের বদলে বরোশ
বৃক্ষ বাড়িবে এবং শ্যাকুলের বদলে হদশ বৃক্ষ হবে
সেইও য়িহুহার এক স্মরণার্থ এক নিত্য অলোপনীয়
চিহ্ন হইবে।—

পর্ব্ব য়িহুহা এ কথা কহেন তোমরা ন্যায় পালন কর
৫৬ এবং প্রকৃত কার্য্য কর কেননা আমাকর্ত্তৃক ত্রাণ
— নিকটবর্ত্তি হইয়াছে এবং আসিতে উদ্যত হইয়াছে
এবং আমার ধর্ম্ম প্রকাশিত হইতে প্রস্তুত আছে।
২ যে মানুষ ইহা করে সে ধন্য এবং মনুষ্যের
যে পুত্র ইহা ধরে অর্থাৎ শাবত পালন করিয়া
তাহা অশুচি না করে এবং আপনার হাতকে
কুকর্ম্ম করিতে নিষেধ করে সে জন ধন্য।—

৩ য়িহুহা আপন লোকহইতে আমাকে ঘোলোয়ানা
ভিন্ন করিয়াছেন বিদেশীয়ের যে পুত্র য়িহুহার নিকট
থাকে সে এ কথা না কহুক এবং আমি এক শুষ্ক বৃক্ষ
৪ খোজা এই কথা না কহুক। কেননা যে খোজারা
আমার শাবত পালন করে ও আমার সন্তোষকারী
ক্রিয়া পসন্দ করে ও আমার বন্দোবস্ত একান্ত মানে
৫ তাহারদিগকে য়িহুহা এ কথা কহেন আমার ঘরে ও
আমার প্রাচীরের ভিতরে আমি পুত্র কন্যাহইতেও বড়
স্মরণার্থ বস্তু ও নাম দিব আমি তাহারদিগকে এক

Digitized by Google

৬ অক্ষয় নিত্য অচ্ছেদনীয় নাম দিব। য়িহুহার সেবা
করণ ও তাঁহার নামে প্রেম করণ ও তাঁহার দাস হওনের
জন্য বিদেশীয়েরদের পুত্রেরা যত জন য়িহুহার নিকটস্থ
হওনের আকাঙ্ক্ষা করে অর্থাৎ যেই প্রতি জন শাবত্ত
৭ পালন করত তাহা অশুচি না করে এবং আমার
বন্দোবস্ত দৃঢ়রূপে মানে তাহারদিগকে আমি আপন
পবিত্র পর্ব্বতে আনিব এবং আপন প্রার্থনাগারে
তাহারদিগকে আনন্দিত করিব তাহারদের হোম
ও বলিদান আমার যজ্ঞ বেদীর ওপরে গৃহীত হবে
কেননা আমার আলয় সকল লোকেরদের প্রার্থনাগার
নামেতে খ্যাত হইবে।—
৮ য়িশরালের তাড়ান লোকেরদিগকে একত্র করেন যে
য়িহুহা পরমেশ্বর তিনি এ কথা কহেন যে লোকেরা
তাহার সঙ্গী হইয়াছে আমি ইহার পরে তাহারদের
ব্যতিরেক আর২ লোকেরদিগকে তাহার কাছে একত্র
করিব।
৯ হে মাটিস্থ সকল পশুরা তোমরা আইস হে বন
পশুরা খাইয়া ফেলিতে আইস।—
১০ তাহার চৌকিদারেরা সকলেই কানা ও তাহারা
অজ্ঞান তাহারা সকল গোঙ্গা কুক্কুর তাহারা ডাক
করিতে পারিবে না তাহারা স্বপ্নদর্শী নিদালু দয়াবাতে
১১ ইচ্ছুক এ কুক্কুরেরা পোষ নামানা খাইবার ইচ্ছা
বিশিষ্ট তাহারা পরিতুষ্ট হইতে জানে না এবং রক্ষক
আপনারা বুঝিতে পারে না তাহারা সকল আপনার
দের পথে ফিরে আপনারসাধারণ প্রতি জন আপন২

Digitized by Google

১২ লাভে চেষ্টা করে। আইস আমরা দ্রাক্ষারস আনাই
করি আমরা ভূপের সুরা পান করি এবং যেমন
আজিকার তদ্রূপ তেমনি বড় এবং তাহাহইতেও
অতিশয় কলাকার হইবে।—

পর্ব্ব ধার্ম্মিক লোকের ক্ষয় হইয়াছে এবং কেহ তাহার
৫৭ বিষয়ে চিন্তা করে না পুণ্যবান লোকেরা স্থানান্তরে নীত
হইয়াছে এবং দুর্গতির নিমিত্ত যে ধার্ম্মিক নীত হই
২ য়াছে তাহা কেহ বুঝে না। সাধু মানুষ এবং সোজা
পথে গমন করে যে জন তিনি কুশলে যাবেন তিনি
আপন শয্যার উপর বিশ্রাম করিবেন।—

৩ কিন্তু হে মায়াবীর পুত্রেরা পারদারিকের ও
৪ বেশ্যার সন্তানেরা তোমরা এখানে আইস তোমরা
কাহাকে উপহাস কর তোমরা কাহাকে দেখিয়া
৫ মুখ ব্যাদাও এবং জিহ্বা লকলক্‌ কর?। সবুজ
বৃক্ষের তলে দেবতাযে জ্বলিতেং ও বালকেরদিগকে
মাঠে ও পর্ব্বতের গুহায় মারিতেং তোমরা প্রত্যেক
জন ঈশ্বর ত্যাগি জ্বালিয়া ও মিথ্যার সন্তান কি নও?।
৬ মাঠের চিক্কন পাথরের মধ্যে তোমার অধিকার এইং
তোমার অংশ তুমি ইহারদের নিকটে পানীয়
উৎসর্গ ঢালিয়াছ এবং আপন উৎসর্জনীয় বস্তুও
দিয়াছ আমি কি সন্তুষ্ট হইয়া এ কার্য্য দেখিতে
৭ পারি?। তুমি বড় উচ্চ পর্ব্বতের উপরে আপন শয্যা
৮ থুইয়াছ তুমি সেখানে উৎসর্গ করিতে গিয়াছ। তুমি
কপাট ও চৌকাঠের পাছে আপন স্মরণার্থ বস্তু থুইয়াছ
তুমি আমাকে ছাড়িয়া স্থানান্তরে গিয়াছ তুমি আপন

Digitized by Google

শয্যা বাড়াইয়াছ তুমিও তাহারদের সহিত বন্দোবস্ত
করিয়াছ তাহারদের শয্যা তুমি ভাল বাসিয়াছ তুমি
৯ সে কারন স্থান প্রস্তুত করিয়াছ তুমি তৈলের নজর
লইয়া রাজার কাছে গিয়াছ এবং আপন বহুমূল্য
তৈল অনেক২ করিয়াছ তুমি আপন ওকিলেরদিগকে
অতি দূর পাঠাইয়াছ এবং আপনার অখ্যাতি অদৃশ্য
১০ জগত পর্য্যন্তই করিয়াছ। তুমি আপন দীর্ঘ যক্তি
লেতে আপনাকে শ্রান্ত করিয়াছ তুমি কহিয়াছ
ভরসা নাই তুমি আপন মেহনতের দ্বারা আপন
ওপজীবীকা পাইয়াছ অতএব সর্ব্বতোভাবে ক্লান্ত
না হইয়াছ। তুমি কাহাহইতে এমন ভয় পাই
১১ য়াছ যে তুমি মিথ্যা কার্য্য করিয়াছ এবং আমাকে
মনে রাখ নাই এবং তাহাতেও মনে ভাবিত হও
নাই? আমি চুপ করিয়া থাকিলাম ও চক্ষু মিটং
করিলাম ও তুমি আমাকে ভয় না করিয়াছ সে কি
১২ এই কারন নয়? কিন্তু আমি আপন ধর্ম্ম প্রকাশ
করিব এবং তোমার কার্য্যে তোমার ওপকার হইবে
১৩ না। তুমি যখন চেঁচাও তখন তোমার সহকারীরা
তোমার পরিত্রান করুক কিন্তু বায়ু তাহারদিগকে
লইয়া যাবে এক নিশ্বাসেই তাহারদিগকে ওড়াইবে
কিন্তু যে জন আমার শরণ লয় সে জন দেশাধিকার
পাইবে এবং আমার পবিত্র পর্ব্বতও পাইবে।

১৪ তখন আমি বলিব বাঁধ পথ বাঁধ পথ পরিষ্কার কর
আমার লোকেরদের পথহইতে প্রতি বাধা দূর কর
১৫ যেননা মহাও ওচ্চ ও অনন্তকাল নিবাসী ও যাঁহার

নাম বীর্য্যস্বরূপ স্থান যে য়িহুহা তিনি এ কথা কহেন
আমি উর্দ্ধ ও পবিত্র স্থানে বাস করি এবং নম্র
লোকেরদের আত্মাকে জীয়াইতে ও ভগ্না লোকেরদের
অন্তঃকরণে প্রান দান দিতে আমি ভগ্নাত্মারদের এবং
১৬ নম্র লোকেরদের সহিতও থাকি। কেননা আমি
নিত্য বিবাদ করিব না আমি সদাকাল ক্রুদ্ধ হইব না তা
হইলে আমার সম্মুখস্থ আত্মা ও আমার হস্তকৃত প্রান
১৭ দুঃখেতে আপ্লাবিত হইবে। তাহার অপকৃত ক্রিয়াতে
আমি কিঞ্চিৎ কাল ক্রুদ্ধ ছিলাম আমি কোপান্বিত
হইয়া মুখ লুকাইয়া তাহাকে মারিলাম পরে সে
আপনার অন্তঃকরণের পথে ফিরিয়া প্রস্থান করিল।
১৮ আমি তাহার গতি দেখিয়াছি আমি তাহাকে সুস্থ
করিয়া তাহার পথদর্শক হইব তাহাকে ও তাহার
শোকাবিষ্ট লোকেরদিগেকেও আমি সান্ত্বনা করিব।
১৯ য়িহুহা কহেন ওষ্ঠাধরের ফল যাহা তাহা আমি সৃষ্টি
করি নিকটস্থ যে জন তাহার কুশল ও দূরস্থ যে
জন তাহারও কুশল এবং আমি তাহাকে সুস্থ করিব।
২০ কিন্তু দুষ্ট লোকেরা আলোড়িত সমুদ্রের মত কেননা
সে কখন স্থির হইতে পারিবে না কিন্তু তাহার
২১ জলেতে মলা ও কাদা ওঠে। আমার ঈশ্বর বলেন
দুষ্টেরদের কিছু কুশল নয়।

পর্ব্ব ৫৮ উচ্চৈঃস্বরে শব্দ কর ক্ষমা করিও না আপন রব
তুরীর শব্দের মত ওঠাইয়া আমার লোকেরদের দোষ
তাহারদিগকে দেখাও এবং যাকুবের বংশের পাপ তাহার



Digitized by Google

২ কাছে প্রকাশ কর। কিন্তু তাহারা দিনেং আমাকে চেষ্টা
করে এবং ধর্ম্মাচারী ও আপন ঈশ্বরের ব্যবহার যে
পালন করে এমন লোকেরদের মত আমার পথ
জানিতে তাহারদের সন্তোষ আছে তাহারা ধর্ম্ম
ব্যবস্থার বিষয়ে আমার উদ্দেশে নিত্য জিজ্ঞাসা করে
এবং ঈশ্বরের নিকট আসিতে তাহারদের সন্তোষও
৩ আছে। আমরা উপবাস করিলে তুমি কেন দেখ না?
আমরা আপনারদের প্রাণের দুঃখ দিলে তুমি কেন
মান না? দেখ তোমারদের উপবাস করণ দিনে
তোমরা সুখভোগ কর এবং পরের মেহনতের
৪ সম্পূর্ণতার কিছুই তোমরা ছাড় না। দেখ ঝকড়া
ও বিরোধ এবং গরিব লোককে কিল মারার
নিমিত্তে তোমরা উপবাস কর আপনারদের রব উপরে
শুনাইতে তোমরা আমার কাছে কেন এমন উপবাস
৫ কর?। তবে মনুষ্য এক দিনের কারণ যে প্রাণের
দুঃখ দেয় ও পাটি গাছের মত মাথা যে হেঁট করে
এবং আপন কোঁচের বদলে চট ও ছাই যে বিছায়
এই কি তোমার মনোনীত উপবাস এই কি উপবাস ও
৬ গ্রিহহার গ্রাহ্য দিন কহা যায়?। দুষ্টতার বন্ধন
মোচন করা পীড়া দায়ক ভার খোলা বলেতে চেষ্টারদের
উদ্ধার করা এবং প্রতি যোঁয়াল ভাঙ্গিয়া ফেলা আমি যে
৭ উপবাস পসন্দ করি সে কি এই নয়?। ক্ষুধিতেরদিগকে
ভক্ষ্য বাঁটিয়া দেয়া ও ভ্রমনকারি গরিবেরদিগকে আপন
ঘরে আনা ও লঙ্গকে দেখিয়া তাহাকে বস্ত্রাচ্ছাদিত করা
এবং আপন মাংস হইতে গোপনে না থাকা এই কি

Digitized by Google

৮ আমার মনোনীত উপবাস নয়? । ইহা করিলে তোমার
দীপ্তি অরুণের মত প্রকাশিত হইবে ও তোমার ঘা শীঘ্র
সুস্থ হইবে তোমার ধর্ম্ম তোমার অগ্রে২ ও যাইবে এবং
যিহুহার তেজ তোমার পশ্চাৎ লোকেরদিগকে সঙ্গে
৯ করিয়া আসিবে । তখন তুমি ডাকিলে যিহুহা প্রত্যুত্তর
করিবেন তুমি শব্দ করিলে তিনি বলিবেন দেখ এই
১০ আমি । যদি তোমার মধ্যহইতে যোঁয়াল ও অঙ্গুলির
ইশারা ও নিন্দা করার কথা দূর কর যদি ক্ষুধিতের
দিগেকে ভক্ষ্য দেও ও দুঃখিপ্রাণীকে পরিতুষ্ট কর
তবে অন্ধকারে তোমার দীপ্তির উজ্জ্বল হবে এবং
১১ তোমার অন্ধকার মধ্যাহ্নের তুল্য হবে এবং যিহুহা
তোমাকে নিত্য লওয়াইবেন এবং যাহা নির্জ্জল সময়ে
তোমার প্রাণ তৃপ্ত করিবেন । তিনি তোমার বল
পুনর্ব্বার দিবেন এবং তুমি সুসেঁচিত উদ্যান ও উচ্ছলিত
১২ নিত্য জলযুক্ত উনুইর মত হইবা । তোমার সন্তানেরা
পূর্ব্বকালের কাঁথড়া গাথিবে তাহারা পূর্ব্বকালের
ভিতের উপর গাথিবে এবং তুমি ভাঙ্গা বেড়ের ভদ্রকারী
দেশনিবাসিরদের গন্তব্য পথের ভদ্রকারী নামেতে
১৩ খ্যাত হইবে। তুমি যদি শাবত দিনহইতে অর্থাৎ
আমার পবিত্র দিনে আপনার অভিলষিত ক্রিয়া করণ
হইতে আপন পাকে নিষেধ কর এবং শাবতকে
তোষক দিন ও যিহুহার পবিত্র পর্ব্ব ও আদরনীয়
করিয়া যদি মান এবং আপনার মানস চেষ্টা এবং
আপনার সুখের চেষ্টা এবং অকারন কথা কহা ত্যাগ
১৪ করিয়া যদি সম্ভ্রম কর তবে তুমি যিহুহায় আপ

Digitized by Google

নাকে সন্তুষ্ট করিবা ও আমি তোমাকে পৃথিবী
ও স্থানাকত করিব এবং তোমার পিতা যাকুবের অধি
কার তোমাকে উপভোগ করাইব কেননা যিহুহার
মুখ তাহা কহিয়াছে।

পর্ব্ব ৫৯ দেখ যাহাতে মুক্ত করিতে না পারে যিহুহার হাত
তদ্রূপ অত নয় ও যাহাতে শুনিতে না পারে তাঁহার
২ কর্ণ সে মত ভারি নয়। কিন্তু তোমারদের
অযাথার্থ্য তোমারদিগাকে এবং তোমারদের ঈশ্বরকে
ভিন্ন করিয়াছে ও তোমারদের পাপ তাঁহার মুখ
৩ তোমারদেরহইতে গুপ্ত করিয়াছে তাহাতে তিনি
শুনেন না। কেননা তোমারদের হাত রক্তেতে ও
তোমারদের অঙ্গুলি অযাথার্থ্যেতে অশুচি আছে তোমার
দের ওষ্ঠাধর মিথ্যা কথা কহে ও তোমারদের জিহ্বা
৪ দুষ্কৃতি কথা মনস্থ করিয়া কহে। অবস্তুতাতে বিশ্বাস
করত ও মিথ্যা কথা কহত হিংসাকপ গর্ব্ভ ধরত ও
অযাথার্থ্য প্রসব হওত কেহ ধর্ম্মে মকদ্দমা করে না
৫ এবং কেহ সত্য উত্তর প্রত্যুত্তর করে না। তাহারা
ফনির ডিম্ব ফুটায় এবং মাকড়সার জাল বুনে যে জন
তাহারদের ডিম্ব খায় সে মরে তাহাও ভাঙ্গিলে ফনি
৬ বাহির হয়। তাহারদের জাল বস্ত্র হইবে না এবং
তাহারা আপনারদের কার্য্যে আপনারদিগাকে ঢাকিবে
না তাহারদের কার্য্য অযাথার্থ্যকপ কার্য্য তাহারদের
৭ হাতেও দৌরাত্ম্যকপ কার্য্য আছে। তাহারদের
পা কুক্রিয়া করিতে বেগে দৌড়ে তাহারাও অহিংসক
কে খুন করিতে শীঘ্র করে তাহারদের মনন অপকৃত

Digitized by Google

যেমন তাহারদের পথে সর্ব্বনাশ ও অমঙ্গল আছে
৮ তাহারা কুশলের পথ জানে না তাহারদের গমনে
ও বিচার নাই তাহারা আপনারদের কারণ বেঁকা
পথ করিয়াছে যে কেহ তাহা দিয়া যায় সে জন
৯ কুশল জানে না । অতএব বিবেচনা আমার
দেরহইতে দূর থাকে এবং পুণ্য কর্ম্ম আমার
দিগকে ধরে না আমরা আলোর অপেক্ষা করি কিন্তু
দেখ অন্ধকার উপস্থিত আছে আমরা উজ্জ্বলতার
১০ অপেক্ষা করি কিন্তু তিমিরে ভ্রমণ করি । আমরা
অন্ধ লোকেরদের মত দেয়ালের জন্য হাতড়িয়াং যাই
আমরা দৃষ্টিহীন লোকেরদের মত ভ্রমণ করে যেমন
সন্ধ্যাকালে করে তেমনে আমরা মধ্যাহ্নকালে ওচোট
খাই যেমন মরা লোকেরদের মধ্যে হইলে হয় তেমনে
আমরা সুভক্ষ্যের মধ্যে থাকিয়াও ব্যবহার করি ।
১১ আমরা সকলে ভালুকেরদের মত গর্জ্জন করি এবং
ঘুঘুরদের ন্যায় শব্দ করি আমরা বিচারের অপেক্ষা
করি কিন্তু সে নয় ত্রাণের ও অপেক্ষা আমরা করি
১২ কিন্তু সে আমারদিগহইতে দূর থাকে । কেননা
তোমার গোচরে আমারদের দুষ্টতা অনেক বাড়িয়াছে
১৩ এবং আমারদের পাপ আমারদের অপবাদ করে ।
কেননা আমারদের দুষ্টতা আমারদের কাছে লাগিয়া
থাকে এবং অদ্ভুত করাতে ও যিহোবার বিরুদ্ধে মিথ্যা
কথা কহাতে ঈশ্বরের পশ্চাদ্বর্ত্তিতাহইতে ফিরাইতে
হিংসা কথা কহাতে আস্ফালন চাওরানেতে এবং
অন্তঃকরণে মিথ্যা কথা জন্মানেতে আপনারদের

Digitized by Google

১৪ অযাথার্থ্য তাহা যথার্থ্য বিচার অন্যদিগে ফিরান
গিয়াছে এবং প্রকৃত ক্রিয়া দূরে থাকিয়া আছে কেননা
রাস্তাতে সত্যতা হোঁচট খাইয়াছে এবং সাধুতা
প্রবেশ করিতে পারিল না সত্যতাও নিতান্ত অপ্রাপ্য
১৫ হইয়াছে। যে জন কুকর্ম্মের পথে যায় না তাহার
লুণ্ঠিত হওয়ার আপদ আছে।
১৬ যিহুয়া ইহা দেখিলেন এবং বিচার না হওয়াতে
তাঁহার অসন্তোষ ছিল। কেহ যে বর্ত্তমান নয় ইহা
ও তিনি দেখিলেন এবং মধ্যস্থ কেহ না হওনেতে চমৎ
কৃত ছিলেন তখন তাঁহার আপন হাত তাঁহার কারণ
উদ্ধার নিষ্পন্ন করিল তাঁহার ধার্ম্মিকতাও তাঁহাকে রক্ষা
১৭ করিল। তিনি বুক পাটের মত ধর্ম্ম পরিলেন
এবং ত্রাণরূপ টোপর তাঁহার মাথায় ছিল তিনি বস্ত্রের
প্রতিরূপ প্রতিফল দেওয়া পরিধান করিলেন এবং
শালের মত উদ্যমরূপ আঙ্গাত্রা পরিধান করিলেন।
১৮ তিনি প্রতিফল দেওনেতে শক্ত যিনি প্রতিফল দেওনেতে
শক্ত তিনি কর্ম্মের ফল দিবেন তিনি আপন শত্রুরদিগকে
ক্রোধরূপ ফল দিবেন এবং আপন বৈরিরদিগকে
কর্ম্মের ফলও দিবেন অন্তিদূর সীমাস্থেরদিগকে তিনি
১৯ প্রতিফল দিবেন। তিনি প্রচণ্ড বায়ুতে ঠেলা গমনে
আঁটা নদীর মত যখন আসিবেন তখন পশ্চিমদিগের
নিবাসিরা যিহুহার নামে ভয় করিবে এবং সূর্য্যোদয়
স্থানিরা তাঁহার গৌরব ভয়পূর্ব্বক মানিবে।
২০ যিহুহা এ কথা কহেন মুক্তিদ সীয়োনে আসিবেন এবং
২১ যাকুব হইতে অযাথার্থ্য ফিরাইবেন। যিহুহা কহেন

Digitized by Google

যে কম্মোবন্ধ আমি তাহারদের সহিত করিব সে এই আমার যে আত্মা তোমার উপরে আছে ও আমার যে কথা তোমার মুখে দিয়াছি সেই তোমার মুখ হইতে ও তোমার সন্তানেরদের মুখ হইতে ও তোমার সন্তানেরদের সন্তানেরদের মুখ হইতে এই অবধি কখন যাইবে না।

পর্ব ৬০ উঠ দেদীপ্যমান হও কেননা তোমার দীপ্তি আসিয়াছে এবং যিহুহার তেজ তোমার উপর উদিয়াছে
২ কেননা মেঘ অন্ধকার পৃথিবী ঢাকিবে এবং ঘোর কুজ্‌ঝটি অন্যদেশীয় লোকেরদিগকে ঢাকিবে কিন্তু যিহুহা তোমার উপরে উদিবেন এবং তাঁহার তেজ তোমার
৩ উপরে দৃষ্ট হবে। অন্য দেশীয়লোকেরা তোমার দীপ্তিতে এবং রাজারা তোমার উদয়ের উজ্জ্বলতাতে
৪ গমন করিবে। তুমি চতুর্দ্দিগে দৃষ্টি করিয়া দেখ তাহারা সকলে একত্র হইয়াছে তাহারা তোমার কাছে আসিতেছে তোমার পুত্রেরা দূর হইতে আসিবে এবং
৫ তোমার কন্যারাও কোলে হইয়া বাহিত হইবে। যখন সমুদ্রের ধন তোমার উপরে ঢালা যাবে যখন অন্য দেশীয়েরদের ধন তোমার স্থানে আসিবে তখন তুমি দেখিবা ও আনন্দেতে উথলিবা তোমার হৃদয়ও ভীত
৬ হইবে এবং বিস্তারিত হইবে। উটকপবন্যা অর্থাৎ মাদিন ও এফার দুই ঝুটি উষ্ট্রেরা তোমাকে ঢাকিবে শবানিবাসী সকলে আসিবে তাহারা স্বর্ণ ও লবান সঙ্গে লইয়া আসিবে এবং হৃষ্ট হইয়া যিহুহার স্তব
৭ করিবে। কদরের সকল পশুপালেরা তোমার কাছে

Digitized by Google

একত্র হইবেং নবাতের মেষেরা তোমার সেবা করিবে
তাহারা আমার যজ্ঞবেদীর উপরে গ্রাহ্য হইবে এবং
৮ আমি আপন সুন্দর মন্দিরও সুন্দর করিব। যাহারা
মেঘ এবং ওড়ীয়মান পুকুরদের মত ওড়িয়া আইসে
৯ তাহারা কে?। যিহুহা তোমার ঈশ্বরের নাম এবং
যিশরালের ধর্ম্মস্বরূপের নামের কারন সমুদ্রের দূর
তীরস্থেরা তোমার অপেক্ষা করিবে এবং তাহারদের
রূপা স্বর্ণের সহিত তোমার পুত্রেরদিগকে দূরহইতে
আনিতে তার্শীশের জাহাজেরা প্রথমে অপেক্ষাও করিবে
কেননা তোমাকে তিনি ঐশ্বর্য্যবান করিয়াছেন।
১০ বিদেশিরদের পুত্রেরা তোমার প্রাচীর গাঁথিবে এবং
তাহারদের রাজারা তোমার সেবা করিবে কেননা
কোপে আমি তোমাকে মারিলাম কিন্তু আপন অনুগ্রহে
১১ অতিস্নেহ করিয়া তোমাকে আলিঙ্গন করিব অন্য
দেশীয়েরদের ধন তোমার ঠাঁই আনিবার কারন ও
তাহারদের রাজারা ঐশ্বর্য্যেতে পরিবেষ্টিত হইয়া
আইসে এই কারন তোমার দ্বার নিত্য খোলা থাকিবেক
১২ দিনে কি রাত্রিতে সে দ্বার বন্ধ হইবে না। কেননা
যে লোকেরা ও যে রাজ্য তোমার সেবা করিতে না
চাহে তাহারদের ক্ষয় হইবে সে দেশীয়েরা সর্ব্বতো
১৩ ভাবে নষ্ট হইবে। লবাননের তেজ তোমার স্থানে
আসিবে বরোশ ও তদহর ও তাশোর বৃক্ষ একত্র হইয়া
আমার পবিত্র স্থান সুন্দর করিবার কারন আসিবে এবং
১৪ আমি আপন পাদপীঠস্থানকে সম্মান্ত করিব। এবং
তোমার অন্যায় দণ্ডকেরদের সন্তানেরা প্রনাম করত

Digitized by Google

তোমার নিকটে আসিবে এবং যাহারা তুচ্ছ করিয়া
তোমাকে দূর করিল সে সকলে তোমার চরণের ও প্রণাম
প্রণাম করিবে এবং যিহোবার নগর অথচ ইস্রায়েলের
১৫ ধর্মস্বরূপের সীয়োন এমন তাহারা তোমার নাম
রাখিবে কোন কেহ তোমা দিয়া যে গেল না
তোমার এমন ত্যক্ত ও ঘৃণিত হওনের বদলে আমি
নিত্য মহত্ত্ব ও সর্ব্ব পুরুষের আনন্দরূপ বস্তু
১৬ তোমাকে করিব। তুমি অন্য দেশীয়েরদের দুগ্ধ
চুষিবা তুমি রাজারদের বক্ষস্থলে প্রতিপালিত হইয়া
এবং আমি যে যিহোবা তোমার ত্রাণকর্তা এবং
যাকুবের পরাক্রমী যিনি তিনি যে তোমার মুক্তিদ
১৭ ইহা তুমি জানিবা। পিত্তলের বদলে স্বর্ণ এবং
লোহার বদলে রূপা এবং কাষ্ঠের বদলে পিত্তল এবং
প্রস্তরের বদলে লোহা আমি দিব তোমার প্রধানের
দিগকে আমি শান্তিরূপ এবং তোমার শাস্তিকারির
১৮ দিগকে ধর্ম্মরূপ করিব। তোমার দেশে দৌরাত্ম্য
১৯ করা ও তোমার সীমার সর্ব্বনাশ ও আপদের কথা
আর শুনা যাবে না কিন্তু তোমার প্রাচীরের নাম ত্রাণ
নাম কর এবং তোমার দ্বারের স্তুতি রাখিবা। দিনে
আলো দিবার কারণ তোমার প্রতি সূর্য্য আর হইবে
না রাত্রিতে চন্দ্রের কিরণ তোমার আলো করিবে না
কেননা যিহোবা তোমার নিত্য আলো হইবেন এবং
২০ তোমার ঈশ্বর তোমার তেজ হইবেন। তোমার
সূর্য্য আর অস্ত যাবে না এবং তোমার চন্দ্র আর



Digitized by Google

ক্ষীণ হইবে না কেননা যিহুহা তোমার নিত্য আলো
২০ হইবেন তোমার শোকের দিনও সাঙ্গ হইবে। এবং
তোমার সকল লোকেরা পুণ্যবান হইবে আমার
মাহাত্ম্য প্রকাশিত হয় এই কারণ আমার লাগা
কলম আমার হস্তকৃত ক্রিয়া যাহারা তাহারা পৃথিবীর
২২ নিত্য অধিকার পাইবে। ক্ষুদ্র যে সে সহস্র হবে
এবং ছোট যে সে বলবান এক দেশীয় লোকসমূহ
হইবে যিহুহা যে আমি উচিত কালে তাহা শীঘ্র
করিব।

পর্ব্ব যিহুহার আত্মা আমার উপরে আছে কেননা
৬১ যিহুহা আমাকে অভিষিক্ত করিয়াছেন মৃদু লোকের
দের কাছে মঙ্গল সমাচার কহিতে ভগ্নান্তঃকরণ
লোকেরদিগকে বাঁধিতে অন্য দেশে দাসত্বগ্রস্ত
লোকেরদের প্রতি মোচন প্রকাশ করিতে ও বন্দুয়ানের
দের প্রতি সম্পূর্ণ বিমোচনের সমাচার প্রকাশ করিতে
২ এবং যিহুহার গ্রাহ্য বৎসর ও আমারদের ঈশ্ব
রের প্রতিফল দেওয়ার দিন ঘোষণা করিতে এবং যাহারা
শোকান্বিত তাহারদিগকে সান্ত্বনা করিতে ও সীয়নের
৩ শোকাতুর লোকেরদিগকে হর্ষ দিতে ও ছাইর বদলে
সুন্দর মুকুট ও দুঃখের বদলে আনন্দরূপ তৈল ও
ভারাক্রান্ত মনের বদলে স্তবরূপ বস্ত্র দিতে তাহারা
মনোনীত বৃক্ষরূপে এবং যিহুহার আপন সম্ভ্রমের
নিমিত্তক উদ্যানরূপ খ্যাত হয় এই কারণে তিনি
৪ আমাকে পাঠাইয়াছেন। তোমাহইতে উৎপন্ন
যাহারা তাহারা পূর্ব্বকালের কাঁয়ড়া পুনর্ব্বার

Digitized by Google

গাঁথিবে এবং তাহারা পূর্ব্বকালের ওয়রাণকে
পুনর্ব্বরা সারিবে এবং নরশূন্য নগর ও পর্ব্বকালাবধি
৫ ওয়রাণকে ভাল করিবে। বিদেশীয়েরা খাড়া হইয়া
তোমারদের পাল চরাইবে এবং অন্য জাতীয়েরদের
সন্তানেরা তোমারদের কৃষক ও দ্রাক্ষাকৃষক হইবে
কিন্তু তোমরা যিহুহার যাজকরূপে বিখ্যাত হইবা
আমারদের ঈশ্বরের সেবক, আমারদের পদবী
৬ হইবে। তোমরা অন্য দেশীয়েরদের ধন খাইতে
পাইবা এবং তাহারদের ঐশ্বর্য্যে তোমরা দর্প কথা
৭ কহিবা। তোমারদের অপমানের বদলে তোমরা
দ্বিগুণ অধিকার পাইবা তোমারদের অসম্মানের
বদলে তোমরা তাহারদের অধিকারে আনন্দ করিবা
কেননা তাহারদের দেশে তোমরা দ্বিগুণাধিকার
পাইবা অনন্ত হর্ষরূপ অধিকারও তোমরা পাইবা।
৮ কেননা আমি বিচাররোচনকারী এবং দৌরাত্ম্য ও
অযাথার্থ্য ঘৃণাকারী যিহুহো তাহারদের ক্রিয়ার ফল
আমি তাহারদিগকে নিশ্চয় দিব এবং অক্ষয় বন্দো
৯ বস্ত তাহারদের সহিত করিব। অন্য দেশীয়
লোকেরদের মধ্যে তাহারদের সন্তানেরা এবং
লোকেরদের মধ্যে তাহারদের বংশ নামলব্ধ হইবে
তাহারা যে যিহুহার বরপ্রাপ্ত সন্তান যত লোক
তাহারদিগকে দেখে তাহারা সকলে ইহা স্বীকার
করিবে।—
১০ আমি যিহুহায় বড় আনন্দ করিব আমার ঈশ্বরে
আমার প্রাণ বড় উল্লাস করিবে কেননা যেমন বর

Digitized by Google

আপনাকে যাজকীয় মুকুটেতে বিভূষিত করে এবং
যেমন কন্যা বহুমূল্য রত্নেতে আপনাকে বিভূষিতা
করে তেমনি তিনি ত্রাণরূপ বস্ত্রেতে আমাকে পরিহিত
করিয়াছেন তিনি ধর্ম্মরূপ শালেতে আমাকে আচ্ছা
দিত করিয়াছেন।—

১১ অবশ্য যেমন পৃথিবী কোমল তৃণ বাহির করে এবং
যেমন উদ্যান বীজকে অঙ্কুর জন্মায় তেমনে যিহুহা
পরমেশ্বর ধর্ম্ম ও স্তব সকলের গোচরে অঙ্কুরিত
করিবেন। তাঁহার ধর্ম্ম যে পর্য্যন্ত বড় আলোর
৬২ ন্যায় এবং তাঁহার ত্রাণ প্রজ্বলিত তামরের মত যে
পর্য্যন্ত প্রকাশ না হয় সে পর্য্যন্ত আমি সিয়োনের
নিমিত্তে চুপ করিব না। এবং যিরোশলমের নিমিত্তে
২ বিলম্ব করিব না। অন্য দেশীয় লোকেরা তোমার ধর্ম্ম
এবং সকল রাজারা তোমার তেজ দেখিবে কেননা
যিহুহার মুখ যাহা তোমাকে দিবে এমন এক নূতন
৩ নামেতে তুমি খ্যাত হবা। তুমি যিহুহার হস্তস্থ
সুন্দর এক মুকুট এবং তোমার ঈশ্বরের মুষ্টিস্থ
৪ রাজটোপর হইবা। তুই ত্যক্ত এই কথা তোমাকে আর
কখন কহা যাইবে না তুই নরশূন্য এই কথাও তোমার
দেশকে কহা যাইবে না কিন্তু তুমি হেফসিবা * ও
তোমার দেশ বাঙলা † নামেতে খ্যাত হবে কেননা
তোমাতে যিহুহার সন্তোষ হইবে এবং তোমার

---

* অর্থাৎ তাহার প্রতি আমার সন্তোষ।—

† অর্থাৎ বিবাহিতা।—

Digitized by Google

দেশ বিবাহিত * হইবে যেহেতু যেমন যুবা পুরুষ
৫ আইবড় কন্যাকে বিবাহ করে সে মত তোমার
পুত্রেরা তোমাকে বিবাহ করিবেন এবং যেমন বর
কন্যাতে আনন্দ করে তেমনে তোমার ঈশ্বর
তোমাতে আনন্দ করিবেন।—
৬ হে যিরোশলম তোমার প্রাচীরের উপর সমস্ত
দিন আমি চৌকিদার রাখিয়াছি তাহারা ও সমস্ত
৭ রাত্রি চুপ করিবে না। হে যিহোবার নাম প্রকাশকেরা
তিনি যে পর্য্যন্ত যিরোশলম স্থির না করেন ও পৃথি
বীতে স্তবরূপ বস্তু না করেন সে পর্য্যন্ত তোমরা চুপ
করিও না এবং তাঁহাকে চুপ থাকিতেও দিও না।
৮ যিহোবা আপন দক্ষিণ হস্ত ও আপন বলবান ভুজ
লইয়া কিরা করিয়াছেন তোমার শত্রুরদের ভক্ষ্যার
কারণ আমি তোমার শস্য আর দিব না যাহার
কারণ তুমি শ্রম করিয়াছ এমন যে তোমার দ্রাক্ষ রস
তাহাও বিদেশীরদের পুত্রেরা আর পীতে পাইবে
৯ না। কিন্তু যাহারা ফসল কাটে তাহারা তাহা
খাইয়া যিহোবার স্তব করিবে এবং যাহারা দ্রাক্ষা
পাড়ে তাহারা আমার পবিত্র স্থানে রস পীবে।
১০ তোমরা যাও দ্বার দিয়া যাও লোকেরদের পথ প্রস্তুত
কর বাঁধ সড়ক বাঁধ পাথর কুড়াইয়া তাহা পরিষ্কার

---

* অর্থাৎ যেমন বিবাহিতা স্ত্রী পুরুষেতে প্রতিপালিত আছে তেমনে তোমার দেশীয় লোকেরা ঈশ্বরেতে প্রতিপালিত হইবে।—

Digitized by Google

জন্য ও দেশীয় লোকেরদের প্রতি ধ্বজ উঠা কর।
১১ দেখ পৃথিবীর সীমা পর্য্যন্ত যিহোবা এ কথা ঘোষণা
১২ করিয়াছেন তোমরা সীয়োনের কন্যাকে কহ দেখ
তোমার ত্রাণকর্ত্তা আসিতেছেন দেখ তাঁহার দাতব্য
ফল তাঁহার সহিত এবং তাঁহার কর্ম্মের ফল তাঁহার
আগে আছে। এবং তাহারা ধার্ম্মিক লোক যিহোবার
শুদ্ধত লোক এইরূপ খ্যাত হইবে। এবং তুমি বড়
ইষ্ট অথচ অত্যক্ত নগরীরূপে খ্যাত হইবা।

পর্ব্ব ৬৩

ইদোম হইতে যে আসিতেছেন বড় রক্তীকৃত বস্ত্রে ১
বস্ত্রান্বিত হইয়া বস্রা হইতে যে আসিতেছেন বস্ত্রেতে
ঐশ্বর্য্যবান আপন বলের মহত্ত্বে গমন যে করিতেছেন
২ তিনি কে? ধর্ম্ম প্রকাশকারী তারিতে শক্ত যে আমি
সে আমি। তোমার বস্ত্র রাঙ্গা এবং তোমার বেশ
৩ দ্রাক্ষাচাপ দলকের মত কেন?। আমি দ্রাক্ষাচাপ
একলা দলিয়াছি এবং লোকেরদের মধ্যে কেহ আমার
সহিত ছিল না আমি ক্রুদ্ধ হইয়া তাহারদিগকে
দলাইলাম এবং আমার কোপে তাহারদিগকে
দলিয়া ফেলিলাম তাহারদের জীবনরূপ রক্ত আমার
বস্ত্রের উপরে ছিটান গেল এবং আমি আপন সকল
৪ বস্ত্র রাঙ্গা করিয়াছি। কেননা প্রতিফল দেওয়ার
দিন আমার চিত্তে ছিল. এবং আমার মুক্ত
৫ লোকেরদের বৎসর আসিয়াছিল। এবং আমি
দৃষ্টি করিয়া দেখিলাম যে উপকার করিতে কেহ
নাই এবং ধারণ করিতে কেহ না হইলে আমি
চমৎকৃত ছিলাম অতএব আমার স্বহস্ত আমার

Digitized by Google

কারণ ত্রাণ নিরূপ করিল এবং আমার ক্রোধ
৯ আমাকে ধারণ করিল এবং আমি ক্রুদ্ধ হইয়া
লোকেরদিগকে দলিলাম আপন কোপেও তাহার
দিগকে চেপ্টা করিলাম এবং তাহারদের জীবনরূপ
রক্ত আমি মৃত্তিকায় ফেলিলাম।—
৭ আমারদিগকে যিহুহা যে সকল দিয়াছেন এবং
যিশরালের বংশেরদিগকে যে ভদ্রতার মহত্ত্ব তিনি
আপন স্নেহে এবং মহাকৃপেতে দিয়াছেন তদনুসারে
যিহুহার কৃপা অথচ যিহুহার স্তব আমি মনে
৮ করিব। কেননা তিনি বলিলেন তাহারা অবশ্য
আমার লোক মিথ্যা যে হইবে না এমন শিশু তাহারা
এবং তাহারদের সকল দুঃখে তিনি তাহারদের ত্রাণ
৯ কর্ত্তা ছিলেন। তাহারদিগকে যে ত্রাণ করিল সে
এক উকিল কিম্বা তাহার সাক্ষাতস্থ এক দূত নয়
তিনি আপন প্রেম ও স্নেহেতে আপনি তাহারদিগকে
মুক্ত করিলেন তিনি তাহারদিগকে লইয়া পূর্ব্ব
১০ কালের সমস্ত দিনও বহিলেন। কিন্তু তিনি
যাহাতে তাহারদের শত্রু হইলেন এবং তাহারদের
১১ সহিত যুদ্ধ করিলেন তাহারা এমন হস্তুত করিল এবং
তাঁহার বীর্য্যাত্মাকে শোকান্বিত করিল তিনি পূর্ব্ব কাল
১২ দীন এবং আপন দাস মোশাকে স্মরণ করিল তিনি
মোশার ডাণ্ডায় আপন তেজোময় ভুজ তাহার দক্ষিণে
১৩ তাহার সঙ্গে গমন করত এবং আপন অক্ষয় সুখ্যাতি
করণের জন্যে জল দুই ভাগ করত ও যেমন মাঠে ঘোড়া
যায় তেমনে তাহারদিগকে অবাধে গভীর স্থান

Digitized by Google

দিয়া গমন করত ও তাহারদিগকে সমুদ্রহইতে যে
১৪ রূপে আপন পালের রক্ষকের সহিত আনিলেন এবং
আপনি যে রূপে তাহার বক্ষস্থলে আপন ধর্ম্মাত্মা
দিলেন তদ্রূপে যেমন পাল নীচ ভূমিতে নামে
তেমনে য়িহুহার আত্মা তাহারদিগকে পথ দেখাইলেও তেমনে
আপনার বড় নাম করিতে তুমি আপন লোকেরদিগকে
পথ দেখাইয়াছ।—
১৫ তুমি স্বর্গহইতে দৃষ্টিপাত কর আপন পবিত্র ও
তেজোময় বসতিহইতে দেখ তোমার বাগ্গ্রতা ও মহা
পরাক্রম তোমার অন্তরের স্নেহ এবং অতি প্রেম
কোথায়? সে কি আমারদেরহইতে বাধিত আছে?।
১৬ তুমি অবশ্য আমারদের গোত্র কেননা আবরহাম
আমারদিগকে জানে না ও য়িশরাল আমারদিগকে
স্বীকার করে না হে য়িহুহা তুমি আমারদের গোত্র
আমারদিগকে আপনার নামের নিমিত্তে পরিত্রাণ
১৭ করহ। হে য়িহুহা তুমি কি নিমিত্তে আমারদিগ
কে আপন পথহইতে দিশা লাগিতে দেও এবং
আমারদের অন্তঃকরণ তোমার বিষয়ক ভয় ইহাতে
দৃঢ় যে হয় এমত করিতে কেন দেহ তুমি আপন
দাসেরদের জন্য আপন অধিকারের গোষ্ঠীরদের
১৮ জন্যই ফির। আমারদের বৈরীরা তোমার পবিত্র
১৯ পর্ব্বতাধিকার যে অবধি করিয়াছে তাহারা তোমার
পবিত্র স্থান যে অবধি দলাইয়া ফেলিয়াছে সে অতি,
অল্পকাল। যাহারদের ওপর তুমি কর্তৃত্ব না করিয়াছ
ও যাহারা তোমার নামেতে খ্যাত নয় আমরা অনেক
কাল অবধি তাহারদের মত হইয়াছি।—

Digitized by Google

পর্ব্ব ৬৪ আহা পর্ব্বতেরা তোমার সাক্ষাতে গলিয়া যায়
এই জন্যে তুমি যদি স্বর্গ ছাড়িয়া নামিবা যেমন
২ আগুন শুষ্ক ঘাস জ্বালায় ও যেমন আগুনেতে জল
ফুটায় তেমনে আপন শত্রুরদের প্রতি আপন নাম
জানাইবার কারন ও অন্যদেশীয়েরা তোমার বিদ্যমানে
৩ কম্পে এই কারণ তুমি সেমত নাম। আমা দের
অনপেক্ষিত আশ্চর্য্য ক্রিয়া যখন তুমি করিয়াছিলা
তখন তুমি নামিয়াছিলা তখন পর্ব্বতেরা তোমার
৪ বিদ্যমানে গলিয়া গেল। কেননা আপন শরণাগ
তোরদের কারণ এমন কার্য্য যে করে মনুষ্যেরা তোমা
ব্যতিরেক এমন ঈশ্বরের বিষয়ে কোন কালে
শুনিল না এবং কর্ণেতে জ্ঞাতও ছিল না এবং চক্ষুতে
৫ দেখিতেও পাইল না। যাহারা ধর্ম্ম করে যাহারা
তোমাকে তোমার পথে মনে করে তুমি সানন্দ হইয়া
তাহারদের সহিত দেখা করিতেছ। দেখ তুমি ক্রুদ্ধ
আছ কেননা আমরা পাপ করিয়াছি আমারদের
৬ ক্রিয়াতে ক্রুদ্ধ কেননা আমরা দুষ্কৃত করিয়াছি আমরা
সকল অশুচি বস্তুর ন্যায় হইয়াছি আমারদের
সকল পুণ্য ক্রিয়াও ছাড়া বস্ত্রের মত আমরা সকল
পাতার মত শুষ্ক হইয়াছি আমারদের পাপ বায়ুর
ন্যায় আমারদিগকে উড়াইয়া দূর করিয়াছে
৭ তোমার নামে যে নিবেদন করে তোমাকে ধরিতে
যে আপনাকে সচেতন করে এমন লোক কেহ
উপস্থিত নাই। অতএব আমারদের হইতে

Digitized by Google

তুমি আপন মুখ গুপ্ত রাখিয়াছ এবং আমারদের
অযাথার্থ্যের হাতে আমারদিগকে সমর্পণ করিয়াছ।
৮ কিন্তু হে যিহুহা তুমি আমারদের পিতা আমরা
মৃত্তিকা তুমি আমারদিগকে নির্ম্মাণ করিয়াছ আমরা
৯ সকল তোমার হস্তকৃত বস্তু। হে যিহুহা তুমি
অত্যন্ত ক্রুদ্ধ হইও না সদাকাল অযাথার্থ্য মনে
রাখিও না দেখ আমরা মিনতি করি আমারদের ওপর
১০ দৃষ্টি কর আমরা সকল তোমার লোক। তোমার
পবিত্র সহর অরণ্য হইয়াছে সীয়োন অরণ্য হইয়াছে
১১ যিরোশলম নরশূন্য হইয়াছে। যাহার মধ্যে
আমারদের পিতৃলোকেরা তোমার স্তুতি করিল
এমন যে আমারদের পবিত্র ও সুন্দর মন্দির সে
ঘোলোয়ানা অগ্নিতে পোড়া গিয়াছে বরং আমারদের
১২ সকল অভিলষিত দ্রব্য শ্মশানাকার হইয়াছে। হে
যিহুহা এ সকল দেখিয়া তুমি কি কিছু ক্ষমা করিবা
না? তুমি কি চুপ করিয়া থাকিবা? আমারদিগকে
মহা দুঃখ দিতে তুমি কি এখনও ছাড়িবা না?।

পর্ব্ব যাহারা আমার কারণ জিজ্ঞাসা করিল না তাহার
৬৫ দের কাছে আমি জ্ঞাপিত হইয়াছি যাহারা আমাকে
চেষ্টা না করিয়াছে তাহারা আমাকর্ত্তৃক প্রাপ্ত হইয়াছে
যে দেশীয় লোকেরা কখন আমার নামে নিবেদন করে
নাই আমাকে দেখ আমি এখানে আছি তাহার
২ দিগকে আমি এ কথা কহিয়াছি। হস্তুতি অথচ
স্বেচ্ছানুসারে কুপথগামী অথচ বাগানের মধ্যে
বলিদানকারী ও খাপরালের ওপরেতে সুগন্ধি দ্রব্য

Digitized by Google

৩ দাহক অথচ আমার বিদ্যমানে আমাকে নিত্য ক্রুদ্ধ
কারী অথচ শ্মশাননিবাসী অথচ গুহাপুরবাসী অথচ
৪ শূকর মাংসখাদক এবং তাহারদের পাত্রে ঘৃণিত
মাংসের ঝোল আছে এমন লোকেরদের কাছে
৫ আমি সমস্ত দিন হাত বিস্তার করিয়াছি। যাহারা
বলে থাক তুই আমার নিকট আসিস না কেননা
আমি তোমাহইতে শুদ্ধ। ইহারা আমার নাসিকায়
ধূমা দেয় এবং সমস্ত দিন প্রজ্বলিত অগ্নি জ্বালায়।
৬ দেখ আমার কাছে ইহা লেখা আছে যিহুহা কহেন
আমি চুপ করিয়া রহিব না কিন্তু অবশ্য প্রতিফল
৭ দিব। যিহুহা কহেন যাহারা পর্ব্বতের উপর
সুগন্ধি দ্রব্য পোড়াইয়াছে ও গিরির উপরে আমাকে
অপমান করিয়াছে তাহারদের নিজ অযাথার্থ্যের
ফল এবং তাহারদের পৈতৃক অযাথার্থ্যের ফল
আমি এক সময়ে তাহারদের নিজ বক্ষস্থলে দিব।
৮ অবশ্য তাহারদের পূর্ব্বকালের পূর্ণ পরিমাণ আমি
তাহারদের বক্ষস্থলে দিব। যিহুহা এ কথা কহেন
কেহ থোকাতে ভাল দ্রাক্ষা পাইয়া যেমন বলে তাহা নষ্ট
করিও না কেননা তাহাতে মঙ্গল আছে তেমনে আমি
আপন সেবকেরদের জন্যে করিব আমি সকলকে
৯ ধ্বংস করিব না। সে মতও আমি যাকুবহইতে এক
বীজ বাহির করিব এবং য়িহোদাহইতে আপন পর্ব্ব
তের এক অধিকারী উৎপন্ন করিব এবং আমার
মনোনীতেরা দেশের অধিকার পাইবে এবং
১০ আমার সেবকেরা সেখানে বসতি করিবে। আমার

Digitized by Google

যে লোকেরা আমাকে চেষ্টা করিয়াছে তাহারদের
কারণ শারণ মেষপালের খোঁয়াড় হবে এবং
আকরের মাঠ গরুপালের শয়নস্থান ও হবে।—
১১ কিন্তু যিহুহাকে ত্যাগ করিয়াছ এবং আমার পবিত্র
পর্ব্বত বিস্মৃত হইয়াছ ও গাদের কারণ মেজ সাজাও
এবং মেনিকে পানীয় বস্তু দেও এমন যে তোমরা
তোমাদিগকে আমি গনন করিয়া তলোয়ারেতে দিব
১২ এবং তোমরা সকলে বধের কারণ শুইবা কেননা
আমি ডাকিলাম কিন্তু তোমরা প্রত্যুত্তর দিলা না
আমি কহিলাম কিন্তু তোমরা শুনিতে চাহিলা না কিন্তু
আমার দৃষ্টিতে কুক্রিয়া যাহা তাহা করিয়াছ এবং
যাহাতে আমার সন্তোষ নয় তাহাও তোমরা পসন্দ
১৩ করিয়াছ। অতএব যিহুহা পরমেশ্বর এ কথা
কহেন দেখ আমার দাসেরা খাইতে পাইবে কিন্তু
তোমরা ক্ষুধাতুর হইবা দেখ আমার দাসেরা পীতে
পাইবে কিন্তু তোমরা তৃষাতুর হইবা দেখ আমার
দাসেরা আনন্দ করিবে কিন্তু তোমরা লাবরান হইবা।
১৪ দেখ আমার দাসেরা মনের হর্ষেতে উচ্চৈস্বরে গান
করিবে কিন্তু তোমরা মনস্তাপেতে চীৎকার করিবা
১৫ এবং ভগ্নান্তঃকরনেতে ক্রন্দন করিবা। তোমরা
ও শাপগ্রস্ত বস্তুর কারণ আপনারদের নাম আমার
মনোনীতেরদের কাছে ছাড়িয়া দিবা। যিহুহা
পরমেশ্বর তোমারদিগকে বধ করিবেন এবং আপনার
দাসেরদের আর এক নাম রাখিবেন।—
১৬ পৃথিবীতে যে জন আপনাকে আশীর্ব্বাদ করে সে

Digitized by Google

জন সত্যতার ঈশ্বর আপনাকে আশীষ দিবে এবং
পৃথিবীতে যে জন ক্রিয়া করে সে জন সত্যতার ঈশ্বর
লইয়া কিরা করিবে কেননা পূর্ব্বকালীন ক্রোধদায়ী
ক্রিয়া বিস্মৃত হইয়াছে এবং আমার দৃষ্টিহইতে আচ্ছা
১৭ দিত আছে। কেননা দেখ আমি নূতন স্বর্গ ও নূতন
পৃথিবী সৃষ্টি করি এবং পূর্ব্ব যাহা ছিল তাহা মনে
রহিবে না তাহাও আরবার মনে আসিবে না।
১৮ কিন্তু যে ভবিষ্যৎকাল আমি সৃষ্টি করি তাহাতে
তোমরা আহ্লাদ এবং উল্লাষ করিবা। কেননা দেখ
আমি য়িরোশলমকে আনন্দ করণ হেতু ও তাহার
লোকেরদিগকে হৃষ্ট হওনের হেতু সৃষ্টি করি।
১৯ এবং আমি য়িরোশলমে উল্লাষ করিব এবং
আপন লোকে আনন্দ করিব এবং তাহার মধ্যে
ক্রন্দন কিম্বা হাহাকারের নাদ আর শুনা যাবে না।
২০ অল্পায়ু বালক কিম্বা যাহার সম্পূর্ণ আয়ু নয় এমন বৃদ্ধ
মানুষ সেখানে আর হবে না। কেননা যে জন
একশত বৎসর বয়ঃক্রমে মরে সে কেবল ছোকরা
রূপে মরিবে তথাচ পাপগ্রস্ত যে একশত বৎসর বয়ঃ
২১ ক্রমে মরে সে শাপগ্রস্ত খ্যাত হবে। তাহারা ঘর
গাঁথিয়া তাহাতে বাস করিবে এবং দ্রাক্ষা ক্ষেত্রে
২২ কপিয়া তাহার ফল খাইবে। তাহারা এমন গাঁথিবে
না যে তাহাতে অন্য লোক বাস করিবে তাহারা
এমন কপিবে না যে অন্য লোকেরা তাহা ভোগ
২৩ করিবে কেননা যেমন বৃক্ষের কাল তেমনে আমার
লোকেরদের কাল হইবে ও তাহারা আপনাদের হস্ত

Digitized by Google

কৃত কার্য্য হইতে অধিক কাল থাকিবে। আমার
মনোনীতেরা নিরর্থক শ্রম করিবে না এবং অল্পায়ু
সন্তানেরদিগকে জন্মাইবে না কিন্তু তাহারদের সন্তান
তাহারদের সহিত যিহুহার বরপ্রাপ্ত সন্তান হইবে।
২৪ তাহারদের ডাকনের পূর্ব্বে আমি প্রত্যুত্তর দিব
২৫ তাহারা কহিবামাত্রেই আমি শুনিব। ভেড়িয়ান ও
মেষের বাচ্চা এক স্থানে চরিবে এবং সিংহ গরুর মত
পোয়াল খাইবে ও সর্পের ভক্ষ্য ধূলা হইবে। যিহুহা
কহেন আমার পবিত্র পর্ব্বতের সর্ব্বত্র তাহারা
হিংসা করিবে না ও নাশ করিবে না।

পর্ব্ব যিহুহা এ কথা কহেন স্বর্গ আমার সিংহাসন
৬৬ ও পৃথিবী আমার পাদপীঠ এ যে ঘর তোমরা আমার
কারণ গাঁথিতেছ সে কি? এবং আমার বিশ্রাম স্থান
২ ও কোথায়?। কেননা যিহুহা কহেন এ সকল বস্তু
আমার হাত নির্ম্মাণ করিয়াছে এবং এ সকল আমার
কিন্তু যে জন নম্র ও ভগ্নাত্মা ও আমার কথাতে ভয়
করে এমন লোকের প্রতি আমি দৃষ্টি করিব।
৩ যে জন গরু মারে সে মনুষ্য মারে যে জন
মেষের বাচ্চা বলি দেয় সে কুক্কুরের মাথা ছেদন করে।
যে জন উৎসর্গ করে সে জন শূকরের রক্ত দেয়।
যে জন সুগন্ধি দিয়া পোড়ায় সে জন দেবকে
আশীর্ব্বাদ করে তাহারাই আপনারদের পথ পসন্দ
করিয়াছে এবং তাহারদের মন তাহারদের ঘৃণিত
৪ কার্য্য ভাল বাসে। আমি তাহারদের আপদ ও পসন্দ
করিব ও তাহারা যাহা ভয় করে তাহাই তাহারদের

Digitized by Google

উপরে ঘটিবে। আমি ডাকিলাম কিন্তু কেহ প্রত্যুত্তর দিল না। আমি কহিলাম কিন্তু তাহারা শুনিতে চাহিল না যাহা আমার দৃষ্টিতে কুকর্ম্ম তাহা তাহারা করিয়াছে এবং যাহাতে আমার তুষ্টি নাই তাহা তাহারা পসন্দ করিয়াছে। সেই কারণ আমি তাহা করিব।—

৫ হে য়িহ্‌হার বাক্যেতে ভীতেরা তোমরা য়িহ্‌হার কথা শুন তোমারদের যে ভ্রাতারা তোমারদিগকে ঘৃণা করে এবং যাহারা আমার নামের কারণ তোমারদিগকে ঠেলিয়া ফেলে তাহারদের কাছে কহ য়িহ্‌হার নাম অবশ্য চলিবে তিনি প্রকাশিত হবেন। তোমার আনন্দের কারণেই তিনি প্রকাশিত হবেন এবং তাহারা উত্তর রহিত হইবে।—

৬ নগরহইতে হুড়াহুড়ি শব্দ ও মন্দির হইতে এক শব্দ শুনা যায় আপন শত্রুরদিগকে কর্ম্মের প্রতিফল দেওনের জন্যে য়িহ্‌হার শব্দ শুনা যায়।

৭ যন্ত্রণার পূর্ব্বে সেই প্রসব হইল গর্ভ্বেয়িহ্‌হা কহেন

৮ পুত্র প্রসব হইল এই প্রকার কথা কে শ্রবণ করিয়াছে? এ কার্য্যের মত কার্য্য কে দেখিয়াছে? এক দিবসে রাজ্যসমূহ কি প্রসব হয়? কোন দেশীয় লোকসমূহ এক নিমেষে কি জন্মে? কেননা সীয়নের গর্ব্ভব্যথা হইবামাত্রেই তাহার সন্তান

৯ প্রসব হইল। য়িহ্‌হা কহেন আমি কি জন্মকাল পর্য্যন্ত রক্ষা করিয়া ও প্রসব করাইব না? তোমার ঈশ্বর বলেন জন্মদাতা যে আমি আমি কি প্রসব

Digitized by Google

১০ বারণ করিব ?। হে যিরোশালমের প্রেমকারিরা
১১ তাহার সহিত আনন্দ ও উল্লাস কর হে তাহার
নিমিত্তক শোকান্বিত লোকেরা তোমরা তাহার সান্ত্বনা
কারি স্তন্য পানেতে পরিতুষ্ট হওনের জন্যে এবং
তাহার বড় সম্পদ হইতে দুগ্ধ ও বাহির করিবার
কারণ তাহার বিষয়ে মহা আনন্দিত হও।
১২ কেননা যিহোবা এ কথা কহেন দেখ যেমন বড়
নদী তেমন তাহার প্রতি আমি মঙ্গল ছায়া করিব
এবং যেমন উচ্ছলিত শ্রোত তেমন দেশীয়েরদের
ধনরূপ সঞ্চরণ করিব এবং তোমরা স্তন্য পান
করিবা এবং কোলে করিয়া বাহিত হইবা এবং হাঁটুর
১৩ ওপর নাচান যাইবা। মাতৃকর্ত্তৃক সান্ত্বিত কোন
জনের মত আমি তোমারদিগকে সান্ত্বনা করিব ও
১৪ তোমরা যিরোশালমে সান্ত্বনা পাইবা। তোমরা
তাহা দেখিতে পাইবা এবং তাহা দেখিলে তোমার
ও অন্তঃকরণ আনন্দ করিবে তোমারদের হাড়ও
কচি ঘাসের মত তেজস্বী হইবে। এবং যিহোবার
হাত আপন দাসেরদের কাছে প্রকাশিত হইবে ও
তিনি আপন শত্রুরদের বিরুদ্ধে ক্রোধেতে আলোড়িত
১৫ হইবেন। কেননা দেখ যিহোবা আপন ক্রোধকে
নিশ্বাসরূপে ও আপন ধমকানিকে অগ্নির শিখার
ন্যায় নিশ্বাসরূপে ছাড়িতে যিহোবা অগ্নির মত
আসিবেন এবং তাহার রথ ঘূর্ণীয়ে বায়ুর মত
১৬ হবে। কেননা যিহোবা অগ্নি দিয়া এবং আপন
তলোয়ার দিয়া সকল প্রাণিরদের বিচার করিবেন

Digitized by Google

১৭ এবং য়িহুহাতে হত অনেক হইবে। আমাদের
ব্যবস্থানুসারে শূকরমাংস ও হারাম বস্তু ও মূষিকা
খাদকেরদের মধ্যে উদ্যানে যাহারা আপনার
দিগকে পবিত্র করে ও আপনারদিগকে পরিষ্কার করে
১৮ য়িহুহা কহেন তাহারা এক কালে নষ্ট হইবে কেননা
আমি তাহারদের ক্রিয়া ও তাহারদের ভাওনা জানি
এবং আমি সকল দেশীয়েরদিগকে ও সকল ভাষির
দিগকে একত্র করিতে আইসি এবং তাহারা আসিয়া
১৯ আমার মাহাত্ম্য দেখিবে। এবং আমিতাহারদিগ
কে এক চিহ্ন দিব এবং যাহারা বাঁচে তাহারদের
কতক জন অন্য দেশীয়েরদের কাছে আমি পাঠাইব
অর্থাৎ ধনুর্দ্ধর তার্শিশ ও পূল ও লদীয়েরদের কাছে
ও দূর সীমাস্থ তুবল ও য়িওনের কাছে ও যাহারা
আমার নাম কখন শুনিল না ও যাহারা আমার
ঐশ্বর্য্য কখন দেখিল না তাহারদের কাছে পাঠাইয়া
দিব এবং তাহারা অন্যদেশীয় লোকেরদের মধ্যে
২০ আমার ঐশ্বর্য্যের প্রশংসা করিবে। য়িহুহা কহেন
য়িশরায়েলের সন্তানেরা যেমত পবিত্র পাত্র করিয়া
য়িহুহার দ্বারে নৈবেদ্য আনিল তেমনেও তাহারা
ঘোড়া ও পালকি ও ডুলি ও খচর ও উট আরুঢ় হইয়া
য়িহুহার প্রতি উৎসর্গের জন্যে সর্ব্ব দেশীয়েরদের
হইতে য়িরোশলমে অর্থাৎ আমার পবিত্র পর্ব্বতে
২১ তোমার সকল ভ্রাতারদিগকে আনিবে। য়িহুহা



Digitized by Google

কহেন তাহারদের কতক জন পুরোহিত ও লেবীয়রদের
২২ কারণ আমি লইব। কেননা যিহোহা কহেন যে নূতন
স্বর্গ ও নূতন পৃথিবী আমি সৃষ্টি করি তাহা যেমন
আমার বিদ্যমানে স্থির রহে তেমনে তোমার সন্তা
২৩ নেরা এবং তোমার নাম থাকিবে। যিহোহা
কহেন এমনও হইবে প্রতি অমাবস্যায় ও প্রতি শাবতে
সকল প্রাণিরা আমার স্থানে ভজনা করিতে আসিবে।
২৪ যে লোকেরা আমার আজ্ঞা লঙ্ঘন করিল তাহারদের
শব তাহারা * বাহিরে যাইয়া দেখিবে কেননা তাহারদের
কীট মরিবে না এবং তাহারদের অগ্নি ও নিবিয়া
যাবে না এবং তাহারা প্রত্যেক প্রাণির ঘৃণিত বস্তু
হইবে।—

---

* অর্থাৎ যাহারা ভজনা করিতে আসিবে।

Digitized by Google

# য়িরমীয়াহের ভবিষ্যদ্বাক্য।—

## ১ প্রথম পর্ব্ব।—

১ আমোনের পুত্র য়িহোদাদেশের য়োশীয়া রাজার
অধিকার কালে অর্থাৎ তাঁহার অধিকারের ত্রয়োদশ
২ বৎসরে এবং য়িহোদার রাজা য়োশীয়ার পুত্র
য়িহোয়াকিমের কালে য়িহোদা দেশের য়োশীয়া
রাজার সিদকীয়া নামে সন্তানের একাদশ বৎসর
৩ পর্য্যন্ত অর্থাৎ পঞ্চম মাসে য়িরূশালমের পরদেশে
লইয়া যাওয়া পর্য্যন্ত য়িহোবার বাক্য যাহার কাছে
প্রকাশ করা গেল এমন যে বেনিয়মীন দেশীয় অনাথোত
নগরস্থ যাজকেরদের মধ্যে হিল্কীয়ার পুত্র য়িরমীয়া
তাঁহার বাক্য এই।—
৪ তৎকালে য়িহোবার এ কথা আমার কাছে প্রকাশ
৫ করা গেল আমার তোমাকে উদরের মধ্যে নির্ম্মাণ
করণের পূর্ব্বে আমি তোমাকে জানিলাম এবং তোমার
গর্ভহইতে বাহির হবার পূর্ব্বে আমি তোমাকে
পবিত্র করিলাম এবং নানা দেশীয় লোকেরদের নিকটে
ভবিষ্যদ্বক্তার পদে তোমাকে নিযুক্ত করিলাম।—
৬ তখন আমি কহিলাম আহা পরমেশ্বর য়িহোবা
৭ আমি কথা কহিতে জানি না কেননা আমি বালক কিন্তু
য়িহোবা আমাকে কহিলেন আমি বালক এই কথা
কহিও না কেননা আমি যে সকলের কাছে তোমাকে

Digitized by Google

পাঠাই তাহারদের কাছে তুমি যাবা এবং যাহাং আমি
৮ তোমাকে আজ্ঞা দি সে কথা তুমি কহিবা। তাহার
দের মুখহইতে ভয় করিও না কেননা য়িহুহা কহেন
তোমার উদ্ধার করিবার কারণ আমি তোমার সহিত
৯ থাকি। তখন য়িহুহা আপন হাত বাহির করিয়া
আমার মুখ স্পর্শ করিলেন পরে য়িহুহা আমাকে
কহিলেন দেখ আমি আপন কথা তোমার মুখে দিয়াছি
১০ দেখ উপড়াবার ও ভাঙ্গিয়া ফেলিবার ও নষ্ট করিবার ও
দেশান্তর করিবার ও গাঁথিবার ও রূপিবার কারণ আমি
আজি তোমাকে সর্ব্বদেশীয় লোকেরদের ও রাজ্যের
দের উপরে নিযুক্ত করিয়াছি।

১১ অপর য়িহুহার এ কথা আমার নিকটে প্রকাশিত
হইয়া কহিল হে য়িরমীহা তুমি কি দেখিতেছ? আমি
১২ কহিলাম আমি বাদাম বৃক্ষের এক লাঠি দেখি এবং
য়িহুহা আমাকে কহিলেন তুমি উত্তম দেখিয়াছ
কেননা আমি আপন বাক্য প্রত্যক্ষ করিবার কারণ
১৩ তাহার উপর চৌকি দিব। দ্বিতীয়বার য়িহুহার কথা
আমার কাছে প্রকাশিত হইয়া কহিল তুমি কি দেখ?
তাহাতে আমি কহিলাম আমি পাক করিবার এক
১৪ হাঁড়ি দেখি তাহার মুখ উত্তরদিগে। তখন য়িহুহা
আমাকে কহিলেন উত্তর দেশহইতে দেশের সকল
১৫ নিবাসিরদের উপরে অমঙ্গল বাহির হইয়া আসিবে।
কেননা য়িহুহা কহেন দেখ আমি উত্তর রাজ্যের
দের সকল বংশেরদিগকে ডাকিব এবং তাহারা
আসিবে এবং প্রত্যেক জন আপনং সিংহাসন

Digitized by Google

যিরোশালমের দ্বারের প্রবেশ স্থানে এবং তাহার
চতুর্দ্দিগের সকল প্রাচীরের কাছে এবং যিহোদা
১৬ দেশের সকল সহরের কাছে স্থাপন করিবে এবং
যাহারা আমাকে ত্যাগ করিয়াছে ও আর দেবতার
দের নিকট ধূপ পোড়াইয়াছে এবং আপনারদের
হস্তকৃত বস্তুর কাছে দণ্ডবৎ প্রণতি করিয়াছে সে
লোকেরদের সকল দুষ্টতার বিষয়ে আমি আপন
কর্ত্তৃক শাস্তি দেওন তাহারদের বিপরীতে প্রকাশ
করিব।—
১৭ অতএব তুমি আপন কমর বাঁন্ধিয়া ওঠ এবং
আমি যে আজ্ঞা তোমাকে দি সে সকল কথা তাহার
দিগকে কহ তাহারদের মুখহইতে ভয়ান্বিত হইও না
পাছে আমি তোমাকে তাহারদের সাক্ষাতে ভয়াকুল
১৮ করি। কেননা দেখ আমি আজি তোমাকে প্রাচীর
বেষ্টিত নগর ও লোহার স্তম্ভ ও পিত্তলের দেয়ালের
ন্যায় সমুদায় দেশের বিরুদ্ধে করিয়াছি অর্থাৎ
য়িহোদা দেশের রাজারদের ও অধ্যক্ষেরদের ও
পুরোহিতেরদের ও দেশীয় লোকেরদের বিরুদ্ধে।
১৯ এবং তাহারা তোমার সহিত যুদ্ধ করিবে কিন্তু
তোমাকে পরাস্ত করিবে না কেননা যিহুহা কহেন
তোমাকে উদ্ধার করিবার জন্যে আমি তোমার সঙ্গে
থাকি।—

পর্ব্ব ২
পুনশ্চ যিহুহার বাক্য আমার কাছে প্রকাশিত
হইয়া কহিল তুমি যাইয়া যিরোশালমের কর্ণ
গোচরে উচ্চৈঃস্বরে কহ যিহুহা একথা কহেন

Digitized by Google

আমি তোমার স্মরণ করি অরণ্যের মধ্যে অর্থাৎ
পতিত এক দেশের মধ্যে আমার পশ্চাৎ গমনেতে
তোমার যৌবনাবস্থার প্রীতি ও তোমার বিবাহ কালের
৩ প্রেম আমি স্মরণ করি। যিশরায়েল যিহুহার কারণ
পবিত্র ছিল এবং তাঁহার অধিকারের প্রথম ফল
যাহারা তাঁহাকে খাইয়া ফেলে সে সকলের দোষ হবে
যিহুহা কহেন অমঙ্গল তাহারদের উপরে ঘটিবে।
৪ হে যাকুবের বংশ হে যিশরায়েলের গোষ্ঠীর সকল
৫ বংশ তোমরা যিহুহার কথা শুন। যিহুহা এ কথা
কহেন তোমারদের পিতৃলোকেরা যে আমাকে ত্যাগ
করিয়াছে এবং অবস্তুতার পশ্চাদ্বর্ত্তী হইয়াছে এবং
৬ অনর্থক হইয়াছে ইহাতে তাহারা আমার মধ্যে কি
অধর্ম্ম দেখিয়াছে? আমারদিগকে মিসর দেশহইতে
আনিয়াছেন এবং বন ও গর্ত্তময় দেশ নির্জ্জল দেশ ও
মৃত্যুর ছায়াময় দেশ ও যাহার মধ্য দিয়া কেহ যায় নাই
কেহ বাস করে নাই এমন যে অরণ্য তাহার মধ্য
দিয়া আমারদিগকে পথ দেখাইলেন যে যিহুহা তিনি
৭ ও সে থাকে কোথায়? এই কথা তাহারা কহিল না।
তাহার ফল ও উত্তমতা খাইবার নিমিত্তে আমি তোমার
দিগকে ফলবৎ দেশে আনিলাম কিন্তু তোমরা প্রবেশ
করিয়া আমার দেশ অশুচি করিলা এবং আমার অধি
৮ কার ঘৃণাই করিলা। যিহুহা কোথায়? যাজকেরা এই
কথা কহিল না এবং যাহারা শাস্ত্র ব্যবসা করে
তাহারা আমাকে জানিল না রক্ষকেরা আমার আজ্ঞা
লঙ্ঘন করিল ভবিষ্যদ্বক্তারা বাত্রলের নাম করিয়া


Digitized by Google

ভবিষ্যদ্বাক্য কহিল এবং অনর্থক বস্তুর পশ্চাদ্গামী
৯ ছিল। অতএব যিহুহা কহেন আমি তোমারদের
বিচার করিব এবং তোমারদের সন্তানেরদের বিচার
১০ ও আমি করিব। কেননা কিত্তিম উপদ্বীপে পার হইয়া
দেখ এবং কেদরে লোক পাঠাইয়া যত্নে বিবেচনা কর
১১ এবং দেখ এ প্রকার বিষয় হয় কি না। দেবতারা
ঈশ্বর নয় কিন্তু কোন দেশীয় লোকেরা আপনারদের
দেবতারদিগকে কি বদল করিয়াছে? কিন্তু যাহাতে
কিছু লাভ নাই এমন বস্তুর কারণ আমার লোকেরা
১২ আপনারদের গৌরব * বদল করিয়াছে। হে স্বর্গেরা
১৩ তোমরা ইহাতে চমৎকৃত হও এবং ঘোর ভয়েতে
ভীত হইও যিহুহা কহেন তোমারা অতিশয় শূন্য হও
কেননা আমার লোকেরা দুই দোষ করিয়াছে অমৃত
জলের উনুই যে আমি আমাকে তাহারা ত্যাগ করি
য়াছে এবং আপনারদের নিমিত্তে হৌজ অর্থাৎ কিছু
জল যাহাতে ধরে না এমন ভাঙ্গা হৌজ খুদিয়াছে।
১৪ যিশরাল কি এক চাকর? সে কি গৃহজাত এক
১৫ দাস সে কেন লটহলে হইয়াছে? যুবা সিংহেরা
তাহার উপরে গর্জ্জন করিল ও হুঙ্কার শব্দ করিল
তাহারা তাহার দেশ ওএরান করিল তাহার নগরেরা
১৬ নরশূন্য হইয়া পোড়ান গিয়াছে। নফের ও তাহ
পনসের সন্তানেরা ও তোমার মাথার তালুয়া
১৭ ভাঙ্গিয়াছে। যিহুহা তোমার ঈশ্বর যখন
তোমাকে পথে লওয়াইলেন তখন তাঁহাকে ত্যাগ

* অর্থাৎ আপনারদের ঈশ্বরকে।

Digitized by Google

করনেতে তুমি কি আপনার জন্যে ইহা না
১৮ পাওয়াইয়াছ? এবং এখন শিহোরের জল পান করিবার
জন্যে মিসরের পথে তোমার কি কার্য্য? কিম্বা নদীর
জল পান করিবার কারণ আশোরের পথে তোমার
১৯ কি কার্য্য? তোমার আপনার দুষ্টতা তোমাকে
শাস্তি দিবে এবং তোমার আপনার পিছলিয়া পড়া
তোমাকে অনুযোগ করিবে অতএব তোমার আপন
ঈশ্বর যিহুহার ত্যাগ করা এবং আমার বিষয়ক
ভয়ের তোমার মধ্যে না হওয়া সৈন্যের যিহুহা পর
মেশ্বর কহেন এইও যে অতিমন্দ ও তিক্ত বিষয় তুমি
২০ জান এবং ইহা দেখ। কেননা পূর্ব্ব কালে আমি
তোমার যোঁয়াল ভাঙ্গিয়াছি ও তোমার বন্ধন ছিড়ি
য়াছে এবং তুমি প্রত্যেক উচ্চ পর্ব্বতের ওপর ও প্রত্যেক
সবুজ বৃক্ষের নীচে ব্যভিচার ক্রিয়া করত ভ্রমণ করি
য়াছে তথাচ তুমি কহিয়াছ আমি আজ্ঞা লঙ্ঘন করিব
২১ না। কিন্তু শ্রেষ্ঠ দ্রাক্ষা লতা সমুদায় প্রকৃত বীজ
রূপে আমি তোমাকে রোপণ করিয়াছিলাম তবে
তুমি আমার প্রতি অন্য প্রকার দ্রাক্ষা লতার বিকৃত
২২ পল্লবরূপে কেমনে কৃত হইয়াছ? কেননা তুমি
যদি আপনাকে শোরা দিয়া ধোও এবং অনেক
সাবন যদি লও তথাপি তোমার অযাথার্থ্য আমার
গোচরে চিহ্নিত আছে যিহুহা পরমেশ্বর এ কথা
২৩ কহেন। আমি অশুচি নাই আমি বাআলের
পশ্চাদ্বর্ত্তী হইলাম না এই কথা তুমি কি রূপে
কহিতে পার? যাতে তোমার গতি এই দেখ তুমি

Digitized by Google

আপন কৃত ক্রিয়া জান তুমি আপন পথে গমনকারী
২৪ বেগগামী উষ্ট্র আপন ইচ্ছাতে বায়ু পানকারী বন্য
বনচর গর্দ্দভ তাহার পুরুষ চেষ্টার কালে তাহাকে
ফিরাইবে কে ? তাহাকে চেষ্টা করে যাহারা তাহারা
আপনারদিগকে ক্লান্ত করিবে না তাহার মাসে *
২৫ তাহারা তাহাকে পাইবে। তুমি আপন পায়ের শূন্য
করা ও আপন গলার পিপাসত হওয়ার নিষেধ কর।
কিন্তু তুমি কহিয়াছ ভরসা কিছু নাই কেননা আমি অন্য
জাতীয় লোকেরদিগকে প্রেম করিয়াছি এবং তাহার
২৬ দের পাছে যাইব। চোর ধরা গেলে যেমন লজ্জিত হয়
তেমনে যিশরালের বংশ লজ্জিত হইয়াছে তুমি আমার
পিতা গুঁড়িকে এই কথা কহত এবং তুমি আমাকে
প্রসব করিয়াছ প্রস্তরকে এই কথা কহত তাহারা
ও তাহারদের রাজার ও তাহারদের অধ্যক্ষেরা ও
তাহারদের পুরোহিতেরা ও তাহারদের ভবিষ্যদ্বক্তারা
২৭ লজ্জিত হইয়াছে। কেননা তাহারা পিঠ আমার প্রতি
ফিরাইছে এবং মুখ ফিরায় নাই কিন্তু তাহারা আপন
দুঃখের কালে বলিবে তুমি ওঠ আমারদের নিস্তার কর।
২৮ কিন্তু আপনার কারণ যে দেবতারদিগকে তুমি করি
য়াছ সে তোমার দেবতারা কোথায় ? তাহারা উঠিয়া
তোমাকে তোমার দুঃখের কালে নিস্তার করুক কেন
না হে যিহোদা তোমার নগরের সংখ্যানুসারে তোমার
২৯ দেবতা আছে। তুমি কেন আমার সহিত উত্তর

* অর্থাৎ তাহার প্রসব কালে।

প্রত্যুত্তর করিবা ? যিহোবা কহেন তোমরা সকলে
৩০ আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছ। তোমারদের সন্তানের
দিগকে আমি বৃথা প্রহার করিয়াছি তাহারা শাসিত
হইল না তোমারদের আপনার তলওয়ার নাশক সিং-
হের মত তোমারদের ভবিষ্যদ্বক্তাদিগকে খাইয়া
৩১ ফেলিয়াছে। হে লোকেরা তোমরা যিহোবার কথা
দেখ আমি কি যিশ্রায়েলের প্রতি অরণ্যস্বরূপ কিম্বা অন্ধ
কারময় দেশরূপে হইয়াছিলাম ? আমরা প্রভু আমরা
তোমার নিকটে আর আসিব না এই কথা আমার
৩২ লোকেরা কেন কহে ? । কোন কন্যা কি আপন অলঙ্কার
কিম্বা বিবাহিতা কন্যা কি আপন বেশ বিস্মৃতা হইতে
পারে ? কিন্তু আমার লোকেরা অসংখ্য দিন আমাকে
৩৩ বিস্মৃত হইয়াছে। প্রেম চেষ্টা করিবার নিমিত্তে তুমি
কেন আপনাকে এমত বিভূষিতা কর ? তুমি আপন
৩৪ দুষ্ট পথ শিক্ষা করাইয়াছ। অকিঞ্চন নির্দ্দোষির
দের প্রাণের রক্ত ও তোমার বস্ত্রের আঁচলে পাওয়া
গিয়াছে আমি গুপ্ত চেষ্টার দ্বারা তাহা পাই নাই কিন্তু
৩৫ এ সকলের উপরে পাইয়াছি। তুমি কহিতেছ আমি
পাপ করি নাই সে কারণ তাঁহার ক্রোধ অবশ্য আমা
হইতে ফিরান যাইবে। আমি পাপ করি নাই এই
কথা তুমি কহিতেছ এই কারণে দেখ আমি তোমার
৩৬ সহিত বিচার করিব। তুমি আপন গতি অন্য
প্রকারে করিতে এমন ভ্রমণ করিতেছ কেন ? তুমি
যেমন আশোরের বিষয়ে লজ্জিত ছিলা তেমনে মিস্রের
বিষয়ে লজ্জিত হইবা তুমি অবশ্য আপন মাথায় হাত

Digitized by Google

৩৭ দিয়া তাহার নিকট হইতে যাইবা কেননা যিহহা
তোমার বিশ্বাস পাত্রেরদিগিকে হেয়জ্ঞান করিয়াছেন
এবং তুমি তাহাতে ভাগ্যবান হইবা না।—

পর্ব্ব লোকে কহে কেহ আপন স্ত্রীকে যদি ত্যাগ করে ও
৩ সে স্ত্রী তাহার নিকটহইতে যাইয়া যদি আর কাহার
ভার্য্যা হয় তবে সে পুরুষ কি তাহাকে গ্রহণ করিবে?
করিলে সে দেশ কি বড় অশুচি তাহাতে হবে না?
কিন্তু তুমি অনেক প্রেমকারিরদের সহিত ব্যভিচার
ক্রিয়া করিয়াছ তথাপি যিহহা কহেন তুমি আমার
প্রতি আরবার ফিরিয়া আইস।
২ তুমি সকল বেদির প্রতি চক্ষু উঠাইয়া দেখ যেখানে
তুমি ব্যভিচারিণী না হইয়াছ এমন স্থান কোথায়?
বনে আরাবী মানুষ যেরূপ করে তেমনে তুমি তাহার
দের কারণ বসিয়া রহিয়াছ এবং তুমি আপন ব্যভি
৩ চার ও দুষ্ট ক্রিয়া দ্বারা দেশকে অশুচি করিয়াছ। সে
কারণে বৃষ্টি নিবারিত হইয়াছে এবং শেষ বর্ষা
হইল না। বেশ্যার কপাল তোমার ছিল তুমি
৪ লজ্জিত হইতে হেয়জ্ঞান করিয়াছ। হে আমার
৫ পিতা তুমি আমার যৌবনাবস্থার পথদর্শক আপনি
কি সর্ব্বদা ক্রোধ পালন করিবেন? আপনি কি
শেষ পর্য্যন্ত তাহা পালন করিবেন? তুমি এই কাল
অবধি কি আমার কাছে এ কথা কহিয়া ডাকিবা না?
দেখ তুমি আপন সামর্থ্য পর্য্যন্ত দুষ্ট কথা কহিয়াছ
এবং কুক্রিয়া করিয়াছ।—
৬ যুশীহা রাজার কালে যিহহা আমাকে কহিলেন

Digitized by Google

পিছলিয়া পড়া যিশরাল যাহা করিয়াছে তুমি কি তাহা
দেখিয়াছ ?। সে পুতি উচ্চ পর্ব্বতের উপরে ও পুতি
তাজা গাছের নীচে গিয়াছে ও সে খানে ব্যভিচার
৭ ক্রিয়া * করিয়াছে। তাহার এ সকল কার্য্য করণের
পরে আমি তাহাকে কহিলাম তুমি আমার কাছে
ফিরিয়া আইস কিন্তু সে ফিরিয়া আইল না
এবং তাহার বিশ্বাসঘাতিনী ভগিনী য়হোদা তাহা
৮ দেখিল। এবং আমি দেখিলাম যখন পিছলিয়া
পড়া যিশরাল যেই কারণ ব্যভিচার ক্রিয়া করিয়াছিল
সে সকল কারণে আমি তাহাকে ত্যাগ করিয়াছি
লাম ও ত্যাগ পত্র দিয়াছিলাম তথাপি তাহার বিশ্বাস
ঘাতিনী ভগিনী ভয় করিল না কিন্তু যাইয়া ব্যভিচার
৯ ক্রিয়া করিল। এবং তাহার ব্যভিচার ক্রিয়ার লঘুতাতে
এই মত হইয়াছিল যে সে দেশকে অশুচি করিল এবং
১০ পাথর ও গুঁড়িরদের সহিত ব্যভিচার ক্রিয়া করিল।
কিন্তু যিহুহা কহেন এ সকলের পরে ও তাহার বিশ্বাস
ঘাতিনী ভগিনী য়হোদা সকল অন্তঃকরণের সহিত
১১ আমার কাছে ফিরিয়া আইসে নাই কিন্তু মিথ্যারূপে।
এবং যিহুহা আমাকে এ কথা কহিলেন বিশ্বাসঘাতিনী
য়হোদা হইতে পিছলিয়া পড়া যিশরাল আপনাকে
নির্দ্দোষী করিয়াছে।

---

* অর্থাৎ ব্যভিচারিণী স্ত্রী যেরূপ আপন স্বামী বই অনেক পুরুষেরদের সহিত কুক্রিয়া করে তেমন যিশরাল লোক আমাকে ত্যাগ করিয়া দেবেরদের পূজা করিয়াছে।

Digitized by Google

১২ তুমি ঔত্তরদিগে যাইয়া এ কথা ঘোষণা করিয়া কহ
যিহুহা এ কথা কহেন হে পিছলিয়া পড়া যিশরায়েল
তুমি ফিরিয়া আইস তাহাতে আমি আপন ক্রোধ
তোমারদের উপরে ফেলাইব না কেননা যিহুহা কহেন
আমি দয়ালু এবং ক্রোধ নিত্য পালন করিব না।
১৩ কেবল তুমি যে আপন ঈশ্বর যিহুহার আজ্ঞা লঙ্ঘন
করিয়াছ এবং প্রতি তাজা বৃক্ষের তলে আপন
গমন ছিটাইয়া দিয়াছ এবং যিহুহা কহেন আমার
কথানা মানিয়াছ এই তোমার অযাথার্থ্য স্বীকার
১৪ কর। যিহুহা কহেন হে পিছলিয়া পড়া সন্তানেরা
তোমরা ফির কেননা আমি তোমারদের স্বামী
এবং আমি নগরের মধ্যে এক জনকে ও পরিজনের
মধ্যে দুই জনকে এই মত তোমারদিগকে লইয়া
১৫ সীয়োনে আনিব এবং তোমারদিগকে জ্ঞান ও বুদ্ধি
রূপ ভক্ষ্যেতে ভোজন করাইব এবং আপন অন্তঃ
করণানুসারে রক্ষকেরদিগকে তোমারদিগকে আমি
১৬ দিব। এবং এই মত হইবে তোমরা দেশে অনেক হরা
গেলে ও বর্দ্ধিত হইলে যিহুহা কহেন সে কালে
যিহুহার বন্দোবস্তরূপ সিন্দুক এই কথা তাহারা আর
কহিবে না এবং সে ও তাহারদের মনে আর আসিবে
না এবং তাহারা তাহার স্মরণও আর করিবে না
এবং তাহারা তাহার দর্শন করিতেও যাইবে না সে
১৭ আরও করা যাবে না। সেকালে যিরোশলমকে
কে তাহারা যিহুহার সিংহাসন নামেখ্যাত করিবে
এবং সকল জাতীয় লোক তাহারকাছে সংগৃহীত

Digitized by Google

হবে অর্থাৎ যিরোশালমে যিহুহার নামের কাছে
এবং তাঁহারা আপনারদের দুষ্ট অন্তঃকরণের ভাব
১৮ বের অনুসারে আর আচরণ করিবে না। সে
সময় যাহুদার বংশ যিশরায়েলের বংশের সহিত
গমনাগমন করিবে এবং তাহারা এক যোগে
উত্তর দেশহইতে যে দেশ আমি অধিকারের জন্যে
তোমারদের পিতৃলোকেরদিগকে দিলাম সে দেশে
১৯ আসিবে। কিন্তু আমি কহিলাম আমি কেমন করিয়া
শিশুরদের মধ্যে রাখিব এবং তোমাকে সুন্দর দেশ
দিব অর্থাৎ অন্যদেশীয় লোকেরদের সৈন্যেরদের
উত্তম অধিকার? আরবার আমি কহিলাম তুমি
আমকে হে আমার পিতা এমত বলিয়া ডাকিবা এবং
২০ আমাহইতে ফিরণ যাইবা না। যিহুহা কহেন অবশ্য
স্ত্রী লোক বিশ্বাসঘাতিনী হইয়া যেরূপ আপন ভর্ত্তাকে
ত্যাগ করিয়া যায় তেমনে হে যিশরায়েল বংশ তোমরা
২১ আমার কাছে বিশ্বাসঘাত করিয়াছ। শুষ্ক স্থানের
উপরে শব্দ শুনা গিয়াছে অর্থাৎ যিশরায়েলের সন্তানের
দের ক্রন্দন ও বিনয় কথা কেননা তাহারা আপনারদের
পথ বিপথরূপ করিয়াছে এবং আপনারদের ঈশ্বর
২২ যিহুহাকে বিস্মৃত হইয়াছে। হে পিছল্যা পড়া শিশুরা
তোমরা ফির এবং আমি তোমারদের পিছল্যা পড়া
ভাল করিব। দেখ আমরা তোমার কাছে আইলাম
২৩ কেননা তুমি যিহুহা আমারদের ঈশ্বর। অবশ্য
পর্ব্বতহইতে এবং পর্ব্বতের অনেকত্বহইতে নিস্তারের
অপেক্ষা বৃথা অবশ্য আমারদের ঈশ্বর যিহুহাহইতে

Digitized by Google

২৪ যিশ্রায়েলের নিকটায়।  কেবল আমারদের যৌবনা
কালাবধি আমারদের পিতারদের যে শ্রম অর্থাৎ
তাহারদের মেষ গবাদি পশু ও তাহারদের পুত্রেরা ও
কন্যারা এই লজ্জাতে খাইয়া ফেলিয়াছে।
২৫ আমরা আপনারদের অপমানে শুইয়া থাকি আমার
দের লজ্জা আমারদিগকে আচ্ছাদন করে  কেননা
আমারদের যৌবন কালাবধি আজি পর্য্যন্ত আমরা
অর্থাৎ আমরা ও আমারদের পিতৃলোকেরা আমার
দের ঈশ্বর যিহোবার বিরুদ্ধে পাপ করিয়াছি  এবং
আমারদের ঈশ্বর যিহোবার কথা মানি নাই।—

পর্ব্ব যিহোবা কহেন হে যিশ্রায়েল যদি তুমি ফিরিয়া আসি
৪ তে চাহ তবে আমার কাছে ফিরিয়া আইস  এবং
তুমি যদি আমার দৃষ্টিহইতে আপনার ঘৃণার্হ ক্রিয়া
দূর করিতে চাহ  তবে তুমি স্থানান্তরীকৃত হইবা না
২ এবং সত্যতাতে ও বিচারেতে ও যাথার্থ্যে তুমি কিরা
করিয়া যিহোবা জীবৎ এই কথা কহিবা এবং সর্ব্ব
জাতি তাঁহাতে আপনারদিগকে আশীঃপ্রাপ্ত করিয়া
মানিবে ও তাঁহাতে দর্পকথা কহিবে।

৩ কেননা যিহোবা যিহূদার ও যিরোশালমের লোকের
দিগকে এ কথা কহেন তোমরা আপনারদের পতিত
৪ ভূমি চস কাঁটার মধ্যে বীজ বুনিও না।  হে যিহূদা
লোকেরা ও যিরোশালম নিবাসিরা তোমরা
আপনারদিগকে যিহোবার পক্ষে ত্বকছিন্ন কর  এবং
আপনারদের মনের ত্বক দূর কর  পাছে তোমার
ক্রিয়ার দোষেতে আমার কোপ অগ্নির ন্যায় জ্বলিয়া

Digitized by Google

উঠে এবং যাহাতে কেহ তাহা নিবাইতে না পারে
৫ সে প্রকার জ্বলে। যিহোদার মধ্যে প্রকাশ কর এবং
যিরোশালমে ঘোষণা করিয়া কহ দেশে তুরী বাজাও
উচ্চৈঃস্বরে কহ একত্র কর কহ আপনারদিগকে
একত্র কর এবং আইস আমরা প্রাচীরে সংরক্ষিত
৬ নগরে যাই। সীয়োনের দিগে পতাকা উঠাও পাছে
পড় থাকিও না কেননা আমি উত্তর দেশহইতে
৭ দুর্দ্দশা এবং বড় সর্ব্বনাশ আনিব। সিংহ আপন
গহন বনহইতে বাহিরে আসিয়াছে এবং অন্যদেশী
য়েরদের নাশক পথে আছে সে তোমার দেশ নরশূন্য
করিতে আপন স্থানহইতে গিয়াছে এবং তোমার
৮ নগরেরা ওজ্রাড় ও নরশূন্য হইবে। ইহাতে তোমরা
আপনারদের গায় চট পর বিলাপ কর ও ক্রন্দন
কর কেননা যিহুহার আজ্বল্যমান ক্রোধ আমারদের
৯ হইতে ফিরে নাই। যিহুহা কহেন সে দিনে এমত
হইবে রাজা এবং অধ্যক্ষেরা হতমনা হইবে ও
পুরোহিতেরদের মন স্তম্ভ কৃত হবে এবং ভবিষ্য
দ্বক্তারা বিস্ময়াপন্ন হবে।
১০ তখন আমি কহিলাম হে যিহুহা ঈশ্বর তোমারদের
শান্তি হইবে তুমি এই কথা কহিয়া এ লোকেরদিগকে
ও যিরোশলমকে বড় প্রতারণা করিয়াছ কেননা
তলোয়ার প্রাণ পর্য্যন্ত লাগে।
১১ সে কালে এ লোকেরদিগকে ও যিরোশলমকে এই
কথা কথিত হবে বনের উচ্চ স্থানহইতে আমার লোকের
দের কন্যারদিগে এক শুষ্ক বায়ু হইবে ঝাড়িবার কারণ

Digitized by Google

নয় মার্জ্জন করিবার কারণও নয় অর্থাৎ সেই স্থানহই
১২ তে প্রচণ্ড এক বায়ু আমার কাছে আসিবে। এখন আমি
১৩ তোমারদের বিপক্ষে আজ্ঞা দিব। দেখ মেঘের ন্যায়
সে আসিবে এবং তাহার রথ ঘূর্ণী বায়ুর ন্যায় হইবে
তাঁহার ঘোড়ারা শ্যেন পক্ষিরদেরহইতে বেগগামী হয়
সন্তাপ আমারদের কেননা আমরা বিনষ্ট হইয়াছি।
১৪ হে য়িরোশলম তুমি নিস্তার প্রাপ্ত হও এই কারণ
আপন অন্তঃকরণ তোমার অপরিষ্কৃতাহইতে ধৌত
কর তোমার অনর্থক চিন্তা কত কাল তোমার মধ্যে
১৫ বাস করিবে?। কেননা দন হইতে এক শব্দ প্রকাশ
করে এবং আফ্রিম পর্ব্বতহইতে দুঃখের সমাচার
১৬ ঢেঁড়ি দেয়। অন্য দেশীয়েরদের নিকটে কহ দেখ
চৌকিদারেরা দূর দেশহইতে আসিতেছে এবং য়েহোদা
দেশীয় নগরেরদের বিপরীতে আপনারদের শব্দ প্রকাশ
করে এই কথা য়িরোশালমের বিরুদ্ধে ঘোষণা করহ।
১৭ য়িহহা কহেন সে আমার আজ্ঞা হেলন করিয়াছে এই
কারণ তাহারা তাহার বিপরীতে চতুর্দ্দিগে ক্ষেতের
১৮ চৌকিদারেরদের মত থাকে। তোমার পথ ও তোমার
আচার তোমাকে এ দশা প্রাপ্ত করিয়াছে এই তোমার
দুষ্টতা কেননা সে তিক্ত কেননা সে তোমার অন্তঃ
করণ পর্য্যন্ত লাগে।—
১৯ আহা আমার পেট আহা আমার পেট আমি
স্বয়ং অন্তঃকরণে বিদ্ধ হইয়াছি আমার হৃদয়
আমারি মধ্যে শব্দ করে আমি চুপ করিতে পারি না



Digitized by Google

কেননা হে আমার মন তুমি তুরীর বাজান ও যুদ্ধের
২০ সমাচার শুনিয়াছ। সর্ব্বনাশের উপরে সর্ব্বনা
শের সমাচারে প্রচরিত হইয়াছে কেননা সমুদায় দেশ
নষ্ট হইয়াছে আমার তাম্বু সত্বর ও আমার পরদা এক
২১ পলকে নষ্ট হইয়াছে। আমি পতাকা কতকাল পর্য্যন্ত
২২ দেখিব ও তুরীর শব্দ শুনিব কেননা আমার লোকেরা
অজ্ঞান হইয়াছে তাহারা আমাকে জানে না তাহারা
মূর্খ শিশু তাহারদের কিছু বুদ্ধি নাই তাহারা কুক্রিয়া
করিতে জ্ঞানবান কিন্তু সুক্রিয়া করিতে তাহারদের কিছু
২৩ জ্ঞান নাই। আমি পৃথিবীর প্রতি দৃষ্টি করিলাম
এবং দেখ সে নিরাকার ও শূন্য ছিল আমি স্বর্গের
দের প্রতি দৃষ্টি করিলাম ও তাহারদের দীপ্তি ছিল না
২৪ আমি পর্ব্বতেরদের প্রতি দৃষ্টি করিলাম ও দেখ তাহারা
কাঁপিল ও সকল প্রত্যন্ত পর্ব্বত মন্দ২ চলিল আমি
২৫ দৃষ্টি করিলাম এবং দেখ কেহ ছিল না এবং শূন্যের
২৬ সকল পক্ষিরা পলাইত হইয়াছিল। আমি দৃষ্টি করিয়া
দেখিলাম যে করমল অরণ্য হইয়া গিয়াছে এবং
যিহুহার গোচরেতে ও তাঁহার জাজ্বল্যমান ক্রোধেতে
২৭ তাহার সকল নগর লণ্ডভণ্ড হইয়াছিল। কেননা
যিহুহা এই কথা কহিয়াছেন সমস্ত দেশ উজাড় হইয়া
২৮ ছে তথাপি আমি সম্পূর্ণ বিনাশ করিব না। কেননা
ইহাতে পৃথিবী শোকান্বিত হইবে। এবং উপরিস্থ
স্বর্গেরা কাল বর্ণ হইবে কেননা আমি কহিয়াছি আমি
নিরূপন করিয়াছি আমি পরামনন করিব না আমি
২৯ তাহাহইতে পরাঙ্মুখ হইব না। অশ্বারূঢ়েরদের

Digitized by Google

ও ধনুর্দ্ধরেরদের শব্দেতে সমুদায় নগর পলাইবে
তাহারা গহন বনে যাইবে ও প্রস্তরময় পর্ব্বতা
রোহন করিবে প্রত্যেক নগর ত্যক্ত হবে এবং কেহ
৩০ তাহার মধ্যে বাস করিবে না। এবং তুমি নষ্টা হইলে
পর কি করিবা? তুমি যদি আপনাকে কিম্মিস বস্ত্রেতে
বস্ত্রান্বিতা কর যদি স্বর্ণের অলঙ্কারেতে আপনাকে
বিভূষিতা কর যদি রঙ্গ দেওয়াতে আপন মুখ লেপন কর
তথাপি তুমি বৃথা আপনাকে সুন্দর করিবা তোমার
প্রেমকারিরা তোমাকে তুচ্ছ করিবে তাহারা তোমার
৩১ প্রাণ মারিতে চেষ্টা করিবে। কেননা প্রসব কালীন
স্ত্রীর শব্দের মত শব্দ আমি শুনিয়াছি এবং যে স্ত্রী
আপন প্রথম জাত বালকের প্রসব করে তাহার
ব্যথাতে যে শব্দ তাহারি মত শব্দ শুনিয়াছি অর্থাৎ
আহা আমি সন্তপ্ত হইয়াছি কেননা হত্যা কর্ত্তারদের
বিষয়ে আমার মন ক্লান্ত হইয়াছে। আপন বিষয়ে
এইং কর বিলাপ করে এবং আপন হাত বিস্তার করে
যে সীয়োনের কন্যা তাহার শব্দ আমি শুনিয়াছি।

পর্ব্ব যিরোশলমের রাস্তাতে ইতস্ততঃ দৌড়িয়া দেখ
৫ এবং জান এবং তাহার ওসার স্থানে চেষ্টা করিয়া
১ কাহাকে যদি পাইতে পার উচিত ন্যায় যে করে
সত্যতার চেষ্টা যে করে এমন কাহাকে যদি পাইতে
পার তাহা দেখা পাইলে আমি তাহার মাফ করিবা।
২ যিহুহা জীবৎ তাহারা যদি এই কথা কহে তবু তাহারা
৩ অবশ্য মিথ্যা কিরা করে। হে যিহুহা তোমার
দৃষ্টি কি সত্যতার প্রতি নয়? তুমি তাহারদিগকে

Digitized by Google

মারিয়াছ কিন্তু তাহারা শোকান্বিত ছিল না তুমি
তাহারদিগকে ক্ষীণ করিয়াছ কিন্তু তাহারা শাসন
গ্রহণকরিতে অবজ্ঞা করিয়াছে তাহারা আপনার
দের মুখ প্রস্তরহইতেও শক্ত করিয়াছে তাহারা
৪ ফিরিয়া আসিতে হেয়জ্ঞান করিয়াছে। অতএব
আমি কহিয়াছি অবশ্য ইহারা দরিদ্র হইয়াছে
ইহারা অজ্ঞান কেননা তাহারা যিহুহার পথ জানে
না ও আপনারদের ঈশ্বরের বিচারও জানে না।
৫ আমি বড় মানুষেরদের কাছে যাইয়া তাহারদিগকে
কহিব কেননা তাহারা যিহুহার পথজ্ঞ ও আপনারদের
ঈশ্বরের বিচারজ্ঞ হইয়াছে কিন্তু ইহ রা যোদো আনা
৬ যোঁয়াল ভাঙ্গিয়াছে ও বন্ধন ছিঁড়িয়াছে। এই নিমিত্তে
বনহইতে আগত এক সিংহ তাহারদিগকে হত্যা
করিবে এবং সন্ধ্যাকালীন এক কেন্দুয়া তাহারদিগকে
নষ্ট করিবে এক নেকড়িয়া বাঘ তাহারদের নগরের
চৌকি দিবে যে প্রত্যেক জন তাহার বাহিরে যায় সে
৭ খণ্ড২ করা যাবে। কেননা তাহারদের আজ্ঞা লঙ্ঘন
অনেক হইয়াছে ও তাহারদের পিছুন্যা পড়া বাড়িয়াছে।
আমি ইহাতে কেমন করিয়া তোমাকে মাফ করিব ?
তোমার সন্তানেরা আমাকে ত্যাগ করিয়াছে ও
যাহারা ঈশ্বর নয় তাহারদের নাম লইয়া কিরা
করিয়াছে আমি যখন তাহারদিগকে পরিপূর্ণতা
পর্য্যন্ত খাওয়াইয়াছিলাম তখন তাহারা পরদার
করিল এবং দলে২ ব্যশ্যারদের বাড়ীতে একত্র হইয়া
৮ আইল। তাহারা প্রাতঃকালে পেটভরা ঘোড়ারদের

Digitized by Google

মত্ত ছিল প্রত্যেক জন আপন প্রতিবাসির স্ত্রীর প্রতি
৯ হ্রেষা২ করিল। যিহোহা কহেন আমি কি ইহার দণ্ড
দিব না? এ প্রকার জাতির ওপর আমার মনের
প্রতিফল দেওয়া কি সিদ্ধ হইবে না।
১০ তোমরা তাহার প্রাচীরের ওপরে যাইয়া নষ্ট করিও
কিন্তু সম্পূর্ণ নাশ করিও না তাহার গাঁজ ওঠাও
১১ কেননা সে যিহোহার নয়। কেননা যিশরায়েলের ও
যেহোদার বংশ আমার বিপরীতে বড় বিশ্বাসঘাতক
১২ ক্রিয়া করিয়াছে। তাহারা যিহোহার বিষয়ে মিথ্যা কথা
কহিয়াছে তাহারা কহিয়াছে যে তিনি নন অমঙ্গল
আমারদিগকে ঘটিবে না আমারদিগকে তলোয়ার
১৩ কিম্বা আকাল দেখিতে হইবে না। ভবিষ্যদ্বক্তারা বায়ু
হইয়া যাবে এবং বাক্য তাহারদের মধ্যে থাকিবে না
১৪ তাহারদের প্রতি এই মত করা যাবে। অতএব যিহোহা
সৈন্যের ঈশ্বর এ কথা কহেন তোমরা এই কথা কহি
তেছ দেখ আমি তাহাতে তোমার মুখের মধ্যে আমার
কথা অগ্নিস্বরূপ ও এ লোকেরদিগকে কাষ্ঠের স্বরূপ
করিব এবং সে তাহারদিগকে খাইয়া ফেলিবে।
১৫ হে যিশরায়েলের বংশ যিহোহা এ কথা কহেন দেখ
আমি দূরহইতে তোমারদের ওপরে এক দেশীয় লো
কেরদিগকে আনিব সেই বলবান জাতি সেই প্রাচীন
জাতি যাহারদের ভাষা তুমি জান না এ যাহার কথা
১৬ তুমি বুঝিতে পার না এমন জাতি। তাহারদের
তূণ মুক্ত কবরের মত তাহারা সকল বলবান লোক
তাহারা তোমার ফসল ও তোমার ভক্ষ্য দ্রব্য খাইবে

Digitized by Google

১৭ তাহারা তোমার পুত্রেরদিগকে ও কন্যারদিগকে খাইয়া
ফেলিবে তাহারা তোমার গোমেষাদি পালকে খাইবে
তাহারা তোমার দ্রাক্ষা লতা ও ডুমুর গাছ খাইয়া
ফেলিবে এবং যাহাতে তোমার বিশ্বাস আছে এমন
যে তোমার প্রাচীর বেড়া নগর সে সকলকে তাহারা
১৮ তলোয়ারেতে দরিদ্র করিবে। কিন্তু যিহুহা কহেন
সে সময়ে আমি তোমারদের সম্পূর্ণ বিনাশ করিব
১৯ না। এবং এই মত হবে তোমরা যখন কহিবা
যিহুহা আমারদের ঈশ্বর কি কারণ আমারদের
প্রতি এ সকল করেন? তখন তুমি তাহারদিগকে
প্রত্যুত্তর করিবা যেমন তোমরা আমাকে ত্যাগ করিয়া
আপনারদের দেশে অন্য দেবেরদের সেবা করিয়াছ
তেমনি আপনারদের দেশভিন্ন এক দেশে তোমরা
অন্য দেশীয় লোকেরদের সেবা করিবা।
২০ যাকুবের বংশের মধ্যে এ কথা প্রকাশ কর এবং
২১ যিহুদায় এ কথা ঘোষণা করিয়া কহ। হে অজ্ঞান
ও নির্ব্বোধ লোকেরা হে চক্ষু বিশিষ্ট অথচ দেখ না
এবং কর্ণ বিশিষ্ট অথচ শুন না এমন যে তোমরা এ
২২ কথা শুন। যিহুহা কহেন তোমরা কি আমাকে
ভয় কর না? সমুদ্র যে প্রকারে তাহা লঙ্ঘন করিতে
না পারে এবং যদি তাহার ঢেউ অতি স্পর্দ্ধা করিয়া
আপনারদিগকে উঠায় তবু জিনিতে পারে না এবং
যদি তাহারা বড় গর্জ্জন করে তবু তাহা লঙ্ঘিতে পারে
না এই প্রকারে অক্ষয় নিয়মেতে সমুদ্রের সীমা
করিবার কারণ বালি স্থাপন করিয়াছি যে আমি

Digitized by Google

২৩ তোমরা কি আমার গোচরে কাঁপিবা না? কিন্তু এ
লোকেরদের ধর্ম্ম ত্যাগকারী ও আজ্ঞা অবজ্ঞাকারী
মন আছে তাহারা ধর্ম্ম ত্যাগ করিয়াছে ও গত
হইয়াছে।

২৪ বৃষ্টি অর্থাৎ পূর্ব্বকালীন ও শেষকালীন বৃষ্টিদাতা
ফসল কাটনের নিরূপিত সপ্তাহ বিষয়ক নিয়ম যে
আমারদের জন্য পালন করেন এমন যে আমার
দের ঈশ্বর যিহূহা আইস আমরা এখন তাঁহাকে
ভয় করি এই কথাও তাহারা আপনারদের মনে
২৫ কহে না। তোমারদের অযাথার্থ্য এই বিষয় দূর
করিয়াছে এবং তোমারদের পাপ তোমারদের
২৬ হইতে মঙ্গল নিবারণ করিয়াছে। কেননা আমার
লোকেরদের মধ্যে দুষ্ট লোকেরা পাওয়া যায় যে লোক
ফাঁদ পাতে তাহারদের মত তাহারা লুকিয়া থাকে
তাহারা কল পাতে তাহারা মনুষ্যেরদিগকে ধরে।
২৭ যেমন পিঞ্জরা পক্ষিতে পূর্ণ তেমন তাহারদের বাটী
কপটেতে পূর্ণ তাহাতে তাহারা বড় হইয়াছে ও
২৮ ভত্তরং ধনবান হইয়াছে। তাহারা ভত্তরং
স্থূলাকার হইয়াছে তাহারা স্নিগ্ধ হইয়াছে তা
হারা দুষ্টেরদের ক্রিয়া অতিক্রম করিয়াছে তাহারা
মকদ্দমা অর্থাৎ পিতৃহীনেরদের মকদ্দমা বিচার করে
না কিন্তু তাহারা ভাগ্যবান হইয়াছে দরিদ্রেরদের
২৯ বিচার তাহারা করে না। আমি কি এ সকলেতে
বিচার করিব না? এ প্রকার জাতির উপরে আমার
মনকর্ত্তৃক প্রতিফল দেওয়া কি সিদ্ধ হবে না?

Digitized by Google

৩০ দেশে এক অদ্ভুত ও দূণা ক্রিয়া করা যায়। ভবিষ্যদ্বক্তারা মিথ্যা বাক্য ঘোষণা করে ও তাহারদের দ্বারা পুরোহিতেরা কর্ত্তৃত্ব করে. এবং আমার লোকেরা এ প্রকার ভাল বাসে এবং তাহার শেষে তোমরা কি করিবা?।—

পর্ব্ব ৬

হে বিন্যামীনের সন্তানেরা যিরোশালমহইতে পলাইতে আপনারদিগকে একত্র করিয়া আইস এবং তকোয়ায় তুরি বাজাও এবং বৈৎহক্কেরমে অগ্নির চিহ্ন উঠাও কেননা উত্তর দেশহইতে অমঙ্গল ও বড় সর্ব্বনাশ প্রকাশ পাইতেছে।

২ আমি এক সুন্দরী ও কোমলা স্ত্রীর উপমা সীয়োনের কন্যারদিগকে জ্ঞান করিয়াছি।

৩ মেষরক্ষকেরা আপনারদের পাল সঙ্গে করিয়া তাহার কাছে আসিবে তাহারা তাহার চতুর্দ্দিগে টোল উঠাইবে তাহারা প্রত্যেক জন আপন২ স্থানে চরাইবে।

৪ তাহার বিরুদ্ধে যুদ্ধ প্রস্তুত কর উঠ আমরা মধ্যাহ্ন কালে প্রস্থান করি।

হায় আমারদিগকে কেননা দিন বহিয়া যাইতেছে সন্ধ্যাকালীন ছায়া দীর্ঘীভূত হইয়াছে।—

৫ উঠ আমরা রাত্রি কালে যাইয়া তাহার অট্টালিকা নষ্ট করি।

৬ কেননা সৈন্যের যিহুহা এ কথা কহিয়াছেন বৃক্ষ ছেদন করিয়া যিরোশালমের কাছে রাশি কর দণ্ড্য নগর এই সে আপনার মধ্যে সর্ব্বতোভাবে অন্যায় রূপ হইয়াছে।

৭ উনই যেমন আপন জল বাহির করে তেমনে সে আপন দুষ্টতা প্রকাশ করে তাহার

Digitized by Google

মধ্যে দৌরাত্ম্য ও লুটের শব্দ শুনা যায় শোক ও
৮ ক্ষত আমার চক্ষুর গোচরে নিত্য থাকে। হে
যিরোশালম পাছে আমার মন তোমার নিকটহইতে
যায় পাছে আমি তোমাকে এরাণ অর্থাৎ নরশূন্য
দেশ করি একারণ তুমি উপদিষ্ট হও।
৯ সৈন্যের যিহুহা এ কথা কহেন লোকেরা যেমন
দ্রাক্ষা লতার ফল খুঁটিয়া পাড়ে তেমনি তাহারা যিশ
রালের অবশিষ্টেরদিগকে সর্ব্বতোভাবে পাড়িবে
দ্রাক্ষা ফল পাড়ে যে জন সে আপন হাত পাছে করিয়া
১০ চাঙ্গীতে যেমন দেয় তেমনে তুমি কর। তাহার
দের শুনিবার কারণ আমি কাহার কাছে কহিব এবং
উপদেশ করিব? দেখ তাহারদের কর্ণ অচ্ছিন্নত্বেদী
হইয়াছে তাহাতে তাহারা অবধান করিতে পারে
না। দেখ যিহুহার কথা তাহারদের নিকটে অপ
মানস্বরূপ তাহারদের তাহাতে কিছু সন্তোষ নাই।
১১ অতএব আমি যিহুহার ক্রোধেতে পরিপূর্ণ হইয়াছি
আমি তাহা নিবারণ করিতে২ ক্লান্ত হইয়াছি আমি
বাহিরে তাহা বালকেরদের উপরে ঢালিব এবং এক
১২ কালেও যুবারদের সভাতে ঢালিব। কেননা স্বামী
স্ত্রীর সহিত ধরা যাইবে এবং বৃদ্ধ ও কালেতে
সম্পূর্ণায়ু যে২ জন ইহারাও ধরা যাইবে। তাহার
দের বাটী তাহারদের ভূমি ও স্ত্রীসুদ্ধ পরের অধিকৃত
হইবে কেননা যিহুহা কহেন আমি দেশনিবাসী
১৩ লোকেরদের উপরে হাত বিস্তার করিব। কেননা



Digitized by Google

তাহারা আপামর সাধারণ সকলেই লোভাবিষ্ট হইয়াছে
এবং ভবিষ্যদ্বক্তাদি যাজক সকলে মিথ্যাচরণ করে।
১৪ নিরাপদ ছিল না কিন্তু তাহারা নিরাপদ নিরাপদ এই
কথা কহিয়া আমার লোকের ক্ষত লঘুরূপে ভাল
১৫ করিয়াছে। তাহারা ঘৃণা ক্রিয়া করিয়া কি কিছু
লজ্জিত ছিল? তা নয় তাহারা কিছু লজ্জিত ছিল এবং
লজ্জিত হইতেও পারিল না অতএব যাহারা পড়ে
তাহাদের মধ্যে তাহারা পড়িবে। য়িহোবা কহেন
যে সময়ে তাহারদিগকে দণ্ড দিবার কারণ আইসি
১৬ সে সময়ে তাহারা অধঃপাতিত হবে। য়িহোবা এ
কথা কহেন তোমরা পথে দাঁড়াইয়া দেখ এবং পুরাণ
পথ কোথায়? উত্তম পথ কোথায়? ইহা জিজ্ঞাসা কর
এবং তাহাতে চল তাহা হইলে তোমরা আপনারদের
মনের কল্পনা বিশ্রাম পাইবা কিন্তু তাহারা কহিল
১৭ আমরা তাহাতে গতি করিব না। তোমরা তুরীর
শব্দ শুন এই কথা কহিতে চৌকিদারেরদিগকেও আমি
তোমার উপরে দিয়াছি কিন্তু তাহারা কহিল আমরা
অবধান করিব না।
১৮ এ জন্যে হে অন্যদেশীয়েরা তোমরা শুন হে মণ্ডলি
১৯ তাহারদের মধ্যে যেং আছে সেকিং ইহা জান। হে
পৃথিবী শুন এই লোকেরা আমার কথা ও আমার শাস্ত্র
শুনে নাই কিন্তু তাহা হেয়জ্ঞান করিয়াছে অতএব আমি
তাহারদের উপরে অমঙ্গল আনিব অর্থাৎ তাহারদের
২০ চিন্তার ফল। আমার কাছে শবা হইতে ধূপ কেন আই
সে ও দূর দেশ হইতে মিষ্ট বচ কেন আইসে তোমারদের

Digitized by Google

নৈবেদ্য গ্রাহ্য নয় ও তোমারদের বলিদান আমার
২১ কাছে মিষ্ঠ নয়। অতএব যিহুহা এ কথা কহেন দে খ
আমি এ লোকের সম্মুখে উচোট খাওয়ার মত থুইব
এবং পিতারা ও পুত্রেরা একত্র হইয়া তাহার উপরে
২২ পড়িবে প্রতিবাসী ও তাহার বন্ধু নষ্ট হবে। যিহুহা
এই কথা কহেন দেখ এক লোক উত্তর দেশহইতে
আইসে এবং পৃথিবীর দিগহইতে বড় এক জাতি
২৩ উত্থিত হবে তাহারা ধনুক ও বর্চ্ছি ধারণ করিবে
তাহারা নির্দ্দয় ও তাহারা কিছু কৃপা করিবে না তাহার
দের শব্দ সমুদ্রের মত কল্লোল করে হে সীয়নের
কন্যা তাহারা যুদ্ধ করিবার সমস্ত লোকের মত
তোমার বিপরীতে ঘোড়াতে আরোহণ করে।

২৪ আমরা তাহার বিষয়ক ধ্বনি শুনিয়াছি আমারদের
হাত দুর্ব্বল হইয়াছে যন্ত্রণা ও প্রসব কালে স্ত্রী
লোকের যে ব্যথা তাহারি মত ব্যথা আমারদিগকে
২৫ আকর্ষণ করিয়াছে। মাঠে যাইও না পথে গতি
করিও না কেননা শত্রুর তলোয়ার ও ভয় সর্ব্বদিগে
আছে।

২৬ হে আমার লোকের কন্যা তুমি চট পর এবং
ছায়াতে গড়াগড়ি দিও একপুত্রের নিমিত্তক শোকের
মত তুমি শোক ও বড় বিলাপ কর কেননা নাশক
হটাৎ আমারদের উপরে আসিয়াছে।

২৭ তুমি লোকেরদের গতি জান ও পরীক্ষা কর এই জন্যে
আমি তোমাকে এক পরীক্ষক ও কিল্লা তাহারদের
২৮ মধ্যে করিয়াছি। তাহারা সকল দারুণ বিশ্বাসঘাতক

Digitized by Google

ও পরাপবাদাচারী তাহারা পিতল ও লোহা তাহারা
২৯ সকল বিকার কারক। হাপর পোড়া গিয়াছে শীশক
অগ্নিতে নষ্ট হইয়াছে কাঁসারী বৃথা গলায় কেননা
৩০ দোষ অন্তরীকৃত নয়। যিহুহা তাহারদিগকে ত্যাগ
করিয়াছেন সে কারণ তাহা অকর্ম্মণ্য রূপা নামেতে
খ্যাত হবে।—

পর্ব্ব ৭ যিহুহার নিকটহইতে যে কথা যিরমীহার কাছে
আইল সে এই। তুমি যিহুহার মন্দিরের দ্বারে
দাঁড়াও এবং সেখানে এ কথা প্রকাশ করিয়া কহ হে
যিহুহার ভজনা করিবার কারণ এই২ দ্বার দিয়া
প্রবেশ করে যে যিহুদার লোকেরা তোমরা সকলে
৩ যিহুহার কথা শুন। সৈন্যের যিহুহা ইস্রায়েলের
ঈশ্বর এ কথা কহেন তোমরা আপনারদের গতি ও
আপনারদের ক্রিয়া শোধিন কর তাহাতে আমি তোমার
৪ দিগকে এ স্থানে বাস করাইব। যিহুহার মন্দির
ইহারা যিহুহার মন্দির ইহারা যিহুহার মন্দির ইহারা
এ কথা কহত মিথ্যা কথাতে বিশ্বাস করিও না।
৫ কেননা যদি তোমরা আপনারদের গতি ও আপনারদের
ক্রিয়া সর্ব্বতোভাবে শোধিন কর যদি তোমরা মানুষের
ও তাহার প্রতিবাসীর মকদ্দমা সর্ব্বতোভাবে বিচার
৬ কর যদি তোমরা বিদেশির ও পিতৃহীনের ও বিধবার
উপর অন্যায় না কর এবং নির্দ্দোষীদের রক্ত পাত
না কর এবং আপনারদের ক্ষতির নিমিত্তে যদি
৭ ইতর ঈশ্বরেরদের অনুবর্ত্তী না হও তবে আমি এ
স্থানে অর্থাৎ যে দেশ তোমারদের পিতৃলোকের

Digitized by Google

দিগকে সদাকালের নিমিত্তে দিয়াছি তাহাতেই
৮ তোমারদিগকে বাস করাইব। দেখ অনর্থকারী
৯ মিথ্যা কথাতে তোমরা বিশ্বাস করিতেছ। তোমরা
কি চুরি করিবা ও হত্যা করিবা ও পরদার করিবা ও
মিথ্যা কিরা করিবা ও বাআলের উদ্দেশে ধূপ পোড়া
ইবা ও তোমরা যাহা না জান এমন যে ইতর ঈশ্বরেরা
১০ তাহারদের অনুবর্ত্তী হইবা? পরে আসিয়া আমার
নামেতে খ্যাত যে এ মন্দির তাহার মধ্যে আমার
সাক্ষাতে দাঁড়াইয়া কহিবা যে আমরা এ সকল ঘৃণার্হ
১১ ক্রিয়া করিবার কারণ উদ্ধারিত হইয়াছি? আমার
নামে খ্যাত যে এ মন্দির সে কি তোমারদের গোচরে
চোরের থানা হইয়াছে? যিহুহা কহেন দেখ আমি
১২ ইহা দেখিয়াছি। কিন্তু প্রথমে আমি যেখানে আপন
নাম স্থাপন করিলাম শীলোতে আমার এমন যে স্থান
সে স্থানের প্রতি আমি আপন যিশ্রাল লোকেরদের
দুষ্টতা প্রযুক্ত যাহা করিয়াছি তোমরা যাইয়া তাহা
১৩ দেখ। এবং যিহুহা কহেন তোমরা এই সকল কার্য্য
করিয়াছ এবং আমি প্রাতে উঠিয়া কথা কহিয়া
তোমারদের কাছে উপদেশ করিয়াছি কিন্তু তোমরা
শুনিলা না এবং আমি তোমারদিগকে ডাকিলাম কিন্তু
১৪ তোমরা উত্তর দিলা না। অতএব সম্প্রতি আমার
নামেতে খ্যাত এবং তোমরা যাহাতে বিশ্বাস কর এমন
যে এ মন্দির তাহার প্রতি এবং তোমারদিগকে ও
তোমারদের পিতৃলোকেরদিগকে যে স্থান আমি দিয়াছি
তাহারও প্রতি আমি শীলোর প্রতি যাহা করিয়াছি

Digitized by Google

১৫ তাহারি মত করিব। এবং যেমন আমি তোমারদের
সকল ভ্রাতাকে অর্থাৎ আফ্রিমের সকল বংশকে
আপন গোচরহইতে ফেলিয়া দিয়াছি তেমনি তোমার
১৬ দিগকেও আপন গোচরহইতে ফেলিয়া দিব। অতএব
তুমি এ লোকেরদের কারণ প্রার্থনা করিও না এবং
নিবেদন কিম্বা যাচঞা তাহারদের জন্যে করিও না
এবং আমার কাছে তাহারদের পক্ষে প্রার্থনা করিও
না কেননা আমি তোমার কথা শুনিব না।—
১৭ তাহারা য়িহোদার নগরে ও য়িরোশালমের রাস্তাতে
১৮ যে ক্রিয়া করে তুমি কি সে ক্রিয়া দেখ না? আমাকে
ক্রুদ্ধ করিবার তরে স্বর্গের রাণীর * উদ্দেশে পিঠা
পাক করিতে ও অন্য দেবেরদের উদ্দেশে পানীয় বস্তু
উৎসর্গ করিতে বালকেরা কাষ্ঠ একত্র করে এবং
পিতারা অগ্নি করে ও স্ত্রীরা ছানা ময়দা প্রস্তুত
১৯ করে। য়িহুহা কহেন তাহারা কি আমাকে ক্রুদ্ধ
করে তাহারা কি আপনারদের মুখের ব্যাকুলতা
২০ আপনারা করে না? অতএব য়িহুহা পরমেশ্বর এ
কথা কহেন দেখ এ স্থানের উপর মনুষ্যেরদের
উপরে ও পশুরদের উপরে মাঠের বৃক্ষের উপরে ও
ভূমির ফলের উপরে আমার ক্রোধ ও আমার চণ্ডতা
ঢালান যাবে ও জ্বলিবে ও নির্ব্বাণ হইবে না।—
২১ সৈন্যের য়িহুহা য়িশ্রায়েলের ঈশ্বর এই কথা
কহেন তোমারদের বলিরদের পরে২ আপনার
২২ হোম কর এবং মাংস ভোজন কর। কেননা

* অর্থাৎ বিশেষ কোন দেবী।

Digitized by Google

যে দিনে আমি তোমারদের পিতৃলোকেরদিগকে
মিসরহইতে বাহির করিয়া আনিলাম সে কালে
আমি তাহারদিগকে হোম কিম্বা বলির বিষয়ে কহি
২৩ লাম না ও আজ্ঞা করিলাম না কিন্তু আমি তাহার
দিগকে এ কথা কহিয়া আজ্ঞা করিলাম তোমরা
আমার কথা মান তবে আমি তোমারদের ঈশ্বর
হইব ও তোমরা আমার লোক হইবা এবং আমি যে
পথ তোমারদের কাছে আজ্ঞা করিলাম সেইং পথে
আপনারদের কল্যাণ হবার কারণ গতি করিও।
২৪ কিন্তু তাহারা শুনিল না এবং অবধানও করিল না
কিন্তু আপনারদের পরামর্শে ও আপনারদের দুষ্ট
অন্তঃকরণের সম্ভবনানুসারে আচরণ করিল এবং
২৫ পাচিয়াং গেল আগিয়াং গেল না। তোমারদের
পিতৃলোকেরা যে কালে মিসর দেশহইতে বাহির
হইয়া আইল সে কালাবধি আজি পর্য্যন্ত আমি দিনে
উত্থান করত ও প্রেরণ করত আপন ভবিষ্যদ্বক্তা
সকল সেবকেরদিগকে তোমারদের নিকটে পাঠাই
২৬ যাছি কিন্তু তাহারা আমার কথা শুনিল না এবং
অবধানও করিল না কিন্তু আপনারদের গলা শক্ত
করিল এবং আপনারদের পিতৃলোকেরদেরহইতে পাপ
২৭ আচার করিল। অতএব তুমি এ সকল কথা তাহার
দিগকে কহিবা কিন্তু তাহারা তোমার কথা শুনিবে না
তুমি তাহারদের কাছেও ডাকিবা কিন্তু তাহারা তোমা
২৮ কে উত্তর দিবে না। কিন্তু তুমি তাহারদিগকে কহ
আপনারদের ঈশ্বর যিহোবার কথা না মানে ও শাসন

Digitized by Google

গ্রহণ না করে যে দেশীয় লোকেরা তাহারা এই।
সত্যতা পরিহত হইয়াছে ও তাহারদের মুখহইতে
উচ্ছন্ন হইয়াছে।—
২৯ আপন কেশ মুড়াও ও ফেলিয়া দিও উচ্চ স্থানে
বিলাপ গ্রহণ কর কেননা যিহুহা আপন প্রাপ্য ক্রোধি
লোকেরদিগকে ত্যাগ করিয়াছেন ও দূর করিয়াছেন।
৩০ কেননা যিহুহা কহেন য়িহোদার সন্তানেরা আমার
গোচরে কুক্রিয়া করিয়াছে যে ঘর আমার নামেতে
খ্যাত আছে সে ঘর অশুচি করিবার কারণ তাহারা
তাহার মধ্যে আপনং ঘৃণার্হ বস্তু স্থাপন করিয়াছে
৩১ এবং আমি যাহা করিতে তাহারদিগকে আজ্ঞা দিলাম
না এবং আমার মনেও প্রবেশ করিল না যে ক্রিয়া
অর্থাৎ তাহারদের পুত্র কন্যারদিগকে অগ্নিতে দগ্ধ
করা ইহা করিবার নিমিত্তে তাহারা হিন্নোমের পুত্রের
৩২ মাঠং তোফতের শিঙি গাঁথিয়াছে। অতএব
যিহুহা কহেন যে সময়ে এ স্থান তোফত কিম্বা
হিন্নোমের পুত্রের মাঠ নামেতে খ্যাত না হইবে কিন্তু
হনন মাঠ নামেতে খ্যাত হইবে এমন সময় আসি
তেছে কেননা যে পর্য্যন্ত কবর দেওয়ার আর স্থান না
থাকে সে পর্য্যন্ত তাহারা তোফতে কবরে দিবে।
৩৩ এবং এ লোকেরদের শব শূন্যের পক্ষিরদের ও
পৃথিবীর পশুরদের ভক্ষ্য হইবে এবং কেহ তাহার
৩৪ দিগকে তাড়িয়া দিবে না। সে সময়ে য়িহোদার
নগরেরদের মধ্যহইতে ও যিরোশলমের রাস্তার মধ্য
হইতে আমি হর্ষনাদ ও আনন্দ ধ্বনি ও বরের ও

Digitized by Google

কন্যার স্থিতির শেষ করিব কেননা দেশ ওস্থান হইবে।

পূর্ব্বে ৮ যিহুহা কহেন সে কালে তাহারা যিহোদার রাজা

১ রদের হাড় ও তাহার অধ্যক্ষেরদের হাড় ও পুরো

হিতেরদের হাড় ও ভবিষ্যদ্বক্তারদের হাড় ও যিরো

শালম নিবাসি লোকেরদের হাড় তাহারদের কবর

২ হইতে বাহির করিয়া আনিবে এবং তাহারা যাহার

দিগকে ভাল বাসিয়াছে ও যাহারদের সেবা করিয়াছে

ও যাহারদের পশ্চাদ্গামী হইয়াছে ও যাহারদের

চেষ্টা করিয়াছে ও যাহারদের ভজনা করিয়াছে এমন

যে সূর্য্য ও চন্দ্র ও স্বর্গের সকল সৈন্য তাহার

দের সম্মুখে ছড়াইয়া দিবে তাহারা একত্র করা যাবে

না ও কবরে দেওয়া যাবে না তাহারা পৃথিবীর মুখের

৩ উপরে সারের তুল্য হবে। সৈন্যের যিহুহা ইহা

কহেন এ দুষ্ট বংশের মধ্যে যেং স্থানে আমি তাহার

দিগকে খেদাইয়া দিয়াছি সেং স্থানে অবশিষ্ট যত

লোক থাকে তাহারদের কর্ত্তৃক জীবনহইতে মৃত্যু

৪ মনোনীততর হইবে। আরও তাহারদিগকে এ

কথা কহ যিহুহা এ কথা কহেন তাহারা কি পড়িবে

ও আর উঠিবে না? তিনি কি বিমুখ হইয়া যাবেন

৫ এবং আর ফিরিয়া আসিবেন না? যিরোশালমস্থ এ

লোক অশেষ পিছলিয়া পড়ার দ্বারা কেন পিছলিয়া

পড়িয়াছে? তাহারা শক্ত করিয়া খলতা ধরে তাহারা

ফিরিয়া আসিতে হেয়জ্ঞান করে। আমি অবধান

করিয়া শুনিলাম কিন্তু তাহারা প্রকৃত কথা কহে নাই



Digitized by Google

৬ আমি কি করিয়াছি ?   কেহ এ কথা কহিয়া আপন
পাপের বিষয়ে পরামনস করিল না   যেমন ঘোড়া যুদ্ধ
স্থানে দৌড়িয়া যায় তেমনি তাহারা প্রত্যেক জন
৭ আপনং পথে চলিয়া গেল। আকাশ বাসী হাড়গিলা
আপন নিরূপিত সময় জানে এবং ঘুঘু ও বক ও তাল
চোঁচা আপনারদের আইসনের কাল মানে   কিন্তু
৮ আমার লোকেরা যিহুহার বিচার জানে না। আমরা
জ্ঞানী এবং যিহুহার শাস্ত্র আমারদের কাছে আছে
তোমরা এ কথা কেমনে কহ ?   দেখ তিনি তাহা
বৃথা অবশ্য করিলেন লেখকেরদের কলম বৃথা।
৯ জ্ঞানীরা লজ্জিত হইয়াছে   তাহারা ত্রস্ত হইয়াছে ও
ধরা গিয়াছে   দেখ তাহারা যিহুহার কথা হেয়জ্ঞান
করিয়াছে   এবং তাহারদের মধ্যে আর কি জ্ঞান
১০ আছে ?   অতএব আমি অন্যেরদের কাছে তাহার
দের স্ত্রীরদিগকে দিব এবং তাহারদের ক্ষেত্র ভদখি
কারিরদিগকে দিব কেননা আপামর সাধারণ তাহার
দের মধ্যে প্রত্যেক জন লোভেতে আবিষ্ট আছে
ভবিষ্যদ্বক্তাবধি পুরোহিত পর্য্যন্ত প্রত্যেক জন প্রবঞ্চ
১১ না করে।   কেননা শান্তি নাই তথাপি শান্তি শান্তি
এ কথা কহত   তাহারা আমার লোকের কন্যার চোট
১২ লঘুরূপে সুস্থ করিয়াছে।   তাহারা ঘৃণার্হ ক্রিয়া
করিলেও কি তাহারদের কিছু লজ্জা ছিল ?   তা নয়
তাহারা কিছু লজ্জিত ছিল না   এবং বিবর্ণ হইতেও
পারিল না।   অতএব যাহারা পড়ে তাহারদের সহিত
তাহারা পড়িবে যিহুহা কহেন তাহারদের শাস্তি পাওন

Digitized by Google

১৩ কালে তাহারা অধঃপাতিত হইবে। যিহুহা কহেন
আমি তাহারদিগকে অবশ্য বিনাশ করিব। দ্রাক্ষা
লতার উপরে দ্রাক্ষা ও ডুমুর হইবে না গাছের উপরে
ডুমুর হইবে না এবং পত্র ম্লান হইবে ও আমাকর্তৃক
দত্ত বস্তু তাহারদের নিকট হইতে যাইবে।
১৪ আমরা কেন অমনি বসিয়া থাকি আইস একত্র হও
আমরা সংরক্ষিত নগরের মধ্যে প্রবেশ করি ও
সেখানে চুপ করিয়া থাকি কেননা আমারদের ঈশ্বর
যিহুহা আমারদিগকে নিঃশব্দ করিয়াছেন এবং
পিত্তিকন জল আমারদিগকে পান করাইয়াছেন যে
হেতুক আমরা যিহুহার বিপরীতে পাপ করিয়াছি।
১৫ আমরা শান্তির অপেক্ষা করিলাম কিন্তু কিছু মঙ্গল
হইল না আমরা স্বাস্থ্যের সময়ের অপেক্ষা করিলাম
১৬ কিন্তু দেখ দুর্গতি হইল। দানহইতে তাহার ঘোঁড়ার
দের ফড়ৎ শব্দ শুনা গেল তাহার বলবান ঘোটা
কেরদের হিন্ হিন্ শব্দে দেশ কাঁপিল কেননা তাহারা
আসিয়াছে এবং দেশ ও তাহার মধ্যে যত এবং
নগর ও তন্নিবাসি লোকেরা এ সকলকে খাইয়া ফেলি
১৭ য়াছে। কেননা যিহুহা কহেন দেখ আমি সর্পের
দিগকে অর্থাৎ দমিত হবে না এমন কেউটা সর্পের
দিগকে তোমারদের মধ্যে পাঠাইয়া দিব এবং তাহারা
তোমারদিগকে দংশন করিবে।
১৮ আমি আপন শোক নিবৃত্ত করিতে যখন চাহি
তখনই আমার হৃদয় আমার মধ্যে দুর্ব্বল হয়।
১৯ দেখ দূর দেশ নিবাসিরদের বিষয়ে আমার লোকের

Digitized by Google

কন্যার আর্ত্তস্বর। য়িহুহা কি সিয়োনে নন? তাহার রাজা তাহার মধ্যে কি নন?।
তাহারা আপনারদের খোদিত প্রতিমার ও অন্য দেশীয় অবস্তুতারদের দ্বারা আমাকে কেন ক্রুদ্ধ করিয়াছে?।
২০ শস্যসংগ্রহ কাল অতীত হইয়াছে গ্রীষ্মকাল বহিয়া
২১ গিয়াছে এবং আমরা ত্রাণ পাই নাই। আমি আপন লোকের কন্যার ব্যাঘাতে ব্যথিত হইয়াছি আমি কালা
২২ হইয়াছি চমৎকার আমাকে ধরিয়াছে। [illegible] কি ঔষধি নাই? সেখানে কি বৈদ্য নাই? তবে আমার লোকের কন্যার স্বাস্থ্য কেন নিষ্পন্ন না হয়?।
পর্ব্ব আহা আমি আপন লোকের কন্যার হত লোকের
৯ দের বিষয়ে দিবারাত্রি যে ক্রন্দন করি এই জন্য আমার মাথা যেন জলময় ও আমার চক্ষু অশ্রুর
২ উনই হইত। আহা আমি আপন লোকেরদিগকে ছাড়িয়া দি ও তাহারদের নিকটহইতে যাই এই কারণ যদি বনে পথিকেরদের প্রবাস স্থানের ন্যায় আমার এক স্থান হইত কেননা তাহারা সকলে পারদারিক
৩ তাহারা খল মানুষ্যেরদের সমূহ। তাহারা ধনুক যেমন পূরে তেমনি মিথ্যা কথা কহিবার কারণ জিহ্বা পূরে কিন্তু সত্যের কারণ তাহারা পৃথিবীর মধ্যে প্রতাপান্বিত নয় কেননা য়িহুহা কহেন তাহারা এক দুষ্টতা হইতে অন্য দুষ্টতায় যায় এবং আমাকে জানে না।
৪ তোমরা প্রত্যেক জন আপন প্রতিবাসির বিষয়ে সাবধান হও এবং কোন ভাইতে বিশ্বাস করিও না

Digitized by Google

কেননা প্রত্যেক ভাই সর্ব্বতোভাবে অপদস্থ করিতে
চাহে এবং প্রত্যেক প্রতিবাসী পরের অপবাদ আচার
৫ করে। এবং তাহারা প্রত্যেক জন আপনং প্রতি
বাসিকে প্রতারণা করিতে চাহে। এবং সত্য কথা
৬ কহিতে চাহে না তাহারা মিথ্যা কথা কহিতে আপ
নারদের জিহ্বাকে শিক্ষা করাইয়াছে এবং অযাথার্থ্য
করিতে আপনারদিগকে ক্লান্ত করে। তোমার নিবাস
স্থান প্রতারণার মধ্যে আছে য়িহুহা কহেন তাহারা
প্রতারণার দ্বারা আমাকে জানিতে হেয়জ্ঞান করে।
৭ অতএব সৈন্যের য়িহুহা এ কথা কহেন দেখ
আমি তাহারদিগকে গলাইব ও তাহারদের পরীক্ষা
করিব কেননা আমার লোকেরদের কন্যাকে
৮ আমি কি করিব ?। তাহারদের জিহ্বা এড়ান বাণের
মত সে প্রতারণা বাক্য কহে মানুষ মুখেতে আপন
প্রতিবাসির কাছে শান্তিকর কথা কহে কিন্তু অন্তঃ
৯ করণে বৈরকে লুকায়। য়িহুহা কহেন আমি কি
ইহাতে শাস্তি দিব না ? আমার মনের প্রতিফল
দেওয়া কি এ প্রকার লোকের উপরে সিদ্ধ হবে না ?
১০ পর্ব্বতেরদের বিষয়ে আমি ক্রন্দন ও হাহাকার শব্দ
করিব এবং অরণ্য নিবাসের বিষয়ে আমি বিলাপ
করিব কেননা কেহ যেন সে পথ দিয়া যাইতে না
পারে তাহারা তেমনে দগ্ধ হইয়াছে কেহ পশুরদের
শব্দ শুনিতে পারে না শূন্যের পক্ষিরা ও পশুরা
১১ পলাইয়াছে তাহারা গিয়াছে। আমি য়িরোশলমকে
ঢিপি ও নাগেরদের গর্ত্ত করিব এবং আমি য়িহোদার
নগর সকল নরশূন্য ওজাড় করিব।—

Digitized by Google

১২ ইহা যে বুঝিবে এই কারন বুদ্ধিমান কে? এবং
ইহা প্রকাশ করিবে এই কারন য়িহুহার কথা যাহাকে
কহিয়াছে সে কে? কেননা দেশ নষ্ট হইতেছে
এবং অরণ্যের ন্যায় দগ্ধ তাহাতে কেহ তাহা দিয়া
১৩ যায় না এবং য়িহুহা কহেন আমি যে শাস্ত্র তাহার
দের গোচরে দিলাম সে আমার শাস্ত্র তাহারা ত্যাগ
করিয়াছে এবং আমার কথা মানে নাই ও তাহার
১৪ মত আচারও করে নাই। কিন্তু আপনারদের
অন্তঃকরণের সংকল্পনার এবং আপনারদের পিতৃ
লোকেতে শিক্ষিত যে বআলেরদের ক্রিয়া তাহার
১৫ মত আচার করিয়াছে। অতএব সৈন্যের য়িহুহা
য়িশরালের ঈশ্বর এ কথা কহেন দেখ আমি তাহার
দিগকে অর্থাৎ এ লোকেরদিগকে নাগদানা খাও
১৬ য়াইব এবং পিত্তিকর্ণ জল পান করাইব। এবং
তাহারা ও তাহারদের পিতৃলোকেরা যাহারদিগকে
জানে নাই এমন যে অন্যদেশীয়েরা তাহারদের মধ্যে
আমি তাহারদিগকে ছড়াইব এবং যে পর্য্যন্ত তাহার
দিগকে সংহার না করি সে পর্য্যন্ত আমি ভল্লো
১৭ য়ার তাহারদের পাছে২ পাঠাইব। সৈন্যের য়িহুহা
এ কথা কহেন তোমরা বিবেচনা কর এবং বিনাশ
কারিনী স্ত্রীলোকেরা আইসে এই কারন তাহারদিগকে
ডাক এবং বুদ্ধিমতী স্ত্রীলোকেরা আইসে এই কারন
১৮ তাহারদিগকে ডাক তাহারা শীঘ্র করিয়া আইসুক
এবং আমারদের চক্ষু অশ্রুতে ভাসিয়া যায় ও আমার
দের চক্ষুর পাতা হইতে করিয়া জল বাহির করে

Digitized by Google

আসো আমারদের নিমিত্ত বিলাপ গ্রহন করুক।
১৯ কেননা আমরা যে রূপ বিনষ্ট হইয়াছি সে কেমন
আশ্চর্য্য এমন বিলাপ শব্দ সীয়নহইতে শুনা যায়।
আমরা দেশ ত্যাগ করিয়াছি আমারদের বসতি
আমারদিগকে ফেলিয়া দিয়াছে অতএব আমরা
২০ বড় গবরান হইয়াছি। কিন্তু হে স্ত্রীরা তোমরা
যিহুহার কথা শুন তোমারদের কর্ণ তাঁহার মুখের
কথা গ্রহন করুক এবং তোমারদের কন্যারদিগকে
হাহাকার করিতে শিক্ষা করাও ও প্রত্যেক জন আপন
২১ প্রতিবাসিনীকে বিলাপ করিতে শিক্ষা করুক। কেননা
মৃত্যু আমারদের জানালায় আসিয়াছে এবং বাহিরে
বালকেরদিগকে ও রাস্তার মধ্যহইতে যুবারদিগকে
উচ্ছন্ন করিবার কারন আমারদের অট্টালিকাতেও
২২ প্রবেশ করিয়াছে। কহ যিহুহা এ কথা কহেন ক্ষেত্রে
সার যেমন ও শস্যকাটা লোকেরদের পরে যে আটি
পড়ে সেও যেমন তদ্রূপে মনুষ্যেরদের শব পড়িবে ও
কেহ তাহারদিগকে কুড়াইবে না।—
২৩ যিহুহা এ কথা কহেন জ্ঞানবান মানুষ আপন
জ্ঞানের বিষয়ে দর্পিত না হওক এবং বলবান আপন
বলেতে দর্প না করুক এবং ধনবান আপন ধনের
২৪ বিষয়ে দর্প না করুক কিন্তু পৃথিবীতে অতিদয়া ও
বিচার ও যাথার্থ্য করি যে আমি যিহুহা আমাকে যে
অবগত হয় ও জানে যে জন দর্প করে সে জন এ
বিষয়ে দর্প করুক কেননা যিহুহা কহেন আমি এই
বিষয় ভাল বাসি।—

Digitized by Google

২৫ যিহুহা কহেন দেখ আমি যে সময় অত্বক্‌চ্ছেদী
লোকেরদের সহিত ত্বক্‌ছিন্ন লোকেরদিগকে দণ্ড
২৬ দিব সে সময় আমি মিস্রকে অর্থাৎ মিস্রকে ও
য়িহুদাকে ও আদোমকে ও আম্মোনের সন্তানেরদিগ
কে ও মোয়াবকে এবং অরণ্যের দূরস্থ কোণনিবাসির
দিগকে দণ্ড দিব কেননা এ সকল দেশীয় লোকেরা
অত্বক্‌চ্ছেদী ও য়িশরায়েলের বংশের মধ্যে যত সে
সকলে অন্তঃকরণে অত্বক্‌চ্ছেদী।

পর্ব্ব ১০ ১ হে য়িশরায়েল বংশ যিহুহা যে বাক্য তোমারদিগকে
২ কহেন সে কথা শুন। যিহুহা এ কথা কহেন তোমরা
দেবপূজকেরদের পথ শিক্ষিও না এবং আকাশের
লক্ষণেতে ভয়ান্বিত হইও না কেননা দেবপূজকেরা
৩ তাহাতে ভয়ান্বিত আছে। যে হেতুক লোকেরদের
ব্যবহার বৃথা কেননা কেহ বনের মধ্যে কুড়ালেতে
৪ বৃক্ষ কাটে সে কারিগরের হাতেরই কার্য্য। পরে
তাহারা রূপাতে ও স্বর্ণেতে তাহা অলঙ্কৃত করে এবং
সে না চলে এই নিমিত্তে পেরেক ও হাতুড়িতে বদ্ধ
৫ করে। সে তাল বৃক্ষের ন্যায় খাড়া কিন্তু কথা কহে না
তাহারদিগকে তাহা বহিতে আবশ্যক আছে কেননা
হাঁটিতে পারে না তাহারদিগকে ভয় করিও না কেননা
তাহারা মন্দ করিতে পারে না এবং ভাল করিতে
৬ ও তাহারদের সাধ্য নাই। হে যিহুহা কেহ তোমার
৭ তুল্য নাই তুমি বড় তোমার নাম পরাক্রমেতে বড়। হে
সর্ব্বদেশীয়েরদের রাজা তোমাকে যে ভয় না করিবে
এমন কে আছে? কেননা তোমাকে ভয় করা শোভা

Digitized by Google

পায় যে হেতুক অন্যদেশীয় বিদ্বান লোকেরদের মধ্যে
এবং তাহারদের সকল রাজ্যের মধ্যে তোমার তুল্য
৮ কেহ নাই। কিন্তু তাহারা সর্ব্বপ্রকারে পশুবৎ ও
৯ অজ্ঞান। পুষ্টি যে সে অবস্তুর বিষয়ক ধর্ম্ম। তর্শীশ
হইতে পাত্রীকৃত রূপা আনা যায় এবং মাওফজ
হইতে কারিগরের ক্রিয়া এবং স্বর্ণকারের হাতেতে
রচিত স্বর্ণও আনা যায় তাঁহারদের বস্ত্র নীল ও
বাগুনিয়া বর্ণ তাহারা সকলে নিপুণ শিল্পকারিরদের
১০ ধর্ম্ম। কিন্তু যিহুহা সত্য ঈশ্বর তিনি জীবৎ
ঈশ্বর ও নিত্যস্থায়ী রাজা তাঁহার কোপেতে পৃথিবী
কাঁপিবে সকল দেশীয় লোকেরা তাঁহার ক্রোধ সহিতে
১১ শক্ত হইবে না। তোমরা এ কথা তাহারদিগকে কহ
স্বর্গের ও পৃথিবীর সৃষ্টি না করিয়াছে যে দেবেরা
তাহারা পৃথিবীহইতে এবং এ স্বর্গের অধহইতে
১২ ক্ষয়প্রাপ্ত হবে। তিনি আপন পরাক্রমেতে পৃথিবীর
সৃষ্টি করিয়াছেন তিনি আপন জ্ঞানেতে জগৎ স্থাপন
করিয়াছেন এবং আপন বিচারেতে স্বর্গ সকল
১৩ মেলাইয়াছেন তিনি আপন রব প্রকাশ করিলে
আকাশে অনেক জল হয় তিনি পৃথিবীর সীমাহইতে
কুজ্ঝটি উঠান তিনি বৃষ্টি সুদ্ধ বিদ্যুত করেন এবং
১৪ আপন ভাণ্ডারহইতে বায়ু বাহির করেন। প্রত্যেক
মনুষ্য আপন জ্ঞানেও পশুবৎ আছে প্রত্যেক কামার
খোদান প্রতিমার দ্বারা দবরান হইয়াছে কেননা
তাহার ঢাঁচকৃত প্রতিমা মিথ্যাত্বমাত্র তাহারদের মধ্যে



Digitized by Google

১৫ নিশ্বাস নাই। তাহারা অবস্তুমাত্র ও ভ্রমের
কার্য্য তাহারদের দণ্ড পাওয়া সময়ে তাহারা নষ্ট
১৬ হইবে। যাকুবের অধিকার তাহারদের মত নয়
কেননা তিনি সকলের সৃষ্টিকর্ত্তা য়িশরাল তাঁহার
অধিকারের দণ্ড তাঁহার নাম সৈন্যের য়িহহা।—
১৭ হে গড়নিবাসী তুমি দেশের মধ্যেহইতে আপন
১৮ বানিজ্য দ্রব্য একত্র করিয়া লও কেননা য়িহহা এ কথা
কহেন দেখ আমি এক কালে এ দেশীয় লোকের
দিগকে ফিঙে মারিব এবং তাহারদের তাহারা তল্লাত
পাওনের জন্যে আমি তাহারদিগকে দুঃখ দিব।—
১৯ আমার বিদারন হইয়াছে হায় আমার কি কেননা
আমার ঘাইল বড় দুঃসহ কিন্তু আমি কহিলাম সত্য
এ এক দুঃখ বটে এবং আমাকে তাহা সহিতে হবে।
২০ আমার তাম্বু নষ্ট হইয়াছে এবং আমার সকল দড়ি
ছিড়িয়াছে আমার বালকেরা আমার নিকটহইতে
গিয়াছে ও তাহারা নাই আমার তাম্বু মেলাইতে ও
২১ আমার পরদা আরবার টাঙ্গাইতে কেহ নাই। কেননা
রক্ষকেরা পশুবৎ হইয়াছে তাহারা য়িহহকে চেষ্টা
না করিয়াছে অতএব তাহারদের জ্ঞান নাই এবং তাহার
২২ দের সকল পাল ছিন্ন ভিন্ন হইয়াছে। দেখ
কোলাহলের শব্দ উপস্থিত হইয়াছে এবং য়িহো
দার নগার সকল ওএরান ও নাগেরদের বসতি
করিবার কারন বড় কোলাহল উত্তর দেশহইতে
আসিয়াছে।—
২৩ হে য়িহহা মনুষ্যের মধ্যে আপন গতি সরল করিতে

Digitized by Google

জ্ঞান যে নাই ইহা আমি জানি পথগামী মনুষ্যের
১৪ আপন পাদ বিক্ষেপ শোধন করিতে শক্তি নাই। হে
য়িহুহা আমাকে শাস্তি দিও কিন্তু বিচার পূর্ব্বক শাস্তি
দিও আপন ক্রোধ পূর্ব্বক নয় পাছে আমাকে সর্ব্ব
২৫ নাশ কর তোমাকে জানে না যে অন্যদেশীয়েরা এবং
তোমার উদ্দেশে প্রার্থনা করে না যে বংশ সকল
তাহারদের উপরে আপন ক্রোধ ঢাল কেননা তাহারা
যাঁকুবকে ভক্ষণ করিয়াছে ও খাইয়া ফেলিয়াছে ও
ধ্বংশ করিয়াছে ও তাহার বসতি নর শূন্য করিয়াছে।

পর্ব্ব ১১ য়িহুহার নিকটহইতে যে বাক্য য়িরমীহার কাছে
আইল সে এই। এ বন্দোবস্তের কথা শুন এবং
য়িহোদা লোককে ও য়িরোশলয় নিবাসিরদিগকে
৩ ব্যক্ত করিয়া এ কথা কহ য়িহুহা য়িশ্রায়েলের ঈশ্বর
এই কথা কহেন আমি যে সময় তোমারদের পিতৃলোকে
৪ রদিগকে মিস্রর দেশহইতে অর্থাৎ লোহার আকর
হইতে বাহির করিয়া আনিলাম তোমারদের পিতৃ
লোকেরদের কাছে আমি যে দিব্ব করিয়াছিলাম সে
দিব্ব পূর্ণ করিবার কারণ অর্থাৎ অদ্য যেমন প্রত্যক্ষ
হইয়াছে তেমন তাহারদিগকে আমি দুগ্ধ মধুতে
পরিপ্লুত এক দেশ দি এই কারণ আমার কথা পালন
৫ কর এবং আমি যে সকল আজ্ঞা তোমারদিগকে দি
সে সকল কর তাহাতে তোমরা আমার লোক হইবা
ও আমি তোমারদের ঈশ্বর হইব আমি সে সময়
এই কথা কহিয়া যে বন্দোবস্ত তৎকালে তাহারদের
সহিত করিলাম সে বন্দোবস্তের কথা যে জন পালন

Digitized by Google

৬ না করে সে অভিশাপগ্রস্ত। তখন আমি প্রত্যুত্তর
করিয়া কহিলাম হে যিহুহা সে হউক। তখন
যিহুহা আমাকে কহিলেন তোমরা এ বন্দোবস্তের কথা
শুন ও সে কার্য্য কর এই কথা কহিয়া তুমি যুহোদার
নগরে ও যিরোশলমের রাস্তাতে এ সকল কথা
৭ ঘোষণা কর। কেননা যে দিন আমি তোমারদের
পিতৃলোকেরদিগকে মিসর দেশহইতে আনিলাম সে
দিনাবধি আজি পর্য্যন্ত আমার কথা পালন কর
এই কথা কহিয়া আমি প্রত্যুষে উঠিয়া ও প্ররোচনা
করিয়া যত্নপূর্ব্বক তাহারদের কাছে প্ররোচক কথা
৮ কহিলাম কিন্তু তাহারা মানিল না ও কর্ণ পাতিল
না কিন্তু প্রত্যেক জন আপনং দুষ্ট অন্তঃকরণের পথে
গতি করিল অতএব এ যে বন্দোবস্ত আমি তাহারদের
প্রতি আজ্ঞা করিলাম কিন্তু তাহারা সে কথা মানিল
না সে বন্দোবস্তের সকল কথা আমি তাহারদের
৯ উপরে ঘটাইব। যিহুহা এ কথা আমাকে কহি
লেন যুহোদার লোকেরদের মধ্যে ও যিরোশলমের
১০ প্রজারদের মধ্যে ঐক্য পাওয়া গিয়াছে। আমার
কথা শুনে নাই যে তাহারদের পিতৃলোকেরা তাহার
দের পাপের প্রতি তাহারা ফিরিয়া গিয়াছে এবং সেবা
করিবার জন্যে ইতর ঈশ্বরেরদের পশ্চাদ্বর্ত্তি হইয়াছে
আমি যে বন্দোবস্ত পিতৃলোকেরদের সহিত করিলাম
সে আমার বন্দোবস্ত যিশ্রায়েলের বংশ ও যুহোদার
১১ বংশ ভাঙ্গিয়াছে। যিহুহা এ কথা কহেন সে কারণ
তাহারা যাহা এড়াইতে পারিবে না এমন অমঙ্গল আমি

Digitized by Google

তাহারদের উপরে আনিব এবং তাহারা আমার প্রতি
উচ্চৈঃস্বরে প্রার্থনা করিলেও আমি তাহারদের কথা
১২ শুনিব না। তখন য়িহোদার নগর সকল ও য়িরো
শালম নিবাসিরা যাবে এবং যে দেবেরদের উদ্দেশে
ধূপ পোড়াইয়াছে তাহারদের কাছে উচ্চৈঃস্বরে
প্রার্থনা করিবে কিন্তু তাহারদের দুর্দ্দশা কালে
১৩ তাহারা তাহারদের কিছু রক্ষা করিবে না। কেননা
হে য়িহোদা তোমার নগরের যথা সঙ্খ্যা তত তোমার
দেবতা এবং য়িরোশালমের রাস্তার যথাসঙ্খ্যা তোমার
সে লজ্জাকর বস্তুর প্রতি তত বেদি গাথিয়াছ অর্থাৎ
১৪ বাআলের উদ্দেশে ধূপ পোড়াবার বেদি। অতএব
তুমি এ লোকেরদের কারণ প্রার্থনা করিও না এবং
তাহারদের কারণ আর্ত্তস্বর কিম্বা প্রার্থনা উঠাইও
না কেননা তাহারা আপনারদের দুঃখের বিষয়ে
যে সময়ে প্রার্থনা করে সে সময়ে আমি তাহার
১৫ দের কথা শুনিব না। আমার প্রিয়া অনেক
লোকের সঙ্গে ব্যভিচার ক্রিয়া করিয়াছে এবং শুচি
মাংস তোমাহইতে গিয়াছে অতএব আমার ঘরে
তাহার কি কার্য্য? তুমি যখন কুক্রিয়া কর তখন তুমি
১৬ আনন্দও করিতেছ। তাজা ও সুন্দর ও উত্তম
ফলেতে জিতবৃক্ষ তোমার এ নাম য়িহুহা করিলেন
তিনি বড় কোলাহল শব্দেতে তাহার উপরে অগ্নি
১৭ জ্বালাইয়াছেন ও তাহার ডাল ভাঙ্গা গিয়াছে। কেননা
য়িশরায়েলের বংশ ও য়িহোদার বংশ আমাকে ক্রুদ্ধ
করিবার জন্যে বাআলের উদ্দেশে ধূপ পোড়ানে যে

Digitized by Google

পাপ আপনারদের বিরুদ্ধে সৃষ্টি করিয়াছে তোমাকে
রোপণ করিলেন যে যিহুহা তিনি সে পাপ প্রযুক্ত
তোমার বিপরীতে মন্দ কহিয়াছেন।
১৮ যিহুহা আমাকে জ্ঞান দিয়াছেন এবং আমি জানি
তখনই তুমি আমাকে তাহারদের ক্রিয়া জ্ঞাত করাই
১৯ য়াছ। কিন্তু আমি মারিবার জন্যে আনীত
ভেড়ার বাচ্চা কিম্বা গরুর মত ছিলাম এবং আইস
আমরা ফল সুদ্ধ বৃক্ষ নষ্ট করি এবং তাহার নাম
আর স্মরণ করা না যায় এই জন্য তাহাকে জীবৎ
লোকেরদের দেশহইতে ছেদন করিয়া ফেলি তাহারা
যে আমার বিপরীতে এ পরামর্শ করিয়াছিল ইহা
২০ আমি জানি নাই। কিন্তু হে যথার্থ বিচারকর্ত্তা
এবং অন্তর্ব্বর্ত্তী ও অন্তঃকরণের পরীক্ষক সৈন্যের
যিহুহা আমি তাহারদের উপরে যেন তোমার কোপ
দেখিতে পাই কেননা তোমার নিকটে আমি আপন
২১ ফরদ্দমা প্রকাশ করিয়াছি। তুমি আমারদের হাতেতে
না মর এই জন্যে যিহুহার নামে ভবিষ্যদ্বাক্য কহিও না
এ কথা কহিয়া তোমার প্রাণ মারিতে চেষ্টা করে যে
অনতোতের লোকেরা যিহুহা তাহারদের বিষয়ে এ
২২ কথা কহেন। সৈন্যের যিহুহা এই জন্যে এ কথা
কহেন দেখ আমি তাহারদিগকে দণ্ড দিব যুবারা তলো
য়ারেতে মরিবে এবং তাহারদের পুত্র কন্যারা আকা
২৩ লেতে মরিবে এবং তাহারদের অবশিষ্ট কিছু থাকিবে
না কেননা আমি অনতোত লোকেরদের দুর্দ্দশা
আনিব অর্থাৎ তাহারদের শাস্তি পাওয়া সময়।

Digitized by Google

পর্ব্ব হে যিহুহা আমার তোমার সহিত প্রশ্নোত্তর করণ
১২ কালে তুমি যথার্থ কিন্তু তোমার বিচারের বিষয়ে
আমাকে তোমার সহিত কথা কহিতে দিও। দুরাচারে
রদের পথ ভাগ্যবান কেন? যাহারা অতি কপট করে
২ সে সকলে সুখে কেন আছে? তুমি তাহারদিগকে
রোপন করিয়াছ তাহারা শিকড়ও গাড়িয়াছে তাহারা
বাড়ে তাহারা ফলও ফলে তুমি তাহারদের মুখে নিকট
৩ কিন্তু তাহারদের অন্তঃকরণহইতে দূর। কিন্তু হে
যিহুহা তুমি আমাকে জ্ঞাত আছ তুমি আমাকে দেখি
য়াছ এবং তোমার প্রতি যে আমার অন্তঃকরণ তাহার
ও পরীক্ষা লইয়াছ। মারিবার ভেড়ারদের ন্যায়
তাহারদিগকে বাছিয়া লও মারিবার দিনের জন্য তাহা
৪ রদিগকে প্রস্তুত কর। দেশনিবাসিরদের দুষ্টতা
প্রযুক্ত দেশ কত কাল শোক করিবে এবং প্রত্যেক
ক্ষেত্রের তৃণ কত কাল শুখিয়া যাবে? তিনি আমার
দের শেষ দেখিবেন না তাহারা এ কথা কহিয়াছে সে
প্রযুক্ত পশুরদের ও পক্ষিরদের ক্ষয় হইয়াছে।
৫ তুমি পদাতিকেরদের সঙ্গে দৌড়িলে তাহারা যদি
তোমাকে ক্লান্ত করিয়া থাকে তবে ঘোড়ারদের সহিত
কেমন করিয়া যুদ্ধ করিতে পার? এবং তুমি যাহাতে
বিশ্বাস কর এমন যে শান্তির দেশ তাহাতে যদি ক্লান্ত
হইয়াছ তবে যর্দ্দনের উথলনে তুমি কি করিবা?
৬ কেননা তোমার ভ্রাতারা ও তোমার পিতৃবংশীয়
লোকেরা যে তোমাকে প্রবঞ্চনা করিয়াছে তাহারা
তোমার পাছে২ বড় জনতাকে ডাকিয়াছে তাহারা

Digitized by Google

তোমাকে প্রিয় কথা কহিলেও তাহারদিগকে প্রত্যয়
করিওনা।—
৭ আমি আপন বাটী ত্যাগ করিয়াছি আমি আপন
অধিকার ছাড়িয়াছি আমি শত্রুরদের হাতে আপন
৮ প্রাণের প্রিয়কে সমর্পণ করিয়াছি। আমার
অধিকার আমার প্রতি বনে থাকা সিংহের ন্যায় সে
আমার বিরুদ্ধে ডাকিয়া উঠে এই জন্যে আমি তাহা
৯ ঘৃণা করিয়াছি। আমার অধিকার আমার কাছে
চিত্র বিচিত্র এক পক্ষির মত চতুর্দ্দিগের পক্ষিরা তাহার
বিপরীতে আইসে। হে মাঠের সকল পশুরা তোমরা
আপনারদিগকে একত্র কর খাইয়া ফেলিবার কারণ
১০ আইস। অনেক রক্ষক আমার দ্রাক্ষা ক্ষেত্র নষ্ট
করিয়াছে তাহারা আমার সুন্দর অধিকার পায়ের
নিচে দলিয়াছে তাহারা আমার রম্য অধিকারকে বন
১১ করিয়া ফেলিয়াছে তাহারা তাহাকে ওএরাণ করিয়াছে
এবং ওএরাণ হইয়া সে আমার কাছে বিলাপ করে
সমস্ত দেশ ওএরাণ হইয়াছে কেননা কেহ সে বিষয়ে
১২ অন্তঃকরণ লাগায় না। নষ্ট কর্ত্তারা বন দিয়া সমস্ত
উচ্চস্থানে আসিয়াছে কেননা দেশের সীমাহইতে
সীমা পর্য্যন্ত যিহুহার তলোয়ার বিনাশ করিবে কাহার
শান্তি হইবেনা।—
১৩ তাহারা গোম বুনিয়াছে কিন্তু কাঁটা ফসল কাটিবে
তাহারা আপনারদিগকে দুঃখ দিয়াছে বটে কিন্তু
কিছু লাভ পাইবে না যিহুহার প্রজ্বলিত ক্রোধ প্রযুক্ত

Digitized by Google

তাহারা তোমারদের ক্রোধের বিষয়ে লজ্জিত
হইবে।
১৪ আমি যে অধিকার আপন ইস্রায়েল লোকদিগকে
দিয়াছি সে অধিকার স্পর্শ করে যে আমার দুষ্ট প্রতি
বাসী তাহারদের বিপরীতে যিহোবা এ কথা কহেন
যে আমি তাহারদের দেশহইতে তাহারদিগকে
উৎপাটন এবং যিহূদা বংশকে ও তাহারদের
১৫ মধ্যহইতে উৎপাটিব। আমি তাহারদিগকে
উৎপাটন করিলে পর আমি ফিরিয়া আসিব
এবং তাহারদের উপরে দয়া করিব এবং তাহার
প্রত্যেক জনকে আপন অধিকারে এবং প্রত্যেক
১৬ জনকে আপন দেশে আনিব। এবং এমত হবে
তাহারা যদি যত্নপূর্ব্বক আমার লোকেরদের আচার
শিক্ষা করিবে অর্থাৎ তাহারা আমার লোকদিগ
কে বালের নামে দিব্য করিতে যেরূপ
শিক্ষা করাইয়াছে তদ্রূপে যিহোবা জীবৎ আছেন এ
কথার দ্বারা আমার নামে দিব্য করণ শিক্ষা
যদি করে তবে তাহারা আমার লোকেরদের মধ্যে
১৭ গাঁথা যাবে। কিন্তু যিহোবা কহেন যদি তাহারা
আমার কথা না মানে তবে আমি তদ্দেশীয় লোকের
দিগকে উৎপাটন করিয়া একেবারে নষ্ট করিব।
পর্ব্ব যিহোবা এ কথা আমাকে কহিলেন তুমি যাইয়া
১৩ কাপড়ের এক কটিবন্ধ ও ক্রয় করিয়া কটিতে তাহা
দিও তাহা জলে দিও না। অতএব যিহোবার বাক্যানু



Digitized by Google

সারে আমি এক পোটুকা লইয়া আপন কমরে দিলাম।
৩ পরে যিহুহার এ বাক্য দ্বিতীয়বার আমার কাছে
৪ আইল। তুমি যে পেটুকা লইয়াছ ও যাহা তোমার
কমরে আছে তাহা লও এবং ফরাত্ত নদীর কাছে
যাইয়া প্রস্তরময় পর্ব্বতের এক গর্ত্তে সেখানে তাহা
৫ গুপ্ত কর। অতএব যিহুহা যে আজ্ঞা আমাকে দিয়াছি
লেন তদনুযায়ী আমি যাইয়া ফরাতের নিকট তাহা
৬ গুপ্ত করিলাম। এমত হইল অনেক দিনের পরে
যিহুহা আমাকে এ কথা কহিলেন উঠ ফরাতে যাও
এবং যে পোটকা সেখানে গুপ্ত করিতে আমি
তোমাকে আজ্ঞা করিলাম তাহা সেখানহইতে লও।
৭ পরে আমি ফরাতের কাছে যাইয়া খনন করিলাম
এবং যেখানে আমি পোটুকা গুপ্ত করিয়াছিলাম
সেখানহইতে তাহা লইলাম তাহাতে দেখ সে পোটুকা
৮ নষ্ট হইল সে কোন কার্য্যের ভাল নয়। তখন যিহু
৯ হার এ কথা আমার কাছে আইল। যিহুহা এ কথা
কহেন আমি এ প্রকারে য়িহোদার অহঙ্কার এবং
১০ যিরোশলমের বড় অহঙ্কার নষ্ট করিব। আমার কথা
শুনিতে হেয়জ্ঞান করে এবং আপনাদের অন্তঃকরণের
একগুঁয়াতে আচরণ করে এবং ইতর ঈশ্বরেরদের
সেবা ও পূজা করিবার কারণ তাহারদের পশ্চাদ্গামী
হয় যে এ দুষ্ট লোকেরা তাহারা এ অকর্ম্মণ্য পোটুকার
১১ মত হইবে। কেননা পোটুকা যেমত মনুষ্যের কমরের
কাছে লাগিয়া থাকে তেমনে যিশ্রায়েলের সমস্ত
বংশ ও য়িহোদার সমস্ত বংশ আমার প্রতি এক

Digitized by Google

লোক সমূহ এবং এক নাম এবং প্রশংসা বস্তু
এবং মাহাত্ম্য হয় এই কারণ তাহারদিগকে আমি
আপনি কাছে লাগাইয়াছি কিন্তু তাহারা শুনিতে
চাহিল না।—
১২ অতএব তাহারদিগকে এ কথা কহ য়িহুহা য়িশরা
লের ঈশ্বর এ কথা কহেন প্রত্যেক পাত্র দ্রাক্ষা রসেতে
পূর্ণ করা যাবে তাহাতে তাহারা তোমাকে কহিবে
প্রত্যেক পাত্র যে দ্রাক্ষা রসেতে পূর্ণ করা যাবে আমরা
কি ইহা অবশ্য জানি না?।—
১৩ অতএব তাহারদের কাছে এ কথা কহ য়িহুহা
য়িশরালের ঈশ্বর এ কথা কহেন দেখ এ দেশনিবাসী
সকল লোককে অর্থাৎ দাওদের সিংহাসন উপবিষ্ট
রাজারদিগকে ও পুরোহিতেরদিগকে ও ভবিষ্যদ্বক্তার
দিগকে ও য়িরোশলম নিবাসী সকলকে আমি
১৪ মত্ততাতে পূর্ণ করিব। এবং য়িহুহা কহেন আমি
তাহারদের এক জনকে আর এক জনের উপরে ফেলি
য়া দিব অর্থাৎ পিতারদিগকে ও পুত্রেরদিগকে একে
কালে ফেলিয়া দিব আমি কৃপা করিব না ও ক্ষমা
করিব না ও দয়া করিব না কিন্তু তাহারদিগকে নষ্ট
করিব।—
১৫ তোমরা শুন অবধান কর অহঙ্কারী হইও না যেহেতুক
১৬ য়িহুহা কহিয়াছেন য়িহুহা তোমারদের ঈশ্বর অন্ধ
কার না করিলে এবং তোমারদের পা অন্ধকারময়
পর্ব্বতের উপরে উছোট না খাইলে এবং তোমরা যে
কালে আলোর অপেক্ষা কর তিনি সে কালে তাহাকে

Digitized by Google

মৃত্যুর ছায়া ও ঘোর অন্ধকার না করিলে তোমরা
১৭ তাঁহার মহাত্ম্য প্রকাশ কর। কিন্তু যদি তোমরা
তাহা শুনিতে না চাহ তবে তোমারদের অহঙ্কারেতে
আমার মন গুপ্ত স্থানে শোক করিবে ও আমার
চক্ষু অতিশয় ক্রন্দন করিবে ও অশ্রুতে ভাসিয়া
যাইবে কেননা যিহোবার পাল জোরেতে বিদেশে
১৮ লওয়ান গিয়াছে। রাজাকে ও রাণীকে কহ
আপনারদিগকে খাটো কর বস কেননা তোমারদের
রাজত্ব পড়িবে অর্থাৎ তোমারদের গৌরবের মুকুট
১৯ পড়িবে। দক্ষিণ দেশীয় নগরেরা বদ্ধ হবে এবং
কেহ সে নগর খুলিবে না যিহোদা সমুদায় জোরেতে
অন্যদেশে লওয়ান যাবে সে ষোলোআনা অন্যদেশে
২০ জোরেতে লইয়া যাওয়া যাবে। যাহারা উত্তর
দেশহইতে আসিতেছে তোমরা চক্ষু উঠাইয়া তাহার
দিগকে দেখ তোমার কাছে দত্ত যে পাল অর্থাৎ
তোমার সুন্দর পাল সে কোথায়? তুমি আপন
সেনাপতিরদিগকে ও স্বামিরদিগকে শিক্ষা করাই
২১ য়াছ অতএব তিনি যখন তোমাকে দণ্ড দিবেন তখন কি
কহিবা? স্ত্রীলোকের প্রসব বা যন্ত্রণায় দুঃখ
কি তোমাকে আক্রমণ করিবে না?।
২২ এ দশা আমাকে কেন ঘটিয়াছে? এই কথা যদি
তুমি অন্তঃকরণে কহ তবে জান যে তোমার
অপরাধের বাহুল্যেতে তোমার পাছা প্রকাশিত
হইয়াছে ও তোমার পাদমূল অনাবৃত করা গিয়াছে।
২৩ কুশীয় কি আপন চর্ম্ম অন্য বর্ণ করিতে পারে? কিম্বা

Digitized by Google

ব্যাঘ্র কি আপন চিত্র, অন্য প্রকার করিতে পারে?
করিতে পারিলে অভ্যাসিত পাপকর্ম্ম যে তোমরা
তোমরা উত্তম ক্রিয়া করা শিক্ষা করিতে পার।
২৪ অতএব [ বনের বায়ুতে উড়াইতেছে যে নাড়া তাহারি
২৫ ন্যায় আমি তাহারদিগকে ছড়াইয়া ফেলিব। যিহহা
কহেন এই তোমার ভাগ ও আমার নিকটহইতে দত্ত
তোমার প্রাপ্য পরিমাণ কেননা তুমি আমাকে বিস্মৃত
২৬ হইয়াছ এবং মিথ্যাতে বিশ্বাস করিয়াছ। অতএব
তোমার অপমান দেখা যায় এই জন্যে তোমার
মুখের উপরে আমি তোমার পাছা ও কাপড় উঠা
২৭ হওয়া প্রকাশ করিব তোমার পারদারিকতার ও তোমার
হিন হিনশব্দ করা ও তোমার ব্যভিচার ক্রিয়ার লজ্জনা
এবং মাঠের পর্ব্বতের উপরে তোমার ঘৃণিত ক্রিয়া এই
সকল আমি দেখিয়াছি। হে যিরোশলম তোমার
সন্তাপ হবে তুমি কি পরিষ্কৃত হবা তাহা না সে
এবার কখন হইবে?।

পর্ব্ব অতি অনাবৃষ্টি বিষয়ে যিহহার যে কথা যিরমীয়ার
১৪ কাছে আইল সে এই।

২ যিহূদা রোদন করে এবং তাহার দ্বার ক্ষীণ হয়
তাহারা মৃত্তিকা পর্য্যন্ত কৃষ্ণবর্ণ যিরোশলমের ক্রন্দন
৩ ঊর্দ্ধগত হইয়াছে। তাহারদের মহৎলোকেরা
আপনারদের বালকেরদিগকে জলের কাছে পাঠাই
য়াছে তাহারা কূপের কাছে আসিয়া কিছু জল পাইল
না তাহারা শূন্য পাত্রহস্ত হইয়া ফিরিয়া গেল তাহারা
লজ্জিত ও অপমানিত হইয়াছিল এবং মাথা ঢাকিলা।

Digitized by Google

৪ কেননা পৃথিবীতে বৃষ্টি না হওয়াতে মৃত্তিকা ফাটিয়া
গিয়াছে চাসারা সলজ্জ হইয়াছিল ও আপনারদের
৫ মাথা ঢাকিল। ঘাস না হওয়াতেও হরিণী মাঠে
৬ প্রসব করিয়া বাচ্চাকে ত্যাগ করিল। বনগাধারা
শুষ্ক স্থানে দাঁড়াইয়া তাহারা নাগেরদের ন্যায় বায়ুকে
নাকে টানিল ঘাস না হওয়াতে তাহারদের চক্ষু ক্ষীণ
হইল।—

৭ হে য়িহুহা আমারদের অযাথার্থ্য আমারদের
বিপরীতে সাক্ষ্য দেয় বটে তথাপি তুমি আপন
নামের জন্যে তাহা কর কেননা আমারদের স্খলন
অনেক আমরা তোমার বিরুদ্ধে পাপ করিয়াছি।
৮ হে য়িশরালের ভরসা হে দুর্দ্দশা কালে তাহার
ত্রাণকর্ত্তা তুমি কেন দেশের মধ্যে বিদেশির মত হও
কিম্বা এক রাত্রি প্রবাসের জন্যে আগত কোন কাহার
৯ মত কেন হও? তুমি বিস্ময়াপন্ন কোন কাহার ন্যায়
কিম্বা ত্রাণ করিতে না পারে এমন কোন বলবান
লোকের মত কেন হও? তথাপি হে য়িহুহা তুমি
আমারদের মধ্যবর্ত্তী আছ এবং আমরা তোমার
নামেতে খ্যাত আছি আমারদিগকে ত্যাগ করিও না।
১০ য়িহুহা এ লোকেরদিগকে এ কথা কহেন
তাহারা এমত ভ্রমণ করিতে ভাল বাসিয়াছে তাহারা
আপন পা নিবারণ না করিয়াছে অতএব য়িহুহা
তাহারদিগকে গ্রহণ করেন না তিনি এখন তাহার
দের অযাথার্থ্য মনে করিবেন ও তাহারদের পাপের
১১ শাস্তি দিবেন। পরে য়িহুহা আমাকে কহিলেন

Digitized by Google

11 এলোকেরদের মঙ্গল প্রার্থনা করিও না। তাহারা
যে সময়ে উপবাস করে সে সময়ে আমি তাহারদের
প্রার্থনা শব্দ শুনিব না তাহারা যে সময়ে হোম ও ভক্ষ্য
উৎসর্গ করে সে সময়ে আমি তাহারদিগকে গ্রহণ
করিব না কিন্তু তাহারদিগকে তলোয়ার ও আকাল
ও মড়ককেতে সংহার করিব।
13 তখন আমি কহিলাম হে প্রভু পরমেশ্বর দেখ
ভবিষ্যদ্বক্তারা তাহারদিগকে এ কথা কহে তোমরা
তলোয়ার দেখিবা না এবং তোমারদের দেশে আকাল
হইবে না কিন্তু এ স্থানে আমি শান্তি তোমারদিগকে
14 নিশ্চয় দিব। তখন যিহোবা আমাকে কহিলেন
ভবিষ্যদ্বক্তারা আমার নামে মিথ্যা কথা কহে আমি
তাহারদিগকে পাঠাই নাই এবং তাহারদিগকে আজ্ঞা
করি নাই এবং তাহারদের কাছেও কহি নাই তাহারা
মিথ্যা দর্শন ও দৈবজ্ঞানী এবং অবস্তু কথা এবং আপনা
দের অন্তঃকরণের প্রতারণা তোমারদের কাছে প্রকাশ
15 করে। অতএব আমার নামে ভবিষ্যদ্বাক্য কহে
এবং আমি তাহারদিগকে পাঠাই নাই কিন্তু তাহারা
কহে যে এ দেশে তলোয়ার ও আকাল হইবে না
এমন যে ভবিষ্যদ্বক্তারা তাহারদের বিষয়ে যিহোবা এ
কথা কহেন তলোয়ারে ও আকালেতে সে ভবিষ্যদ্বক্তার
16 দের নাশ হইবে। এবং তাহারা যে লোকেরদের
কাছে ভবিষ্যদ্বাক্য কহে তাহারাও আকাল ও তলো
য়ার প্রযুক্ত যিরোশলমের রাস্তাতে ফেলান যাইবে
এবং তাহারদিগকে ও তাহারদের স্ত্রীরদিগকে ও তাহার

Digitized by Google

দের পুত্র কন্যারদিগকে কবরে দিতে কেহ তাহার
দের থাকিবে না কেননা আমি তাহারদের দুষ্টতা
তাহারদের উপরে ঢালিব।
১৭ অতএব তুমি তাহারদিগকে এ কথা কহ আমার চক্ষু
রাত্রি দিনে যেন অশ্রুতে ভাসে ও বিরত যেন না হয়
কেননা আমার লোকেরদের অবিবাহিত কন্যা মহা
১৮ আঘাতে ও অতিশয় আঘাতে ভগ্ন হইয়াছে। আমি
যদি মাঠে যাই, তবে দেখ সংগ্রামে তলোয়ারেতে হত
যদি নগরে প্রবেশ করি তবে দেখ দুর্ভিক্ষেতে
পীড়িত ভবিষ্যদ্বক্তা ও যাজক এই দুই এ আপনার
১৯ দের কর্ত্তৃক অজ্ঞাত এক দেশ গমন করে। তুমি কি
যিহূদাকে সর্ব্বতোভাবে ত্যাগ করিয়াছ? তোমার
প্রাণ কি সিয়োনকে ঘৃণা করিয়াছে? তুমি যাহাতে
সুস্থ হওয়া না থাকে এমনে আমাদিগকে কেন মারি
য়াছ? আমরা শান্তির অপেক্ষা করিলাম কিন্তু কিছু
ভাল ছিল না এবং সুস্থ হওয়ার কাল অপেক্ষা করিলাম
২০ কিন্তু দেখ ত্রাস হইল। হে যিহোবা আমরা আপনার
দের দুষ্টতা ও আপনারদের পিতৃলোকেরদের অপরাধ
স্বীকার করি কেননা আমরা তোমার বিরুদ্ধে পাপ
২১ করিয়াছি। তুমি আপন নামের নিমিত্ত আমারদিগকে
ঘৃণা করিও না আপন মাহাত্ম্যের সিংহাসনের
অপমান করিও না স্মরণ কর আমারদের সহিত
২২ তোমার যে বন্দোবস্ত তাহা ভাঙ্গিও না। অন্য
দেশীয় লোকেরদের অবস্তুতারূপ দেবেরদের মধ্যে
যে বৃষ্টি দিতে পারে এমন কেহ কি আছে? কিম্বা

Digitized by Google

আকাশ কি বৃষ্টি দিতে পারে? হে যিহুহা আমারদের ঈশ্বর তুমি কি তিনি নহ? অতএব আমরা তোমার অপেক্ষা করিব কেননা তুমি এই সকলের সৃষ্টি করিয়াছ।

পর্ব্ব ১৫ তখন যিহুহা আমাকে কহিলেন মোশা এবং শামুএল যদি আমার সম্মুখে দাঁড়াইত তথাপি আমার মন কখন এ লোকেরদের প্রতি হইতে পারিত না তাহারদিগকে আমার গোচর হইতে ফেলিয়া দেও

২ তাহারা বাহিরে যাউক। আমরা কোথায় যাইব তাহারা যদি এ কথা কহে তবে তাহারদিগকে কহ যিহুহা এ কথা কহেন যাহারা বধ্য তাহারা বধের কারণ ও যাহারা তলোয়ারেতে হন্তব্য তাহারা তলোয়ারের

৩ কারণ এবং যাহারা আকালেতে পতনীয় তাহারা আকালের কারণ ও যাহারা অন্য দেশে দাসপদে বাস করণীয় তাহারা অন্য দেশে দাস পদে থাকার কারণ যাউক। এবং যিহুহা কহেন মারিবার নিমিত্তে তলোয়ার ও ছিঁড়িবার নিমিত্তে কুকুরেরা ও খাইয়া ফেলিবার ও নষ্ট করিবার নিমিত্তে শূন্যের পক্ষিরা ও পৃথিবীর পশুরা এই চারি প্রকার আমি

৪ তাহারদের উপরে নিযুক্ত করিব। এবং যহোদার রাজা যহিজকীয়ার পুত্র মনশা প্রযুক্ত এবং যিরোশলমে সে যে ক্রিয়া করিল তাহার ক্রিয়ারও প্রযুক্ত আমি তাহারদিগকে পৃথিবীর সকল রাজ্যে স্থানান্তর করিব।

৫ কেননা হে যিরোশলম তোমাকে দয়া করিবে কে? তোমার



Digitized by Google

বিষয়ে বিলাপ করিবে কে? তুমি কেমন আছ এই কথা
৬ জিজ্ঞাসা করিতে তোমার পশ্চাৎ২ যাবে কে? যিহুহা
কহেন তুমি আমাকে ত্যাগ করিয়াছ তুমি পাছে২
গিয়াছ সে কারণ আমি তোমার বিরুদ্ধে আপন হাত
বিস্তার করিব ও তোমাকে সংহার করিব আমি
৭ অনুতাপ করাতে ক্লান্ত হইয়াছি। সে দেশের দ্বারে
আমি তাহারদিগকে কুলাতে ঝাড়িব আমি তাহার
দিগকে নিঃসন্তান করিব। আমার লোকেরা আপন
পথহইতে ফিরে না অতএব আমি তাহারদিগকে
৮ নষ্ট করিব। তাহারদের বিধবারা সমুদ্রের বালি
হইতে অনেক হইয়াছে আমি মধ্যাহ্ন কালে তাহার
দের বিরুদ্ধে অর্থাৎ যুবারদের মাতার বিরুদ্ধে নষ্ট
কর্ত্তা এক জনকে আনিয়াছি আমি তাহাকে তাহারদের
ওপরে অকস্মাৎ গমন করাইয়াছি এবং নগরের
৯ ওপরে ভয়ও আনিয়াছি। সাত বালককে প্রসব
করিয়াছে যে স্ত্রী সেও প্রাণ ত্যাগ করিয়াছে দিন
থাকিতেও তাহার সূর্য্য অস্ত গিয়াছে সে লজ্জান্বিতা
ও অপমানিতা হইয়াছে। যিহুহা ইহাও কহেন
আমি তাহারদের শত্রুরদের সম্মুখে তাহারদের
অবশিষ্ট লোককে তলোয়ারের কাছে সমর্পণ করিব।
১০ হে আমার মা সকল পৃথিবীর কাছে বিরোধকারী
মানুষ যে আমি আমাকে যে তুমি জন্ম দিয়াছ
ইহাতে হায়২ আমার। আমি সুদ পাবার কারণ কাহা
কেও ধন দি নাই এবং সুদ পাবার কারণ আমাকেও
কেহ ধন দেয় নাই তথাপি তাহারদের মধ্যে প্রত্যেক

Digitized by Google

১১ জন আমাকে শাপ দেয়। যিহূহা কহিলেন অবশ্য
তোমার অবশিষ্ট লোকেরদের মঙ্গল হইবে আপদের
সময়ে এবং দুর্দ্দশার সময়ে শত্রুকে তোমার প্রতি
১২ ভাল ব্যবহার করাইব। লোহা কি উত্তরদেশীয়
১৩ লোহাকে ও ইস্পাতকে ভাঙ্গে? তোমার সকল সীমায়
তোমার যে সকল পাপ তাহাতে তোমার সংস্থান ও
তোমার ধন আমি বিনা মূল্য লুটাইবার কারণ দিব।
১৪ এবং তোমার শত্রুরদের সঙ্গে আমি তোমাকে অজ্ঞাত
এক দেশে তোমাকে গতি করাইব কেননা তোমার
দিগকে দগ্ধ করিবে যে এক অগ্নি এমন অগ্নি আমার
ক্রোধেতে জ্বলিয়াছে।—
১৫ হে যিহূহা তুমি জ্ঞাত আছ আমাকে স্মরণ কর
এবং আমাকে দেখিতে আইস তুমি আপন দীর্ঘ
সহিষ্ণুতা প্রযুক্ত আমাকে দূর করিও না আমি তোমার
নিমিত্তে নিন্দা প্রাপ্ত হইয়াছি ইহা তুমি জ্ঞাত হও।
১৬ তোমার কথা পাওয়া গিয়াছে এবং আমি তাহা ভক্ষণ
করিলাম তাহাতে তোমার কথা আমার প্রতি অন্তঃ
১৭ করণের হর্ষ ও আহ্লাদ ছিল। কেননা হে যিহূহা
সৈন্যের ঈশ্বর আমি তোমার নামেতে খ্যাত আছি আমি
উল্লাসিতেরদের সভাতে বসিলাম না এবং আহ্লাদও
করিলাম না আমি তোমার হাতের ভয় প্রযুক্ত একা
বসিলাম কেননা তুমি ক্রোধ ফলেতে আমাকে পরি
১৮ পূর্ণ করিয়াছ। আমার ব্যথা কেন নিত্য ও আমার
ঘাইল কেন অচিকিৎস্য ও ভাল হইতে হেয়জ্ঞান কেন
করে? তুমি কি সর্ব্বতোভাবে আমার প্রতি মিথ্যা
বক্তার মত ও শুষ্কজল জলের মত?।—

Digitized by Google

১৯ অতএব যিহুহা এ কথা কহেন তুমি যদি ফির তবে
আমি তোমাকে আনিব ও তুমি আমার দৃষ্টিতে দাঁড়া
ইবা এবং তুমি যদি বহুমূল্য ও অধমে ভিন্ন২ কর
তবে তুমি আমার মুখের ন্যায় হইবা। তাহারা
তোমার কাছে ফিরিয়া আইসুক কিন্তু তুমি তাহার
২০ দের কাছে ফিরিয়া যাইও না। এবং এ লোকেরদের
প্রতি আমি তোমাকে পিত্তলের এক দৃঢ় প্রাচীর রূপ করিব
তাহারা তোমার সহিত যুদ্ধ করিবে কিন্তু তোমাকে
পরাস্ত করিবে না কেননা যিহুহা কহেন আমি তোমা
কে ত্রাণ করিবার কারণ ও তোমার উদ্ধার করিবার
২১ কারণ তোমার সঙ্গী হইয়াছি। এবং দুষ্টেরদের
হাতহইতে আমি তোমাকে উদ্ধার করিব. এবং ভয়দা
য়কেরদের হাতহইতে তোমাকে মুক্ত করিব।

পর্ব্ব যিহুহার এ কথাও আমার কাছে আইল। তুমি
১৬ এস্থানে বিবাহ করিও না এবং পুত্র কন্যারদের জন্ম
৩ দিও না। কেননা এ স্থানে জাত পুত্রেরদের ও
কন্যারদের বিষয়ে এবং তাহারদের জননী মাতার
দের বিষয়ে এবং এ দেশে তাহারদিগকে জন্ম দিয়াছে
যে পিতারা তাহারদেরও বিষয়ে যিহুহা এ কথা
৪ কহেন। তাহারা যন্ত্রণাদায়ক মৃত্যুতে মরিবে
তাহারদের বিষয়ে শোক করা যাইবে না এবং তাহারা
কবরে দেওয়া যাইবেও না তাহারা পৃথিবীর মুখের
উপরে সারের ন্যায় থাকিবে এবং তলোয়ার ও
আকালেতে সংহার করা যাবে তাহারদের শব
শূন্যের পক্ষিরদের ও পৃথিবীর পশুরদের আহার

Digitized by Google

৫ হবে। কেননা যিহুহা এ কথা কহেন শোক করা
ঘরে যাইও না এবং তাহারদের বিষয়ে বিলাপ করিতে
কিম্বা ক্রন্দন করিতে যাইও না কেননা যিহুহা কহেন
আমি এ লোকহইতে আমাকর্ত্তৃক শান্তি লইয়া গিয়াছি
৬ অর্থাৎ দয়া ও কৃপা। আপামর সাধারণ সকলে
এ দেশে মরিবে তাহারা কবরে শোয়াণ যাইবে না
লোকেরা তাহারদের কারণ বিলাপ করিবে না এবং
আপনারদিগকে কাটিবে না ও তাহারদের বিষয়ে
৭ আপনারদিগকে মুণ্ডিত করিবে না। এবং মৃতেরদের
বিষয়ে আপনারদিগকে সান্ত্বনা করিতে লোকেরা
শোক করত তাহারদের বিষয়ে বিদীর্ণ করিবে না
তাহারদের পিতা মাতার বিষয়ে কেহ সান্ত্বনাকর
৮ পেয়ালা পান করিতে দিবে না। তাহারদের সহিত
ভোজন পান করিতে বসিবার কারণও ভোজন শালায়
৯ যাইও না। কেননা সৈন্যের যিহুহা যিশরালের
ঈশ্বর এ কথা কহেন দেখ তোমারদের দৃষ্টিতে ও
তোমারদের কালে আমি এ স্থানে আনন্দের ও হর্ষের
শব্দের ও বরের ও কন্যার শব্দের শেষ করিব।
১০ অতএব তুমি যখন এ লোকেরদের কাছে এ সকল
কথা প্রকাশ করিবা ও তাহারা তোমাকে কহে যিহুহা
কেন এ বড় অকল্যাণ কথা আমারদের বিষয়ে কহি
য়াছেন? ও যিহুহা আমারদের ঈশ্বরের বিরুদ্ধে
১১ আমরা কি পাপ করিয়াছি? তখন তুমি তাহারদিগ
কে কহিবা যিহুহা কহেন তোমারদের পিতৃলোকেরা
আমাকে ত্যাগ করিয়াছে এবং ইতর ঈশ্বরেরদের

Digitized by Google

অনুগামী হইয়াছে ও তাহারদের সেবা ও ভজনা
করিয়াছে এবং আমাকে ত্যাগ করিয়াছে এবং
১২ আমার ব্যবস্থা পালন করে নাই এবং তোমরা আপন
পিতৃলোকেরদের হইতে অধিক মন্দ করিয়াছ কেননা
তোমরা আমার কথা না মান এই জন্যে প্রত্যেক জন
আপনং সপাপ অন্তঃকরণের সঙ্কল্পনার মত
১৩ করিয়াছে। সে কারণ তোমরা ও তোমারদের
পিতৃলোকেরা যাহা জানে না এমন এক দেশে আমি
তোমারদিগকে এ দেশহইতে ফেলিয়া দিব এবং আমি
যেখানে তোমারদিগকে কিছু দয়া করিব না সেখানে
তোমরা দিবারাত্রি ইতর ঈশ্বরেরদের সেবা
করিবা।—
১৪ অতএব যিহ্বহা কহেন দেখ এমন সময় আসি
তেছে যে তাহাতে যিশ্রায়েলের সন্তানেরদিগকে
মিসর দেশহইতে আনিলেন যে যিহ্বহা তিনি জীবৎ
১৫ এই কথা কহা যাইবে না কিন্তু উত্তর দেশহইতে
এবং যেং দেশে তিনি তাহারদিগকে খেদাইয়া দিয়া
ছিলেন সে সকল দেশহইতে তাহারদিগকে আনি
য়াছেন যে যিহ্বহা তিনি জীবৎ এবং আমি তাহার
দের পিতৃলোকেরদিগকে যে দেশ দিলাম সে দেশে
তাহারদিগকে আমি পুনর্ব্বার আনিব।—
১৬ যিহ্বহা কহেন দেখ আমি অনেক মাছুয়ারদিগকে
ডাকিয়া আনিব এবং তাহারা তাহারদিগকে মৎস্যের
ন্যায় ধরিবে তারপর আমি অনেক ব্যাধেরদিগকে
ডাকিয়া আনিব এবং তাহারা প্রত্যেক পর্ব্বত ও

Digitized by Google

পুত্রান্ত পর্ব্বত ও পর্ব্বতের গুহহইতে তাহারদিগকে
১৭ শিকার করিয়া তাড়িবে। কেননা তাহারদের
সকল পথের উপরে আমার দৃষ্টি আছে সে আমার
গোচরহইতে গুপ্ত নাই তাহারদের পাপও আমার
১৮ দৃষ্টিহইতে গুপ্ত নাই। প্রথমতঃ আমি তাহারদের
অযাথার্থ্য ও পাপের দুইগুন ফল দিব কেননা তাহারা
আমার দেশ অশুচি করিয়াছে তাহারা আপনারদের
নিন্দ্য ও ঘৃণ্য বস্তুর শবেতে আমার অধিকার পূর্ণ
১৯ করিয়াছে। হে আমার বল ও গড় ও দুর্দ্দশা কালে
আমার আশ্রয় যে যিহহা পৃথিবীর সীমাহইতে অন্য
দেশীয়েরা তোমার নিকটে আসিবে ও কহিবে অবশ্য
আমারদের পিতৃলোকেরা মিথ্যা কথা ও অবস্তু ও
যাহাতে ফল নাই এমন অধিকার করিয়াছে। কেহ
২০ কি আপনার কারণ ঈশ্বরেরদিগকে সৃষ্টি করিবে ও
২১ সে ঈশ্বর নয়? অতএব দেখ আমি এ এক কালে
তাহারদিগকে জানাইব আমি তাহারদিগকে আমার
হাত ও আমার বল জানাইব এবং আমার নাম যে
যিহহা ইহা তাহারা জানিবে।—

পর্ব্ব ১৭ তাহারদের শিশুরা আপনারদের যজ্ঞবেদী ও উচ্চ
পর্ব্বতস্থ সবুজ বৃক্ষেরদের নিকটস্থ চৈত্য বৃক্ষ যত
২ কাল মনে করে তত কাল যিহোদার পাপ লোহার
কলম ও হীরার আগাতে লিখিত আছে তাহা তাহার
দের অন্তঃকরণরূপ তক্তার উপরে ও তোমারদের
৩ যজ্ঞবেদীর শৃঙ্গের উপরে গাথিত আছে। হে
মাঠস্থ আমার পর্ব্বত তোমার সম্পত্তি ও তোমার

Digitized by Google

সকল ধন ও তোমার সকল সীমার সর্ব্বত্র তোমার
পাপ নিমিত্তক উচ্চ স্থান এই সকল আমি লুট যাবার
৪ কারণ দিব। এবং তোমাকে আমি যে অধিকার
দিলাম সে অধিকার হইতে তুমি অর্থাৎ তুমি আপনি
চ্যুত হইবা এবং তুমি যাহা না জান এমন এক দেশে আমি
অহিতকৃত তোমাকে তোমার শত্রুগণের সেবা করাইব
কেননা সদাকাল পর্য্যন্ত জ্বলিবে এমন এক অগ্নি
তোমরা আমার ক্রোধে জ্বলাইয়াছ।—
৫ যিহোবা এই কথা কহেন যে জন মানুষে বিশ্বাস
করে ও মাংসকে আপন বাহু করে ও যাহার মন
৬ যিহোবাকে ত্যাগ করে সে জন শাপগ্রস্ত। কেননা
মরু দেশে শুষ্ক বৃক্ষ যাদৃশ তাদৃশ সে হইবে
এবং কল্যাণের আইসন সময় দেখিবে না কিন্তু
প্রান্তরের তপ্ত পোড়া স্থান ও লোনা নির্জ্জন দেশে
৭ থাকিবে। যে জন যিহোবায় বিশ্বাস করে যাহার
৮ ভরসা যিহোবা আছেন সে জন ধন্য কেননা জলের
নিকটে রোপিত ও নদির কাছে আপন শিকড় বিস্তীর্ণ
করে ও গ্রীষ্মের আগমন কাল না দেখিবে কিন্তু
যাহার পত্র তাজা থাকিবে এবং নির্জ্জল বৎসরে
ভাবিত হইবে না এবং ফল ফলিতে ত্যাগ করিবে না
এমন কোন বৃক্ষের ন্যায় সে জন হইবে।—
৯ সকলহইতে কপটী এবং সর্ব্বতোভাবে দুষ্ট অন্তঃ
১০ করণ তাহা জানিতে পারে কে? আমি যিহোবা অন্তঃ
করণের বিচার করি এবং প্রত্যেক জনকে আপন
আচারানুসারে এবং আপন ক্রিয়ার ফলানুসারে

Digitized by Google

১১ ফল দিবার কারণ অন্তর্ভাগের পরীক্ষা লই। টিটির পক্ষী ডিম্বের উপরে বসিয়া তাহা ফুটায় না সে যত যে জন অন্যায় করিয়া ধন সঞ্চয় করে সে জন পরমায়ুর মধ্যে সে ধন ত্যাগ করিবে এবং শেষে অজ্ঞান হইবে।—

১২ আমারদের পবিত্র স্থান প্রথমাবধি তেজস্বী উচ্চ এক
১৩ সিংহাসন আছে। হে যিহুহা যিশরালের ভরসা যত লোক তোমাকে ত্যাগ করে সে সকলে লজ্জান্বিত হইবে যাঁহারা আমাকে ছাড়িয়া দেয় তাহারা পৃথিবীতে লিখিত হইবে কেননা তাঁহারা যিহুহাকে অর্থাৎ
১৪ অমর জলের উনইকে ছাড়িয়া দিয়াছে। হে যিহুহা আমাকে সুস্থ কর তাহাতে সুস্থ হইব আমাকে ত্রাণ কর তাহাতে আমার ত্রাণ হইবে কেননা তুমি আমার স্তব পাত্র।—

১৫ দেখ তাহারা আমাকে কহে যিহুহার বাক্য কোথায়
১৬ ? সে এখনি আইসুক। আমার বিষয়ে এই তোমার পশ্চাদ্বর্ত্তী হওয়া রূপ রক্ষকের পদহইতে আমি শীঘ্র করিয়া ফিরি নাই আমি অমঙ্গলের দিন ইচ্ছা না করিয়াছি ইহা তুমি জ্ঞাত আছ আমার ওষ্ঠাধর হইতে নির্গত যাহা তাহা তোমার দৃষ্টিতে আছে
১৭ আমার কাছে শঙ্কাদায়ক হইও না দুর্দ্দশাকালে আমার
১৮ ভরসা তুমি। যাহারা আমাকে তাড়না করে তাহারা ব্যাকুল হউক কিন্তু আমি ব্যাকুল যেন না হই তাহারা ভয়াপন্ন হউক কিন্তু আমি যেন ভয়াপন্ন না হই



Digitized by Google

তাহারদের উপরে দুর্দ্দশা দিন আন এবং তাহার
দিগকে দ্বিগুণ নাশেতে নষ্ট কর।

১৯ য়িহূহা আমাকে এ কথা কহেন তুমি যাইয়া
এ লোকের সন্তানেরা যে দ্বার দিয়া ভিতরে বাহিরে
যায় সে দ্বারে এবং য়িরূশলমের সকল দ্বারে দাঁড়া
২০ ইও এবং তাহারদিগকে কহ হে য়িহোদার রাজারা
এবং য়িহোদা লোকেরা ও এই দ্বার দিয়া প্রবেশ করে
যে য়িরোশলম নিবাসিরা তোমরা য়িহূহার কথা
২১ শুন য়িহূহা এ কথা কহেন তোমরা আপনারা সাব
ধান হও শাবত দিনে কোন ভার বহিও না এবং
২২ য়িরোশলমের দ্বার দিয়া তাহা আনিও না। এবং
শাবত দিনে আপনারদের ঘর হইতে বহিয়া লইয়া
যাইও না এবং কিছু কর্ম্ম ও করিও না কিন্তু আমি যেমন
তোমারদের পিতৃলোকেরদিগকে আজ্ঞা করিলাম
২৩ শাবত দিনকে তেমন পবিত্র করিয়া মান। কিন্তু তাহারা
আমার কথা মানিল না এবং কর্ণে শুনিতে যত্ন করিল
না কিন্তু না শুনিবার জন্যে ও উপদেশ গ্রহণ না করি
বার জন্যে আপনারদের গলা অলভ করিল।

২৪ য়িহূহা এ কথা কহেন এ নগরের দ্বার দিয়া শাবত
দিনে ভার না আনিবার কারণ কিন্তু কর্ম্ম না করিয়া
শাবত দিনকে পবিত্র রূপে মানিবার কারণ যদি তোমরা
২৫ যত্নপূর্ব্বক আমার কথাতে অবধান কর তবে দাঊ
দের সিংহাসন উপবিষ্ট রাজারা ও অধ্যক্ষেরা অর্থাৎ
তাহারা ও তাহারদের অধ্যক্ষেরা এবং য়িহোদা লোক ও
য়িরোশলম নিবাসি লোকেরা রথ এবং অশ্বারূঢ় হইয়া

Digitized by Google

এ নগরের দ্বার দিয়া প্রবেশ করিবে এবং এ নগর
২৬ অনন্তকাল স্থায়ী হইবে। এবং লোকেরা যিহো
দার সকল নগরহইতে এবং যিরোশলমের চতুর্দিগস্থ
স্থান হইতে ও বেনিযমের দেশহইতে ও মাঠহইতে ও
পর্ব্বতহইতে এবং দক্ষিণদেশহইতে আসিয়া হোম
ও বলি ও নৈবেদ্য ও ধূপ আনিয়া স্তবরূপ নৈবেদ্য
২৭ যিহুহার মন্দিরে আনিবে। কিন্তু শাবত দিন
পবিত্ররূপে মানিবার কারণ এবং শাবত দিনে যিরো
শলমের দ্বার দিয়া প্রবেশ করিয়া ও ভার না বহিয়া
আনিবার কারণ যদি তোমরা আমার কথাতে
অবধান না কর তবে আমি যিরোশলমের দ্বারে
অগ্নি জ্বালাইব এবং সে অগ্নি তাহার অট্টালিকা
খাইয়া ফেলিবে এবং নির্ব্বাণ হইবে না।—

পর্ব্ব ১৮

যিহুহার নিকটহইতে যিরমীহার কাছে যে বাক্য
আইল সে এই। তুমি উঠ কুম্ভকারের বাড়িতে যাও
এবং সেখানে আমি আপন কথা তোমাকে শুনাইব।
৩ তখন আমি কুম্ভকারের বাড়ীতে গেলাম তখন
৪ দেখ সে এক কার্য্য চক্রেতে গড়িত। এবং সে
যে পাত্র মৃত্তিকাতে গড়িতেছিল সে পাত্র
কুম্ভকারের হাতে নষ্ট হইল অতএব কুম্ভকার যে
রূপে ইচ্ছা করিল তেমন তাহাকে আর এক পাত্র
৫ করিল। পরে যিহুহার এ কথা আমার কাছে
৬ আইল। হে যিশরালের বংশ এ কুম্ভকার যে
প্রকারে করে আমি কি তোমারদের প্রতি সে প্রকারে
করিতে না পারি? হে যিশরালের বংশ দেখ

কুম্ভকারের হাতে মৃত্তিকা যেমন তেমন আমার হাতে
৭ তোমরা। আমি কোন দেশীয় লোক সমূহের
বিষয়ে কিম্বা কোন রাজ্যের বিষয়ে উৎপাটন কিম্বা
অধঃপতন কিম্বা নষ্ট করণের কথা যখন কহি
৮ তখন যে দেশীয় লোকেরদের বিষয়ে আমি সে কথা
কহি সে লোক যদি আপনারদের কুক্রিয়া ত্যাগ করে
তবে আমি যে মন্দ তাহারদের প্রতি করিতে কহি
৯ ল'ম সে মন্দের বিষয়ে পরামনন করিব। এবং
আমি গাঁথন ও রূপণের কথা যখন কোন দেশীয়
১০ লোক সমূহের ও কোন রাজ্যের বিষয়ে কহি তখন
যাহাতে আমার কথা না শুনে এমত আমার দৃষ্টে যে
ক্রিয়া মন্দ সে ক্রিয়া যদি সে লোক করে তবে যে
কল্যাণেতে আমি তাহারদের হিত করিতে কহিলাম
সে কল্যাণের বিষয়ে আমি পরামনন করিব।—
১১ অতএব তুমি যাইয়া যিহূদার লোকেরদিগকে ও
যিরোশলম নিবাসীরদিগকে এ কথা কহ যিহুহা এ
কথা কহেন দেখ আমি তোমারদের বিরুদ্ধে মন্দ বিষয়
ঠাওরাই ও তোমারদের বিরুদ্ধে উপায় চিন্তা করি
১২ তোমরা প্রত্যেক জন আপন কুপথহইতে ফির এবং
আপনং পথ ও আপনং ক্রিয়া ভাল কর। তাহারা
কহিল ভরসা নাই কিন্তু আমরা আপনং উপায়ের
১৩ মত চলিব এবং প্রত্যেক জন আপনং পাপী অন্তঃকর
ণের মত ক্রিয়া করিব। অতএব যিহুহা এ কথা
কহেন তোমরা এখন অন্য দেশীয়েরদের মধ্যে
১৪ জিজ্ঞাসা কর এমন কথা কে শুনিয়াছে? যিশরায়েল

Digitized by Google

আইবত কন্যা অতি ক্রূর ক্রিয়া করিয়াছে। মাঠের
পুস্তরময় পর্ব্বতহইতে আগত যে লবানোনের বরফ
সে কি তাহা ত্যাগ করিবে? কিম্বা অন্য স্থানহইতে
১৫ বহমান সুশীতল জল কি ত্যক্ত হইবে? কেননা
আমার লোকেরা আমাকে ত্যক্ত হইয়াছে তাহারা
অবস্তুর উদ্দেশে ধূপ পোড়াইয়াছে এবং যাহাতে
প্রত্যেক জন পথিক বিস্ময়াপন্ন হইবে ও আপন মাথা
১৬ নাড়াইবে এমনে আপনারদের দেশকে অরণ্য ও নিত্য
শীশ দেওয়ার * বিষয় করার কারণ তাহারা তাহার
দিগকে আপনং পথে উছোট খাওয়াইয়াছে এবং
প্রাচীন পথ ত্যাগ করিয়া যে পথ এখন বাঁধা নাই এমন
১৭ পথে তাহারদিগকে চালায়। যেমন পূর্ব্বীয় বায়ুতে
উড়া যায় তেমনি আমি শত্রুরদের সম্মুখে তাহার
দিগকে উড়াইব তাহারদের দুর্দ্দশা কালে আমি
তাহারদিগকে পৃষ্ঠ দেখাইব এবং মুখ দেখাইব না।
১৮ তখন তাহারা বলিল আইস আমরা যিরমীহার
বিরুদ্ধে উপায় করিব কেননা পুরোহিতের নিকট
হইতে শাস্ত্র লুপ্ত হইবে না এবং বিদ্বানের পরামর্শ
অধিকার লুপ্ত হইবে না এবং ভবিষ্যদ্বক্তার নিকট
হইতে বাক্য লুপ্ত হইবে না আইস আমরা তাহাকে
জিহ্বাতে মারি এবং আইস আমরা তাহার কোন কথা
১৯ না মানি। হে যিহুহা আমার প্রতি মনোযোগ
কর এবং যাহারা আমার সহিত বাকযুদ্ধ করে তাহার
২০ দের কথাতে অবধান কর। সুক্রিয়ার বদলে কি

---

* অর্থাৎ অবজ্ঞার বিষয়।

Digitized by Google

কুক্রিয়া করা যাবে? কেননা আমার প্রাণ ধরিবার
কারণ তাহারা গর্ত্ত করিয়াছে আমি যে তাহারদের
পক্ষে ভাল কহিবার কারণ ও তোমার ক্রোধ তাহার
দেরহইতে ফিরাইবার কারণ তোমার সম্মুখে দাণ্ডা
২১ ইলাম ইহা তুমি মনে কর। অতএব তুমি তাহার
দের বালকেরদিগকে আকালেতে সমর্পণ করিয়া দিবা
এবং তলোয়ারের বলেতে তাহারদের রক্ত পাত
করিবা তাহারদের স্ত্রীরা নিঃসন্তান ও বিধবা হইবে
ও তাহারদের পুরুষেরা হত করা যাবে তাহারদের
২২ যুবারা সংগ্রামে তলোয়ারেতে মারা যাবে। তুমি
যখন সৈন্যকে তাহারদের উপরে অকস্মাৎ আনিবে
তখন তাহারদের ঘরহইতে ক্রন্দন শব্দ শুনা যাবে
কেননা আমাকে ধরিবার নিমিত্তে তাহারা গর্ত্ত
খুদিয়াছে ও আমার পা ধরিবার কারণ ফাঁদ লুকা
২৩ ইয়াছে। কিন্তু হে যিহুহা আমার বিরুদ্ধে তাহার
দের বধের নিমিত্তক সকল পরামর্শ তুমি জ্ঞাত আছ
তুমি তাহারদের অপরাধ ক্ষমা করিবা না ও তাহার
দের পাপ আপন অগোচর করিবা না কিন্তু তাহারা
তোমার সম্মুখে পরাজিত হইবেক তুমি আপন
ক্রোধের কালে তাহারদিগকে এ প্রকার করিবা।—

পর্ব্ব ১৯ যিহুহা এ কথা কহেন তুমি যাও কুম্ভকারের এক
মৃত্তিকা পাত্র লও এবং লোকেরদের মধ্যে প্রাচীন ও
পুরোহিতেরদের মধ্যে প্রাচীন যাহারা তাহারদের
২ মধ্যে কতক জনকে লও এবং পূর্ব্বদিগের দ্বারের
প্রবেশ স্থানের নিকটস্থ যুনোমের পুত্রের নামেতে

Digitized by Google

খ্যাত মাঠে যাইও এবং যে কথা আমি তোমাকে
৩ কহিব সে কথা সে স্থানে ঘোষণা কর। এবং এ
কথা কহ হে যহোদার রাজারা এবং যিরোশলমের
নিবাসিরা যিহুহার কথা শুন সৈন্যের যিহুহা
যিশরালের ঈশ্বর এ কথা কহেন যে আমি এমন
দুর্দ্দশা এ স্থানের উপরে আনিব যে কেহ তাহার
৪ বিষয়ে শুনিলে তাহার কর্ণ শুড় শুড় করিবে। কেননা
তাহারা আমাকে ত্যাগ করিয়াছে এবং এ স্থান
অন্তরা কর্ম্ম বহির্ভূত করিয়াছে এবং তাহারা ও
তাহারদের পিতৃলোকেরা ও তাহারদের রাজারা
যাহারদিগকে জানে নাই এমন ইতর ঈশ্বরেরদের
উদ্দেশে তাহার মধ্যে ধূপ পোড়াইয়াছে এবং
৫ নির্দ্দোষিরদের রক্তেতে এ স্থান পরিপূর্ণ করিয়াছে।
আমি যাহা তাহারদিগকে আজ্ঞা করি নাই এবং
কহি নাই এবং আমার মনে কখন ও আইসে
নাই যে আপন পুত্রেরদিগকে বাআলের উদ্দেশে
হোম করিয়া অগ্নিতে পোড়ান ইহা করিতে তাহারা
৬ বাআলের পিড়ি রাখিয়াছে অতএব এ স্থান যে সময়
তোফত কিম্বা হিনোমের মাঠ নামেতে আর খ্যাত না
হইবে কিন্তু বধের মাঠ নামেতে খ্যাত হইবে যিহুহা
৭ কহেন সে সময় আসিতেছে। এবং আমি যহোদার
ও যিরোশলমের পরামর্শ এ স্থানে বৃথা করিব এবং
তাহারদের ও যাহারা তাহারদের প্রাণ মারিতে চেষ্টা
করে তাহারদের হাতেতে ও শত্রুরদের সম্মুখে তলো
য়ারেতে আমি তাহারদিগকে পাড়িব এবং শূন্যের

Digitized by Google

পক্ষীরদের ও পৃথিবীর পশুরদের খাদ্যের নিমিত্তে
৮ আমি তাহারদের শব দিব। এবং আমি এ নগরকে
উচ্ছিন্ন ও শীশ দেওয়ার বিষয় করিব যে প্রত্যেক জন
তাহা দিয়া যায় সে তাহার সকল আঘাতেতে বিস্ম
৯ য়াপিন্ন হবে ও শীশ দিবে। এবং আমি তাহার
দিগকে তাহারদের আপন পুত্রদের ও কন্যারদের
মাংস খাওয়াইব তাহারা সৈন্য বেষ্টিত হওয়া কালে
ও যাহারা তাহারদের প্রাণ নষ্ট করিতে চেষ্টা করে
তাহারা যে দুর্গতিতে তাহারদিগকে দুঃখ দিবে সে
দুর্গতির মধ্যে ও তাহারদের প্রত্যেক জন আপন২ বন্ধুর
১০ ও মাংস ভোজন করিবে। পরে তোমার সঙ্গে যায়
যে লোক তাহারদের চক্ষুর গোচরে তুমি সে পাত্র
১১ ভাঙ্গিবা। এবং তাহারদিগকে এ কথা কহিবা যাহা
পুনর্ব্বার ভাল করা না যায় এমন যে কুম্ভকারের পাত্র
তাহা যে রূপে কেহ ভাঙ্গে তদ্রূপে আমি এ লোকের
দিগকে ও এ নগরকে ভাঙ্গিব এবং যে পর্য্যন্ত কবর
দিবার স্থান না থাকে সে পর্য্যন্ত তাহারা তফতে
১২ তাহারদের কবর করিবে। যিহুহা কহেন আমি
এ স্থানের প্রতি ও তন্নিবাসী লোকেরদের প্রতি এ
প্রকারে করিব এবং এ নগরকে আমি তফতের
১৩ ন্যায় করিব। এবং তাহা। যে২ ঘরের ছাতের
উপরে স্বর্গের সকল সৈন্যের উদ্দেশে ধূপ পোড়াই
য়াছে এবং ইতর ঈশ্বরেরদের উদ্দেশে পানীয় বস্তুর
উৎসর্গ করিয়াছে সে ঘর সকলের কারণে যিরোশ
লমের ঘর সকল ও যিহোদার রাজারদের ঘর তফত



Digitized by Google

১৪ স্থানের ন্যায় অশুচি করা যাবে। তারপর যিহুহা যে
খানে ভবিষ্যদ্বাক্য প্রকাশ করার নিমিত্তে যিরমীহাকে
পাঠাইয়াছিলেন এমন যে তোফৎ সেখানহইতে তিনি
আইলেন এবং যিহুহার ঘরের উঠানে দাঁড়াইয়া
১৫ সকল লোককে এ কথা কহিলেন। সৈন্যের যিহুহা
যিশরায়েলের ঈশ্বর এ কথা কহেন দেখ এ নগরবাসী
লোকেরা আমার কথা না শুনিবার নিমিত্ত আপন
গলা শক্ত করিয়াছে সেই কারণে আমি এ নগর ও
তাহার সঙ্গী সকল গ্রামের বিষয়ে যে মন্দ কহিয়াছি
সে মন্দ তাহার উপরে আনিব।

পর্ব ২০

অতঃপর যিহুহার মন্দিরের প্রধান কর্ত্তা যে আম
রের পুত্র পাশ্যোশর যাজক শুনিল যে যিরমীহা এ
২ ভবিষ্যৎ কথা প্রকাশ করিল। তাহাতে পাশখোর
যিরমীহাকে মারিল এবং যিহুহার মন্দিরের নিকটস্থ
বেনিয়মনের প্রধান দ্বারে স্থিত হাড়ে তাহাকে বদ্ধ
৩ করিল। তারপর দিন প্রাতঃকালে পাশখোর যিরমীহা
কে হাড়হইতে বাহির করিল। তখন যিরমীহা
কহেন যিহুহা তোমার নাম পাশখোর রাখেন নাই
৪ কিন্তু মগোরমিশাবিব রাখিয়াছেন। কেননা
যিহুহা এ কথা কহেন দেখ তোমার আপনার প্রতি ও
তোমার সকল বন্ধুরদের প্রতি আমি তোমাকে ভয়ঙ্কর
করিব এবং তাহারা শত্রুরদের তলোয়ারে পড়িবে
এবং তোমার চক্ষু তাহা দেখিবে এবং যুহোদা সকল
কে আমি বাবেলের রাজার হাতে দিব এবং সে



Digitized by Google

তাহারদিগকে বাবেলে দাসপদে লইয়া যাইবে এবং
সেখানে তলোয়ারেতে তাহারদিগকে বধ করিবে।
৫ পরন্তু তাহারদের যে শত্রু তাহারদিগকে নষ্ট করি
বে ও তাহারদিগকে বাবেলে লইয়া যাইবে সে শত্রুর
দের হাতে আমি এ নগরের সকল বল ও শ্রম ও বহু
মূল্য বস্তু এবং যিহূদার রাজারদের সকল ধন দিব।
৬ এবং হে পাশহোর তুমি আপন গৃহনিবাসী সকল
লোক সুদ্ধ দাসপদে অন্য দেশে যাবা এবং তুমি
বাবেলে উপস্থিত হইবা ও সেখানে তুমি ও যাহারদের
কাছে তুমি মিথ্যা ভবিষ্যদ্বাক্য প্রকাশ করিয়াছ এমন
যে তোমার সকল বন্ধু তাহারাও মরিবে।
৭ হে যিহুহা তুমি আমাকে প্রতারণা করিয়াছ
এবং আমি প্রতারিত হইয়াছিলাম তুমি আমা
হইতে বলবান আছ এবং জয় করিয়াছ আমি
দিনে২ নিন্দার পাত্র আছি প্রত্যেক জন আমাকে
৮ উপহাস করে। কেননা আমার উচ্চৈঃস্বর করণ
বধি আমি দৌরাত্ম্য ও লট শব্দ প্রচার করিয়াছিলাম
কেননা যিহুহার বাক্য দিনে২ নিন্দ্য বস্তু ও উপহাস
৯ আমার প্রতি করা গেল। তখন আমি কহিলাম যে
আমি তাঁহার বিষয়ক কথা আর কহিব না এবং
তাঁহার প্রতিনিধি হইয়া আর ও কহিব না কিন্তু আমার
হাড়ে বদ্ধ প্রজ্বলিত অগ্নির ন্যায় তাঁহার বাক্য আমার
হৃদয়ের মধ্যে ছিল এবং আমি সহনেতে শ্রান্ত
১০ ছিলাম এবং আর সহিতে পারিলাম না। কেননা
অনেক লোকেরদের অখ্যাতি করা আমি শুনিলাম

Digitized by Google

সর্ব্বদিগে ভয় থাকিল। আসাও এবং আমরা
তাহা জানাইব আমার সকল পরিচিত লোকেরা আমার
খোঁড়া গতির অপেক্ষা করিল কি জানি সে প্রবোধিত
হবে তাহাতে আমরা তাহাকে জয় করিব এবং তাহার
১১ উপরে ইষ্ট দোষ করিব। কিন্তু মহা ভয়ঙ্কর কোন
ব্যক্তির ন্যায় যিহুহা আমার সঙ্গী আছেন তন্নিমিত্তে
আমার বিপক্ষ লোকেরা উছোট খাইবে এবং প্রবল
হইবে না তাহারা মহা লজ্জান্বিত হইবে কেননা তাহারা
ভাগ্যবান হইবে না। তাহারদের অনন্ত অবমান
১২ কখন বিস্মৃত হইবে না। কিন্তু হে যথার্থিক
লোকেরদের পরীক্ষাকর্ত্তা এবং অন্তঃকরণের ও
মর্ম্ম স্থানের আলোচনকর্ত্তা যে সৈন্যের যিহুহা
তুমি তাহারদের উপরে আপন কর্ত্তৃক যে দণ্ড সে
আমাকে দেখাও কেননা তোমার কাছে আমি
১৩ আপন মকদ্দমা দেখাইয়াছি। যিহুহার কাছে
গান কর তোমরা যিহুহাকে স্তুতি কর কেননা
তিনি কুকর্ম্ম কর্ত্তারদের হাতহইতে গরিবদের উদ্ধার
করিয়াছেন।
১৪ আমি যে দিনে জন্মিয়াছি সে দিন শাপগ্রস্ত
হউক যে দিন আমার মা আমাকে জন্ম দিলেন সে
১৫ দিন আশীষপ্রাপ্ত না হউক। তোমার পুত্রসন্তান
জন্মিয়াছে এ সমাচার আমার পিতাকে দিয়া বড়
আহ্লাদিত করিল যে জন সে শাপগ্রস্ত হউক।
১৬ যিহুহা পরিবর্ত্তন না করিয়া যে সকল নগর বিনাশ
করিলেন সে জন সেই নগরের মত হউক। সে

Digitized by Google

জন প্রাতঃকালে আর্ত্তস্বর এবং মধ্যাহ্ন কালে মহদ্ধ্বনি
১৭ শুনুক কেননা সে আমি ভূমিষ্ঠ হবা মাত্রে আমাকে বধ
করিল না কিম্বা আমার মা আমার কবরিনে নিত্য
গর্ব্ববতী না হইত ও তাহার ওদর আমার কবর না
১৮ হইত। আমি পরিশ্রম ও দুঃখ দেখিবার কারণ
এবং আমার কাল লজ্জাতে ক্ষীণ হইবার কারণ কেন
ওদরহইতে বাহির হইলাম।

পর্ব্ব ২১ বাবেলের নবকদ্রাসার রাজা আমারদের সহিত
যুদ্ধ করে অতএব আমি মিনতি করি সে রাজা
আমারদের নিকটহইতে যে যায় এই নিমিত্তে যিহোবা
আপন সকল আশ্চর্য্য ক্রিয়ানুসারে আমারদের
প্রতি অনুগ্রহ যে করেন এ জন্য তুম যিহোবার কাছে
২ আমারদের কারণ প্রার্থনা কর এই কথা কহিতে
যখন সিদকীহা রাজা মলকীহার পুত্র পাশহোরকে
এবং মাসেয়া যাজকের পুত্র সফনীহাকে যিরমীহার
নিকটে পাঠাইল তখন তাহার কাছে প্রকাশিত যে
৩ কথা সে এই। তৎকালে যিরমীহা তাহারদিগকে
এ কথা কহিলেন তোমরা সিদকীহার প্রতি এ কথা
৪ কহ। যিশরালের ঈশ্বর যিহোবা এ কথা কহেন দেখ
তোমারদের হস্তস্থ যে অস্ত্রের করণক তোমরা
বাবেলের রাজার সহিত এবং তোমারদের প্রাচীর
বেষ্টনকারী কলদীয়েরদের সহিতও যুদ্ধ কর সে
সকল অস্ত্রকে আমি বিমুখ করিব এবং তাহারদিগকে
৫ এ নগরের মধ্যে আমি একত্র করিব। এবং আমি
আপনি বিস্তীর্ণ হস্ত ও বলবদ্বাহুর প্রভাবে অর্থাৎ

Digitized by Google

প্রসারিত বাহুতে এবং চণ্ডতাতে এবং প্রচণ্ড কোপে তোমারদের
৬ সহিত যুদ্ধ করিব । এবং এ নগরবাসী মনুষ্যের
দিগকে ও পশুরদিগকে আমি মারিব তাহারা মহ
৭ মড়কে মরিবে । যিহোহা কহেন তাহার পরে আমি
যিহোদার সিদকীয়া রাজাকে ও তাহার দাসেরদিগকে
এবং লোকেরদিগকে এবং মড়ক ও তলোয়ার ও
আকালহইতে বাঁচিয়াছে যে এই নগরের অবশিষ্ট
লোকেরা তাহারদিগকে ও আমি বাবেলের নবকদরা
সোর রাজার হাতে ও তাহারদের শত্রুরদের হাতে ও
যাহারা তাহারদের প্রাণ নষ্ট করিতে চেষ্টা করে
তাহারদের হাতে সমর্পণ করিয়া দিব । এবং সে
তাহারদিগকে তলোয়ারের ধারে মারিবে সে তাহার
দিগকে ক্ষমা করিবেনা ও দয়া করিবে না ও কৃপা
করিবে না ।
৮ তুমি এ লোকেরদিগকে এ কথাও কহ । যিহোহা এ
কথা কহেন দেখ তোমারদের সম্মুখে আমি জীবনের
৯ ও মৃত্যুর পথ রাখিয়াছি । যে জন এ নগরে থাকে
সে জন তলোয়ার ও আকাল ও মড়কের দ্বারা পড়িবে
কিন্তু যে জন বাহিরে যাইয়া তোমারদের অবরোধ
কারী কাশ্দীয়েরদের পক্ষে পড়ে সে বাঁচিবে তাহার
১০ প্রাণ শিকার রূপে তাহারই থাকিবে । কেননা
যিহোহা কহেন মন্দের নিমিত্তে মঙ্গলের নিমিত্তে নয়
আমি আপন মুখ এ নগরের বিপরীতে রাখিয়াছি সে
নগর বাবেলের রাজার হাতে দত্ত হবে ও সে তাহা
অগ্নিতে পোড়াইবে ।

Digitized by Google

যিহূদার রাজার বংশের বিষয়ে কহে, তুমি যিহোবার কথা শুন। হে দাঊদের বংশ, যিহোবা এ কথা কহেন, প্রাতঃকালে বিচার নিষ্পন্ন কর, এবং ছিন্নবস্ত্র লোককে অন্যায় কর্তার হাত হইতে উদ্ধার কর, নতুবা আমার ক্রোধ অগ্নির ন্যায় প্রকাশিত হয় এবং তোমারদের ক্রিয়ার দোষপ্রযুক্ত এমন জ্বলে যে কোন লোক তাহা নিবাইতে পারে নাই। আমার বিপরীতে যাহারা কহে, আমারদের বিরুদ্ধে কে আসিবে, ও আমারদের বাসে কে প্রবেশ করিবে, হে এমন তলভূমিনিবাসী ও সমভূমির শৈল, যিহোবা কহেন আমি তোমার বিপরীত আছি। যিহোবা কহেন, আমি তোমারদের ক্রিয়ার ফলানুসারে তোমারদিগকে দণ্ড দিব, এবং তাহার বনের মধ্যে আমি অগ্নি জ্বালাইব এবং সে তাহার চতুর্দিগস্থ সকল দ্রব্য খাইয়া ফেলিবে।

যিহোবা এই কথা কহেন, তুমি যিহূদার রাজার বাটীতে যাইয়া এ কথা কহ। কহ, হে দাঊদের সিংহাসনোপবিষ্ট যিহূদার রাজা তুমি যিহোবার কথা শুন, এবং তোমার দাসেরা এবং এ দ্বার দিয়া প্রবেশ করে যে তোমার প্রজারা ও তাহারাও। যিহোবা এ কথা কহেন, তোমরা বিচার ও ন্যায় কর, এবং ছিন্নবস্ত্র লোকের দিগকে অন্যায় কর্তার হাত হইতে উদ্ধার কর, এবং বিদেশী ও পিতৃহীন ও বিধবার প্রতি কিছু অন্যায় করিও না, এবং বিদেশীর প্রতি কিছু দৌরাত্ম্য করিও না, এবং এ স্থানে নির্দোষীর রক্তপাত করিও না। কেননা যদি তোমরা একান্ত ইহা কর, তবে দাঊদের সিংহাসনোপবেশন

কারী কুঠারধারী এবং [illegible] সন্তান ও সম্পূর্ণ রাজ্যবল এ ফটক দিয়া প্রবেশ করিবেন। কিন্তু যিহুহা কহেন আমার এ কথা যদি তোমরা না শুন তবে আমি আপনার নাম লইয়া কিরা করি, যে এ ঘর উৎসন্ন হইয়া যাইবে। কেননা যিহুহা যহোদার রাজার বাটীকে এ কথা কহেন আমার প্রতি তুমি গিলিয়াদ তুমি লবানোনের মাথার স্বরূপ তথাপি আমি নিশ্চয় তোমাকে বন ও অনিবাসী নগর করিব। এবং তোমার বিপরীতে আমি নাশকদিগকে প্রস্তুত করিব তাহারা তোমার মনোনীত এরস বৃক্ষ ছেদন করিয়া অগ্নিতে ফেলিবে। এবং অনেক দেশীয় লোক এ নগরের নিকট দিয়া যাইবে এবং আপনার প্রতিবাসীকে কহিবে যিহুহা এ মহানগরের প্রতি কি কারণ এ কর্ম করিয়াছেন? তখন তাহারা উত্তর করিবে তাহারা আপন ঈশ্বর যিহুহার নিয়ম ত্যাগ করিয়াছে এবং ইতর দেবতাদের পূজা ও সেবা করিয়াছে এই কারণ। মৃতের জন্যে ক্রন্দন করিও না তাহার বিষয়ে বিলাপ করিও না। কিন্তু যে জন দেশান্তরে যায় তাহার বিষয়ে অতিশয় ক্রন্দন কর কেননা সে আর ফিরিয়া আসিবে না এবং আপন জন্মদেশ আর দেখিবে না। কেননা যহোদার যোশীয়াহ রাজার পুত্র শল্লুম যে আপন পিতা যোশীয়াহের পদে অভিষিক্ত হইয়াছিল এবং এ স্থান হইতে যে গিয়াছিল তাহার বিষয়ে যিহুহা এ কথা কহেন সেই এখানে

Digitized by Google

১২ আর ফিরিয়া আসিবে না। কিন্তু তাহারা যে দেশে
তাহাকে লইয়া গিয়াছে সেই স্থানে সে মরিবে এবং
এ দেশ আর দেখিবে না।
১৩ যে জন অধার্ম্মিকতা দ্বারা আপন ঘর গাঁথে এবং
অন্যায়ের দ্বারা আপন উপরিস্থ কোঠা গাঁথে আপন
প্রতিবাসির শ্রম যে বেতন ব্যতিরেকে লয় ও তাহার
১৪ কর্ম্মের জন্যে তাহাকে কিছু না দেয় আমি আপনার জন্যে
বড় এক ঘর গাঁথাইব ও বড় যাহা করিব এ কথা যে
জন কহে পরে আপনার কারণ জানলা কাটে এবং সে
সব এরস কাষ্ঠে ঢাকা যায় ও সিন্দূর রঙ্গে তাহার
রং করা যায় এমত যে জন তাহারি সন্তাপ হইবে।
১৫ তুমি এরস কাষ্ঠে আপনার আবৃত করণেতে কি রাজা
হইবা? তোমার পিতা কি ভোজন ও পান করিলেন
না? এবং ধর্ম্ম ও বিচার কি পালন করিলেন না?
১৬ তখন তাহার মঙ্গল হইল। তিনি দরিদ্রের ও
দীনহীনের মকদ্দমা করিলেন তখন তাহার মঙ্গল ছিল
১৭ যিহুহা কহেন আমাকে জানা কি ইহা নয়? কিন্তু
তোমার চক্ষু ও তোমার অন্তঃকরণ কেবল লোভ ও
নির্দ্দোষের রক্ত পাত ও অন্যায় ও দৌরাত্ম্য করা
১৮ ব্যতিরেকে আর কিছু যাচে না। অতএব যিহুদার
রাজা যোশীয়ার পুত্র যিহোয়াকিমের বিষয়ে যিহুহা এ
কথা কহেন তাহারা হায় ভাই কিম্বা হায় ভগিনী কহিয়া
তাহার বিষয়ে বিলাপ করিবে না তাহারা হায় প্রভু কিম্বা
হায় তাহার গৌরব কহিয়া তাহার বিষয়ে বিলাপ
১৯ করিবে না। সে টানা গেলে ও যিরোশালমের দ্বারের

Digitized by Google

বাহিরে ফেলা গেলে গাধার কবর দেয়াতে কবরে
দেয়া যাবে।
২০ তুমি লবাননে যাইয়া চীৎকার কর বাশনে উচ্চঃস্বর
কর যাটহইতে ডাক কেননা তোমার সকল প্রেমকারিরা
২১ হত হইয়াছে। তোমার সুদশা কালে আমি তোমাকে
কথা কহিলাম কিন্তু তুমি কহিলা আমি শুনিব না তুমি
যে আমার কথা মান নাই যৌবনাবস্থা অবধি এ তোমার
২২ মত। বায়ু তোমার সকল রক্ষকেরদিগকে খাইয়া
ফেলিবে ও তোমার প্রেমকারিরা অন্য দেশে দাসত্ব
প্রাপ্ত হইবে তখন তুমি আপন এ সকল দুষ্কর্ম্মেতে
২৩ অবশ্য লজ্জিত ও ব্যাকুল হইবা। হে আরস বৃক্ষে
আপন বাসা করিতেছ যে লবাননিবাসী যখন স্ত্রী
লোকের প্রসব ব্যথার ন্যায় ব্যথা তোমাকে আক্রমণ
২৪ করে তখন তুমি কেমন নম্র হইবা? যিহোবা কহেন
আমি যদি জীবৎ হয় তবে যদি য়েহোদার রাজা যিহো
য়াকিমের পুত্র কনীহা আমার দক্ষিণ হস্তস্থ মোহর হয়
তবেও আমি তোমাকে সেখানহইতে কাড়িয়া ফেলি।
২৫ এবং যাহারা তোমার প্রাণ চেষ্টা করে এবং যাহার
দের সম্মুখে তুমি ভয় করিতেছ তাহারদের হাতে
আমি তোমাকে সমর্পণ করিয়া দিব অর্থাৎ বাবি
লের নবকদরাস্সোরের হাতে ও কাশিদীয়েরদের
২৬ হাতে সমর্পণ করিয়া দিব। এবং তোমাকে ও
তোমাকে জন্মাইল যে তোমার মাতা তাহাকে ও তুমি
যেখানে জাত ছিলা না এমন আর এক দেশে আমি



Digitized by Google

২৭ ফেলিয়া দিব এবং সে যানে তোমরা মরিবা। কিন্তু
তাহারা যে দেশে ফিরিয়া আসিতে চাহে সে দেশে
২৮ ফিরিয়া আসিতে পাবে না। এ মানুষ কনীহা কি
কুৎসিত ভাঙ্গা পুত্তিয়া? যাহাতে কিছু সন্তোষ নয় সে
কি এমন পাত্র? তাহারা অর্থাৎ সে ও তাহার বংশ
কেন আপনাকর্ত্তৃক অজ্ঞাত এক দেশে ফেলানগেল?
২৯ হে পৃথিবী পৃথিবী পৃথিবী তুমি য়িহুহার কথা শুন
৩০ য়িহুহা এ কথা কহেন এ মানুষ নিঃসন্তান আপন
কালে যে ভাগ্যবান হবে না তাহার বিষয়ে এমত লেখ
কেননা দাঊদের সিংহাসনোপরিস্থ হিম্মা য়িহো
দায় আর বর্ত্তৃত্বকর্ত্তা তাহার বংশের মধ্যে আর
কোন কেহ হবে না।

পর্ব্ব য়িহুহা কহেন যে রক্ষকেরা আমার মাঠের ভেড়ার
২৩ দিগকে ছিন্ন ভিন্ন করে তাহারদের সন্তাপ হবে।
২ অতএব আমার লোকেরদিগকে চরায় যে রক্ষকেরা
য়িহুহা য়িশরালের ঈশ্বর তাহারদের বিরুদ্ধে এ কথা
কহেন তোমরা আমার পাল ছিন্ন ভিন্ন করিয়াছে
এবং খেদাইয়া দিয়াছে ও তাহারদিগকে দেখিতে
যাও নাই য়িহুহা কহেন দেখ আমি তোমারদের
ক্রিয়ার ফলরূপ দুর্গতি তোমারদিগকে ভোগ করা
৩ ইব। এবং যে সকল দেশে আমি আপন পালকে
খেদাইয়া দিয়াছি সে সকল দেশহইতে আমি তাহার
অবশিষ্টেরদিগকে একত্র করিব এবং আপনং
খোঁয়াড়ে তাহারদিগকে পুনর্ব্বার আনিব এবং
৪ তাহারা ফলবান হইবে ও বাড়িবে। এবং তাহার

Digitized by Google

দিগকে যে চরাইবে এমন রক্ষকেরদিগকে আমি
তাহারদের উপরে নিযুক্ত করিব এবং যিহুহা কহেন
তাহারা আর ভয় করিবে না এবং ভয়েতে আর
ব্যাকুল হইবে না তাহারদের মধ্যে কাহার অভাবও
হইবে না।
৫ যিহুহা কহেন যে কালে আমি দাউদের বংশে
যথার্থ এক শাখা উৎপন্ন করিব এবং যাহাতে এক
রাজা রাজ্য করিবেন ও বুদ্ধিমান হইবেন এবং পৃথিবীতে
৬ ধর্ম্ম ও যাথার্থ্য পালন করিবেন এমন কাল আসিতেছে।
তাহার কালে যিহুদার ত্রাণ হইবে এবং যিশরাল
নিরাপদে বাস করিবে এবং যে নামেতে তিনি খ্যাত
৭ হইবেন সে এই যিহুহা আমারদের যাথার্থ্য। অতএব
যিহুহা কহেন যে যিশরালের সন্তানেরদিগকে মিসর
দেশহইতে আনিলেন যে যিহুহা তিনি জীবৎ তাহারা
সেকালে এ কথা আর কহিবে না। সে কাল আসিতে
৮ ছে কিন্তু যিশরালের বংশকে উত্তর দেশহইতে এবং
যে সকল প্রদেশে আমি তাহারদিগকে খেদাইয়া দিয়া
ছিলাম সে সকল দেশহইতে তাহারদিগকে আনিলেন
ও পথ দেখাইলেন এবং তাহারা আপন দেশে
বাস করিবে এমন যে যিহুহা তিনি জীবৎ।
৯ ভবিষ্যদ্বক্তারদের বিষয়ে আমার মধ্যস্থিত অন্তঃ
করণ ভগ্ন হইয়াছে আমার সকল হাড় নড়ে যিহুহার
কারণে এবং তাঁহার ধর্ম্ম বিষয়ক বাক্যের কারণে
আমি মাতাল মানুষের ও দ্রাক্ষা রসেতে পরাজিত
মানুষের মত হইয়াছি। যে হেতুক দেশ পারদারিক

Digitized by Google

লোকেতে পূর্ণ শপথ করাতে দেশ ক্রন্দন করে অরণ্যের
রম্য স্থান শুষ্কিয়া গিয়াছে তাহারদের ধারা মন্দ এবং
১১ ও পরাক্রম প্রকৃত নয়। কেননা ভবিষ্যদ্বক্তা তাহার
দের যাজক ধর্ম্মরহিত হইয়াছে যিহোবা কহেন আমি
১২ আপন ঘরে তাহারদের দুষ্টতা পাইয়াছি। অতএব
যেমন অন্ধকারে পিছলা স্থান তেমনি তাহারদের পথ
তাহারদের প্রতি হইবে তাহারা অগ্রে২ তাড়ান যাবে
ও তাহার মধ্যে পড়িবে কেননা যিহোবা কহেন আমি
তাহারদের উপরে দুর্দশা আনিব অর্থাৎ তাহারদের
১৩ দণ্ড পাওয়া বৎসর। আমি শমরোণের ভবিষ্যদ্বক্তার
দের মধ্যে অজ্ঞত ও দেখিয়াছি তাহারা বাআলের
উদ্দেশে ভবিষ্যদ্বাক্য কহিয়াছে এবং আমার যিশ্রায়েল
১৪ লোকেরদিগকে ভুলাইয়াছে। যিরোশলমের ভবিষ্য
দ্বক্তারদের মধ্যে আমি ভয়ানক এক বিষয়ও দেখি
য়াছি তাহারা পরদার করে ও মিথ্যা কথা কহার পথে
যায় তাহারা যাহাতে কেহ আপন কুপথহইতে না
ফিরে এমন কুক্রিয়া কর্ত্তারদের হাত দৃঢ় করে তাহারা
সকলে আমার প্রতি সদোমের মত এবং তন্নিবাসিরা
১৫ অমোরার ন্যায়। অতএব সে ভবিষ্যদ্বক্তারদের
বিষয়ে যিহোবা এ কথা কহেন দেখ আমি তাহারদিগ
কে নাগদানা খাওয়াইব এবং পিত্তির জল পান করা
ইব কেননা যিরোশলমের ভবিষ্যদ্বক্তারদেরহইতে
১৬ ধর্ম্মচ্যুততা দেশের সর্ব্বত্র নির্গত হইয়াছে। সৈন্যের
যিহোবা এ কথা কহেন এ যে ভবিষ্যদ্বক্তারা তোমারদের
কাছে ভবিষ্যদ্বাক্য প্রকাশ করে তাহারদের কথা

Digitized by Google

শুনিও না । কেননা তাহারা তোমারদিগকে গরিম-
বিশিষ্ট করে তাহারা আপনারদের মনহইতে দর্শন
১৭ প্রকাশ করে যিহুহার মুখহইতে নয়। আমাকে
যাহারা অবজ্ঞা করে তাহারদিগকে তাহারা বলে
যিহুহা কহেন যে তোমারদের কুশল হইবে এবং
যাহারা আপন অন্তঃকরণের সঙ্কল্পের মত চলে সে
প্রত্যেক জনকে কহে যে কোন দুর্দ্দশা তোমারদিগকে
১৮ ঘটিবে না । কেননা যিহুহার পরামর্শে কে দাঁড়া-
ইয়াছে এবং তাঁহার বাক্য জানিতে পাইয়াছে ও তাহা
১৯ কে শুনিয়াছে ? তাহার বাক্য কে ঠিকানা করিয়াছে
ও শুনিয়াছে । দেখ চণ্ডক্রোধ যিহুহার এক ঘূর্ণবায়ু
নির্গত হইয়াছে অর্থাৎ দুঃখদায়ক ঘূর্ণবায়ু সে যন্ত্রণা
২০ দেওয়ারূপে দুষ্টেরদের মাথায় পড়িবে । যিহুহা
যে পর্য্যন্ত আপন অন্তঃকরণের সঙ্কল্প না করেন
ও সিদ্ধ না করেন সে পর্য্যন্ত তাঁহার ক্রোধ পরা-
বৃত্ত হইবে না শেষকালে তোমরা শুদ্ধরূপে তাহার
২১ বিবেচনা করিবা । আমি এ ভবিষ্যদ্বক্তারদিগ-
কে পাঠাই নাই কিন্তু তাহারা দৌড়িয়া গেল আমি
তাহারদিগকে কহি নাই কিন্তু তাহারা ভবিষ্যদ্বাক্য
২২ কহিল । যদি তাহারা আমার পরামর্শে দাঁড়াইত
তবে আমার লোকেরদিগকে তাহারা আমার কথা
জানাইত তবে তাহারা তাহারদের কুপথহইতে
ও তাহারদের ক্রিয়ার দুষ্টতাহইতে তাহারদিগকে
২৩ ফিরাইত । যিহুহা কহেন আমি কি নিকটবর্ত্তী
২৪ ঈশ্বর ও দূরবর্ত্তী ঈশ্বর নয়ি ? যিহুহা কহেন আমি

Digitized by Google

যাহাকে আমি দেখিতে না পারি কেহ কি গুপ্ত
স্থানে এমনে আপনাকে লুকাইতে পারে? যিহুহা
২৫ কহেন আমি কি স্বর্গ ও পৃথিবী পূর্ণ করি না? যাহারা
স্বপ্ন দেখিয়াছি আমি স্বপ্ন দেখিয়াছি এই কথা কহিয়া
আমার নামে মিথ্যা কথা প্রকাশ করে যে ভবিষ্যদ্
২৬ বক্তারা তাহারদের কথা আমি শুনিয়াছি। যে ভবি
ষ্যদ্বক্তারা মিথ্যা কথা প্রকাশ করে তাহারদের অন্তঃ
২৭ করণে ইহা কতকাল থাকিবে? আপনারদের যে
স্বপ্ন তাহারা প্রত্যেক জন আপনং প্রতিবাসির কাছে
আনায় তাহারদের পিতৃলোকেরা বালদেবতা দ্বারা
আমার নাম বিস্মৃত হইয়াছে যেমন তদ্রূপে আপনার
দের সে স্বপ্নের দ্বারা আমার লোকদিগকে আমার
নাম বিস্মৃত করিতে মনন করে সেই ভবিষ্যদ্
বক্তারা আপন অন্তঃকরণের প্রতারণা প্রকাশকারী এমন
২৮ ভবিষ্যদ্বক্তারা ইহারা। যে ভবিষ্যদ্বক্তার স্বপ্ন আছে
সে স্বপ্ন প্রকাশ করুক এবং যে জনের আমার বাক্য
আছে সে বিশ্বস্ত রূপে আমার কথা কহুক। যিহুহা
২৯ কহেন গোমের সহিত ওপ্রতির তুষ কি? যিহুহা
কহেন আমার বাক্য কি অগ্নির মত নয় ও শৈলকে
৩০ খণ্ড২ করে যে হাতুড়ি তাহারি মত নয়? অতএব
যিহুহা কহেন প্রত্যেক জন আপন২ প্রতিবাসীহইতে
আমার বাক্য চুরি করে ভবিষ্যদ্বক্তারা তাহারদের
৩১ বিপক্ষে আমি যিহুহা কহেন যে ভবিষ্যদ্বক্তারা আপন
জিহ্বাতে ব্যাপার করিয়া কহে তিনি কহেন তাহারদের
৩২ বিপরীতে আমি। যিহুহা কহেন যাহারা মিথ্যা স্বপ্ন

Digitized by Google

প্রকাশ করে ও কহে এবং আপনারদের মিথ্যা কথা ও
লঘুতাতে আমার লোকেরদিগকে ভুলায় তথাপি আমি
তাহারদিগকে পাঠাই নাই ও তাহারদিগকে আজ্ঞা করি
নাই এমত যে ভবিষ্যদ্বক্তারা তাহারদের বিপরীতে আমি।
দিগকে ও তোমারদের পিতৃলোকেরদিগকে দিয়াছি
যিহুহা কহেন তন্নিমিত্তে ও তাহারা এ লোকেরদের
৩৩ কভু ফল করিবে না। যিহুহার ভার কি? এই কথা
যখন এ লোকেরা কিম্বা কোন ভবিষ্যদ্বক্তা কিম্বা
পুরোহিতের তোমাকে জিজ্ঞাসা করিবে তখন তাহার
দিগকে কহ কি ভার? যিহুহা কহেন আমি তোমারদি
৩৪ গকে ত্যাগ করিব এবং যিহুহার ভার এই কথা যে
ভবিষ্যদ্বক্তা কিম্বা যাজক কিম্বা যে লোকেরা কহিবে
৩৫ সে মনুষ্যকে ও তাহার বংশকে দণ্ড দিব। তোমরা
প্রত্যেক জন আপনার প্রতিবাসিকে ও প্রত্যেক জন
আপনার ভাইকে এই রূপে কহিবা যিহুহা কি প্রত্যুত্তর
৩৬ এবং যিহুহার ভার করিয়াছেন? এবং যিহুহা কি
কথা কহিয়াছেন? এই কথা তোমরা আর কহিবা না
কেননা প্রত্যেক জনের কথা তাহার ভার হইবে কেননা
জীবৎ ঈশ্বরের অর্থাৎ সৈন্যেরদের যিহুহার অথচ
৩৭ আমারদের ঈশ্বরের বাক্য তোমরা ফিরাইয়াছ,
তুমি ভবিষ্যদ্বক্তাকে এ কথা কহিবা যিহুহা তোমাকে
কি উত্তর দিয়াছেন? এবং যিহুহা কি কহিয়াছেন?।
৩৮ কিন্তু তোমরা যিহুহার ভার এই কথা কহ তন্নিমিত্তে
যিহুহা এ কথা কহেন তোমরা যিহুহার ভার এ কথা
কহিতেছ এবং যিহুহার ভার এই কথা কহ ই-

Digitized by Google

৩৯ আমি তোমারদিগকে আজ্ঞা না করিয়াছি অতএব
আমি আমিই তোমারদিগকে সর্ব্বতোভাবে বিস্মৃত
হইব ও তোমারদিগকে ও যে নগর আমি তোমার
নাম তাহাও আমি ত্যাগ করিব এবং তোমারদিগকে
৪০ আপন নিকটহইতে দূর করিব। এবং অশেষ অপ
মান ও যাহা বিস্মৃত কখন হবে না এমন নিত্য লজ্জাও
তোমারদের উপরে আনিব।

পর্ব্ব ২৪
বাবেলের নবখদরাসেরার রাজা য়হোদার যিহোয়া
কিন রাজার পুত্র যিকনীহাকে ও য়হোদার অধ্যক্ষের
দিগকে ও সূত্রধরেরদিগকে ও কামারেরদিগকে সঙ্গে
করিয়া যিরোশলমহইতে লইয়া বাবেলে আইলে
যিহুহা আমাকে দেখাইলেন এবং দেখ যিহুহার
মন্দিরের সম্মুখে দুই চুপড়ি ডুম্বুর ফল রাখা গেল।
২ এক চুপড়িতে প্রথম পাকা ডুম্বুরের ন্যায় অত্যুত্তম
ডুম্বুর ছিল আর এক চুপড়িতে এমন মন্দ ডুম্বুর ছিল
৩ যে অতিশয় মন্দ হওয়াতে খাওয়া যায় না। পরে
যিহুহা আমাকে কহিলেন হে যিরমীহা তুমি কি
দেখিতে পাইতেছ? আমি কহিলাম ডুম্বুর ফল উত্তম
যে ডুম্বুর সে অতিশয় ভাল এবং মন্দ যে সে এমনি
অতিবাদ মন্দ যে খাওয়া যায় না।
৪ পরে যিহুহার এ বাক্য আমার কাছে আইল।
৫ যিহুহা যিশরালের ঈশ্বর এ কথা কহেন যাহারদিগ
কে আমি তাহারদের মঙ্গলের নিমিত্তে এ দেশহইতে
কাশদীয়েরদের দেশে পাঠাইয়াছি এমন যে য়হোদার
মধ্যে অন্য দেশে আকর্ষিত দাসত্ব গুচ্ছেরা তাহারদি

Digitized by Google

গাকে আমি এ উত্তম ডুম্বুর ফলের ন্যায় স্বীকার
৬ করিব। কেননা মঙ্গলের নিমিত্তে আমি আপন
চক্ষুকে তাহারদের প্রতি দৃষ্টি করাইব এবং তাহাকে
এ দেশে পুনর্ব্বার আনিব এবং গাঁথিব ও ভাঙ্গি
য়া ফেলিব না, এবং তাহারদিগকে রোপিব ও উপড়া
৭ ইব না। এবং আমি যে যিহুহা তাহা আমাকে
যেন জানে এমন মন আমি তাহারদিগকে দিব
এবং তাহারা আমার লোক হইবে এবং আমি তাহার
দের ঈশ্বর হইব কেননা তাহারা আপনারদের
সর্ব্বান্তঃকরণে আমার কাছে ফিরিয়া আসিবে।—
৮ যে মন্দ ডুম্বুর ফল এমন মন্দ যে খাওয়া যায় না
তাহার বিষয়ে এইং যিহুহা কহেন আমি অবশ্য এ
রূপে যহোদার সিদকীয়াহা রাজাকে ও তাহার অধ্যক্ষে
রদিগকে ও এ দেশে থাকে যে যিরোশালমের অবশিষ্ট
লোক তাহারদিগকে. এবং যাহারা মিসরে থাকে
৯ তাহারদিগকেও আমি ছাড়িয়া দিব। এবং আপ
নারদের মন্দের কারণ পৃথিবীর সকল রাজ্যে স্থানান্তরী
করা যাইবার জন্যে এবং যেং দেশে আমি তাহার
দিগকে খেদাইয়া দি সে সকল দেশে অপমান
ও কাহিনী ও ঠাট্টা কথা ও শাপ কথা হইবার কারণ
১০ তাহারদিগকে সমর্পণ করিব। এবং যে দেশ আমি
তাহারদিগকে ও তাহারদের পিতৃলোকেরদিগকে
দিলাম তাহারা সে দেশহইতে যে পর্য্যন্ত বিনষ্ট না হয়
সে পর্য্যন্ত আমি তরোয়াল ও আকাল ও মড়ক তাহার
দের উপরে পাঠাইব।—



Digitized by Google

পর্ব্ব যহোদার য়শীহা রাজার যিহোয়াকিম পুত্রের চতুর্থ
২৫ বৎসরে সেই বাবেলের নবুকদরাসোর রাজার ও প্রথম
বৎসরে যহোদার সকল লোকেরদের বিষয়ে যে বাক্য
২ যিরমীহার কাছে আইল এবং যাহা যিরমীহা ভবিষ্যদ্বক্তা
যহোদার সকল লোকেরদিগকে ও যিরোশলমের সকল
৩ নিবাসিরদিগকে কহিল সে এই। যহোদার আমোন
রাজার য়শীহা পুত্রের ত্রয়োদশ বৎসরাবধি আজি
পর্য্যন্ত অর্থাৎ তেইশ বৎসর পর্য্যন্ত যিহুহার বাক্য
আমার কাছে প্রকাশিত হইল এবং আমি প্রত্যূষে
উঠত ও কহত তোমারদিগকে কহিয়াছি কিন্তু তোমরা
৪ অবধান কর নাই। এবং যিহুহা প্রত্যূষে উঠত ও
প্রেষণ করত আপন সকল ভবিষ্যদ্বক্তৃদাসেরদিগকে
তোমাদের নিকট পাঠাইয়াছেন কিন্তু তোমরা অবধান
৫ কর নাই এবং শুনিতে কর্ণ পাত নাই। তাহারা
কহিল এখন তোমরা প্রত্যেক জন আপন কুপথ ও
আপন ক্রিয়ার দুষ্টতাহইতে ফির এবং সদাসর্ব্বক্ষ
ণের জন্যে যে দেশ যিহুহা তোমারদিগকে ও তোমার
দের পিতৃ লোকেরদিগকে দিয়াছেন সে দেশে বাস
৬ কর। এবং ইতর ঈশ্বরেরদিগকে সেবা করিতে
ও ভজনা করিতে তাহারদের পশ্চাদ্গামী হইও না
এবং আপন হস্তকৃত ক্রিয়ার দ্বারা আমাকে ক্রুদ্ধ
করিও না তাহাতে তোমারদের কিছু মন্দ আমি করিব
৭ না। কিন্তু যিহুহা কহেন তোমরা আপনারদের ক্ষতি
যাহাতে হয় এই মত আপন২ হস্তকৃত বস্তুর দ্বারা আমা
কে কষ্ট কর এই জন্যে আমার কথা মান নাই।

Digitized by Google

৮ অতএব সৈন্যের যিহুহা এ কথা কহেন তোমরা
৯ আমার কথা শুন নাই তাহাতে দেখ যিহুহা এ কথা
কহেন আমি পাঠাইয়া ওত্তর দেশীয় সকল বংশকে
এবং আমার দাস অর্থাৎ বাবেলের নবকদরাসোর
রাজা তাহাকেও আমি এ দেশের বিপরীতে ও তন্নিবা
সিরদের বিপরীতে ও তাহার চতুর্দ্দিগস্থ দেশীয়
লোকেরদের বিপরীতে আনিব এবং তাহারদিগকে
সর্ব্বতোভাবে নষ্ট করিব এবং চমৎকারক দ্রব্য এবং
শীশ দেওয়া হেতু এবং অশেষ কাথড়া করিব।
১০ তাহারদেরহইতে আমি উল্লাস ও আনন্দের নাদ
এবং বর ও কন্যার শব্দ এবং জাঁতার শব্দ ও প্রদীপের
১১ আলো স্থানান্তর করিব। এবং এ সকল দেশীয়
লোকেরা শূন্যতা ও চমৎকারক বিষয় হইবে এবং
সত্তর বৎসর পর্য্যন্ত বাবেলের রাজার সেবা
করিবে।

১২ যিহুহা কহেন সত্তর বৎসর পূর্ণ হইলে আমি
তাহারদের অপরাধের কারণে বাবেলের রাজাকে ও
সে দেশীয় লোকেরদিগকে ও কাশ্দীয়েরদের দেশ
কে দণ্ড দিব এবং তাহাকে অবিরত সর্ব্বনাশ করিব
১৩ এবং আমি যে সকল কথা তাহার বিরুদ্ধে কহিয়াছি
অর্থাৎ এ পুস্তকে যে সকল লিখিত আছে ও সকল
দেশীয় লোকেরদের বিপরীতে যিরমীহ যাহা কহিয়া
ছে সে সকল আমি সে দেশের উপরে প্রত্যক্ষ করিব।
১৪ কেননা অনেক দেশীয় লোকেরা ও মহারাজারা তাহা
রদের উপরে আপনারদের বাঞ্ছিত সম্পূর্ণ করিবে

Digitized by Google

এবং তাহারদের আপনং ক্রিয়ানুসারে ও আপনং
হস্তকৃত কার্য্যানুসারে আমি তাহারদিগকে ফল দিব।
১৫ কেননা যিহুহা যিশরালের ঈশ্বর আমাকে কহিয়া
ছেন এ ক্রোধরূপ দ্রাক্ষা রসের বাটী আমার হাতে
লও এবং যে সকল দেশীয় লোকেরদের কাছে আমি
তোমাকে তাহা পান করাইবার কারণে পাঠাই তাহার
১৬ দিগকে পান করাও। পরে যে তলোয়ার আমি
তাহারদের মধ্যে পাঠাইব তাহাতে তাহারা পান
১৭ করিবে ও চালিত হবে ও বাতুল হইবে। তখন আমি
যিহুহার হাতহইতে সে পাত্র লইয়া যে সকল দেশীয়
লোকেরদের কাছে যিহুহা আমাকে পাঠাইয়াছিলেন
১৮ তাহারদিগকে পান করাইলাম। অর্থাৎ আজি
যে রূপে হইয়াছে তদ্রূপে শূন্যতা ও চমৎকার ও শীশ
দেওয়া ও শাপস্থ তাহারদিগকে করিবার কারণ
যিরোশলমকে ও য়িহোদার নগরেরদিগকে ও তাহার
১৯ রাজারদিগকে ও তাহার অধ্যক্ষেরদিগকে। এবং
মিসরের ফারোয়া রাজাকে ও তাহার দাসেরদিগকে
ও অধ্যক্ষেরদিগকে ও তাহার সকল লোকেরদিগকে।
২০ এবং মিশ্রিত সকল লোকেরদিগকে ও আউস দেশের
সকল রাজা দিগকে এবং পলশতীরদের ও আস্কেল
২১ নের ও অজার ও আক্রোনের ও আশদোদের অবশি
ষ্টেরদের ও আদোমের ও মোয়াবের ও আমোনের
২২ সন্তানেরদের রাজারদিগকে। এবং সোরের সকল
রাজারদিগকে ও সীদোনের সকল রাজারদিগকে এবং
সমুদ্রের পারস্থ উপদ্বীপের সকল রাজারদিগকে

Digitized by Google

২৩ ও দদানকে ও তৈমাকে ও বুজকে ও অতি দূরস্থ কোণা
২৪ নিবাসিরদিগকে। এবং অরাবীর সকল রাজার
দিগকে এবং অরণ্য নিবাসী মিশ্রিত লোকেরদের
২৫ সকল রাজারদিগকে এবং জিম্রীর সকল রাজার
দিগকে ও আইলামের সকল রাজারদিগকে ও মাদী
২৬ য়েরদের সকল রাজারদিগকে এবং নিকটস্থ ও দূরস্থ
উত্তর দেশীয় যত রাজা তাহারদিগকে সকলে একে
ম এবং পৃথিবীর সম্মুখে জগতের যে সকল রাজা
আছে তাহারদিগকেও দেও। তাহারদের পান
২৭ করার পরে শেশাখের রাজা পান করিবে। অতএব
তুমি তাহারদিগকে এ কথা কহ সৈন্যের যিহুহা
যিশরালের ঈশ্বর এ কথা কহেন আমি যে তলোয়ার
তোমারদের মধ্যে পাঠাইব তাহাতে পান কর ও মাতাল
২৮ হও ও শেকার কর ও পড় ও আর উঠিও না। তোমার
হাতহইতে পাত্র লইতে যদি তাহারা অবজ্ঞা করে তবে
তাহারদিগকে কহ সৈন্যের যিহুহা কহেন যে তোমরা
২৯ অবশ্য পান করিবা। কেননা আমার নামেতে খ্যাত
যে সহর তাহার উপরে আমি মন্দ আনিতে লাগি
এবং তোমরা কি সর্ব্বতোভাবে অদণ্ডিত হইবা?
তোমরা অদণ্ডিত হইবা না। কেননা সৈন্যের যিহুহা
কহেন আমি পৃথিবীর সকল নিবাসিরদের উপরে
৩০ তলোয়ার অবশ্য ডাকিয়া আনিব। অতএব তাহা
রদের বিপরীতে এ সকল ভবিষ্যদ্বাক্য কহ এবং
তাহারদিগকে এ কথা কহ যিহুহা ঊর্দ্ধহইতে মহা
শব্দ করিবেন এবং আপন পবিত্র নিবাসহইতে

Digitized by Google

আপন রব প্রকাশ করিবেন তিনি আপন নিবাসস্থল হই
তে গর্জ্জন করিবেন তিনি দ্রাক্ষা দলকেরদের শব্দের
মত পৃথিবীর সকল নিবাসিরদের বিপরীতে বড়
৩১ হুঙ্কার শব্দ করিবেন। পৃথিবীর সীমা পর্য্যন্ত হই
শব্দ আসিবে কেননা সকল দেশীয় লোকেরদের
সহিত য়িহুহার বিবাদ আছে তিনি সকল প্রাণিরদের
সহিত উত্তর প্রত্যুত্তর করিবেন। য়িহুহা কহেন যে
তিনি দুষ্টেরদিগকে তলোয়ারেতে সমর্পন করিবেন
৩২ অতএব সৈন্যের য়িহুহা এ কথা কহেন দেখ দেশে
দেশে মন্দ গমন করিবে এবং পৃথিবীর সীমাহইতে
৩৩ বড় ঘূর্ণ বায়ু আলোড়িত হইবে। এবং সে
দিনে পৃথিবীর এক সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত
য়িহুহাতে হত লোকেরা অনেক হইবে তাহারা বিলা
পিত কিম্বা একত্রীকৃত কিম্বা কবরে দত্ত হইবে না
তাহারা ভূমির উপরে সারের ন্যায় থাকিবে।—
৩৪ হে মেষ রাখালেরা তোমরা আর্ত্তস্বর কর ও ক্রন্দন
কর হে পালের মধ্যে শ্রেষ্ঠেরা তোমরা গড়াগড়ি
দেও কেননা তোমারদের বধের ও ছিন্ন ভিন্ন হওয়ার
দেশ শূন্য হইয়াছে তোমরা উত্তম পাত্রের মত পড়িবা।
৩৫ এবং মেষ রক্ষকেরদের পলাইবার পথ হইবে না
এবং পালের মধ্যে শ্রেষ্ঠ যাহারা তাহারদের বাঁচিবার
৩৬ পথ হইবে না। মেষ রাখালেরদের ক্রন্দনের শব্দ
ও পালের মধ্যে শ্রেষ্ঠ যাহারা তাহারদের আর্ত্তস্বর
শুনা যাবে কেননা য়িহুহা তাহারদের চরাণ নষ্ট
৩৭ করিয়াছেন। এবং য়িহুহার জ্বলন্ত ক্রোধেতে

Digitized by Google

শান্তিযুক্ত নিবাস উচ্ছন্ন হইয়াছে। তিনি সিংহের
ন্যায় আপন আবরণ ছাড়িয়াছেন কেননা উপদ্রবকের
জ্বলন ও জ্বলন্ত ক্রোধ প্রযুক্ত তাহারদের দেশ নর শূন্য
হইয়াছে।—

পর্ব্ব ২৬ য়হোদার য়াশীহা রাজার পুত্র য়িহোয়াকিমের
অধিকারের প্রথমে এ কথা য়িহুহাহইতে আইল।
২ য়িহুহা এ কথা কহেন য়িহুহার মন্দিরের আঁগিনায়
দাঁড়াও এবং য়িহুহার মন্দিরে ভজনা করিতে আইসে
যে য়হোদার নগরস্থ লোকেরা তাহারদিগকে
আমি যে সকল কথা কহিতে আজ্ঞা করি সে
সকল কথা কহ এক কথা কমি করিও না।
৩ কি জানি যে আমি তাহারদের কর্ম্মের দুষ্টতাপ্রযুক্ত
তাহারদিগকে যে মন্দ করিতে চাওরাই সে মন্দহইতে
পরায়নল করি এই জন্যে তাহারা অবধান করিবে
এবং প্রত্যেক জন আপনং কুপথহইতে ফিরে।
৪ তাহারদিগকে তুমি ইহাও কহ য়িহুহা এ কথা কহেন
আমি যে শাস্ত্র তোমারদের সম্মুখে থুইয়াছি সে
৫ আমার শাস্ত্রাচরণ করিতে এবং প্রত্যুষে উত্থান
করত ও প্রেষণ করত যাহারদিগকে আমি তোমার
দের নিকটে পাঠাইয়াছি তথাপি তোমরা শুন নাই
এমন যে আমার ভবিষ্যদ্বক্তৃদাসেরা তাঁহারদের
কথা শুনিতে ও যদি তোমরা আমার প্রতি মনোযোগ
৬ না কর তখন আমি এ ঘর শীলোর মত করিব এবং
পৃথিবীর সকল দেশীয় লোকেরদের প্রতি আমি এ
৭ নগরকে অভিশাপ বস্তু করিব। অতএব য়িহুহার

Digitized by Google

মন্দিরে এই কথা কহিতেছে যে যিরমীয়াহ তাহার কথা
যাজকেরা ও ভবিষ্যদ্বক্তারা ও সকল লোকেরা শুনিল।
৮ লোকেরদের কাছে কহিতে যে সকল কথা যিহুহা
তাঁহাকে আজ্ঞা দিয়াছিলেন যিরমীয়াহ সেই কথা
কহিতে সাঙ্গ করিলে পর এমত হইল এ মন্দির
শীলোর ন্যায় হইবে এবং এ নগর নিবাসী রহিত ও
নরশূন্য হইবে এই কথা যিহুহার নামে কেন ঘোষণা
৯ করিয়াছ? এই কথা কহিয়া যাজকেরা ও ভবিষ্য
দ্বক্তারা ও সকল লোকেরা তুমি অবশ্য মরিবা এই
কথা কহিয়া তাঁহাকে ধরিল। এবং যিহুহার
মন্দিরে সকল লোকেরা যিরমীয়াহার বিরুদ্ধে একত্র ছিল।
১০ যখন য়িহোদার অধ্যক্ষেরা এ কথা শুনিল তখন
তাহারা রাজবাটীহইতে যিহুহার মন্দিরে আইল
এবং যিহুহার মন্দিরের নূতন দ্বারের প্রবেশ স্থানে
১১ বসিল। তখন যাজকেরা ও ভবিষ্যদ্বক্তারা অধ্যক্ষে
রদিগকে ও সকল লোকেরদিগকে কহিল এ মানুষ
বধার্হ কেননা তোমরা যেমন আপনং কর্ণে শুনিয়াছ
তেমন সে এ নগরের বিপরীতে ভবিষ্যদ্বাক্য কহিয়াছে।
১২ তখন যিরমীয়াহ অধ্যক্ষেরদিগকে ও সকল লোকের
দিগকে এ কথা কহিল যে কথা তোমরা শুনিয়াছ সে
সকল কথা এ মন্দির ও এ নগরের বিপরীতে ঘোষণা
১৩ করিতে যিহুহা আমাকে পাঠাইয়াছেন। অতএব
এখন আপনারদের গতি ও ক্রিয়া সারিয়া দেও এবং
আপনারদের ঈশ্বর যিহুহার কথা মান তাহাতে
যিহুহা যে সকল মন্দ তোমারদের বিপরীতে কহিয়া

Digitized by Google

১৪ ছেন সে সকলের প্রতি তিনি পরায়নন করিবেন। আমি
এই দেখ তোমারদের হাতে আছি তোমারদের
বিচারে যাহা ভাল ও প্রকৃত তাহা আমার প্রতি কর।
১৫ কিন্তু যদি তোমরা আমাকে বধ কর তবে নিশ্চয়
রূপে জান যে আপনারদের উপরে ও এ নগরের
উপরে ও তন্নিবাসিরদের উপরে তোমরা নির্দ্দোষির
খুনাপরাধ আনিবা কেননা নিতান্ত যিহুহা এ সকল
কথা তোমারদের কর্ণগোচরে কহিবার জন্যে আমাকে
১৬ তোমারদের নিকটে পাঠাইয়াছেন। তখন অধ্য
ক্ষেরা ও সকল লোকেরা যাজকেরদিগকে ও ভবিষ্যদ্ব
ক্তারদিগকে এ কথা কহিল এ মানুষ বধ্য নয় কেননা
তিনি আমারদের পরমেশ্বর যিহুহার নামে আমারদি
১৭ গকে কথা কহিয়াছেন। তখন দেশের কতক জন
প্রাচীন লোক উঠিয়া লোকেরদের সভার প্রতি এ কথা
১৮ কহিল। মরাষ্টীয় মীকা য়হোদার মঙকীহা রাজার
কালে ভবিষ্যদ্বাক্য কহিল এবং য়হোদার সকল
লোককে এ কথা কহিল সৈন্যের যিহুহা এ কথা
কহেন সায়েন ক্ষেত্রের মত চসা যাবে এবং যিরোশ
যল সর্ব্বত্র ঢিপি হইবে এবং এ মন্দির যে পর্ব্বতে স্থিত
আছে সে পর্ব্বত বনের উচ্চ স্থানের মত হইবে।
১৯ য়হোদার মঙকীহা রাজা ও সকল য়হোদা কি তাহা
কে কোন প্রকারে বধ করিল? তিনি কি যিহুহাকে
ভয় করেন নাই? ও যিহুহার কাছে কি প্রার্থনা
করেন নাই? এবং যিহুহা যে মন্দ তাহারদের



Digitized by Google

বিপরীতে কহিয়াছিলেন তিনি কি তাহাহইতে
পরামনন করেন নাই? আমরা এ প্রকারে আপনারদের
২০ প্রাণের বড় ক্ষতি পাইতে পারি। এ নগর ও এ
দেশের বিপরীতে ভবিষ্যদ্বাক্য যে কহিল এমন
যিহুহার নামে যিরমীহার কথার ন্যায় ভবিষ্যদ্বাক্য
প্রচারকারী করীত যিয়ারিমের শময়াইহার পুত্র আও
২১ রীহা এক জন ছিল। যিহোয়াকিম রাজা ও তাহার
পরাক্রান্ত লোকেরা ও সকল অধ্যক্ষেরা তাহার
কথা শুনিলে রাজা তাহাকে বধ করিতে চেষ্টা
করিল কিন্তু আওরীহা তাহা শুনিয়া পালাইল এবং
২২ মিসরে গেল। এবং যিহোয়াকিম রাজা লোককে
মিসরে পাঠাইল অর্থাৎ আখবোরের পুত্র আলন
২৩ তনকে ও আর কএক লোককে। এবং তাহারা মিসর
হইতে আওরীহাকে আনিয়া যিহোয়াকিম রাজার
সাক্ষাৎ করিলে সে তাহাকে তলোয়ারেতে বধ করিল
ও তাহার শব ইতর লোকেরদের কবরে ফেলিল।
২৪ কিন্তু তাহারা যাহাতে তাহাকে মারিবার কারণ
লোকেরদের হাতে দিতে পারিল না শাফনের পুত্র
আহীকমের হাত এ প্রকারে যিরমীহার সহিত থাকিল।

পর্ব্ব যিহোদার রাজা য়োশীয়ার পুত্র যিহোয়াকিমের অধি
২৭ কারের আরম্ভে এ বাক্য যিহুহাহইতে যিরমীহার
২ কাছে আইল। যিহুহা আমাকে এ কথা কহেন
তুমি বন্ধন ও যুঁয়াল নির্ম্মাণ কর এবং আপন গলায়
৩ দিও। এবং যে দূতেরা যিরোশালমে যিহোদার
সিদকীয়া রাজার কাছে আইসে তাহারদের হাতে

Digitized by Google

আদোমের রাজার ও মোয়াবের রাজার ও অম্মোনের সন্তানেরদের রাজার ও সোরের রাজার ও সীদনের
৪ রাজার কাছে পাঠাও। এবং আপনং কর্ত্তারদিগকে ইহা কহিতে আজ্ঞা কর সৈন্যের যিহুহা যিশরালের ঈশ্বর এ কথা কহেন তোমরা আপনং কর্ত্তারদিগকে
৫ এ কথা কহ। আমি আপন বড় পরাক্রমেতে এবং বিস্তীর্ণ বাহুতে পৃথিবী এবং ভূমির উপরিস্থ মনুষ্যেরদিগকে ও পশুরদিগকে সৃষ্টি করিয়াছি এবং যাহাকে
৬ আমার মনস্থ তাহাকে তাহা দিয়াছি। সম্প্রতি এ সকল দেশ আমি আপন দাস বাবেলের নবকদনেসোর রাজার হাতে দিয়াছি এবং তাহাকে সেবা করার জন্যে আমি মাঠের পশুরদিগকেও তাহার হাতে দিয়াছি।
৭ এবং তাহার দেশের দণ্ড দেয়ার কাল যে পর্য্যন্ত না হয় সে পর্য্যন্ত সকল দেশীয় লোকেরা তাহাকে ও তাহার পুত্রকে ও তাহার পৌত্রকে সেবা করিবে। তার পর অনেক দেশীয় লোকেরা ও মহারাজারা তাহার দ্বারা
৮ আপনারদের সেবা করিবে। এবং এ মত হইবে যে দেশীয় লোকেরা ও যে রাজ্য বাবেলের সেই নবকদনেসোর রাজার সেবা করিবে না এবং আপন গলা বাবেলের রাজার যোঁয়ালের নীচে না দিবে যিহুহা কহেন আমি যে পর্য্যন্ত তাহার হাতেতে তাহারদিগকে ক্ষীণ না করি সে পর্য্যন্ত তলোয়ারেতে ও আকালেতে
৯ ও মড়কেতে তাহারদিগকে দণ্ড দিব। অতএব তোমরা বাবেলের রাজার সেবা করিবে না এই কথা কহিয়া তোমারদিগকে কহে যে তোমারদের ভবিষ্যদ্

স্তারা ও তোমারদের দৈবজ্ঞেরা ও তোমারদের স্বপ্নদর্শ
কেরা ও তোমারদের মেঘদর্শকেরা ও তোমারদের
ভাইলেরা তাহারদের প্রতি অবধান করিও না।
১০ কেননা তোমারদিগকে তোমারদের দেশহইতে দূর
করিবার জন্যে এবং আমি তোমারদিগকে তাড়িয়া
দি ও তোমরা বিনষ্ট হও এই জন্যেও তাহারা মিথ্যা
১১ ভবিষ্যদ্বাক্য তোমারদের কাছে প্রকাশ করে। কিন্তু
যে দেশীয় লোকেরা আপনারদের গলা বাবেলের
রাজার যোঁয়ালের নীচে করে ও তাহার সেবা করে
য়িহুহা কহেন আমি তাহারদিগকে তাহারদের নিজ
দেশে বাস করিতে দিব এবং তাহারা তাহার কৃষি
করিবে ও তাহাতে বাস করিবে।—
১২ তোমরা বাবেলের রাজার যোঁয়ালের নীচে
আপনারদের গলা পাত এবং তাহার ও তাহার
১৩ লোকেরদের সেবা কর এবং বাঁচ যে দেশীয়
লোকেরা বাবেলের রাজার সেবা করে না তাহারদের
বিরুদ্ধে য়িহুহা যে কথা কহিয়াছেন তদনুসারে
তোমরা অর্থাৎ তুমি ও তোমার লোকেরা কেন তলো
১৪ য়ারেতে ও আকালেতে ও মড়কেতে মরিবা? অতএব
তোমরা বাবেলের রাজার সেবা করিবা না এই কথা
যে ভবিষ্যদ্বক্তা। তোমারদিগকে কহে তাহারদের
কথায় অবধান করিও না কেননা তাহারা মিথ্যা ভবি

---

* অর্থাৎ মেঘ দেখিয়া ভবিতব্য বিষয় জানায় যাহারা
সে প্রকার লোক।—

১৫ ষ্যদ্বাক্য তোমারদের কাছে প্রকাশ করে। কেননা
যিহুহা কহেন আমি তাহারদিগকে পাঠাই নাই
তথাপি আমি তোমারদিগকে তাড়ায়া দি ও তোমরা
ও যে ভবিষ্যদ্বক্তারা তোমারদের প্রতি বাক্য ঘোষণা
করে তাহারাও হত হয় এই২ জন্যে তাহারা আমার
নামে মিথ্যা ভবিষ্যদ্বাক্য কহে সে সকল কথানুসারে
১৬ আমি এই কথা য়িহোদার সিদকীহা রাজাকে কহিলাম।
আমি এ কথা ও যাজকেরদিগকে ও এ সকল লোকের
দিগকে কহিলাম। যিহুহা এ কথা কহেন যিহুহার
মন্দিরের পাত্র কিঞ্চিৎ পরে বাবেলহইতে পুনর্ব্বার
আনীত হইবে তোমারদের কাছে এই কথা ঘোষণা
করে যে তোমারদের ভবিষ্যদ্বক্তারা তাহারদের কথায়
অবধান করিও না কেননা তাহারা তোমারদের
১৭ কাছে মিথ্যা ভবিষ্যদ্বাক্য প্রকাশ করে। তাহারদের
কথা শুনিও না বাবেলের রাজার সেবা কর ও বাঁচ
১৮ এ নগর কেন ওরান করা যাবে? কিন্তু তাহারা যদি
ভবিষ্যদ্বক্তারা হয় এবং যিহুহার বাক্য যদি তাহার
দের সহিত থাকে তবে যিহুহার মন্দিরে ও য়িহোদার
রাজার বাড়িতে এ যিরোশালমে যে পাত্র অবশিষ্ট
থাকে সে পাত্র যেন বাবেলে না যায় তাহারা সৈন্যের
যিহুহার কাছে ইহা প্রার্থনা করুক।
১৯ কেননা বাবেলের নবূকদরাসোর রাজা যে সময়ে
য়িহোদার যিহোয়াকিম রাজার পুত্র যিকনীহাকে ও
য়িহোদার ও যিরোশলমের সকল অধ্যক্ষেরদিগকে
২০ যিরোশলমহইতে বাবেলে লইয়া গেল সে তৎকালে

Digitized by Google

যে স্তম্ভ ও সাগর ও ঘরা ও এ নগরে অবশিষ্ট এবং
অন্য পাত্র লইয়া গেল না সে সকল পাত্রের
২১ বিষয়ে যিহুহা এই কথা কহেন। সৈন্যের যিহুহা
যিশরালের ঈশ্বর তাহারদের বিষয়ে অর্থাৎ যিহুহার
মন্দিরে ও যিহোদার রাজার বাটিতে ও যিরোশলমে যে
অবশিষ্ট পাত্র তাহারদের বিষয়ে এ কথা কহেন।
২২ যিহুহা কহেন তাহারা বাবেলে লইয়া যাওয়া যাইবে
এবং আমি যে পর্য্যন্ত তাহারদিগকে দর্শন করিতে না
যাই সে পর্য্যন্ত সে স্থানে থাকিবে। তাহার পরে
আমি তাহারদিগকে আনিয়া এ স্থানে ফের দিব।

পর্ব্ব সে বৎসরে অর্থাৎ যিহোদার সিদকীয় রাজার
২৮ অধিকারের আরম্ভ অর্থাৎ চতুর্থ বৎসরের পঞ্চম
মাসে গিবিয়োনের আজোরের পুত্র হননীয় ভবিষ্যদ্বক্তা
যিহুহার মন্দিরে যাজকেরদের ও সকল লোকেরদের
২ সাক্ষাতে আমাকে এ কথা কহিল। সৈন্যের যিহুহা
যিশরালের ঈশ্বর এই কথা কহেন দেখ আমি বাবেলের
৩ রাজার যোয়াল ভাঙ্গিয়াছি। যে পাত্র বাবেলের নবুখদ্রেৎসর
রাজা এই স্থানহইতে বাবেলে লইয়া গেল সে সকল
পাত্র আমি সম্পূর্ণ দুই বৎসরের মধ্যে পুনর্ব্বার এ
৪ স্থানে আনিব। এবং যিহুহা কহেন যিহোদার রাজা
যিহোয়াকিমের পুত্র যিকনীয়কে এবং বাবেলে গেল
যে শত্রুগ্রস্ত লোকেরা তাহারদিগকেও আমি এ
স্থানে পুনর্ব্বার আনিব কেননা আমি বাবেলের
রাজার যোয়াল ভাঙ্গিব।

৫ তখন যাজকেরদের ও যিহুহার মন্দিরে দাঁড়াইতে

দে যে সকল লোক তাহারদের ও সাক্ষাতে য়িরমীহা
৬ ভবিষ্যদ্বক্তা হননীহা ভবিষ্যদ্বক্তাকে কহিল। য়িরমীহা
ভবিষ্যদ্বক্তাই কহিল আমেন য়িহুহা এমন করুন তুমি
যে ভবিষ্যদ্বাক্য কহিয়াছ য়িহুহার মন্দিরের পাত্র ও
যে সকল অন্যদেশে লইয়া যাওয়া গিয়াছে সে
সকল যাহাতে বাবেল হইতে এ স্থানে আমাদের য়িহুহা
তোমা কর্ত্তৃক উক্ত ভবিষ্যদ্বাক্য সেমত সম্পূর্ণ করুন।
৭ কিন্তু আমি যে কথা তোমার ও সকল লোকেরদের
৮ কর্ণগোচর কহি সে কথা শুন। পূর্ব্বকালীন যে
ভবিষ্যদ্বক্তারা আমার ও তোমার পূর্ব্বে ছিল তাহারা
যুদ্ধের ও অমঙ্গলের ও মড়কের বিষয়ে অনেক দেশ
ও বড় রাজ্যেরদের বিপরীতে ভবিষ্যদ্বাক্য ঘোষণা
৯ করিল। যে ভবিষ্যদ্বক্তা যুদ্ধ না হওয়ার কথা ঘোষণা
করে সে ভবিষ্যদ্বক্তার কথা প্রত্যক্ষ হইলে পর সে
ভবিষ্যদ্বক্তার বিষয়ে ইহা জানা যাবে যে য়িহুহা
নিতান্ত তাহাকে পাঠাইয়াছেন।

১০ তখন হননীহা ভবিষ্যদ্বক্তা য়িরমীহা ভবিষ্যদ্বক্তার
১১ গলাহইতে সে যোঁয়াল লইয়া ভাঙ্গিল। এবং
হননীহা সকল লোকেরদের সাক্ষাতে এ কথা কহিল
য়িহুহা এ কথা কহেন এ প্রকারে আমি সম্পূর্ণ দুই
বৎসরের মধ্যে বাবেলের নবকদরাসের রাজার
যোঁয়াল সকল দেশীয় লোকেরদের গলাহইতে ভাঙ্গিব
পরে য়িরমীহা ভবিষ্যদ্বক্তা চলিয়া গেল।

১২ হননীহা ভবিষ্যদ্বক্তা য়িরমীহা ভবিষ্যদ্বক্তার গলা
হইতে সে যোঁয়াল ভাঙ্গিলে পর য়িহুহার এ বাক্য

Digitized by Google

১৩ যিরমীহা ভবিষ্যদ্বক্তার প্রতি প্রকাশিত হইল। তুমি
যাও যুননীহাকে এ কথা কহ যিহুহা এ কথা কহেন
তুমি এ কাষ্ঠের যোঁয়াল ভাঙ্গিয়াছ বটে কিন্তু তাহার
১৪ বদলে তুমি লোহার যোঁয়াল করিবা। কেননা
সৈন্যের যিহুহা যিশ্রায়েলের ঈশ্বর এ কথা কহেন এ
সকল দেশীয় লোকেরা বাবেলের নবকদরাসোর রাজার
সেবা করে এই নিমিত্তে আমি তাহারদের গলায়
লোহার যোঁয়াল দিব এবং তাহারা তাহার সেবা
করিবেই মাঠের পশুরদিগকেও আমি তাহাকে
দিয়াছি।—

১৫ তখন যিরমীহা ভবিষ্যদ্বক্তা যুননীহা ভবিষ্যদ্ব
ক্তাকে কহিল হে যুননীহা এখন আমার কথা শুন
যিহুহা তোমাকে পাঠান নাই কিন্তু তুমি এ লোকের
১৬ দিগকে মিথ্যা কথাতে বিশ্বাস করাইতেছ। অতএব
যিহুহা এ কথা কহেন দেখ আমি পৃথিবীর সম্মুখ
হইতে তোমাকে ফেলিয়া দিব তুমি যিহুহার বিরুদ্ধে
শিক্ষা করাইয়াছ এই জন্যে এ বৎসরে মরিবা।
১৭ অতএব সে বৎসরের সপ্তম মাসে যুননীহা
ভবিষ্যদ্বক্তা মরিল।—

পর্ব্ব যিকনীহা রাজা ও রাণী ও খোজারা এবং
২৯ যিহোদার ও যিরোশলমের অধ্যক্ষেরা ও ছুতারেরা
ও কামারেরা যিরোশলমহইতে গেলে পর অন্য দেশে
দাসত্ব প্রাপ্ত প্রাচীন লোকেরদের অবশিষ্ট তাহারদের
ও যাজকেরদের ও ভবিষ্যদ্বক্তারদের ও যিরোশলম
হইতে বাবেলে যাহারদিগকে নবকদরাসোর দাসত্ব

Digitized by Google

লইয়া গিয়াছিল সে সকল লোকসমূহেরও প্রতি
৩ যিরমীহা ভবিষ্যদ্বক্তা যে শফনের এলাসা পুত্রের ও
যাহাকে য়িহোদার রাজা সিদকীয়াহ বাবেলে বাবেলের
নবকদরাসোর রাজার নিকট পাঠাইল যে হিলকীয়ার
গময়ীহা পুত্রেরও হাতে যে পত্র পাঠাইল তাহার কথা
৪ এই। যাহারদিগকে আমি য়িরোশলমহইতে বা
বেলে লইয়া যাওয়াইলাম এমন যাহারা অন্য দেশে
দাসত্বপ্রাপ্ত হইয়াছে তাহারদিগকে সৈন্যের য়িহহা
৫ য়িশরায়েলের ঈশ্বর এই কথা কহেন। ঘর গাথ ও
তাহাতে বাস কর এবং উদ্যান রোপণ কর ও তাহার
৬ ফল খাও বিবাহ কর এবং পুত্রেরদিগকে ও কন্যার
দিগকে জন্মাও এবং তোমরা আপনারদের পুত্রেরদের
কারণ স্ত্রী গ্রহণ কর এবং তোমারদের কন্যারদিগকে
স্বামী করিয়া দেও এবং তাহারা আপনারদের সন্তান
সন্ততি উৎপন্ন করুক ও সে স্থানে বর্দ্ধিত হও এবং
৭ ন্যূনীভূত হইও না এবং যে নগরে আমি তোমারদিগকে
দাসত্বে লইয়া যাওয়াইয়াছি তাহার মঙ্গল চেষ্টা কর
এবং তাহার কারণ য়িহহার নিকট প্রার্থনা কর
কেননা তাহার মঙ্গলে তোমরা মঙ্গল পাইবা।
৮ সৈন্যের য়িহহা য়িশরায়েলের ঈশ্বর এ কথা কহেন
তোমারদের মধ্যস্থিত ভবিষ্যদ্বক্তারা ও তোমারদের
গুণিরা তোমারদিগকে প্রতারণা না করুক এবং যে
৯ স্বপ্ন তোমরা দেখ তাহাও মানিও না। কেননা
ভবিষ্যদ্বক্তারা আমার নামে মিথ্যা কথা তোমারদের



Digitized by Google

কার্য প্রকাশ করে যিহুহা কহেন আমি তাহারদিগকে
প্রেরই নাই।—
১০ কেননা যিহুহা এ কথা কহেন সত্তর বৎসর
বাবেলে সম্পূর্ণ হইলেপর আমি তোমারদিগকে
দেখিতে আসিব এবং তোমারদিগকে এ স্থানে
পুনর্ব্বার লওন দ্বারা তোমাদের প্রতি আপন মঙ্গল
১১ দায়ক কথা প্রত্যক্ষ করিব। কেননা যিহুহা কহেন
আমি তোমারদের প্রতিকর্ত্তা আপন মনঃসঙ্কল্প জানি
অর্থাৎ তোমারদিগের ইষ্ট শেষ তোমারদিগকে
দিতে মঙ্গল বিষয়ক মানস এবং অমঙ্গলকারী মানস
১২ নয়। তখন তোমরা আমাকে আহ্বান করিবা এবং
যাইয়া আমার কাছে প্রার্থনা করিবা এবং আমি
১৩ তোমারদের কথা শুনিব। এবং যখন তোমারদের
সর্ব্বান্তঃকরণের সহিত আমার বিষয়ে জিজ্ঞাসা কর
১৪ তখন তোমরা আমাকে চেষ্টা করিয়া পাইবা। এবং
যিহুহা কহেন আমি তোমারদের কর্ত্তৃক পাওয়া যাইব
এবং তোমারদের দাসত্ব থাকা ফিরাইব এবং তোমার
দিগকে সকল দেশীয় লোকেরদের হইতে এবং যে
সকল স্থানে আমি তোমারদিগকে তাড়িয়া দিয়াছি সে
সকল স্থান হইতে তোমারদিগকে একত্র করিব এবং
তোমারদিগকে যে স্থানহইতে লইয়া অন্যদেশে
দাসত্বগ্রস্ত করিয়াছি সে স্থানে আমি তোমারদিগকে
১৫ পুনর্ব্বার আনিব। তোমরা কহিয়াছ যিহুহা বাবেলে
আমারদের জন্যে ভবিষ্যদ্বক্তারদিগকে উৎপন্ন করি
১৬ য়াছেন সেই কারণ যে রাজা দাউদের সিংহাসনের

Digitized by Google

উপরে বসে তাহার বিষয়ে এবং এ নগরে বাস করে
যে সকল লোকেরা তাহারদেরও বিষয়ে এবং
তোমারদের সহিত দাসত্বে না গিয়াছে যে তোমার
দের ভ্রাতারা তাহারদেরও বিষয়ে য়িহুহা এ যে কথা
১৭ কহেন তাহা জান। সৈন্যার য়িহুহা এ কথা কহেন
যে আমি তলোয়ারু ও আকাল ও মড়ক তাহারদের
উপরে পাঠাইব এবং যে ডুমুর অতি মন্দ
হওয়াতে খাওয়া যায় না এমত ডুমুর ফলের ন্যায়
১৮ আমি তাহারদিগকে করিব। এবং য়িহুহা কহেন
আমি প্রত্যুষে উত্থান করত ও প্রেরণ করত আপন
ভবিষ্যদ্বক্তৃদাসের দ্বারা করিয়া আপন যে বাক্য
তাহারদের কাছে পাঠাইলাম বিন্তু য়িহুহা কহেন
তোমরা শুনিলা না সে আমার বাক্য তাহারা
১৯ শ্রবণ করে নাই সেই কারণে তলোয়ার ও আকাল
ও মড়ক দ্বারা আমি তাহারদিগকে তাড়াইব এবং যে
সকল দেশে আমি তাহারদিগকে খেদাইয়াছি সে
সকল দেশে অভিশাপ ও চমৎকারী বস্তু ও শাপ
দেওয়া ও আহ্বানের বিষয় হওনের জন্য আমি পৃথিবীর
সকল দেশে দূরীকৃত হবার জন্যে তাহারদিগকে
২০ সমর্পণ করিব। অতএব আমি যাহারদিগকে
য়িরোশালমহইতে বাবেলে পাঠাইয়াছি এমন অন্য
দেশে দাসত্বগ্রস্ত যে তোমরা য়িহুহার কথা শুন হে।
তোমারদের প্রতি আমার নামে মিথ্যা ভবিষ্যদ্বাক্য
প্রকাশ করে যে কোলয়ার আখাব পুত্র ও মাসেয়ের
পুত্র সিদকীয়াহা পুত্র তাহারদের বিষয়ে সৈন্যের

Digitized by Google

যিহুহা যিশ্রায়েলের ঈশ্বর এ কথা কহেন দেখ আমি
বাবেলের নবূখদ্‌নেজার রাজার হাতে তাহারদিগকে
সমর্পণ করিব এবং তোমারদের সাক্ষাতে সে
২২ তাহারদিগকে বধ করিবে। এবং বাবেলে থাকে
য়িহূদীয় যত অন্যদেশে দাসত্ব পুরুষ তাহারদের
কর্ত্তৃক এ শাপ বাক্য গৃহীত হবে বাবেলের রাজা
অগ্নিতে বধার্থ দগ্ধ করিল যে সিদিকীয় ও আহাব
২৩ যিহুহা তোমাকে তাহারদের মত করুন। কেননা
তাহারা যিশ্রায়েলে কুক্রিয়া করিয়াছে এবং আপনার
দের প্রতিবাসিরদের স্ত্রীরদের সঙ্গে পরদার করিয়াছে
এবং আমি যাহা তাহারদিগকে আজ্ঞা করিলাম না
এমন মিথ্যা কথা আমার নামে কহিয়াছে যিহুহা
২৪ কহেন আমি জানি এবং সাক্ষী হই। নেহেলামীয়
২৫ শময়িয়াহকেও এ কথা কহ সৈন্যের যিহুহা যিশ্রা
য়েলের ঈশ্বর এ কথা কহেন তুমি আপন নামে যিরোশা
লমস্থ সকল লোকেরদের প্রতি ও মাসেয়াহের যাজকের
সফনীয় পুত্রের ও সকল যাজকেরদের প্রতি এ পত্র
২৬ পাঠাইয়াছ যে প্রত্যেক জন পাগল আছে ও আপনাকে
ভবিষ্যদ্বক্তা করে তুমি তাহাকে কারাগারে ও হাড়ে
বান্ধিবা এই নিমিত্তে যে তোমরা যিহুহার মন্দিরের পদস্থ
হও এই কারণ যিহোয়াদা যাজকের বদলে যিহুহ
২৭ তোমাকে যাজক করিয়াছেন অতএব আপনাকে
তোমারদের প্রতি ভবিষ্যদ্বক্তা করে যে অনথোতীয়
যিরমীয়াহ তুমি কেন তাহাকে অনুযোগ কর নাই?
২৮ কেননা এ বিদেশে নিবাস চির কাল হবে অতএব ঘর

Digitized by Google

গাঁথ ও তাহাতে বাস কর এবং বাগান বপ এবং
তাহার ফল খাও এ কথা কহিতে সে আমারদের
২৯ নিকটে বাবেলে পত্র পাঠাইয়াছে। পরে সফনীহা
যাজক যিরমীহা ভবিষ্যদ্বক্তার কর্ণ গোচরে এ পত্র
পাঠ করিল।—
৩০ তখন যিহ্বহোর এ কথা যিরমীহার কাছে প্রকাশিত
৩১ হইল। অন্য দেশে দাসত্ব প্রাপ্ত লোকেরদের কাছে
এ কথা পাঠাও নহেলমীয় শময়াইহার বিষয়ে যিহ্বহা
এ কথা কহেন শময়াইহা তোমারদের নিকটে
ভবিষ্যদ্বাক্য কহিয়াছে তথাচ আমি তাহাকে পাঠাই
নাই এবং সে তোমারদিগকে মিথ্যা কথাতে প্রত্যয়
৩২ করাইয়াছে অতএব যিহ্বহা এ কথা কহেন দেখ
আমি নহেলমীয় শময়াইহাকে ও তাহার বংশকে
দণ্ড দিব আপন লোকেরদের মধ্যে তাহার এক জন
ও থাকিবে না যিহ্বহা কহেন সে যিহ্বহার বিরুদ্ধে
প্রস্তুত ক্রিয়া শিক্ষা করিল এই কারণে আমি আপন
লোকেরদের জন্যে যে মঙ্গল করিব তাহা সে
দেখিবে না।

পর্ব্ব ৩০

যিহ্বহাহইতে যিরমীহার কাছে যে বাক্য আইল
সে এই। যিহ্বহা যিশরালের ঈশ্বর এ কথা
কহেন যে সকল বাক্য আমি তোমাকে কহিয়াছি সে
২ কথা এক পুস্তকে লেখ। কেননা যিহ্বহা কহেন
যাহাতে আমি আপন যিশরাল ও যুহোদা লোকেরদের
অন্য দেশে দাসত্ব প্রাপ্ত পুত্রেরদিগকে পুনর্ব্বার আনিব
এবং যে দেশ আমি তাহারদের পিতৃলোকেরদিগকে

Digitized by Google

দিলাম তাহাতে তাহারদিগকে ফিরাইয়া আনিব এবং
তাহারা তাহা অধিকার করিবে যিহুহা কহেন এমন
সময় আসিতেছে।—
৪ যিশরাল ও যুহোদার বিষয়ে যিহুহা যে কথা কহি
৫ লেন সে এই। কেননা যিহুহা এ কথা কহেন
আমরা কম্পনের শব্দ অর্থাৎ ভয়ের শব্দ শুনিয়াছি
৬ এবং শান্তির শব্দ নয়। এখন জিজ্ঞাসা কর
এবং দেখ পুরুষের প্রসব বাধা কি হয়? প্রসব কালে
যেমন স্ত্রী লোকের তেমনি আমি প্রত্যেক জনকে কমরে
হস্ত দেওয়া কেন দেখি? এবং সকল মুখ শুষ্ককল্প
৭ হইয়াছে। হায় কেননা সে দিন এমন বড় যে
তাহার মত আর কোন দিন নাই সে যাঁকুবের দুঃখেরি
৮ কাল কিন্তু সে তাহাহইতে নিস্তারিত হইবে। কেননা
সৈন্যের যিহুহা এ কথা কহেন আমি সে দিনে তাহার
যোঁয়াল তোমার গলাহইতে ভাঙ্গিব এবং বন্ধন ছিড়িব
এবং বিদেশীরা তাহার দ্বারা আপনারদের সেবা
৯ আর করিবে না। কিন্তু তাহারা আপনারদের
ঈশ্বর যিহুহার এবং যাহাকে আমি তাহারদের কারণ
উৎপন্ন করিব এমন যে তাহারদের দাঊদ রাজা
তাহারো সেবা করিবে।—
১০ যিহুহা কহেন অতএব হে আমার যাঁকুব দাস ভয়
করিও না এবং হে যিশরাল ভয়াপন্ন হইও না কেননা
দেখ দূরহইতে আমি তোমাকে এবং তাহারদের
দাসত্বগ্রস্ত হওয়া দেশহইতে তোমার সন্তানের
দিগকেও ত্রাণ করিব এবং যাঁকুব ফিরিয়া আসিবে

Digitized by Google

এবং আরামে ও শান্তিতে থাকিবে এবং কেহ তাহাকে
১১ ভীত করিবে না। কেননা যিহুহা কহেন তোমাকে
ত্রাণ করিবার কারণ আমি তোমার সঙ্গে আছি যে
সকল দেশে আমি তোমারদিগকে ছড়াইয়াছি সে
সকল দেশীয় লোকেরদের সম্পূর্ণ শেষ যদি আমি
করি তথাপি আমি তোমার সম্পূর্ণ শেষ করিব না।
কিন্তু তোমাকে পরিমাণের মত শাস্তি দিব আমি
১২ তোমাকে অদণ্ডিত করিয়া ছাড়িব না। কেননা যিহুহা
এ কথা কহেন তোমার ঘায়ল অপ্রতিকার্য্য ও তোমার
১৩ ঘা মহা দুঃখ দায়ক। তোমার ঘা যে বান্ধা
যাবে এ বিষয়ে যে তোমার কারণ কথা কহিবে এমন কেহ
১৪ নয় তোমার সুস্থ করিবার ঔষধীও নাই। তোমার সকল
প্রেমকারিরা তোমাকে বিস্মৃত হইয়াছে তাহারা তোমাকে
চেষ্টা করে না। কেননা শত্রুকর্ত্তৃক হনন করাতে
আমি তোমাকে হনন করিয়াছি তোমার পাপ বাড়ি
য়াছে এই কারণ তোমার পাপের বাহুল্য প্রযুক্ত
আমি নির্দ্দয় লোককর্ত্তৃক শাস্তিতে তোমাকে শাস্তি
১৫ দিয়াছি। তোমার দুঃখের বিষয়ে কেন এমত
চেঁচাও তোমার কুক্রিয়া প্রযুক্ত তোমার শোক অশম
নীয় আছে তোমার পাপ বাড়িয়াছে এই জন্যে আমি
১৬ এ সকল ক্রিয়া তোমার প্রতি করিয়াছি। সে কারণ
যাহারা তোমাকে খাইয়া ফেলে তাহারা সকলে খাইয়া
ফেলা যাবে এবং তোমার শত্রুরদের প্রত্যেক জন
বিদেশে দাসত্বে যাবে। যাহারা তোমাকে লুটিয়া
লয় তাহারা লুটা বস্তু হবে এবং যাহারা তোমাকে

Digitized by Google

নষ্ট করে তাহারদিগকে আমি নষ্ট হইতে দিব।
১৭ কেননা যিহুহা কহেন আমি তোমাকে পুনর্ব্বার স্বাস্থ্য
দিব এবং তোমার ঘা ভাল করিব কেননা যাহার চেষ্টা
কেহ করে না এমন যে সীয়োন সে এই এই কথা
কহিয়া তাহারা তোমাকে বহিষ্কৃত নামেতে খ্যাত
করিল।—
১৮ যিহুহা এ কথা কহেন দেখ আমি যাকুবের তাম্বুর
দের অন্য দেশ গমনতা ফিরাইব এবং তাহার নিবাস
স্থানেরদের উপরে দয়া করিব এবং নগর আপন
কাঁদাড়ার উপরে গাঁথান যাবে এবং রাজপুরী আপন
১৯ পূর্ব্ব মত থাকিবে। এবং তাহারদের মধ্যহইতে ধন্য
বাদ এবং আনন্দকারি লোকেরদের শব্দ নির্গত
হইবে এবং আমি তাহারদিগকে বাড়াইব তাহাতে
তাহারা অল্প হইবে না এবং আমি তাহারদিগকে
গৌরবযুক্ত করিব তাহাতে তাহারা ক্ষুদ্র হইবে না।
২০ তাহারদের বালকেরা পূর্ব্ব কালের মতও হইবে
এবং তাহারদের মণ্ডলী আমার সম্মুখে স্থির করা
যাইবে এবং যাহারা তাহারদের উপদ্রব করে তাহার
২১ দিগকে আমি শাস্তি দিব। তাহারদের মহা
পুরুষ তাহারদের মধ্যহইতে হইবে এবং তাহার
দের কর্ত্তা তাহারদেরহইতে উৎপন্ন হইবে এবং
আমি তাহাকে আমার নিকটে আগমন করাইব
এবং সে আমার নিকটে আসিবে কেননা আমার
নিকটে আসিতে আপন মন প্রস্তুত করে যে এই যিহুহা
২২ কহেন সে কে? এবং তোমরা আমার লোক হইবা
এবং আমি তোমারদের ঈশ্বর হইব।—

Digitized by Google

২৩ দেখ যিহুহার ঘূর্ণ বায়ু যাহা ক্রুদ্ধ হইয়া বাহিরে
যায় অর্থাৎ নিত্য ঘূর্ণ বায়ু সে ব্যথা করত দুষ্টের
২৪ দের মাথায় পড়িবে। যিহুহা যে পর্য্যন্ত তাহা না
করেন এবং আপন অন্তঃকরণের মানস সম্পূর্ণ না
করেন সে পর্য্যন্ত তাঁহার জ্বলন্ত কোপ ফিরিবে না শেষ
কালে তোমরা তাহা চাওরাইবা।

পর্ব্ব ৩১
যিহুহা কহেন সে কালে আমি যিশরালের সকল
বংশের ঈশ্বর হইব এবং তাহারা আমার লোক
২ হইবে। যিহুহা এ কথা কহেন তলোয়ারেতে অব
শিষ্ট লোকেরা অরণ্যেতে কৃপা পাইল অর্থাৎ যিশরাল
যে কালে আমি তাহাকে আরাম দিতে গেলাম।
৩ যিহুহা পূর্ব্বাবধি আমার কাছে দেখা দিলেন আমি
অবশ্য নিত্য প্রেমেতে তোমাকে প্রেম করিয়াছি তন্নি
মিত্তে আমি দয়াতে তোমাকে আকর্ষিত করিয়াছি।
৪ হে যিশরালের কন্যা * আমি পুনর্ব্বার তোমাকে গা
থিব এবং তুমি গাঁথান যাইবা তুমি আপন তবলেতে
আরবার বিভূষিত হইবা এবং আনন্দকারী লোকের
৫ দের নৃত্যেতে প্রস্থান করিবা। তুমি এখনও
শমরোনের পর্ব্বতের উপরে দ্রাক্ষা লতা রুপিবা রোপণ
কর্ত্তারা রুপিবে এবং সে ফল সামান্য বস্তুর মত
৬ খাইবে। কেননা ওঠ আমরা আপন ঈশ্বর যিহুহার
নিকটে সীয়নে যাই আফ্রিম পর্ব্বতের উপরিস্থ চৌকি
দারিরা যাহাতে এ কথা কহিয়া ডাকে এমন দিন হবে।

* অর্থাৎ যিরোশলম।



Digitized by Google

৭ কেননা যিহুহা এ কথা কহেন যাকুবের কারণ আনন্দেতে
গান কর এবং অন্যদেশীয় লোকেরদের প্রধানেরদের
মধ্যে উচ্চৈঃস্বরে শব্দ কর ঘোষণা কর স্তুতি কর
কহ হে যিহুহা আপন লোকেরদিগকে অর্থাৎ যিশ
৮ রালের অবশিষ্ট লোকেরদিগকে ত্রাণ কর। দেখ
আমি তাহারদিগকে উত্তর দেশহইতে আনিব এবং
পৃথিবীর সীমাহইতে একত্র করিব এবং তাহারদের
সঙ্গে অন্ধ খোঁড়া গর্ব্ভবতী ও প্রসূতা স্ত্রী অর্থাৎ অতি
৯ বড় জনতা এখানে একত্র ফিরিয়া আসিবে। তাহারা
ক্রন্দন করিতেং আসিবে এবং প্রার্থনা করিতে তাহার
দিগকে আমি পথ দেখাইব তাহারা যাহাতে উচোট
খাইবে না এমন সোজা পথে আমি ও জল নদীর নিকটে
তাহারদিগকে গতি করাইব কেননা আমি যিশরালের
প্রতি পিতা এবং আফ্রিম আমার প্রথম জাত পুত্র।—
১০ হে অন্য দেশীয়েরা তোমরা যিহুহার কথা শুন
এবং দূরস্থ উপদ্বীপে তাহা প্রকাশ কর এবং কহ
যিনি যিশরালকে ছড়াইলেন তিনি তাহাকে একত্র
করিবেন এবং রক্ষক আপন পালকে যেমন করে
১১ তেমন তাহাকে রক্ষা করিবেন। কেননা যিহুহা
যাকুবকে মুক্ত করিয়াছেন এবং তাহাহইতে বলবান
যে জন তাহার হাতহইতে তাহাকে মুক্ত করিয়াছেন।
১২ অতএব তাহারা আসিবে এবং সীয়োনের শৃঙ্গে গান
করিবে এবং গোম ও দ্রাক্ষা রস ও তৈল এবং মেষ
ও গরুর পালের দাতারদের জন্যে যিহুহার দাতৃত্বের
কাছে বহিয়া একত্র হইবে এবং তাহারদের মন সুসিক্ত

Digitized by Google

উদ্যানের মত হইবে এবং তাহারা আর শোক
১২ করিবে না। তখন কন্যারা এবং যুবা ও বৃদ্ধ লোকেরা
একত্র হইয়া নৃত্যেতে আনন্দ করিবে কেননা আমি
তাহারদের শোককে আনন্দ করিব এবং তাহারদিগকে
সান্ত্বনা করিব এবং তাহারদের শোক ত্যক্ত হইলে
১৪ তাহারদিগকে আনন্দিত করিব। যিহোবা কহেন আমি
তৈলময়তাতে যাজকেরদের প্রাণ স্নিগ্ধ করিব এবং
আমার লোকেরা আমার দাতৃত্বেতে সন্তুষ্ট হইবে।
১৫ যিহোবা এই কথা কহেন রামায় এক শব্দ শুনা গেল
বিলাপ ও তিক্ত ক্রন্দন রাহেল আপন বালকেরদের
জন্য ক্রন্দন করত আপন বালকেরদের বিষয়ে সান্ত্বিত
১৬ হইতে অস্বীকার করিল কেননা তাহারা নয়। যিহোবা
এই কথা কহেন তোমার রব ক্রন্দনহইতে ও তোমার
চক্ষু অশ্রুহইতে নিবর্ত্ত কর কেননা যিহোবা কহেন
তোমার কর্ম্ম সফল হইবে এবং তাহারা শত্রুর দেশ
১৭ হইতে পুনর্ব্বার আসিবে। যিহোবা কহেন তোমার
সন্তানেরা আপনারদের সীমায় যে আসিবে এমন
ভরসা তোমার শেষ দশায় আছে।—
১৮ তুমি আমাকে শাস্তি দিয়াছ এবং আমি অশি
ক্ষিত বলদের ন্যায় শাস্তিপ্রাপ্ত ছিলাম আমাকে
ফিরাও তাহাতে আমি পরাবৃত্ত হইব কেননা তুমি
১৯ যিহোবা আমার ঈশ্বর। আমি পরাবৃত্ত হইয়া
পরামর্শ করিলাম এবং উপদিষ্ট হইয়া উরু প্রহার
করিলাম আমি আপন যৌবনাবস্থার অপমানেতে প্রাপ্ত
হইলাম এই নিমিত্তে লজ্জিত এবং ঘবরাও ছিলাম

Digitized by Google

এই কথা কহিয়া আপন বিষয়ে বিলাপ করিতে আফ্রি
২০ মকে আমি অবশ্য শুনিয়াছি। আফ্রিম কি আমার
প্রিয় পুত্র? সে কি তুষ্টিকর বালক? কেননা আমার
তাহার বিপরীতে কথা কহনের পরে আমি যত্নে
তাহাকে স্মরণ করি সে কারণ আমার নাড়িভূড়ি
তাহার বিষয়ে ব্যাকুল আছে য়িহুহা কহেন আমি
২১ অবশ্য তাহাকে দয়া করিব। পথচিহ্ন উঠাও ও স্তম্ভ
চিপি আপনার কারণ কর রাজ পথের প্রতি অর্থাৎ
যে পথ দিয়া তুমি গিয়াছিলা তাহাতে মনোযোগ কর
হে য়িশরালের কন্যা তুমি ফিরিয়া আইস আপন এই
নগরে ফিরিয়া আইস।—
২২ হে পিছলিয়া পড়া কন্যা তুমি কত কাল ভ্রমণ করিবা
কেননা য়িহুহা পৃথিবীতে নূতন এক বিষয় সৃষ্টি করিয়া
২৩ ছেন স্ত্রী মহাপুরুষকে বেষ্টন করিবে। সৈন্যের য়িহুহা
য়িশরালের ঈশ্বর এ কথা কহেন যখন আমি তাহার
দের অন্যদেশে দাসত্ব ফিরাই তখন হে ধর্ম্মের
নিবাস হে পুণ্যের পর্ব্বত য়িহুহা তোমাকে বরপ্রাপ্ত
করুন এই কথা তাহারা য়িহোদা দেশে ও তাহার নগরে
২৪ কহিবে। এবং স্বয়ং য়িহোদাতে ও তাহার সকল
২৫ নগরে কৃষকেরা ও মেষপাল চারিরা একত্র বসতি করি
বে। কেননা আমি ক্লান্ত প্রাণিকে তৃপ্ত করিয়াছি এবং
২৬ প্রত্যেক দুঃখী প্রাণিকে আপ্যায়িত করিয়াছি। তাহাতে
আমি জাগিলাম ও দেখিলাম এবং আমার নিদ্রা
২৭ আমাকে সুখদায়িনী ছিল। য়িহুহা কহেন আমি
যাহাতে মনুষ্যের বীজেতে ও পশুর বীজেতে য়িশরা

Digitized by Google

লের বংশ ও য়িহোদার বংশ বুনিব এমন কাল
২৮ আসিতেছে। এবং য়িহোহা কহেন উচিত হইবে যেমন
উপাড়াইতে ও ভাঙ্গিয়া ফেলিতে ও অধঃপতন করিতে
ও নষ্ট করিতে ও দুঃখ দিতে তাহারদের উপরে আমি
চৌকি রাখিলাম তেমনি গাঁথাইতে ও রুপিতে আমি
২৯ তাহারদের উপরে চৌকি দিব। পিতারা চুকা দ্রাক্ষা
ফল খাইয়াছে তাহাতে সন্তানেরদের দন্ত চুকা হই
য়াছে সে কালে তাহারা এ কথা আর কহিবে না।
৩০ কিন্তু প্রত্যেক জন আপন পাপ হেতু মরিবে যে প্রত্যেক
জন টক দ্রাক্ষা ফল খায় তাহার দন্ত টক হইবে।
৩১ য়িহোহা কহেন যাহাতে আমি য়িশরায়েলের ও য়িহো
দার বংশের সহিত নূতন এক বন্দোবস্ত করিব এমন
৩২ দিন আসিতেছে। য়িহোহা কহেন আমি তাহারদের
পিতৃলোকেরদের প্রতি স্বামী [illegible] ছিলাম তথাপি
তাহারা আমার বন্দোবস্ত ভাঙ্গিল কিন্তু তাহারদিগকে
মিসর হইতে বাহির করিতে যে দিনে আমি তাহারদের
হাত ধরিলাম সে দিনে তাহারদের পিতৃলোকেরদের
সহিত আমি যে বন্দোবস্ত করিলাম সে বন্দো
৩৩ বস্তের মত নয়। কিন্তু য়িশরায়েলের বংশের সহিত
আমি যে বন্দোবস্ত করিব সে এই য়িহোহা কহেন সে
কালের পরে আমি আপন শাস্ত্র তাহারদের অন্তঃ
করণে থুইব এবং তাহারদের মনে লিখিব এবং
আমি তাহারদের ঈশ্বর হইব এবং তাহারা আমার
৩৪ লোক হবে। য়িহোহাকে জান এই কথা কহিয়া
তাহারা প্রত্যেক জন আপন২ ভাইকে ও প্রত্যেক জন

Digitized by Google

আপনং পড়সীকে আর শিক্ষা করাইবে না কেননা
য়িহুহ্যা কহেন আমারদের সাধারণ সকলে আমাকে
জানিবে কেননা তাহারদের অধর্ম্ম আমি মাফ করিব
এবং তাহারদের পাপ আর স্মরণ করিব না।—
৩৫ দিনে আলো দিবার কারণ সূর্য্য এবং রাত্রিতে
আলো দিবার কারণ চন্দ্র ও তারার ব্যবস্থা করিয়াছেন
ও ঢেওতে গর্জ্জন করিয়া সমুদ্রকে আলোড়ন
করেন যিনি অর্থাৎ সৈন্যের য়িহুহ্যা নামেতে
৩৬ খ্যাত যে য়িহুহ্যা তিনি এ কথা কহেন। য়িহুহ্যা
কহেন যদি এ ব্যবস্থা আমাহইতে যায় তবে য়িশরা
লের বংশ এক দেশের লোক সমূহ হওয়াহইতে
৩৭ নিত্য বিরত হইবে। য়িহুহ্যা এ কথা কহেন ওপ
রিস্থ স্বর্গ যদি পরিমাপিত হইতে পারে এবং অধঃস্থ
পৃথিবীর ভিত যদি নিশ্চয় জ্ঞাত হইতে পারে য়িহুহ্যা
কহেন তবে য়িশ্রালের বংশ যে সকল ক্রিয়া
করিয়াছে তাহাতে আমি তাহা ত্যাগ করিব।—
৩৮ য়িহুহ্যা কহেন যাহাতে হননালের গড়হইতে
কোনার দ্বার পর্য্যন্ত নগর য়িহুহ্যার উদ্দেশে গাঁথা
৩৯ যাবে এমন কাল আসিতেছে। এবং তাহার সম্মুখে
মাপের দড়ি গারেব পর্ব্বতের ওপরে ফেলান যাবে ও
৪০ ঘুরিয়া গোআত পর্য্যন্ত স্পর্শ করিবে। এবং শবের
ও ছাইর সমুদায় মাঠ এবং কিদ্রোণ নদী পর্য্যন্ত ও
ক্ষেত্র এবং পূর্ব্বদিগে ঘোড়ার দ্বারের কোণ পর্য্যন্ত
য়িহুহ্যার জন্যে পবিত্র হবে তাহা কখন আর ওপড়ান
যাবে না ও ভাঙ্গিয়া ফেলা যাবে না।—

Digitized by Google

## ৩২ দ্বাত্রিংশত্তি পর্ব্ব যিরমীহার ভবিষ্যদ্বাক্য।

পর্ব্ব ৩২ য়িহোদার সিদকীহার দশম বৎসরে অর্থাৎ নবক
দরাসেরের অষ্টাদশ বৎসরে যে বাক্য য়িহুহাহইতে
২ যিরমীহার কাছে আইল সে এই। কেননা সে সময়ে
বাবেলের রাজার সৈন্য যিরোশলম অবরোধ করিল
এবং যে কারাগার য়িহোদার রাজার ঘরে থাকে সে
৩ কারাগারে যিরমীহা ভবিষ্যদ্বক্তা বদ্ধ ছিল। কেননা
তুমি কেন ভবিষ্যদ্বাক্য কহ এবং য়িহুহা কহেন দেখ
আমি এ নগর বাবেলের রাজার হাতে দিব এবং সে
৪ তাহা স্বাধীন করিবে এবং য়িহোদার সিদকীহা
রাজা কাশ্দীয়েরদের হাত এড়িবে না কিন্তু বাবেলের
রাজার হাতে অবশ্য সমর্পিত হইবে এবং মুখামুখী
তাহার সহিত কথা কহিবে এবং তাহার চক্ষু তাহার
৫ চক্ষুও দেখিবে। এবং সে সিদকীহাকে বাবেলে
লইয়া যাইবে এবং য়িহুহা কহেন আমার তাহাকে
দেখিতে আইসন পর্য্যন্ত সেখানে থাকিবে তোমরা
যদি কাশ্দীয়েরদের সহিত যুদ্ধ কর তবেও ভাগ্য
বান হইবা না এই২ কথাও কেন কহ এই কথা কহিয়া
য়িহোদার সিদকীহা রাজা তাহাকে বদ্ধ করিয়াছিল।
৬ এবং যিরমীহা কহিল য়িহুহার এই২ কথা আমার
৭ কাছে আইল। দেখ আমার যে ক্ষেত্র অনতোতে
আছে তাহা আপনার কারণ ক্রয় কর কেননা তাহার
ক্রয় করণাধিকার তোমার এই কথা কহিয়া তোমার
খুড়া শালুমের পুত্র খনমাল তোমার নিকটে আসি
৮ বেন। পরে য়িহুহার কথানুসারে আমার খুড়ার
খনমাল পুত্র আমার নিকটে কারাগারে আসিয়া

Digitized by Google

আমাকে এ কথা কহিলেন আমি তোমাকে মিনতি করি
বেনিয়মীন দেশের অনতোতে আমার যে ক্ষেত্র আছে তাহা
ক্রয় কর কেননা তাহার অধিকার তোমার ও মুক্ত
করণাধিকার তোমার অতএব আপনার কারণ তাহা ক্রয়
কর। তখন এই যে যিহোবার কথা ইহা আমি
৯ জানিলাম। অতএব অনতোতে যে ক্ষেত্র তাহা আমি
আপন খুড়ার খনমীল পুত্রের কাছে ক্রয় করিলাম
১০ এবং সে অর্থ অর্থাৎ সপ্তদশ শেকল রূপা তৌল
করিয়া তাহাকে দিলাম। এবং ক্রয় পত্রে হস্তাক্ষর
করিলাম ও মোহরে বদ্ধ করিলাম এবং সাক্ষীরদিগ
১১ কে সঙ্গে লইয়া নিক্তিতে সে অর্থ তৌল করিলাম।
অতএব ন্যায় ও ব্যবহারানুসারে মোহরে বদ্ধ ও খোলা
১২ থাকে যাহা এই দুই ক্রয় পত্র আমি লইলাম এবং সে
ক্রয় পত্র আমার খুড়ার খনমীল পুত্রের সাক্ষাতে এবং
যে সাক্ষিরা ক্রয় পত্রে স্বাক্ষর করিয়াছিল তাহার
দের সাক্ষাতে এবং যে সকল যিহোদীয়া কারা
গারের স্থানে বসিয়া ছিল তাহারদেরও সাক্ষাতে
মহসীহার পুত্র নরীয়ার বারুক পুত্রের হাতে দিলাম।
১৩ এবং তাহারদের সাক্ষাতে আমি এ কথা কহিয়া
১৪ বারুককে আজ্ঞা করিলাম। সৈন্যের যিহোবা
যিশরায়েলের ঈশ্বর এ কথা কহেন এ ক্রয় পত্র অর্থাৎ
মোহরেতে বদ্ধ যে ক্রয় পত্র ও খোলা এ যে ক্রয় পত্র
লও এবং তাহারা চির কাল থাকে এই কারণ মৃত্তিকার
১৫ এক পাত্রে তাহা থোও। কেননা সৈন্যের যিহোবা
যিশরায়েলের ঈশ্বর এ কথা কহেন ঘর ও ক্ষেত্র ও দ্রাক্ষা
ক্ষেত্র এ দেশে আরবার অধিকৃত হইবে।—

Digitized by Google

১৬ আমি নরীয়ের বারোক পুত্রের হাতে সে ক্রয় পত্র
সমর্পণ করিয়া যিহোবার কাছে এই প্রার্থনা করিলাম।
১৭ হায় যিহোবা পরমেশ্বর দেখ তুমি আপন মহা পরাক্রমে
ও আপন বিস্তীর্ণ বাহুতে স্বর্গের ও পৃথিবীর সৃষ্টি
১৮ করিয়াছ তোমার অসাধ্য কিছু নাই। তুমি
সহস্র২ লোকেরদের প্রতি দয়া প্রকাশ করিতেছ
এবং পিতারদের অধর্ম্ম তাহারদের পরে তাহারদের
সন্তানেরদের বক্ষঃস্থলে দিতেছ মহৎ ও পরাক্রান্ত
১৯ ঈশ্বর তাঁহার নাম সৈন্যের যিহোবা। বিচারেতে
বড় ও ক্রিয়াতে পরাক্রান্ত কেননা প্রত্যেক জনকে
আপন পথের অনুসারে ফল ও আপন ক্রিয়ার ফলের
সমুচিত দিতে তোমার চক্ষু মনুষ্যেরদের সন্তানেরদের
২০ পথের প্রতি খোলা থাকে। অদ্য পর্য্যন্ত মিসরে
ও যিশরালে এবং আর২ লোকেরদের মধ্যে চিহ্ন ও
আশ্চর্য্য ক্রিয়া স্থাপন করিয়াছ এবং আজি যেমন
২১ আছে তেমনি আপনার বড় নাম করিয়াছ এবং
চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া এবং শক্ত হাত ও বিস্তীর্ণ ভুজ
ও মহা শঙ্কাতে আপন যিশরাল লোকেরদিগকে
২২ মিসর হইতে বাহির করিয়াছ। এবং তাহারদিগকে
দিব তুমি যে দেশের বিষয়ে এ কথা কহিয়া তাহারদের
পিতৃলোকেরদের কাছে শপথ করিলা এমন যে এ
দেশ অর্থাৎ দুগ্ধ ও মধুতে আপ্লাবিত দেশ তাহা
২৩ তাহারদিগকে দিয়াছ। এবং তাহারা আসিয়া তাহা
অধিকার করিল কিন্তু তাহারা তোমার কথা মানিল



Digitized by Google

না  এবং তোমার শাস্ত্রের মত আচারও করিল না
তুমি তাহারদিগকে যে আজ্ঞা করিয়াছ তাহার কিছু
তাহারা করে নাই  অতএব এ সকল অমঙ্গল তাহার
২৪ দের উপরে আনিয়াছ এমন যে তুমি তুমি ঢিপির
দিগকে দেখ হে তাহারা এ নগর স্বাধীনে করিবার
কারণ তাহার নিকটে আসিয়াছে  এবং এ নগর
তলোয়ার ও আকাল ও মড়ক প্রযুক্ত তাহার বিপরীতে
যুদ্ধকারি কাশ্দীয়েরদের হাতে দত্ত আছে  এবং তুমি
যাহা কহিয়াছ সে প্রত্যক্ষ হইয়াছে  এবং দেখ তুমি
২৫ তাহা দেখিতেছ।  এবং হে যিহুহা পরমেশ্বর তুমি
আমাকে কহিয়াছ অর্থ দিয়া ক্ষেত্র আপনার জন্যে ক্রয়
কর এবং সাক্ষী কর তথাপি নগর কাশ্দীয়েরদের
হাতে দত্ত হইয়াছে।—
২৬ তখন যিহুহার এ বাক্য যিরমীয়ার কাছে প্রকাশ
২৭ করা গেল।  দেখ আমি যিহুহা সকল প্রাণিদের
২৮ ঈশ্বর আমার অসাধ্য কি কিছু আছে? অতএব
যিহুহা এ কথা কহেন দেখ আমি এ নগর কাশ্দীয়ে
রদের হাতে ও বাবেলের নবকদ্রাসের রাজার হাতে
২৯ দিব এবং সে তাহা স্বাধীন করিবে।  এবং এ নগ
রের বিপরীতে যুদ্ধকারি কাশ্দীয়েরা আসিবে
এবং এ নগরে অগ্নি দিবে ও যে ঘরের ছাতের উপরে
তাহারা বাআলের উদ্দেশে ধূপ উৎসর্গ করিয়াছে
এবং আমাকে ক্রুদ্ধ করিবার কারণ ইতর ঈশ্বরের
দের উদ্দেশে পানীয় নৈবেদ্য ঢালিয়াছে সে সকল ঘর
৩০ ও পোড়াইবে।  কেননা তাহারদের বালক কালাবধি

Digitized by Google

য়িস্রায়েলের সন্তানেরা ও য়িহোদার সন্তানেরা আমার
সাক্ষাতে কেবল মন্দ ক্রিয়া করিয়াছে কেননা য়িহুহো
কহেন আপনারদের হস্তকৃত ক্রিয়া দ্বারা য়িস্রায়েলের
সন্তানেরা আমাকে ক্রুদ্ধ করণ ব্যতিরেক আর কিছু
৩১ করে নাই। কেননা য়িস্রায়েলের সন্তানেরা ও য়িহোদার
সন্তানেরা অর্থাৎ তাহারা ও তাহারদের রাজারা ও
তাহারদের অধ্যক্ষেরা ও তাহারদের পুরোহিতেরা ও
তাহারদের ভবিষ্যদ্বক্তারা ও য়িহোদা লোকেরা ও
য়িরোশালম নিবাসিরা আমাকে কষ্ট করিবার কারণ যে
৩২ সকল কুক্রিয়া করিয়াছে তাহাতে আমি এ নগর আপন
সম্মুখ হইতে দূর করি এই জন্যে যে দিনে তাহারা এ
নগর গাঁথিল তদবধি আজি পর্য্যন্ত এ নগর আমার প্রতি
আমার কোপ ও প্রচণ্ড ক্রোধ প্রজ্বালন বস্তু হইয়াছে।
৩৩ এবং তাহারা আমার পানে পিঠ ফিরাইয়াছে মুখ নয়
আমি প্রত্যূষে উত্থান করত ও উপদেশ করত তাহারদিগকে
শিক্ষা করাইয়াছি তথাপি উপদেশ গ্রহণ
৩৪ করিতে তাহারা মনোযোগ করে নাই। কিন্তু যে ঘর
আমার নামেতে খ্যাত আছে তাহা অশুচি করিতে
তাহারা তাহার মধ্যে আপনারদের ঘৃণার্হ বস্তু স্থাপন
৩৫ করিয়াছে। এবং য়িহোদাকে পাপ করাইবার জন্যে
আপনারদের পুত্র কন্যারদিগকে অগ্নি পথে মলকের
উদ্দেশে গতি করাণ যে ঘৃণ্য ক্রিয়া আমি তাহারদিগকে
আজ্ঞা করিলাম না ও আমার মনেও আইল না সে
ক্রিয়া করিবার নিমিত্তে তাহারা হিন্নোমের পুত্রের
মাঠস্থ বায়ালের সিদ্ধি গাঁথিয়াছে। —

Digitized by Google

৩৬ অতএব তলোয়ারের ও আকালের ও মড়কের দ্বারা
বাবেলের রাজার হাতে দত্ত হইবে এমত যে নগরের
বিষয়ে তোমরা এ কথা কহ যিহোবা ইস্রায়েলের ঈশ্বর
৩৭ সম্প্রতি তাহার বিষয়ে এ কথা কহেন॥ দেখ আমি
আপন ক্রোধে ও প্রচণ্ড কোপে ও মহা ক্রোধে যে২ দেশে
তাহারদিগকে খেদাইয়া দিয়াছি সে সকল দেশহইতে
আমি তাহারদিগকে একত্র করিব এবং পুনর্বার
তাহারদিগকে এ স্থানে আনিয়া এবং তাহারদিগকে
৩৮ নির্ভয়ে বাস করাইব। এবং তাহারা আমার
লোক হইবে এবং আমি তাহারদের ঈশ্বর হইব।
৩৯ এবং তাহারা আপনারদের কল্যাণের ও আপনা
দের পরে আপনারদের সন্তানেরদের কল্যাণের
কারণে আমাকে নিরবধি ভয় করে এই নিমিত্তে আমি
তাহারদিগকে এক মন ও এক পথ দিব।
৪০ এবং আমি তাহারদের হইতে ফিরিয়া তাহারদের
প্রতি উপকার করিতে ক্ষান্ত হইব না কিন্তু তাহারা
আমাকে ত্যাগ না করে এই নিমিত্তে তাহারদের মনে
ভয় তাহারদের অন্তঃকরণে দিব এমত নিত্য নিয়ম
৪১ এক বজ্ঞোরক্ত তাহারদের সহিত করিব। তাহার
দের মঙ্গল করিতে আমি তাহারদের বিষয়ে আনন্দ
করিব এবং আপন সকল অন্তঃকরণের ও মনের
সহিত আমি অবশ্য তাহারদিগকে এ দেশে রোপিব
৪২ কেননা যিহোবা এই কথা কহেন আমি যেমন এ
লোকেরদের উপরে এ সকল বড় অমঙ্গল আনিয়াছি
তেমনি ও যে সকল মঙ্গল আমি তাহারদের কাছে

Digitized by Google

প্রতিজ্ঞা করিয়াছি তাহা তাহারদের উপরে আনিব।
৪৩ এবং যে মনুষ্য ও পশুহীন ওজাড় সে কাল্দীয়ের
দের হাতে দত্ত এ যে দেশের বিষয়ে তোমরা এই কথা
৪৪ কহ তাহার মধ্যে ভূমি আরবার কেনা যাবে। য়িহুদা
কহেন বেনিয়মন দেশে ও য়িরূশালমের চতুর্দিগস্থ
স্থানে ও য়িহোদার নগরে ও পর্ব্বতস্থ নগরে ও মাঠস্থ
নগরে ও দাক্ষিণাত্য নগরে লোকেরা অর্থেতে ভূমি
কিনিবে ও ক্রয় পত্র দস্তখৎ করিবে ও মোহরে ছাপাইবে
ও সাক্ষিরদিগকে লইবে; কেননা তাহারদের
অন্য দেশে দাসত্ব গৃহস্থেরদিগকে আমি ফিরিয়া
আনিব।

পর্ব্ব যে সময়ে য়িরমীয়া বারাগারের আঙিনায় বদ্ধ
৩৩ থাকিল সে সময়ে য়িহুদার এ বাক্য দ্বিতীয় বার তাহার
২ কাছে প্রকাশ করা গেল। তাহার সৃষ্টিকর্ত্তা য়িহুদা
তাহা স্থির করিবার কারণ তাহার নির্ম্মাণ করিলেন যে
য়িহুদা তিনি এ কথা কহেন য়িহুদা তাঁহার নাম।
৩ আমার প্রতি প্রার্থনা কর ... এবং আমি তোমাকে
প্রত্যুত্তর করিব এবং তুমি যাহা জান নাই এমন বড়
ও পরাক্রমেতে সিদ্ধ ক্রিয়া তোমাকে দেখাইব।
৪ কেননা ঢিবিতে ও তলোয়ারেতে কাঁপতা হইয়া গিয়াছে
যে এ নগরের ঘর ও য়িহোদার রাজারদের ঘর ইহার
বিষয়ে য়িহুদা য়িশরালের ঈশ্বর এ কথা কহেন।
৫ তাহারা কাল্দীয়েরদের সহিত যুদ্ধ করিতে আইসে
বটে কিন্তু যে মনুষ্যেরদিগকে আমি আপন ক্রোধ ও
প্রচণ্ড কোপে হত্ত করিয়াছি ও যাহারদের সকল

Digitized by Google

শাপেতে আমি আপন মুখ এ নগর হইতে লুকাইয়াছি
সেং লোকেরদের শবেতে তাহারদিগকে পূর্ণ করার
৬ কারণ যুদ্ধ করিতে আইসে। দেখ আমি স্বাস্থ্য ও
আরাম তাহাতে দিব এবং তাহারদিগকে সুস্থ করিব
এবং শান্তির ও সত্যতার বাহুল্য আমি তাহারদের
৭ কাছে প্রকাশ করিব। এবং য়াহোদার ও য়িশরায়েলের
অন্য দেশে দাসত্ব আমি ফিরাইব এবং প্রথমের মত
৮ তাহারদিগকে গাঁথিবা এবং তাহারা যাহার দ্বারা
আমার বিরুদ্ধে পাপ করিয়াছে এই তাহারদের সকল
অপরাধী তাহাহইতে আমি তাহারদিগকে পরিষ্কৃত
করিব এবং তাহারা যদ্দারা পাপ করিয়াছে ও যদ্দারা
আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছে সে তাহারদের সকল
৯ অপরাধ আমি ক্ষমা করিব। এবং আমি তাহারদের
যে কল্যাণ করিব পৃথিবীর যে সকল দেশীয় লোকেরা
তাহার বিষয়ক কথা শুনিবে তাহারদের গোচরে ইহা
আমার আনন্দকারী নাম ও স্তবা বিষয় ও সম্ভ্রম
হইবে এবং আমি তাহার জন্যে যে মঙ্গল ও সৌভাগ্য
তাহাকে পাওয়াইব তাহার বিষয়ে তাহারা ভয়
করিবে ও কাঁপিবে।

১০ য়িহহা এ কথা কহেন তোমরা যাহা মনুষ্য পশুহীন
বল এমন যে এ স্থান অর্থাৎ মানুষ ও নিবাসি ও
পশুহীন যে য়হোদার নগরেরা ও য়িরোশলমের রাস্তা
১১ তাহার মধ্যে আনন্দ শব্দ ও হর্ষ শব্দ বরের শব্দ ও
কন্যার শব্দ সৈন্যের য়িহহার স্তুতি কর কেননা
য়িহহা উত্তম কেননা তাহার ক্ষমা নিত্য এই কথা

Digitized by Google

করিবে যাহারা তাহাদের জন্য শব্দ এবং যাহারা য়িহোবার
মন্দিরে স্তুতিরূপ নৈবেদ্য আনে তাহারদেরও শব্দ
শুনা যাবে কেননা য়িহোহা কহেন প্রথমে যেমন ছিল
তেমনি এ দেশের বন্দি দেশে বাসস্থ ফিরাইয়া আনি
১২ করিব। সৈন্যের য়িহোহা এ কথা কহেন যাহা
পশুহীন মনুষ্য যে এ স্থান তাহাতে ও তাহার সকল
নগরে আরবার পালের শয়নকারী মেষ পালকের
১৩ দের নিবাস হইবে। য়িহোহা কহেন পর্ব্বতীয় নগরে
ও মাঠস্থ নগরে ও দাক্ষিণাত্য নগরে ও বেনিয়ামিন দেশে
ও য়িরোশালমের চতুর্দ্দিগস্থ স্থানে ও য়িহোদা নগরে
পালেরা পালগণনকারকের হাতের কাছে যাবে।
১৪ য়িহোহা কহেন দেখ সে কাল আসিতেছে যাহাতে
আমি যে মঙ্গল য়িশরালের বংশের ও য়িহোদার
বংশের কাছে প্রতিজ্ঞা করিয়াছি তাহা প্রত্যক্ষ করিব।
১৫ সে দিনে ও সে কালে আমি দাঙদের বংশে ধর্ম্ম
রূপ শাখা বাড়াইব এবং তিনি দেশে ন্যায় ও ধর্ম্ম
১৬ পালন করিবেন। সে দিনে য়িহোদা ত্রাণপ্রাপ্ত
হইবে ও য়িরোশালম নিরাপদে বাস করিবে এবং
তিনি যে নামেতে খ্যাত হবেন সে এই য়িহোহা আমার
১৭ দের ধর্ম্ম। কেননা য়িহোহা এ কথা কহেন য়িশরা
লের সিংহাসনে বসিবার কারণ দাঙদের বংশে
১৮ মানুষের অভাব কখন হইবে না। এবং হোম
করিতে ও চরু জ্বালাইতে ও বলি নিত্য দিতে লেবীয়
যাজকের অভাবও হইবে না।
১৯ পরে য়িহোহার এই বাক্য য়িরমীয়ার কাছে আইল।

Digitized by Google

২১ [illegible] কথা কহেন আপন কালে দিবারাত্রি না হয় [illegible] আমার দিন বিষয়ক নিয়ম ও নিশা বিষয়ক নিয়ম যদি তোমরা বৃথা করিতে পার তবে আমার দাস দায়ূদ দাসের সিংহাসনে বসিতে যাহাতে তাহার পুত্র না থাকে এমত তাহার সহিত এবং লেবীয় যাজক আমার সেবকেরদের ও সহিত আমার
২২ যে নিয়ম তাহাও বৃথা করা যাইতে পারে। স্বর্গের
২৩ সৈন্য যেমন গণিত হইতে পারিবে না ও সমুদ্রের বালি যেমন মাপা যাইতে পারে না তেমনি আমি আপন দাস দায়ূদ দাসের বংশকে ও আমার সেবা করে যে লেবীয়েরা তাহারদিগকেও বাড়াইব।—
২৪ যিহোবার এ কথাও যিরমীয়ের কাছে আইল। যিহোবা যে দুই বংশকে পসন্দ করিলেন সে দুই বংশকে তিনি ত্যাগ করিয়াছেন এই কথা কহিয়া এ লোকেরা যাহা কহিয়াছে তুমি কি এ কথা বিবেচনা কর নাই? আমার লোকেরা জাতি ভেদে না থাকে এই জন্যে তাহারা ইহা কহিয়া তাহারদিগকে তুচ্ছ করিয়াছে।
২৫ যিহোবা এ কথা কহেন যদি দিবারাত্রির সহিত আমার নিয়ম না হয় এবং আমি যদি স্বর্গ ও পৃথিবীর
২৬ সকল ব্যবস্থা করি নাই তবে যাহাতে আমি আব্রহামের বংশের উপরে কর্তৃত্ব করিবার কারণ তাহার বংশের কাহাকে না লই এই প্রকারে আপন দাস দায়ূদের বংশকে ফেলিয়া দিব। কেননা আমি তাহারদের দাসত্ব গুস্তেরদিগকে ফিরাইব ও তাহারদিগকে ক্ষমা করিব।—

পর্ব্ব ৩৪ বাবেলের নবুকদ্‌রাসোর রাজা ও তাহার সকল সৈন্য
অধীন পৃথিবীর যত রাজ্য সে সকল রাজ্য ও সকল
লোক যে সময়ে য়িরোশলমের ও তাহার সকল
নগরের বিরুদ্ধে যুদ্ধ করিল সে সময়ে য়িহুহার যে
২ বাক্য য়িরমীহার কাছে আইল সে এই। য়িহুহা
য়িশরায়েলের ঈশ্বর এ কথা কহেন তুমি যাও এবং
য়িহোদার সিদকীহাকে এ কথা কহ য়িহুহা এ কথা
কহেন দেখ আমি বাবেলের রাজার হাতে এ নগর
৩ দিব. এবং সে তাহা অগ্নিতে পোড়াইবে। এবং
তুমি তাহার হাতহইতে রক্ষা পাইবা না কিন্তু অবশ্য
ধরা যাইবা ও তাহার হাতে সমর্পিত হইবা এবং
তোমার চক্ষু বাবেলের রাজার চক্ষুকে দেখিবে এবং সে
মুখামুখি তোমার সহিত কথা কহিবে এবং তুমি
৪ বাবেলে যাইবা। কিন্তু হে য়িহোদার সিদকীহা
রাজা তুমি য়িহুহার কথা শুন য়িহুহা তোমার বিষয়ে
৫ এ কথা কহেন তুমি তলোয়ারেতে মরিবা না। কিন্তু
তুমি যুদ্ধ ব্যতিরেকে মরিবা এবং তোমার পিতৃলোকেরা
অর্থাৎ তোমার পূর্ব্বে যে রাজা ছিল তাহারদের
বিষয়ে লোকেরা যেমন ধূপ পোড়াইল তদ্রূপ পোড়া
নেতে তাহারা তোমার বিষয়ে পোড়াইবে এবং হায় প্রভু
এ রবেতে তোমার বিষয়ে বিলাপ করিবে কেননা য়িহুহা
৬ কহেন আমি সে বাক্য কহিয়াছি। যখন বাবেলের
রাজার সৈন্য য়িরোশলমের ও য়িহোদার সকল অব
শিষ্ট নগরের বিরুদ্ধে যুদ্ধ করিল অর্থাৎ লখিশের



Digitized by Google

ও আজকার বিরুদ্ধে কেননা যিহোদার নগরের মধ্যে
৭ এই প্রাচীর বেষ্টিত নগর অবশিষ্ট থাকিল তখন
যিরমীহা ভবিষ্যদ্বক্তা যিরোশলমে যিহোদার সিদ
কীহা রাজাকে এ সকল কথা কহিলেন।
৮ প্রত্যেক জন আপন এব্রি এব্রাণী দাস দাসী মুক্ত
করে ও কেহ তাহারদের দ্বারা অর্থাৎ আপন যিহোদী
ভ্রাতার দ্বারা আপনাকে সেবিত না করে এই জন্য
তাহারদের কাছে মুক্তি ঘোষণা করিতে সিদকীহা
রাজা যিরোশলমের সকল লোকেরদের সহিত নিয়ম
করিলেন যে কালে তাহার পরে যে বাক্য যিহুহাহইতে
৯ যিরমীহার প্রতি আইল সে এই। প্রত্যেক জনকে
আপন দাস দাসীকে মুক্ত করিতে হয় এবং কাহা
কে তাহারদের দ্বারা আপনাকে সেবিত করিতে আর
১০ হয় না এই কথা যখন সকল অধ্যক্ষেরা এবং যেং
লোক নিয়ম করিয়াছিল সে সকলেও শুনিল তখন
তাহারা সম্মত ছিল এবং তাহারদিগকে ছাড়িল।
১১ কিন্তু তাহার পরে তাহারা ফিরিল এবং যে দাস দাসি
রদিগকে মুক্ত করিয়াছিল তাহারদিগকে ফিরাইল
এবং দাস দাসিরদের নিমিত্তে তাহারদিগকে অধীনত্ব
১২ প্রাপ্ত করিল। অতএব যিহুহার এ কথা যিহুহার
১৩ নিকটহইতে যিরমীহার কাছে আইল। যিহুহা
ইস্রায়েলের ঈশ্বর এ কথা কহেন তোমার যে এব্রি ভ্রাতা
তোমার কাছে বিক্রীত হইয়াছে তাহাকে সাত বৎস
রের অন্তে ছাড়িয়া দেও সে তোমার সেবা ছয় বৎসর
১৪ করিলে তাহাকে আপনহইতে যাইতে দেও আমি এই

Digitized by Google

কথা কহিয়া যে দিনে তোমারদের পিতৃলোকেরদিগকে
মিসর দেশহইতে অর্থাৎ দাসালয়হইতে আনিলাম
সে দিনে আমি তাহারদের সহিত এক বন্দোবস্ত
করিলাম কিন্তু তোমারদের পিতৃলোকেরা আমার
১৫ কথা শুনিল না এবং শুনিতে কর্ণ পাতিল না। এবং
এখন তোমরা পরাবৃত্ত ছিলা এবং প্রত্যেক জন আপন
প্রতিবাসির প্রতি মুক্তি ঘোষণা করাতে আমার গোচরে
যাহা প্রকৃত তাহা করিয়াছিলা এবং আমার নামে খ্যাত
যে ঘর তাহাতে আমার সম্মুখে এক বন্দোবস্ত করিয়া
১৬ ছিলা। কিন্তু তোমরা ফিরিলা এবং নিজ নাম অশুদ্ধ
করিতে যাহারদিগকে তোমরা মুক্ত করিয়াছিলা প্রত্যে
ক জন আপনং সে দাস দাসীকে পুনর্ব্বার আগ
মন করাইলা এবং আপনারদের দাস দাসী হইবার
১৭ নিমিত্তে তাহারদিগকে অধীনত্ব প্রাপ্ত করিলা। অত
এব যিহ্বহা এ কথা কহেন প্রত্যেক জন আপনং
ভ্রাতার প্রতি ও প্রত্যেক জন আপন প্রতিবাসির প্রতি
মুক্তি ঘোষণা করিতে তোমরা আমার কথা শুন নাই
যিহ্বহা কহেন দেখ আমি তোমারদের জন্যে তলো
য়ারের ও মড়কের ও আকালের কারণ মুক্তি ঘোষণা
করিব এবং তোমারদিগকে আমি পৃথিবীর সকল
১৮ দেশে স্থানান্তর যাওয়াইব। এবং যে লোকেরা
আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছে এবং যে কালে তাহারা
বাছুরকে দুইখান করিল ও তাহার খণ্ডের মধ্য দিয়া
গিতি করিল সে কালে আমার গোচরে যে বন্দোবস্ত
তাহারা করিয়াছিল সে বন্দোবস্তের বাক্য পালন না

Digitized by Google

করিয়াছে তাহারদিগকে অর্থাৎ বাছুরের খণ্ডের
১৯ মধ্য দিয়া গতি করিল যে য়িহোদার অধ্যক্ষেরা ও
য়িরোশালমের অধ্যক্ষেরা ও খোজারা ও যাজকেরা ও
২০ দেশের সকল লোকেরা তাহারদিগকে আমি তাহার
দের ও যাহারা তাহারদের প্রাণ মারিতে চাহে তাহার
দের ও তাহারদের শত্রুরদেরও হস্তগত করিব এবং
তাহারদের শব শূন্যের পক্ষিরদের ও পৃথিবীর পশুর
২১ দের ভক্ষ্য হইবে। এবং য়িহোদার সিদকীয়া রাজাকে
ও তাহার অধ্যক্ষেরদিগকে আমি তাহারদের শত্রুরদের
হাতে ও যাহারা তাহারদের প্রাণ মারিতে চেষ্টা করে
তাহারদেরও হাতে সমর্পণ করিব এবং তোমার
দের নিকটহইতে গিয়াছে যে বাবেলের রাজার সৈন্য
২২ তাহারদের হাতে। য়িহুহা কহেন দেখ আমি
আজ্ঞা করিব এবং তাহারদিগকে এ নগরে আগমন
করাইব এবং তাহারা তাহার বিরুদ্ধে যুদ্ধ করিবে ও
তাহা হস্তবশ করিবে ও অগ্নিতে পোড়াইবে এবং
আমি য়িহোদার নগর স্থানহীন ও এরাণ্য করিব।

পর্ব্ব য়িহোদার য়োশীয়া রাজার য়িহোয়াকিম পুত্রের কালে
৩৫ যে বাক্য য়িহুহাহইতে যিরমীয়ার নিকটে আইল সে
এই। তুমি রেখবীয়েরদের ঘরে যাও এবং তাহার
২ দিগকে কথা কহ এবং য়িহুহার মন্দিরে তাহার এক
কুটরিতেই তাহারদিগকে আন এবং পান করিতে
৩ তাহারদিগকে দ্রাক্ষা রস দেও। তখন আমি
হবসনীয়ার পুত্র যিরমীয়ার পুত্র য়াজনীয়াকে ও
তাহার ভ্রাতারদিগকে ও তাহার সকল পুত্রেরদিগকে

Digitized by Google

৪ ও রেকবীয় সমস্ত বংশকে লইয়া। এবং তাহার
দিগকে যিহোবার মন্দিরে আনলাম অর্থাৎ শলো
মের মতাশীয়া পুত্র দ্বারপালের কুটরির ওপরিস্থ
অধ্যক্ষেরদের কুটরির নিকটস্থ ও ঈশ্বরের মনুষ্য যে
যিগদলীয়া তাহার পুত্র হানানের কুটরিতে আনিলাম।
৫ পরে রেকবীয় বংশের পুত্রেরদের সম্মুখে আমি
দ্রাক্ষা রস পূর্ণ পাত্র ও পেয়ালা থুইলাম এবং দ্রাক্ষা
রস পান কর এই কথা তাহারদিগকে কহিলাম।
৬ কিন্তু তাহারা কহিল আমরা দ্রাক্ষা রস পান করিব না
কেননা আমারদের গোত্র রেকবের পুত্র য়োনদব
আমারদিগকে এই আজ্ঞা করিলেন তোমরা অর্থাৎ
তোমারা ও তোমারদের সন্তানেরা কখন কিছু দ্রাক্ষা
৭ রস পান করিও না। এবং তোমরা যে দেশে বিদেশী
আছ সে দেশে অনেক কাল স্থায়ী হও এই জন্যে ঘর
গাঁথিও না ও বীজ বুনিও না ও দ্রাক্ষা ক্ষেত্র করিও না
এবং তদধিকারীও হইও না কিন্তু তোমারদের সকল
৮ সময়ে তাম্বুতে বাস কর। অতএব আমারদের
গোত্র রেকবের পুত্র য়োনদব আমারদিগকে যে সকল
৯ বিষয়ে আজ্ঞা করিলেন সে সকল বিষয়ে আমরা
অর্থাৎ আমরা ও আমারদের স্ত্রী ও আমারদের
পুত্রেরা ও আমারদের কন্যারা দ্রাক্ষা রস পান না
করিতে এবং বাস করিবার ঘর না গাঁথিতে তাহার
আজ্ঞা পালন করিয়াছি এবং আমারদের দ্রাক্ষা ক্ষেত্র
১০ ও নাই এবং ক্ষেত্র কিম্বা বীজও নাই। কিন্তু আমরা
তাম্বুতে বাস করিয়া এবং আমারদের গোত্র য়োনদব

Digitized by Google

যাহাং আমারদিগকে আজ্ঞা করিলেন সে সকলের
১১ অনুসারে আমরা করিয়াছি। কিন্তু যখন বাবেলের
নবকদ্‌নেজার রাজা এ দেশে আইল এ মত হইল
আমরা কহিলাম আইস কাশ্‌দীয়েরদের সৈন্যের
ভয়েতে এবং আরামীয়েরদের সৈন্যের ভয়েতে আমরা
যিরোশালমে যাই এই জন্যে আমরা যিরোশালমে বাস
করি।
১২ তখন যিহোবার এ বাক্য যিরমীহার কাছে আইল।
১৩ সেনার যিহোবা যিশরালের ঈশ্বর এই কথা কহেন
তুমি যাও যিহোদার লোকেরদিগকে ও যিরোশালমের
নিবাসিরদিগকে এ কথা কহ যিহোবা কহেন তোমরা
কি আমার কথাতে অবধান করিবার কারণ উপদেশ
১৪ গ্রহণ করিবা না? রকবের যোনাদব পুত্র দ্রাক্ষা রস
পান না করিতে যে কথা আপন সন্তানেরদিগকে
আজ্ঞা দিলেন সে কথা পালিত হয় কেননা আজি পর্য্যন্ত
তাহারা কিছু পান করে নাই কিন্তু আপনারদের
১৫ পৈত্রের আজ্ঞা পালন করে। কিন্তু আমি প্রত্যুষে
উঠিয়া ও কথা কহিয়া তোমারদিগকে কহিয়াছি তথাচ
তোমরা আমার কথাতে অবধান কর নাই। হে
প্রত্যেক জন তোমরা এখন আপনাং কুপথহইতে ফের
এবং আপনাং আচার শোধন কর এবং তাহারদের
সেবা করিবার কারণ ইতর ঈশ্বরেরদের অনুগমন
করিও না এবং এ যে দেশ আমি তোমারদিগকে ও
তোমারদের পিতৃলোকেরদিগকে দিয়াছি সে দেশে
বাস কর এই২ কথা কহত আমি প্রত্যুষে উঠিয়া ও প্রেষণ

Digitized by Google

করত আপন সকল ভবিষ্যদ্বক্তৃসেবকেরদিগকে
তোমারদের নিকট পাঠাইয়াছি কিন্তু তোমরা শুনিতে
কর্ণ পাতাও নাই এবং অবধানও কর নাই।
১৬ রকবের পুত্র যোনদব যে আজ্ঞা আপন সন্তানেরদিগকে
দিয়াছেন সে আজ্ঞা তাঁহারা পালন করিয়াছে কিন্তু
১৭ এ লোকেরা আমার কথার অবধান করে নাই। সেই
কারণ সৈন্যের ঈশ্বর যিহুহা যিশরালের ঈশ্বর এই
কথা কহেন আমি তাহারদিগকে কহিয়াছি কিন্তু
তাহারা আমার কথা শুনে নাই আমি তাহারদিগকে
ডাকিয়াছি কিন্তু তাহারা উত্তর দেয় নাই এই নিমিত্তে
দেখ আমি যে সকল অমঙ্গল তাহারদের বিপরীতে
কহিয়াছি সে সকল আমি যহোদার উপরে ও
যিরোশলয় নিবাসিরদের উপরে আনিব।—
১৮ পরে যিরমীহা রকবীয়েরদের বংশকে এ কথা
কহিলেন সৈন্যের যিহুহা যিশরালের ঈশ্বর এ কথা
কহেন তোমারদের পৌত্র যোনদব তোমারদিগকে যে
সকল আজ্ঞা করিলেন তদনুসারে তোমরা তাহার
আজ্ঞা মানিয়াছ ও তাহার সকল বিধি পালন করি
১৯ য়াছ। অতএব সৈন্যের যিহুহা যিশরালের ঈশ্বর
এ কথা কহেন রকবের পুত্র যোনদবের বংশে আমার
সম্মুখে দাঁড়াইবার মানুষের অভাব কখন হইবে না।
পর্ব যহোদার যাশীহা রাজার পুত্র যহোয়াকিম রাজার
৩৬ চতুর্থ বৎসরে এই মত হইল এই কথা যিহুহার নিকট
হইতে যিরমীহার কাছে আইল। এক যতান
২ পুস্তক লও এবং আমি যে দিনাবধি তোমাকে কহি-

Digitized by Google

যাছি অর্থাৎ যোশীয়াহর দিনাবধি আজি পর্য্যন্ত যে
সকল কথা আমি যিশরায়েলের ও যিহোদার ও সকল
দেশীয় লোকেরদের বিরুদ্ধে কহিয়াছি সে সকল কথা
৩ তাহাতে লেখ। আমি তাহারদের অযাথার্থ্য ও
তাহারদের পাপ মাফ করি এই জন্যে তাহারা প্রত্যেক
জন আপনং কুপথহইতে ফিরে এই কারণ ইহা হইতে
পারিবে যে আমি যত মন্দ তাহারদিগকে করিতে চাওয়াই
৪ যাছি যিহোদার বংশ তাহা শুনিবে। তখন যিরমীহা
নরীহার বারোক পুত্রকে ডাকিল এবং যিহুহা
তাহাকে যেং কথা কহিয়াছিলেন সে সকল কথা
বারোক যিরমীহার মুখ্যাৎ যজ্ঞান এক পুস্তকে
৫ লেখিলেন। পরে যিরমীহা বারোককে আজ্ঞা করিয়া
এ কথা কহিল আমি বদ্ধ আছি আমি যিহুহার মন্দিরে
৬ যাইতে পারি না। অতএব তুমি যাও এবং আমার
মুখ্যাৎ তুমি যে পুস্তক লিখিয়াছ সে পুস্তকে যিহুহার
মন্দিরে উপবাস দিনে যিহুহার সে কথা লোকেরদের
কর্ণগোচরে পড় এবং আপনং নগরহইতে আইসে
যে যিহোদী লোকেরা সে সকল লোকেরদের
৭ কর্ণগোচরেও তাহা পড়। হইতে পারিবে যে তাহারা
যিহুহার নিকটে প্রার্থনা নিবেদন করিবে ও প্রত্যেক
জন আপনং কুপথহইতে ফিরিবে কেননা যিহুহা যে
ক্রোধ ও চণ্ডতা এ লোকেরদের বিপরীতে প্রকাশ
করিয়াছেন সে বড়।
৮ পরে নরীহার বারোক পুত্র যিহুহার মন্দিরে যিহু
হার বাক্য পাঠ করত যেমন যিরমীহা ভবিষ্যদ্বক্তা

Digitized by Google

তাহাকে আজ্ঞা করিয়াছিলেন তেমন করিলেন।
৯ যহোদার যাশীয়া রাজার যহোয়াকিমের পঞ্চম বৎস
রের নবম মাসে এই মত হইল তাহারা যিরোশলম
বাসী সকল লোকেরদের প্রতি ও যহোদার নগরহইতে
যিরোশলমে আইল যে সকল লোকেরা তাহারদের
১০ ও প্রতি উপবাস যে হবে ইহা ঘোষণা করিল। তখন
বারোক সে পুস্তকে যিহুহার মন্দিরে রাজকীয় লেখক
শাফনের গমরীয়া পুত্রের কুটরির দুরস্ত অঙ্গিনে
যিহুহার মন্দিরের নূতন দ্বারের প্রবেশে সকল
লোকেরদের কর্ণগোচরে যিরমীয়ার কথা পাঠ
করিল।
১১ যখন শাফনের গমরীয়া পুত্রের মিকীয়া পুত্র সে
পুস্তকের পাঠেতে যিহুহার সকল কথা শুনিয়াছিল
১২ তখন সে রাজবাটীতে রাজকীয় লেখকের কুটরিতে
গেল এবং দেখ সকল অধ্যক্ষেরা অর্থাৎ আলিশমজা
অধ্যাপক ও শময়ার পুত্র দলীয়া ও অকবোরের
আলনতন পুত্র ও শাফনের গমরীয়া পুত্র ও হননী
য়ার সিদকীয়া পুত্র ও সকল অধ্যক্ষেরা সেখানে
১৩ বসিয়াছিল। তখন বারোক যে কালে লোকের
দের শ্রবণে পুস্তকে পড়িল সে সময়ে মিকীয়া যে কথা
শুনিয়াছিলেন সে সকল কথা তাহারদের কাছে
১৪ প্রকাশ করিলেন। অতএব সকল অধ্যক্ষেরা
কোশীর শলমীয়া পুত্রের নতনীয়া পুত্রের যহোদী
কে বারোকের কাছে ইহা কহিতে পাঠাইল তুমি যে



Digitized by Google

পুস্তকে লোকেরদের কর্ণগোচরে পড়িয়াছ সে পুস্তক
হাতে লইয়া আইস। অতএব নরীয়ার পুত্র বারোক
সে পুস্তক হাতে লইয়া তাহারদের কাছে আইল।
১৫ পরে তাহারা তাহাকে কহিল এখন বসিয়া আমারদের
কর্ণগোচরে তাহা পড়। অতএব বারোক তাহারদের
১৬ শ্রবণে তাহা পড়িল। এই মত হইল তাহারা সে
সকল কথা শুনিয়া সকলে ভয়ান্বিত হইল ও বারোক
কে কহিল আমরা এ সকল কথার বিষয় রাজাকে
১৭ অবশ্য জ্ঞাত করিব। পরে তাহারা বারোককে
এ কথা জিজ্ঞাসা করিল তুমি এ সকল কথা কি প্রকারে
১৮ তাহার প্রমুখাৎ লিখিলা এ কথা কহ? তখন বারোক
তাহারদিগকে প্রত্যুত্তর করিল তিনি আপন মুখেতে
আমার কাছে এ সকল কথা উচ্চারণ করিলেন এবং
১৯ আমি সে হইতে তাহা পুস্তকে লিখিলাম। তখন
অধ্যক্ষেরা বারোককে কহিল তুমি যাইয়া আপনাকে
লুকাও অর্থাৎ তুমি ও য়িরমীয়াহ তোমরা যেখানে
থাক সে স্থান কেহ যেন না জানে।—
২০ পরে তাহারা অঙ্গিনায় রাজার কাছে গেল কিন্তু
সে পুস্তক আলিশময়া অধ্যাপকের কুটরিতে থুইল
২১ এবং রাজার কর্ণগোচরে ঐ সকল কথা কহিল। অত
এব রাজা পুস্তক আনিতে য়িহোদীকে পাঠাইল। অতএব
পর সে তাহা আলিশময়া অধ্যাপকের কুটরি হইতে
লইল পরে রাজার কর্ণগোচরে এবং রাজার নিকটে
দাঁড়াইতেছে যে সকল অধ্যক্ষেরা তাহারদেরও কর্ণ
২২ গোচরে য়িহোদী তাহা পড়িল। রাজা নবম মাসে

Digitized by Google

শীতকালে গৃহে বসিতেছিল এবং তাহার সম্মুখে
২৩ চুলাতে প্রজ্বলিত অগ্নি ছিল। এমত ছিল যখন য়েহোদী
তিন চারি পত্র পাঠ করিয়াছিল তখন রাজা হস্তস্থ
আপন ছুরিতে তাহা কাটিলে এবং চুলাতে যে অগ্নি
ছিল তাহাতে সে পুস্তক যে পর্য্যন্ত দগ্ধ না ছিল সে
২৪ পর্য্যন্ত সে চুলার অগ্নিতে ফেলিল। তথাপি এ কথা
শুনিল যে রাজা ও তাহার সেবকেরা তাহারদের
মধ্যে কোন জন ভয়াপন্ন ছিল না এবং আপন বস্ত্র
২৫ ছিড়িল না। কিন্তু আলনতন ও দলীহা ও গমরীহা
রাজা সে পুস্তক না পোড়ান এই জন্যে তাহার কাছে
মিনতি করিল কিন্তু সে তাহারদের কথা শুনিল না।
২৬ কিন্তু হমলকের যিরহ্মমাল পুত্রকে ও অজরীএলের
শরীহা পুত্রকে ও অবদালের শলমীহা পুত্রকে রাজা
বারোক অধ্যাপককে ও যিরমীহা ভবিষ্যদ্বক্তাকে
ধরিতে আজ্ঞা দিলে কিন্তু যিহুহা তাহারদিগকে
লুকাইলেন।

২৭ রাজা সে পুস্তক ও যে কথা বারোক যিরমীহার
প্রমুখাৎ লিখিয়াছিল তাহাও পোড়াইলে পর যিহুহার
২৮ এ কথা যিরমীহার কাছে আইল। তুমি পুনর্ব্বার
আর এক পুস্তক লও এবং যে পুস্তক য়েহোদার
য়েহোয়াকিম রাজা পোড়াইল সে প্রথম পুস্তকে যেং
কথা পূর্ব্বে ছিল সে সকল কথা তাহার মধ্যে লিখ।
২৯ এবং য়েহোদার য়েহোয়াকিম রাজাকে এ কথা কহ
যিহুহা এ কথা কহেন বাবেলের রাজা অবশ্য
আসিবে ও এ দেশ নষ্ট করিবে এবং তাহার মধ্যে

Digitized by Google

হইতে মনুষ্যের ও পশুর শেষ করিবে পুস্তকে কেন
এই কথা লেখিলা? এই কথা কহিয়া তুমি এ পুস্তক
৩০ পোড়াইয়াছ। অতএব য়িহোদার য়িহোয়াকিম
রাজার বিষয়ে য়িহুহা এ কথা কহেন দাঊদের
সিংহাসনে বসিবার তাহার কেহ হবে না এবং
আতপে দিনে ও রাত্রিতে শীতে তাহার শব
৩১ বাহিরে ফেলান যাইবে। এবং তাহারদের অযাথার্থ্য
প্রযুক্ত আমি তাহাকে ও তাহার বংশকে ও তাহার
সেবকেরদিগকে দণ্ড দিব এবং আমি যে সকল
অমঙ্গল তাহারদের বিষয়ে কহিয়াছি কিন্তু তাহারা
শুনে নাই সে সকল অমঙ্গল আমি তাহারদের
উপরে ও য়িরোশালম নিবাসিরদের উপরে ও য়িহোদা
লোকেরদের উপরে আনিব।—

৩২ তখন যিরমীহা আর এক পুস্তক লইয়া নরীহার
পুত্র বারোক রাজকীয় লেখককে দিল ও য়িহোদার
রাজা যে পুস্তক অগ্নিতে পোড়াইয়াছিল সে পুস্তকের
সকল কথা যিরমীহার প্রমুখাৎ লেখিল এবং
তদ্ব্যতিরেকেও আর২ তদ্রূপ অনেক কথা তাহার
সহিত লেখা গেল।—

পর্ব্ব ৩৭ বাবেলের নবকদরাসরের রাজা যাহাকে য়িহোদা
দেশে রাজা করিয়াছিল যে কনীহার য়িহোয়াকিম
পুত্র তাহার পদে য়োশীহার সিদকীহা সন্তান
২ রাজা করিল। কিন্তু সে কিম্বা তাহার চাকরেরা
কিম্বা দেশীয় লোকেরা যে কথা য়িহুহা যিরমীহা
ভবিষ্যদ্বক্তার দ্বারা কহিলেন তাঁহার সে কথায়

Digitized by Google

৩ অবধান করিল না। তুমি আমারদের জন্যে এখন
আমারদের ঈশ্বর যিহুহার কাছে প্রার্থনা কর এ
কথা কহিতে সিদকীয়া শলমীহার যিহোকল পুত্রকে ও
মআশীহা যাজকের সুফনীয়া পুত্রকে যিরমীহা
৪ ভবিষ্যদ্বক্তার নিকটে পাঠাইল। যিরমীহা লোকের
দের মধ্যে যাতায়াত করিত কেননা তাহারা তখন
৫ তাহাকে কারাগারে ফেলিয়াছিল না। সে সময়ে
ফারোআর সৈন্য মিসরহইতে আসিয়াছিল এবং
যে কাশিদীয়েরা যিরোশলমকে অবরোধ করিল
তাহারা তাহারদের বিষয়ক সমাচার পাইয়া যিরোশ
লমহইতে প্রস্থান করিল।—

৬ তখন যিহুহার এ কথা যিরমীহা ভবিষ্যদ্বক্তার
৭ কাছে আইল। যিহুহা যিশরালের ঈশ্বর এ কথা
কহেন আমার কাছে জিজ্ঞাসা করিবার তরে তোমার
দিগকে পাঠাইয়াছে যে যিহোদার রাজা তাহাকে এ
কথা কহ দেখ তোমারদের উপকার করিবার কারণ
আসিয়াছে যে ফরোআর সৈন্য সে মিসরে আপন
৮ দেশেই ফিরিয়া যাইবে। এবং কাশিদীয়েরা
আরবার আসিবে ও এ নগরের বিরুদ্ধে যুদ্ধ করিবে
ও তাহা হস্তবশ করিবে ও অগ্নিতে পোড়াইবে।
৯ যিহুহা এ কথা কহেন কাশিদীয়েরা আমারদের
নিকটহইতে অবশ্য প্রস্থান করিবে এই কথা কহিয়া
আপনারদিগকে ভুলাইও না কেননা তাহারা যাইবে
১০ না। কেননা তোমারদের সহিত যুদ্ধ করে যে
কাশিদীয়েরা তাহারদের সকল সৈন্য যদি তোমরা

Digitized by Google

মারিত। এবং কেবল ক্ষত লোকেরা যদি তাহারদের মধ্যে থাকিত, তবু তাহারাই আপনং তাম্বুতে উঠিয়া এ নগর অগ্নিতে দগ্ধ করিত।

11 ফারোঅর সৈন্যের ভয়েতে কাশ্দীয়েরদের সৈন্য ভগ্ন হইয়া যিরোশলমহইতে গেলে এমন হইল
12 তৎকালে যিরমীহ লোকেরদের মধ্যে আপনাকে যিরোশলমহইতে পৃথক করিবার তরে বেনিযমন দেশে
13 যাইতে যিরোশলমের বাহিরে গেল সে বেনিযমনের দ্বারে থাকিতে মশলমীহার পৌত্রের যিরায়িহা নামে পুত্র এক জন জমাদার সেখানে ছিল তাহাতে তুমি কাশ্দীয়েরদের পক্ষে পড়িতেছ এই কথা
14 কহিয়া সে জন যিরমীহাকে ধরিল। তখন যিরমীহা কহিল সে মিথ্যা আমি কাশ্দীয়েরদের পক্ষে পড়ি নাই কিন্তু সে তাহার কথা শুনিল না। অতএব যিরায়িহা যিরমীহাকে ধরিল ও অধ্যক্ষেরদের কাছে
15 আনিল। এতদর্থে অধ্যক্ষেরা যিরমীহার উপরে ক্রুদ্ধ হইল ও তাহাকে মারিল ও যহোনাথন অধ্যাপকের ভিতে তাহাকে কয়েদ করিল কেননা তাহারা সে ঘরকে কারাগার করিয়াছিল।
16 যিরমীহা পাতাল ঘরে ও ক্ষুদ্র কুটরিতে প্রবেশ করিলে পর ও যিরমীহা অনেক দিন সেখানে থাকিলে
17 সিদকীয়া রাজা লোক পাঠাইয়া তাহাকে বাহির করিল পরে রাজা আপন বাটীতে তাহাকে গুপ্ত রূপে জিজ্ঞাসা করিয়া কহিল যিহোবার নিকটহইতে কি কোন কথা আছে? তাহাতে যিরমীহা কহিলেন

Digitized by Google

আছে কেননা তুমি বাবেলের রাজার হাতে সমর্পিত
১৮ হইবা। যিরমীহ সিদকীয়া রাজাকে এ কথাও কহিল
আমি তোমার কিম্বা তোমার ভৃত্যেরদের কিম্বা এ
লোকেরদের বিরুদ্ধে কি অপরাধ করিয়াছি যে তোমরা
১৯ আমাকে কএদ করিয়াছ। বাবেলের রাজা তোমার
দের কিম্বা এ দেশের বিপরীতে আসিবেন না এই
কথা তোমারদের নিকটে ঘোষণা করিল যে তোমার
২০ দের ভবিষ্যদ্বক্তারা তাহারা এখন কোথায়? অতএব
হে আমার প্রভু রাজা এখন আমার কথা শুন পাছে
আমি য়হোনতন অধ্যাপকের ঘরে মরি অতএব আপনি
আমাকে সেখানে আরবার না পাঠাইয়া দেন এই
জন্যে আমার প্রার্থনা তোমার কাছে গৃহীত হউক।
২১ তখন তাহারা যিরমীহাকে কারাগারের ওসারে থোয়
ও যে পর্য্যন্ত নগরের মধ্যে সকল রুটি না ফুরায় সে
পর্য্যন্ত রুটিওয়ালার রাস্তাহইতে লইয়া প্রতি দিন
তাহাকে এক খণ্ড রুটি দেয় এই আজ্ঞা সিদকীয়া
রাজা দিলেন। এ প্রকারে যিরমীহা কারাগারের
ওসারে থাকিল।

পর্ব্ব ৩৮
যিহোহা এ কথা কহেন যে কেহ এ নগরে থাকে
সে তলোয়ারে ও আকালে ও মড়কে মরিবে
কিন্তু যে কেহ কাশ্দীয়েরদের কাছে যায় সে বাঁচিবে
কেননা সে আপন প্রাণ শিকাররূপ অধিকার করিবে
২ ও বাঁচিবে। যিহোহা এ কথা কহেন তাহা হস্তবশ
করিবে যে বাবেলের রাজার সৈন্য তাহার হাতে এ
নগর অবশ্য দেওয়া যাইবে এই যে কথা যিরমীহা

Digitized by Google

৩ সকল লোকেরদের কাছে কহিয়াছিলেন সে সকল
কথা মত্তনের পুত্র শফটীয়া ও পশহূরের পুত্র গদলীয়া
ও শলমীয়ার পুত্র য়োকল ও মলকীয়ার পুত্র পশহূর
৪ তখন শুনিল। অতএব অধ্যক্ষেরা রাজাকে কহিল
আমরা এ প্রার্থনা করি এ মানুষ মারিয়া ফেলা যাউক
কেননা এ নগরে অবশিষ্ট যে যোদ্ধা লোকেরা তাহার
দের হাত ও সকল প্রজারদের হাতকে এই কথা কহার
দ্বারা সে দুর্ব্বল করে কেননা এ মানুষ এ লোকেরদের
মঙ্গল চেষ্টা করে না কিন্তু তাহারদের ক্ষতি চেষ্টা করে।
৫ তখন সিদকীয়া রাজা কহিলেন দেখ সে তোমারদের
হাতে আছে কেননা রাজা তোমারদের বিপরীতে
৬ কিছু করিতে পারে না। তখন তাহারা যিরমীয়াকে
লইল এবং হমলকের মলকীয়া পুত্রের কারাগারের
স্থানস্থ পাতাল দ্বারে ফেলিল তাহারা দড়ি দিয়া যিরমীয়া
কে নামাইল। সে কূপে জল নাই কিন্তু কাদা ছিল পরে
যিরমীয়া কাদাতে মগ্ন হইল।

৭ অবদমলক নামে কূশীয় রাজবাটীর এক খোজা
শুনিল যে তাহারা যিরমীয়াকে কূপে থুইয়াছিল।
৮ তৎকালে রাজা বেনিয়মনের দ্বারে বসিতেছিল। অত
এব অবদমলক রাজবাটীহইতে গেল এবং রাজাকে
৯ এ কথা কহিল। হে আমার প্রভু মহারাজ যাহাকে
এ লোকেরা কূপে ফেলিয়াছে এবং সে যেখানে আছে
সেখানে ক্ষুধাতে যে মরিবে এমন ভয় আছে কেননা
নগরে আর ভক্ষ্য নাই এমন যে যিরমীয়া ভবিষ্যদ্বক্তা
তাহার প্রতি তাহারা যে সকল করিয়াছে তাহাতে

Digitized by Google

১০ তাহারা মন্দ কর্ম্ম করিয়াছে। তখন রাজা অবদ
মলক কূশীয়কে আজ্ঞা করিয়া কহিল তুমি এখান
হইতে আপনার সহিত ত্রিশ জনকে লও এবং তাহার
মরনের পূর্ব্বে যিরমীহা ভবিষ্যদ্বক্তাকে কূপহইতে
১১ ওঠাও। অতএব অবদ্মলক সে মনুষ্যেরদিগকে
আপন সঙ্গে লইল এবং রাজবাটীতে ভণ্ডারের নীচে
প্রবেশ করিল ও সেখানহইতে পুরান কাপড় ও
পচা নেকড়া লইল পরে দড়িতে তাহা কূপে যিরমী
১২ হার কাছে নামাইল। পরে অবদ্মলক কূশীয়
যিরমীহাকে কহিল এ পুরান কাপড় ও পচা নেকড়া
তোমার কাঁকতালে দড়ির নীচে দেও তাহাতে যিরমীহা
১৩ সে মত করিল। অতএব তাহারা দড়ি দিয়া যিরমী
হাকে ওঠাইল ও তাহাকে সে কূপহইতে লইল পরে
যিরমীহা কারাগারের স্থানে থাকিল।—
১৪ তখন সিদকীয়া রাজা লোককে পাঠাইয়া যিহুহার
মন্দিরের তৃতীয় প্রবেশ স্থানে যিরমীহা ভবিষ্যদ্বক্তাকে
আপনার কাছে লইল এবং রাজা যিরমীহাকে কহিল
আমি তোমাকে এক বিষয় জিজ্ঞাসা করিব আমাহইতে
১৫ কিছু গুপ্ত রাখিও না। তখন যিরমীহা সিদকীয়াকে
কহিল আমি যদি তোমার নিকটে প্রকাশ করি তবে
নিতান্ত তুমি কি আমাকে হত্যা করিবা না? ও আমি
যদি তোমাকে পরামর্শ দি তবে কি তুমি আমার
১৬ কথা শুনিবা না? তাহাতে সিদকীয়া গোপনে যিরমী
হার কাছে শপথ করিয়া এ কথা কহিল আমারদিগ



Digitized by Google

কে এ আজ্ঞা করিয়াছেন যে যিহুহা তিনি যদি জীবৎ
হন তবে আমি তোমাকে বধ করিব না ও তোমার প্রাণ
চেষ্টা করে যে এ মানুষ্যেরা তাহারদের হাতে তোমাকে
১৭ সমর্পন করিব না। তখন যিরমীহা সিদকীহাকে
কহিল যিহুহা সৈন্যের ঈশ্বর যিশরালের ঈশ্বর এ
কথা কহেন তুমি যদি নিতান্ত বাবেলের রাজার অধ্য
ক্ষেরদের কাছে যাবা তবে তোমার প্রাণ বাঁচিবে ও
এ নগর অগ্নিতে দগ্ধ হইত না ও তুমি আপন পরি
১৮ বার সুদ্ধ বাঁচিবা। কিন্তু যদি তুমি বাবেলের রাজার
অধ্যক্ষেরদের কাছে না যাইবা তবে এ নগর কাশিদী
য়েরদের হাতে সমর্পন করা যাবে ও তাহারা তাহা
অগ্নিতে পোড়াইবে ও তুমি তাহারদের হাতহইতে
১৯ পলাইবা না। পরে সিদকীহা রাজা যিরমীহাকে
কহিল যে য়িহোদীরা কাশিদীয়েরদের পক্ষে গিয়াছে
তাহারা পাছে আমাকে তাহারদের হাতে সমর্পন
করে ও তাহারা আমাকে নিন্দা করে এই তাহার
২০ দের বিষয়ে আমি ভয় করি। কিন্তু যিরমীহা
কহিল তাহারা তোমাকে সমর্পন করিবে না আমি
এ মিনতি করি যিহুহার যে কথা আমি তোমাকে কহি
সে কথা পালন কর তাহাতে তোমার মঙ্গল হইবে ও
২১ তোমার প্রাণ বাঁচিবে। কিন্তু যদি তুমি যাইতে হেয়
জ্ঞান কর তবে যিহুহা যে কথা আমাকে দেখাইয়াছেন
২২ সে এই। দেখ য়িহোদা রাজার ঘরে যে স্ত্রীরা
অবশিষ্ট থাকে সে সকলে বাবেলের রাজার অধ্যক্ষের
দের কাছে বাহির করা যাবে ও সে স্ত্রীরা ইহা বলিবে

Digitized by Google

তোমার বন্ধুরা তোমাকে ইহাতে প্রবৃত্ত করিয়াছে ও
তোমাকে জয় করিয়াছে তোমার পা পঙ্কেতে বসান
২৩ গিয়াছে তাহারা পরাবৃত্ত হইয়াছে। অতএব তোমার
সকল স্ত্রীরদিগকে ও তোমার বালকেরদিগকে তাহারা
কাশ্দীয়েদের কাছে বাহির করিবে ও তুমি তাহার
দের হাতহইতে এড়াইবা না কিন্তু বাবেলের রাজার
হাতেতে ধরা যাইবা ও তুমি এ নগর অগ্নিতে দগ্ধ
করাইবা।
২৪ তখন সিদিকীয়া যিরমীহাকে কহিল কাহাকে এ
কথা জানিতে দিও না তাহাতে তুমি হত করা যাবা
২৫ না। কিন্তু আমি যে তোমার সহিত কথা কহিয়াছি
ইহা যদি অধ্যক্ষেরা শুনে এবং তোমার নিকট
আসিয়া তোমাকে কহে এখন তুমি রাজাকে যাহা
কহিয়াছ তাহা আমারদিগকে জানাও তাহা আমার
দেরহইতে গুপ্ত রাখিও না তখন তোমাকে মারিয়া
ফেলিব না এবং রাজা তোমাকে যাহা কহিয়াছেন
২৬ তাহাও কহ। তখন তাহারদিগকে কহ সে
স্থানে মরিতে রাজা যেন আমাকে যিহোনাথনের
বাড়িতে ফিরিয়া না পাঠান এ আমার প্রার্থনা আমি
২৭ রাজার সাক্ষাতে নিবেদন করিলাম। পরে সকল
অধ্যক্ষেরা যিরমীহার নিকটে আইল ও তাহাকে
জিজ্ঞাসা করিল তাহাতে রাজা এই যে কথা তাহাকে
আজ্ঞা করিয়াছিলেন তদনুসারে সে তাহারদিগকে
কহিল অতএব তাহারা তাহার সহিত কথা কহা
২৮ ছাড়িল কেননা সে বিষয় জানা গেল না। অতএব

Digitized by Google

যে দিন যিরোশলম শত্রুহস্তগত হইল সে দিন পর্য্যন্ত
যিরমীহা কারাগারের প্রাঙ্গনে থাকিল এবং যখন যিরো
শলম শত্রুহস্তগত হইল তখন সে যাখানে ছিল।—

পর্ব্ব ৩৯

যুহোদার সিদকীয়া রাজার নবম বৎসরের দশম
মাসে বাবেলের নবকদরাসোর রাজা তাহার সকল
সৈন্য সুদ্ধা যিরোশলমের বিরুদ্ধে আইল এবং তাহা
২ অবরোধ করিল। সিদকীয়ার একাদশ বৎসরের
৩ চতুর্থ মাসের নবম দিনে নগর ভাঙ্গা গেল তাহাতে
বাবেলের রাজার সকল অধ্যক্ষেরা অর্থাৎ নরগাল
শরাসের সমগারনবো শরসকিম রবসরিস নরগাল
শরাসের রবমগ ও বাবেলের রাজার অবশিষ্ট আর
সকল অধ্যক্ষেরা প্রবেশ করিল ও মধ্যম দ্বারে
বসিল।—

৪ এ মত হইল যখন যুহোদার রাজা ও সকল
যোদ্ধা লোকেরা তাহারদিগকে দেখিল তখন তাহারা
পলাইল এবং রাজার উদ্যানের পথে দুই প্রাচীরের
মধ্যস্থিত দ্বার দিয়া রাত্রিতে নগরের বাহিরে গেল
৫ এবং সে মাঠের পথ দিয়া গেল। কিন্তু কাশ্দীয়ের
দের সৈন্য তাহারদের পশ্চাৎ দৌড়িয়া গেল এবং
যিরদোনের মাঠে সিদকীয়াকে ধরিল ও যখন তাহারা
তাহাকে ধরিয়াছিল তখন তাহারা তাহাকে হামত
দেশীয় রবলায় বাবেলের নবকদরাসোর রাজার
নিকটে আনিল ও সেখানে সে তাহার বিষয়ে আজ্ঞা
৬ করিল। তখন তাহার চক্ষুগোচরে বাবেলের রাজা
সিদকীয়ার পুত্রেরদিগকে বধ করিল বাবেলের রাজা

Digitized by Google

য়িহোদার সকল মহৎ লোকেরদিগকেও বধ করিল।
৭ সে সিদিকীয়ার চক্ষু ও নষ্ট করিল এবং তাহাকে
বাবেলে লইয়া যাওনের জন্যে শিকলেতে বান্ধিল।
৮ পরে কাশ্দীয়েরা অগ্নিতে রাজার বাটী ও লোকের
দের বাটী পোড়াইল ও য়িরোশালমের প্রাচীর ভাঙ্গিয়া
৯ ফেলিল। তখন নবুজর আদন জমাদার নগরে
যে থাকিল এমন অবশিষ্ট লোকেরদিগকে ও
যাহারা স্বপক্ষে ত্যাগ করিয়া তাহার পক্ষে আইল
এবং অবশিষ্ট আর সকল লোকেরদিগকে বাবেলে
১০ দাস পদে লইয়া গেল। কিন্তু নবুজর আদন
জমাদার যাহারদের কিছু নাই এমন কতক দরিদ্র
লোকেরদিগকে য়িহোদা দেশে ছাড়িয়া দিল ও তাহার
দিগকে সে সময়ে দ্রাক্ষা ক্ষেত্র ও ভূমি দিল।
১১ বাবেলের নবকদ্রেজার রাজা য়িরমীহার বিষয়ে
ও নবুজর আদন জমাদারকে এ আজ্ঞা করিলেন।
১২ তাহাকে লও ও তাহাকে ভালরূপে পালন কর ও
তাহার কিছু ক্ষতি করিও না কিন্তু সে যেমন তোমাকে
১৩ কহিবে তদনুসারে তাহার প্রতি কর। অতএব নবুজর
আদন জমাদার লোক পাঠাইল এবং নবুশাজবন ও
রবসরস ও নরগালশরাসর ও রবমগ ও বাবেলের
রাজার সকল অধ্যক্ষেরা লোককে পাঠাইল ও য়িরমী
১৪ হাকে কারাগারের আঙ্গিনাহইতে লইল এবং সে
তাহাকে বাটীতে লইয়া যায় এই কারণ শাফনের
আহীকম পুত্রের গদলীয়া পুত্রের কাছে সমর্পণ
করিল তাহাতে সে লোকেরদের মধ্যে বাস করিল।

Digitized by Google

১৫ যে সময়ে য়িরমীহা কারাগারের আঙিনায় বদ্ধ ছিল
সে সময়ে য়িহুহার এ বাক্য তাহার কাছে আইল।
১৬ তুমি যাইয়া এবং আবদ্মলক কুশীয়কে এ কথা কহ
যে সৈন্যের য়িহুহা য়িশ্রায়েলের ঈশ্বর এ কথা কহেন
দেখ অমঙ্গলের কারণ ও মঙ্গলের কারণ নয় আমি
এ নগরের উপরে আপন কথা প্রত্যক্ষ করিব এবং সে
১৭ দিনে তাহারা তোমার গোচরে প্রত্যক্ষ হবে। কিন্তু
য়িহুহা কহেন সে দিনে আমি তোমাকে উদ্ধার করিব
এবং তুমি যে লোকেরদের বিষয়ে ভীত আছ তাহার
১৮ দের হাতে তুমি সমর্পিত করা যাবা না। কেননা
তোমাকে আমি অবশ্য উদ্ধার করিব ও তুমি তলোয়া
রেতে পড়িবা না কিন্তু য়িহুহা কহেন তুমি আমাতে
বিশ্বাস করিয়াছ এই কারণ তোমার প্রাণ শিকারের
ন্যায় তোমার প্রতি দেওয়া যাইবে।

পর্ব্ব যিরোশলমের ও য়িহোদার যে লোকেরা অন্য
৪০ দেশে দাস পদে নীত ছিল অর্থাৎ যাহারা বাবেলে
লইয়া যাওয়া গেল তাহারদের মধ্যে শিক্লিতে বদ্ধ যে
য়িরমীহা তাহাকে নবুজরআদন জমাদার লইয়া রামা
হইতে যাইতে দিলে পর য়িহুহার যে কথা তাহার
২ কাছে প্রকাশ করা গেল সে এই। এবং জমাদার
য়িরমীহাকে লইল ও তাহাকে কহিল তোমার ঈশ্বর
য়িহুহা এ স্থানের বিষয়ে অমঙ্গল প্রকাশ করি
৩ য়াছেন। এখন য়িহুহা তাহা প্রত্যক্ষ করিয়াছেন ও
যেমন কহিলেন তেমন করিয়াছেন। তোমরা য়িহুহার
বিরুদ্ধে পাপ করিলা ও তাহার কথা শুনিলা না এই

Digitized by Google

৪ জন্যে এ দশা তোমারদের ওপরে ঘটিয়াছে। এখন
দেখ তোমার হাতের ওপরে যে শিকল তাহাহইতে
আমি তোমাকে আজি মুক্ত করি। তুমি যদি বাবেলে
আমার সহিত যাইতে তুষ্ট হও তবে আইস আমি
তোমার ভাল চেষ্টা করিব কিন্তু যদি আমার সহিত
বাবেলে যাইতে তোমার মনে লয় না তবে থাক দেখ
সকল দেশ তোমার সম্মুখে তোমার মঙ্গল যে স্থানে
যাইতে ভাল ও উপযুক্ত দেখা যায় সেখানে যাও।
৫ তিনি সেখানহইতে তখন না গিয়া ইহাও কহিলেন
বাবেলের রাজা যাহাকে যিহূদা দেশীয় নগরের
কর্ত্তা করিয়াছেন এমন যে শাফনের আখীকম পুত্রের
গদলীহা পুত্র তাহার কাছে যাও এবং লোকেরদের
মধ্যে তাহার সহিত বাস কর কিম্বা যেখানে যাইতে
তোমার কাছে উপযুক্ত দেখা যায় সেখানে যাও পরে
জমাদার তাহাকে খাদ্য দ্রব্য ও দান দিয়া বিদায়
৬ করিল। তাহাতে যিরমীহা আখীকমের গদলীহা
পুত্রের নিকটে মস্পায় গেল এবং দেশে যে অব
শিষ্ট লোকেরা তাহারদের মধ্যে তাহার নিকটে
থাকিল।

৭ বাবেলের রাজা আখীকমের গদলীহা পুত্রকে
দেশের কর্ত্তা যে করিয়াছিল ও পুরুষ স্ত্রী ও বালকের
দিগকে এ দেশে দরিদ্রেরদের মধ্যে কতক লোককে
ও যাহারা বাবেলে লইয়া যাওয়া না গিয়াছিল
তাহারদিগকেও তাহার প্রতি সমর্পণ করিয়াছিল
৮ এইহ বিষয়ে যে সকল সেনাপতিরা মাঠে থাকিল

Digitized by Google

৮ তাহারা ও তাহারদের লোকেরা যখন শুনিল তখন
তাহারা অর্থাৎ নতনীয়াহের যিশ্মায়েল পুত্র ও করীহের
যোহানন ও যোনাতন পুত্রেরা ও তন্হুমেতের শরায়া
পুত্র ও ওফি নতোফাতীয়ের পুত্রেরা ও এক জন মাখাতী
য়ের যিজনীয়া পুত্র ইহারা আপন২ লোক সুদ্ধ মিস্
৯ পায় গদলীয়াহের নিকটে আইল। এবং শাফনের
আহীকাম পুত্রের গদলীয়া পুত্র তাহারদের কাছে
দিব্য করিয়া কহিল তোমরা কাল্দীয়েরদের সেবা
করিতে ভয় করিও না দেশে বাস কর ও বাবেলের
১০ রাজার সেবা কর তাহাতে তোমারদের ভাল হইবে।
আমার বিষয়ে এই দেখ যে কাল্দীয়েরা আমারদের
কাছে আসিবে তাহারদের সেবা করিতে আমি মিস্
পায় বাস করিব কিন্তু তোমরা আপনারদের কারণ
দ্রাক্ষা রস ও গ্রীষ্ম কালের ফল ও তৈল সঞ্চয় কর ও
আপন২ পাত্রে রাখ ও তোমরা যে২ নগর হস্তবর্ত্ত
১১ করিয়াছ সেই২ নগরে বাস কর। মোয়াবে ও
অম্মোনীয়েরদের মধ্যে ও ইদোমে ও আর সকল
দেশে যে যিহোদীয়েরা ছিল তাহারা যখন শুনিতে
পাইল যে বাবেলের রাজা যিহোদী কতক লোককে
অবশিষ্ট রাখিয়াছিল ও শাফনের অহীকাম পুত্রের
গদলীয়া পুত্রকে যে তাহারদের উপরে নিযুক্ত করিয়া
১২ ছিল। তখন সে সকল যিহোদীয়েরা যে২ স্থানে
তাড়িত ছিল সে সকল স্থানহইতে ফিরিয়া আইল
এবং যিহোদা দেশে মিস্পায় গদলীয়াহের কাছে আইল
ও অনেক দ্রাক্ষা রস ও গ্রীষ্ম কালীন ফল সঞ্চয়



Digitized by Google

১৩ এবং করীহের যোহানন পুত্র ও মাঠে যত সেনাপতিরা
১৪ ছিল তাহারা মস্ফায় গদলীয়াহের নিকটে আইল ও
তাহাকে কহিল আম্মোনীয়েরদের বআলিস রাজা
যে তোমাকে মারিবার কারণ নতনীয়াহের য়িশ্মায়েল
পুত্রকে পাঠাইয়াছে তুমি কি ইহা জান ? তখন
১৫ করীহের যোহানন পুত্র মস্ফায় গদলীয়াহকে গুপ্ত
রূপে ইহা বলিল আমি এ মিনতি করি আমাকে
যাইতে দেও পরে নতনীয়াহের য়িশ্মায়েল পুত্রকে মারিব
ও কেহ তাহা জানিবে না যে সকল য়িহূদীয়েরা
তোমার কাছে সংগ্রহ করা গিয়াছে তাহারা
ছিন্নভিন্ন হয় ও য়িশ্রায়েলের অবশিষ্ট লোকেরা
নষ্ট হয় এই জন্যে সে কেন তোমাকে হত্যা করিবে ।
১৬ কিন্তু অহীকমের গদলীয়াহ পুত্র করীহের যোহানন
পুত্রকে কহিল তুমি ইহা করিও না কেননা তুমি
য়িশ্মায়েলের বিষয়ে মিথ্যা কথা কহিতেছ।—

পর্ব্ব ৪১ সপ্তম মাসে এ মত হইল রাজকীয় বংশের
আলিশামার নতনীয়াহ পুত্রের য়িশ্মায়েল পুত্র এবং
রাজার অধ্যক্ষেরা অর্থাৎ দশ জন তাহার সঙ্গে
মস্ফায় অহীকমের পুত্র গদলীয়াহের নিকটে আইল
২ ও সেখানে মস্ফায় একত্র ভোজন করিল। পরে
নতনীয়াহের য়িশ্মায়েল পুত্র ও তাহার সঙ্গী যে দশ জন
তাহারা উঠিল এবং যাহাকে বাবেলের রাজা দেশের
কর্ত্তা করিয়াছিল এমন যে শাফনের অহীকম পুত্রের
৩ গদলীয়াহ পুত্রকে মারিল। তাহার সহিত অর্থাৎ



Digitized by Google

মস্ফাতে গদলীয়ার সহিত যে সকল য়িহূদীরা ছিল
তাহারদিগকে ও যে কাশ্দীয়েরা সেখানে ছিল
তাহারদিগকে ও যোদ্ধা লোকেরদিগকেও য়িশ্মাএল
৪ মারিল। সে গদলীয়াকে মারিলে দুই দিন হইল
৫ ও কেহ তাহা জ্ঞাত ছিল না সে দ্বিতীয় দিনে এই মত
হইল শখিম ও শীলো ও শমরোণহইতে কতক লোক
অর্থাৎ মৌরদাড়ি ও ছিন্নবস্ত্র আশি জন আপনার
দের গা কাটিয়া যিহোবার মন্দিরে আনিবার কারণ
৬ নৈবেদ্য ও ধূপ হস্তে করিয়া আইল। তাহাতে
নথনিয়ার য়িশ্মাএল পুত্র মস্ফাহইতে তাহারদের
সহিত মিলিতে পথে ক্রন্দন করিতে২ আইল পরে
তাহারদের সহিত মিলিলে এ মত হইল সে তাহার
দিগকে কহিল আহীকামের গদলীয়া পুত্রের কাছে
৭ আইস। এই মত হইল তাহারা নগরের মধ্যে
আইলে নথনিয়ার য়িশ্মাএল পুত্র ও তাহার সঙ্গিলো
কেরা তাহারদিগকে মারিল ও এক গর্ত্তের মধ্যে
৮ ফেলিল। কিন্তু আমারদিগকে বধ করিও না কেননা
মাঠে আমারদের গোম ও যব ও তৈল ও মধুরূপ ধন
আছে এই কথা য়িশ্মাএলকে যে কহিল এমন দশ
জন তাহারদের মধ্যে পাওয়া গেল অতএব সে ক্ষমা
করিল ও তাহারদিগকে তাহারদের ভ্রাতারদের সহিত
৯ মারিল না। গদলীয়ার বিষয়ে যে লোকেরদিগকে
য়িশ্মাএল বধ করিল সে সকলের শব যে গর্ত্তের
মধ্যে ফেলিল যে গর্ত্ত আসা রাজা য়িস্রাএলের বাশা
রাজার ভয় প্রযুক্ত করিয়া ছিল সে সেই গর্ত্ত ও

Digitized by Google

নথনীয়ার যিশ্মায়েল পুত্র হতেরদের শবেতে
১০ তাহা পূর্ণ করিল। পরে যিশ্মায়েল মস্পাতে অবস্থিত
লোকেরদের অবশিষ্ট লোকেরদিগকে বিদেশে লইয়া
গেল অর্থাৎ রাজার কন্যারদিগকে নবূজর আদন
যাজদার যাহারদিগকে আহীকমের গদলীয়া পুত্রের
কাছে সমর্পণ করিয়াছিল এমন যে মস্পাতে
স্থিত সকল লোকেরা তাহারদিগকে নথনীয়ার যিশ্
মায়েল পুত্র দেশান্তরে করিল ও আম্মোনীয়রদের
১১ কাছে যাইতে প্রস্থান করিল। কিন্তু নথনীয়ার যিশ্মা
য়েল পুত্র যে সকল মন্দ ক্রিয়া করিয়াছিল ইহা যখন
করার যোহানন পুত্র ও তাহার সঙ্গি সকল সেনাপ
১২ তিরা শুনিতে পাইল তখন তাহারা সকল লোকের
দিগকে লইয়া নথনীয়ার যিশ্মায়েল পুত্রের সহিত
যুদ্ধ করিতে গেল এবং গিবওনে যে বড় জল তাহার
১৩ নিকটে তাহাকে পাইল। এমত হইল যিশ্মায়েলের
সহিত যে সকল লোক তাহারা যখন করার যোহানন
পুত্রকে ও তাহার সঙ্গিসেনাপতিরদিগকে দেখিল
১৪ তখন তাহারা পুলোকিত ছিল। পরে যিশ্মায়েল যে
সকল লোকেরদিগকে মস্পাহইতে লইয়া গিয়াছিল
তাহারা ফিরিল ও পরাবৃত্ত হইল ও করার যোহানন
১৫ পুত্রের নিকট গেল। কিন্তু নথনীয়ার যিশ্মায়েল
পুত্র আট জন সুদ্ধ যোহাননহইতে এড়াইল এবং
১৬ আম্মোনীয়েরদের কাছে গেল। তখন নথনীয়ার
যিশ্মায়েল পুত্র আহীকমের গদলীয়া পুত্রকে হত্যা
করিলে পর করার যোহানন পুত্র ও তাহার সঙ্গি সে

Digitized by Google

নাপতিরা যে সকল অবশিষ্ট লোকেরদিগকে নতনী
হার যিশময়াল পুত্রের হাতহইতে মস্পায় পং৪ পাই
য়াছিল সে সকলকে অর্থাৎ যাহারদিগকে আপনি
গাবওনহইতে আনিয়াছিল এমন যে বড় যোদ্ধা লোকের
দিগকে ও স্ত্রীরদিগকে ও বালকেরদিগকে ও খোজার
১৭ দিগকে লইল এবং তাহারা প্রস্থান করিয়া মিস্রে
যাইবার কারণ বৈতলহমীয়ের নিকটস্থ কমোহমের
নিবাসে কাশ্দীয়েরদের কারণে বাস করিল কেননা
১৮ তাহারা তাহারদের বিষয়ে ভীত ছিল কেননা যাহাকে
বাবেলের রাজা দেশের কর্ত্তা করিয়াছিল এমন যে
আহীকমের গদলীয়াহ পুত্র তাহাকে নতনীয়াহার যিশম
য়াল পুত্র বধ করিয়াছিল।

পর্ব্ব ৪২ পরে সকল সেনাপতিরা ও করেহার য়োহানন পুত্র ও
হোশয়াহার য়জনীয়াহ পুত্র ও আপামরসাধারণ
২ সকল লোকেরা নিকট আইল। ও যিরমীয়াহ ভবি
ষ্যদ্বক্তাকে এ কথা কহিল আমরা এই মিনতি করি
আমারদের প্রার্থনা তোমার গোচরে গৃহীত হওক
এবং তোমার ঈশ্বর যিহুহা আমারদের গন্তব্য পথ
ও আমারদের কর্ত্তব্য ক্রিয়া আমারদিগকে জানান
৩ এই জন্যে তুমি আপন ঈশ্বর যিহুহার কাছে আমার
দের বিষয়ে প্রার্থনা কর অর্থাৎ এ অবশিষ্ট সকল
লোকেরদের বিষয়ে কেননা আমরা যেমন তোমার চক্ষু
আমারদিগকে দেখে তেমনি অনেকহইতে অল্প অব
৪ শিষ্ট আছি। তখন যিরমীয়াহ ভবিষ্যদ্বক্তা তাহার
দিগকে কহিলে আমি তোমারদের কথা শুনিয়াছি দেখ

Digitized by Google

তোমারদের কথানুসারে আমি তোমারদের ঈশ্বর যিহুহার কাছে প্রার্থনা করিব এবং এমত হবে যিহুহা তোমারদিগকে যে কোন প্রত্যুত্তর দেন তাহা আমি তোমারদিগকে প্রকাশ করিব আমি তোমারদের হইতে
৫ কিছু লুকাইব না। তখন তাহারা যিরমীহাকে কহিল তোমার ঈশ্বর যিহুহা যে সকল বিষয়ে তোমাকে আমারদের নিকটে পাঠান আমরা যদি তদনুসারে না করি তবে যিহুহা সত্য ও বিশ্বস্ত সাক্ষী আমার
৬ দের মধ্যে হন। সে ভাল হওক কি মন্দ হওক আমরা যাহার কাছে তোমাকে পাঠাইয়া দি এমন যে আমারদের ঈশ্বর যিহুহা সেই আমারদের ঈশ্বর যিহুহার কথা যখন আমরা পালন করি তখন আমার দের মঙ্গল যে হয় এই জন্যে আমরা তাহার কথা পালন করিব।

৭ দশ দিনের পরে যিহুহার কথা যিরমীহার কাছে
৮ আইল তখন তিনি করার যোহানন পুত্রকে ও তাহার সঙ্গি সকল সেনাপতিকে ও আপামরসাধারণ সকল লোককে ডাকিলেন ও তাহারদিগকে এ কথা কহিলেন
৯ তোমরা আপনারদের যাচ্ঞা নিবেদন করিবার জন্যে যাহার নিকটে আমাকে পাঠাইলা এমন যে যিহুহা যিশরালের ঈশ্বর তিনি এ কথা কহেন যদি তোমরা
১০ এই অবধি এ দেশে থাকিবা তবে আমি তোমারদিগকে গাঁথিব ও তোমারদিগকে ভাঙ্গিব না এবং তোমারদিগকে রুপিব ও তোমারদিগকে উপড়াইব না কেননা আমি তোমারদিগকে যে মন্দ করিয়াছি তাহার বিষয়ে আমি

Digitized by Google

১১ পরামনন করি। যাহার বিষয়ে তোমরা ভয়াম্বিত
হইয়াছ এমন যে বাবেলের রাজা তাহাকে ভয় করিও
না যিহুহা কহেন তাহাকে ভয় করিও না কেননা
তোমারদিগকে নিস্তার করিতে ও তাহার হাতহইতে
১২ উদ্ধার করিতে আমি তোমারদের সঙ্গে আছি এবং সে
তোমারদিগকে দয়া করে ও তোমারদিগকে তোমার
দের দেশে ফিরিয়া লওয়ার এই জন্যে আমি তোমার
দের প্রতি দয়া প্রকাশ করিব।
১৩ কিন্তু আমরা এ দেশে বাস করিব না যদি তোমরা
১৪ এ কথা কহ এবং না কিন্তু আমরা যেখানে যুদ্ধ দেখি
ব না ও তুরীর শব্দ শুনিব না ও ভক্ষ্য দ্রব্যের অভাবে
ক্ষুধীও পাইব না এমন যে মিসর দেশ সেখানে
আমরা যাইব ও সেখানে বাস করিব এই কথা কহিয়া
যদি আপনারদের ঈশ্বর যিহুহার বাক্য না শুনিবা
১৫ তবে হে যিহোদার অবশিষ্ট লোকেরা তোমরা যিহুহার
কথা শুন। সৈন্যের যিহুহা যিশরালের ঈশ্বর এ
কথা কহেন যদি তোমরা মিসরে প্রবেশ করিতে ও সে
খানে বাস করিতে নিতান্ত আপনারদের মুখ রাখ
১৬ তবে এমত হইবে যে তলোয়ার তোমরা ভয় করিলা সে
তোমারদিগকে মিসরে ধরিবে ও যে আকালেতে
তোমরা ভীত হইয়াছিলা সে তোমারদের পাছে২
মিসরে দৌড়িয়া আসিবে ও সেখানে তোমরা মরিবা।
১৭ যে সকল লোক মিসরে যাইতে ও সেখানে বসতি
করিতে মুখ রাখে তাহারদের এ গতি হইবে তাহারা
তলোয়ার ও আকাল ও মড়কে মরিবে এবং আমি

Digitized by Google

যে অমঙ্গল তাহারদের ওপরে আনিব তাহারদের মধ্যে
কেহ তাহাহইতে অবশিষ্ট থাকিবে না ও তাহা এড়াই
১৮ বে না। কেননা সৈন্যের যিহুহা যিশরায়েলের ঈশ্বর
এ কথা কহেন আমার ক্রোধ ও প্রচণ্ড কোপ যিরোশা
লম নিবাসিরদের ওপরে যেমন ঢালা গিয়াছে তেমন
তোমরা মিসরে প্রবেশ করিলে আমার প্রচণ্ড কোপ
তোমারদের ওপরে ঢালা যাবে ও তোমরা অভিশাপ
ও চমৎকার ও অপমানের বস্তু হইবা এবং এ স্থান
আর কখন দেখিবা না।
১৯ হে যহোদার অবশিষ্ট লোকেরা যিহুহা তোমার
দের বিষয়ে এ কথা কহিয়াছেন তোমরা মিসরে
যাইও না আমি যে তোমারদিগকে অদ্য ওপদেশ করি
২০ য়াছি ইহা নিশ্চয় জ্ঞাত হও। কেননা যিহুহা
আমারদের ঈশ্বরের কাছে আমারদের কারণ প্রার্থনা
কর এবং যিহুহা আমারদের ঈশ্বর যাহা বলিবেন
তদনুযায়ি কথা আমারদের কাছে প্রকাশ কর ও
আমরা সে ক্রিয়া করিব এই কথা কহিয়া তোমরা
যখন আমাকে যিহুহা আমার দের ঈশ্বরের কাছে
পাঠাইলা তখন তোমরা আপন২ অন্তঃকরণে প্রতারনা
২১ করিলা। এবং আজি আমি তাহা তোমারদের কাছে
প্রকাশ করিয়াছি কিন্তু যিহুহা তোমারদের ঈশ্বরের
কথা কিম্বা যে কোন বিষয় তিনি তোমারদের নিকটে
আমাকে পাঠাইয়াছেন তাহার সে কোন বিষয় ও
২২ তোমরা মান নাই। অতএব তোমরা যে স্থানে
বাস করিবার জন্যে যাইতে ইচ্ছা কর সে স্থানে

Digitized by Google

তোমরা তলোয়ার ও আকাল ও মড়কে যে মরিবা ইহা
নিঃসন্দেহে জান।—

পর্ব যিহুহা তাহারদের ঈশ্বর যে কথা কহিবার
৪৩ নিমিত্তে যিরমীহাকে লোকেরদের কাছে পাঠাইয়াছি
লেন তিনি তাহারদের ঈশ্বর যিহুহার সে সকল কথা
অর্থাৎ এই সকল কথা তাহারদের কাছে কহিতে
২ সাঙ্গ করিলে পর এই মত হইল। হোশঈহার
পুত্র অজরীহা ও করীহার পুত্র যোহানন ও আর সকল
অহঙ্কারি মনুষ্যেরা যিরমীহাকে এ কথা কহিল তুমি
মিথ্যা কথা কহিতেছ মিসরে বাস করিবার জন্যে
সেখানে যাইও না যিহুহা আমারদের ঈশ্বর এ কথা
৩ কহিতে তোমাকে পাঠান নাই। কিন্তু কাশ্দীয়েরা
আমা দিগকে মারিয়া ফেলে কিম্বা বাবেলে আমার
দিগকে দাস পদে লইয়া যায় এই কারণ আমারদিগ
কে কাশ্দীরদের হাতে সমর্পণ করিবার নিমিত্তে
নরীহার পুত্র বারোক তোমাকে আমারদের বিরুদ্ধে
৪ করে। অতএব যে২ স্থানে তাহারা তাড়ান গিয়াছিল
সেই২ স্থানহইতে য়িহোদা দেশে বাস করিবার জন্যে
পরাবৃত্ত ছিল যে য়িহোদার অবশিষ্ট লোকেরা তাহার
৫ দিগকে অর্থাৎ মানুষেরা স্ত্রীরা বালকেরা রাজ
কুমারীরা ও নবূজর আদন জমাদার যাহারদিগকে
শাফানের অহীকমের পুত্রের গদলীহা পুত্রের কাছে
৬ সমর্পণ করিয়াছিল সে সকল লোকেরা ও যিরমীহা
ভবিষ্যদ্বক্তা ও নরীহার পুত্র বারোক এ সকলকে
করীহার পুত্র যোহানন ও আর২ সেনাপতিরা লইল

Digitized by Google

৭ এবং মিসর দেশে আইল কেননা তাহারা যিহুহার
কথা মানিল না অতএব তাহারা তহ্পনহেসে
আইল।—

৮ তখন যিহুহার এ বাক্য তহ্পনহেসে যিরমীহার
৯ কাছে আইল। তুমি আপন হাতে বড় পাথর
লও এবং ফারোআর যে বাড়ী তহ্পনহেসে আছে
তাহার প্রবেশস্থানের নিকটে যে পাজা আছে সে
খানে মৃত্তিকাতে য়িহোদার লোকেরদের গোচর
১০ তাহা গুপ্ত কর। ও তাহারদিগকে কহ সৈন্যের
যিহুহা যিশরালের ঈশ্বর এ কথা কহেন দেখ আমি
পাঠাইব ও আপন দাস বাবেলের নবকদরেসরার রাজা
কে লইব ও আমি যে পাথর গুপ্ত করিয়াছি তাহার
উপরে তাহার সিংহাসন বসাইব ও তিনি আপন
১১ রাজতাম্বু তাহার উপর উঠাইবেন। এবং তিনি আইলে
মিসর দেশ মারিবেন ও বধ্যেরদিগকে বধেতে ও
অন্য দেশে দাসত্বগ্রস্তব্যেরদিগকে অন্যদেশে দাস
ত্বেতে ও তলোয়ারে হন্তব্যেরদিগকে তলোয়ারেতে
১২ সমর্পণ করিবেন এবং মিসরের দেবেরদের মন্দিরেতে
আমি অগ্নি জ্বালাইব ও তিনি তাহারদিগকে দগ্ধ করি
বেন ও অন্যদেশে দাস পদে লইয়া যাইবেন ও রাখাল
যেমন আপন কাপড় পরে তেমনি আপনাকে মিসর
দেশেতে পরিহিত করিবেন ও সেখানহইতে যুদ্ধ
১৩ রহিত হইয়া যাবেন তিনি মিসর দেশীয় বীতশমশের
প্রতিমারদিগকেও ভাঙ্গিয়া ফেলিবেন ও মিসরীয়ের
দেব দেবেরদের মন্দির অগ্নিতে দগ্ধ করিবেন।—


Digitized by Google

পর্ব্ব ৪৪ যিস্রের সমস্ত দেশে বাস করে অর্থাৎ মগদলে
ও তফনিষে ও নফে ও পাত্রোসদেশে বাস
করে যে সকল য়িহোদীয়া তাঁহারদের বিষয়ে যে
২ কথা যিরমীয়ার কাছে আইল সে এই। সৈন্যের
যিহুহা যিশরায়েলের ঈশ্বর এ কথা কহেন আমি যে
অমঙ্গল যিরোশালমের ও য়িহোদার সকল নগরের
উপরে আনিয়াছি সে সকল তোমরা দেখিয়াছ ও
দেখ তাহারা ধূপ পোড়াইতে ও তাহারা অর্থাৎ
তাহারা তোমরা কিম্বা তোমারদের পিতৃলোকেরা
৩ য়িহোদারদিগকে জানিল না এমন যে ইতর ঈশ্বরেরা
তাহারদের সেবা করিতেও গিয়াছে তাহাতে আমাকে
ক্রুদ্ধ করিতে যে দুষ্ক্রিয়া করিয়াছে তাহার কারণে
অদ্যাই তাহারা অরণ্য হইয়াছে ও কেহ তাহার
৪ মধ্যে বাস করে না। কিন্তু আমি মহাদয়া করি
এমন যে এ ঘৃণার্হ ক্রিয়া তাহা করিও না এই কথা কহিয়া
আমি প্রত্যুষে উঠত ও প্রেরণ করত আপন ভবি
ষ্যদ্বক্তা সকল সেবকেরদিগকে তোমারদের কাছে
৫ পাঠাইলাম। কিন্তু তাহারা শুনিল না এবং ইতর
ঈশ্বরেরদের উদ্দেশে ধূপ না পোড়ান এই কারণ
আপন২ দুষ্টতাহইতে পরাঙ্মুখ হওয়ার কারণ কর্ণ
৬ পাতিলও না। সে কারণ আমার প্রচণ্ড কোপ ও
আমার ক্রোধ তাহারদের উপরে ঢালা গিয়াছিল এবং
য়িহোদার নগরে ও যিরোশালমের রাস্তাতে জ্বলন
গেল এবং যেমন অদ্য হইয়াছে তেমন তাহারা ক্ষয়
৭ প্রাপ্ত ও নরশূন্য হইল। অতএব সৈন্যের যিহুহা

Digitized by Google

যিশরায়েলের ঈশ্বর এ কথা কহেন তোমরা আপনারদিগ
কে উচ্ছিন্ন কর ও পৃথিবীর সকল দেশীয় লোকেরদের
মধ্যে অভিশাপ ও অপমানের বস্তু হও এই নিমিত্তে
৮ যেখানে বাস করিতে গিয়াছ এমন যে মিসর তাহাতে
ইতর ঈশ্বরেরদের উদ্দেশে ধূপ পোড়াইয়া তোমরা
আপনারদের হস্তকৃত বস্তুতে আমাকে ক্রুদ্ধ কর
তাহাতে তোমরা য়িহোদাহইতে পুরুষ ও স্ত্রী ও বালক
ও স্তনপায়ী বালককে উচ্ছিন্ন করিতে ও আপন অবশিষ্ট
কাহাকেও না রাখাইতে আপনারদের প্রাণের বিরুদ্ধে
৯ কেন এ বড় পাপ কর ? য়িহোদা দেশে ও যিরোশালমের
রাস্তাতে যাহা তাহারা করিয়াছে এমন যে তোমারদের
পিতৃলোকেরদের দুষ্টতা ও য়িহোদার রাজারদের দুষ্টতা
ও তাহারদের স্ত্রীরদের দুষ্টতা ও তোমারদের দুষ্টতা
ও তোমারদের স্ত্রীরদের দুষ্টতা তোমরা কি তাহা
১০ বিস্মৃত হইয়াছ ? তাহারা আজি পর্য্যন্ত বিনীত নয় ও
তাহারা ভয়ও করে নাই এবং আমি আপন যে শাস্ত্র ও
ব্যবস্থা তোমারদের গোচরে ও তোমারদের পিতৃলো
কেরদের গোচরে রাখিয়াছি তাহাতে আচরণও করে
না।—

১১ অতএব সৈন্যের যিহূহা যিশরায়েলের ঈশ্বর এ কথা
কহেন দেখ অমঙ্গলের নিমিত্তে সকল য়িহোদাকে
উচ্ছিন্ন করিবার কারণ আমি আপন মুখ তোমার
১২ দের বিপরীতে রাখিব। এবং মিসরে বাস
করিবার কারণ সেখানে যাইতে মুখ রাখিয়াছে যে
য়িহোদার অবশিষ্ট লোকেরা তাহারদিগকে আমি

Digitized by Google

হইব এবং তাহারা সকলে মিসর দেশে ক্ষয়প্রাপ্ত
হইবে এবং তলোয়ার ও আকালেতে নষ্ট হইবে
তাহারা ছোট অবধি বড় পর্য্যন্ত তলোয়ার ও
আকালেতে মরিবে তাহারা অভিশাপ ও চমৎকার ও
১৩ শাপ ও অপমানের বস্তু হইবে। কেননা যেমন
আমি তলোয়ারেতে ও আকালেতে ও মড়কেতে
যিরোশলমকে দণ্ড দিয়াছি তেমনি যাহাতে বাস
করিবার জন্যে ফিরিয়া আসিতে তাহারদের ইচ্ছা
১৪ আছে এমন যে যিহোদা দেশ তাহাতে ফিরিয়া না
আইসে এই নিমিত্তে মিসরে বাস করিবার কারণ
সেখানে গিয়াছে যে যিহোদার অবশিষ্ট লোকেরা
তাহারদের মধ্যে কেহ যাহাতে বাঁচে না ও অবশিষ্ট
থাকে না এমন শাস্তি আমি মিসরনিবাসির দিগকে
দিব। কেননা পলাতকেরদের ব্যতিরেক কেহ ফিরিয়া
আসিবে না।—

১৫ তখন আপনারদের স্ত্রীরা যে ইতর ঈশ্বরেরদের
উদ্দেশে ধূপ পোড়াইয়াছিল ইহা জানিল যে সকল
পুরুষেরা তাহারা এবং নিকটে দাঁড়াইল যে স্ত্রীরা তাহারা
অতিশয় জনতা অর্থাৎ মিসর দেশে পাত্রোসে বাস
করিল যে সকল লোক তাহারা এই কথা কহিয়া যির
১৬ মীয়াকে প্রত্যুত্তর দিল। যিহোহার নামে তুমি যে
কথা আমারদিগকে কহিয়াছ সে বিষয়ে আমরা
১৭ তোমার কথা শুনিব না। কিন্তু আমরা ও আমার
দের পিতৃলোকেরা ও আমারদের রাজারা ও
আমারদের অধ্যক্ষেরা যিহোদার নগরে ও যিরোশল

Digitized by Google

যের রাস্তাতে যেরূপ করিয়াছি তদ্রূপ স্বর্গের রাণীর
উদ্দেশে ধূপ পোড়াইতে ও তাহার উদ্দেশে পানীয়
উৎসর্গ করিতে আপনারদের মুখহইতে যাহা নিঃসরে
তাহা আমরা অবশ্য করিব কেননা তখন আমারদের
যথেষ্ট ভক্ষ্য দ্রব্য ছিল ও আমরা ভাল থাকিলাম ও
১৮ কিছু অমঙ্গল দেখিলাম না। কিন্তু যে অবধি আমরা
স্বর্গের রাণীর উদ্দেশে ধূপ পোড়াইতে ও পানীয়
নৈবেদ্য ঢালিতে ছাড়িয়াছি সে অবধি আমারদের
সকল বস্তুর অভাব হইল এবং আমরা তলোয়ার ও
১৯ আকালেতে নষ্ট করা গিয়াছি। আমরা যখন স্বর্গের
রাণীর উদ্দেশে ধূপ পোড়াইলাম ও তাহার উদ্দেশে
পানীয় দ্রব্য ঢালিলাম তখন কি আপনারা পুরুষ ব্যতিরে
কে আমরা তাহার ভজনার নিমিত্তে তাহার মূর্ত্তি বানা
ইলাম ও তাহার উদ্দেশে পানীয় বস্তু ঢালিলাম।
২০ তখন যিরমীয় সে সকল লোককে অর্থাৎ তাহাকে
সে প্রত্যুত্তর দিয়াছিল যে সকল পুরুষ ও স্ত্রী ও সকল
২১ লোক তাহারদিগকে এ কথা কহিল। য়িহুদার নগরে
ও যিরোশালমের রাস্তাতে তোমরা অর্থাৎ তোমরা
ও তোমারদের পিতৃলোকেরা ও তোমারদের রাজারা
ও তোমারদের অধ্যক্ষেরা ও দেশের লোকেরা যে ধূপ
২২ পোড়াইল য়িহুহা যাহাতে তোমারদের ক্রিয়ার
দুষ্টতাতে ও তোমারদের কৃতঘৃণার্হ কার্য্যেতে আর
সহিতে না পারিলেন য়িহুহা কি তাহা তেমনি মনে
করিলেন না। তাহা কি তাঁহার মনে আইল না? সে
কারণ তোমারদের দেশ যেমন আজি হইয়াছে তেমনি

Digitized by Google

অরণ্য ও চমৎকার ও শাপস্থ নিবাসী রহিত বন
২৩ হইয়াছে। তোমরা ধূপ পোড়াইয়াছ ও যিহোবার
বিরুদ্ধে পাপ করিয়াছ ও যিহোবার কথা অবধান না
করিয়াছ ও তাঁহার শাস্ত্র কিম্বা ব্যবস্থা কিম্বা সাক্ষ্য
কথা আচরণ না করিয়াছ এই কারণ যেমন অদ্য
দেখা যায় তেমন এ অমঙ্গল তোমা দিগকে ঘটিয়াছে।
২৪ যিরমীয়াহ সকল লোককে ও সকল স্ত্রীকে এ কথাও
কহিলেন হে মিসর দেশস্থ সকল যেহোদীরা তোমরা
২৫ সৈন্যের যিহোবা ইস্রায়েলের ঈশ্বর এ কথা কহেন
স্বর্গের রাণীর উদ্দেশে ধূপ পোড়াইতে ও তাহার
উদ্দেশে পানীয় নৈবেদ্য ঢালিতে আমরা যে মানস
করিয়াছি তাহা আমরা অবশ্য পূর্ণ করিব এই কথা
তোমরা ও তোমারদের ভার্য্যারা মুখেতে কহিয়াছ ও
হাতেতে পূর্ণ করিয়াছ। তোমরা আপনারদের
মানস অবশ্য পূর্ণ করিবা ও আপনারদের মানত করিবা
২৬ যিহোবার কথা শুন যিহোবা কহেন দেখ আমি আপন
মহা নাম লইয়া শপথ করিয়াছি যে যিহোবা পরমেশ্বর
জীবৎ এ কথা কহিয়া আমার নাম মিসর দেশস্থ
কোন যেহোদীয় মানুষের মুখেতে আর কখন কহা
যাবে না।
২৭ অতএব দেখ আমি তাহারদের উপরে অমঙ্গলের
নিমিত্তে চৌকি রাখিব এবং মঙ্গলের নিমিত্ত নয়
এবং মিসর দেশে যেহোদার যত মানুষেরা আছে
তাহারা যে পর্য্যন্ত তাহারদের নিঃশেষ হয় সে পর্য্যন্ত
তলোয়ার ও আকাল ও মড়কেতে বিনষ্ট হইবে।

Digitized by Google

44 চতুশ্চত্বারিংশত্তি পর্ব্ব যিরমীয়ার ভবিষ্যদ্বাক্য।

২৮ কিন্তু তলোয়ার এড়ায় যে অত্যল্প লোকেরা তাহারা মিসর হইতে যাহারা দেশে ফের আসিবে এবং কাহার কথা স্থির হবে অর্থাৎ আমার কিম্বা তাহারদের ইহা মিসর দেশে বাস করিবার কারণ সেখানে গিয়াছে যে যিহোদার অবশিষ্ট লোকেরা তাহারা জানিবে।

২৯ যিহবা কহেন অমঙ্গলের জন্যে যে আমার কথা তোমারদের বিপরীতে অবশ্য স্থির হইবে তোমরা ইহা অবগত হও এই জন্যে আমি যে এ স্থানে তোমার দিগকে শাস্তি দিব ইহা তোমারদের এক চিহ্ন হইবে। যিহবা এ কথা কহেন দেখ মিসরীহার প্রাণ মারিতে চেষ্টা করিল যে তাহার শত্রু বাবেলের নবকদ্রেসার রাজা তাহার হাতে আমি যেমন যিহোদার সিদকীয়া রাজাকে সমর্পন করিলাম তেমনি যাহারা তাহার প্রাণ মারিতে চেষ্টা করে তাহারদেরও তাহার শত্রুরদের হাতে আমি মিসরের ফারোঅ খফরাকে সমর্পন করিব।

পর্ব্ব যিহোদার যোশীয়া রাজার যিহোয়াকিম পুত্রের চতুর্থ
৪৫ বৎসরে যখন নীহার পুত্র বারোক এই কথা পুস্তকে যিরমীয়ার মুখে লিখিয়াছিল তৎকালে যিরমীয়া ভবিষ্যদ্বক্তা যে কথা তাহাকে কহিল
২ সে এই। হে বারোক যিহবা যিশরায়েলের ঈশ্বর
৩ তোমাকে এ কথা কহেন। তুমি ইহা কহিয়াছ হায় আমার কেননা যিহবা আমার দুঃখের উপরে শোক দিয়াছেন আমি আপন নিশ্বাসে আতাতে

৪ মুচ্ছিত ছিলাম এবং কিছু বিশ্রাম পাই নাই। তুমি তাহাকে এ কথা কহ যিহুহা এ কথা কহেন দেখ আমি যাহা গাঁথিয়াছি তাহা ভাঙ্গিয়া ফেলিব ও যাহা আমি রুপিয়াছি তাহা আমি উপড়াইব অর্থাৎ এ

৫ সমস্ত দেশ। এবং তুমি কি আপনার কারণ বড় বিষয় চেষ্টা করিতেছ? তাহা চেষ্টা করিও না কেননা যিহুহা কহেন দেখ আমি সকল প্রাণিরদের উপরে অমঙ্গল আনিব কিন্তু তুমি যে স্থানে যাও সে সকল স্থানে আমি শিকারের ন্যায় তোমার প্রাণ তোমাকে দিব।—

অধ্যা যিহুহার যে বাক্য অন্য দেশীয়েরদের বিপরীতে
১ ৪৬ যিরমীহা ভবিষ্যদ্বক্তার কাছে আইল অর্থাৎ মিসরের
২ বিপরীতে ও যহোদার য়াশীহা রাজার যিহোয়াকিম পুত্রের চতুর্থ বৎসরে যাহা বাবেলের নবকদ্রাসের রাজা মারিল এমন যে মিসরের ফারোআ নকো রাজার যে সৈন্য ফরাত নদীর নিকটে করকমেশে ছিল তাহার
৩ বিপরীতে। তোমরা চর্ম্ম ও ঢাল প্রস্তুত কর ও যুদ্ধ
৪ করিবার কারণ নিকটে আইস। ঘোড়ারদিগকে সজ্জন কর হে সোয়ারিরা ওঠ টোপর পরিয়া সম্মুখে দাঁড়াও
৫ বর্চ্ছিকে চকচক কর বর্ম্ম পর। আমি তাহারদিগকে ভীত ও পরাবৃত কেন দেখিয়াছি? তাহারদের বলবা নেরা মারা পড়িয়াছে ও অতি বেগে পলাইয়াছে ও মুখ পাছে ফিরায় নাই কেননা যিহুহা কহেন চতু
৬ র্দিকে ভয় ছিল। কোথাও পলাইয়া না যাওক পরা ক্রমশালীও পলাইয়া না যাওক তাহারা উছোট খাই

বে এবং ফরাত নদীর নিকটে উত্তর দিগে পড়িবে।
৭ বন্যার ন্যায় উঠিয়া আসিতেছে যে এই ও যাহার জল
৮ নদীর ন্যায় আলোড়িত হয় সে কে? মিস্রর বন্যার
ন্যায় উঠে ও তাহার জল নদীর মত আলোড়িত হয়।
সে ইহা বলে আমি যাইয়া পৃথিবীকে ঢাকিব আমি
৯ নগর ও নিবাসিরদের সুদ্ধ নষ্ট করিব। হে
অশ্বেরা তোমরা আইস হে রথেরা তোমরা অবেগে
চৌক বলবানেরা অর্থাৎ কূশ ও চর্ম্মধারী ফোটীয়েরা
এবং ধনুর্দ্ধর ও ধনুকে চাড়া দেয় যে লোদীয়েরা
১০ বাহিরে আইসুক। কেননা সৈন্যের যিহুহা
পরমেশ্বর আপন বৈরিরদিগকে প্রতিফল দেন এই
জন্যে এই তাঁহার দিন অর্থাৎ প্রতিফলদায়ী দিন এবং
তলোয়ার খাইয়া খেদিবে সে তাহারদের রক্তেতে
তৃপ্ত ও মত্ত করা যাইবে কেননা উত্তর দেশে ফরাত
নদীর নিকটে সৈন্যের যিহুহা পরমেশ্বরের এক
১১ যজ্ঞ হইয়াছে। হে কন্যা মিস্‌রের কুমারী তুমি
গিলিয়দে যাও ঔষধ লও তুমি অনেক ঔষধ বৃথা
১২ সেবন করিবা কেননা তোমার স্বাস্থ্য হবে না। অন্য
দেশীয়েরা তোমার অপমানের বিষয়ে শুনিয়াছে ও
তোমার চেঁচান দেশকে পূর্ণ করিয়াছে কেননা পরা
ক্রান্ত মানুষ পরাক্রান্ত মানুষের উপরে উচোট খাই
য়াছে ও দুই একত্র পড়িয়াছে।

১৩ বাবেলের নবকদরাসোর রাজা যে আসিবে ও মি
স্‌র দেশকে মারিবে তাহার বিষয়ে যে কথা যিহুহা
যিরমীহা ভবিষ্যদ্বক্তাকে কহিলেন সে এই। ১৪

Digitized by Google

১৪ মিসরে প্রকাশ কর মগ্‌দোলে ঘোষণা কর এবং
নোফে ও তাহ্‌পনহেসে ঘোষণা কর এবং সুস্থিত হও
আপনাকে প্রস্তুত কর কেননা তলোয়ার তোমার
১৫ চতুর্দ্দিগে খাইয়া ফেলিবে ইহা কহ। তোমার
বলবান লোকেরা কেন কাটান গিয়াছে? তাহারা স্থির
ছিল না কেননা যিহোবা তাহারদিগকে তাড়িয়া
১৬ দিলেন। তিনি অনেককে পতিত করিলেন তাহারা
এক জন আর এক জনের উপরে পড়িল তাহারা
কহিল উঠ আমরা দারুণ তলোয়ারহইতে পুনর্ব্বার
আপনারদের লোকে ও আপনারদের জন্ম
১৭ দেশে যাই। মিসরের ফারোয়া রাজা
শব্দমাত্র সে নিরূপিত কাল লঙ্ঘিয়াছে সেখানে
১৮ তাহারা এই কথা কহিয়া ডাকিল। যাহার নাম
সৈন্যের যিহোবা এমন যে রাজা তিনি এ কথা কহেন
আমি যদি জীবৎ হই তবে যেমন তাবোর পর্ব্বতের
দের মধ্যে আছে ও যেমন করমল সমুদ্রের নিকটে
১৯ আছে তেমন অবশ্য সে আসিবে। হে মিসর
নিবাসিনী কন্যা তুমি অন্য দেশে দাসপনে যাবার
কারণে আপনাকে সসজ্জ কর কেননা নোফ অরণ্য ও
২০ বাসিহীনরূপে শূন্য হবে। মিসর অতি সুন্দরী
গাভী সর্ব্বনাশ আসিতেছে সে উত্তর দেশহইতেই
২১ আসিতেছে। তাহার ভাড়া লওয়া লোকেরা তাহার
মধ্যে পুষ্ট বলদেরদের মত থাকে কেননা তাহারাও
পরাবৃত্ত হইয়াছে ও একত্র পলাইয়া গিয়াছে তাহারা
স্থির ছিল না কেননা তাহারদের দুর্দ্দশা কাল তাহার

Digitized by Google

দের ওপরে আগত ছিল অর্থাৎ তাহারদের দণ্ড
২২ পাওয়া কাল। তাহার শব্দ সর্পের শব্দের মত
নিঃসরিবে কেননা তাহারা সসৈন্যে গমন করিবে
২৩ এবং কাষ্ঠ ছেদকেরদের মত কুড়ালি লইয়া তাহার
বিপরীতে আসিবে য়িহুহা কহেন তাহার বন যদি
গণনা করা যাইতে পারে না তথাপি তাহারা তাহা
কাটিয়া ফেলিবে কেননা তাহারা ফড়িংহইতে অনেক
২৪ এবং অগণ্য। মিসরের কন্যা দবরান হইয়া
যাইবে সে ওত্তর দেশীয় লোকেরদের হাতে সমর্পিত
২৫ হইবে। সৈন্যের য়িহুহা য়িশরালের ঈশ্বর এ
কথা কহেন দেখ আমি নোর সকল জনতাকে ও
ফারোঔকে ও মিসরকে তাহারদের দেবেরদের ও
রাজারদের সুদ্ধ অর্থাৎ ফারোঔকে ও তাহার সকল
২৬ শরণাগতেরদিগকে শাস্তি দিব। এবং যাহারা
তাহারদের প্রাণ মারিতে চেষ্টা করে তাহারদের হাতে
ও বাবেলের নবকদ্রাস্পের রাজার হাতে ও তাহার
দাসেরদের হাতে আমি তাহারদিগকে সমর্পণ করিব
য়িহুহা কহেন তাহার পর সে পূর্ব্ব কালের মত
নিবাসিত হইবে।

২৭ কিন্তু হে আমার যাকুব দাস তুমি ভয় করিও না
এবং হে য়িশরাল তুমি ভয়াপন্ন হইও না কেননা
দেখ আমি অতি দূরহইতে তোমাকে ও তাহার
দের দাসত্বগ্রস্ত দেশহইতে তোমার সন্তানের
দিগকেও নিস্তার করিব যাকুব ফিরিয়া আসিবে ও
শান্তিতে ও বিশ্রামে থাকিবে ও কেহ তাহাকে ভয়

Digitized by Google

২৮ দেখাইবে না। যিহূহা কহেন হে আমার ঘাঁকুব
দাস তুমি ভয় করিও না কেননা আমি তোমার সঙ্গী
আছি যেং দেশে আমি তোমারদিগকে খেদাইয়া
দিয়াছি সেং দেশীয়েরদের সম্পূর্ণ শেষ আমি করিব
কিন্তু তোমার সম্পূর্ণ শেষ করিব না কেবল পরিমাণের
মত তোমাকে শাস্তি দিব কিন্তু শাস্তি ব্যতিরেকে
আমি তোমাকে ছাড়িব না।—

পর্ব্ব ফারোআর অজা মারিবার পূর্ব্বে যিহূহার যে
৪৭ বাক্য পলশতীয়েরদের বিপরীতে যিরমীহা ভবিষ্যদ্ব
ক্তার কাছে আইল সে এই।—

২ যিহূহা এ কথা কহেন দেখ জল উত্তর দেশহইতে
উঠে এবং উথলান বন্যা হইবে এবং দেশ ও তাহার
মধ্যে যত এবং নগর ও তন্নিবাসিরদিগকে আপ্লাবিত
৩ করিবে। তখন মনুষ্যেরা ক্রন্দন করিবে ও দেশের
সকল নিবাসিরা আর্ত্তস্বর করিবে। সকল পলশ
তীয়েরদিগকে নষ্ট করিতে এবং সোর ও সীদনহইতে
প্রত্যেক অবশিষ্ট উপকারিকে উচ্ছিন্ন করিতে আসিতে
৪ ছে যে দিন সে দিনের কারণে তাহার বলবান ঘোড়ার
দের খুরের ভূমি মারার শব্দেতে ও তাহার রথের
দৌড়াদৌড়িতে ও তাহার চক্রের গর্জ্জনেতে পিতারা
হস্তের দৌর্ব্বল্য প্রযুক্ত আপন বালকেরদের প্রতি
তাকাবে না কেননা যিহূহা পলশতীয়েরদিগকে অর্থাৎ
কপ্তোর দেশের অবশিষ্টেরদের নাশ করিবেন।
৫ টাকপড়া অজার উপরে আসিয়াছে আস্কলোন তাহার
দের মাঠের অবশিষ্টেরদের সুদ্ধ উচ্ছিন্ন হইয়াছে

Digitized by Google

৬ আপনাকে তুমি কত কাল কাটিবা ?। হে যিহুহার
তলোয়ার তোমার শান্তি হওয়ার পূর্ব্বে কত কাল
হইবে ? আপনি আপন তরবকোশে প্রবেশ কর থাক
৭ শান্ত হও। আস্কলোন ও সমুদ্রের তীরের বিষয়ে
যিহুহা তাহাকে আজ্ঞা করিয়াছেন অতএব সে কেমনে
শান্ত হইবে। তিনি সেখানে তাহা নিযুক্ত করি
য়াছেন।—

পর্ব্ব মোয়াবের বিপরীতে সৈন্যের যিহুহা যিশ্রায়েলের
৪৮ ঈশ্বর এ কথা কহেন হায়২ নবো কেননা সে নষ্ট হই
য়াছে করীতায়িম নবক্কাণ হইয়াছে ও ধরা গিয়াছে
২ মশগাব ব্যাকুল ও ভয়ার্ত্ত হইয়াছে। মোয়াবের
আর প্রশংসা হইবে না। হিশবোনে তাহারা তাহার
বিরুদ্ধে মন্দ করিতে পরামর্শ করিয়াছে আইস
আমরা তাহার দেশসমূহ হওয়ার ছেদন করি হে
মাদমেন তুমিও উচ্ছিন্ন হইবা তলোয়ার তোমাকে তাড়িয়া
৩ দিবে। হোরোনয়িমহইতে ক্রন্দনের শব্দ সর্ব্বনাশ
৪ ও মহা ভঙ্গ শব্দ। মোয়াব নষ্ট হইয়াছে তাহার
৫ ক্ষুদ্র বালকেরা ক্রন্দন শুনাইয়াছে। কেননা
লূহীতের উঠিবার পথে নিত্য ক্রন্দন ঊর্দ্ধ্বগমন
করিবে কেননা হোরোনয়িমের নামো যাওনের পথে
৬ শত্রুরা নাশের শব্দ শুনিয়াছে। পলাও আপন২
প্রাণ রক্ষা কর বনে মুড়া বৃক্ষের মত হও।—
৭ তুমি আপন ক্রিয়াতে ও আপন ধনেতে বিশ্বাস করি
য়াছ অতএব তুমিও ধরা যাইবা কমোশ তাহার যাজ
কেরদের ও অধ্যক্ষেরদের সুদ্ধ অন্য দেশে বাসপদে

Digitized by Google

৮ যাইবে। এবং নাশকর্ত্তা প্রত্যেক নগরের উপরে আসিবে ও কোন নগর বাঁচিবে না ও য়িহুহা যেমন কহিয়াছেন তেমনি অধোভূমি নষ্ট হবে ও মাঠ
৯ সংহৃত হবে। মোয়াব উড়িয়া পলায় এই জন্যে তাহাকে পাখা দেও কেননা তাহার নগর সর্ব্বশূন্য ও
১০ নিবাসিব্যতিরেক হইবে। যে জন প্রতারণারূপে য়িহুহার ক্রিয়া করে সে পাপগ্রস্ত ও যে জন আপন তলোয়ারকে রক্তপাত করিতে বারণ করে সেও পাপ
১১ গ্রস্ত। মোয়াব আপন যুবাকালাবধি সুখে আছে ও আপন গাদের উপরে বসিয়াছে ও এক পাত্রহইতে অন্য পাত্রে ঢালা না গিয়াছে এবং অন্য দেশে দাস পদেও না গিয়াছে অতএব তাহার রস তাহার মধ্যে থাকে ও তাহার গন্ধ অন্য প্রকার হয় নাই।
১২ অতএব য়িহুহা কহেন দেখ তাহাকে ভ্রমণ করাইবে এমন যে ভ্রমণকারিরা তাহারদিগকে আমি তাহার নিকট যখন পাঠাইব এমন দিন আসিতেছে এবং তাহারা তাহার পাত্র শূন্য করিবে ও তাহারদের কুপা ভিন্ন ভিন্ন ভাঙ্গিবে।
১৩ য়িশ্রায়েলের বংশ যেমন আপন বিশ্বাসপাত্রেতে অর্থাৎ বীতেলেতে লজ্জিত ছিল তদ্রূপে মোয়াব
১৪ কমোশপ্রযুক্ত লজ্জিত হইবে। আমরা বলবান আমরা যুদ্ধের উপযুক্ত লোক তোমরা কেমন করিয়া এ কথা
১৫ কহ? মোয়াব নাশিত হইয়াছে এবং আপন নগর হইতে গিয়াছে তাহার মনোনীত যুবরা হত হবার কারণ গিয়াছে যাহার নাম সৈন্যের য়িহুহা এমন যে
১৬ রাজা তিনি এ কথা কহেন। মোয়াবের দুর্দশা

Digitized by Google

আসিতে উদ্যত আছে তাহার দুঃখ শীঘ্র আসিতেছে।
১৭ তাহার চতুর্দ্দিগে যে তোমরা তাহার বিষয়ে বিলাপ
কর তাহার নাম জান যে তোমরা দৃঢ় লাঠি ও সুন্দর
১৮ দণ্ড কেমনে ভাঙ্গিয়াছে? এই কথা কহ। হে দীবোন
নিবাসিনী কন্যা যে তুমি আপন ঐশ্বর্য্য হইতে নামিয়া
তৃষ্ণাতুর হইয়া বস কেননা মোয়াবের নাশক তোমার
উপরে আসিবে সে তোমার দৃঢ় গড় নষ্ট করিবে।
১৯ হে অরোয়ের নিবাসিনী তুমি পথে দাণ্ডাইয়া দেখ এবং
যে জন পলায় তাহাকেও যে এড়িয়া যায় তাহাকেও
জিজ্ঞাসা কর এবং কি করা গিয়াছে? এই কথা কহ।
২০ মোয়াব ঘবরান হইয়াছে কেননা সে ভাঙ্গিয়া গিয়াছে
আর্ত্তস্বর কর ও ক্রন্দন কর মোয়াব যে নাশিত হই
২১ য়াছে এই কথা আর্ণোনে প্রকাশ কর। সমান
২২ দেশহইতে হোলোন ও যিহসু ও মোফাত ও দীবোন
২৩ ও নবো ও বীত্দিবলাথীম ও কিরিয়াথীম ও বীত্গামূল
২৪ ও বীত্মিয়োন ও করীওত ও বস্রা ও দূরস্থ কিম্বা
নিকটস্থ মোয়াবের সকল নগরের উপরে দণ্ড দেয়া
২৫ আসিয়াছে। যিহোবা কহেন মোয়াবের শৃঙ্গ
উচ্ছিন্ন হইয়াছে তাহার ভুজ ভগ্ন হইয়াছে।
২৬ তোমরা তাহাকে মত্ত কর কেননা সে আপনাকে
যিহোবার বিপরীতে বড় করিয়াছে। মোয়াব আপন
বান্তিতে গড়াগড়ি দিবে এবং সেও অপমানিত
২৭ হইবে। কেননা যিশ্রায়েল তোমার প্রতি কি পরিহাস
ছিল না? সে কি চোরেরদের মধ্যে ধরা গেল?
কেননা তুমি তাহার বিষয়ে কহিয়াছ সেই সময়

Digitized by Google

২৮ সে কারণবশ্যি তুমি উল্লাসেতে নৃত্য করিয়াছ। হে
মোয়াব নিবাসিরা তোমরা নগর ত্যাগ কর ও পর্ব্বতে
বাস কর এবং গর্ত্তের মুখের পার্শ্বে আপন বাসা
২৯ করে যে কপোত তাহার মত হও। মোয়াবের
অহঙ্কারের কথা আমরা শুনিয়াছি সে বড়ই
অহঙ্কারী তাহার গর্ব্বের ও তাহার অহঙ্কা
রের ও ফুলনের বিষয়ক কথাও আমরা
৩০ শুনিয়াছি। যিহোবা কহেন আমি তাহার ক্রোধ
জানি কিন্তু সে তেমন হবে না তাহার পুভাব সে
৩১ মত তাহা সিদ্ধ করিবে না অতএব আমি মোয়াবের
বিষয়ে আর্ত্তস্বর করিব আমি সমুদায় মোয়াবের
কারণ ক্রন্দন করিব আমার মন কীরহেরশের
৩২ লোকেরদের বিষয়ে শোক করিবে। হে শব
মার দ্রাক্ষা লতা আমি যিঅজরের ক্রন্দনের দ্বারা
তোমার বিষয়ে ক্রন্দন করিব তোমার কলম সমুদ্রের
পারে গিয়াছে তাহারা যিঅজরের সমুদ্র পর্য্যন্ত
স্পর্শ করে নাশক তোমার গ্রীষ্ম কালের ফল ও
তোমার দ্রাক্ষা ফসলের উপরে পড়িয়াছে।
৩৩ এবং ফলবান ক্ষেত্রহইতে ও মোয়াবহইতে আনন্দ
ও হর্ষ নীত হইয়াছে। আমি চাপে দ্রাক্ষা রসের
অভাব করিয়াছি কেহ হর্ষনাদেতে চাপ দলিবে না
৩৪ হর্ষনাদ যে সে হর্ষনাদ হইবে না। নিম্রয়ের
জল অরণ্য হইবে সে কারণ হিশবোনের ক্রন্দনাবধি
আলিয়ালী পর্য্যন্ত এবং যিহসও পর্য্যন্ত তাহারা
আপনাং শব্দ প্রকাশ করিয়াছে এবং সোয়রহইতে

Digitized by Google

গারনীয পর্য্যন্ত তাহারা তিন বৎসরের গরুর মত
৩৫ শব্দ করিয়াছে। যিহুহা ইহাও কহেন পিঁড়িতে উৎ
সর্গ করে ও আপন দেবেরদের উদ্দেশে ধূপ
পোড়ায় যে জন তাহাকে আমি মোয়াবে লোপ করিব।
৩৬ অতএব মোয়াবের বিষয়ে আমার মন বাঁশির ন্যায়
শব্দ করিবে ও কীরহেরশের লোকেরদের বিষয়ে
আমার অন্তঃকরণ বাঁশির ন্যায় শব্দ করিবেক কেননা
৩৭ সে যে ধন পাইয়াছে তাহা নষ্ট হইয়াছে। কেননা
প্রত্যেক মাথা টাকপড়া ও প্রত্যেক দাড়ি ছিন্ন হইবে
সকল হাতের উপরে ছেদন ও সকল কোমরে চট
৩৮ হইবে। যিহুহা কহেন মোয়াবের সকল ঘরের ছাতের
উপরে ও তাহার রাস্তাতে বিলাপ সর্ব্বত্র হইবে কেননা
যে পাত্রে কিছু তুষ্টি নাই এমন কোন পাত্রের মত আমি
৩৯ মোয়াবকে ভাঙ্গিয়াছি। সে কেমনে ভাঙ্গা গিয়াছে।
মোয়াব সলজ্জ হইয়া কেমনে পিঠ সম্মুখে ফিরাই
য়াছে? এইং কথা কহিয়া তাহারা আর্ত্তস্বর করিবে।
এ প্রকারে আপন চতুর্দ্দিগস্থ লোকেরদের প্রতি মোয়াব
৪০ পরিহাস্য ও ভয়ানক হইবে। কেননা যিহুহা এ
কথা কহেন দেখ সে নশর পক্ষির মত উড়িবে এবং
৪১ মোয়াবের উপরে আপন পাখা বিস্তীর্ণ করিবে। করী
ওত ধরা গিয়াছে ও দৃঢ় গড় সকল অকস্মাৎ শত্রু
গ্রস্ত হইয়াছে ও সে সময়ে মোয়াবে যত বলবান
লোক তাহারদের অন্তঃকরণ প্রসব ব্যথাতে ব্যথিত
৪২ স্ত্রীর চিত্তের ন্যায় হইবে। এবং মোয়াব যিহুহার



Digitized by Google

বিপক্ষে আপনাকে বড় করিয়াছে এই কারণ যাহাতে
লোকসমূহ আর না হয় এ প্রকারে নাশিত হইবে।
৪৩ যিহুহা কহেন হে মোয়াবনিবাসী ভয় ও গর্ত্ত ও ফাঁদ
তোমার উপরে আছে। যিহুহা কহেন যে জন
ভয়হইতে পলায় সে গর্ত্তেতে পড়িবে ও যে জন গর্ত্ত
হইতে উঠে সে ফাঁদে ধরা যাবে কেননা তাহার শাস্তি
পাওয়ার বৎসর যাম তাহার উপরে অর্থাৎ মোয়া
৪৫ বের উপরে আনিব। যাহারা পলাইল তাহারা
পরাক্রমের জন্যে যিশবোনের ছায়ার নীচে থাকিল
কিন্তু অগ্নি যিশবোনহইতে ও শিখা সিহোনের মধ্য
হইতে বাহির আসিবে এবং মোয়াবের কোণাও
কোলাহলকারিরদের মাথার তালুয়াকে খাইয়া ফেলিবে।
৪৬ হে মোয়াব হায় তোমার কেননা কমোশের লোক
নষ্ট করা যায় তোমার পুত্রেরা ও তোমার কন্যারা
৪৭ অন্য দেশে দাসত্ব গ্রস্ত আছে। কিন্তু যিহুহা
কহেন শেষ কালে আমি মোয়াবের অন্য দেশে
দাসত্বগ্রস্ত হওয়া ফিরাইব। ইতি মোয়াবের ভার।
পর্ব্ব অম্মোনীয়েরদের বিষয়ে যিহুহা এ কথা কহেন যিশ
৪৯ রালের কি সন্তান নাই? তাহার কোন দায়াদ * কি নাই?
তাহারদের রাজা গাদের অধিকার কেন পায় ও তাহার
২ লোকেরা কেন তাহার নগরে বাস করে। অতএব
যিহুহা কহেন দেখ যাহাতে আমি অম্মোনীয়েরদের
রাবাতে যুদ্ধের শঙ্কাদায়ী শব্দ শুনাইব সে কাল আসি
তেছে এবং সে অবসতি ঢিপি হইবে ও তাহার কন্যারা

* অর্থাৎ পৈতৃকধনাধিকারী।

Digitized by Google

অগ্নিতে দগ্ধা হইবে যিহুহা কহেন তখন যাহারা
তাহার দায়াদ ছিল তাহারদের দায়াদ যিশরাল
৩ হইবে। হে হিশবোন আর্ত্তস্বর কর কেননা আয়ি
নষ্ট হইয়াছে হে রাবার কন্যারা ক্রন্দন কর আপ
নারদিগকে চট পরিহিতা কর এবং বেড়ের কাছে ইত
স্ততো দৌড় কেননা তাহারদের রাজা অন্য দেশে
দাসপদে যাইবে অর্থাৎ তাহার যাজকেরা ও তাহার
৪ অধ্যক্ষেরা এক কালে। হে আমার নিকটে কে
আসিবে? এ কথা কহিয়া আপন ধনে বিশ্বাস করিতেছ
যে পিছুশ্যা পথা কন্যা হে তুমি অধোভূমির বিষয়ে
অর্থাৎ তোমার বহমান অপ বিশিষ্ট অধোভূমির
বিষয়ে কেন দর্প কথা কহ? সৈন্যের যিহুহা পরমে
৫ শ্বর এ কথা কহেন দেখ যাহারা তোমার চতুর্দ্দিগে
তাহারদের মধ্যহইতে আমি তোমার উপরে এক
ভয় আনয়ন করিব এবং তোমরা প্রত্যেক জন সোজা
পথে খেদান যাইবা এবং যে জন ভ্রমণ করে তাহাকে
৬ কেহ কুড়াইবে না। যিহুহা কহেন যে তারপর
আমি আম্মোনের সন্তানেরদের অন্য দেশে দাসত্ব
পরিবর্ত্তন করিব।—

৭ আদোমের বিষয়ে সৈন্যের যিহুহা এ কথা কহেন
তীমনে কি আর জ্ঞান নাই? পরিণামদর্শিরদের
সকল পরামর্শ কি হত হইয়াছে? তাহারদের জ্ঞান
৮ কি অন্তর্হিত হইয়াছে? হে দদননিবাসিরা
তোমরা পলাও ফিরিয়া আইস অধো বাস কর
কেননা আমি ঈশোর দুর্দ্দশা তাহার উপরে আনিব

Digitized by Google

৯ অর্থাৎ আমি যে কালে তাহাকে দণ্ড দিব সে কাল।
যদি দ্রাক্ষাচয়কেরা তোমার নিকটে আইসে তবে
তাহারা কি অবশিষ্ট দ্রাক্ষা ছাড়িবে না? রাত্রিতে
যদি চোরেরা আইসে তবে তাহারা যে পর্য্যন্ত প্রচুর না
১০ লয় সে পর্য্যন্ত নষ্ট করিবে। কিন্তু আমি এষোকে
শূন্য করিয়াছি সে যাহাতে আপনাকে গুপ্ত করিতে
না পারিবে তেমনি আমি তাহার গোপনীয় স্থান
আদুলা করিয়াছি তাহার বীজ নষ্ট হইয়াছে এবং
তাহার ভ্রাতারা ও তাহার প্রতিবাসিরা এবং সেও
১১ নাই। আপন পিতৃহীন বালকেরদিগকে সমর্পণ
কর আমি তাহারদিগকে জীবৎ রাখিব এবং তোমার
১২ বিধবারা আমাতে বিশ্বাস করুক। কেননা যিহহা
এ কথা কহেন দেখ যাহারদের বিষয়ে এ বিচার
ছিল যে তাহারা সে পেয়ালা পান না করিবে তাহারা
অবশ্য পীয়াছে এবং সর্ব্বতোভাবে অদণ্ডিত যে হবে
সে কি তুমি? তুমি অদণ্ডিত যাবা না কিন্তু অবশ্য
১৩ পান করিবা। কেননা যিহহা এ কথা কহেন বস্রা যে
অরণ্য ও অপমান ও ওজ্রান ও অভিশাপ রূপ হইবে
ও তাহার সকল নগর যে নিত্য ওজ্রান হইবে ইহা
১৪ আমি আপনাকে লইয়া কিরা করিয়াছি। আমি
যিহহার নিকটহইতে কোলাহল শুনিয়াছি এবং
অন্য দেশীয়েরদের নিকটে ওকিল প্রেরিত হইয়াছে
তোমরা একত্র হও তাহার বিপক্ষে আইস যুদ্ধের
১৫ নিমিত্তে আইস। কেননা দেখ অন্য দেশীয়েরদের
মধ্যে ক্ষুদ্র ও মানুষেরদের মধ্যে অবজ্ঞাত আমি

Digitized by Google

১৬ তোমাকে করিয়াছি। হে শৈলের গহ্বনিবাসী হে
পর্ব্বতের শৃঙ্গধারি তোমার ভয়ঙ্করতা ও তোমার
অন্তঃকরনের অহঙ্কার তোমাকে প্রবঞ্চনা করিয়াছে।
যিহুহা কহেন তুমি যদি গগর পক্ষির বাসার ন্যায়
উচ্চ আপন বাসা কর তথাপি আমি তোমাকে সেখান
১৭ হইতে নামাইব। এবং আদোম ওএরান হইবে
যে প্রত্যেক জন তাহার নিকট হইয়া যায়
সে বিস্ময়াপন্ন হইবে ও তাহার সকল
১৮ আঘাততে শীশ দিবে। যিহুহা কহেন
সদমের ও অমরার ও তাহার চতুর্দ্দিগের নগরের
সর্ব্বনাশে যে রূপ ছিল তদ্রূপে কোন মানুষ তাহার
মধ্যে থাকিবে না মনুষ্যের পুত্র ও তাহার মধ্যে
১৯ বাস করিবে না। দেখ যেমন যর্দ্দনের জলোপ্লাবন
হইতে সিংহ তেমনি বলবানের নিবাসের বিরুদ্ধে সে
আসিবে কিন্তু আমি তাহাকে তাহার নিকটহইতে
বেগে দৌড়াইব এবং আমি যাহাকে তাহার উপরে
নিযুক্ত করিতে পারি এমন মনোনীত কে আছে? কেননা
আমার মত কে? এবং আমার সময় নিযুক্ত করিবে
কে? এবং আমার সম্মুখে দাঁড়াইতে পারে এমন
২০ রক্ষক কে? অতএব যিহুহা যে পরামর্শ আদোমের
বিরুদ্ধে করিয়াছেন এবং তিনি যে নিয়ম তীমননিবা-
সিরদের বিরুদ্ধে করিয়াছেন তাহা শুন অবশ্য পালের
মধ্যে ক্ষুদ্রতম যে সে তাহারদিগকে টানিয়া বাহির
করিবে। সে তাহারদের সহিত তাহারদের নিবাস
২১ অবশ্য শূন্য করিবে। তাহারদের পতনের শব্দেতে

Digitized by Google

পৃথিবী লড়া যায় সে ক্রন্দনেতে তাহার শব্দ অরাখী
২২ সমুদ্রে শুনা গেল। দেখ সে আসিবে ও নশর
পাক্ষির মত উড়িবে ও বস্রার উপরে পাখা বিস্তীর্ণ
করিবে সে সময়ে প্রসব ব্যথিত হওয়ার কালে যেমন
স্ত্রীর হৃদয় তেমনি আদোমের বলবান লোকেরদের
হৃদয় হইবে।—
২৩ দমাশেকের বিষয়ে এই। হমাত ও আরপদ
ব্যাকুল আছে কেননা তাহারা কুসম্বাদ সমাচার
শুনিয়াছে তাহারা ভয়াপন্নচিত্ত হইয়াছে। সমুদ্রের
উপরে দুঃখ আছে সে শান্ত হইতে পারিবে না।
২৪ দমাশেক ক্ষীণ হইয়াছে এবং পলাইতে আপনাকে
ফিরাইয়াছে ভয় তাহাকে ধরিয়াছে প্রসব কালে
যেমন স্ত্রীকে ধরে তেমনি যন্ত্রণা ও শোক তাহাকে
২৫ ধরিয়াছে। স্তুতির নগর অর্থাৎ আমার আনন্দের
২৬ নগর কেমন করিয়া ছাড়ান না যায়?। অতএব ঠেনোর
যিহুহা কহেন তাহার যুবারা তাহার রাস্তাতে পড়িবে
২৭ ও সে দিনে সকল যোদ্ধারা উচ্ছিন্ন হইবে। এবং
আমি দমাশেকের প্রাচীরে অগ্নি জ্বলাইব এবং সে
বেন্‌হদদের অট্টালিকাকে খাইয়া ফেলিবে।—
২৮ কদরের বিষয়ে ও বাবেলের নবকদরাস্‌সোর রাজা
যাহা মারিবে এমন যে হাসোর রাজ্য সকল তাহার
দেরও বিষয়ে যিহুহা এ কথা কহেন। তোমরা উঠ
২৯ কদরে যাও এবং পূর্ব্বদেশীয় লোকেরদিগকে নষ্ট
কর। তাহারা তাহারদের তাম্বু ও পশুপালেরদিগকে
লইয়া যাইবে তাহারা আপনারদের নিমিত্তে তাহার

Digitized by Google

দের পর্দা ও তাহারদের সকল পাত্র ও তাহারদের
উষ্ট্রেরদিগকে লইবে। সর্ব্বদিগে ভয় এই কথা
তাহারা তাহারদের প্রতি ডাকিয়া কহিবে।—
৩০ য়িহুহা কহেন হে হাসোরনিবাসিরা পলাও দূরে
পলাও অধো বাস কর কেননা তোমারদের বিরুদ্ধে
বাবেলের নবকদ্রাসোর রাজা পরামর্শ করিয়াছে
৩১ ও মনে ঠাওরাইয়াছে। য়িহুহা কহেন তোমরা
উঠ যে ধনবান লোক সমূহ নিশ্চিন্ত বাস করে ও
যাহার কপাট নাই ও হুড়কা নাই ও যে নিঃশঙ্ক বাস
৩২ করে তাহার কাছে যাও। য়িহুহাও কহেন
তাহারদের উষ্ট্রেরা লুটা বস্তু হইবে এবং তাহারদের
পশুরদের বাহুল্য লুটাবার দ্রব্য হইবে এবং যাহারা
দূরতম কোনায় থাকে তাহারদিগকে আমি সকল
বায়ুতে ছড়াইব এবং তাহার সকল দিগহইতে
৩৩ তাহারদের দুর্দ্দশা আনিব। এবং হাসোর নাগের
বসতি ও নিত্য অরণ্য হইবে কোন মানুষ সেখানে
থাকিবে না এবং মানুষের কোন সন্তানও সেখানে
বাস করিবে না।—
৩৪ য়হোদার সিদকীহার অধিকারের আরম্ভে আয়লা
মের বিরুদ্ধে য়িহুহার যে বাক্য য়িরমীহা ভবিষ্যদ্বক্তার
৩৫ নিকটে আইল সে এই। সৈন্যের য়িহুহা এ কথা
কহেন দেখ আমি আয়লামের ধনুক অর্থাৎ তাহারদের
৩৬ পরাক্রমের প্রাধান্য ভাঙ্গিব এবং আকাশের চতুর্দ্দিগ
হইতে আমি চতুর্বায়ু আয়লামের উপরে আনিব ও সে
বায়ুরদিগে তাহারদিগকে ছড়াইব এবং যেখানে

Digitized by Google

আয়লামের তাড়িত লোকেরা আসিবে না এমন কোন
৩৭ দেশীয় লোক হইবে না। কেননা তাহারদের
শত্রুরদের সম্মুখে ও যাহারা তাহারদের প্রাণ মারিতে
চেষ্টা করে তাহারদের সম্মুখেও আমি আয়লামকে
৩৮ ভয়াপন্ন করিব। যিহোহাও কহেন আমি তাহারদের
উপরে অমঙ্গল * অর্থাৎ আপন প্রচণ্ড কোপ আনিব
এবং আমি তাহারদিগকে যে পর্য্যন্ত নষ্ট না করি
সে পর্য্যন্ত তাহারদের পাছে২ তলোয়ার পাঠাইব।
৩৯ যিহোহাও কহেন আমি আপন সিংহাসন আয়লামে
স্থাপন করিব এবং রাজাকে ও অধ্যক্ষেরদিগকে
সেখানহইতে নষ্ট করিব। কিন্তু যিহোহা কহেন
শেষকালে আমি পুনর্ব্বার আয়লামের অন্য দেশে
দাসত্ব ফিরিয়া আনিব।

পর্ব্ব যিরমীহা ভবিষ্যদ্বক্তার দ্বারা যিহোহা যে কথা বাবেল
৫০ ও কাশ্দীয়েরদের দেশের বিষয়ে কহিলেন। অন্য
২ দেশীয়েরদের মধ্যে প্রকাশ কর ও ঘোষণা কর ও ধ্বজা
উঠাও ঘোষণা কর গুপ্ত রাখিও না কহ বাবেল ধরা
গিয়াছে বেল ব্যাকুল হইয়াছে মরদক পরিভগ্ন হই
য়াছে তাহার দেবেরা ব্যাকুল হইয়াছে তাহার প্রতিমা
৩ পরিভগ্না হইয়াছে কেননা তাহার দেশ অরণ্য করিবে
এমন এক দেশীয় লোক উত্তর দেশহইতে তাহার
বিরুদ্ধে আইসে এবং তাহার মধ্যে কেহ বাস করিবে না
তাহারা স্থানান্তর হইবে তাহারা মনুষ্য ও পশু দুই
প্রস্থান করিবে।
৪ যিহোহা কহেন সে দিনে ও সে কালে যিশ্রায়েলের

Digitized by Google

সন্তানেরা আসিবে অর্থাৎ তাহারা ও য়িহোদার সন্তা
নেরা একত্র হইয়া যাইতেং ক্রন্দন করিতেং আসিবে
তাহারা যাইবে ও য়িহহা তাহারদের ঈশ্বরকে চেষ্টা
৫ করিবে। তাহারা তদ্দিগাভিমুখ হইয়া সীয়নের
পথ জিজ্ঞাসা করিবে আইস বিস্মৃত যে না হইবে
এমন নিত্য এক বান্ধাবন্ধের দ্বারা আমরা আপনার
৬ দিগকে য়িহহার সহিত মিলাই। আমার লোকেরা
হারান ভেড়ারা হইল রাখালেরা তাহারদিগকে
ভ্রমণ * করাইয়াছে তাহারা পর্ব্বতের উপরে ভ্রমণ
করিয়াছে তাহারা এক পর্ব্বতহইতে অন্য পর্ব্বতে
গিয়াছে ও আপন শয়ন স্থান বিস্মৃত হইয়াছে।
৭ যাহারা তাহারদিগকে পাইয়াছে সে সকলে তাহার
দিগকে খাইয়া ফেলিয়াছে তাহারদের শত্রুরা কহিল
যে তাহারা ধর্ম্মের নিবাস য়িহহার বিরুদ্ধ পাপ
করিয়াছে অর্থাৎ তাহারদের পিতৃলোকেরদের ভরসা
যে য়িহহা তাঁহার বিরুদ্ধে অতএব আমরা পাপ করি না।
৮ বাবেলের মধ্যহইতে যাও কাশদীয়েরদের দেশহইতে
প্রস্থান কর এবং পালের অগ্রগামী যে পাঁটা তাহার
দের মত হও।—
৯ কেননা দেখ আমি উত্তর দেশহইতে বড় দেশীয়
সমূহেরদের এক জনতা উৎপন্ন করিব এবং তাহার
দিগকে বাবেলের বিরুদ্ধে আগমন করাইব তাহারা

* অর্থাৎ উত্তম স্থানহইতে অযোগ্য মন্দ স্থানে ভ্রমণ করাইয়াছে।—



Digitized by Google

তাহার বিরুদ্ধে আপনারদিগকে সাজাইবে সে
স্থানহইতে সে লওয়া যাবে তাহাদের শর
বলবান নিপুণবর্ত্তা লোকেরদের শরের ন্যায় হইবে।
১০ কেহ বৃথা ফিরিয়া আসিবে না এবং কাশ্দি দেশ লুট
বস্তুরূপ হইবে যিহোহা কহেন যে সকলে তাহাকে
১১ লুটায় তাহারা তৃপ্ত হইবে। কেননা হে আমার অধি
কারের নাশকেরা তোমরা হৃষ্ট ছিলা তোমরা আনন্দ
করিলা যেমন দগ্ধ খাওয়া গরু তেমন মোটা তোমরা
১২ হইয়াছ এবং আড়িয়ারদের ন্যায় শব্দ কর। তোমার
দের মা বড় ব্যাকুলা হইবে তোমারদের জননী লজ্জিতা
হইবে দেখ দেশ সমূহেরদের মধ্যে পশ্চাত্তম যে
১৩ সে অরণ্য ও শুষ্ক ভূমি ও বন হইয়াছে। যিহোহার
ক্রোধ প্রযুক্ত সে আর কখন বসতি যুক্ত হইবে না কিন্তু
সর্ব্বতোভাবে অরণ্য হইবে যে প্রত্যেক জন বাবেলের
নিকট হইয়া যায় সে বিস্ময়াপন্ন হইবে এবং তাহার
১৪ সকল আঘাতেতে শীশ দিবে। আপনারদিগকে চতু
র্দ্দিগে বাবেলের বিরুদ্ধে সসজ্জ কর হে ধনুকের চাড়া
দেও যে তোমরা তাহার উপর শর ক্ষেপণ কর শর এ
ড়িতে ক্ষমা করিও না কেননা সে যিহোহার বিরুদ্ধে পাপ
১৫ করিয়াছে। তাহার বিরুদ্ধে চতুর্দ্দিগে সিংহনাদ
কর সে আপন হাত দিয়াছে তাহার ভিত পড়িয়াছে
তাহার প্রাচীর অধঃপতিত হইয়াছে কেননা এ যিহোহার
ক্রোধ প্রকাশ কর বস্তু তাহাকে প্রতিফল দেও সে যেমন
১৬ করিয়াছে তেমনি তাহার প্রতি কর। বপনকর্ত্তাকে
ও ফসল কালে কাস্তার ব্যাপার করে যে জন তাহাকে

Digitized by Google

ও বাবেলহইতে উচ্ছিন্ন কর তাহারা উপদ্রাবী অন্ত্রেব-
রের ভয়েতে প্রত্যেক জন আপনং লোকের কাছে
ফিরিয়া আসিবে ও তাহারা প্রত্যেক জন আপনং
দেশে পলাইবে। —
১৭ যিশরায়েল ছিন্নভিন্ন মেষেরদের মত হইয়াছে
সিংহেরা তাহাকে তাড়িয়া দিয়াছে প্রথমতঃ
আশোরের রাজা তাহাকে খাইয়া ফেলিয়াছে এবং
শেষতঃ বাবেলের এ নবকদরেৎসার রাজা তাহার হাড়
১৮ চাবিয়াছে। অতএব সৈন্যের যিহুহা যিশরায়েলের ঈশ্বর
এ কথা কহেন দেখ আমি যেমন আশোরের রাজাকে
শাস্তি দিয়াছি তেমন আমি বাবেলের রাজাকেও তাহার
১৯ দেশকে শাস্তি দিব। এবং আমি যিশরায়েলকে তাহার
আপনার নিবাসে পনর্ব্বার আনিব এবং সে করমল
ও বশনের উপরে চরিবে এবং তাহার প্রাণ আফ্রিম
২০ পর্ব্বত ও গিলয়াদের উপরে তৃপ্ত হইবে। যিহুহা
কহেন সে দিনে ও সে সময়ে যিশরায়েলের অযাথার্থ্যের
তত্ত্ব করা যাবে কিন্তু কিছু হইবে না এবং যিহোদার
পাপেরও তত্ত্ব করা যাবে কিন্তু সে পাওয়া যাবে না
কেননা আমি যাহারদিগকে রক্ষা করি তাহারদিগকে
২১ ক্ষমা করিব। যিহুহা কহেন মরতীম দেশের
বিপক্ষে চলিয়া যাও তাহারি বিপক্ষে এবং পকুদ
নিবাসী লোকেরদের বিরুদ্ধে যাও এবং অরণ্য কর ও
তাহারদের পশ্চাৎ নষ্ট কর এবং আমি যে সকল
২২ তোমাকে আজ্ঞা করিয়াছি তদনুসারে কর। দেশে
২৩ রণের ও মহা বিনাশের শব্দ শুনা যায়। সকল

Digitized by Google

পৃথিবীর হাতুড়ি কেমনে বিচ্ছিন্ন ও ভগ্ন হইয়াছে
দেশসমূহেরদের মধ্যে বাবেল কেমন করিয়া উচ্ছিন্ন
২৪ হইয়াছে। হে বাবেল আমি তোমার কারণ
ফাঁদ পাতিয়াছি ও তুমি ধরা গিয়াছ তুমি অবগত
ছিলা না তুমি য়িহুহার সহিত বল করিয়াছ এই
২৫ কারণ তুমি পাওয়া গিয়াছ ও ধরা গিয়াছ। য়িহুহা
আপন অস্ত্রাগার খুলিয়াছেন ও আপন ক্রোধের
অস্ত্র বাহির করিয়াছেন কেননা কাশদীয়েরদের দেশে
২৬ সৈন্যের ঈশ্বর য়িহুহার ক্রিয়া এই। দূরতম সীমা
হইতে তাহার উপরে আইস তাহার ভাণ্ডার খোল
তাহাকে ঢিপির মত একত্র কর তাহাকে খোলয়ানা নষ্ট
২৭ কর তাহার কিছুই না থাকুক। তাহার সকল বলদের
দিগকে মার তাহারা মারিবার কারণ যাউক
হায় তাহারদের কেননা তাহারদের দিন আসিয়াছে
২৮ অর্থাৎ তাহারদের শাস্তি পাওনের দিন। য়িহুহা
আমারদের ঈশ্বর কর্ত্তৃক প্রতিফল অর্থাৎ তাঁহার
মন্দিরের বিষয়ক প্রতিফল সীয়োনে প্রকাশ করিতে
যাহারা পলায় ও বাবেল দেশ এড়ে তাহারদের শব্দ
২৯ এই। বাবেলের বিরুদ্ধে ধনুর্দ্ধরেরদিগকে ডাক
হে ধনুক চাড়া দেও যে তোমরা তোমরা সকলে
তাহার চতুর্দ্দিগে তাহার বিরুদ্ধে ছাওনি কর কাহাকে
ও এড়িতে দিও না তাহার কর্ম্মানুসারের ফল তাহাকে
দেও সে যে কর্ম্ম করিয়াছে তাহার মত ফল তাহাকে
দেও কেননা সে য়িহুহার বিরুদ্ধে অহঙ্কারী হইয়াছে
৩০ অর্থাৎ য়িশরায়েলের ধর্ম্মস্বরূপের বিরুদ্ধে। য়িহুহা

Digitized by Google

কহেন তন্নিমিত্তে তাহার যুবারা রাস্তাতে পড়িবে
এবং সে দিনে তাহার সকল যোদ্ধারা উচ্ছিন্ন হইবে,
৩১ হে অহংকৃততম সৈন্যের য়িহুহা পরমেশ্বর কহেন
যে আমি তোমার বিপক্ষে আছি কেননা তোমার দিন
এবং যে কালে আমি তোমাকে দণ্ড দিব সে কালও
৩২ আসিয়াছে। এবং অহংকৃততম যে সে উছোট
খাইবে ও পড়িবে এবং কেহ তাহাকে আর উঠাইবে
না এবং আমি তাহার নগরেরদের মধ্যে অগ্নি
জ্বালাইব এবং সে তাহার চতুর্দ্দিগের সকল খাইয়া
ফেলিবে।
৩৩ সৈন্যের য়িহুহা এ কথা কহেন য়িশরায়েলের সন্তানে
রা ও য়িহোদার সন্তানেরা একত্র উপদ্রুত ছিল ও যাহারা
তাহারদিগকে অন্য দেশে দাসপদে গ্রহণ করিল সে
সকলে তাহারদিগকে শক্ত করিয়া ধরিল তাহারা
তাহারদিগকে ছাড়িয়া দিতে হেয়জ্ঞান করিল।
৩৪ তাহারদের মুক্তিকর্ত্তা বলবান তাঁহার নাম সৈন্যের
য়িহুহা তিনি দেশকে শান্তি দেন ও বাবেল নিবা
সিরদিগকে অশান্ত করেন এই জন্যে সর্ব্বতো
ভাবে তাহারদের বিষয়ে উত্তর প্রত্যুত্তর করিবেন।
৩৫ য়িহুহা কহেন কাশ্দীয়েরদের উপরে ও বাবেল
নিবাসিরদের উপরে ও তাহার অধ্যক্ষেরদের উপরে
ও তাহার জ্ঞানবানেরদের উপরে তলোয়ার আছে।
৩৬ জাদুগরেরদের উপরে তলোয়ার আছে তাহাতে
তাহারা হতবুদ্ধি হইবে তাহার বলবান লোকেরদের
উপরে তলোয়ার আছে তাহাতে তাহারা ভয়াপন্ন

Digitized by Google

৩৭ হইবে। তাহারদের ঘোটকেরদের ওপরে ও তাহার
দের রথেরদের ওপরে ও তাহার মধ্যে যে মিশ্রিত
লোকেরা সে সকলের ওপরেও তলোয়ার আছে
এবং তাহারা স্ত্রীরদের মত হইবে তাহার ভাণ্ডারের
ওপরে তলোয়ার আছে ও তাহার মধ্যে যে ধন সে
৩৮ চুরি করা যাইবে। তাহার জলের ওপরে শুষ্কতা আছে
ও তাহা শুকিয়া যাবে কেননা সে খোদা প্রতিমার দেশ
৩৯ এবং তাহারা আপনং দেবেরদের বিষয়ে বাতুল
আছে। সে কারণ অরণ্যের বনপশুরা ওপদ্বীপের বন
পশুরদের সঙ্গে সেখানে থাকিবে ও পেঁচারা সেখানে
বাস করিবে সে আর কখন নিবাসিত হইবে না এবং
পুরুষং অনুক্রমেও আর গৃহস্থ বিশিষ্ট হইবে না।
৪০ যিহুহা এ কথা কহেন ঈশ্বর যেমন সদম ও আমরা
ও তাহার নিকটস্থ নগর সংহার করিলেন তেমনি হবে
কোন মনুষ্য সেখানে থাকিবে না ও কোন মনুষ্যের
৪১ সন্তান সেখানে বসতি করিবে না। দেখ ওত্তর
দেশহইতে এক লোক ও বড় লোকসমূহ আসিবে
এবং পৃথিবীর সীমাহইতে অনেক রাজা ওৎপন্ন
৪২ হইবে। তাহারা ধনুর্দ্ধর ও বর্চ্ছিধর তাহারা
নির্দ্দয় ও কৃপা করিবে না তাহারদের শব্দ
সমুদ্রের ন্যায় কল্লোল করিবে হে বাবেলের কন্যা
তাহারা সংগ্রামের নিমিত্তে সসজ্জ কোন মানুষের
৪৩ মত তোমার বিপক্ষে অশ্বারোহণ করিবে। বাবে
লের রাজা তাহারদের সমাচার শুনিয়াছে ও তাহার
হাত দুর্ব্বল হইল স্ত্রীর প্রসব কালীন ব্যথার ন্যায়

Digitized by Google

৪৪ ব্যথা ও যন্ত্রণা তাহাকে ধরিয়াছে। দেখ যর্দ্দনের
জলোচ্ছলনহইতে সিংহ যেমন তেমনি বলবানের
দের নিবাসে সে আসিবে কিন্তু আমি তাহার
সম্মুখহইতে তাহারদিগকে বেগে দৌড়াইব এবং
আমি যাহাকে তাহার উপরে নিযুক্ত করিতে পারি এমন
মনোনীত মানুষ কে? কেননা আমার মত কে? ও
আমার সময় নিরূপণ করিবে কে? ও আমার সাক্ষা
৪৫ তে দাঁড়াইবে যে রক্ষক সে কে? অতএব যিহুহা বাবে
লের বিরুদ্ধে যে পরামর্শ করিয়াছেন তাহা এবং
কাশ্দীয়েরদের দেশের বিপক্ষে তিনি যে নিয়ম করি
য়াছেন তাহারও বিষয়ক কথা শুন। পালের মধ্যে
অতি ক্ষুদ্র যে সে অবশ্য তাহারদিগকে টানিয়া বাহির
করিবে তিনি তাহারদের সহিত তাহারদের নিবাস
৪৬ অবশ্য অরণ্য করিবেন। বাবেলের ধরার শব্দেতে
পৃথিবী নড়ে ও তাহার ক্রন্দন অন্য দেশীয়েরদের
মধ্যে শুনা গিয়াছে।

পর্ব্ব ৫১ যিহুহা এ কথা কহেন দেখ বাবেলের বিরুদ্ধে ও
যাহারা আমার বিপক্ষে উঠে তাহারদের মধ্যে বাস
করে যে লোকেরা তাহারদেরও বিরুদ্ধে আমি সংহার
২ নাশক এক বায়ু উৎপাদন করিব। এবং তাহাকে
ঝাড়িবে ও তাহার দেশ শূন্য করিবে যে শূর্পধারিরা
তাহারদিগকে আমি বাবেলে পাঠাই। কেননা দুর্দ্দশা
৩ কালে তাহারা চতুর্দ্দিগে তাহার বিরুদ্ধে হবে। যে
জন চাড়া দেয় ধনুর্দ্ধর তাহার বিপরীতে এবং যে জন
আপনাকে বর্ম্মে উঠায় তাহারও বিপরীতে ধনুকের

Digitized by Google

সাঁজা দিওক এবং তাহার যুবারদিগকে দয়া করিও
না তাহার সকল সৈন্যকে খোলয়ানা নষ্ট কর।
4 হতেরা এবং যে স্থানে খোঁচা গিয়াছে যাহারা তাহারা
5 ও কাশিদীয়েরদের দেশে এ মত পড়িবে। তাহার
দের দেশ যিশরায়েলের ধর্ম্মস্বরূপের বিপক্ষে পাপেতে
পরিপূর্ণ ছিল তথাপি আপন ঈশ্বরেতে অর্থাৎ সৈন্যের
6 যিহুহাতে যিশরায়েল কিম্বা যিহোদা ত্যক্ত ছিল না।
বাবেলের মধ্য হইতে পলাও এবং প্রত্যেক জন আপন
প্রাণ উদ্ধার কর তাহার অযাথার্থ্যে উচ্ছিন্ন হইও না
কেননা এ যিহুহা কর্ত্তৃক প্রতিফলের সময় তিনি তাহাকে
7 ক্রিয়ার ফল দিবেন। সকল পৃথিবী যে মত্ত করিয়াছে
যিহুহার হস্তস্থ এক স্বর্ণের পেয়ালা বাবেল হইল
অন্যদেশীয় লোকেরা তাহার মদ্য পান করিয়াছে সে
কারণে অন্য দেশীয় লোকেরা বাতুল হইয়াছে।
8 বাবেল অকস্মাৎ পতিত ও বিনষ্ট হইয়াছে তাহার
বিষয় আর্ত্তস্বর কর সে যাহাতে চিকিৎসা করা যায়
9 এমন ঔষধ তাহার ব্যথার নিমিত্তে লও। আমরা
বাবেলকে সুস্থ করিতে চাহিলাম কিন্তু সে সুস্থ নয়
তাহাকে ত্যাগ কর এবং আইস আমরা প্রত্যেক জন
আপন দেশে যাই কেননা তাহারদের দণ্ড স্বর্গ স্পর্শ
10 করে এবং গগন পর্য্যন্তও উত্থাপিত আছে। যিহুহা
আমারদের যাথার্থ্য বাহির করিয়াছেন আইস আমরা
সীয়োনে আপন ঈশ্বর যিহুহার কর্ম্ম প্রকাশ করি।
11 শর তেজস্বী কর ঢাল একত্র কর যিহুহা মাদীয়েরদের
রাজারদের মন সচেতন করিয়াছেন কেননা তাহা

Digitized by Google

নষ্ট করিবার কারণ তাহার ওপায় বাবেলের বিপক্ষে
আছে কেননা সে যিহুহা কর্ত্তৃক প্রতিফল অর্থাৎ
১২ তাঁহার মন্দির বিষয়ক প্রতিফল। বাবেলের প্রাচী
রের ওপরে পতাকা স্থাপন কর চৌকি দৃঢ় কর
চৌকিদারেরদিগকে রাখ সৈন্য লুকান প্রস্তুত কর
কেননা যিহুহা বাবেল নিবাসিরদের বিষয়ে যাহা
কহিয়াছেন তাহার ওপায় তিনি করিয়াছেন এবং
১৩ তাহাও সিদ্ধ করিয়াছেন। হে অনেক জলের
ওপর নিবাসী ধনেতে অতিধনবান তোমার শেষকাল
১৪ হইয়াছে ও তোমার লোভের পরিমাণ। সৈন্যের
যিহুহা আপনাকে লইয়া দিব্য করিয়াছেন যেমন
কীটেতে পরিপূর্ণ করা যায় তেমন আমি তোমাকে
মনুষ্যেতে পরিপূর্ণ করিব এবং তাহারা তোমার বিরুদ্ধে
১৫ সিংহনাদ ওঠাইবে। তিনি আপন পরাক্রমেতে পৃথি
বী সৃষ্টি করিয়াছেন তিনি আপন জ্ঞানেতে জগৎ
স্থাপন করিয়াছেন এবং আপন বুদ্ধিতে স্বর্গ বিস্তীর্ণ
১৬ করিয়াছেন। তিনি শব্দ প্রকাশ করিলে অনেক
জল আকাশে থাকে তিনি পৃথিবীর অন্ত হইতে বাষ্প
ওঠান তিনি বৃষ্টি সম্বন্ধ বিদ্যুৎ করেন ও আপন ভাণ্ডার
১৭ হইতে বায়ু বাহির করেন। প্রত্যেক মানুষ
জ্ঞানেতে পশুবৎ হইয়াছে প্রত্যেক শাঁচকারী শাঁচ
কৃত প্রতিমার দ্বারা ব্যাকুলিত আছে কেননা তাহার
গলান প্রতিমা মিথ্যাত্ব তাহারদের মধ্যে শ্বাস নাই।
১৮ তাহারা অবস্তুতা ও ভ্রমেতে কৃত তাহারা আপন দণ্ড



Digitized by Google

১৯ পাওয়া কালে হত হবে। যাকুবের অধিকার
তাহারদের মত নয় কেননা তিনি সকলের সৃষ্টিকর্ত্তা
এবং যিশরাল তাঁহার অধিকারের দণ্ড তাঁহার নাম
২০ সৈন্যের যিহুহা। তুমি আমার টাঙ্গি ও যুদ্ধকারি
অস্ত্র কেননা তোমার করণক আমি অন্যদেশীয়
লোকেরদিগকে ভাঙ্গিয়া ফেলিব এবং তোমার করণক
২১ আমি রাজ্যেরদিগকে নষ্ট করিব। তোমার দ্বারা
আমি ঘোড়াকে ও সোয়ারকে ভাঙ্গিয়া ফেলিব এবং
তোমার করণক আমি রথ ও সারথিকে ভাঙ্গিয়া
২২ ফেলিব। তোমার করণক আমি পুরুষ ও স্ত্রীকে
ভাঙ্গিয়া ফেলিব তোমার করণক আমি বৃদ্ধ ও বাল
কে ভাঙ্গিয়া ফেলিব এবং তোমার করণক আমি যুবা
২৩ ও যুবতীকে ভাঙ্গিয়া ফেলিব। তোমার করণকও
আমি রাখালকে তাহার পাল সুদ্ধ ভাঙ্গিয়া ফেলিব
তোমার করণক আমি কৃষিকর্ত্তাকে তাহার যোত
বলদ সুদ্ধ ভাঙ্গিয়া ফেলিব এবং তোমার করণক
আমি সেনাপতিরদিগকে ও শাসনকর্ত্তারদিগকেও
২৪ ভাঙ্গিয়া ফেলিব। এবং যিহুহা কহেন বাবেল ও
কাশ্দিনিবাসীরা যে সকল দুষ্কর্ম্ম তোমারদের
গোচরে সীয়নে করিয়াছে তাহার ফল আমি তাহার
২৫ দিগকে দিব। যিহুহা কহেন হে সকল পৃথিবী
নষ্ট কর যে নাশক পর্ব্বত আমি তোমার বিপক্ষে
এবং আমি আপন হাত তোমার উপরে বিস্তার
করিব এবং তোমাকে শৈলহইতে গড়াইয়া ফেলিব
২৬ এবং তোমাকে দগ্ধ এক পর্ব্বত করিব। যিহুহা

Digitized by Google

কহেন তাহারা তোমাহইতে কোনার নিমিত্তক পাথর
কিম্বা ভিতের নিমিত্তক পাথর লইবে না কিন্তু তুমি
২৭ অশেষরূপে শূন্য হইবা। দেশে ধ্বজা স্থাপন কর
অন্য দেশীয় লোকেরদের মধ্যে তুরি বাজাও তাহার
বিরুদ্ধে অন্য দেশীয়েরদিগকে প্রস্তুত কর অরারট ও
মিনি ও আশ্কিনজের রাজ্য একত্র তাহার বিপরীতে
ডাক তাহার বিপরীতে সেনাপতিকে নিযুক্ত কর কদর্য্য
ফড়িঙ্গের মত ঘোড়ারদিগকে তাহার বিরুদ্ধে গমন
২৮ করাও। মাদীয়েরদের রাজা ও সেনাপতি ও শাসন
কর্ত্তারদের সুদ্ধ ও তাহার কর্তৃত্বের অধীন সকল দেশ
সুদ্ধ ও অন্য দেশীয়েরদিগকে তাহার বিপক্ষে প্রস্তুত
২৯ কর। তাহাতে দেশ কাঁপিবে ও শোক করিবে
কেননা বাবেল দেশকে অরণ্য ও বাসিশূন্য করিবার
কারণ যিহোবার প্রত্যেক নিয়ম বাবেলের বিপরীতে
৩০ প্রত্যক্ষ করা যাবে। বাবেলের বলবান মনুষ্যেরা
যুদ্ধ করিতে বিরত হইয়াছে তাহারা গুহের মধ্যে
থাকিয়াছে তাহারদের বল ক্ষীণ হইয়াছে তাহারা
স্ত্রীরদের মত হইয়াছে তাহারা তাহার নিবাস স্থান
৩১ পোড়াইয়াছে তাহার হুড়কা ভাঙ্গিয়াছে। তাহার
নগর একদিগে যে ধরা গিয়াছে ও পথ যে বন্ধ হইয়াছে
নল যে অগ্নিতে পোড়ান গিয়াছে ও যোদ্ধারা যে ভীত
হইয়াছে এই২ সমাচার বাবেলের রাজাকে দিবার
৩২ কারণ এক ডাক আর এক ডাকের সহিত মিলিতে
ও এক দূত আর এক দূতের সহিত মিলিতে দৌড়িবে।
৩৩ কেননা সৈন্যের যিহোবা যিশ্রায়েলের ঈশ্বর এ কথা

Digitized by Google

কহেন বাবেলের কন্যা খামারের মত তাহাকে
মাড়িতে সময় হইয়াছে আর কিঞ্চিৎ পরে তাহার
৩৪ ফসল কাল হবে। বাবেলের নবকুদরাজোর রাজা
আমাকে খাইয়া ফেলিয়াছে সে আমাকে মর্দ্দন
করিয়াছে সে আমাকে শূন্য পাত্ররূপ করিয়াছে সে
নাগের মত আমাকে গ্রাস করিয়াছে সে আমার
সুভক্ষ্যেতে আপন পেট পুরাইয়াছে সে আমাকে
৩৫ বাহির করিয়া ফেলিয়াছে। সীয়োননিবাসিনী এ কথা
কহিবে যে দৌরাত্ম্য আমার প্রতি ও আমার মাংসের
প্রতি করা গিয়াছে সে বাবেলের উপরে হউক
যিরোশলম কহিবে আমার খুনাপরাধ কাশিদ
৩৬ নিবাসিরদের উপরে হউক। অতএব যিহ্বহা এ
কথা কহেন দেখ আমি তোমার পক্ষে উত্তর প্রত্যুত্তর
করিব এবং তোমার পক্ষে প্রতিফল দিব এবং আমি
তাহার সমুদ্রকে জল শূন্য করিব ও তাহার উনইকে
৩৭ শুষ্ক করিব। এবং বাবেল ঢিপি হইবে অর্থাৎ
নাগেরদের বসতি ও চমৎকার ও শীশদেওয়া ও প্রজা
৩৮ হীন হবে। তাহারা সিংহেরদের মত এক কালে
গর্জ্জন করিবে তাহারা সিংহের ছাবদের মত স্বর
৩৯ করিবে। যিহ্বহা কহেন তাহারদের তাপের সময়ে
আমি তাহারদের ভোজ প্রস্তুত করিব এবং তাহারা
আনন্দ করে ও নিত্য নিদ্রা করে ও আর না জাগে
৪০ এই কারণ আমি তাহারদিগকে মত্ত করিব। মারি
বার নিমিত্তে যেমন ভেড়ার বাচ্চারা আনা যায় ও
যেমন মেষেরদের সহিত পাঁঠা তেমন আমি তাহার

Digitized by Google

৪১ দিগকে আনিব। শেশক কেমনে ধরা গিয়াছে?
সকল পৃথিবীর স্তবনীয় কেমনে অকস্মাৎ ধরা
গিয়াছে? বাবেল কেমন করিয়া অন্য দেশীয়েরদের
৪২ মধ্যে বিস্ময়রূপ হইয়াছে। বাবেলের উপরে
সমুদ্র আসিয়াছে সে তাহার ঢেওর বাহুল্যেতে ঢাকা
৪৩ গিয়াছে। তাহার নগরেরা অরণ্য ও শুষ্ক ভূমি ও
বন এবং যাহার মধ্যে কেহ বাস করে না ও যাহা
দিয়া মনুষ্যের কোন সন্তান যায় না এমন দেশ
৪৪ হইয়াছে। এবং বাবেলে আমি বেলকে শাস্তি
দিব এবং সে যাহা গ্রাস করিয়াছে তাহা তাহার
মুখহইতে বাহির করিব এবং অন্য দেশীয়েরা
তাহার কাছে আর বহিয়া আসিবে না। বাবে
৪৫ লের প্রাচীর পড়িবে। হে আমার লোক তোমরা
সকলে তাহার মধ্যহইতে যাও এবং প্রত্যেক জন
যিহোবার প্রজ্বলিত ক্রোধহইতে আপন প্রাণ উদ্ধার
৪৬ করুক। এক বৎসরে বাক্য শুনা যাবে তারপর
আর বৎসরে বাক্য শুনা যাবে এবং দেশে দৌরাত্ম্য
ও শাসন কর্ত্তার বিরুদ্ধ শাসন কর্ত্তা হবে অতএব
এ যে জাল্পা কথা দেশে শুনা যাবে তাহার বিষয়ে
পাছে তোমারদের হৃদয় ক্লান্ত হয় ও তোমরা ভয়
৪৭ কর দেখ যাহাতে আমি বাবেলের খোদা প্রতিমারদের
উপরে দণ্ড দিব ও তাহার সকল দেশ যাহাতে ব্যাকুল
হবে ও তাহার হতেরা তাহার মধ্যে যাহাতে পড়িবে
৪৮ এমন কাল আসিতেছে। তখন স্বর্গ ও পৃথিবী ও
তাহার মধ্যে যত আছে সে সকলে বাবেলের নিমিত্ত

Digitized by Google

পান করিবে কেননা যিহুহা কহেন নাশকেরা উত্তর
৪৯ দেশহইতে তাহার কাছে আসিবে। যেমন বাবেল
যিশ্রায়েলের হতেরদিগকে পাড়িয়াছে তেমনি বাবেলে
৫০ সকল পৃথিবীর হতেরা পড়িবে। তলোয়ার এড়িয়া
বাঁচিয়াছ যে তোমরা চলিয়া যাও থাকিও না অতি দূর
থাকিয়া যিহুহাকে স্মরণ কর এবং যিরোশালম
৫১ তোমারদের মনে আইসুক। আমরা ব্যাকুল হই
য়াছি কেননা আমরা নিন্দা শুনিয়াছি লজ্জা আমারদের
মুখ ঢাকিয়াছে কেননা বিদেশীয়েরা যিহুহার ঘরের
৫২ পবিত্র স্থানে প্রবেশ করিয়াছে। অতএব যিহুহা
কহেন দেখ যাহাতে আমি তাহার খোদা প্রতিমার
উপরে বিচার নিষ্পন্ন করিব এবং তাহার দেশের সর্ব্বত্র
ক্ষত লোকেরা যাহাতে কোঁকাইবে এমন দিন আসি
৫৩ তেছে। যিহুহা কহেন বাবেল যদি স্বর্গ পর্য্যন্ত
উঠে সে যদি আপন বলের ঊর্দ্ধতা দৃঢ় করে তথাপি
আমার নিকটহইতে নাশকেরা তাহার উপরে
৫৪ আসিবে। যিহুহা বাবেলকে নষ্ট করিয়াছেন এবং
৫৫ সে বড় শব্দও তাহার মধ্যহইতে নষ্ট করিয়াছেন এই
কারণ বাবেলের মধ্যহইতে ক্রন্দনের শব্দ ও কাশ্দি
দীয়েরদের দেশহইতে বড় সর্ব্বনাশ হইয়াছে তাহার
ঢেউ যখন বড় জলের মত শব্দ করে তখন তাহার
৫৬ দের ধ্বনির শব্দ শুনা যায়। কেননা নাশকেরা
তাহার উপরে আসিয়াছে অর্থাৎ বাবেলের উপরে
ও তাহার বলবান মনুষ্যেরা ধরা যায় তাহারদের
প্রত্যেক জনের ধনুক ভগ্ন হইয়াছে কেননা প্রতিফল

Digitized by Google

৫৭ দায়ী য়িহ্বহা অবশ্য প্রতিফল দিবেন। যাহার নাম
সৈন্যের য়িহ্বহা এমন যে রাজা তিনি কহেন যে তাহার
অধ্যক্ষেরদিগকে ও তাহার জ্ঞানবানেরদিগকে ও
তাহার সেনাপতিরদিগকে ও তাহার শাসন কর্ত্তার
দিগকে ও তাহার বলবানেরদিগকে আমি মত্ত করিব
এবং তাহারা নিত্য নিদ্রা করিবে ও আর জাগিবে
৫৮ না। সৈন্যের য়িহ্বহা এ কথা কহেন বাবেলের
ওসার প্রাচীর খোলয়ানা ভাঙ্গা যাবে ও তাহার উচ্চ
দ্বার অগ্নিতে পোড়ান যাইবে এবং লোকেরা বৃথা শ্রম
করিবে এবং জনেরা অগ্নিতে শ্রম করিবে তাহারা
ক্লান্তও হইবে।

৫৯ য়হোদার সিদকীহা রাজার অধিকারের চতুর্থ
বৎসরে যখন মহসীহার পুত্র নরীহার পুত্রের
শরীহা পুত্র তাহার প্রতিনিধি বাবেলে গেল তখন
য়িরমীহা ভবিষ্যদ্বক্তা যে কথা তাহাকে আজ্ঞা করি
লেন সে এই। এই শরীহা শান্তিশীল অধ্যক্ষ ছি
৬০ লেন। অতএব যে সকল অমঙ্গল বাবেলে ভবিতব্য
অর্থাৎ বাবেলের বিরুদ্ধে লেখা এ সকল কথা সে
৬১ কথা য়িরমীহা এক পুস্তকে লিখিলেন। পরে য়ির
মীহা শরীহাকে কহিলেন যখন তুমি বাবেলে পঁহুছিবা
৬২ ও এ সকল কথা দেখিবা ও পাঠ করিবা তখন তুমি
কহিবা হে য়িহ্বহা এ স্থানে যাহাতে মনুষ্য পশুর কেহ
না থাকে কিন্তু সে যাহাতে নিত্য অরণ্য হয় এমন যে
তাহা কাটিয়া ফেলিবা এই কথা তুমি এ স্থানের বিপ
৬৩ রীতে কহিয়াছ। পরে এমত হবে তুমি এ পুস্তক পাঠ

Digitized by Google

করার সাঙ্গ করিলে পর তাহার সঙ্গে এক পাথর
৬৪ বাঁধি এবং তাহা ফরাতের মধ্যে ফেলিয়া দেও। এবং
এই কথা কহিবা এই মত বাবেল ডুবিয়া যাবে
ও যে মন্দ আমি তাহার উপরে আনিব তাহাহইতে
আর উঠিবে না ও তাহারা আসিয়া যাবে। ইতি
য়িরমীহার বাক্য।

পর্ব্ব ৫২

সিদকীহা যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন
একুশ বৎসর বয়স ছিল এবং সে এগারো বৎসর
পর্য্যন্ত য়িরোশলমে রাজ্য করিল তাহার মাতার নাম
২ হমুটল সে লবনার য়িরমীহার পুত্রী। য়িহুহার
দৃষ্টিতে মন্দ যে তাহা য়হোয়াকিম যেমন করিয়াছিল
৩ তেমনি সে করিল। কেননা য়িহুহা তাহারদিগকে
আপন গোচরহইতে যে পর্য্যন্ত ফেলিয়া না দিলেন সে
পর্য্যন্ত য়িহুহার ক্রোধেতে য়িরোশলমে ও য়হোদা
দেশে এ মত হইল যে সিদকীহা বাবেলের রাজার
অধীনত্ব হেয়জ্ঞান করিল।
৪ তাহার অধিকারের নবম বৎসরের দশম মাসের
দশম দিনে এ মত হইল যে বাবেলের নবকদরাসোর
রাজা অর্থাৎ সে ও তাহার সকল সৈন্য য়িরোশলমের
বিরুদ্ধে আইল এবং ছাওনি করিল ও চতুর্দ্দিগে তাহার
৫ বিরুদ্ধে গড় করিল। অতএব সিদকীহা রাজার
৬ একাদশ বৎসর পর্য্যন্ত নগর অবরুদ্ধ ছিল। চতুর্থ
মাসের নবম দিনে বড় আকাল নগরে ছিল তাহাতে
দেশের লোকেরদের কারণ কিছু ভক্ষ্য দ্রব্য ছিল না।
৭ তখন নগর ভাঙ্গা গেল এবং যোদ্ধারা সকলে পলাইল

Digitized by Google

এবং রাজার বাগানের নিকটস্থ দুই প্রাচীরের মধ্যস্থ
দ্বারের পথে রাত্রি যোগে নগরহইতে বাহির গেল
এবং মাঠের পথ দিয়া গেল। তৎকালে কাশি
দীয়েরদের সৈন্য নগরের চতুর্দ্দিগে থাকিত।—
৮ কিন্তু কাশিদীয়েরদের সেনারা রাজার পশ্চাৎ
দৌড়িল এবং যিরেহোর মাঠে সিদকীহাকে পাইল ও
তাহার সকল সৈন্য তাহার নিকটহইতে গিয়া ছিন্ন
৯ ভিন্ন হইল। তখন তাহারা রাজাকে ধরিল ও হামত
দেশে রবলাতে বাবেলের রাজার নিকটে লইয়া গেল
ও সেখানে সে তাহার উপরে বিচার নিশ্চয় করিল।
১০ পরে বাবেলের রাজা তাহার চক্ষুর গোচরে সিদকীহার
পুত্রেরদিগকে মারিল সেও রবলাতে য়িহোদা সকল
১১ অধ্যক্ষেরদিগকেও মারিল। পরে সে সিদকীহার
চক্ষু নষ্ট করিল এবং বাবেলের রাজা তাহাকে জি
ঞ্জিরে বান্ধিল ও বাবেলে লইয়া গেল ও তাহার মরণ
দিন পর্য্যন্ত তাহাকে কারাগারে রাখিল।—
১২ বাবেলের নবকদ্রাসোর রাজার উনিশ বৎসরের
পঞ্চম মাসের দশম দিনে বাবেলের রাজার সেবা
য়িরোশলমে করিল যে নবূজর আদন জমাদার সে
১৩ আইল এবং য়িহোহার মন্দির ও রাজার বাটী পোড়াইল
য়িরোশলমের সকল ঘর ও সকল বড় মানুষের
১৪ দের ঘরও অগ্নিতে সে দগ্ধ করিল। এবং
জমাদারের সহিত যে কাশ্দীয়েরদের সকল সৈন্য
তাহারা য়িরোশলমের সকল প্রাচীর চতুর্দ্দিগে



Digitized by Google

১৫ কাটিয়া ফেলিল। তখন নবূজর আদন জমাদার
লোকেরদের মধ্যে কতক গরিব ও নগরে অবশিষ্ট
যে লোক ছিল ও বাবেলের রাজার পক্ষে পতিত যে লো
কেরা ও ইতর লোকেরদের অবশিষ্ট এই সকলকে অন্য
১৬ দেশে দাস পদে লইয়া গেল। কিন্তু নবূজর আদন
জমাদার দ্রাক্ষা ও ভূমির কৃষিকর্ত্তা হবার কারণ
১৭ দেশের কতক গরিবকে রাখিল। যিহুহার মন্দিরে
যে পিত্তলের থাম ও এথো ও যিহুহার মন্দিরে পিত্তলের
সমুদ্র কাশ্দীয়েরা ভাঙ্গিল ও তাহার সকল পিত্তল
১৮ বাবেলে লইয়া গেল। সে কড়াই ও হাতা ও অলত্রাস
ও ঝিনিকর ও চামস ও পিত্তলের যত সেবার নিমিত্তক
১৯ পাত্র সে সকলও লইয়া গেল। পাত্র ও আঙ্গিতি
ও ঝিনিকর ও কড়াই ও সামাদান ও চামস ও
পেয়ালা স্বর্ণের যত তাহা স্বর্ণে ও রূপার যত তাহা
২০ রূপাতে জমাদার লইয়া গেল। শলমন রাজা যে
দুই থাম ও এক সমুদ্র ও তাহার পায়ের তলে যে
বারো পিত্তলের আঁড়িয়াকে যিহুহার মন্দিরে করিয়া
ছিলেন সে সকল পাত্রের পিত্তল তৌল করা না যায়।
২১ সে থামের এই কথা ছিল এক থাম আঠার হাত উচ্চ
এবং বারো হাতের এক দড়ি তাহার বেড় ছিল সে
২২ থাম চারি অঙ্গুলি পুরু ও মধ্যে ফাক। তাহার উপরে
পিত্তলের মাতুলা এক মাতুলা পাঁচ হাত উচ্চ ও সে
মাতুলার উপরে জালের মত কর্ম্ম ও দাড়িম্বাকৃতি
চতুর্দিগে সকলি পিত্তলময় দ্বিতীয় থামও দাড়িম্বাকৃতি
২৩ এই২ মত। এক২ পার্শ্বে ছেয়ানব্বই দাড়িম্বাকৃতি সে

Digitized by Google

জালের মত কর্ম্মের ওপরিস্থ সকল দাড়িম্বাকৃতি এক
শত চতুর্দিগে।—

২৪ জয়াদার শরীহা প্রধান যাজককে ও সফনীহা
দ্বিতীয় যাজককে ও তিন জন দ্বারপালকে লইল।
২৫ যোদ্ধারা যাহার কাছে সমর্পিত ছিল যে এক খোজা
তাহাকে ও রাজার নিকটে থাকিত যাহারা তাহার
দের মধ্যে নগরে যে পাওয়া গেল এমন সাত
২৬ জন তাহারদিগাকে এবং দেশের লোকেরদের মর্দ্দ
করিত যে যোদ্ধারদের প্রধান লোখক তাহাকেও নগরে
পাওয়া গেল দেশীয় যে ষাইটি জন মানুষ তাহার
দিগকেও নবুজর আদন জয়াদার লইল এবং রব
২৭ লাতে বাবেলের রাজার নিকটে আনিল। এবং
হমত দেশের রবলাতে বাবেলের রাজা তাহারদিগকে
মারিল এবং বধ করিল। এই মতে য়িহোদা আপন
দেশহইতে অন্য দেশে দাসত্বে লইয়া যাওয়া গেল।
২৮ যে লোককে নবকদরাস্সোর দাসত্বে লইয়া গেল
সে এই। সপ্তম বৎসরে তিন সহস্র তিন শত কুড়ি
২৯ য়িহোদীরা। নবকদরাস্সোরের আঠার বৎসরে সে
য়িরোশলমহইতে আটশত বত্রিশ জনকে লইয়া
৩০ গেল। নবকদরাস্সোরের তেইশ বৎসরে নবুজর
আদন জয়াদার সাত শত পঁয়তাল্লিশ য়িহোদীরদিগ
কে দাসত্বে লইয়া গেল। সকলে চারি সহস্র ছয়
শত জন।—

৩১ য়িহোদার য়িহোয়াকিন রাজার দাসত্বের সাইত্রিশ

Digitized by Google

বৎসরে দ্বাদশ মাসের পঁচিশ দিনে এ মত হইল
বাবেলের আওইল মরদক রাজা আপন অধিকারের
প্রথম বৎসরে য়িহোদার য়িহোয়াকিন রাজার মাথা
৩২ ওঠাইল ও তাহাকে কারাগারহইতে আনিল ও
তাহাকে প্রীতি কথা কহিল ও যে রাজারা তাঁহার
সংগে বাবেলে ছিল তাহারদের ওপরে তাহার
৩৩ সিংহাসন স্থাপন করিল। ও তাহার কারাগার
বস্ত্র বদল করিল এবং সে আপন পরমায়ু পর্য্যন্ত
৩৪ নিত্য তাঁহার সাক্ষাতে ভোজন করিত। তাহার
অন্ন এই তাঁহার সকল পরমায়ু মরণ দিন পর্যন্ত
বাবেলের রাজা কর্ত্তৃক নিত্য অন্ন দিনেং নিরূপিত
পরিমাণ তাহাকে দত্ত হইল।—

Digitized by Google

# যিরমীয়ার বিলাপ।—

## ১ প্রথম পর্ব্ব।—

১ যে নগরী লোকেতে পূর্ণ ছিল সে কেমনি একাকিনী
বসে সে বিধবার মত কেমন করিয়া হইয়াছে অন্য
দেশীয়েরদের মধ্যে মহত্তী ও রাজ্যেরদের মধ্যে
রাজ্ঞী যে ছিল সে পরাধীনা কেমন করিয়া হইয়াছে?
২ সে রাত্রতে বড় ক্রন্দন করে তাহার অশ্রু তাহার
গালে থাকে তাহার সকল প্রেমকারিরদের মধ্যে
তাহার কেহ সান্ত্বনাকারী নাই তাহার সকল বন্ধুরা
তাহার প্রতি বিশ্বাসঘাত করিয়াছে তাহারা তাহার শত্রু
৩ হইল। যিহোদা অতি দুঃখ প্রযুক্ত এবং বড় দাসত্ব
প্রযুক্ত অন্য দেশে দাসপদে গিয়াছে সে অন্য দেশী
য়েরদের মধ্যে বাস করে সে কিছু বিশ্রাম পায় না
তাহার সকল তাড়না কর্ত্তারা আঁটা পথে তাহার সহিত
৪ মিলিল। কেহ বড় উৎসবে যায় না এই নিমিত্তে
সীয়োনের পথ শোক করে তাহার সকল দ্বার শূন্য হই
য়াছে তাহার যাজকেরা নিশ্বাস ছাড়ে তাহার কন্যারা
৫ দুঃখিতা হইয়াছে ও সে তিক্তান্তে আছে। তাহার
বৈরিরা প্রধান হইয়াছে তাহার শত্রুরা ভাগ্যবান হই
য়াছে কেননা তাহার আজ্ঞালঙ্ঘনের বাহুল্যের কারণে
যিহোবা তাহাকে দুঃখ দিয়াছেন তাহার বালকেরা
৬ শত্রুর সম্মুখে অন্য দেশে দাসত্বে গিয়াছে। এবং

Digitized by Google

বৎসরে দ্বাদশ মাসের পঁচিশ দিনে এ মত হইল
বাবেলের আওইল মরদক রাজা আপন অধিকারের
প্রথম বৎসরে য়িহূদার য়িহোয়াকিন রাজার মাথা
৩২ উঠাইল ও তাহাকে কারাগারহইতে আনিল ও
তাহাকে প্রীতি কথা কহিল ও যে রাজারা তাঁহার
সঙ্গে বাবেলে ছিল তাহারদের উপরে তাহার
৩৩ সিংহাসন স্থাপন করিল। ও তাহার কারাগার
বস্ত্র বদল করিল এবং সে আপন পরমায়ু পর্য্যন্ত
৩৪ নিত্য তাহার সাক্ষাতে ভোজন করিত। তাহার
অন্ন এই তাহার সকল পরমায়ু মরণ দিন পর্যন্ত
বাবেলের রাজা কর্ত্তৃক নিত্য অন্ন দিনেং নিরূপিত
পরিমাণ তাহাকে দত্ত হইল।—

# যিরমীয়ার বিলাপ।—

## ১ প্রথম পর্ব্ব।—

১ যে নগরী লোকেতে পূর্ণ ছিল সে কেমনি একাকিনী
বসে সে বিধবার মত কেমন করিয়া হইয়াছে অন্য
দেশীয়েরদের মধ্যে মহতী ও রাজ্যেরদের মধ্যে
রাজ্ঞী যে ছিল সে পরাধীনা কেমন করিয়া হইয়াছে?
২ সে রাত্রেতে বড় ক্রন্দন করে তাহার অশ্রু তাহার
গালে থাকে তাহার সকল প্রেমকারিরদের মধ্যে
তাহার কেহ সান্ত্বনাকারী নাই তাহার সকল বন্ধুরা
তাহার প্রতি বিশ্বাসঘাত করিয়াছে তাহারা তাহার শত্রু
৩ হইল। যিহোদা অতি দুঃখ প্রযুক্ত এবং বড় দাসত্ব
প্রযুক্ত অন্য দেশে বাসপদে গিয়াছে সে অন্য দেশী
য়েরদের মধ্যে বাস করে সে কিছু বিশ্রাম পায় না
তাহার সকল তাড়নাকর্ত্তারা আঁটা পথে তাহার সহিত
৪ মিলিল। কেহ বড় উৎসবে যায় না এই নিমিত্তে
সীয়োনের পথ শোক করে তাহার সকল দ্বার শূন্য হই
য়াছে তাহার যাজকেরা নিশ্বাস ছাড়ে তাহার কন্যারা
৫ দুঃখিতা হইয়াছে ও সে তিক্তভাবে আছে। তাহার
বৈরিরা প্রধান হইয়াছে তাহার শত্রুরা ভাগ্যবান হই
য়াছে কেননা তাহার আজ্ঞালঙ্ঘনের বাহুল্যের কারণে
যিহোবা তাহাকে দুঃখ দিয়াছেন তাহার বালকেরা
৬ শত্রুর সম্মুখে অন্য দেশে দাসত্বে গিয়াছে। এবং

Digitized by Google

সীয়োনের কন্যা হইতে তাহার সকল সৌন্দর্য্য গিয়াছে
চরাণ স্থান না পায় যে হরিণেরা তাহারদের মত তাহার
অধ্যক্ষেরা। তাহারা বলহীন হইয়া তাড়নাকর্ত্তার
৭ অগ্রে গিয়াছে। যিরূশালম আপন দুঃখ ও
যন্ত্রণা কালে অর্থাৎ তাহার লোকেরা যে কালে
শত্রুর হাতে পড়িল এবং কেহ তাহার উপকার করিল
না সে কালে আপন পূর্ব্ব কালীন সুখদায়ী দ্রব্য
সকল স্মরণ করিল। বৈরী তাহাকে দেখিল ও তাহার
৮ শাবতকে পরিহাস করিল। যিরূশালম অতিশয়
রূপে পাপ করিয়াছে সে কারণ সে দূরীকৃত হইয়াছে
যাহারা তাহার সম্ভ্রম করিল সে সকলে তাহাকে
তুচ্ছ করে কেননা তাহারা তাহার উলঙ্গতা দেখিয়াছে
৯ সে দীর্ঘ নিশ্বাস ছাড়ে ও মুখ পশ্চাৎ করে। তাহার
সমলতা তাহার বস্ত্রের আঁচলায় আছে সে আপন
শেষাবস্থা মনে করে না এই নিমিত্তে সে আশ্চর্য্য
রূপে নামিল তাহার সান্ত্বনাকর্ত্তা কেহ নাই হে
যিহোবা আমার দুর্গতি দেখ কেননা শত্রু আপনাকে
১০ বাড়াইয়াছে। বৈরী আপন হাত তাহার সকল
সুখদায়ক বস্তুর উপরে বিস্তার করিয়াছে কেননা
তোমার মণ্ডলির মধ্যে প্রবেশ না করিতে যাহারদিগ
কে তুমি আজ্ঞা করিয়াছ যে অন্য দেশীয়েরা তাহারা
যে তাহার পবিত্র স্থানে প্রবেশ করিয়াছে ইহা সে
১১ দেখিয়াছে। তাহার সকল লোক দীর্ঘ নিশ্বাস
ছাড়ে তাহারা অন্ন অন্বেষণ করে তাহারা আপন
প্রাণ শান্ত করিবার অন্নের কারণ আপন সুখদায়ী

Digitized by Google

দুঃখ দিয়াছে হে যিহহা দেখ অনুধাবন কর কেননা
আমি অবজ্ঞাত হইয়াছি।—
১২ হে ইহার নিকট হইয়া যাও যে তোমরা সকল অব
লোকন কর এ কি তোমারদের প্রতি কিছু নাই? দেখ
আপন প্রচণ্ড ক্রোধের দিনে যিহহা যে দুঃখেতে আমাকে
দণ্ডিত করিয়াছেন এই যে দুর্গতি আমার প্রতি করা
গিয়াছে সে আমার দুর্গতির তুল্য কোন দুর্গতি কি হই
১৩ য়াছে। উপরহইতে তিনি আমার হাড়ে অগ্নি পাঠাই
য়াছেন ও সে তাহারদিগকে পরাজিত করিয়াছে তিনি
আমার পায়ের কারণ জাল পাতিয়াছেন তিনি আমাকে
পরাবৃত্ত করিয়াছেন তিনি আমাকে অনাথ ও সমস্ত
১৪ দিন বিলাপকারী করিয়াছেন। আজ্ঞালঙ্ঘনরূপ আমার
যোঁয়াল তাহার হাতেতে বাঁধা গিয়াছে তাহারা বনা
গিয়াছে তাহারা আমার স্কন্ধে আসিয়াছে তিনি আমা
কে বলহীন করিয়াছেন যিহহা আমাকে তাহারদের
হাতে সমর্পণ করিয়াছেন আমি উঠিতে পারি না।
১৫ যিহহা আমার মধ্যে আমার সকল বলবান লোকের
দিগকে দলাইয়াছেন তিনি আমার যুবারদিগকে
বিমর্দ্দন করিবার কারণ আমার বিরুদ্ধে সভা ডাকি
য়াছেন দ্রাক্ষা যন্ত্রে যেমন দলা যায় তেমন যিহহা
১৬ যুহোদার আইবড় কন্যাকে দলিয়াছেন। এই বিষয়ে
আমি ক্রন্দন করি আমার চক্ষু আমার চক্ষুজলেতে
আসিয়া যায় কেননা আমার মন আপ্যায়িত করার
কারণ যে সান্ত্বনাকর্ত্তা সে আমাহইতে দূর থাকে
শত্রু পরাজয় করিয়াছে সে কারণ আমার বালকেরা

Digitized by Google

১৭ অনাথ হইয়াছে। সীয়োন আপন হাত বিস্তার করে
তাহাকে সান্ত্বনা করিতে কেহ নাই যাকুবের শত্রুর,
তাহার চতুর্দ্দিগে থাকে এই কারণ যিহুহা তাহার
বিষয়ে আজ্ঞা দিয়াছেন। যিরোশলম তাহারদের
মধ্যে ঋতুমলা এক স্ত্রীর মত।—
১৮ যিহুহা যাথার্থিক কেননা আমি তাঁহার আজ্ঞা
অবজ্ঞা করিয়াছি আমি ইহা মিনতি করি হে সকল
লোক তোমরা শুন আমার দুঃখ দেখ আমার কন্যারা
ও আমার যুবারা অন্য দেশে দাসত্বে গিয়াছে।
১৯ আমি আপন প্রিয়েরদের প্রতি ডাকিলাম কিন্তু তাহারা
আমাকে প্রতারণা করিল আমার পুরোহিতেরা ও
আমার প্রাচীন লোকেরা যে কালে আপন প্রাণ
আপ্যায়িত করিবার কারণ অন্ন চেষ্টা করিল তখন
২০ নগরে প্রাণ ত্যাগ করিল হে যিহুহা দেখ কেননা
আমি বিপদ্গ্রস্ত আছি আমার নাড়িভুঁড়ি ব্যাকুল
হইয়াছে আমার হৃদয় আমার মধ্যে অন্য প্রকার
হইয়াছে কেননা আমি অতিশয়রূপে আজ্ঞা হেলন
করিয়াছি বাহিরে তলোয়ার হীন করে ঘরে মৃত্যু
২১ হইয়াছে। আমি যে দীর্ঘ নিশ্বাস ছাড়ি ইহা
তাহারা শুনিয়াছে আমাকে সান্ত্বনা করিতে কেহ
নাই আমার সকল শত্রুরা আমার দুঃখের বিষয়ে
শুনিয়াছে তুমি যে তাহা করিয়াছ ইহাতে তাহারা
আহ্লাদিত হইয়াছে তুমি যে দিনকে ডাকিয়াছ সে
দিনকে তুমি আনিবা ও তাহারা আমার মত হইবে।
২২ তাহারদের সকল দুষ্টতা তোমার গোচরে হওক এবং

তাহার সকল অধর্ম্ম পূর্ব্বক তুমি যাহা আমাকে করিয়াছ সেই রূপে তাহাদিগকে কর কেননা আমার বৌকান অনেক ও আমার হৃদয় দুর্ব্বল।

২ পর্ব্ব

যিহুহা আপন ক্রোধে কি রূপে সীয়োনের কন্যাকে মেঘেতে ঢাকিয়াছেন এবং স্বর্গহইতে পৃথিবীতে য়িশ্রায়েলের সৌন্দর্য্য ফেলিয়াছেন ও আপন ক্রোধের

২. দিনে আপন পাদপীঠ স্মরণ করেন নাই?। যিহুহা যাকুবের সকল বসতি গ্রাস করিয়াছেন ও কিছু দয়া করেন নাই তিনি আপন ক্রোধে যিহোদার কন্যার দৃঢ় গড় ভাঙ্গিয়া ফেলিয়াছেন তিনি তাহা ভূমির সমান করিয়াছেন তিনি রাজা ও তাহার অধ্যক্ষেরদিগকে

৩ অশুচি করিয়াছেন। তিনি আপন প্রচণ্ড ক্রোধে য়িশ্রায়েলের শৃঙ্গ সমুদায় কাটিয়া ফেলিয়াছেন তিনি শত্রুর অগ্রভাগহইতে আপন দক্ষিণ হাত অপহরণ করিয়াছেন তিনি যাকুবের বিপক্ষে প্রজ্বলিত ও চতুর্দ্দিগে

৪ নষ্টকারি অগ্নির মত জ্বলিয়াছেন। তিনি শত্রুর ধনুক চাড়া দিয়াছেন তিনি আপন দক্ষিণ হাত বৈরীর মত করিয়া দাঁড়াইলেন ও সীয়োনের কন্যার তাম্বুর মধ্যে চক্ষুতে সুখদায়ী যত সে সকলকে হত্যা করিলেন তিনি আপন ক্রোধ অগ্নির ন্যায় ঢালিলেন।

৫ যিহুহা শত্রুর মত ছিলেন তিনি য়িশ্রায়েলকে গ্রাস করিয়াছেন তিনি তাহার সকল অট্টালিকা গ্রাস করিয়াছেন তিনি তাহার দৃঢ় গড় নষ্ট করিয়াছেন এবং



Digitized by Google

য়িহূদার কন্যার মধ্যে শোক ও বিলাপ বাড়াইয়া
৩ ছেন। যেমন উদ্যানে করা যায় তেমন তিনি
আপন তাম্বু বলেতে দূর করিয়াছেন তিনি আপন
সভা স্থান নষ্ট করিয়াছেন যিহোবা সীয়োনে মহো-
ৎসব ও শাবত বিস্মৃত করিয়াছেন এবং আপন
ক্রোধের চণ্ডতাতে রাজাকে ও পুরোহিতকে অবজ্ঞা
৭ করিয়াছেন। যিহোবা আপন যজ্ঞবেদী ত্যাগ করিয়া
ছেন তিনি আপন পবিত্রস্থান ঘৃণা করিয়াছেন তিনি
শত্রুর হাতে তাহার অট্টালিকার দেয়াল সমর্পণ করি
য়াছেন মহোৎসবের দিনে যেমন করা যায় তেমন
৮ তাহারা যিহোবার ঘরে শব্দ করিয়াছে। যিহোবা
সীয়োনের কন্যার প্রাচীর নষ্ট করিতে নিশ্চয় করিয়া
ছেন তিনি দড়ি টানিয়াছেন তিনি নষ্ট করাহইতে
আপন হাত নিবর্ত্ত করেন নাই অতএব তিনি পেলা ও
প্রাচীরকে বিলাপ করাইলেন তাহারা একত্র ক্ষীণ হই
৯ য়াছে। তাহার দ্বার মৃত্তিকাতে মগ্ন হইয়াছে
তিনি নষ্ট করিয়াছেন ও তাহার হুড়কা ভাঙ্গিয়াছেন
তাহার রাজা ও অধ্যক্ষেরা অন্য দেশীয়েরদের মধ্যে
আছে শাস্ত্র আর নাই তাহার ভবিষ্যদ্বক্তারা যিহোবার
১০ নিকটহইতে আর দর্শন পায় না। সীয়োনের কন্যার
প্রাচীন লোকেরা মৃত্তিকাতে বসে ও চুপ করিয়া থাকে
তাহারা আপন মাথার উপরে ধূলা ফেলিয়াছে
তাহারা আপনারদিগকে চটেতে পরিহিত করিয়াছে
যিরোশলমের কন্যারা মৃত্তিকাপর্য্যন্ত অধোমুখ হই
১১ য়াছে। অশ্রু ফেলিতে২ আমার চক্ষু ক্ষীণ হইয়াছে

Digitized by Google

আমার নাড়ীভুঁড়ি ব্যাকুল হইয়াছে আমার লোকের
দেয় কন্যার সর্ব্বনাশ প্রযুক্ত আমার যকৃৎ মৃত্তিকাতে
ঢালা গিয়াছে কেননা বালকেরা ও স্তন্যশায়ী বালকেরা
১২ নগরের রাস্তাতে মোহিত হয়। তাহারা যে কালে
অস্ত্রেতে ক্ষত লোকেরদের ন্যায় নগরের রাস্তাতে
মোহিত হইল যখন তাহারদের প্রাণ তাহারদের
মাতারদের বক্ষস্থলে ঢালা গেল তখন শস্য কোথায়?
দ্রাক্ষারস কোথায়? এই কথা আপন২ মাতাকে কহিল।
১৩ হে যিরোশলমের কন্যা তোমার পক্ষে সাক্ষ্য দিবার
কারণ আমি কি লইব? আমি কি দ্রব্যেতে তোমাকে
উপমিত করিব? হে সীয়োনের আইবড় কন্যা তোমার
সান্ত্বনা করিবার কারণ আমি তোমাকে কোন দ্রব্যের
দৃষ্টান্ত করিব কেননা তোমার ভাঙ্গা সমুদ্রের মত
১৪ বড় তোমার চিকিৎসা কে করিতে পারে? তোমার
ভবিষ্যদ্বক্তারা তোমার জন্যে অনর্থক ও অজ্ঞান বিষয়
দেখিয়াছে তাহারা তোমার অন্য দেশে দাসত্ব নিবা
রণ করিবার কারণ তোমার অযাথার্থ্য প্রকাশ যে
করিয়াছে তাহা নয় কিন্তু তোমার জন্যে মিথ্যা ভার
১৫ ও বিবাসনের মিথ্যা কারণ দেখিয়াছে। তোমার
নিকট দিয়া যায় যাহারা সে সকলে তোমার প্রতি
হাত তালি দেয় সৌন্দর্য্যের সম্পূর্ণতা সকল পৃথিবীর
আনন্দ এই নামেতে খ্যাত যে নগর সে কি এই এ
কথা কহিয়া তাহারা যিরোশলমের কন্যার প্রতি
১৬ শীশ দেয় ও মাথা নড়ায়। তোমার সকল শত্রুরা
তোমার বিরুদ্ধে মুখ খুলিয়াছে তাহারা শীশ দেয় ও দন্ত

Digitized by Google

মর্দ্দন করে তাহারা ইহা কহে আমরা তাহাকে গ্রাস
করিয়াছি আমরা যে দিনের অপেক্ষা করিলাম অবশ্য
এ সেই দিন আমরা পাইয়াছি আমরা দেখিয়াছি।
১৭ যিহুহা যাহা মনে করিলেন তাহা করিয়াছেন পূর্ব্ব
কালে তিনি যে বাক্য আজ্ঞা করিলেন আপন সে
বাক্য প্রত্যক্ষ করিয়াছেন তিনি অধঃপতন করিয়া
ছেন এবং দয়া না করিয়াছেন তিনি তোমার শত্রু
কে তোমার ওপরে আনন্দ করাইয়াছেন তিনি তোমার
১৮ বৈরিরদের শৃঙ্গ ওঠাইয়াছেন। তাহারদের হৃদয়
যিহুহার কাছে প্রার্থনা করিল হে সীয়োনের কন্যার
প্রাচীর অশ্রু নদীর ন্যায় দিবা রাত্রি বহিয়া যাউক
আপনাকে কিছু সান্ত্বনা ভোগ করিতে দিও না তোমার
১৯ চক্ষুর তারাকে শান্ত হইতে দিও না। ওঠ রাত্রিতে
আর্ত্তস্বর করা রাত্রি প্রহরের আরম্ভে আপন হৃদয়
জলের মত যিহুহার সম্মুখে ঢাল আপনার যে অল্প
বয়স বালকেরা প্রত্যেক রাস্তার মাথা ক্ষুধাতে মো
হিত হইয়াছে তাহারদের প্রাণের কারণ আপন
হাত তাঁহার প্রতি ওঠাও।
২০ হে যিহুহা দেখ এবং যাহার কাছে তুমি ইহা করি
য়াছ তাহা অনুধাবন কর। স্ত্রীরা আপনার
দের গর্ব্ভ ফল অর্থাৎ এক বিতস্ত প্রমাণ বালকের
দিগকে কি খাইবে? পুরোহিত ও ভবিষ্যদ্বক্তা কি
২১ যিহুহার পবিত্র স্থানে হত হইবে। বালবৃদ্ধ
রাস্তার মধ্যে ভূমিতে শুইয়া থাকে আমার যুবতীরা ও
যুবারা তলোয়ারেতে পড়িয়াছে তুমি আপন ক্রোধের

Digitized by Google

ছিলে তাহারদিগকে মারিয়াছ তুমি বধ করিয়াছ
২২ ও দয়া না করিয়াছ। যিহুহার ক্রোধ দিনে যাহাতে
কেহ এড়িল না ও বাঁচিল না সে যত যেমন ও
সব দিনে করা যায় তেমনি তুমি আমার চতুর্দ্দিগস্থ
ভয়েরদিগকে ডাকিয়াছ আমি যাহারদের বুকবাচাও
বাঁধিয়াছিলাম ও যাহারদিগকে প্রতিপালন করি
য়াছিলাম আমার শত্রু তাহারদিগকে নষ্ট করিয়াছে।
পর্ব্ব তাঁহার ক্রোধরূপ দণ্ডেতে দুঃখ দেখিয়াছে যে মানুষ
৩ সে আমি। তিনি আমাকে পথ দেখাইয়াছেন
২ ও অন্ধকারে আনিয়াছেন আলোতে নয়। অবশ্য
৩ তিনি আমার বিপক্ষে প্রবৃত্ত হইয়াছেন তিনি সমস্ত
৪ দিন আপন হাত আমার বিরুদ্ধে উঠান। তিনি
আমার মাংস ও আমার চর্ম্ম জীর্ণ করিয়াছেন তিনি
৫ আমার হাড় ভাঙ্গিয়াছেন। তিনি আমার বিরুদ্ধে
গাঁথনি করিয়াছেন এবং পিত্ত ও শ্রমেতে আমাকে
৬ বেষ্টিত করিয়াছেন। পূর্ব্ব কালের মৃত লোকেরদের
ন্যায় তিনি আমাকে অন্ধকারময় স্থানে স্থাপন করিয়া
৭ ছেন। আমি যাহাতে বাহিরে আসিতে পারি না
তেমন তিনি আমাকে বেড়েতে বেষ্টিত করিয়াছেন
৮ তিনি আমার শিকলির ভারি করিয়াছেন। আমি যখন
উচ্চৈঃস্বরে প্রার্থনা করি তখনও তিনি আমার প্রার্থনা
৯ অবরোধ করেন। তিনি খোদা প্রস্তরেতে আমার
পথ বেষ্টিত করিয়াছেন তিনি আমার পথ বক্র করি
১০ য়াছেন। তিনি আমার প্রতি লুকিয়া থাকা ভালুকের
১১ ও গুপ্ত স্থানে স্থিত সিংহের মত ছিলেন। তিনি

Digitized by Google

আমার পথ বিমুখ করিয়াছেন ও আমাকে খণ্ড২
১১ করিয়াছেন তিনি আমাকে অনাথ করিয়াছেন। তিনি
আপন ধনুক টানা দিয়াছেন ও আমাকে শরের
১২ লক্ষের কারণ স্থাপন করিয়াছেন। তিনি আপন
তূনের শর আমার অন্তর্ভাগে প্রবিষ্ট করিয়াছেন।
১৪ আমি আপনার লোকেরদের প্রতি বিদ্রূপ বিষয় ও
১৫ সমস্ত দিন তাহারদের গানের বিষয় ছিলাম। তিনি
আমাকে তিক্ততাতে পূর্ণ ও নাগদানাতে মত্ত করিয়া
১৬ ছেন। তিনি কাঁকরেতে আমার দন্ত ভাঙ্গিয়াছেন
১৭ তিনি আমাকে ভস্মেতে অনুলিপ্ত করিয়াছেন। তুমি
আমার মন শান্তিহইতে দূর করিয়াছ আমি কল্যাণ
১৮ বিস্মৃত হইয়াছিলাম। আমি আপন দুঃখ ও দুর্দ্দশা
১৯ নাগদানা ও পিত্ত মনে করিয়া কহিলাম যে আমার
বল ও ভরসা যিহুহার নিকটহইতে ভ্রষ্ট হইয়াছে।
২০ আমার মন এখনও তাহা স্মরণ করে ও আমার
২১ মধ্যে বিনীত আছে। ইহা আমি স্মরণ করি সে
২২ কারণ আমার ভরসা আছে। আমরা যে বিনষ্ট না
২৩ হই সে যিহুহার দয়াতে কেননা তাঁহার কৃপা অক্ষয়
২৪ ও প্রতি প্রাতে নূতন তোমার বিশ্বস্ততা বড়। আমার
মন কহে যে যিহুহা আমার অধিকার অতএব
২৫ আমি তাঁহাতে আশা করিব। যাহারা তাঁহার
অপেক্ষা করে তাহারদের প্রতি যিহুহা ভদ্র অর্থাৎ
২৬ যে প্রাণী তাঁহার চেষ্টা করে। ভরসা রাখা ও
শান্ত হইয়া যিহুহা কর্ত্তৃক ত্রাণ অপেক্ষা করা ভাল।
২৭ মানষ যে যৌবনাবস্থায় যোঁয়াল বহে সে ভাল।

Digitized by Google

২৮ সে আপনার উপরে তাহা সহিয়াছে সেই কারণ
২৯ একা বসে ও চুপ করে। আশা যে থাকে এই
৩০ কারণ সে আপন মুখ ধূলাতে রাখে। যে জন
তাহাকে মারে তাহার প্রতি সে আপন গাল দেয় সে
৩১ অপমানেতে পূর্ণ হইয়াছে। কেননা যিহোবা অনন্ত
৩২ ত্যাগ করিবেন না কিন্তু যদি শোক করান তথাপি
আপন কৃপার বাহুল্যের অনুসারে দয়া করিবেন।
৩৩ কেননা তিনি ইচ্ছাপূর্ব্বক দুঃখ দেনে না ও মনুষ্যের
৩৪ সন্তানেরদিগকে শোকান্বিত করেন না। আপন
পায়ের তলে পৃথিবীর সকল বন্দুয়ানেরদিগকে মর্দ্দন
৩৫ করা ও মনুষ্যের প্রকৃত মহত্তমের * সম্মুখে ফিরান
৩৬ ও মানুষ্যকে তাহার মকদ্দমায় অন্যায় করা যিহোবাতে
বটে না।
৩৭ যখন যিহোবা আজ্ঞা করেন না তখন যে কহে ও
৩৮ তাহা প্রত্যক্ষ হয় এমন কে আছে? মহত্তমের মুখ
৩৯ হইতে মন্দ ও ভাল নিঃসরে না। জীবৎ মানুষ
কেন অননুরাগ কথা কহে অর্থাৎ মানুষ আপন
পাপের শাস্তির বিষয়ে কেন অননুরাগ কথা কহে?
৪০ আইস আমরা আপনারদের পথ অন্বেষণ ও বিচার
৪১ করি এবং আরবার যিহোবার প্রতি ফিরি। আইস
আমরা স্বর্গস্থ ঈশ্বরের প্রতি আপনার মন হাত সুদ্ধ
৪২ উঠাই। আমরা আজ্ঞা লঙ্ঘিয়াছি ও অবজ্ঞা করি
৪৩ য়াছি তুমি ক্ষমা না করিয়াছ। তুমি আমারদিগকে
ক্রোধেতে ঢাকিয়াছ ও তাড়না করিয়াছ তুমি বধ

---

* অর্থাৎ পরমেশ্বরের।

Digitized by Google

৪৪ করিয়াছ এবং দয়া না করিয়াছ। আমারদের
প্রার্থনা পার না যায় এই নিমিত্তে তুমি মেঘেতে
৪৫ আপনাকে আচ্ছাদিত করিয়াছ। তুমি আমার
দিগকে লোকেরদের মধ্যে কলঙ্ক ও তুচ্ছ বস্তুর
৪৬ ন্যায় করিয়াছ। আমারদের সকল শত্রু আমার
৪৭ দের বিরুদ্ধে মুখ খুলিয়াছে। ভয় ও ফাঁদ ও
শূন্যতা ও সর্ব্বনাশ আমারদের উপরে ঘটিয়াছে।
৪৮ আমার লোকের কন্যার সর্ব্বনাশ প্রযুক্ত আমার
৪৯ চক্ষু সজল নদীতে ডাবিয়া যায়। যিহোবা যে পর্য্যন্ত
৫০ না দৃষ্টি করেন ও স্বর্গহইতে না দেখেন সে পর্য্যন্ত
আমার চক্ষু অবিরামে অশ্রুতে বহে ও ত্যাগ করে না
৫১ আমার নগরের সকল কন্যা প্রযুক্ত আমার চক্ষু আমার
৫২ হৃদয়ে দুঃখ দেয়। পক্ষির মত এবং অকারণ
৫৩ আমার শত্রুরা আমাকে বড় তাড়িয়া দিল। তাহারা
কারাগারের কূপে আমার প্রাণ ছেদন করিয়াছে ও
৫৪ আমার উপরে পাথর ফেলিয়াছে। জল আমার
মাথার উপর দিয়া বহিল আমি কহিলাম যে আমি
উচ্ছন্ন হইয়াছি।—
৫৫ হে যিহোবা আমি গভীর কূপের মধ্যহইতে
৫৬ তোমার প্রতি প্রার্থনা করিলাম। তুমি আমার
কথা শুনিয়াছ আমার নিশ্বাস ত্যাগেতে ও আমার
৫৭ আর্ত্তস্বরেতে আপন কর্ণ লুকাইও না। আমি যে
দিন তোমার প্রতি প্রার্থনা করিলাম সে দিনে তুমি
আমার নিকটবর্ত্তী ছিলা তুমি কহিয়াছ ভয় কর না।
৫৮ হে যিহোবা তুমি আমার প্রাণের মকদ্দমার উত্তর প্রত্যু

Digitized by Google

তর করিয়াছ তুমি আমার প্রাণ মুক্ত করিয়াছ।
৫৯ হে যিহুহা তুমি আমার অন্যায় দেখিয়াছ আমার
৬০ মকদ্দমা বিচার কর। তুমি তাহারদের কর্তৃক সকল
হিংসা ও আমার বিরুদ্ধে তাহারদের মনঃসঙ্কল্প
৬১ ও দেখিয়াছ। হে যিহুহা তুমি তাহারদের
ভর্ৎসনা ও আমার বিরুদ্ধে তাহারদের সকল মনঃ
৬২ সঙ্কল্প শুনিয়াছ অর্থাৎ যাহারা আমার বিপক্ষে
উঠিল তাহারদের ওষ্ঠাধর ও তাহারদের সকল দিন
৬৩ পর্য্যন্ত আমার বিপরীতে পরামর্শ। তাহারদের
৬৪ বসা উঠা দেখ আমি তাহারদের বাদ্যোদ্যম। হে
যিহুহা তুমি তাহারদিগকে তাহারদের হস্তকৃত ক্রিয়ানু
৬৫ সারে প্রতিফল দিবা। তুমি তাহারদিগকে মনের
কাঠিন্য দিবা তোমাকর্তৃক শাপ তাহারদের উপরে
৬৬ হইবে। তুমি আপন ক্রোধে তাহারদিগকে তাড়না
করিবা ও যিহুহার স্বর্গের অধহইতে নষ্ট করিবা।

পর্ব্ব স্বর্ণ যে রূপ তেজোহীন হইয়াছে অত্যুত্তম স্বর্ণ যে
৪ রূপ বিকৃত হইয়াছে আহা সে কি আশ্চর্য্য পবিত্র
২ স্থানের পাথর প্রত্যেক রাস্তার মাথায় প্রক্ষিপ্ত হই
য়াছে? উত্তম স্বর্ণের উপমেয় যে সীয়োনের অত্যু
ত্তম পুত্রেরা তাহারা কুম্ভকারের হস্তকৃত মৃত্তিকার
৩ কলসের মত কিরূপ মানা যায়। সমুদ্রচরেরা স্তন
বাহির করে তাহারা আপন চারদিগকে দুগ্ধ পান
করায় আমার লোকেরদের কন্যা বনচর উটপক্ষিরদের
৪ ন্যায় নির্দ্দয় হইয়াছে। স্তন্যপায়ী বালকের জিহ্বা তৃষ্ণাতে



Digitized by Google

মুখের তালুয়াতে লাগিয়া থাকে বালকেরা রুটি চাহে
৫ কিন্তু কেহ ভাঙ্গিয়া তাহারদিকে দেয় না। যাহারা
সুভক্ষণ করিল তাহারা রাস্তাতে অনাথ হইয়াছে
যাহারা কিরমিজ বস্ত্রেতে প্রতিপালিত ছিল তাহারা
৬ সারের ঢিপি আলিঙ্গন করে। কেননা এক পলকে
বিনষ্ট ও কোন হাত তাহার উপরে থাকে নাই
যে সদোম তাহার অপরাধ হইতে আমার লোকের
৭ কন্যার অপরাধ অধিক হইয়াছে। তাহার নাসরী
য়েরা বরফহইতে নির্ম্মল ছিল তাহারা দুগ্ধহইতে
শুক্লবর্ণ ছিল তাহারা পদ্মরাগ মণিহইতে রক্তবর্ণ
৮ তাহারদের প্রকাশ নীলমণির ন্যায়। তাহারদের
মুখ কালাহইতে কাল হইয়াছে তাহারা রাস্তাতে
জানা যায় না তাহারদের চর্ম্ম তাহারদের হাড়ে
লাগিয়া রহিয়াছে সে শোষিত হইয়াছে সে কাষ্ঠের
৯ মত হইয়াছে। তলোয়ারেতে হত যাহারা তাহারা
ক্ষুধাতে হতেরদেরহইতে ভাল কেননা ক্ষেত্রের ফলের
১০ অভাবেতে যন্ত্রণা ইহারা শুকিয়া যায়। দয়ালু
স্ত্রীরা আপন২ হাতেতে আপনারদের বালকেরদিগকে
পাক করিয়াছে আমার লোকের সর্ব্বনাশে তাহারা
১১ তাহারদের আহার ছিল। যিহুহ্বা আপন ক্রোধ
সম্পূর্ণ করিয়াছেন তিনি আপন প্রচণ্ড ক্রোধ
ঢালিয়াছেন এবং সিয়োনে অগ্নি জ্বালাইয়াছেন সে
১২ তাহার ভিত্ত খাইয়া ফেলিয়াছে। বৈরী ও শত্রু যে
যিরোশলমের দ্বারে প্রবেশ করিতে পারিল ইহা
পৃথিবীর রাজারা ও জগন্নিবাসিরা প্রত্যয় করিল না।

Digitized by Google

১৩ তাহার ভবিষ্যদ্বক্তারদের পাপেতে ও তাহার যাজ্ঞ
যাজ্ঞিকেরদের রক্তপাত করিয়াছে যে তাহার
১৪ যাজকেরা তাহারদের অযাথার্থেতে এই। তাহারা
রাস্তাতে অন্ধ লোকেরদের মত ভ্রমণ করিয়াছে আর
মানুষেরা তাহারদের বস্ত্র যেন স্পর্শ করিতে না পারিল
তেমন তাহারা রক্তের দ্বারা আপনারদিগকে অশুচি
১৫ করিয়াছে। তাহারা তাহারদিগকে ডাকিয়া বলিল
চল সে অপবিত্র হইয়াছে চল চল স্পর্শ করিও না
তাহারা যখন পলাইল ও ভ্রমণ করিল তখন অন্য
দেশীয়েরদের মধ্যে তাহারা কহিল যে তাহারা সে
১৬ খানে আর বাস করিবে না। যিহোবার কোপ
তাহারদিগকে পৃথক্ করিয়াছে তিনি তাহারদিগকে
আর মানিবেন না তাহারা পুরোহিতেরদিগকে
আদর করিল না তাহারা প্রাচীনেরদিগকে মর্য্যাদা
১৭ করিল না। আমারদের এই গতি আমারদের
নিরর্থক উপকার অপেক্ষাতে আমারদের চক্ষু ক্ষীণ
হইল যে দেশীয় লোক আমারদিগকে রক্ষা করিতে
পারিল না তাহারদের অপেক্ষা আমরা অপেক্ষা
১৮ করাতে করিয়াছি। আমরা যাহাতে রাস্তাতে
বেড়াইতে পারি না সে মত তাহারা আমারদের
পাদবিক্ষেপ মৃগয়া করে আমার শেষ দশা নিকট
হইয়াছে আমারদের কাল সম্পূর্ণ হইয়াছে কেননা
১৯ আমারদের শেষ দশা উপস্থিত হইয়াছে। আমার
দের তাড়নাকর্ত্তারা আকাশের নশর পক্ষি হইতে
বেগগামী তাহারা আমারদিগকে পর্ব্বতেরদের উপরে

Digitized by Google

২০ ভাঙ্গিয়া দিয়াছে তাহারা বলে আমারদের জন্যে
লুকিয়া থাকিল অন্য দেশীয়েরদের মধ্যে আমরা
তাহার ছায়াতে বাস করিব যাহার বিষয়ে আমরা
এ কথা কহিলাম যে আমারদের নাকের নিশ্বাস,
অর্থাৎ যিহুদার অভিষিক্ত, তিনি তাহারদের গর্ত্তে
ধরা গেলেন।
২১ হে ঊষ দেশনিবাসিনী যে আদোমের কন্যা তুমি
আনন্দ কর ও হৃষ্টা হও পেয়ালা তোমার নিকট পর্য্যন্ত
ও যাবে তুমিও মত্তা হইবা ও আপনাকে উলঙ্গা করিবা।
২২ হে সীয়োনের কন্যা তোমার অযাথার্থ্যের শাস্তি
সম্পূর্ণ হইয়াছে তিনি তোমাকে আর কখন অন্য
দেশে দাসত্বে লইয়া যাবেন না হে আদোমের কন্যা
তিনি তোমার অযাথার্থ্যের শাস্তি দিবেন তিনি তোমার
পাপ প্রকাশ করিবেন।

পর্ব্ব হে যিহুহা আমারদের উপর যাহা ঘটিয়াছে তাহা
৫ মনে কর অনুধাবন কর আমারদের অপমান দেখ।
২ আমারদের অধিকার অন্য দেশীয়েরদের ও আমার
৩ দের ঘর পরজাতীয়ের পক্ষে গিয়াছে। আমরা
অনাথ ও পিতৃহীন আমারদের মাতারা বিধবারদের
৪ মত হইয়াছে। আমরা টাকা দিয়া জল পান করি
য়াছি আমারদের কাষ্ঠ আমারদের কাছে বিক্রীত
৫ হইয়াছে। আমারদের গলা তাড়নার অধীন
হইয়াছে আমরা শ্রম করি ও আমারদের বিশ্রাম নাই।
৬ আমরা ভক্ষ্যেতে তৃপ্ত হইবার নিমিত্তে মিস্রীয়ের
৭ দিগকে ও আশোরেরদিগকে হাত দিয়াছি। আমার

Digitized by Google

দের পিতৃলোকেরা পাপ করিয়াছে ও তাঁহারা নাই
৮ আমরাও তাঁহারদের পাপ ভোগ করিয়াছি। দাসেরা
আমারদের ওপর কর্তৃত্ব করিয়াছে তাহারদের হাত
হইতে যে আমারদিগকে উদ্ধার করে এমন কেহ নাই।
৯ বনেতে যে তলোয়ার আছে তাহাতে আমরা আপনার
১০ দের প্রাণের সংশয়েতে অন্ন পাইয়াছি সে ভয়ঙ্কর
আকাল প্রযুক্ত আমারাদের চর্ম্ম তনুরের মত কাল
১১ ছিল। তাহারা সীয়নে স্ত্রীরদিগকে ও য়িহোদার
নগরেতে কন্যারদিগকে বলাৎকার করিয়াছে।
১২ অধ্যক্ষেরা হাতেতে লটকান গেল প্রাচীন লোকেরদের
১৩ মুখ আদৃত ছিল না। তাহারা পিষিবার কারণ
যুবারদিগকে লইল এবং বালকেরা কাষ্ঠের ভারের
১৪ নীচে পড়িল। প্রাচীনেরা দ্বারে আগমনহইতে
১৫ ও যুবারা বাদ্যহইতে ক্ষান্ত হইয়াছে। আমার
দের অন্তঃকরণের হর্ষ বিরত হইয়াছে আমারদের
১৬ নৃত্য শোক হইয়া গিয়াছে। মুকুট আমারদের
মাথাহইতে পড়িয়াছে আমরা যে পাপ করিয়াছি
১৭ তাহাতে হায় আমারদের। এই প্রযুক্ত আমারদের
অন্তঃকরণ দুর্ব্বল হইয়াছে এই২ প্রযুক্ত আমারদের
১৮ চক্ষু হতদৃষ্টি হইয়াছে। অরণ্য হইয়াছে যে
সীয়নের পর্ব্বত তৎপ্রযুক্ত এই শৃগালেরা তাহার
১৯ ওপরে বেড়ায়। হে য়িহুহা তুমি নিত্যস্থায়ী
২০ তোমার সিংহাসন পুরুষ২ অনুক্রমে থাকে। তুমি
কেন আমারদিগকে সদা বিস্মৃত হইয়াছ ও আমার
২১ দিগকে কেন এত কালে ত্যাগ কর। হে য়িহুহা

Digitized by Google

আমারদিগকে আপনার পক্ষে ফিরাও তাহাতে আমরা
পরাবৃত্ত হইব পূর্ব্ব কালের ন্যায় আমারদিগকে
২২ পুনর্নূতন কর। কিন্তু তুমি আমারদিগকে সর্ব্ব
তোভাবে ত্যাগ করিয়াছ তুমি আমারদের ওপরে
অতিশয় ক্রুদ্ধ হইয়াছ।

Digitized by Google

## য়িহেজকেল ভবিষ্যদ্বক্তাতে রচিত বাক্য।—

### ১ প্রথম পর্ব্ব।—

১ ত্রিংশৎ বৎসরের চতুর্থ মাসের পঞ্চম দিনে এমত
হইল আমি অন্য দেশে দাসত্বপ্রাপ্তেরদের মধ্যে
কেবর নদী তীরে থাকিলে স্বর্গ খোলা গেল এবং
২ আমি ঈশ্বরের বিশেষ দর্শন দেখিলাম। যিহোয়া
কিন রাজার অন্য দেশগমন হওয়ার পঞ্চম বৎসরে সে
৩ মাসের পঞ্চম দিনে কাল্দীয়েরদের দেশে কেবর
নদীর তীরে যিহোবার বাক্য বুজির পুত্র যিহেজকেল
যাজকের কাছে বিশেষরূপে প্রকাশিত ছিল। এবং
সেখানে যিহোবার হাত তাহার উপরে ছিল।—
৪ তৎকালে আমি দৃষ্টি করিলাম তাহাতে দেখ উত্তর
দিগহইতে এক ঘূর্ণী বায়ু আইল এবং বড় এক মেঘ
এবং আপনাকে প্রকাশকারী এক অগ্নি এবং তাহার
চতুর্দ্দিগে এক মহা তেজ এবং তাহার মধ্যে অর্থাৎ
৫ অগ্নির মধ্যহইতে কহরুবার বর্ণের ন্যায় বর্ণ। এবং
তাহার মধ্যহইতে চারি জীবৎ জন্তুর ন্যায় বস্তু প্রকা
শিত হইল তাহারদের মূর্ত্তি এই তাহারদের মনুষ্যের
৬ আকারের ন্যায় আকার প্রত্যেকের চারি মুখ এবং
৭ প্রত্যেকের চারি পাখা ছিল। তাহারদের পা সোজা
পা ও তাহারদের পায়ের তালুয়া বাছুরের পায়ের
তালুয়ার মত এবং তাহারা পরিষ্কারীকৃত পিতলের

Digitized by Google

৮ বর্ণের ন্যায় চক্‌চক করিল। এবং চতুর্দ্দিগে
তাহারদের পাখার নীচে মনুষ্যের হাত ছিল এবং সে
৯ চারির মুখ ও পাখা ছিল। তাহারদের পাখা
জোড়া ছিল তাহারা যখন গতি করিত তখন ফিরিত
১০ না তাহারা প্রত্যেকে সোজা পথে চলিল। তাহার
দের মুখের আকার এই সে চারির মনুষ্যের মুখ
ছিল এবং দক্ষিণ ভাগে সিংহের মুখ ও বাম ভাগে
সে চারির গরুর মুখ সে চারিরও নশর পক্ষীর মুখ
১১ ছিল এ প্রকারে তাহারদের মুখ। তাহারদের পাখা
ওপরদিগে বিস্তীর্ণ ছিল প্রত্যেকের দুই পাখা সমলগ্ন
ছিল এবং দুই তাহারদের শরীর আচ্ছাদন করিত।
১২ তাহারা প্রত্যেকে সোজা পথে চলিল আত্মার যেখানে
গন্তব্য সেখানে তাহারা গেল এবং গমনে ফিরিল
১৩ না। এই জীবৎ জন্তুরদের এইং মূর্ত্তি তাহারদের
প্রকাশ প্রজ্বলিত আঁগারের মত ও প্রদীপের সদৃশ সে
ঊর্দ্ধ অর্থাৎ জীবৎ জন্তুরদের মধ্যে গতি করিল
সে অগ্নি বড় তেজস্বী এবং সে অগ্নিহইতে বিদ্যুৎ
১৪ নির্গত ছিল। এবং সে জীবৎ জন্তুরা বিদ্যুতের
প্রকাশের ন্যায় গমনাগমন করিল।
১৫ আমি সে জীবৎ জন্তুরদিগকে দেখিতেছি
তৎকালে দেখ জীবৎ জন্তুরদের নিকটে পৃথিবীর
১৬ ওপরে এক চক্র আপন চারি মুখ সুদ্ধ ছিল। সে
চক্রেরদের দর্শন ও গঠন চুনি মণির বর্ণের ন্যায় সে
চারির এক মূর্ত্তি ছিল এবং তাহারদের দর্শন ও গঠন
১৭ চক্রের মধ্যে চক্রের মত ছিল। তাহারা যখন

Digitized by Google

গতি করিল তখন আপন চারি পার্শ্বেতে গতি করিল
১৮ এবং গমন কালে ফিরিত না। তাহারদের নেমি
এমন উচ্চ ছিল যে তাহারা ভয়ঙ্কর ছিল তাহারদের
১৯ নেমি চারি পার্শ্বেও চক্ষুতে পরিপূর্ণ ছিল। যখন
৪৪ দেখ যে প্রতি জন কাহিনী ব্যাপার করে সেই লোকেরা
তোমার বিষয়ে এ কাহিনী কহিবে যেমন মা তেমনি
৪৫ কন্যা। আপন স্বামীকে ও বালকেরদিগকে ঘৃণা
করে যে তোমার মা তাহারি কন্যা তুমি। এবং
আপন২ স্বামীকে ও বালকেরদিগকে ঘৃণা করে
যে তোমার ভগিনীরা তাহারদের ভগিনী তুমি।
তোমার মাতা হিত্তীয়া ছিল ও তোমার পিতা আমরীয়
৪৬ ছিল। এবং তোমার বামদিগে বসতি করে
যে তোমার দিদি সে শমরোন ও তাহার কন্যারা এবং
তোমার দক্ষিণদিগে বাস করে যে তোমার কনিষ্ঠা
৪৭ ভগিনী সে সদম ও তাহার কন্যারা। তথাচ তুমি
তাহারদের পথে গতি কর নাই ও তাহারদের ঘৃণার্হ
ক্রিয়ানুসারে কর নাই কিন্তু তাহা অতি ক্ষুদ্র জ্ঞান
করিয়া তুমি আপন সকল পথে তাহারদের হইতে
৪৮ দুরাচারতরা ছিল। যিহুহা পরমেশ্বর কহেন আমি
যদি জীবৎ হই তবে সদম অর্থাৎ সে ও তাহার
কন্যারা তোমার অর্থাৎ তোমার ও তোমার কন্যার
৪৯ দের ক্রিয়ার মত ক্রিয়া করে নাই। দেখ তোমার
সদম ভগিনীর দোষ এই তাহার ও তাহার কন্যারদের
মধ্যে অহঙ্কার ও ভক্ষ্যের পরিপূর্ণতা ও আলিস্যের
বাহুল্য ছিল দরিদ্রের ও দীনের হাত সে শক্তিমান
৫০ করে নাই। এবং তাহারা গর্ব্বিত ছিল এবং আমার

Digitized by Google

সাক্ষাতে ব্যভিচার ক্রিয়া করিল অতএব আমি যেমন দেখিলাম তেমন তাহারদিগকে দুরে করিলাম।
৫১ শমরোন তোমার পাপের অর্দ্ধ পাপ করে নাই কিন্তু তুমি আপন ঘৃণার্হ ক্রিয়া তাহারদেরহইতে বাড়াইয়াছ এবং আপনাতে কৃত যে তোমার সকল ঘৃণার্হ ক্রিয়া তদ্দ্বারা আপন ভগিনীরদিগকে নির্দ্দোষী করিয়াছ।
৫২ আপন ভগিনীরদের বিচার করিয়াছ যে তুমি তুমি তাহারদেরহইতে ঘৃণার্হতর যে পাপ করিয়াছ তাহাতে আপন অপমান ভোগ কর। তাহারা তোমাহইতে যাথার্থিক তুমি আপন ভগিনীরদিগকে নির্দ্দোষী করিয়াছ এই প্রযুক্ত তুমিও বিবর্ণা হও এবং আপন অপমান
৫৩ ভোগ কর। তুমি আপন অপমান ভোগ কর এবং তুমি তাহারদের সান্ত্বনাকারিণী ইহাতে ও আপন
৫৪ সকল কৃতক্রিয়ার বিষয়ে ও ব্যাকুলা হও এই জন্যে আমি যখন তাহারদের অন্য দেশে দাসত্ব প্রাপ্তেরদিগকে পুনর্ব্বার আনি অর্থাৎ সদম ও তাহার কন্যারদের ও শমরোনও তাহার কন্যারদের তখন আমি তোমার মধ্যে তোমার অন্য দেশে দাসত্ব পদস্থেরদিগকেও আনিব।
৫৫ সদম ও তাহার কন্যারা এই তোমার ভগিনী যখন প্রথম দশা প্রাপ্তা হয় এবং শমরোন ও তাহার কন্যারা যখন আপনং পূর্ব্বদশা প্রাপ্তা হয় তখন তুমি ও তোমার কন্যারা আপনং পূর্ব্বদশা প্রাপ্তা হইবা। আরমের কন্যারদের ও তাহার চতুর্দ্দিগে তোমাকে ন্যক্কার করে যে পলেশতীরদের যে কন্যারা তাহার চতুর্দ্দিগে থাকে তাহারদেরও অপমানের সময়ে তোমার

Digitized by Google

৫৬ দুষ্টতা প্রকাশের পূর্ব্বে যেমন ছিল তেমনি তোমার
অহঙ্কারের দিনে তোমার সদম ভগিনীর নাম
৫৭ তোমার মুখে আইসে নাই যিহুহা কহেন তুমি আপ
ন ব্যভিচার্য্য ও আপন ঘৃণ্য ক্রিয়া ভোগ করিয়াছ।
৫৮ কেননা যিহুহা পরমেশ্বর এ কথা কহেন বন্দোবস্ত
ভাঙ্গিনেতে কিরা অবজ্ঞা করিয়াছ যে তুমি তুমি
যেমন করিয়াছ তাহারি মত আমি তোমার প্রতি
৫৯ করিব। কিন্তু তোমার যৌবনাবস্থায় আমার যে বন্দোবস্ত
তোমার সহিত ছিল তাহা আমি স্মরণ করিব এবং
৬০ তোমার সহিত নিত্য এক বন্দোবস্ত স্থির করিব। যখন
তুমি আপন ভগিনীদিগকে অর্থাৎ তোমার জ্যেষ্ঠা
ও তোমার কনিষ্ঠাকে গ্রহণ করিবা তখন তুমি আপন
পথ স্মরণ করিবা ও লজ্জান্বিতা হইবা। এবং আমি
তাহারদিগকে কন্যাদের ন্যায় তোমাকে দিব কিন্তু
৬১ বন্দোবস্তের দ্বারা দিব না। এবং যিহুহা কহেন
তুমি স্মরণ কর ও ব্যাকুল হও এবং আমি তোমার
সকল কৃত ক্রিয়ার বিষয়ে যখন তোমার প্রতি শান্ত
হই তখন তুমি আপন লজ্জা প্রযুক্ত আপন মুখ
৬২ আর না খোল এই নিমিত্তে আমি আপন বন্দোবস্ত
তোমার সহিত স্থির করিব এবং আমি যে যিহুহা ইহা
তুমি জানিবা।—

পর্ব্ব ১৭ যিহুহার এ কথা ও আমার কাছে আইল। হে
মনুষ্যের সন্তান তুমি এক হেঁয়ালি প্রকাশ কর
ও হিতোপদেশ প্রবন্ধ যিশ্রায়েলের বংশের কাছে



Digitized by Google

৩ কহ। এবং ইহা কহ যিহুহা পরমেশ্বর এ কথা
কহেন বড় পাখা বিশিষ্ট অর্থাৎ দীর্ঘ পালকেতে
পূর্ণ নানাবর্ণ এক নখর পক্ষী লবানোনে আইল এবং
৪ আরেজ বৃক্ষের উত্তম শাখা লইল। সে তাহার
কোমল পল্লবের আগা ছিড়িল ও বনিকেরদের এক
দেশে তাহা লইয়া গেল সে বনিকময় এক নগরে তাহা
৫ রোপণ করিল। সে দেশের কিছু বীজ ও লইয়া
ফলবান ভূমিতে পুঁতিল সে তাহা বড় জলের নিকট
স্থাপন করিল ও বাইসি বৃক্ষের ন্যায় তাহা রোপণ
৬ করিল। পরে তাহা বাড়িল এবং যাহার শাখা
তাহার প্রতি ফিরিল ও যাহার শিকড় তাহার নীচে
ছিল এমন বর্ত্তমান অলম্বু এক দ্রাক্ষা লতা হইল এ মত
সে দ্রাক্ষা লতা হইয়া গেল ও শাখা উৎপন্ন করিল
৭ ও পল্লব প্রকাশ করিল। বড় পাখা এবং অনেক
পালক বিশিষ্ট আর এক নখর পক্ষীও ছিল তাহাতে
৮ দেখ সে তাহার ভূমির শিকড়ে জল সেচে একারণ সে
দ্রাক্ষা লতা আপন শাখা তাহারদিগে বাড়াইল
যে অনেক শাখা করে ও ফল ফলে ও উত্তম দ্রাক্ষা
লতা হয় এই জন্যে উত্তম ভূমিতে বড় জলের
৯ নিকটে রোপিত ছিল। তুমি এ কথা কহ যিহুহা
পরমেশ্বর এ কথা কহেন সে কি বাড়িবে? সে কি
তাহার মূল উপড়াইবে না? ও সে শুকিয়া যায়
একারণ তাহার ফল কি ছেদন করিবে না? সে
অনেক পরাক্রম কিম্বা তাহা মূলসুদ্ধ উপড়াইবার
কারণ অনেক লোক ব্যতিরেক আপন বসন্ত কালীন

Digitized by Google

১০ পত্রে শুকিয়া যাবে। দেখ সে রোপিত হইয়া ও কি
থাকিবে? পূর্ব্বীয় বায়ু তাহা স্পর্শ করিলে সে কি
সর্ব্বতোভাবে শুকিয়া যাইবে না সে যে পিণ্ডে থাকিত
তাহাতে ও শুকিয়া যাইবে।—
১১ যিহোবার এ বাক্যও আমার কাছে আইল।
১২ এখন হঠ্যুক্তি বংশকে এ কথা কহ এই বিষয়ের তাৎ
পর্য্য কি তোমরা কি ইহা জান না? কহ রাজা অধীন
হয় ও আপনাকে আর না উঠায় কিন্তু তাহার বন্দো
১৩ বস্ত পালনেতে স্থির হয় এই জন্যে দেখ বাবেলের
রাজা যিরোশালমে আসিয়াছে ও তাহার রাজাকে
ও তাহার অধ্যক্ষেরদিগকে আপন সঙ্গে বাবেলে
১৪ লইয়া গিয়াছে। ও রাজার বংশ কাহাকে
লইয়াছে ও তাহার সহিত বন্দোবস্ত করিয়াছে ও
তাহার দিব্য গ্রহণ করিয়াছে সে ও দেশের পরাক্রান্ত
১৫ লোকেরদিগকে লইয়াছে কিন্তু তাহারা তাহাকে
ঘোড়ারদিগকে ও অনেক লোককে দেয় এই নিমিত্তে
আপন উকিলেরদিগকে মিসরে পাঠানেতে তাহার
বিরুদ্ধে হঠ্যুক্ত করিল সে কি ভাগ্যবান হইবে? এ
প্রকার ক্রিয়া যে জন করে সে কি দণ্ড এড়াইবে সে কি
১৬ বন্দোবস্ত ভাঙ্গিয়া নিস্তারিত হইবে?। যিহোবা
পরমেশ্বর ইহা কহেন আমি যদি জীবৎ হই তবে যে
রাজা তাহাকে রাজা করিল ও যাহার দিব্য সে
অবজ্ঞা করিল ও যাহার বন্দোবস্ত সে ভাঙ্গিল সে
রাজার স্থানে তাহার নিকটে বাবেলের মধ্যে সে
১৭ মরিবে। সে আপন হাতে স্বাক্ষর করিয়া ও

Digitized by Google

বন্দোবস্ত ভাঙ্গাতে দিবির অবজ্ঞা করিল এবং এই
১৮ সকল ক্রিয়া করিয়াছে অতএব সে আপদ এড়াইবে না
এবং অনেক লোককে নষ্ট করিবার জন্যে ঢিপি ও
গড় করাতে ফারোজা তাহার পরাক্রান্ত সৈন্য ও বড়
জনতা সুদ্ধ তাহার কিছু উপকার যুদ্ধে করিবেও না।
১৯ অতএব য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি যদি
জীবৎ থাকি তবে সে আমার যে দিবির অবজ্ঞা
করিয়াছে ও সে আমার যে বন্দোবস্ত ভাঙ্গিয়াছে
তাহা আমি প্রতিফল রূপে তাহার মাথার উপরে দিব।
২০ এবং আমি আপন জাল তাহার উপরে বিস্তীর্ণ করিব
এবং সে আমার ফাঁদে ধরা পড়িবে এবং আমি
তাহাকে বাবেলে লইয়া যাইব এবং আমার বিরুদ্ধ
সে যে আজ্ঞা লঙ্ঘন করিয়াছে তাহার বিষয়ে তাহার
২১ সহিত উত্তর প্রত্যুত্তর করিব তাহার সকল পলাতকেরা
রা ও তাহার সকল সৈন্যেরা তলোয়ারেতে পড়িবে
এবং অবশিষ্ট যাহারা তাহারা সকল বায়ুরদিগে
ছড়ান যাইবে এবং আমি য়িহুহা যে তাহা কহিয়াছি
ইহা তোমরা জানিবা।—

২২ য়িহুহা পরমেশ্বর ইহা কহেন আমি উচ্চ আরেজ
বৃক্ষের উচ্চতম শাখার খণ্ডও লইব এবং কচির আমি
তাহার কোমল পল্লবের মধ্যে অতি কোমল এক খান
ছিড়িব এবং তাহা উচ্চ ও শ্রেষ্ঠ এক পর্ব্বতে রোপণ
২৩ করিব। য়িশ্রায়েলের ঊর্দ্ধতার পর্ব্বতে আমি তাহা
রোপণ করিব সে শাখা করিবে ও ফল ফলিবে
ও উত্তম আরেজ বৃক্ষ হইবে তাহার তলে প্রতি প্রকার

Digitized by Google

পাখা বিশিষ্ট প্রতি পক্ষী বাস করিবে তাহার ডালের
২৪ ছায়ায় তাহারা বাস করিবে। এবং যিহুহা যে
আমি ওচ্চ বৃক্ষকে যে খাটো করিয়াছি ও খাটো বৃক্ষকে
যে ওচ্চ করিয়াছি ও তাজা বৃক্ষকে যে শুকাইয়াছি ও
শুষ্ক বৃক্ষকে যে তেজস্বী করিয়াছি ইহা ভূমির সকল
বৃক্ষ জানিবে যিহুহা যে আমি তাহা কহিয়াছি ও
করিয়াছি।

পর্ব্ব আরবার যিহুহার এ বাক্য আমার কাছে আইল।
১৮ পিতারা টক দ্রাক্ষা খাইয়াছে তাহাতে সন্তানেরদের
দন্ত টকিয়াছে এ যে বাক্য তোমরা যিশরায়েল দেশের
বিষয়ে কহ তাহাতে তোমারদের কি অভিপ্রায়।
৩ যিহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি যদি জীবৎ
হই তবে যিশরায়েল দেশে তোমারদের এ বাক্য কহার
৪ আর আবশ্যক হইবে না। দেখ সকল প্রাণ
আমার যেমন পিতার প্রাণ আমার তেমন সন্তানের
প্রাণও আমার যে প্রাণী পাপ করে সে মরিবে।
৫ কিন্তু যদি কোন জন যাথার্থিক হয় ও ন্যায় ও
৬ যথার্থ ক্রিয়া করে ও পর্ব্বতের ওপরে ভোজন করে
নাই ও যিশরায়েলের বংশের দেবেরদের পানে চক্ষু
ওঠায় নাই ও আপন প্রতিবাসির স্ত্রীকে অশুচি করে
৭ নাই ও রজস্বলা স্ত্রীর নিকটে যায় নাই। কাহার
ওপদ্রব না করিয়াছে ঋণীকে বন্দক ফের দিয়াছে ও
দৌরাত্ম্যের দ্বারা কাহারো নাশ না করিয়াছে আপন
অন্ন ক্ষুধিতকে দিয়াছে ও উলঙ্গকে বস্ত্রেতে আচ্ছাদিত
৮ করিয়াছে সুদ পাবার জন্য ঋণ যে দেয় নাই ও কিছু

Digitized by Google

অগ্নি দিয়া গতি করাইয়াছ তোমার ব্যভিচার ক্রিয়ার
২১ মধ্যে এই কি ক্ষুদ্র বিষয়? এবং যে কালে তুমি
২২ উলঙ্গা ও আদুলা ছিলা ও আপন রক্তেতে অশুচি ছিলা
এমন যে তোমার যৌবনাবস্থা ইহা তোমার সকল ঘৃণ্য
২৩ ক্রিয়া ও ব্যভিচার্য্যের মধ্যে তুমি স্মরণ কর নাই।
এই তোমার সকল দুষ্ক্রিয়ার পরে যিহুহা পরমেশ্বর
২৪ কহেন হায় হায় তোমার। তুমি আপনার কারণ
প্রশস্ত এক স্থান করিয়াছ এবং প্রত্যেক রাস্তায়
২৫ আপনার নিমিত্তে পিঁড়ি করিয়াছ। রাস্তার প্রত্যেক
মাথায় তুমি আপন পিঁড়ি করিয়াছ এবং আপন
সৌন্দর্য্য ঘৃণিত করিয়াছ এবং যে প্রত্যেক জন তোমার
নিকট দিয়া গেল তাহারি কাছে আপন পা বিস্তীর্ণ
করিয়াছ এবং আপন বেশ্যা ক্রিয়া আরং বাড়াইয়াছ।
২৬ আপন নিকটস্থ বড় মাংসল মিস্রীয়েরদের সহিত
তুমি ব্যভিচার ক্রিয়া করিয়াছ এবং আমাকে ক্রুদ্ধ করি
২৭ বার তরে আপন বেশ্যা ক্রিয়া বাড়াইয়াছ। অতএব
দেখ আমি আপন হাত তোমার উপরে বিস্তীর্ণ করি
য়াছি ও তোমার আহ্নিক ভক্ষ্য কমি করিয়াছি এবং
যাহারা তোমাকে ঘৃণা করে অর্থাৎ তোমার অসৎ
আচারেতে লজ্জিতা যে পলেশতীয়েরদের কন্যারা
২৮ তাহারদের ইচ্ছাতে তোমাকে সমর্পণ করিলাম।
তুমি অপরিতোষ্যা এই কারণে আশোরীয়েরদের
সহিত বেশ্যা ক্রিয়া করিয়াছ তুমি তাহারদের সহিত
বেশ্যা আচার করিয়াছ বটে কিন্তু তথাপি পরিতুষ্টা
২৯ ছিলা না। কনাআন দেশে ও কাল্‌দিদ দেশ পর্য্যন্ত

Digitized by Google

তুমি আপন ব্যভিচার ক্রিয়া বাড়াইয়াছ তথাপি পরি
৩০ তৃপ্তা ছিলা না। যিহুহা পরমেশ্বর কহেন তুমি
প্রত্যেক রাস্তার মাথায় আপন প্রসস্ত স্থান কর ও
প্রত্যেক রাস্তাতে আপন পিঁড়ি কর এবং বেতন অবজ্ঞা
৩১ কর ইহাতে বেশ্যার ন্যায় হও নাই কিন্তু আপন
স্বামির বদলে অন্যকে গ্রহণ করে এমন উপপতি
৩২ গ্রাহিণীর ন্যায় হইয়াছ ইহাতে তুমি এ সকল ক্রিয়া
অর্থাৎ কর্ত্তৃত্বশালিনী বেশ্যা স্ত্রীর আচরণ করিয়াছ
অতএব তোমার অন্তঃকরণ কেমনে শিথিল?।
৩৩ লোকেরা সকল বেশ্যারদিগকে বেতন দেয় কিন্তু তোমার
সকল প্রেমকারিরা সকল দিগহইতে তোমার কাছে
তোমার বেশ্যা ক্রিয়ার জন্যে আইসে এই কারণ তুমি
তাহারদিগকে বেতন দিতেছ ও তাহারদিগকে ভাড়া
৩৪ লইয়াছ। কেহ ব্যভিচার ক্রিয়ার নিমিত্তে তোমার
কাছে আইসে নাই ইহাতে তুমি আপন বেশ্যা ক্রিয়াতে
আর২ স্ত্রী লোকেরদের অন্যভাবিনী আছ তুমি মজুরি
দিতেছ এবং তোমাকে কিছু দেওয়া যায় না ইহাতেই
৩৫ তুমি তাহারদের অন্যভাবিনী। অতএব হে বেশ্যা
৩৬ যিহুহার বাক্য শুন পরমেশ্বর যিহুহা এ কথা
কহেন তোমার অপরিচ্ছন্নতা ঢালা গিয়াছে ও তোমার
প্রেমকারিরদের সহিত তোমার যে ব্যভিচার ক্রিয়া
তাহার দ্বারা ও তোমার ঘৃণাহ ক্রিয়া কর প্রতিমার দ্বারা
ও আপন যে বালকেরদিগকে তুমি তাহারদিগকে
দিয়াছ তাহারদের রক্তের দ্বারাও তোমার উলঙ্গতা
৩৭ প্রকাশিত ছিল। অতএব দেখ যাহারদের সহিত

Digitized by Google

তুমি সুখ ভোগ করিয়াছ এমত যে তোমার প্রেমকারিরা সে সকলকে এবং যাহারদিগকে তুমি ভাল বাসিয়াছ ও যাহারদিগকে তুমি মন্দ বাসিয়াছ সে সকলকে এ আমি চতুর্দ্দিগে তোমার বিপরীতে একত্র করিব এবং তাহারদের কাছে তোমার ওলঙ্গিতা প্রকাশ করিব ও তাহারা তোমার সকল ওলঙ্গিতা

৩৮ দেখিবে। এবং যে স্ত্রীরা বিবাহ ছেদন করে ও রক্তপাত করে তাহারা যেমন বিচারিতা হয় তেমন আমি তোমাকে বিচার করিব এবং ক্রোধে ও মত্ত জ্বালা

৩৯ তে আমি তোমাকে রক্ত পান করাইব। আমি তোমাকে তাহারদের হাতে সমর্পনও করিব এবং তাহারা তোমার উচ্চ স্থান ও তোমার পিণ্ডি ভাঙ্গিয়া ফেলিবে ও তোমাকে বিবস্ত্রা করিবে ও তোমার সুন্দর গহনা লইবে ও

৪০ তোমাকে ওলঙ্গা ও আদুলা করিয়া রাখিবে। তাহারা তোমার বিরুদ্ধে জনতাকে আনিবে ও তোমাকে পাথরেতে মারিবে ও আপনং তলোয়ারেতে তোমাকে

৪১ ফুড়াইবে এবং অগ্নিতে তোমার ঘর পোড়াইবে এবং অনেক স্ত্রীরদের সাক্ষাতে তোমাকে দণ্ড দিবে এবং আমি তোমাকে ব্যভিচার ক্রিয়া ত্যাগ করাইব

৪২ এবং তুমি আর ভাড়া দিবা না। এ প্রকারে তোমার প্রতি যে আমার কোপ তাহা আমি শান্ত করিব এবং আমার জ্বালা তোমার নিকটহইতে যাইবে ও আমি

৪৩ শান্ত হইব এবং আর ক্রুদ্ধ হইব না। তুমি আপন যৌবনাবস্থা স্মরন না করিয়াছ কিন্তু এ সকল বিষয়েতে আমাকে বিরক্ত করিয়াছ অতএব যিহুহা পরমেশ্বর

Digitized by Google

কহেন দেখ আমি তোমার মস্তকের ওপরে তোমার গতির ফল দিব এবং আপন আর সকল ঘৃণার্হ ক্রিয়ার অধিক তুমি এ অসৎ ক্রিয়া করিবা না।
৪৪ দেখ যে প্রতি জন কাহিনী ব্যাপার করে সেই লোকেরা তোমার বিষয়ে এ কাহিনী কহিবে যেমন মা তেমনি
৪৫ কন্যা। আপন স্বামীকে ও বালকেরদিগকে ঘৃণা করে যে তোমার মা তাহারি কন্যা তুমি। এবং আপন স্বামীকে ও বালকেরদিগকে ঘৃণা করে যে তোমার ভগিনীরা তাহারদের ভগিনী তুমি। তোমার মাতা যিত্তীয়া ছিল ও তোমার পিতা আমরীয়
৪৬ ছিল। এবং তোমার বামদিগে বসতি করে যে তোমার দিদি সে শমরোন ও তাহার কন্যারা এবং তোমার দক্ষিণদিগে বাস করে যে তোমার কনিষ্ঠা
৪৭ ভগিনী সে সদম ও তাহার কন্যারা। তথাচ তুমি তাহারদের পথে গতি কর নাই ও তাহারদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কর নাই কিন্তু তাহা অতি ক্ষুদ্র জ্ঞান করিয়া তুমি আপন সকল পথে তাহারদের হইতে
৪৮ দুরাচারতরা ছিল। যিহোহা পরমেশ্বর কহেন আমি যদি জীবৎ হই তবে সদম অর্থাৎ সে ও তাহার কন্যারা তোমার অর্থাৎ তোমার ও তোমার কন্যার
৪৯ দের ক্রিয়ার মত ক্রিয়া করে নাই। দেখ তোমার সদম ভগিনীর দোষ এই তাহার ও তাহার কন্যারদের মধ্যে অহঙ্কার ও ভক্ষ্যের পরিপূর্ণতা ও আলিস্যের বাহুল্য ছিল দরিদ্রের ও দীনের হাত সে শক্তিমান
৫০ করে নাই। এবং তাহারা গর্ব্বিত ছিল এবং আমার

Digitized by Google

সাক্ষাতে ব্যভিচার ক্রিয়া করিল অতএব আমি যেমন
দেখিলাম তেমন তাহারদিগকে দূরে করিলাম।
৫১ শমরোন তোমার পাপের অর্দ্ধ পাপ করে নাই কিন্তু
তুমি আপন ঘৃণার্হ ক্রিয়া তাহারদেরহইতে বাড়াইয়াছ
এবং আপনাতে কৃত যে তোমার সকল ঘৃণার্হ ক্রিয়া
তদ্দ্বারা আপন ভগিনীরদিগকে নির্দ্দোষী করিয়াছ।
৫২ আপন ভগিনীরদের বিচার করিয়াছ যে তুমি তুমি
তাহারদেরহইতে ঘৃণার্হতর যে পাপ করিয়াছ তাহাতে
আপন অপমান ভোগ কর। তাহারা তোমাহইতে
যাথার্থিক তুমি আপন ভগিনীরদিগকে নির্দ্দোষী করি
য়াছ এই প্রযুক্ত তুমিও বিবর্ণা হও এবং আপন অপমান
৫৩ ভোগ কর। তুমি আপন অপমান ভোগ কর এবং
তুমি তাহারদের সান্ত্বনাকারিণী ইহাতে ও আপন
৫৪ সকল কৃতক্রিয়ার বিষয়ে ও ব্যাকুলা হও এই জন্যে আমি
যখন তাহারদের অন্য দেশে দাসত্ব প্রাপ্তেরদিগকে
পুনর্ব্বার আনি অর্থাৎ সদম ও তাহার কন্যারদের ও
শমরোন ও তাহার কন্যারদের তখন আমি তোমার মধ্যে
তোমার অন্য দেশে দাসত্ব পদস্থেরদিগকেও আনিব।
৫৫ সদম ও তাহার কন্যারা এই তোমার ভগিনী যখন
প্রথম দশা প্রাপ্তা হয় এবং শমরোন ও তাহার কন্যারা
যখন আপন২ পূর্ব্বদশা প্রাপ্তা হয় তখন তুমি ও
তোমার কন্যারা আপন২ পূর্ব্বদশা প্রাপ্তা হইবা।
আরমের কন্যারদের ও তাহার চতুর্দ্দিগে তোমাকে
ন্যক্কার করে যে পলেষ্টীরদের যে কন্যারা তাহার চতু
র্দ্দিগে থাকে তাহারদেরও অপমানের সময়ে তোমার

Digitized by Google

৫৬ দুষ্টতা প্রকাশের পূর্ব্বে যেমন ছিল তেমনি তোমার
অহঙ্কারের দিনে তোমার সদম ভগিনীর নাম
৫৭ তোমার মুখে আইসে নাই যিহুহা কহেন তুমি আপ
ন ব্যভিচার্য্য ও আপন দূন্য ক্রিয়া ভোগ করিয়াছ।
৫৮ কেননা যিহুহা পরমেশ্বর এ কথা কহেন বন্দোবস্ত
ভাঙ্গিলেতে কিরা অবজ্ঞা করিয়াছ যে তুমি তুমি
যেমন করিয়াছ তাহারি মত আমি তোমার প্রতি
৫৯ করিব। কিন্তু তোমার যৌবনাবস্থায় আমার যে বন্দোবস্ত
তোমার সহিত ছিল তাহা আমি স্মরণ করিব এবং
৬০ তোমার সহিত নিত্য এক বন্দোবস্ত স্থির করিব। যখন
তুমি আপন ভগিনীরদিগকে অর্থাৎ তোমার জ্যেষ্ঠা
ও তোমার কনিষ্ঠাকে গ্রহন করিবা তখন তুমি আপন
পথ স্মরন করিবা ও লজ্জান্বিতা হইবা এবং আমি
তাহারদিগকে কন্যা দের ন্যায় তোমাকে দিব কিন্তু
৬১ বন্দোবস্তর দ্বারা দিব না। এবং যিহুহা কহেন
তুমি স্মরন কর ও ব্যাকুল হও এবং আমি তোমার
সকল কৃত ক্রিয়ার বিষয়ে যখন তোমার প্রতি শান্ত
হই তখন তুমি আপন লজ্জা প্রযুক্ত আপন মুখ
৬২ আর না খোল এই নিমিত্তে আমি আপন বন্দোবস্ত
তোমার সহিত স্থির করিব এবং আমি যে যিহুহা ইহা
তুমি জানিবা।

পর্ব্ব ১৭ যিহুহার এ কথা ও আমার কাছে আইল। হে
মনুষ্যের সন্তান তুমি এক হেঁয়ালি প্রকাশ কর
ও হিতোপদেশ প্রবন্ধ যিশরায়েলের বংশের কাছে

৩ কহ। এবং ইহা কহ যিহুহা পরমেশ্বর এ কথা
কহেন বড় পাখা বিশিষ্ট অর্থাৎ দীর্ঘ পালকেতে
পূর্ণ নানাবর্ণ এক নখর পক্ষী লবানলে আইল এবং
৪ আরেজ বৃক্ষের উত্তম শাখা লইল। সে তাহার
কোমল পল্লবের আগা ছিড়িল ও বনিকেরদের এক
দেশে তাহা লইয়া গেল সে বনিকময় এক নগরে তাহা
৫ রোপন করিল। সে দেশের কিছু বীজও লইয়া
ফলবান ভূমিতে পুঁতিল সে তাহা বড় জলের নিকট
স্থাপন করিল ও বাইসি বৃক্ষের ন্যায় তাহা রোপন
৬ করিল। পরে তাহা বাড়িল এবং যাহার শাখা
তাহার প্রতি ফিরিল ও যাহার শিকড় তাহার নীচে
ছিল এমন বর্দ্ধমান অনুচ্চ এক দ্রাক্ষা লতা হইল এ মত
সে দ্রাক্ষা লতা হইয়া গেল ও শাখা উৎপন্ন করিল
৭ ও পল্লব প্রকাশ করিল। বড় পাখা এবং অনেক
পালক বিশিষ্ট আর এক নখর পক্ষীও ছিল তাহাতে
৮ দেখ সে তাহার ভূমির শিরে জল সেচে এ কারণ সে
দ্রাক্ষা লতা আপন শাখা তাহার দিগে বাড়াইল
সে অনেক শাখা করে ও ফল ফলে ও উত্তম দ্রাক্ষা
লতা হয় এই জন্যে উত্তম ভূমিতে বড় জলের
৯ নিকটে রোপিত ছিল। তুমি এ কথা কহ যিহুহা
পরমেশ্বর এ কথা কহেন সে কি বাড়িবে? সে কি
তাহার মূল উপড়াইবে না? ও সে শুকিয়া যায়
এ কারণ তাহার ফল কি ছেদন করিবে না? সে
অনেক পরাক্রম কিম্বা তাহা মূলসুদ্ধ উপড়াইবার
কারণ অনেক লোক ব্যতিরেক আপন বসন্ত কালীন

Digitized by Google

১০ পত্রে শুকিয়া যাবে। দেখ সে স্থাপিত হইয়া ও কি
থাকিবে? পূর্বিয় বায়ু তাহা স্পর্শ করিলে সে কি
সর্ব্বতোভাবে শুকিয়া যাইবে না সে যে পিড়ে থাকিত
তাহাতে ও শুকিয়া যাইবে।
১১ য়িহুহ্বার এ বাক্যও আমার কাছে আইল।
১২ এখন হস্তুক্তি বংশকে এ কথা কহ এই বিষয়ের তাৎ-
পর্য্য কি তোমরা কি ইহা জান না? কহ রাজ্য অধম
হয় ও আপনাকে আর না উঠায় কিন্তু তাহার বন্দো
১৩ বস্ত পালনেতে স্থির হয় এই জন্যে দেখ বাবেলের
রাজা য়িরোশালমে আসিয়াছে ও তাহার রাজাকে
ও তাহার অধ্যক্ষেরদিগকে আপন সঙ্গে বাবেলে
১৪ লইয়া গিয়াছে। ও রাজার বংশ কাহাকে
লইয়াছে ও তাহার সহিত বন্দোবস্ত করিয়াছে ও
তাহার দিব্য গ্রহণ করিয়াছে সে ও দেশের পরাক্রান্ত
১৫ লোকেরদিগকে লইয়াছে কিন্তু তাহারা তাহাকে
ঘোড়ারদিগকে ও অনেক লোককে দেয় এই নিমিত্তে
আপন উকিলেরদিগকে মিস্রে পাঠানেতে তাহার
বিরুদ্ধে হস্তুত করিল সে কি ভাগ্যবান হইবে? এ
প্রকার ক্রিয়া যে জন করে সে কি দণ্ড এড়াইবে সে কি
১৬ বন্দোবস্ত ভাঙ্গিয়া নিস্তারিত হইবে?। য়িহুহা
পরমেশ্বর ইহা কহেন আমি যদি জীবৎ হই তবে যে
রাজা তাহাকে রাজা করিল ও যাহার দিব্য সে
অবজ্ঞা করিল ও যাহার বন্দোবস্ত সে ভাঙ্গিল সে
রাজার স্থানে তাহার নিকটে বাবেলের মধ্যে সে
১৭ মরিবে। সে আপন হাতে স্বাক্ষর করিয়া ও

Digitized by Google

বন্দোবস্ত ভাঙ্গাতে দিব্বির অবজ্ঞা করিল এবং এই
১৮ সকল ক্রিয়া করিয়াছে অতএব সে আপদ এড়াইবে না
এবং অনেক লোককে নষ্ট করিবার জন্যে চিপি ও
গড় করাতে ফারৌণ তাহার পরাক্রান্ত সৈন্য ও বড়
জনতা সুদ্ধ তাহার কিছু উপকার যুদ্ধে করিবেও না।
১৯ অতএব যিহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি যদি
জীবৎ থাকি তবে সে আমার যে দিব্বির অবজ্ঞা
করিয়াছে ও সে আমার যে বন্দোবস্ত ভাঙ্গিয়াছে
তাহা আমি প্রতিফল রূপে তাহার মাথার উপরে দিব।
২০ এবং আমি আপন জাল তাহার উপরে বিস্তীর্ণ করিব
এবং সে আমার ফাঁদে ধরা পড়িবে এবং আমি
তাহাকে বাবেলে লইয়া যাইব এবং আমার বিরুদ্ধে
সে যে আজ্ঞা লঙ্ঘন করিয়াছে তাহার বিষয়ে তাহার
২১ সহিত উত্তর প্রত্যুত্তর করিব তাহার সকল পলাতকের
রা ও তাহার সকল সৈন্যেরা তলোয়ারেতে পড়িবে
এবং অবশিষ্ট যাহারা তাহারা সকল বায়ুর দিগে
ছড়ান যাইবে এবং আমি যিহুহা যে তাহা কহিয়াছি
ইহা তোমরা জানিবা।—
২২ যিহুহা পরমেশ্বর ইহা কহেন আমি উচ্চ আরেজ
বৃক্ষের উচ্চতম শাখার অগ্রও লইব এবং কাটিব আমি
তাহার কোমল পল্লবের মধ্যে অতি কোমল এক খান
ছিড়িব এবং তাহা উচ্চ ও শ্রেষ্ঠ এক পর্ব্বতে রোপণ
২৩ করিব। যিশ্রায়েলের ঊর্দ্ধতার পর্ব্বতে আমি তাহা
রোপণ করিব সে শাখা করিবে ও ফল ফলিবে
ও উত্তম আরেজ বৃক্ষ হইবে তাহার তলে প্রতি প্রকার

Digitized by Google

পাখী বিশিষ্ট প্রভৃতি পক্ষী বাস করিবে তাহার ডালের
২৪ ছায়ায় তাহারা বাস করিবে। এবং য়িহুহা যে
আমি শুষ্ক বৃক্ষকে যে খাটো করিয়াছি ও খাটো বৃক্ষকে
যে শুষ্ক করিয়াছি ও তাজা বৃক্ষকে যে শুকাইয়াছি ও
শুষ্ক বৃক্ষকে যে তেজস্বী করিয়াছি ইহা ভূমির সকল
বৃক্ষ জানিবে য়িহুহা যে আমি তাহা কহিয়াছি ও
করিয়াছি।

পর্ব্ব আরয়ার য়িহুহার এ বাণী আমার কাছে আইল।
১৮ পিতারা টক দ্রাক্ষা খাইয়াছে তাহাতে সন্তানেরদের
দন্ত টকিয়াছে এযে বাক্য তোমরা য়িশরালের দেশের
বিষয়ে কহ তাহাতে তোমারদের কি অভিপ্রায়।
৩ য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি যদি জীবৎ
হই তবে য়িশরালি দেশে তোমারদের এ বাক্য কহার
৪ আর আবশ্যক হইবে না। দেখ সকল প্রাণ
আমার যেমন পিতার প্রাণ আমার তেমন সন্তানের
প্রাণও আমার যে প্রাণী পাপ করে সে মরিবে।
৫ কিন্তু যদি কোন জন যাথার্থিক হয় ও ন্যায় ও
৬ যথার্থ ক্রিয়া করে ও পর্ব্বতের উপরে ভোজন করে
নাই ও য়িশরালের বংশের দেবেরদের পানে চক্ষু
উঠায় নাই ও আপন প্রতিবাসির স্ত্রীকে অশুচি করে
৭ নাই ও রজস্বলা স্ত্রীর নিকটে যায় নাই। কাহার
উপদ্রব না করিয়াছে ঋণীকে বন্দক ফের দিয়াছে ও
দৌরাত্ম্যের দ্বারা কাহারো নাশ না করিয়াছে আপন
অন্ন ক্ষুধিতকে দিয়াছে ও উলঙ্গকে বস্ত্রেতে আচ্ছাদিত
৮ করিয়াছে সুদ পাবার জন্য ঋণ যে দেয় নাই ও কিছু

Digitized by Google

সুদ যে লয় নাই অন্যায়হইতে আপন হাত টানিয়া
লইয়াছে ও মানুষ মানুষের মধ্যে সত্য ন্যায় করিয়া
৯ ছে। সত্য করিবার নিমিত্তে আমার ব্যবস্থা পথে
গমন করিয়াছে ও আমার নীতি পালন করিয়াছে
এমন যে জন সে যাথার্থিক যিহুহা কহেন সে অবশ্য
১০ জীবন ভোগ করিবে। সে জন যদি দস্যু ও রক্ত
১১ পাতক কিম্বা এই কোন কর্ম্মানুযায়ী ক্রিয়া করে ও
এই২ কর্ত্তব্য কোন ক্রিয়া না করে কিন্তু পর্ব্বতের
উপরে ভোজন করিয়াছে ও আপন প্রতিবাসির স্ত্রীকে
১২ অশুচি করিয়াছে। দরিদ্র ও দীন লোকেরদের
উপরে উপদ্রব করিয়াছে দৌরাত্ম্যেতে পরের নাশ
করিয়াছে বন্ধক ফিরিয়া না দিয়াছে দেবেরদের
১৩ পানে চক্ষু উঠাইয়াছে ঘৃণার্হ ক্রিয়া করিয়াছে সুদের
জন্যে ধন দিয়াছে ও সুদ লইয়াছে২ এই প্রকার পুত্র
অন্যায় তবে সে পুত্র কি জীবন ভোগ করিবে সে
জীবন ভোগ করিবে না সে এই সকল ঘৃণার্হ ক্রিয়া
করিয়াছে সে অবশ্য মরিবে তাহার রক্তাপরাধ তাহার
আপন মাথার উপরে থাকিবে।—
১৪ আরও দেখ আপন পিতার সকল কৃত পাপ দেখে
১৫ ও বিচার করে ও তদনুযায়ী ক্রিয়া না করে অর্থাৎ
পর্ব্বতের উপরে ভোজন করে নাই ও য়িশরায়েলের
বংশের দেবেরদের পানে চক্ষু উঠায় নাই ও আপন
১৬ প্রতিবাসির স্ত্রীকে অশুচি করে নাই ও কাহারো
উপদ্রব করে নাই বন্ধক আটক করে নাই সুদ কিম্বা
বার্দ্ধি গ্রহণ করে নাই আমার নীতি বিধি করিয়াছে

১৭ এ আমার ব্যবস্থা পালন করিয়াছে এমন এক পুত্রকে
যদি সে অন্যায় ভাবে সে আপন পিতার অযাথার্থ্যেতে
১৮ মরিবে না সে অবশ্য বাঁচিবে। তাহার পিতা ক্রুর
রূপে ও অদুর করিত দৌরাত্ম্যেতে আপন ভাইকে নষ্ট
করিত এবং যে ক্রিয়া ভাল নয় সেই ক্রিয়া আপন লো
কেরদের মধ্যে করিত এই কারণ সে আপন অযাথা
র্থ্যে মরিবে।

১৯ কিন্তু তোমরা কহ ইহা কেন? পুত্র কি পিতার
অযাথার্থ্যের ভোগ করে না? কিন্তু পুত্র ন্যায় ও
প্রকৃত ক্রিয়া করিয়াছে ও আমার সকল ব্যবস্থা পালন
করিয়াছে ও তদনুযায়ী ক্রিয়া করিয়াছে সে অবশ্য
২০ জীবন ভোগ করিবে। যে প্রাণী পাপ করে সেই
মরিবে পুত্র পিতার পাপ ভোগ করিবে না ও পিতা
পুত্রের পাপ ভোগ করিবে না যাথার্থিকের যাথার্থ্য
ভোগ তাহার উপরে হইবে ও দুষ্টের দুষ্টতা ভোগ
তাহারি উপরে হইবে।

২১ কিন্তু যদি দুষ্ট মানুষ আপন সকল কৃতপাপ
হইতে বিমুখ হয় ও আমার সকল ব্যবস্থা পালন
করে ও যাহা ন্যায় ও প্রকৃত তাহা করে তবে অবশ্য
২২ বাঁচিবে সে মরিবে না। তাহার কৃত যত আজ্ঞা
লঙ্ঘন সে সকল তাহার প্রতি কহা যাইবে না সে যে
যাথার্থ্য করিয়াছে তাহার সে যাথার্থ্যে সে বাঁচিবে।
২৩ যিহুহা পরমেশ্বর কহেন দুষ্ট যে মরিবে ও আপন পথ
হইতে পরাঙ্মুখ যে না হয় ও বাঁচিবে আমার কি ইহা
তে কিছু সন্তোষ?।

Digitized by Google

২৪ কিন্তু যখন যাথার্থিক মানুষ আপন যাথার্থ্যহইতে
বিমুখ হইয়া অযাথার্থ্য করে ও দুষ্ট যে ঘৃণার্হ ক্রিয়া
করে তদনুযায়ী ক্রিয়া করে তবে সে কি বাঁচিবে?
তাহার সে কৃত সকল যাথার্থ্যের নাম কহা যাবে না
সে যে আজ্ঞা লঙ্ঘন ও পাপ করিয়াছে তাহাতে মরিবে।
২৫ কিন্তু তোমরা কহ যে য়িহুহার পথ সোজা নয় হে
য়িশরালের বংশ তোমরা এখন শুন আমার পথ কি
সোজা নয়? তোমারদের পথ কি অসোজা নয়?।
২৬ যখন যাথার্থিক মানুষ আপন যাথার্থ্যহইতে ফিরে
ও অযাথার্থ্য করে ও তাহাতে মরে তখন সে আপন
২৭ কৃত অযাথার্থ্যেতে মরিবে। পুনশ্চ যখন দুষ্ট
আপন কৃত দুষ্টতাহইতে ফিরে ও ন্যায় ও প্রকৃত ক্রিয়া
করে তখন সে আপন প্রাণ জীবৎ রক্ষা করিবে।
২৮ কেননা সে বিবেচনা করে ও আপন কৃত সকল আজ্ঞা
লঙ্ঘনহইতে ফিরে সে জন অবশ্য বাঁচিবে সে মরিবে
২৯ না। কিন্তু য়িশরালের বংশ কহে যে য়িহুহার
পথ সোজা নয় হে য়িশরালের বংশ আমার পথ কি
সোজা নয়? তোমারদের পথ কি অসোজা নয়?।
৩০ অতএব য়িহুহা পরমেশ্বর কহেন হে য়িশরালের
বংশ আমি তোমারদের প্রত্যেক জনকে তাহার পথা
নুসারে বিচার করিব পরাবর্ত্তন কর এবং আপনার
দের সকল আজ্ঞালঙ্ঘনহইতে ফির তাহাতে অযাথা
র্থ্য তোমারদের সর্ব্বনাশক হইবে না।—
৩১ তোমরা যাহাতে আমার আজ্ঞা লঙ্ঘন করিয়াছ এই
তোমারদের সকল আজ্ঞালঙ্ঘন ফেলিয়া দিও এবং

আপনারদের জন্যে নূতন অন্তঃকরণ ও নূতন আত্মা
কর কেননা হে যিশরালের সন্তানেরা তোমরা কেন
৩২ মরিবা ? কেননা যিহুহা পরমেশ্বর কহেন যে জন মরে
আপনার মরণে আমার কিছু সন্তোষ নয় অতএব
তাহারদিগকে ফিরাও এবং জীবন ভোগ কর।—

পর্ব্ব ১৯ যিশরালের অধ্যক্ষেরদের বিষয়েও তুমি বিলাপের
ওনক্রম কর এবং ইহা কহ তোমার মাতা কি ? সে
সিংহী সে সিংহেরদের মধ্যে শুইল সে যুব সিং-
হেরদের মধ্যে আপন ছাবদিগকে প্রতিপালন করিল।
৩ এবং সে আপন এক ছাবকে প্রতিপালন করিল সে ছাও
সিংহ হইল ও শিকার ধরিতে শিখিল সে মনুষ্যের
৪ দিগকে খাইয়া ফেলিত। অন্যদেশীয় লোকেরা
তাহার বিষয়ে শুনিল ও সে তাহারদের গর্ত্তে ধরা
গেল ও তাহারা তাহাকে শিকলেতে বাঁধিয়া মিসর
৫ দেশে আনিল। আপনি অপেক্ষা করিয়াছিল ও
আপন ভরসা যে বৃথা হইল সে সিংহী যখন ইহা
দেখিল তখন সে আপনার আর এক ছাবকে লইয়া
৬ তাহাকেও যুবা সিংহ করিল। এবং সে সিংহে
রদের মধ্যে ইতস্ততো ভ্রমণ করিত সে যুবা সিংহ
হইল ও শিকার ধরিতে শিক্ষা করিল ও মানুষেরদি
৭ গকে খাইয়া ফেলিত। সে তাহারদের নরশূন্য
অট্টালিকাও জানিত ও তাহারদের নগরকে অরণ্য
করিত এবং তাহার গর্জ্জনের শব্দেতে দেশ ও তাহার
৮ পূর্ণতা অরণ্য হইল। তখন প্রদেশহইতে

Digitized by Google

অন্যদেশীয়েরা জিলারদের মধ্যহইতে তাহাকে ঘেরিতে
লাগিল ও তাহার উপরে আপনারদের জাল বিস্তীর্ণ
৯ করিল সে তাহারদের গর্ত্তে ধরা গেল ও তাহারা
তাহাকে পিঞ্জরে বাঁধিয়া রুদ্ধ করিল ও বাবেলের
রাজার কাছে তাহাকে লইয়া গেল তাহার শব্দ আর
কখন যিশরালের পর্ব্বতের উপরে শুনা না যায় এই
কারণ তাহারা তাহাকে পিঞ্জরায় রাখিল।—
১০ তোমার রক্তেতে জলের নিকটে পোতা এক দ্রাক্ষা
লতার ন্যায় তোমার মাতা অনেক জল প্রযুক্ত সে ফল
১১ বতী ও শাখাতে পূর্ণা ছিল। এবং কর্ত্তৃত্বকারিরদের
দণ্ডের কারণ তাহার দৃঢ় ডাল ছিল তাহার ঊর্দ্ধতা
ঘন ডালের মধ্যে উচ্চ করা গেল সে আপন অনেক
১২ ডাল সমূহ আপন ঊর্দ্ধতাতে দেখা গেল। কিন্তু
চণ্ডতাতে সে উপড়ান গেল সে মৃত্তিকাতে ফেলা গেল
ও পূর্ব্বীয় বায়ু তাহার ফল শুকাইল তাহার দৃঢ় ডাল
ভাঙ্গা ও শুষ্কা হইয়া গেল অগ্নি তাহা ধ্বংস করিল।
১৩ এবং এখন সে অরণ্যেতে শুষ্ক ও তৃষিত ভূমিতে রোপা
১৪ গিয়াছে। ও তাহার ফল খাইয়া ফেলিয়াছে
এমন অগ্নি তাহার শাখারদের এক উপশাখাহইতে
বাহির হইয়াছে তাহাতে কর্ত্তৃত্বকারিরদের নিমিত্তে
তাহার দৃঢ় ডাল থাকে না। এই বিলাপ আছে ও
বিলাপের বিষয় হবে।—

পর্ব্ব সপ্তম বৎসরের পাঁচ মাসের দশম দিনে এমত
২০। হইল যিশরালের প্রাচীন লোক কতক জন যিহোবার
কাছে জিজ্ঞাসা করিবার কারণ আইল এবং আমার

Digitized by Google

২ সম্মুখে বসিল। তখন যিহুহার এ কথা আমার কাছে
৩ আইল। হে মনুষ্যের সন্তান যিশরালের প্রাচীন
লোকেরদিগকে এ কথা কহিয়া কহ যিহুহা পরমেশ্বর
এ কথা কহেন তোমরা কি আমার কাছে জিজ্ঞাসা
করিবার কারণ আসিয়াছ যিহুহা পরমেশ্বর ইহা
কহেন আমি যদি জীবৎ হই তবে তোমারদের কর্তৃক
জিজ্ঞাসিত হইব না।
৪ হে মনুষ্যের সন্তান তুমি কি তাহারদের পক্ষে
বিচার করিবা? তুমি কি বিচার করিবা? তাহারদের
পিতৃলোকেরদের ঘৃণার্হ ক্রিয়া তাহারদিগকে জানাও।
৫ এবং তাহারদিগকে এ কথা কহ যিহুহা পরমেশ্বর ইহা
কহেন যে দিনে আমি যিশরালকে পসন্দ করিলাম ও
যাকুবের বংশের প্রতি আপন হাত বিস্তীর্ণ করিলাম
এবং মিস্রর দেশে আপনাকে তাহারদের প্রতি জানা
ইলাম এবং আমি যিহুহা তোমারদের ঈশ্বর এ কথা
৬ কহিয়া তাহারদের প্রতি আপন হাত উঠাইলাম। মধু
ও দুগ্ধেতে আপ্লাবিত হওয়া যে সকল দেশের গৌরব
এমন আপ্লাবিত যে এক দেশ আমি তাহারদের জন্য
নিরূপণ করিয়াছিলাম আমি মিস্রর দেশহইতে
তাহারদিগকে বাহির করিয়া সে দেশে যে দিনে
আনিতে আপন হাত তাহারদের প্রতি উঠাইলাম।
৭ সে কালে আমি তাহারদিগকে কহিলাম যে তোমরা
প্রত্যেক জন আপনং চক্ষুর ঘৃণার্হ বিষয় ফেলিয়া
দেও এবং মিস্রের দেবেরদের দ্বারা আপনারদিগ
কে অশুচি করিও না আমি যিহুহা তোমারদের ঈশ্বর।

Digitized by Google

অন্যদেশীয়েরা জিলারদের মধ্যহইতে তাহাকে ধরিতে
লাগিল ও তাহার ওপরে আপনারদের জাল বিস্তীর্ণ
৯ করিল সে তাহারদের গর্ত্তে ধরা গেল এ তাহারা
তাহাকে জিঞ্জিরে বাঁধিয়া বন্দ করিল ও বাবেলের
রাজার কাছে তাহাকে লইয়া গেল তাহার শব্দ আর
কখন যিশরালের পর্ব্বতের ওপরে শুনা না যায় এই
কারণ তাহারা তাহাকে পিঞ্জরায় রাখিল।—
১০ তোমার রক্তেতে জলের নিকটে পোতা এক দ্রাক্ষ
লতার ন্যায় তোমার মাতা অনেক জল প্রযুক্ত সে ফল
১১ বতী ও শাখাতে পূর্ণা ছিল। এবং কর্ত্তৃত্বকারিরদের
দণ্ডের কারণ তাহার দৃঢ় ডাল ছিল তাহার উর্দ্ধতা
ঘন ডালের মধ্যে উচ্চ করা গেল সে আপন অনেক
১২ ডাল সুদ্ধ আপন ঊর্দ্ধতাতে দেখা গেল। কিন্তু
চণ্ডতাতে সে ওপড়ান গেল সে মৃত্তিকাতে ফেলা গেল
ও পূর্ব্বীয় বায়ু তাহার ফল শুকাইল তাহার দৃঢ় ডাল
ভাঙ্গা ও শুষ্কা হইয়া গেল অগ্নি তাহা ধ্বংস করিল।
১৩ এবং এখন সে অরণ্যেতে শুষ্ক ও তৃষিত ভূমিতে রুপা
১৪ গিয়াছে। ও তাহার ফল খাইয়া ফেলিয়াছে
এমন অগ্নি তাহার শাখারদের এক ওপশাখাহইতে
বাহির হইয়াছে তাহাতে কর্ত্তৃত্বকারিরদের নিমিত্তে
তাহার দৃঢ় ডাল থাকে না। এই বিলাপ আছে ও
বিলাপের বিষয় হবে।—

পর্ব্ব সপ্তম বৎসরের পাঁচ মাসের দশম দিনে এমত
২০ হইল যিশরালের প্রাচীন লোক কতক জন যিহহার
কাছে জিজ্ঞাসা করিবার কারণ আইল এবং আমার

Digitized by Google

২ সম্মুখে বসিল। তখন যিহুহার এ কথা আমার কাছে
৩ আইল। হে মনুষ্যের সন্তান যিশ্রায়েলের প্রাচীন
লোকেরদিগকে এ কথা কহিয়া কহ যিহুহা পরমেশ্বর
এ কথা কহেন তোমরা কি আমার কাছে জিজ্ঞাসা
করিবার কারণ আসিয়াছ যিহুহা পরমেশ্বর ইহা
কহেন আমি যদি জীবৎ হই তবে তোমারদের কর্তৃক
জিজ্ঞাসিত হইব না।
৪ হে মনুষ্যের সন্তান তুমি কি তাহারদের পক্ষে
বিচার করিবা? তুমি কি বিচার করিবা? তাহারদের
পিতৃলোকেরদের ঘৃণার্হ ক্রিয়া তাহারদিগকে জানাও।
৫ এবং তাহারদিগকে এ কথা কহ যিহুহা পরমেশ্বর ইহা
কহেন যে দিনে আমি যিশ্রায়েলকে পসন্দ করিলাম ও
যাকুবের বংশের প্রতি আপন হাত বিস্তীর্ণ করিলাম
এবং মিস্র দেশে আপনাকে তাহারদের প্রতি জানা
ইলাম এবং আমি যিহুহা তোমারদের ঈশ্বর এ কথা
৬ কহিয়া তাহারদের প্রতি আপন হাত উঠাইলাম। মধু
ও দুগ্ধেতে আপ্লাবিত হওয়া যে সকল দেশের গৌরব
এমন আপ্লাবিত যে এক দেশ আমি তাহারদের জন্যে
নিরূপণ করিয়াছিলাম আমি মিস্র দেশহইতে
তাহারদিগকে বাহির করিয়া সে দেশে যে দিনে
আনিতে আপন হাত তাহারদের প্রতি উঠাইলাম।
৭ সে কালে আমি তাহারদিগকে কহিলাম যে তোমরা
প্রত্যেক জন আপনার চক্ষুর ঘৃণার্হ বিষয় ফেলিয়া
দেও এবং মিস্রের দেবেরদের দ্বারা আপনারদিগ
কে অশুচি করিও না আমি যিহুহা তোমারদের ঈশ্বর।

Digitized by Google

৮ কিন্তু তাহারা আমার কথা হেলন করিল ও আমার
বাক্য শুনিতে চাহিল না তাহারা প্রত্যেক জন আপনং
চক্ষুর দুর্নাই বিষয় ফেলিয়া দিল না এবং মিসরের দে
বেরদিগকেও ত্যাগ করিল না তখন আমি কহিলাম
যে আমি মিসর দেশের মধ্যে আপন ক্রোধ তাহারদের
বিরুদ্ধে প্রত্যক্ষ করিবার জন্যে আপন চণ্ডতা তাহার
৯ দের ওপরে ঢালিব কিন্তু তাহারদিগকে মিসর দেশহই
তে আনেতে যাহারদের দৃষ্টিতে আমি তাহারদের
কাছে আপনাকে জানাইলাম এমন যাহারদের মধ্যে
তাহারা বসতি করে যে অন্যদেশীয়েরা তাহারদের
সাক্ষাতে যে আমার নাম অশুচিরূপ মান্য না পায় এই
কারণ আমি আপন নামের জন্যে কর্ম্ম করিলাম।
১০ অতএব আমি তাহারদিগকে মিসর দেশহইতে গ
তি করাইলাম ও তাহারদিগকে অরণ্যে আনিলাম।
১১ এবং আপন ব্যবস্থা তাহারদিগকে দিলাম ও মানুষ
যদি পালন করে তবে তাহাতে বাঁচিবে এমন যে আমার
১২ নীতি তাহাও তাহারদিগকে দেখাইলাম। তাহারদি
গকে পবিত্র করেন যে যিহুহা তিনি যে আমি তাহারা
ইহা জানে এই জন্যে তাহারদের ও আমার মধ্যে
চিহ্ন হইবার কারণ আমি আপন শাবত দিনও তাহার
১৩ দিগকে দিলাম কিন্তু যিশরায়েলের বংশ অরণ্যে আমার
আজ্ঞা হেলন করিল তাহারা আমার ব্যবস্থা পথে
গেল না এবং মানুষ যদি তাহা পালন করে তবে তাহা
তে বাঁচিবে এমন যে আমার নীতি তাহা তুচ্ছ করিল
এবং আমার শাবতকে বড় অশুচি করিল। তখন আমি

Digitized by Google

কহিলাম যে আমি তাহারদিগকে নষ্ট করিবার কারণ
আপন চণ্ডতা তাহারদের উপরে অরণ্যেতে ঢালিব
১৪ কিন্তু যাহারদের দৃষ্টিতে আমি তাহারদিগকে বাহির
করিয়াছিলাম যে অন্যদেশীয়েরা তাহারদের সম্মুখে
আমার নাম অপবিত্র মানা না যায় এই কারণ আমি
১৫ আপন নামের জন্যে কর্ম্ম করিলাম। তাহারা আমার
রীতি অবজ্ঞা করিল এবং আমার ব্যবস্থা পথে গতি
করিল না কিন্তু আমার শাবত সাধারণ করিল কেননা
তাহারদের মন তাহারদের দেবেরদের অনুগমন
১৬ করিল সে কারণ সকল দেশের গৌরব যে দুগ্ধ
ও মধুতে আপ্লাবিত হওয়া এমন আপ্লাবিত যে দেশ
আমি তাহারদিগকে দিয়াছিলাম সে দেশে তাহারদিগ
কে না আনি এই কারণ আমি অরণ্যে তাহারদের বিরুদ্ধে
১৭ আপন হাত উঠাইলাম। কিন্তু তাহারদের সর্ব্বনাশ না
করিবার তরে আমার চক্ষু তাহারদিগকে দয়া করিল
এবং আমি অরণ্যে তাহারদের সম্পূর্ণ শেষ করিলাম
১৮ না কিন্তু অরণ্যে তাহারদের সন্তানেরদিগকে কহিলাম
তোমরা আপনারদের পিতৃলোকেরদের ব্যবস্থা পথে
যাইও না ও তাহারদের রীতি মানিও না ও তাহারদের
দেবেরদের দ্বারা আপনারদিগকে অশুচি করিও না
১৯ আমি যিহুহা তোমারদের ঈশ্বর। আমার ব্যবস্থা পথে
২০ গতি কর ও আমার রীতি পালন কর ও কর ও আমার
শাবত পবিত্র করিয়া মান এবং আমি যে যিহুহা
তোমারদের ঈশ্বর তোমরা ইহা জান এই জন্যে আমার
ব্যবস্থা ও রীতি আমার ও তোমারদের মধ্যে এক চিহ্ন
২১ হবে। তথাচ তাহারদের সন্তানেরা আমার বিরুদ্ধ ক্রিয়া

Digitized by Google

করিল তাহারা আমার ব্যবস্থা পথে চলিল না এবং
মানুষ যদি তাহা পালন করে তবে তাহাতে বাঁচিবে
এমন যে আমার নীতি তাহা করিবার জন্যে পালন করিল
না তাহারা আমার শাবত অশুচি করিল। তখন
আমি কহিলাম যে আমি বনে আপন ক্রোধ সম্পূর্ণ
করিবার কারণ আপন চণ্ডতা তাহারদের ওপরে
২২ ঢালিব। কিন্তু আমি আপন হাত নিবারণ করি
লাম এবং যাহারদের দৃষ্টিতে আমি তাহার
দিগকে বাহিরে করিয়াছিলাম এমন যে অন্যদেশী
য়েরা তাহারদের দৃষ্টিতে আমার নাম অশুচি মানা
না যায় এই কারণ আপন নামের জন্যে কর্ম্ম করি
২৩ লাম। তাহারা আমার নীতিরূপ করিয়াছিল না
কিন্তু আমার ব্যবস্থা অবজ্ঞা করিয়াছিল ও আমার
শাবত অশুচি করিল এবং তাহারদের চক্ষু
তাহারদের পিতৃলোকেরদের দেবেরদের অনুগমন
২৪ করিল এই নিমিত্তে তাহারদিগকে অন্যদেশীয়
লোকেরদের মধ্যে ছড়াইতে ও দেশেং তাহারদিগ
কে ভিন্ন ভিন্ন করিতে আমি অরণ্যে তাহারদের প্রতি
২৫ হাত ওঠাইলাম। এই নিমিত্তেও আমি অভদ্র ব্যবস্থা ও
যৎকরনক তাহারা জীবন ভোগ করিবে না এমন নী
২৬ তিও তাহারদিগকে দিলাম। এবং আমি তাহারদিগকে
নরশূন্য করি এই জন্যে গর্ব্ভপথ খোলে যত সে সকল
অগ্নি পথে গতি করায় ইহাতে আমি যে যিহুহা তাহা
রা ইহা জানে এই কারণ আমি তাহারদের আপনার
দের দানে তাহারদিগকে অশুচি করিলাম।

Digitized by Google

২৭ অতএব হে মনুষ্যের সন্তান তুমি য়িশ্রায়েলের বং
শেরদিগকে বলিয়া এ কথা কহ য়িহুহা পরমেশ্বর এ
কথা কহেন তোমারদের পিতৃলোকেরা আমার আজ্ঞা
২৮ লঙ্ঘন করিয়া আমার বিষয়ে পাষণ্ডতা করিয়াছে আমি
যে দেশ তাহারদিগকে দিতে আপন হাত উঠাইয়াছিলাম
সে দেশে তাহারদিগকে আনিলেও তাহারা সেখানে
আপনারদের ঐশ্বরিক ক্রোধজনক উৎসর্গ করিল ও
সেখানে আপনারদের সুগন্ধ নির্ম্মাণ করিল ও সে
২৯ খানে আপনারদের পানীয় নৈবিদ্য ঢালিল। তখন
আমি তাহারদিগকে কহিলাম তোমরা যে উচ্চ স্থান
যাও তাহার নাম কি? এবং আজি পর্য্যন্ত তাহার নাম
৩০ বামা খ্যাত আছে। অতএব য়িশ্রায়েলের বংশকে এ
কথা কহ য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন তোমরা
কি আপন পিতৃলোকেরদের ন্যায় অশুচি হইয়াছ
এবং তাহারদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কি ঘৃণার্হ ক্রিয়া
৩১ কর? কেননা আজি পর্য্যন্ত যখন তোমরা দান
উৎসর্গ কর ও যখন আপন সন্তানেরদিগকে অগ্নি
মধ্যে গতি করাও তখন তোমরা আপনারদের সকল
দেবেরদের দ্বারা আপনারদিগকে অশুচি কর এবং
হে য়িশ্রায়েলের বংশ আমি কি তোমারদের কর্ত্তৃক
জিজ্ঞাসিত হইব? য়িহুহা পরমেশ্বর কহেন আমি যদি
জীবৎ হই তবে তোমারদের কর্ত্তৃক জিজ্ঞাসিত হইব
৩২ না। এবং আমরা কাষ্ঠের ও প্রস্তরের সেবা
করণেতে অন্যদেশীয়েরদের অর্থাৎ অন্যদেশস্থ
বংশেরদের মত হইব প্রতি উচ্চ পর্ব্বত ও সরল দল

Digitized by Google

করিল তাহারা আমার ব্যবস্থা পথে চলিল না এবং
মানুষ যদি তাহা পালন করে তবে তাহাতে বাঁচিবে
এমন যে আমার নীতি ও তা করিবার জন্যে পালন করিল
না তাহারা আমার পাবত্ত অশুচি করিল। তখন
আমি কহিলাম যে আমি বনে আপন ক্রোধ সম্পূর্ণ
করিবার কারণ আপন চণ্ডতা তাহারদের ওপরে
২২ চালিব। কিন্তু আমি আপন হাত নিবারণ করি
লাম এবং যাহারদের দৃষ্টিতে আমি তাহার
দিগকে বাহিরে করিয়াছিলাম এমন যে অন্যদেশী
য়েরা তাহারদের দৃষ্টিতে আমার নাম অশুচি মানা
না যায় এই কারণ আপন নামের জন্যে কর্ম্ম করি
২৩ লাম। তাহারা আমার নীতিকর্ম করিয়াছিল না
কিন্তু আমার ব্যবস্থা অবজ্ঞা করিয়াছিল ও আমার
পাবত্ত অশুচি করিল এবং তাহারদের চক্ষু
তাহারদের পিতৃলোকেরদের দেবেরদের অনুগমন
২৪ করিল এই নিমিত্তে তাহারদিগকে অন্যদেশীয়
লোকেরদের মধ্যে চতাইতে ও দেশেং তাহারদিগ
কে ছিন্ন ভিন্ন করিতে আমি অরণ্যে তাহারদের প্রতি
২৫ হাত ওঠাইলাম। এই নিমিত্তেও আমি অভদ্র ব্যবস্থা ও
যৎকর্ণক তাহারা জীবন ভোগ করিবে না এমন নী
২৬ তিও তাহারদিগকে দিলাম। এবং আমি তাহারদিগকে
নরশূন্য করি এই জন্যে গর্ব্ভপথ খোলে যত সে সকল
অগ্নি পথে গতি করায় ইহাতে আমি যে যিহুহা তাহা
রা ইহা জানে এই কারণ আমি তাহা দের আপনার
দের দানে তাহারদিগকে অশুচি করিলাম।

Digitized by Google

২৭ অতএব হে মনুষ্যের সন্তান তুমি য়িশ্রায়েলের বং
শেরদিগকে বলিয়া এ কথা কহ য়িহুহা পরমেশ্বর এ
কথা কহেন তোমারদের পিতৃলোকেরা আমার আজ্ঞা
২৮ লঙ্ঘন করিয়া আমার বিষয়ে পাষণ্ডতা করিয়াছে আমি
যে দেশ তাহারদিগকে দিতে আপন হাত উঠাইয়াছিলাম
সে দেশে তাহারদিগকে আনিলেও তাহারা সেখানে
আপনারদের নৈবিদ্যরূপ ক্রোধজনক উৎসর্গ করিল ও
সেখানে আপনারদের সুগন্ধ নির্ম্মাণ করিল ও সে
২৯ খানে আপনারদের পানীয় নৈবিদ্য ঢালিল। তখন
আমি তাহারদিগকে কহিলাম তোমরা যে উচ্চস্থান
যাও তাহার নাম কি? এবং আজি পর্য্যন্ত তাহার নাম
৩০ বামা খ্যাত আছে। অতএব য়িশ্রায়েলের বংশকে এ
কথা কহ য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন তোমরা
কি আপন পিতৃলোকেরদের ন্যায় অশুচি হইয়াছ
এবং তাহারদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কি ঘৃণার্হ ক্রিয়া
৩১ কর? কেননা আজি পর্য্যন্ত যখন তোমরা দান
উৎসর্গ কর ও যখন আপন সন্তানেরদিগকে অগ্নি
পথে গতি করাও তখন তোমরা আপনারদের সকল
দেবেরদের দ্বারা আপনারদিগকে অশুচি কর এবং
হে য়িশ্রায়েলের বংশ আমি কি তোমারদের কর্ত্তৃক
জিজ্ঞাসিত হইব? য়িহুহা পরমেশ্বর কহেন আমি যদি
জীবৎ হই তবে তোমারদের কর্ত্তৃক জিজ্ঞাসিত হইব
৩২ না। এবং আমরা কাষ্ঠের ও প্রস্তরের সেবা
করণেতে অন্যদেশীয়েরদের অর্থাৎ অন্যদেশস্থ
বংশেরদের মত হইব প্রতি উচ্চ পার্ব্বত ও সকল মন

Digitized by Google

বৃক্ষ দেখিল এবং সেখানে আপনারদের বলিদান
করিল এবং এই কথা কহা যে তোমার
দের মধ্যে আইসে সে কোন প্রকারে হইবে
৩৩ না। য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি
যদি জীবৎ হই তবে শক্ত হাতেতে ও বিস্তীর্ণ
বাহুতে ও ঢালা চণ্ডতাতে অবশ্য তোমারদিগকে
৩৪ শাসন করিব। এবং আমি তোমারদিগকে
লোকেরদের মধ্যহইতে বাহির করিব এবং তোমরা
যে দেশে চঞ্চল গিয়াছ সেই দেশেরদের মধ্যহইতে
আমি বলবান হাতেতে ও বিস্তীর্ণ বাহুতে ও ঢালা
৩৫ চণ্ডতাতে তোমারদিগকে একত্র করিব এবং আমি
তোমারদিগকে লোকেরদের অরণ্যে আনিব ও
সেখানে মুখামুখি তোমারদের সহিত উত্তর প্রত্যুত্তর
৩৬ করিব। য়িহুহা পরমেশ্বর কহেন আমি যেমন
মিসর দেশের অরণ্যে তোমারদের পিতৃলোকেরদের
সহিত উত্তর প্রত্যুত্তর করিলাম তেমনি তোমারদের
৩৭ সহিত আমি উত্তর প্রত্যুত্তর করিব। এবং
তোমারদিগকে আমি দণ্ডের নীচে গতি করাইব এবং
৩৮ তোমারদিগকে বন্দোবস্তের বন্ধনেতে আনিব। এবং
তোমারদের মধ্যহইতে আজ্ঞাহেলকেরদিগকে ও
আমার আজ্ঞা লঙ্ঘনকারিরদিগকে মর্জ্জন করিয়া
ফেলিব তাহারা যে দেশে প্রবাস করে সে দেশহইতে
আমি তাহারদিগকে বাহির করিয়া আনিব ও তাহারা
য়িশ্রায়েল দেশে প্রবেশ করিবে না এবং আমি যে
৩৯ য়িহুহা ইহা তোমরা জানিবা। হে য়িশ্রায়েলের

Digitized by Google

বংশ যিহুহা পরমেশ্বর তোমারদের বিষয়ে এ কথা
কহেন তোমরা যাও প্রত্যেক জন আপন২ দেবেরদের
সেবা কর এবং যদি আমার কথায় অবধান করিতে
চাহ না তবে এই অবধিও তাহা কর কিন্তু তোমার
দের দানেতে ও তোমারদের দেবেরদের দ্বারা আমার
৪০ নাম আর কখন অপবিত্র করিও না। কেননা
যিহুহা পরমেশ্বর এ কথা কহেন আমার পবিত্র
পর্ব্বতে যিশ্রায়েলের ঊর্দ্ধস্থরূপ পর্ব্বতে সেখানেই
যিশ্রায়েলের সকল বংশ অর্থাৎ দেশে তাহারদের
যত লোক সে সকলে আমার সেবা করিবে সে
খানে আমি তাহারদিগকে গ্রাহ্য করিব ও সেখানে
আমি তোমারদের ধর্ম্ম দর্শন ও তোমারদের নৈবেদ্যের
প্রথম ফল ও তোমারদের সকল পবিত্র বস্তু চাহিব।
৪১ যখন আমি তোমারদিগকে লোক সকলের হইতে
এবং যে দেশে তোমরা ছিন্নভিন্ন হইয়াছ সেই
দেশ হইতে আনি তখন তোমারদিগকে তোমারদের
সুগন্ধি দ্রব্য সুদ্ধ আমি গ্রাহ্য করিব এবং অন্যদেশীয়
লোকেরদের সম্মুখে তোমারদের মধ্যে পবিত্র
৪২ মান্য যাইব। এবং যখন আমি তোমারদিগকে
যিশ্রায়েল দেশে অর্থাৎ তোমারদের পিতৃলোকের
দিগকে যে দেশ দিতে আমি আপন হাত উঠাইলাম
সে দেশে তোমারদিগকে আনি তখন আমি যে
৪৩ যিহুহা ইহা তোমরা জ্ঞাত হইবা। এবং যাহাতে
তোমরা অশুচি হইয়াছ এমন যে তোমারদের পথ

সক

Digitized by Google

ও তোমারদের ক্রিয়া তাহা তোমরা সেখানে মনে
করিবা এবং তোমরা যে সকল কুক্রিয়া করিয়াছ
তাহাতে তোমরা আপনারদিগকে আপনারদের দৃষ্টিতে
৪৪ ঘৃনা করিবা। এবং হে য়িশরায়েলের বংশ য়িহুহা পর
মেশ্বর ইহা কহেন আমি তোমারদের কুপথের অনু
সারে তাহা নয় কিম্বা তোমারদের ভ্রষ্ট ক্রিয়ানুসারে
তাহাও নয় কিন্তু আপন নামের নিমিত্তে যখন আমি
তোমারদের বিষয়ে কর্ম্ম করিব তখন আমি যে
৪৫ য়িহুহা ইহা তোমরা জ্ঞাত হইবা। য়িহুহার এ বাক্যও
৪৬ আমার নিকট আইল। হে মনুষ্যের সন্তান তুমি
দক্ষিণদিগে আপন মুখ রাখ এবং দক্ষিণ দিগে
আপন কথা প্রকাশ কর এবং দক্ষিণ মাঠের বনের
৪৭ বিপরীতে ভবিষ্যদ্বাক্য কহ। এবং দক্ষিণ দেশের
বনকে এ কথা কহ তুমি য়িহুহার বাক্য শুন য়িহুহা
পরমেশ্বর এ কথা কহেন দেখ আমি তোমার মধ্যে
অগ্নি জ্বালাইব এবং সে তোমার মধ্যস্থিত প্রত্যেক
তাজা বৃক্ষ ও প্রত্যেক শুষ্ক বৃক্ষ পোড়াইয়া ফেলিবে
সে শিখাবিশিষ্ট অগ্নি নিবিয়া যাইবে না এবং দক্ষিণ
হইতে উত্তর পর্য্যন্ত সকল মুখ তাহাতে দগ্ধ হইবে।
৪৮ এবং য়িহুহা যে আমি তাহা জ্বালাইয়াছি ইহা সকল
৪৯ প্রাণী দেখিবে সে নির্ব্বাণ হইবে না। তখন আমি
কহিলাম হে য়িহুহা পরমেশ্বর তাহারা আমার বিষয়ে
কহে সে কি হিতোপদেশ প্রবন্ধ কহে না?।—

পর্ব্ব
২১ য়িহুহার এ কথাও আমার কাছে আইল হে মনু
ষ্যের সন্তান তুমি আপন মুখ য়িরোশলমের দিগে

Digitized by Google

রাখ এবং পবিত্র স্থানেরদিগে তোমার বাক্য প্রকাশ
কর এবং য়িশরাল দেশের বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য কহ।
৩ এবং য়িশরাল দেশকে কহ যিহুহা এ কথা কহেন
দেখ আমি তোমার বিরুদ্ধে হই এবং আপন তলোয়ার
তাহার খাপহইতে টানিয়া বাহির করিব এবং
যাথার্থিককে ও দুষ্টকে তোমার মধ্যহইতে ছেদন
৪ করিব। আমি তোমার মধ্যহইতে যাথার্থিক ও
দুষ্টকে ছেদন করিব অতএব আমি যিহুহা আপন
তলোয়ার তাহার খাপহইতে টানিয়া বাহির করিয়াছি।
৫ সকল প্রাণী ইহা জানে এই কারণ দক্ষিণহইতে উত্তর
পর্য্যন্ত যত প্রাণী সে সকল প্রাণিরদের বিপক্ষে আমার
তলোয়ার বাহিরে যাইবে সে আর ফিরিয়া যাইবে
৬ না। অতএব হে মনুষ্যের সন্তান তুমি আপন কোমর
ভাঙ্গিতে হায়ং কর এবং তাহারদের চক্ষুর গোচরে
৭ তিক্তরূপে হায়ং কর এবং এমত হবে তুমি কেন হায়ং
কর তাহারা যখন এই কথা কহে তখন তুমি এই প্রত্যুত্তর
করিও সমাচারেতে কেননা সে আসিতেছে তাহাতে
প্রত্যেক অন্তঃকরণ গলিয়া যাবে ও সকল হাত দুর্ব্বল
হইবে ও প্রত্যেক মন ম্লান হইবে ও সকল হাঁটু জলের
ন্যায় সামর্থ্যহীন হইবে। যিহুহা পরমেশ্বর
কহেন দেখ সে আসিতেছে ও প্রত্যক্ষ হবে।
৮ পুনর্ব্বার যিহুহার এ কথা আমার স্থানে আইল।
৯ হে মনুষ্যের সন্তান তুমি ভবিষ্যদ্বাক্য ঘোষণা কর
এবং ইহা কহ এক তলোয়ার এক তলোয়ার তীক্ষ্ন করা
১০ গিয়াছে ও তেজস্বী করা গিয়াছে সে বড় বধ

Digitized by Google

বধিবার কারণ তীক্ষ্ণ করা গিয়াছে চক্‌চকি হইবার
কারণ সে তেজস্বী করা গিয়াছে তবে আমরা কি হৃষ্ট
হইব? সে পুত্রের বৃক্ষ অবজ্ঞাকারী আমার পুত্রের
দণ্ড। সে হাতে করা যায় এই কারণ তেজস্বী করা
১১ যাইবার নিমিত্তে সে তাহা দিয়াছে হননকর্ত্তার হাতে এ
তলোয়ার দিবার কারণ তাহা তীক্ষ্ণ ও তেজস্বী
১২ করা গিয়াছে। হে মনুষ্যের সন্তান ক্রন্দন কর
ও আর্ত্তস্বর কর কেননা সে আমার লোকেরদের
ওপরে হইবে সে য়িশ্রায়েলের সকল অধ্যক্ষেরদের
ওপরে হবে তলোয়ার প্রযুক্ত ভয় আমার লোকেরদের
১৩ ওপরে হইবে। অতএব আপন ঊরু মার কেননা সে
এক পরীক্ষা এবং য়িহুহা কহেন যদ্যপি দণ্ড অবজ্ঞাত
১৪ হয় তবে কি সে হইবে না। অতএব হে মনুষ্যের
সন্তান তুমি ভবিষ্যদ্বাক্য কহ এবং আপন হাতে
তালি মার তলোয়ার তৃতীয়বার পর্য্যন্ত মৃতেরদের
তলোয়াররূপে পুনশ্চ করা যাবে সে মহল্লোকেরদের
গুপ্ত কুঠরিতে প্রবেশকারী তাহারদের তলোয়ার।
১৫ তাহারদের অন্তঃকরণ ক্ষীণ হয় ও তাহারদের
হাঁথড়া বাড়ান যায় এ জন্যে আমি তাহারদের সকল
দ্বারের প্রতি তলোয়ারের আগা রাখিয়াছি। হায়
সে চক্‌চকি করা গিয়াছে সে বধের কারণ তীক্ষ্ণ
১৬ করা গিয়াছে। তুমি এক পথে কিম্বা অন্য পথে
যাও দক্ষিণে কিম্বা বামে যে কোন স্থানে তুমি অভি
১৭ মুখ হইয়াছ সেই স্থানে যাও। আমি আপন হাতে
আপন হাত মারিব এবং আপন ক্রোধ বসাইব
য়িহুহা যে আমি তাহা কহিয়াছি।—

Digitized by Google

১৮ পুনশ্চ যিহোবার এ কথা আমার স্থানে আইল।
১৯ হে মনুষ্যের সন্তান তুমি বাবেলের রাজার তলোয়ারের
আসিবার কারণ আপনার জন্যে দুই পথ নিরূপণ
কর সে দুই পথ এক দেশহইতে আসিবে তুমি আপ
নার কারণ স্থান পসন্দ কর নগরের পথের মাথায়
২০ তাহা পসন্দ কর। তলোয়ার অম্মোনীয়েরদের
রাব্বাতে এবং প্রাচীর বেষ্টিত যিরোশালমে যিহোদাতে
২১ আইসে এই জন্যে পথ নিরূপণ কর। কেননা
গুণিন ক্রিয়া করিবার নিমিত্তে বাবেলের রাজা পথের
দ্বিধা হইবার স্থানে দাঁড়াইল অর্থাৎ দুই পথের মাথায়
সে শর চকচকি করিল সে বিগ্রহেরদের কাছে
২২ পরামর্শ জিজ্ঞাসা করিল সে কলিজাতে দর্শন করিল।
সেনাপতিরদিগকে নিযুক্ত করিতে বধের কালে মুখ
খুলিতে উচ্চৈঃস্বরেতে শব্দ করিতে দ্বারের বিরুদ্ধে
যেযন্ত্র নিযুক্ত করিতে ঢিপি উঠাইতে গড় গাঁথিতে
তাহার দক্ষিণে যিরোশালমের জন্যে গুণিন ক্রিয়া
২৩ থাকিল। এবং তাহারদের দৃষ্টিতে সে তাহারদের প্রতি
মিথ্যা গুণিনের মত হইবে অর্থাৎ যাহারা দিব্য
করিয়াছে তাহারদের দৃষ্টিতে কিন্তু তাহারা ধরা যায়
এই জন্যে সে তাহা স্মরণ করিবে। তোমারদের
২৪ সকল ক্রিয়াতে তোমারদের পাপ যাহাতে দেখা যায়
এমত তোমারদের আজ্ঞা লঙ্ঘন প্রকাশ করা গিয়াছে
ইহাতে তোমরা আপনারদের অযাথার্থ্য স্মারিত
করিয়াছ অতএব যিহোবা পরমেশ্বর এ কথা কহেন
তোমরা স্মরণে আসিয়াছ একারণ হাতে ধরা যাইবা।

Digitized by Google

২৫ যে দিনে অধার্ম্মিক্যের শেষ হইবে তাহার সে দিন
উপস্থিত আছে হে যিশ্রায়েলের এমন ধর্ম্মচ্যুত দুষ্ট
২৬ অধ্যক্ষ যে তুমি যিহোবা পরমেশ্বর এ কথা কহেন
তুমি রাজ টোপর স্থানান্তর কর মুকুট লইয়া যাও এ
সেই হইবে না। যে জন নীচপদস্থ তাহাকে উচ্চ কর
২৭ এবং যে জন উচ্চপদস্থ তাহাকে নীচ কর। আমি
তাহা উল্টিয়া ফেলিব উল্টিয়া ফেলিব উল্টিয়া ফেলিব
এবং তাহা ন্যায়েতে যাহার আছে সে যে পর্য্যন্ত না
আইসে সে পর্য্যন্ত সে আর থাকিবে না এবং
আমি তাঁহাকে তাহা দিব।

২৮ এবং হে মনুষ্যের সন্তান তুমি ভবিষ্যদ্বাক্য ঘোষণা
কর ও কহ আম্মোনীয়েরা তোমার বিষয়ে অবজ্ঞা
প্রকাশ করে ও মিথ্যা কথারূপ পরামর্শ তোমাকে দেয়
এই জন্যে যিহোবা পরমেশ্বর তাহারদের বিষয়ে ও
২৯ তাহারদের অপমানের বিষয়ে এ কথা কহেন হতের
দের গলার উপরে তোমাকে আনিতে অর্থাৎ যখন
তাহারদের অধার্ম্মিক্যের শেষ হইবে সে কালে দুষ্টের
দের উপরে তোমাকে আনিতে তলোয়ার তলোয়ার
খুলা গিয়াছে চক্চকিতে নষ্ট করিবার কারণ সে
৩০ বধের জন্যে তেজস্বী করা গিয়াছে। আমি কি
তাহা তাহার খাপে ফিরাইব? তুমি যেখানে সৃষ্ট
ছিলা অর্থাৎ তোমার জন্মদেশে আমি তোমার বিচার
৩১ করিব। আমি আপন চণ্ডতা তোমার উপরে ঢালিব
আমি আপন ক্রোধাগ্নিতে তোমার বিরুদ্ধে ফুঁ দিব
এবং পশুবৎ ও নষ্ট করিতে নিপুণ মানুষেরদের

Digitized by Google

৩১ হস্তে তোমাকে সমর্পণ করিব। তুমি অগ্নির
নিমিত্তক কাষ্ঠ হইবা তোমার রক্ত দেশের মধ্যে
হইবে তুমি আর স্মৃত হইবা না কেননা যিহহা যে
আমি তাঁহা কহিয়াছি।

পর্ব্ব যিহহার এ বাক্যও আমার কাছে আইল হে
২২ মনুষ্যের সন্তান তুমি কি বিচার করিবা তুমি কি সে
রক্তময় নগরের বিচার করিবা? অবশ্য তুমি তাহাকে
৩ তাহার সকল ঘৃণার্হ ক্রিয়াও প্রকাশ করিবা। অত
এব তুমি কহ যে যিহহা পরমেশ্বর এ কথা কহেন এ
নগরের কালের আসিবার কারণ সে আপন মধ্যে
রক্ত পাত করে এবং আপনাকে নষ্ট করিবার জন্য
আপনার বিরুদ্ধে দেবের প্রতিমা নির্ম্মাণ করে। তুমি
৪ যে রক্ত পাত করিয়াছ তাহাতে অপরাধী হইয়াছ
এবং আপনার যে প্রতিমা করিয়াছ তাহাদের মধ্যে
৫ আপনাকে অশুচি করিয়াছ এবং আপন দিন প্রণিকট
করিয়াছ এবং আপন বৎসরেরদের সীমা পর্য্যন্ত
আসিয়াছ এ কারণ আমি তোমাকে অন্যদেশীয়ের
দের মধ্যে নিন্দা করিয়াছি এবং সকল দেশীয়েরদের
৫ প্রতি পরিহাস পাত্র করিয়াছি। অপমানিতও বহু
ব্যাকুলিত যে তুমি তোমার নিকটস্থ ও দূরস্থ লোকেরা
৬ তোমাকে পরিহাস করিবে। দেখ আপনার শক্তি
পর্য্যন্ত রক্ত পাত করিবার জন্যে যিশরায়েলের অধ্যক্ষেরা
৭ প্রত্যেক জন তোমার মধ্যে ছিল। যিহহা কহেন যে
তাহারা তোমার মধ্যে পিতা মাতাকে তুচ্ছ করিয়াছে
তাহারা তোমার মধ্যে বিদেশির উপরে দৌরাত্ম্য

Digitized by Google

করিয়াছে তোমার মধ্যে তাহারা পিতৃহীন ও বিধবার
৮ উপরে উপদ্রব করিয়াছে। তুমি আমার পবিত্র বস্তু
তুচ্ছ করিয়াছ এবং আমার পার্ব্বদিনে অপবিত্র করি
৯ য়াছ। যাহারা রক্ত পাত করিবার কারণ নিন্দা করে
এমন লোকেরা তোমার মধ্যে আছে তাহারা তোমার
মধ্যে পর্ব্বতের উপরে ভোজন করিয়াছে তাহারা
১০ তোমার মধ্যে লোচ্চা গিরি করিয়াছে। তাহারা
তোমার মধ্যে আপনারদের পিতার উলঙ্গতা প্রকাশ
করিয়াছে যে স্ত্রী আপন অশুচিত্বাতে ভিন্ন করা
গিয়াছে তাহারা তোমার মধ্যে তাহার সহিত অপ
১১ ক্রিয়া করিয়াছে। কেহ আপনার প্রতিবাসির
স্ত্রীর সহিত ঘৃণা ক্রিয়া করিয়াছে আর কেহ আপন
পুত্রবধূকে লোচ্চাপনাতে অশুচি করিয়াছে আর কেহ
আপন ভগিনীকে অর্থাৎ আপন পিতার কন্যাকে
১২ নষ্টা করিয়াছে। তোমার মধ্যে তাহারা রক্ত পাত
করিতে নজর লইয়াছে তুমি সুদ ও অধিক বৃদ্ধি গ্রহণ
করিয়াছ তুমি লোভেতে জুয়াচুরি করিয়া আপন প্রতিবা
সির কাছে লাভ পাইয়াছ এবং আমাকে বিস্মৃত
হইয়াছ।—

১৩ অতএব দেখ তুমি যে অযথার্থ লাভ করিয়াছ সে
লাভেতে ও তোমার মধ্যে যে রক্ত পাত হইয়াছিল সে
১৪ রক্তেতে আমি হাতে আপন হাত মারিয়াছি। আমি
যে দিনে তোমাকে সমুচিত দিব তোমার অন্তঃকরণ
কি সে দিনে সহিতে পারিবে ও তোমার হাত কি দৃঢ়
হইতে পারিবে?। যিহোবা যে আমি তাহা কহিয়াছি

Digitized by Google

১৫ ও তাহা সহিবা। এবং আমি অন্যদেশীয়েরদের
মধ্যে তোমাকে ছড়াইব এবং দেশেরদের মধ্যে
তোমাকে ছিন্ন ভিন্ন করিব এবং তোমার মধ্যহইতে
১৬ তোমার অশুচিতা ক্ষয় করিব। এবং অন্যদেশী
য়েরদের দৃষ্টিতে আমি তোমার মধ্যে আপন অধিকার
লইব এবং আমি যে যিহোহা ইহা তুমি জানিবা।—
১৭ যিহোহার এ কথাও আমার কাছে উপস্থিত হইল।
১৮ হে মনুষ্যের সন্তান ইস্রায়েলের সন্তানেরা আমার
প্রতি কাইট হইল এবং সকলে আকরের মধ্যে পিতল
ও দস্তা ও লোহা ও শিশা হইয়াছে তাহারা রূপার
১৯ কাইট। অতএব যিহোহা পরমেশ্বর এ কথা কহেন
তোমরা সকল কাইট হইয়াছ অতএব দেখ আমি
তোমারদিগকে যিরূশালমের মধ্যে একত্র করিব।
২০ ও মনুষ্যেরা যেমন গলাইবার নিমিত্তে তাহার উপরে
অগ্নিতে ফুঁ দিবার কারণ রূপা ও পিতল ও লোহা ও
শিশা ও দস্তা আকরের মধ্যে একত্র করে সেই মত
আমি আপন ক্রোধে ও আপন প্রচণ্ডতাতে তোমারদিগকে
২১ একত্র করিব ও সেখানে রাখিব ও গলাইব। আমি
অবশ্য তোমারদিগকে একত্র করিব ও আপন ক্রোধা
গ্নিতে তোমারদের উপরে ফুঁ দিব ও তোমরা তাহার
২২ মধ্যে গলান যাইবা। রূপা যেমন আকরের মধ্যে
গলান যায় সেই মত তোমরা তাহার মধ্যে গলান
যাইবা এবং যিহোহা যে আমি আপন ক্রোধ তোমার
দের উপরে ঢালিয়াছি ইহা তোমরা জ্ঞাত হইবা।—



Digitized by Google

২৩ যিহিহার এ কথাও আমার কাছে আইল। হে
২৪ মনুষ্যের সন্তান তুমি তাহাকে এ কথা কহ যে দেশ
পরিষ্কৃত করা যায় না ও ক্রোধের দিনে বৃষ্টিতে
২৫ সেচিত নয় সেই তুমি। শিকার ধরা গর্জ্জন
কারী সিংহের ন্যায় তাহার মধ্যে তাহার ভবিষ্যদ্বক্তা
রদের ঐক্য আছে তাহারা প্রাণিরদিগকে খাইয়া
ফেলিয়াছে তাহারা ধন ও বহুমূল্য বস্তু লইয়াছে
তাহারা তাহার মধ্যে অনেককে বিধবা করি
২৬ য়াছে। তাহার যাজকেরা আমার শাস্ত্র লঙ্ঘন
করিয়াছে ও আমার পবিত্র দ্রব্য সাধারণ করি
য়াছে তাহারা পবিত্র অপবিত্রের কিছু ভেদ না করি
য়াছে এবং শুচি অশুচির কিছু ভেদ দেখায় নাই
এবং আমার শাবত্তহইতে আপনারদের চক্ষু লুকাইয়া
ছে এবং আমি তাহারদের মধ্যে সাধারণ রূপে
২৭ মানিত হই। তাহার মধ্যে তাহার অধ্যক্ষেরা
অযথার্থ লাভ করিবার কারণ রক্ত পাত করিতে ও
প্রাণেরদের নাশ করিতে শিকার ধরা কেন্দুয়ার মত
২৮ হইয়াছে। এবং ভবিষ্যদ্বক্তারা অবস্তুতা দেখত ও
যিহিহা না কহিলেও যিহিহা পরমেশ্বর ইহা কহিয়া
ছেন এই কথা কহত তাহারদের নিকটে মিথ্যা বিষয়
প্রকাশ করত অচটকান গাঁথনিতে তাহারদিগকে লেপন
২৯ করিয়াছে। দেশীয় লোকেরা অন্যায় করিয়াছে
ও চোরের বৃত্তি করিয়াছে ও দরিদ্রেরদিগকে ও দীন
লোকেরদিগকে দুঃখ দিয়াছে তাহারা অন্যায়েতে
৩০ বিদেশির উপরে উপদ্রব করিয়াছে। এবং প্রাচীর

চাদ করিবে ও আমি দেশ নষ্ট না করি এই জন্যে আমার সম্মুখে ভাঙ্গা স্থানে দাঁড়াইবে এমন মানুষকে তাহারদের মধ্যে চেষ্টা করিলাম কিন্তু কাহাকেও পাই
৩১ লাম না। অতএব আমি তাহারদের উপরে আপন ক্রোধ ঢালিয়াছি আমি আপন ক্রোধাগ্নিতে তাহার দিগকে ক্ষয় করিয়াছি যিহুহা পরমেশ্বর কহেন তাহারদের পথের ফল আমি তাহারদের মাথার উপরে দিয়াছি।—

২৩ পর্ব্ব। পুনর্ব্বার যিহুহার এ বাক্য আমার কাছে আইল।
২ হে মনুষ্যের সন্তান এক মাতার কন্যা দুই স্ত্রী ছিল।
৩ এবং তাহারা মিসরে বেশ্যাক্রিয়া করিল তাহারা
যৌবনাবস্থায় বেশ্যার ক্রিয়া করিল তাহারদের স্তন
সেখানে চাপা গেল এবং সেখানে তাহারা আপন
৪ অবিবাহিত কালীন বোঁট চেপা করিল। ইহারদের
নাম এই জ্যেষ্ঠা আহোলা ও তাহার ভগিনী আহো
লিবা। তাহারা আমার ছিল এবং পুত্রেরদের ও কন্যার
দের জন্ম দিল তাহারদের নাম এই২ রূপ শমরোন
যে সে আহোলা ও যিরোশলম যে সে আহোলিবা।
৫ আহোলা যে সময়ে আমার ছিল সেই সময়ে বেশ্যা
ক্রিয়া করিত এবং আপনার প্রেমকারিরদের বিষয়ে
৬ লালসাতে পিড়ীতা ছিল অর্থাৎ নীলাম্বর সেনাপতি
ও কর্ত্তা সকলে অতি মনোহর যুবা পুরুষ অশ্বারোহ
অশ্বারূঢ় এমন যে তাহার নিকটবর্ত্তী আশোরীয়েরা
৭ তাহারদের বিষয়ে। এই রূপে সে তাহারদের সহিত
বেশ্যাক্রিয়া করিত অর্থাৎ আশোরীয় বড় মনোনীত

Digitized by Google

লোকেরা তাহারদের সহিত ও যাহারদের প্রতি তাহার
লালসা ছিল সে সকলের সহিত তাহারদের সকল
দেবতাদের সহিতও সে আপনাকে অশুচি করিয়াছে।
৮ তাহার মিসরহইতে নীত বেশ্যা ক্রিয়াও সে ত্যাগ
করিল না কেননা তাহার যৌবনাবস্থায় তাহারা তাহার
সহিত শয়ন করিল ও তাহার অক্ষত কুমারীত্বের বোঁট
চেপ্টা করিল ও আপনারদের বেশ্যাগমন তাহার উপরে
৯ ঢালিল। অতএব আমি তাহাকে তাহার উপপতির
দের হাতে সমর্পণ করিয়াছি অর্থাৎ সে যাহারদের
প্রতি লালায়িত ছিল এমন যে অশূরীয়েরা তাহারদের
১০ হাতে। ইহারা তাহার উলঙ্গতা প্রকাশ করিল
তাহারা তাহার পুত্র কন্যারদিগকে লইল ও তাহাকে
তলোয়ারেতে মারিল এবং সে স্ত্রী লোকেরদের মধ্যে
খ্যাতা হইল কেননা তাহারা তাহার উপরে দণ্ড করিয়া
১১ ছিল। এবং তাহার অহলীবা ভগিনী ইহা
দেখিয়া আপন অপরিমিত বাসনাতে তাহাহইতেও
মন্দ ছিল এবং তাহার ভগিনী আপন বেশ্যাক্রিয়াতে
যে রূপ মন্দ ছিল তাহাহইতে অধিক তাহার বেশ্যা
১২ ক্রিয়াতে ছিল সে আপন নিকটবর্ত্তী অশূরীয়েরদের
লালসা করিল অর্থাৎ অতি সুন্দর বস্ত্রেতে বস্ত্রান্বিত
সেনাপতি ও কর্ত্তারা অথচ অশ্বারোহি অশ্বারূঢ়
১৩ অতি সুন্দর যুবা পুরুষেরা তাহারদের। তখন
সে যে অশুচি হইল ও তাহারা দুই জন এক পথে যে
১৪ গেল ও সে আপন বেশ্যা ক্রিয়া যে বাড়াইয়াছিল ইহা
১৫ আমি দেখিলাম কেননা কমরবন্দেতে বদ্ধ রঙ্গীকৃত

Digitized by Google

পাগড়ি পরা কাশিদ যে আপন জন্মদেশ তাহার
বাবেলীয়েরদের ন্যায় রাজারদের মত দৃষ্টবন্ত মানুষের
দের ছবি দেয়ালের উপরে চিত্রীকৃত যখন সে দেখিল
অর্থাৎ সিন্দূরেতে চিত্রীকৃত কাশিদীয়েরদের ছবি
১৬ তখন সে তাহারদিগকে চক্ষুতে দেখিবা মাত্র তাহার
দিগকে লালসা করিল এবং কাশিদ দেশে তাহার
১৭ দের নিকটে দূত পাঠাইল। এবং বাবেলীয়েরা প্রেমের
শয্যাতে তাহার নিকটে আইল এবং তাহারদের বেশ্যা
গিরিতে তাহাকে অশুচি করিল এবং সে তাহারদের
কর্ত্তৃক অশুচি হইলে পরে তাহার মন তাহারদের প্রতি
১৮ বিমুখ হইল। অতএব সে আপন বেশ্যা ক্রিয়া
প্রকাশ করিল এবং আপন উলঙ্গতাও প্রকাশ করিল
তাহাতে যেমন তাহার ভগিনীর প্রতি আমার মন
বিমুখ হইয়াছিল তেমন তাহারও প্রতি বিমুখ হইল।
১৯ কিন্তু সে মিসর দেশে যে কালে বেশ্যা ক্রিয়া করিয়া
ছিল এমন যে তাহার যৌবনাবস্থা তাহার স্মরণ করণেতে
২০ সে আপন বেশ্যা ক্রিয়া বাড়াইল। কেননা যাহার
দের মাংস গাধারদের মাংসের মত এবং যাহার
দের রেত ঘোড়ারদের রেতের ন্যায় এমন যে তাহার
দের উপপত্নিরা তাহারদের প্রতি সে লালসা করিল।
২১ তুমি আপন যৌবনাবস্থার স্তনের অর্থাৎ মিসরী
য়েরদের কর্ত্তৃক আপন বোঁটের চাপানেতে যে
তোমার যৌবনাবস্থার বেশ্যাশীলতা তাহা ইহাতে
স্মরণে আনিলা।
২২ অতএব হে আহোলিবা যিহুহা পরমেশ্বর এ কথা

Digitized by Google

কহেন দেখ যাহারদের বিমুখ তোমার মন হইয়াছে এমন যে তোমার প্রেমকারিরা তাহারদিগকে আমি উঠাইব এবং তাহারদিগকে প্রতি
২৩ দিগে তোমার বিরুদ্ধে আনিব। অর্থাৎ সকলে উত্তম যুবা পুরুষেরা সেনাপতিরা ও কর্ত্তারা এবং ও যশস্বী অধ্যক্ষেরা সকলে অশ্বারোহি এমন যে বাবেলীয়েরা ও সকল কাশদীয়েরা ও পকোদ ও শোআ ও কোআ ও তাহারদের সহিত সকল আশো
২৪ রীয়েরা তাহারদিগকে আনিব এবং তাহারা রথ ও শকট ও চক্র ও বহু জনতা সঙ্গে করিয়া তোমার বিপক্ষে আসিবে এবং চর্ম্ম ও চাল ও টোপর চতুর্দ্দিগে তোমার বিপক্ষে রাখিবে। এবং আমি তাহারদের সম্মুখে বিচার রাখিব ও তাহারা তাহারদের বিচারা
২৫ নুসারে তোমারে করিবে। আমি আপন মনের জ্বালাও তোমার বিপরীতে রাখিব এবং তাহারা চণ্ডরূপে তোমার প্রতি কার্য্য করিবে তাহারা তোমার নাক ও তোমার কর্ণ অপহরণ করিবে ও তোমার অবশিষ্ট লোকেরা তলোয়ারেতে পড়িবে তাহারা তোমার পুত্র কন্যারদিগকে হরণ করিবে ও তোমার
২৬ অবশিষ্ট লোকেরা অগ্নিতে খাওয়া যাবে। তাহারা তোমাকে বিবস্ত্রা করিবে ও তোমার উত্তম অলঙ্কার
২৭ অপহরণ করিবে। তুমি যাহাতে আপন দৃষ্টি তাহারদের পানে আর না কর এবং মিসর আর স্মরণ না কর এই মত আমি তোমার কাম ও মিসর দেশহইতে নীত যে তোমার বেশ্যাক্রিয়া তাহা তোমা

Digitized by Google

২৮ হইতে নিবৃত্ত করিব কেননা য়িহুহা পরমেশ্বর এ কথা
কহেন দেখ তুমি যাহারদিগকে ঘৃণা করিতেছ অর্থাৎ
যাহারদের বিমুখ তোমার মন আছে তাহারদের
২৯ হাতে আমি তোমাকে সমর্পণ করিব । এবং তাহারা
অবজ্ঞা রূপ ক্রিয়া তোমাকে করিবে ও তোমার শ্রমের
সকল ফল লইয়া যাইবে ও তোমাকে উলঙ্গা ও আচ্ছাদন
শূন্যা করিয়া ছাড়িয়া যাবে এবং তোমার বেশ্যা ক্রিয়ার
উলঙ্গতা প্রকাশ করা যাইবে অর্থাৎ তোমার কাম ও
৩০ তোমার বেশ্যা ক্রিয়া । তুমি অন্য দেশীয়েরদের
পাছে বেশ্যাক্রিয়া করিতে গিয়াছ এবং তাহারদের
দেবেরদের দ্বারা অশুচি হইয়াছ এই কারণ আমি এ
৩১ সকল তোমাকে করিব । তুমি আপন ভগিনীর
পথে গিয়াছ সেকারণ আমি তাহার পেয়ালা তোমার
৩২ হাতে দিব । য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন তুমি
আপন ভগিনীর বড় ও প্রশস্ত পেয়ালাতে পান করিবা
তুমি পরিহাসিতা ও অবজ্ঞাতা হইবা সে পেয়ালা অনেক
৩৩ ধারণ করে । তুমি মত্ততাতে ও শোকেতে ও
বিস্ময় ও শূন্যতারূপ পেয়ালাতে অর্থাৎ তোমার
৩৪ শমরোণ ভগিনীর পেয়ালাতে পূর্ণ হইবা । তুমি
তাহা পান করিবা ও চুষিবা ও তাহার খণ্ডও ভাঙ্গিবা
এবং আপন স্তনও উপাড়িয়া ফেলিবা কেননা য়িহুহা
৩৫ পরমেশ্বর কহেন যে আমি তাহা কহিয়াছি । অতএব
য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন তুমি আমাকে বিস্মৃতা
হইয়াছ ও তোমার পৃষ্ঠের পাছে ফেলিয়াছ অতএব
তুমি আপন কাম ও আপন বেশ্যাক্রিয়া ভোগ কর ।

Digitized by Google

৩৬ পরমেশ্বর আমাকে ইহাও কহিলেন, হে মানুষের
সন্তান তুমি কি অহোলার ও অহোলিবার বিচার
৩৭ করিবা? তাহারা উপপতি গমন যে করিয়াছে ও
রক্ত তাহারদের হাতে যে আছে ও তাহারদের দেবের
দের সহিত উপপতি গমন যে করিয়াছে, এবং আমা
হইতে তাহারা যে পুত্রেরদের জন্ম দিয়াছে আপনার
দের সে পুত্রেরদিগকে ভক্ষ করিবার কারণ তাহার
দের নিমিত্তে অগ্নিপথে গমন করাইয়াছে, এই২
তাহারদের দুষ্কর্ম্ম, তাহারদিগকে জানাও।
৩৮ তাহারা ইহাও আমাকে করিয়াছে, অর্থাৎ সেই
দিনে আমার পবিত্র স্থান অশুচি করিয়াছে ও আমার
৩৯ বিশ্রামবার অপবিত্র করিয়াছে। কেননা তাহারা আপনা
রদের বালকেরদিগকে আপনারদের দেবেরদের
উদ্দেশে বধিয়া সেই দিনে আমার পবিত্র স্থান অশুচি
করিবার কারণ তাহার মধ্যে আইল, এবং দেখ
আমার ঘরের মধ্যে তাহারা এ প্রকার করিয়াছে।
৪০ এবং আরও যাহারদের কাছে দূত পাঠান গেল এমন
যে মানুষেরা দূর হইতে আসিতেছে তোমরা লোক যে
পাঠাইয়াছ এবং যাহারদের কারণ তুমি আপনাকে
স্নান করিলা ও চক্ষুতে রঙ্গ লেপন করিলা ও অলঙ্কা
৪১ রেতে আপনাকে বিভূষিতা করিলা, ও যাহার উপরে
তুমি আমার ধূপ ও তৈল রাখিয়াছিলা এমন যে এক
মেজ সে মেজ সাজান হইলে তাহার সম্মুখে ছিল যে
এক রাজকীয় শয্যা তাহার উপরে যাহারদেরও
৪২ জন্যে বসিয়াছ তাহারা আইল। এবং নিশ্চিন্ত

Digitized by Google

এক জনতার শব্দ তাহার সহিত ছিল এবং হস্তা
লঙ্কার হাতে দেয় ও মাথায় সুন্দর মুকুট দেয় এমন যে
সবী যুরা তাহারা ইতর লোকেরদের সহিত আনীত
৪৩ ছিল। তখন বেশ্যা ক্রিয়াতে বৃদ্ধা যে সে তাহাকে
আমি কহিলাম তাহারা কি এখন তাহার সহিত বেশ্যা
৪৪ গমন করিবে ও সে কি তাহারদের সহিত?। তথাপি
তাহারা তাহার নিকটে গেল লোকেরা যেমন বেশ্যা
ক্রিয়াকারিণী স্ত্রীর নিকটে যায় তেমন তাহারা কামকা
মী যে আহলা ও আহোলিবা তাহারদের নিকটে
গেল।
৪৫ যাথার্থিক লোকেরা তাহারদিগকে ব্যভিচারিণী ও
রক্ত পাতিকা স্ত্রীরদের মতে বিচার করিবে কেননা
তাহারা ব্যভিচারিণী হইয়াছে ও রক্ত তাহারদের
৪৬ হাতে আছে। কেননা য়িহোবা পরমেশ্বর এ কথা
কহেন আমি তাহারদের বিরুদ্ধে এক জনতাকে আনিব
এবং তাহা দিগকে স্থানান্তর করা যাইবার ও নাশিতা
৪৭ হইবার কারণ দিব। এবং জনতা তাহারদিগকে
পাথর ফেলিয়া মারিবে ও তলোয়ারেতে হত্যা করিবে
তাহারা তাহারদের পুত্র কন্যারদিগকে হত্যা করিবে
৪৮ ও অগ্নিতে তাহারদের ঘর পোড়াইবে। সকল
স্ত্রীরা তোমারদের কামের ন্যায় ক্রিয়া না করিতে
উপদিষ্টা হয় এই জন্যে দেশের মধ্যহইতে এই মত
৪৯ আমি কাম ত্যাগ করাইব। এবং তাহারা তোমা
রদের কামের ফল তোমারদের মাথার উপরে দিবে

এবং তোমরা আপনারদের দেবেরদের পাপ ভোগ করিবা এবং আমি যে যিহুহা পরমেশ্বর ইহা তোমরা জ্ঞাত হবা।—

পর্ব্ব ২৪

১ পুনর্ব্বার নবম বংসরের দশম মাসের দশম
দিনে যিহুহার এ কথা আমার কাছে আইল। হে
২ মনুষ্যের সন্তান এ দিনের নাম লেখ অর্থাৎ আজি
কার দিন এই দিন বাবেলের রাজা আপনাকে যিরোশ
৩ লমের বিরুদ্ধে স্থাপিল। এবং অবাধ্য বংশের
প্রতি উপদেশ প্রকাশ কর ও তাহারদিগকে কহ যিহুহা
পরমেশ্বর এ কথা কহেন এক হাঁড়ি চড়াও তাহা চড়াও
৪ এবং জল তাহার মধ্যে দেও। খণ্ড একত্র করিয়া
তাহাতে ফেল অর্থাৎ উরু স্কন্ধাদি প্রত্যেক উত্তম
৫ খণ্ড তাহা উত্তম অস্থিতে পূর্ণ কর। পালের মধ্যে
উত্তমকে লও এবং তাহার তলে হাড় পোড়াও
তাহারা বিলক্ষণ রূপে তাহা ফুটাউক ও তাহার মধ্যে
হাড় সিদ্ধ করুক।—

৬ অতএব যিহুহা পরমেশ্বর এ কথা কহেন রক্তস্রাবী
নগরের সন্তাপ হউক অর্থাৎ যাহার মধ্যে আপন
দুব্যের ফেনা আছে ও যাহার ফেনা তাহার মধ্যহইতে
যায় নাই তাহার। তাহা খণ্ডং বাহির কর তাহার
৭ বিষয়ে কিছু গুলিবাঁট করা না যাউক। কেননা তা
হার রক্ত তাহার মধ্যে আছে সে তাহা শিলময় পর্ব্ব
তের উপরে স্থাপন করিল সে ভূমিতে ঢাকিবার কারণ
৮ তাহা মৃত্তিকাতে ঢালিল না। পাপের প্রতিফল
দিবার নিমিত্তে সে জিঘাংসা জন্মায় এই কারণ

Digitized by Google

আমি তাহার ঢাকা না যাওনের জন্যে শীলময় এক পর্ব্বতের উপরে তাহার রক্ত স্থাপন করিয়াছি। অতএব যিহুহা পরমেশ্বর এ কথা কহেন রক্তস্রাবী নগরের সন্তাপ হউক আমি তাহার অগ্নি নিমিত্তক
১০ চিতা অতিশয় করিব। কাষ্ঠ সঞ্চয় কর অগ্নিজ্বালাও মাংস সুসিদ্ধ কর মসলা তাহাতে দেও হাড় পোড়ান
১১ যাউক। পরে তাহার পিত্তল তপ্ত হয় ও পুড়ে ও তাহার মধ্যে তাহার মলা গলান যায় ও তাহার ফেনার নাশ হয় এই কারণ তাহা শূন্য তাহার অঙ্গারের উপরে
১২ থোও। সে মিথ্যা কথাতে আপনাকে ক্লান্ত করিল ও তাহার বড় ফেনা তাহার মধ্যহইতে যায় নাই তাহার
১৩ ফেনা অগ্নিতে পড়িবে। তোমার মলেতে লোচ্চাপনা আছে কেননা আমি তোমাকে পরিষ্কৃত করিয়াছি তথাপি তুমি পরিষ্কার হইলা না যে পর্য্যন্ত আমি আপন ক্রোধ তোমার উপরে স্থাপন না করি সে পর্য্যন্ত তুমি আর কখন তোমার মলহইতে পরিষ্কৃত করা যাইবা না
১৪ যিহুহা যে আমি তাহা কহিয়াছি সে হইবেই ও আমি তাহা করিব আমি পরাবৃত্ত হইব না এবং দয়াও করিব না এবং পরামর্শও করিব না যিহুহা পরমেশ্বর কহেন যে তোমার পথ ও তোমার ক্রিয়ানুসারে তাহারা তোমার বিচার করিবে।

যিহুহার এ কথাও আমার কাছে আইল। হে মনুষ্যের সন্তান দেখ আমি এক প্রহারেতে তোমার চক্ষের প্রিয়াকে তোমার নিকটহইতে লই তথাপি তুমি শোক করিবা না এবং ক্রন্দন ও করিবা না এবং

Digitized by Google

১৭ তোমার অশ্রু পতন ও হইবে না। রোদন করিতে
নিবৃত্ত হও মৃতের বিষয়ে কিছু শোকও করিও না
আপনার উপরে আপন মাথার কাপড় বাঁধ এবং
পায়ে জুতা দেও এবং আপন ওষ্ঠাধর ঢাকিও না ও
১৮ মনুষ্যেরদের আহার করিও না। অতএব আমি
প্রাতঃকালে লোকেরদিগকে কথা কহিলাম এবং
সন্ধ্যাকালে আমার ভার্য্যা মরিল এবং আমি যেমন
আজ্ঞাপিত ছিলাম তেমনি প্রাতঃকালে করিলাম।
১৯ পরে লোকেরা আমাকে কহিল তোমারদের প্রতি
২০ তোমার এ সকল ক্রিয়ার তাৎপর্য্য কি? । তখন
আমি তাহারদিগকে প্রত্যুত্তর করিলাম যিহোবার এ
২১ বাক্য আমার প্রতি আইল। যিস্রায়েল বংশের
প্রতি এ কথা কহ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন
দেখ তোমারদের পরাক্রম ও মত্ততা ও তোমারদের
চক্ষুর ইষ্ট ও তোমারদের মন যাহা দয়া করে যে আমার
পবিত্র স্থান তাহা আমি নাশ করিব এবং তোমার
দের অবশিষ্ট পুত্র কন্যারা খড়্গেতে পড়িবে।
২২ এবং আমি যে ক্রিয়া করিয়াছি তদ্রূপে তোমরা
করিবা তোমরা ওষ্ঠাধর ঢাকিবা না ও মনুষ্যের
২৩ আহার করিবা না। ও তোমারদের পাগড়ি মাথায়
ও তোমারদের জুতা পায়ে থাকিবে তোমরা শোক
করিবা না ও ক্রন্দন করিবা না কিন্তু তোমরা আপ
নারদের অপরাধেতে ক্ষীণ হইবা এবং পরস্পর
২৪ শোকাচার করিবা। এই মত য়িহিজকেল
তোমারদের প্রতি এক চিহ্ন আছে সে যাহা করি

Digitized by Google

থাকে সে সকলের অনুসারে তোমরা করিবা
এবং ইহা উপস্থিত হইলে তোমরা যে যিহুহ্ পরমেশ্বর
২৫ ইহা জানিবা। হে মনুষ্যের সন্তান যে
দিনে তাহারদের সামর্থ্য ও শোভার আর
আনন্দ ও তাহারদের চক্ষুর ইষ্ট এবং যাহার উপরে
তাহারা মন দিয়াছে যে তাহারদের পুত্র কন্যারা এই
সকল যে দিনে আমি তাহারদের নিকট হইতে
২৬ অপহরণ করি সেই দিনে যে জন আপদ এড়াইবে সে
তোমাকে কর্ণে শুনাইতে তোমার নিকট আসিবে।
২৭ যে জন আপদ এড়ায় তাহার প্রতি তোমার মুখ সেই দিনে
খোলা যাইবে ও তুমি কথা কহিবা ও আর বোবা
হইবা না এবং তুমি তাহারদের প্রতি এক চিহ্ন হইবা
এবং আমি যে যিহুহ্ ইহা তাহারা জানিবে। —
পর্ব্ব আরবার যিহুহ্র এ কথা আমার কাছে উপস্থিত
২৫ হইল। হে মনুষ্যের সন্তান তুমি অম্মোনীয়েরদের
বিপরীতে মুখ রাখ এবং তাহারদের বিপরীতে ভবি
২ ষ্যদ্বাক্য কহ। এবং অম্মোনীয়েরদিগকে এ কথা
৩ কহ তোমরা প্রভু পরমেশ্বরের কথা শুন যিহুহ্
প্রভু পরমেশ্বর এ কথা কহেন তুমি যে সময়ে আমার
পবিত্র স্থান অপবিত্র হইল সে সময়ে তাহার
বিপরীতে ও ইস্রায়েলের দেশ যে সময়ে শূন্য
হইল তখন সে সময়ে তাহার বিপরীতে ও যে
সময়ে যিহূদার বংশ দেশান্তরে গিয়াছে সে
সময়ে তাহারদের বিপরীতে তুমি আহা এই কথা
৪ কহিয়াছ অতএব দেখ আমি তোমাকে পূর্ব্ব দেশীয়

[illegible] প্রাপ্ত [illegible]।—

লোকেরদের প্রতি আমি অধিকারার্থে সমর্পণ করিব
এবং তাহারা তোমার মধ্যে আপনারদের আবাসিকা
স্থাপন করিবে ও আপনারদের বসতি তোমাতে স্থাপন
করিবে ও তোমার ফল খাইবে এবং তোমার দুগ্ধ পান
করিবে। এবং আমি রব্বাকে উষ্ট্রের আলয়
করিব এবং আম্মোনীয়েরদের দেশকে পালের
শয়ন স্থান করিব এবং আমি যে যিহোবা ইহা তোমরা
জানিবা। কেননা যিহোবা পরমেশ্বর এই কথা কহেন
তুমি হাতে তালি দিয়াছ এবং পাদ আস্ফালিয়াছ
এবং যিশ্রায়েলের দেশের বিরুদ্ধে আপন সকল
তিরস্কারের সহিত অন্তঃকরণে হর্ষ করিয়াছ। অত
এব দেখ আমি তোমার বিরুদ্ধে আপন হস্ত বিস্তার
করিব এবং লুটরূপে তোমাকে অন্যদেশীয়েরদের
হাতে সমর্পণ করিব এবং লোকেরদের মধ্যহইতে
তোমাকে ছেদন করিব এবং দেশেরদের মধ্যহইতে
তোমাকে সংহার করিব আমি তোমাকে নষ্ট করিব
এবং আমি যে যিহোবা ইহা তুমি জানিবা। ও যিহোবা
পরমেশ্বর এই কথা কহেন মোয়াব ও সৈয়ির কহে যে
দেখ যিহুদার বংশ সকল অন্যদেশীয়েরদের
তুল্য হইয়াছে। অতএব দেখ আমি নগরেরদের
অর্থাৎ মোয়াবের সীমা অনাবৃত করিব অর্থাৎ তাহার
সীমাস্থ নগর অর্থাৎ দেশের শোভারূপ যে বৈৎ
যিশীমোৎ ও বাল্মিয়োন ও কিরিয়াথয়িম তাহারদের
[illegible] পূর্ব্বদেশীয় লোক ও আম্মোনীয়েরদের
[illegible] এবং আম্মোনীয়েরা লোকসমূহের মধ্যে

আর স্মৃত না হয় এই জন্যে তাহারদিগকে অধিকার
১১ রূপে অন্যেদের প্রতি সমর্পণ করিব। এবং আমি
মোয়াবের উপরে দণ্ড দিব এবং আমি যে যিহোবা ইহা
তাহারা জানিবে।

১২ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন আদোম প্রতি
হিংসা করিতে যিহোদা বংশের বিরুদ্ধে করিয়াছে
এবং বড় দোষ করিয়াছে ও তাহারদের উপরে আপন
১৩ হিংসার প্রতিহিংসা করিয়াছে। অতএব
যিহোবা পরমেশ্বর এ কথা কহেন আমি আপন হাত
আদোমের উপরে বিস্তীর্ণ করিব এবং তাহার মধ্য
হইতে মানুষকে ও পশুকে উচ্ছিন্ন করিব এবং
তৈমান অবধি তাহা শূন্য করিব এবং দীদনস্থ লোকেরা
১৪ খড়্গের দ্বারা পড়িবে। এবং আমি আপন যিশ্রায়েল
লোকেরদের দ্বারা আপন জিঘাংসা আদোমের উপ
রে স্থাপন করিব এবং যিহোবা পরমেশ্বর কহেন যে
তাহারা আমার ক্রোধ ও আমার চণ্ডতানুসারে
আদোমে করিবে এবং তাহারা আমার জিঘাংসা
জানিবে।

১৫ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন পলেষ্টীয়েরা প্রতি
হিংসা দ্বারা ব্যাপার করিয়াছে ও সে পুরানা দ্বেষপ্রযুক্ত
তাহারা আপন অন্তরে হিংসাকারী অহঙ্কারেতে
১৬ জিঘাংসা করিয়াছে। অতএব যিহোবা পরমেশ্বর
এ কথা কহেন দেখ আমি পলেষ্টীয়েরদের উপরে হাত
বিস্তীর্ণ করিব এবং করেথীয়েরদিগকে উচ্ছিন্ন করিব
১৭ এবং সমুদ্রের তীরস্থ অবশিষ্টেরদিগকে নষ্ট করিব।

Digitized by Google

এবং আমি প্রচণ্ড ভৎসনার দ্বারা বড় প্রতিশোধ সা
তাহারদের উপরে করব এবং যখন আমি আপন
প্রতিশোধ তাহারদের উপরে আনিব তখন আমি যে
যিহুহ ইহা তাহারা জানিবে।

পর্ব্ব
২৬
১ একাদশ বৎসরে মাসের প্রথমে যিহুহার এক কথা
আমার কাছে আইল হে মনুষ্যের সন্তান তাইর লো
২ কেরা দরজা যে সেই তাহারা ভাঙ্গিয়াছে সে আমার কাছে
পরাস্ত হইয়াছে সে অরণ্য হইয়া থাকে আমি পূর্ণ
হইবে এই কথা সে যিরূশালমের বিপরীতে
৩ কহিয়াছে। অতএব প্রভু যিহুহা পরমেশ্বর এ কথা কহেন
হে সোর দেখ আমি তোমার বিপক্ষ হইয়াছি এবং
সমুদ্র যেমন আপন ঢেউ চালায় তেমনি তোমার
বিরুদ্ধে আমি অনেক লোকসমূহকে আনিব।
৪ এবং তাহারা সোরের প্রাচীর নষ্ট করিবে ও তাহার
গড় ভাঙ্গিয়া ফেলিবে আমি ও তাহার ধূলা তাহার
মধ্যহইতে চাঁচিব ও তাহাকে পাথরীয় পর্ব্বতের
৫ শৃঙ্গের ন্যায় করিব। সমুদ্রের মধ্যে জাল বিস্তার
করিবার স্থান সে হইবে কেননা যিহুহা পরমেশ্বর
কহেন যে আমি তাহা কহিয়াছি ও সে লোকেরদের
৬ কাছে লুট বস্তু হইবে। আর ক্ষেত্রে যে তাহার
কন্যারা তাহারা খড়্গদ্বারাতে হত হইবে এবং
আমি যে যিহুহা ইহা তাহারা জানিবে।

৭ কেননা যিহুহা পরমেশ্বর এ কথা কহেন দেখ
রাজারদের রাজা বাবিলের নবুকদ্রেজ্জার রাজা
তাহাকে ঘোড়া রথ অশ্বারোহি সমূহ জনতা এ

অনেক লোক সুদ্ধ আমি উত্তরদেশহইতে সোরের
৮ উপরে আনিব। সে তোমার কন্যারদিগকে ক্ষেত্রে
তলোয়ার মারিবে ও তোমার বিপক্ষে গড় করিবে ও
তোমার বিরুদ্ধে ঢিপি করিবে ও তোমার বিপরীতে
৯ ঢাল দোলাইবে। ও যুদ্ধযন্ত্র তোমার প্রাচীরের
বিরুদ্ধে স্থাপন করিবে ও আপন কুড়ালিতে তোমার গড়
১০ ভাঙ্গিয়া ফেলিবে। যে নগরের প্রাচীরে ভঙ্গন করা
গিয়াছে সে ভাঙ্গা দিয়া লোক যেমন নগরে প্রবেশ
করে সে যখন ঐরূপে তোমার দ্বারে প্রবেশ করে
তখন তাহার ঘোড়ারদের অনেকত্ব প্রযুক্ত তাহারদের
ধুলা তোমাকে ঢাকিবে সোয়ারিরদের ও চক্রের ও
১১ রথের শব্দেতে তোমার প্রাচীর নড়িবে। সে আপন
ঘোটকরদের খুরেতে তোমার অঙ্গন রাস্তা দলাইয়া
ফেলিবে সে তলোয়ারেতে তোমার লোকদিগকে
মারিবে ও তোমার দৃঢ় সেনাস্থান মৃত্তিকাতে পড়িবে।
১২ এবং তাহারা তোমার ধন লুট করিবে ও তোমার
ব্যাপারি দ্রব্য লুটাবস্তু করিয়া লইবে তাহারা তোমার
প্রাচীর ভাঙ্গিয়া ফেলিবে ও তোমার রম্য ঘর নষ্ট করিবে
তাহারা তোমার পাথর ও কাষ্ঠ ও ধুলা জলের মধ্যে
১৩ ফেলিবে। এবং আমি তোমার গানের ধ্বনি নিবর্ত্ত
করিবে ও তোমার বীণার বাজন আর শুনা যাইবে
১৪ না। এবং তোমাকে আমি শিলাময় পর্ব্বতের
শৃঙ্গের মত করিব তুমি জাল বিস্তার করণের স্থান হইবা
তুমি আর গাঁথান যাইবা না কেননা যিহোবা পরমেশ্বর
এ কথা কহেন যে আমি যিহোবা তাহা কহিয়াছি।


Digitized by Google

১৫ যিহুহা পরমেশ্বর সোরকে এ কথা কহেন যখন
ক্ষত লোকেরা কাঁদে ও যখন হনন তোমার মধ্যে
করা যায় তখন উপদ্বীপেরা কি তোমার পতনের
১৬ শব্দেতে নড়িবে না? তখন সমুদ্রের সকল
অধ্যক্ষেরা আপনং সিংহাসন হইতে নামিবে ও
আপনং বস্ত্র ত্যাগ করিবে ও আপনং অলংকৃত বস্ত্র
খুলিবে তাহারা আপনারদিগকে কাঁপনেতে প্রাবৃত
করিবে তাহারা মৃত্তিকার উপরে বসিবে তাহারা
পলকেং কাঁপিবে ও তোমার বিষয়ে আশ্চর্য্য বোধ
১৭ হইবে। এবং তাহারা তোমার বিষয়ে বিলাপ
করিতে লাগিবে ও তোমাকে কহিবে হে সমুদ্রব্যবসা
য়ী লোকেরদিগেতে নিবসিত যাহারা তাহাতে আছে
করে তাহারদিগকে ভয় দেখায় আপন নিবাসিরা
শুদ্ধ সমুদ্রে দৃঢ়স্থায়ী যশস্বী নগর যে তুমি তুমি কি
১৮ প্রকারে নষ্ট হইয়াছ?। তোমার পতনের দিনে
উপদ্বীপেরা কাঁপিবে সমুদ্রস্থিত উপদ্বীপেরা তোমার
১৯ স্থানান্তর হওয়াতে ব্যাকুল হইবে। কেননা পরমেশ্বর
এ কথা কহেন যে যখন বসতিহীন এমন নগরের মত
নরশূন্য নগর যখন আমি তোমাকে করি আমি
গভীর জল যখন তোমার উপরে আনি ও বহু জল
২০ তোমাকে ঢাকে। যাহারা গর্ত্তে নামে অথচ পূর্ব্ব
কালের লোকেরা তাহারদের সহিত যখন আমি
তোমাকে নামাই ও তুমি নিবসিত না হও এই কারণ
যাহারা গর্ত্তে নামে তাহারদের সহিত তোমাকে
পৃথিবীর অধঃস্থ স্থানে অথচ পূর্ব্বাবধি নরশূন্য

Digitized by Google

স্থানে যখন স্থাপন করি এবং জীবতেরদের দেশে
২১ যখন মাহাত্ম্য স্থাপন করি। তখন আমি তোমাকে
ভয়ঙ্কর বস্তুরূপে স্থাপন করিব এবং তুমি আর
থাকিবা না যিহোবা পরমেশ্বর কহেন তুমি অন্বেষিত
হইলেও আর কখন পাওয়া যাইবা না।—

পর্ব্ব পুনশ্চ যিহোবার এ কথা আমার কাছে আইল। হে
২৭ মনুষ্যের সন্তান এখন সোরের বিষয়ে বিলাপ গ্রহণ
৩ কর। এবং সোরকে কহ হে সমুদ্রের প্রবেশস্থানে
স্থিত লোকেরদের অনেক উপদ্বীপের নিমিত্তক বাণি
জ্যকারী যিহোবা পরমেশ্বর এ কথা কহেন হে সোর
৪ তুমি কহিয়াছ যে আমি সম্পূর্ণ সুন্দরী। তোমার
সীমা সমুদ্রের মধ্যে তোমার গাঁথনকারীরা তোমার
৫ সৌন্দর্য্য সম্পূর্ণ করিয়াছে তাহারা তোমার সকল
তক্ত শনীরের বরোশ কাষ্ঠের করিল তোমার
নিমিত্তে মাস্তুল করিতে তাহারা লবানন হইতে আরেজ
৬ বৃক্ষ লইয়াছে। তাহারা বাশনের আলোন বৃক্ষে
তোমার দাঁড় করিয়াছে কত্তীয় উপদ্বীপ হইতে
আনীত হস্তির দন্তেতে আশোরীয়েরা তোমার বাঁক
৭ করিয়াছে। তুমি পালের কারণ যাহা বিস্তার
করিয়াছ সে মিসর হইতে আনীত মেহি কাপড় ও
বুটাদার কাপড় আলিশা উপদ্বীপ হইতে আনীত নীল
৮ ও বাগুনীয় বস্ত্র তোমাকে আচ্ছাদন করিল। সীদোন
ও আরোদ নিবাসীরা তোমার দাঁড়ি ছিল হে সোর
তোমার মধ্যস্থিত বিদ্বান লোকেরা তোমার নাবিক
৯ ছিল। তোমার মধ্যস্থিত গবালের প্রাচীন লোকেরা

Digitized by Google

ও তাহার বিদ্বান লোকেরা তোমার গাঁইথিদার ছিল
তোমার বানিজ্য ব্যাপার করতে সমুদ্রের সকল
১০ জাহাজ নাবিক সুদ্ধ তোমার মধ্যে ছিল। পারসী
ও লোদ ও ফোট দেশীয়েরা তোমার যোদ্ধা হইয়া
তোমার সৈন্যে থাকিল তাহারা ঢাল ও টোপর
তোমার মধ্যে লটকাইল তাহারা তোমার সৌন্দর্য্য
১১ প্রকাশ করিল। তোমার সৈন্যের সহিত আরো
দের লোকেরা চতুর্দ্দিগে তোমার প্রাচীরের উপরে
থাকিত এবং গম্মদীয়েরা তোমার গড়ে থাকিত তাহারা
চতুর্দ্দিগে তোমার প্রাচীরের উপরে আপনারদের ঢাল
লটকাইত তাহারা তোমার সৌন্দর্য্য সম্পূর্ণ করিল।
১২ সকল প্রকার ধনের বাহুল্য প্রযুক্ত তর্শিশ রূপা ও
লোহা ও দস্তা ও শিশাতে তোমার বনিক ছিল তাহারা
১৩ তোমার মেলায় ক্রয় বিক্রয় করিত। যোবন ও
তোবল ও মশক তোমার বনিক ছিল তাহারা মনুষ্যের
শরীর ও পিত্তলের পাত্র তোমার বাজারে ক্রয় বিক্রয়
১৪ করিত। তোগরমাবংশীয় লোকেরা ঘোটক ও
অশ্বারোহী ও খচরে তোমার মেলাতে ক্রয় বিক্রয়
১৫ করিতন। দদনীয় লোকেরা তোমার বনিকেরা ছিল
অনেক উপদ্বীপ তোমার হাটের বানিজ্যদ্রব্য ছিল
তাহারা শৃঙ্গ ও দন্ত ও আবলুস কাষ্ঠ নজর তোমার
১৬ কাছে আনিল। তোমার কৃত দ্রব্যের অনেকত্ব প্রযুক্ত
আরম তোমার বনিক ছিল তাহারা তোমার হাটে
পান্না ও বাগুনীয় ও বুটাদার ও মেহি কাপড় ও মানিক্য
১৭ ও অয়স্কান্ত মনি ক্রয় বিক্রয় করিত। যিহুদা

Digitized by Google

ও যিশরাল দেশ তোমার বণিক ছিল তাহারা। মিন্নীতের
ও পন্নগের গোম ও মধু ও তৈল ও ঔষধি ক্রয় বিক্রয়
১৮ করিত। তোমাতে কৃত সামগ্রীতে তোমার সকল
ধনের বাহুল্যেতে দামাশেক তোমার বণিক ছিল
এবং হেল্‌বোনের দ্রাক্ষারস ও মেষের সাদা লোম।
দন ও যাবন গতায়াত করত ও তোমার হাটে ব্যাপার
১৯ করিত তোমার বাজারে তেজস্বী লোহা ও দারচিনী
২০ ও বচ ছিল। রথের নিমিত্ত বহুমূল্য কাপড়ে
২১ দদন তোমার মহাজন ছিল। আরব দেশ ও
কেদরের সকল অধ্যক্ষেরা মেষের বাচ্চা ও মেষ ও
ছাগল ব্যাপার তোমার মধ্যে করিত এই বিষয়ে
২২ তাহারা তোমার বণিক ছিল। শিবা ও রয়মার
মহাজনেরা তোমার বণিক ছিল তাহারা সকল প্রধান
মসলাতে ও সকল মণিতে ও স্বর্ণেতে তোমার হাটে
২৩ ব্যাপার করিত। হারণ ও কন্নি ও অদন এবং
শিবা ও অশূর ও কল্মদের মহাজনেরা তোমার
২৪ বণিকেরা ছিল। ইহারা সকল প্রকার দ্রব্য
অর্থাৎ তোমার ক্রয় বিক্রয় নিমিত্তক দ্রব্যের মধ্যে
নীল বস্ত্র ও বুটাদার ও দিব্য বস্ত্র পূর্ণ রজ্জুতে বাঁধা
আরস কাষ্ঠেতে নির্ম্মিত সিন্দুকেতে তোমার বণিক
২৫ ছিল। তোমার বাজারে তর্শীশের জাহাজেরা
তোমার বিষয়ে গান করিত তুমি পূর্ণ করা গিয়াছ
এবং সমুদ্রের মধ্যে অতি তেজস্বী হইয়াছ।
২৬ তোমার দাঁড়ীরা তোমাকে বড় জলে আনিয়াছে
সমুদ্রের মধ্যে পূর্ব্বীয় বায়ু তোমাকে ভাঙ্গিয়াছে।

Digitized by Google

২৭ তোমার ধন ও তোমার হাট ও তোমার ব্যাপার নিমি
ত্তক দ্রব্য ও তোমার নাবিকেরা ও তোমার মাঝিরা ও
তোমার কলপাতিরা ও তোমার দ্রব্য ব্যাপারিরা ও
তোমার মধ্যে ও তোমার মধ্যস্থিত জনতার মধ্যে
তোমার যত যোদ্ধা সে সকলে তোমার দুর্ব্বনাশ
২৮ দিনে সমুদ্রের মধ্যে পড়িবে। তোমার মাঝিরদের
২৯ ক্রন্দনের শব্দেতে উপনগর কাঁপিবে। এবং দাঁড় হাতে
করে যে নাবিকেরা ও সমুদ্রে মাঁজি যত সে সকলে
৩০ আপন জাহাজ হইতে নামিয়া ভূমির উপরে দাঁড়াইবে।
ও তোমার বিপক্ষে আপনারদের রব শুনাইবে ও তিক্ত
রূপে ক্রন্দন করিবে ও আপনারদের মাথার উপরে
৩১ ধুলা ফেলিবে ও ছাইতে গড়াগড়ি দিবে। এবং
তোমার বিষয়ে আপনারদিগকে খোলোমানা টাকপড়া
করিবে ও আপনারদিগকে চটেতে বস্ত্রান্বিত করিবে
এবং অন্তঃকরণের তিক্ততাতে ও মহা বিলাপে তোমার
৩২ নিমিত্তে ক্রন্দন করিবে। তাহারা আপনারদের
বিলাপে তোমার বিষয়ে ক্রন্দন করিতে লাগিবে এবং
তোমার উপরে এ কথা কহিয়া বিলাপ করিবে কোন
নগর সোরের মত সমুদ্রের মধ্যে হত নগরের ন্যায়
৩৩ কোন নগর। যখন তোমার দ্রব্য সমুদ্রের মধ্য
হইতে গেল তখন তুমি অনেক লোককে পূর্ণ করিলা
তুমি আপন ধনের ও ক্রয় বিক্রয় নিমিত্তক দ্রব্যের বাহু
ল্যেতে পৃথিবীর রাজারদিগকে ধনবান করিয়াছ।
৩৪ তুমি যে সময়ে জলের গাম্ভীর্য্যে সমুদ্রের কর্ত্তৃক ভাঙ্গা
যাবা সে সময়ে তোমার ব্যাপার নিমিত্তক দ্রব্য ও

Digitized by Google

৩৫ তোমার মধ্যস্থিত সকল অন্ত্য পড়িবে। তোমার বিষয়ে ও দ্বীপের সকল নিবাসিরা চমৎকৃত হইবে ও তাহারদের রাজারা অত্যন্ত ভীত হইবে তাহার
৩৬ দের মুখ বিষণ্ন হইবে। লোকেরদের মধ্যে বণিকেরা তোমার প্রতি শীশ দিবে তুমি ভয়ঙ্কর বস্তু হইবা এবং আর থাকিবা না।—

পর্ব্ব ২৮ পুনর্ব্বার য়িহুহার বাক্য এ কথা কহত আমার কাছে আইল। হে মনুষ্যের সন্তান তুমি স্যোরের রাজাকে এ কথা কহ য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন তোমার অন্তঃকরণ উত্থান গিয়াছে এবং আমি ঈশ্বর আমি সমুদ্রের মধ্যে ঈশ্বরের আসনে বসি এই কথা কহিয়াছ কিন্তু তুমি আপন অন্তঃকরণ ঈশ্বরের অন্তঃকরণের মত রাখিলেও মানুষ মাত্র
৩ আছ ঈশ্বর নয়। দেখ তুমি দানিএল হইতেও জ্ঞানবান তাহারা তোমার অগোচর যে করিতে পারে
৪ এমন কোন গুপ্ত বিষয় নাই। তুমি আপন জ্ঞান ও বুদ্ধিতে ধন সঞ্চয় করিয়াছ ও আপন ভাণ্ডারে
৫ স্বর্ণ ও রূপা আনাইয়াছ। তুমি আপন বড় জ্ঞান ও বাণিজ্য ক্রিয়াতে আপন ধন বাড়াইয়াছ ও তোমার ধন প্রযুক্ত তোমার অন্তঃকরণ উত্থান গিয়াছে।
৬ অতএব য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন তুমি আপন অন্তঃকরণ ঈশ্বরের অন্তঃকরণের মত রাখিয়াছ এই
৭ জন্যে দেখ আমি বিদেশীরদিগকে অর্থাৎ লোকেরদের মধ্যে ভয়ঙ্করেরদিগকে তোমার উপরে আনিব ও তাহারা তোমার জ্ঞানের সৌন্দর্য্যের বিপরীতে

Digitized by Google

আপনারদের তলোয়ার বাহির করিবে এবং তোমার
৮ তেজ মলিন করিবে। তাহারা তোমাকে গর্ত্তে
আনিবে এবং সমুদ্রের মধ্যে হত যাহারা তাহারদের
৯ মরণে তুমি মরিবা। যে জন তোমাকে বধ করে
তুমি কি তাহার সাক্ষাৎ আমি ঈশ্বর এই কথা
কহিবা? কিন্তু যে জন তোমাকে বধ করে তাহার
১০ হাতে তুমি মনুষমাত্র ঈশ্বর নও। তুমি বিদেশী
য়েরদের হাতেতে অত্বকচ্ছেদী লোকেরদের মরণেতে
মরিবা কেননা যিহুহা কহেন যে আমি তাহা
কহিয়াছি।
১১ যিহুহার এ বাক্য ও আমার কাছে আইল। হে
১২ মনুষ্যের সন্তান তুমি সোরের রাজার বিষয়ে এক
বিলাপ গ্রহণ কর এবং তাহাকে এ কথা কহ যিহুহা
কহেন জ্ঞানেতে পূর্ণ ও সৌন্দর্য্যেতে সম্পূর্ণ যে তুমি
১৩ তুমি বর্ণনার সীমা। ঈশ্বরের উদ্যান যে এদন তাহার
মধ্যে তুমি ছিলা প্রত্যেক মণি অর্থাৎ মাণিক্য ও
পদ্মরাগ ও হিরা ও লশুনীয় ও চুনি ও সূর্য্যকান্ত ও
নীলম ও পান্না ও গোমেদক ও স্বর্ণ তোমার আচ্ছাদক
ছিল তুমি যে দিনে সৃষ্ট ছিলা সে দিনে তোমার
তবল ও বাঁশির ক্রিয়া তোমার নিমিত্তে করা গেল।
১৪ তুমি অভিষিক্ত আচ্ছাদক করূব ও আমি তোমাকে
স্থাপন করিয়াছি তুমি ঈশ্বরের পবিত্র পর্ব্বতের উপরে
ছিলা তুমি অগ্নিরূপ প্রস্তরের মধ্যে ভ্রমণ করিতা।
১৫ তুমি যে দিনে সৃষ্ট ছিলা সে দিনাবধি পাপ তোমার
মধ্যে পাওয়া যাওয়া পর্য্যন্ত আপন পথে সম্পূর্ণ আছ

Digitized by Google

১৬ তোমার ক্রয় বিক্রয় দ্রব্যের অনেকত্বেতে তাহারা
তোমাকে দৌরাত্ম্যেতে পূর্ণ করিয়াছে ও তুমি পাপ
করিয়াছ সে কারণ আমি সাধারণ বস্তুর ন্যায় তোমা
কে ঈশ্বরের পর্ব্বত হইতে ফেলিয়া দিব এবং হে
আচ্ছাদক করূব অগ্নিবৎ প্রস্তরের মধ্য হইতে
১৭ তোমাকে নষ্ট করিব । তোমার সৌন্দর্য্য প্রযুক্ত
তে মার অন্তঃকরণ উচ্চ করা গিয়াছে তুমি আপন
তেজ প্রযুক্ত আপন জ্ঞানকে অপরিষ্কৃত করিয়াছ
আমি তোমাকে মৃত্তিকাতে ফেলিব রাজারা তোমাকে
১৮ দেখে এই নিমিত্তে আমি তোমাকে তাহারদের সম্মুখে
ফেলিব । তুমি আপন অযাথার্থ্যের বহুল্যেতে
ও আপন ব্যাপার ক্রিয়ার অযাথার্থ্যেতে আপন পবিত্র
স্থানকে অশুচি করিয়াছ এই জন্যে আমি তোমার
মধ্য হইতে এক অগ্নি বাহির করিব সে তোমাকে
খাইয়া ফেলিবে এবং যাহারা তোমাকে দেখে তাহার
১৯ দের দৃষ্টিতে আমি তোমাকে ভূমির উপরে ছাই করিব ।
লোকেরদের মধ্যে যাহারা তোমাকে চিনি সে সকলে
তোমার বিষয়ে চমৎকৃত হইবে তুমি ভয়ঙ্কর বস্তু
হইবা ও আর কখন হইবা না । —
২০ পুনর্ব্বার যিহোবার কথা ইহা কহত আমার কাছে
২১ প্রকাশ করা গেল । হে মনুষ্যের সন্তান আপন
মুখ চীদোনের বিপরীতে রাখ ও তাহার বিপরীতে
২২ ভবিষ্যদ্বাক্য ঘোষণা কর এবং কহ যিহোবা পরমেশ্বর
এ কথা কহেন হে চীদোন দেখ আমি তোমার বিপক্ষে



Digitized by Google

আছি এবং তোমার মধ্যে আমি মাহাত্ম্যবিশিষ্ট
মানিত হইব এবং যখন আমি তাহার মধ্যে দণ্ড দি ও
তাহার মধ্যে পবিত্র মান্য যাই তখন আমি যে যিহুহা
২৩ ইহা তাহারা জানিবে কেননা আমি তাহার মধ্যে
মড়ক ও তাহার রাস্তাতে রক্ত পাঠাইব এবং সর্ব্ব
দিগে তাহার উপরে থাকে যে তলোয়ার তাহার
কর্ত্তৃক ক্ষত লোকেরা তাহার মধ্যে বিচারিত হইবে
এবং আমি যে যিহুহা ইহা তাহারা জানিবে।—
২৪ এবং যিশরালের বংশের জন্যে আর বিন্ধনকারী
কাঁটা থাকিবে না ও যাহারা তাহার অবজ্ঞা করিয়াছে
এমন যে তাহার চতুর্দ্দিগস্থ লোকেরা তাহারদের
মধ্যে ও দুঃখদায়ী কাঁটা হইবে না; এবং আমি যে
২৫ যিহুহা পরমেশ্বর ইহা তাহারা জানিবে। যিহুহা
পরমেশ্বর এ কথা কহেন যিশরালের বংশ যে সকল
লোকেরদের মধ্যে ছড়ান গিয়াছে তাহারদের মধ্য
হইতে যখন আমি তাহারদিগকে একত্র করি ও অন্য
দেশীয় লোকেরদের দৃষ্টিতে তাহারদের মধ্যে যখন
পবিত্র মান্য যাই তখন আমি আপন যাকুব দাসকে
যে দেশ দিয়াছি সে তাহারদের দেশে তাহারা বাস
২৬ করিবে। ও তাহারা তাহাতে নিরাপদে বাস করিবে
ও ঘর গাঁথিবে ও দ্রাক্ষা ক্ষেত্র করিবে তাহারদের
চতুর্দ্দিগে যাহারা তাহারদিগকে তুচ্ছ করে সে
সকলের উপরে যখন আমি দণ্ড দি তখন তাহারা
নিবিশ্বাস বাস করিবে ও আমি যে যিহুহা তাহারদের
ঈশ্বর ইহা তাহারা জানিবে।—

Digitized by Google

পর্ব্ব দশম বৎসরের দশম মাসের বারো দিনে
২৯ যিহুহার এ কথা আমার কাছে আইল। হে
২ মনুষ্যের সন্তান তুমি মিসরের ফারোআ রাজার
বিরুদ্ধে মুখ রাখ ও তাহার বিপরীতে ও সকল মিসু
৩ রের বিপরীতে ভবিষ্যদ্বাক্য ঘোষণা কর। ঘোষণা
কর ও কহ যিহুহা পরমেশ্বর এ কথা কহেন হে
মিসরের ফারোআ রাজা আপন নদীর মধ্যে শয়ন করে
এবং আমার নদী যে সে আমার নিজ ও আমি
আপনার জন্যে তাহা নির্ম্মাণ করিয়াছি এই কথা কহক
বড় কুম্ভীর যে তুমি দেখ আমি তোমার বিপক্ষে আছি।
৪ আমি তোমার মুখে বড়শী দিব ও তোমার নদীর
মৎস্যেরদিগকে তোমার আঁইষেতে লাগিয়া থাকাইব
এবং তোমার নদীর মধ্য হইতে তোমাকে বাহির করিব
ও তোমার নদীর যত মৎস্য সে সকলে তোমার
৫ আঁইষেতে লাগিয়া থাকিবে। এবং অরণ্যে তোমা
কে আমি ত্যাগ করিব অর্থাৎ তোমাকে ও তোমার
নদীর সকল মৎস্যেরদিগকে তুমি মাঠে পড়িবা
তুমি সংগৃহীত হইবা না ও একত্রীকৃত হইবা না আমি
মাঠের পশুরদের ও শূন্যের পক্ষিরদের আহারের
৬ নিমিত্তে তোমাকে দিয়াছি। মিসরের সকল
নিবাসিরা যিশরায়েল বংশের প্রতি নলের একলাঠি
হইয়াছিল এই কারণ আমি যে যিহুহা ইহা তাহারা
৭ জানিবে। তাহারা যখন হাতে করিয়া তোমাকে
ধরিল তখন তুমি ভাঙ্গিলা ও তাহারদের সকল স্কন্ধ
চিরিলা ও তাহারা যখন তোমার উপরে ঠেস দিল

Digitized by Google

তখন তুমি ভাঙ্গিলা ও তাহারদের সকল কোমর অস্থ
করিলা।—
৮ অতএব যিহুহা পরমেশ্বর এ কথা কহেন দেখ
আমি তোমার উপরে তলোয়ার আনিব এবং তোমার
৯ মধ্য হইতে মনুষ্যকে ও পশুকে উচ্ছন্ন করিব। ও
মিসর দেশ নরশূন্য ও অরণ্য হইবে এবং সে কহি
য়াছে যে নদী আমার ও আমি তাহা নির্ম্মাণ করিয়াছি
এই কারণ আমি যে যিহুহা ইহা তাহারা জানিবে।
১০ দেখ আমি তোমার বিরুদ্ধে ও তোমার নদীর বিরুদ্ধে
এবং আমি সবোনির গড় অবধি কূশের সীমা পর্য্যন্ত
মিসর দেশকে সর্ব্বতোভাবে শূন্য ও অরণ্য করিব।
১১ মনুষ্যের কোন পা তাহা দিয়া যাবে না এবং পশুর
পা ও তাহা দিয়া যাবে না এবং চল্লিশ বৎসর পর্য্যন্ত
১২ ও সে বসত হইবে না। এবং নরশূন্য দেশেরদের
মধ্যে আমি মিসর দেশ নরশূন্য করিব এবং চল্লিশ
বৎসর পর্য্যন্ত অরণ্যীকৃত নগরেরদের মধ্যে তাহার
নগরেরা মানুষহীন হইবে এবং আমি সকল দেশীয়
লোকেরদের মধ্যে মিসরীয়েরদিগকে ছড়াইব ও
দেশেরদের সর্ব্বত্র তাহারদিগকে ছিন্নভিন্ন করিব।
১৩ কিন্তু যিহুহা পরমেশ্বর এ কথা কহেন চল্লিশ
বৎসরের শেষে যে সকল লোকেরদের মধ্যে তাহারা
ছিন্নভিন্ন হইয়া গিয়াছিল তাহারদের মধ্য হইতে
১৪ আমি মিসরীয়েরদিগকে সংগ্রহ করিব। এবং
আমি মিসরের অন্যদেশে দাসত্বগ্রস্তেরদিগকে
ফিরাইয়া আনিব এবং তাহারদিগকে পাথ্রোস দেশে

Digitized by Google

অর্থাৎ আপনারদের বসতি দেশে পুনর্গমন করাইব
১৫ ও তাহারা সেখানে অপকৃষ্ট এক রাজ্য হইবে। সে
রাজ্যেরদের মধ্যে অপকৃষ্টতম হইবে এবং আপনাকে
অন্য রাজ্যেরদের উপরে আর উঠাইবে না কেননা
তাহারা রাজ্যেরদের উপরে আর শাসন না করে এই
জন্যে আমি তাহারদিগকে ন্যূনীভূত করিব। এবং
১৬ যখন তাহারা তাহার অনুদৃষ্টি করে তখন তাহার
দের অপরাধ স্মরণে আনে যে মিসর সে আর কখন
যিস্রায়েলের বংশের বিশ্বাসপাত্র হইবে না কিন্তু
আমি যে যিহুহা পরমেশ্বর তাহা তাহারা জানিবে।
১৭ সপ্তবিংশ বৎসরের প্রথম মাসের প্রথম দিনে
এমত হইল যিহুহার এ বাক্য আমার কাছে আইল।
১৮ হে মনুষ্যের সন্তান বাবেলের নবকদ্রেস্সোর রাজা
সোরের বিরুদ্ধে আপন সৈন্যকে বড় সেবা করাইল
প্রত্যেক মাথা টাকপড়া ছিল ও প্রত্যেক স্কন্ধ নিশ্চর্ম্ম
ছিল কিন্তু সে নিমিত্ত তাহার সৈন্য সোরের বিরুদ্ধে
যে শ্রম করিয়াছিল তাহাতে তাহার জন্যে কিছু
১৯ বেতন পাইল না। অতএব যিহুহা পরমেশ্বর এ
কথা কহেন দেখ আমি বাবেলের নবকদ্রেস্সোর
রাজাকে মিসর দেশ দিব ও সে তাহার সকল জন
তাকে লইবে ও তাহার লুটদ্রব্য ও লইবে ও বধেতে
অধিকৃত তাহার দ্রব্য ও লইবে ও সে তাহার সৈন্যের
২০ বেতন হইবে। যিহুহা পরমেশ্বর কহেন সে তাহার
বিপক্ষে যে শ্রম করিল তাহাতে আমি তাহাকে মিসর
দেশ দিয়াছি কেননা তাহারা আমার জন্যে কার্য্য
করিল।

Digitized by Google

২১ সে দিনে আমি যিশরায়েল বংশের শৃঙ্গ পল্লববান
করিব এবং তাহারদের মধ্যে তোমাকে মুখ খুলা
দিব এবং আমি যে যিহুহা ইহা তাহারা জানিবে।—

পর্ব্ব পুনর্ব্বার যিহুহার বাক্য এ কথা কহত আমার
৩০ কাছে আইল। হে মনুষ্যের সন্তান তুমি ভবিষ্য
২ দ্বাক্য ঘোষণা কর ও কহ যিহুহা পরমেশ্বর এ কথা
কহেন তোমরা হায় সে দিন এ কথা কহিয়া বিলাপ
৩ কর। কেননা সে দিন অর্থাৎ যিহুহার দিন নিকট
সে মেঘাচ্ছাদিত দিন সে অন্য দেশীয় লোকেরদের
৪ কাল হইবে। ও তলোয়ার মিসরের উপরে আসিবে
এবং যখন হত লোকেরা মিসরে পড়িবে ও যখন
তাহারা তাহার জনতাকে লইয়া যাইবে ও যখন তাহার
৫ ভিত্ত ভগ্ন হবে তখন অতিশয় ব্যথা কুশে হবে। কুশ
ও ফোট ও লোদ ও সকল আরব ও কোব ও পরস্পর
নিয়মিত দেশীয় লোকেরা তাহারদের সহিত তলোয়া
৬ রেতে পড়িবে। যিহুহা এ কথা ও কহেন মিসরকে
যাহারা ধারণ করে তাহারা ও পড়িবে ও তাহার
প্রতাপের অহঙ্কার পড়িবে যিহুহা পরমেশ্বর কহেন
তাহারা সবোনির গড় অবধি তাহার মধ্যে তলোয়ারে
৭ তে পড়িবে। ও যে দেশ উৎসন্ন হইল তাহারদের
মধ্যে তাহারা উৎসন্ন হইবে ও উজাড় যে নগর সে
৮ নগরেরদের মধ্যে তাহার নগর হবে। এবং
আমি মিসরে এক অগ্নি স্থাপন করিলে ও তাহার
সকল উপকারিরা নষ্ট হইলে আমি যে যিহুহা ইহা
৯ তাহারা জানিবে। নিশ্চিন্ত কুশীয়েরদিগকে ভীত

Digitized by Google

করার কারণ. পৌষিতেরা আমার নিকটহইতে তাহারা
যাইবে এবং মিসরের দিনে যেমন ছিল তেমনি তাহার
দের উপরে বড় ব্যথা আসিবে কেননা দেখ সে
১০ আসিতেছে। যিহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি
বাবেলের নবুকদরাসোর রাজার হাতে মিসরের
১১ সকল জনতার শেষ করিব। সে তাহার লোক শুদ্ধ
অর্থাৎ দেশীয়েরদের মধ্যে ভয়ঙ্কর যে দেশ নষ্ট করি
তে সে আপনি যাইব এবং তাহারা মিসরের বিপক্ষে
তলোয়ার খুলিবে ও দেশ হত লোকেতে পূর্ণ করিবে।
১২ এবং আমি নদী শুকাইব ও দুষ্টেরদের হাতে দেশ
বিক্রয় করিব এবং বিদেশীরদের হাতেতে দেশকে
ও তাহার মধ্যে যত তাহাকেও অরণ্য করিব যিহুহা
১৩ যে আমি তাহা কহিয়াছি। যিহুহা পরমেশ্বর এ
কথা কহেন আমি দেবেরদিগকে ও নষ্ট করিব নুফ
নোফহইতে প্রতিমারদিগের শেষ করিব এবং অধীক্ষ
মিসর দেশে আর হইবে না এবং আমি মিসর দেশে
১৪ ভয় স্থাপন করিব। এবং আমি পাত্রোসকে নর
শূন্য করিব ও জোয়নে অগ্নি স্থাপন করিব এবং
১৫ নোতে দণ্ড দিব। ও মিসরের বল যে সিন তাহার
উপরে আমি আপন চণ্ডতা ঢালিব এবং নোর জনতাকে
১৬ উচ্ছিন্ন করিব। এবং আমি মিসরে অগ্নি স্থাপন
করিব সিনের বড় ব্যথা হবে ও নো বিদীর্ণ হইয়া
দুইখান করা যাবে ও নোফের প্রাত্যহিক দুঃখ হইবে।
১৭ আবনের ও পিবসতের যুবারা তলোয়ারেতে পড়িবে
এবং এ নগরেরা অন্য দেশে দাসত্বে যাইবে।

Digitized by Google

১৮ যখন আমি সে স্থানে মিসরের যোঁয়ালগুলাকে
ভাঙ্গিব ও তাহার মধ্যে তাহার বলের গর্ব্বের শেষ
হইবে তখন তফ্‌নেসে দিনও অন্ধকারময় করা
যাইবে। তাহার বিষয়ে এই এক মেঘ তাহাকে আচ্ছন্ন
করিবে ও তাহার কন্যারা অন্য দেশে দাসত্বে যাইবে।
১৯ এ প্রকারে আমি মিসরের দণ্ড দিব এবং আমি যে
যিহোবা ইহা তাহারা জানিবে।
২০ একাদশ বৎসরের প্রথম মাসের সপ্তম দিনে
এই মত হইল যিহোবার এ বাক্য আমার কাছে
২১ আইল। হে মানুষের সন্তান আমি মিসরের
ফারোজা রাজার হাত ভাঙ্গিয়াছি এবং দেখ সুস্থ
হবার কারণ সে বাঁধা যাবে না তলোয়ার ধরিবার
কারণ সে শক্তিমান করা যাইবে না ও তাহাতে পটি
২২ বাঁধা যাইবে না। অতএব যিহোবা পরমেশ্বর
এ কথা বহেন দেখ আমি মিসরের ফারোজা রাজার
বিপক্ষেও আছি এবং বলবান ও ভাঙ্গা যাহা ছিল এই
তাহার দুই হাত আমি ভাঙ্গিব ও তাহার হাত হইতে
২৩ তলোয়ার নামাইবে। এবং সকল দেশীয়ের মধ্যে
মধ্যে আমি মিসরীয়েরদিগকে ছড়াইব ও দেশেরদের
২৪ সর্ব্বত্র ছিন্নভিন্ন করিব। এবং আমি বাবেলের
রাজার হাত শক্তিমান করিব ও আপন তলোয়ার
তাহার হাতে দিব কিন্তু আমি ফারোজার হাত ভাঙ্গিব
এবং অন্তিমকার্য্য কালে ক্ষত মানুষের কোঁকানেতে সে
২৫ তাহার সম্মুখে কোঁকাইবে। কিন্তু আমি বাবেলের
রাজার হাত শক্তিমান করিব ও ফারোজার হাত ঝুলিয়া

Digitized by Google

পড়িবে এবং আমি যখন আপন তলোয়ার বাবেলের রাজার হাতে দি ও সে যখন মিসর দেশের উপরে তাহা বিস্তার করে তখন আমি যে যিহুহা ইহা তাহারা
২৬ জানিবে। এবং আমি অন্য দেশীয়েরদের মধ্যে মিসরীয়দিগকে ছড়াইব ও তাহারদিগকে দেশের দের সর্ব্বত্র ছিন্নভিন্ন করিব এবং আমি যে যিহুহা ইহা তাহারা জানিবে।—

পর্ব্ব ৩১
একাদশ বৎসরের তৃতীয় মাসের প্রথম দিনে এমত হইল যিহুহার এ বাক্য আমার কাছে আইল।
২ হে মনুষ্যের সন্তান তুমি মিসরের ফারোআ রাজাকে ও তাহার জনতাকে এ কথা কহ তুমি আপন মহত্ত্বেতে
৩ কাহার সদৃশ আছ? দেখ লবাননস্থ উত্তম শাখা বিশিষ্ট আচ্ছাদক মস্তক অত্যন্ত এক আরজ বৃক্ষ আশোরীয় ও তাহার আগা ঘন শাখার মধ্যে ছিল।
৪ জল তাহাকে বড় করিল তাহার বৃক্ষের চতুর্দ্দিগে বাহিনী নদীর সহিত গভীর জল তাহাকে উচ্চ করিল এবং আপন সকল নালাকে মাঠের বৃক্ষেরদের স্থানে
৫ পাঠাইল। অতএব যখন সে পল্লব বাড়াইল তখনে জলের বাহুল্যেতে তাহার উচ্চতা মাঠের সকল বৃক্ষ হইতে উচ্চ করা গেল ও তাহার ডাল অনেক হইল
৬ ও তাহার শাখা দীর্ঘ হইল তাহার ডালে আকাশের সকল পক্ষিরা বাসা করিল ও তাহার ছায়ার নীচে মাঠের সকল পশুরা বাচ্চা প্রসব করিল। ও তাহার
৭ ছায়ার নীচে সকল বড় জনপদেরা বাস করিল। এ



Digitized by Google

সুতরাং সে আপন মহত্বে ও আপন ডালের দীর্ঘতাতে সুন্দর ছিল কেননা তাহার শিকড় বহু জলের নিকট ছিল। ঈশ্বরের ওদ্যানস্থ আরস বৃক্ষ তাহাকে লুকাইতে পারিল না বরোশ বৃক্ষ তাহার ডালের মত নয় অরমোন বৃক্ষ তাহার শাখার তুল্য ছিল না সে আপন সৌন্দর্য্যে যে রূপ ছিল তাহার তুল্য ঈশ্বরের

৯ ওদ্যানে কোন বৃক্ষও ছিল না। আমি তাহার ডালের আধিক্যের দ্বারা তাহাকে এমন সুন্দর করিলাম যে ঈশ্বরের ওদ্যানস্থ অর্থাৎ এদনস্থ সকল বৃক্ষ তাহাকে ঈর্ষা করিল।

অতএব প্রভু পরমেশ্বর এ কথা কহেন তুমি উচ্চতাতে আপনাকে আপনি উঠাইয়াছ এবং সে আপন আগা ঘন ডালের মধ্যে বাড়াইয়াছে ও আপন উচ্চতা প্রযুক্ত তাহার অন্তঃকরণ স্ফীত গিয়াছে। অতএব অন্য জাতীয় লোকেরদের মধ্যে পরাক্রান্ত যে জন তাহার হাতে তাহাকে সমর্পণ করিয়া দিয়াছি সে তাহার সমুচিত অবশ্য দিবে আমি তাহার দুষ্টতাতে তাহাকে তাড়িয়া দিয়াছি। এবং বিদেশীয়েরা অর্থাৎ অন্য দেশীয়েরদের মধ্যে ভয়ঙ্কর যাহারা তাহারা তাহাকে ছেদন করিয়াছে ও ত্যাগ করিয়াছে পর্ব্বতেরদের উপরে ও সকল খাতে তাহার ডাল পড়িয়াছে ও দেশের সমস্ত নদীর নিকটে তাহার ডাল ভাঙ্গা গিয়াছে ও তাহার ছায়া ছাড়িয়া পৃথিবীর সকল লোকেরা গিয়াছে ও তাহাকে ত্যাগ করিয়াছে।

১৪ জলের নিকটস্থ সকল বৃক্ষের মধ্যে কোন বৃক্ষ আপন

Digitized by Google

উচ্চতাতে আপনাকে উচ্চস্থান না করে ও আপন মাথা
ঘন ডালের মধ্যে না বাড়ায় ও জলপায়ী যে তাহার
দের বৃক্ষ তাহারা আপনারদের উচ্চতাতে না দাঁড়ায়
এই কারণ তাহার লণ্ডভণ্ডতার উপরে আকাশের
সকল পক্ষিরা থাকিবে ও তাহার ডালের উপরে
১৪ মাঠের সকল পশু হবে। কেননা যাহারা গর্ত্তে
নামে তাহারদের সঙ্গে তাহারা মনুষ্যেরদের সন্তানে
রদের মধ্যে মৃত্যুতে অর্থাৎ পৃথিবীর অধোভাগে
১৫ সমর্পিত হইয়াছে। য়িহোবা পরমেশ্বর এই কথা
কহেন সে যে দিনে কবরে গেল সে দিনে আমি
হাহাকার করাইলাম আমি তাহার নিমিত্তে গভীর জল
ঢাকিলাম ও তাহার বন্যা নিবৃত্ত করিলাম ও তাহার
বড় জল শান্ত ছিল আমি তাহার নিমিত্তে লবাননকে
বিলাপ করাইলাম ও তাহার কারণে মাঠের সকল বৃক্ষ
১৬ ম্লান হইল। যাহারা গর্ত্তে নামে তাহারদের
সহিত যখন আমি তাহাকে নরকে ফেলিলাম তখন
তাহার পতনের শব্দেতে আমি অন্য দেশীয়েরদিগকে
কাঁপাইলাম এবং এদনের সকল বৃক্ষেরা ও লবাননের
উত্তম ও শ্রেষ্ঠ অর্থাৎ জলপায়ী যত সে সকলে পৃথিবীর
১৭ অধোভাগে সান্ত্বিত হইল। এবং অন্য দেশীয়ের
দের মধ্যে তাহার ছায়ার নীচে বাস করিল যে তাহার
স্বরূপ তাহারাও তলোয়ারের হত লোকেরদের স্থানে
তাহার সহিত গর্ত্তে গেল।

১৮ মাহাত্ম্যেতে ও মহত্ত্বেতে এদনের বৃক্ষের মধ্যে তুমি
এমত কাহার তুল্য কিন্তু এদনের বৃক্ষেরদের সহিত তুমি

Digitized by Google

পৃথিবীর অধোভাগে আনান যারা যাহারা তলোয়া রেতে হত তাহারদের সহিত তুমি অত্বক্‌ছেদিরদের মধ্যে শুইবা। যিহুহা পরমেশ্বর কহেন ফারোআ ও তাহার সকল জনতা এই।

পর্ব্ব ৩২ দ্বাদশ বৎসরের দ্বাদশ মাসের প্রথম দিনে
যিহহার এ কথা আমার কাছে আইল। হে মনুষ্যের
২ সন্তান তুমি মিসরের ফরোআ রাজার বিষয়ে
বিলাপ গ্রহণ কর ও তাহাকে এ কথা কহ তুমি অন্য
দেশীয়েরদের এক যুবা সিংহ ও তুমি সমুদ্রের এক
কুম্ভীর তুমি আপন নদীহইতে আসিয়াছ ও আপন
পায়েতে জল মন্থন করিয়াছ ও তাহারদের নদী সমল
৩ করিয়াছ। যিহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি
সেই কারণ অনেক লোকে জাতার সহিত আপন জাল
তোমার ওপরে বিস্তীর্ণ করিব এবং তাহারা আমার
৪ জালে তোমাকে ওঠাইবে। তখন আমি তোমাকে ভূমির
ওপরে ছাড়িব আমি তোমাকে মাঠে ফেলিয়া দিব ও
তোমার ওপরে আকাশের সকল পক্ষিরদিগকে স্থিত
করিব ও তোমাতে সকল পৃথিবীর পশুরদিগকে পূর্ণ
৫ করিব। তোমার মাংস আমি পর্ব্বতেরদের ওপরে
৬ থুইব ও তোমার দীর্ঘতাতে মাঠ পূর্ণ করিব। ও যে
দেশে তুমি ভাসিতেছ সে দেশ আমি তোমার রক্তেতে
পর্ব্বত পর্য্যন্ত সেচিব এবং নদী। তোমাতে পূর্ণ
৭ হইবে। এবং তোমাকে যখন আমি নিবাই তখন
আমি আকাশকে ঢাকিব ও তাহার তারাকে অন্ধকার
ময় করিব আমি সূর্য্য মেঘেতে আচ্ছাদিত করিব

Digitized by Google

৮ ও চন্দ্র তাহার আলো দিবে না। যিহুহা পরমেশ্বর
কহেন যে আমি তোমার উপরে আকাশের সকল
তেজস্কর জ্যোতিস্কে অন্ধকারময় করিব ও তোমার
৯ দেশের উপরে অন্ধকার স্থাপন করিব। তুমি যেং
জ্ঞান নাই সেই দেশে অন্য দেশীয়েরদের মধ্যে যখন
আমি তোমার সর্ব্বনাশ আনি তখন আমি অনেক
১০ লোকেরদের অন্তঃকরণে দুঃখ দিব। বরঞ্চ আমি
তোমার বিষয়ে অনেক লোককে বিস্ময়াপন্ন করিব
ও তোমার কারণ যখন আমি আপন তলোয়ার
তাহারদের সম্মুখে আঁচি তখন রাজারা ঘোর
ভয়েতে ভীত হইবে ও তাহারা তোমার পতনের
দিনে প্রত্যেক জন আপন প্রাণের কারণ পদে২
কাঁপিবে।

১১ কেননা যিহুহা পরমেশ্বর এ কথা কহেন বাবেলের
১২ রাজার তলোয়ার তোমার উপরে আসিবে। পরাক্রান্ত
লোকেরদের তলোয়ারেতে আমি তোমার জনতাকে
পড়াইব অর্থাৎ দেশীয়েরদের মধ্যে ভয়ঙ্কর যাহারা
সে সকল ও তাহারা* মিসরের ঐশ্বর্য্য নষ্ট করিবে ও
১৩ তাহার সকল জনতা বিনষ্ট হইবে। আমি বড়
জলের নিকট হইতে তাহার সকল পশুরদিগকেও নষ্ট
করিব মনুষ্যের পাও তাহারদের আর ব্যামোহ
করিবে না এবং পশুরদের খুরও তাহারদিগকে আর
১৪ দুঃখ দিবে না। যিহুহা পরমেশ্বর কহেন তখন আমি
তাহারদের জল গভীর করিব এবং তাহারদের নদী তৈলের

* অর্থাৎ পূর্ব্বোক্ত পরাক্রান্ত লোকেরা।

Digitized by Google

ন্যায় বহাইব। আমি যখন মিস্রের দেশ নির্
জন করিব এবং দেশ যাহাতে পূর্ণ ছিল তাহাতে হীন
হবে এবং যাহারা তাহার মধ্যে বাস করে তাহার
লোকে যখন আমি মারিব তখন আমি যে যিহুহা
১৬ ইহা তাহারা জানিবে। তাহারা যে বিলাপে তাহার
বিষয়ে বিলাপ করিবে সে এই অন্য দেশীয়েরদের
কন্যারা তাহার বিষয়ে বিলাপ করিবে যিহুহ্ণ পরমে
শ্বর কহেন তাহারা তাহার বিষয়ে বিলাপ করিবে
অর্থাৎ মিস্র ও তাহার সকল জনতার বিষয়ে।
১৭ দ্বাদশ বৎসরে মাসের পনেরো দিনে যিহুহার এ
১৮ বাক্য আমার কাছে আইল। হে মনুষ্যের সন্তান
মিসরের জনতার কারণ বিলাপ কর এবং তাহার
দিগকে অর্থাৎ তাহাকে ও যশস্বী দেশীয় লোকের
দিগকে যাহারা গর্ত্তে নামে তাহারদের সঙ্গিতে পৃথি
১৯ বীর নীচতর স্থানে নিক্ষেপ কর। সৌন্দর্য্যে তুমি
২০ কাহাকে জিনিতেছ? তুমি যাও এবং অত্বকচ্ছেদীর
দের সহিত শোয়ান যাও তাহারা তলোয়ারেতে হতের
দের মধ্যে পড়িবে সে তলোয়ারের কাছে সমর্পিত
আছে তাহাকে ও তাহার সকল জনতাকে বান্ধিয়া
২১ লও। যাহারা তাহার উপকার করে তাহারদের
সহিত পরাক্রান্তেরদের মধ্যে বলবান যে সে তাহাকে
গর্ত্তের মধ্যহইতে কহিবে তাহারা নামিয়াছে তাহারা
২২ অত্বকচ্ছিন্ন ও তলোয়ারেতে হত শোয়। সেখানে
আশোর ও তাহার জনতা অর্থাৎ যাহারদের কবর
গর্ত্তের পার্শ্বে স্থাপিত আছে ও সকলে হত ও তলো

Digitized by Google

২৩ যারবেত পতিত ও জীবত্তেরদের দেশে ভয় জন্মাইল
যাহারা এমন যে তাহার কবরের চতুর্দ্দিগে তাহার
সকল জনতা তাহারা সেখানে তাহার কবর ও তাহার
২৪ চতুর্দ্দিগে সকলে হত তলোয়ারে পতিত। সেখানে
অলাম্ময় এবং সকলে হত তলোয়ারেতে পতিত যাহারা
অচ্ছিন্নত্বক হইয়া পৃথিবীর নীচস্থানে গিয়াছে যাহারা
জীবত্তেরদের দেশে আপনারদের বিষয়ক ভয় জন্মাইল
তথাপি যাহারা গর্ত্তে নামে তাহারদের সহিত আপনা
রদের অপমান ভোগ করিয়াছে এমন যে তাহার
২৫ জনতা তাহারাও তাহার কবরের চতুর্দ্দিগে তাহারা
হতেরদের মধ্যে তাহার সকল জনতার সহিত তাহার
এক শয্যা স্থাপিত করিয়াছে তাহারদের কবরেরা তাহার
চতুর্দ্দিগে আছে তাহারা সকলে অচ্ছিন্নত্বক তলোয়া
রেতে হত তাহারদের ভয় জীবত্তেরদের দেশে ছিল বটে
তথাপি যাহারা গর্ত্তে নামে তাহারদের সহিত তাহারা
আপনারদের অপমান ভোগ করিয়াছে সে হতেরদের
২৬ মধ্যে থোয়া গিয়াছে। সেখানে মেশক ও তোবল ও
তাহার সকল জনতা তাহার কবর তাহার চতুর্দ্দিগে
তাহারা জীবত্তেরদের দেশে আপনারদের বিষয়ক ভয়
জন্মাইল বটে তথাপি সকলে অচ্ছিন্নত্বক তলোয়ারে
২৭ তে হত। এবং অচ্ছিন্নত্বকেরদের মধ্যে যে পরা
ক্রান্ত লোকেরা যুদ্ধাস্ত্র সঙ্গে করিয়া গর্ত্তে নামিয়াছে
ও আপনারদের তলোয়ার আপনারদের মস্তকের নীচে
থুইয়াছে তাহারদের সঙ্গে তাহারা শোয় না কিন্তু
জীবত্তেরদের দেশে পরাক্রান্তেরদের ভয়জনক হইলে

Digitized by Google

[illegible] হইবে। আমি যখন মিস্রের দেশ মরু
ভূমি করিব এবং দেশ যাহাতে পূর্ণ ছিল তাহাতে হীন
হবে এবং যাহারা তাহার মধ্যে বাস করে তাহার
লোকে যখন আমি মারিব তখন আমি যে যিহুহ্বা
১৬ ইহা তাহারা জানিবে। তাহারা যে বিলাপে তাহার
বিষয়ে বিলাপ করিবে সে এই অন্য দেশীয়েরদের
কন্যারা তাহার বিষয়ে বিলাপ করিবে যিহুহ্বা পরমেশ্বর
কহেন তাহারা তাহার বিষয়ে বিলাপ করিবে
অর্থাৎ মিস্র ও তাহার সকল জনতার বিষয়ে।
১৭ দ্বাদশ বৎসরে মাসের পনেরো দিনে যিহুহ্বার এ
১৮ বাক্য আমার কাছে আইল। হে মনুষ্যের সন্তান
মিস্রের জনতার কারণ বিলাপ কর এবং তাহার
দিগকে অর্থাৎ তাহাকে ও যশস্বী দেশীয় লোকের
দিগকে যাহারা গর্তে নামে তাহারদের সঙ্গিত পৃথি
১৯ বীর নীচতর স্থানে নিক্ষেপ কর। সৌন্দর্য্যে তুমি
২০ কাহাকে জিনিতেছ? তুমি যাও এবং অত্বক্‌চ্ছেদীর
দের সহিত শোয়ান যাও তাহারা তলোয়ারেতে হতের
দের মধ্যে পড়িবে সে তলোয়ারের কাছে সমর্পিত
আছে তাহাকে ও তাহার সকল জনতাকে বাজিয়া
২১ লও। যাহারা তাহার উপকার করে তাহারদের
সহিত পরাক্রান্তেরদের মধ্যে বলবান যে সে তাহাকে
গর্তের মধ্যহইতে কহিবে তাহারা নামিয়াছে তাহারা
২২ অত্বক্‌ছিন্ন ও তলোয়ারেতে হত শোয়। সেখানে
আশোর ও তাহার জনতা অর্থাৎ যাহারদের কবর
গর্তের পার্শ্বে স্থাপিত আছে ও সকলে হত ও তলো

Digitized by Google

২৩ য়ারেতে পতিত ও জীবত্তেরদের দেশে ভয় জন্মাইল
যাহারা এমন যে তাহার কবরের চতুর্দ্দিগে তাহার
সকল জনতা তাহারা সেখানে তাহার কবর ও তাহার
২৪ চতুর্দ্দিগে সকলে হত তলোয়ারে পতিত। সেখানে
ঐলম ও তাহার সকলে হত তলোয়ারে পতিত যাহারা
অচ্ছিন্নত্বক হইয়া পৃথিবীর নীচস্থানে গিয়াছে যাহারা
জীবত্তেরদের দেশে আপনারদের বিষয়ক ভয় জন্মাইল
তথাপি যাহারা গর্ত্তে নামে তাহারদের সহিত আপনা
রদের অপমান ভোগ করিয়াছে এমন যে তাহার
২৫ জনতা তাহারাও তাহার কবরের চতুর্দ্দিগে তাহারা
হতেরদের মধ্যে তাহার সকল জনতার সহিত তাহার
এক শয্যা স্থাপিত করিয়াছে তাহারদের কবর তাহার
চতুর্দ্দিগে আছে তাহারা সকলে অচ্ছিন্নত্বক তলোয়া
রেতে হত তাহারদের ভয় জীবত্তেরদের দেশে ছিল বটে
তথাপি যাহারা গর্ত্তে নামে তাহারদের সহিত তাহারা
আপনারদের অপমান ভোগ করিয়াছে সে হতেরদের
২৬ মধ্যে থোয়া গিয়াছে। সেখানে মেশক ও তোবল ও
তাহার সকল জনতা তাহার কবর তাহার চতুর্দ্দিগে
তাহারা জীবত্তেরদের দেশে আপনারদের বিষয়ক ভয়
জন্মাইল বটে তথাপি সকলে অচ্ছিন্নত্বক তলোয়ারে
২৭ তে হত। এবং অচ্ছিন্নত্বকীরদের মধ্যে যে পরা
ক্রান্ত লোকেরা যুদ্ধাস্ত্র সঙ্গে করিয়া গর্ত্তে নামিয়াছে
ও আপনারদের তলোয়ার আপনার মস্তকের নীচে
থুইয়াছে তাহারদের সঙ্গে তাহারা শোয় না কিন্তু
জীবত্তেরদের দেশে পরাক্রান্তেরদের ভয়জনক হইল

Digitized by Google

তথাপি তাহারদের অযাথার্থ্য তাহারদের হাডের
২৮ উপরে থাকিবে। সত্য তুমি অত্বক্‌ছেদীরদের
মধ্যে ভগ্ন যাবা ও তলোয়ারে হতেরদের সহিত
২৯ শুইবা। যাহারা আপনারদের পরাক্রম সুদ্ধ
তলোয়ারেতে হত লোকেরদের কাছে শোয়ান গিয়াছে
এমন যে অদোম ও তাহার রাজারা ও তাহার সকল
অধ্যক্ষেরা তাহারা সেখানে তাহারা অত্বক্‌ছেদীরদের
সহিত ও যাহারা গর্ত্তে নামে তাহারদের সহিত
৩০ শুইবে। সেখানে উত্তর দেশীয় পতিরা অর্থাৎ
তাহারদের সকলে এবং হতেরদের সহিত নামিয়াছে
যে সীদনীয়েরা। তাহারদের বিষয়ক ভয় থাকিতেও
তাহারা আপনারদের পরাক্রমের বিষয়ে লজ্জিত
হইয়াছে এবং তলোয়ারেতে হতেরদের সহিত
তাহারা অত্বক্‌ছেদী হইয়া শোয় ও যাহারা গর্ত্তে
নামে তাহারদের সহিত তাহারা আপনারদের
৩১ অপমান ভোগ করে। যিহহা পরমেশ্বর কহেন
যে ফারোআ তাহারদিগকে দেখিবে ও আপন সকল
জনতার বিষয়ে সান্ত্বিত হইবে অর্থাৎ ফারোআ ও
৩২ তলোয়ারেতে হত তাহার সকল সৈন্য। কেননা
যিহহা পরমেশ্বর কহেন জীবতেরদের দেশে আমি
আপন বিষয়ক ভয় জন্মাইয়াছি এবং তলোয়ারেতে
হতেরদের সহিত সে অত্বক্‌ছেদীরদের মধ্যে শোয়ান
যাবে অর্থাৎ ফারোআ ও তাহার সকল জনতা।

পর্ব্ব
৩৩ পুনশ্চ এ কথা কহত যিহহার বাক্য আমার কাছে
আইল। হে মনুষ্যের সন্তান তুমি আপন লোকের

Digitized by Google

দের সন্তানের দিগকে কহ এবং এ কথা তাহারদিগ
কে কহ আমি যখন কোন দেশের উপরে তলোয়ার
আনি তখন সে দেশীয় লোকেরা যদি আপন সীমাহ
কোন মনুষ্যকে লইয়া আপনারদের চৌকিদার
৩ করে। সে যখন আসিতেছে যে তলোয়ার তাহা সে
জন যখন দেখে তখন যদি তুরী বাজায় ও লোকের
৪ দিগকে সমাচার দেয়। তখন যে কেহ তুরির
শব্দ শুনে ও সমাচার না মানে যদি তলোয়ার আসে
ও তাহাকে লইয়া যায় তাহার খুনাপরাধ তাহার
৫ আপনার মাথার উপরে হইবে। সে জন তুরির শব্দ
শুনিয়াও সমাচার মানিল না তাহার খুনাপরাধ
তাহার উপরে থাকিবে কিন্তু যে জন সমাচার মানে
৬ সে আপনার প্রাণ রক্ষা করিয়াছে। কিন্তু আসি
তেছে যে তলোয়ার তাহা যদি চৌকিদার দেখে ও তুরী
যদি না বাজায় ও লোকেরা সমাচারপ্রাপ্ত যদি না
হয় তবে তলোয়ার যদি আইসে ও কাহাকে তাহার
দের মধ্যহইতে লইয়া যায় তবে সে আপন অপরাধে
লইয়া যাওয়া গিয়াছে বটে কিন্তু তাহার রক্তের নিশা
৭ আমি চৌকিদারের হাতে লইব। হে মনুষ্যের
সন্তান আমি তদ্রূপে তোমাকে যিস্রায়েলের বংশের
কারণ চৌকিদার করিয়াছি অতএব তুমি আমার
মুখের কথা শুনিবা ও আমার কথাতে তাহারদিগকে
৮ সমাচার দিবা। আমি যখন দুরাচারকে কহি হে
দুরাচার মানুষ তুমি অবশ্য মরিবা তবে সে দুরাচার



Digitized by Google

মনুষ্যকে তাহার পথহইতে ফিরাইবার জন্যে যদি
তুমি না কহ তবে সে দুরাচার আপন পাপে মরিবে
বটে কিন্তু তোমার হাতহইতে আমি তাহার রক্তের
৯ লিশা লইব। কিন্তু দুরাচার আপন পথ ছাড়য়
এই কারণ যদি তুমি তাহ কু-পথের বিষয়ে তাহাকে
প্রবোধ কর তবে সে যদি আপন পথহইতে না ফিরে
সে আপন অযাথার্থ্যে মরিবে বটে কিন্তু তুমি আপন
প্রাণ উদ্ধার করিয়াছ।—
১০ অতএব হে মনুষ্যের সন্তান যিশ্রায়েলের বংশকে
এ কথা কহ আমারদের আজ্ঞালঙ্ঘন ও আমারদের
পাপ যদি আমারদের ওপরে থাকে ও আমরা যদি
তাহাতে ক্ষয়প্রাপ্ত হই তবে আমরা কেমনে বাঁচিব এই
১১ কথা তোমরা কহ। তাহারদিগকে এ কথা কহ যিহোবা
পরমেশ্বর এ কথা কহেন আমি যদি জীবৎ থাকি
তবে দুরাচারের মরণে আমার কিছু তুষ্টি নাই কিন্তু
দুরাচার আপন পথ ছাড়িয়া যে বাঁচে ইহাতে তুষ্টি হে
যিশ্রায়েলের বংশ তোমরা ফির আপনারদের কুপথ
১২ হইতে ফির কেন না কি কারণ মরিবা? অতএব হে
মনুষ্যের সন্তান তুমি আপন লোকেরদের সন্তানের
দিগকে এ কথা কহ যাথার্থিক লোকের যাথার্থ্য আজ্ঞা
লঙ্ঘনের দিনে তাহাকে রক্ষা করিবে না ও দুষ্টের দুষ্ট
তার বিষয়ে এই সে যে দিনে তাহাহইতে পরাঙ্মুখ হয়
সে দিনে সে তাহাতে পড়িবে না যাথার্থিকও যে দিনে
পাপ করে সে দিনে আপন যাথার্থ্যেতে বাঁচিতে
১৩ পারিবে না। আমি যখন যাথার্থিককে কহি যে

Digitized by Google

সে অবশ্য বাঁচিবে সে যদি আপন যাথার্থ্যে বিশ্বাস
করে ও অযাথার্থ্য করে, তবে তাহার সকল যাথার্থ্য
স্মৃত হইবে না কিন্তু সে আপন কৃত অযাথার্থ্যেতে
১৪ মরিবে। আরও তুমি অবশ্য মরিবা এই কথা
যখন আমি দুরাচারকে কহি তবে সে যদি আপন
পাপ হইতে ফিরে ও ন্যায় ও প্রকৃত ক্রিয়া করে।
১৫ যদি দুরাচার বন্ধক ফিরিয়া দেয় ও যাহা চুরি করিয়া
লইয়াছে তাহা ফিরিয়া দেয় ও অযাথার্থ্য করণ বিনা
জীবনযুক্ত আজ্ঞা পালন করে তবে সে অবশ্য বাঁচিবে
১৬ সে মরিবে না। সে যে পাপ করিয়াছে তাহার মধ্যে
কোন পাপ তাহার কাছে কহা যাবে না সে ন্যায় ও
প্রকৃত ক্রিয়া করিয়াছে সে অবশ্য বাঁচিবে।
১৭ কিন্তু তোমার লোকের সন্তানেরা কহে যে য়িহোবার
পথ সরল নয় কিন্তু তাহারদের বিষয়ে এই তাহার
১৮ দের পথ সরল নয়। যখন যাথার্থিক আপন যাথার্থ্য
হইতে ফিরিয়া অযাথার্থ্য করে তখন সে তাহাতে
১৯ মরিবে। কিন্তু যদি দুষ্ট আপন দুষ্টতা হইতে
ফিরে ও যাহা ন্যায় ও প্রকৃত তাহা করে তবে সে
২০ তাহাতে বাঁচিবে। তথাপি তোমরা কহ যে য়িহোবার
পথ সরল নয় হে য়িশরায়েলের বংশ তোমারদের
আপনারদের পথানুসারে আমি তোমারদের বিচার
করিব।

২১ আমারদের অন্য দেশে দাসত্বের দ্বাদশ বৎসরের
দশম মাসের পঞ্চম দিনে য়িরোশলম ছাড়িয়া বাঁচি
য়াছে যে এক জন সে নগর মারা গিয়াছে এ কথা

Digitized by Google

২২ সময়ে সন্ধ্যাকালেতে আইলে যে লোক বাঁচিয়া আসিয়া
ছিল তাহার আসিবার পূর্ব্বে সন্ধ্যা কালে [illegible]
হাত আমার উপর ছিল এবং পর্য্যন্ত প্রাতঃকালে
আমার নিকট আইল সে পর্য্যন্ত আমার মুখ খোলা
ছিল তাহাতে আমার মুখ খুলিয়াছিল এবং আমি আর
২৩ গোঙ্গা ছিলাম না। অনন্তর পরমেশ্বরের এই কথা আমার
২৪ কাছে আইল। হে মনুষ্যের সন্তান যাহারা ইস্রায়েল
দেশের ঐ উৎসন্নে বাস করে তাহারা এ কথা কহে
আব্রাহাম এক জনের ও তিনি দেশাধিকারী হইলেন
২৫ কিন্তু আমরা অনেক। এবং অধিকারের নিমিত্তে
দেশ আমারদিগকে দত্ত হইয়াছে। অতএব তাহার
দিগকে কহ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন তোমরা
রক্ত সুদ্ধ মাংস খাও ও দেবের মূর্ত্তির পানে চক্ষু উঠাও
২৬ এবং রক্ত পাত কর। এবং তোমরা কি দেশের অধি
কার করিবা। তোমরা আপনার খড়্গের উপরে
দাঁড়াও* তোমরা ঘৃণ্য ক্রিয়া কর। ও তোমরা প্রত্যেক
২৭ জন আপনার প্রতিবাসির স্ত্রীকে অশুচি কর। এবং
তোমরা কি দেশ অধিকার করিবা। তাহার দিগকে
এ কথা কহ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন আমি
যদি জীবৎ হই তবে অবশ্য যাহারা অরণ্যে থাকে
তাহারা খড়্গেতে পড়িবে ও যে জন মাঠে আছে
তাহাকে আমি খাওয়া খাবার জন্যে পশুরদিগকে দিব
এবং যাহারা গড়ে ও গুহায় থাকে তাহারা মড়কেতে
২৮ মরিবে। কেননা আমি সে দেশ নিতান্ত প্রাণহীন

---

* অর্থাৎ লোককে মারিতে উদ্যত আছে।

Digitized by Google

করিবে ও তাহার বলের অহঙ্কার যাইবে এবং কেহ
যাহাতে তাহা দিয়া আর না যায় এমত ওস্রায়েল যিশ
২৯ রানের পর্ব্বত হইবে। তখন আমি তাহারদের
সকল কুকর্ম্মের জন্যে দেশ নিতান্ত উৎসন্ন
করিলে আমি যে যিহুহা ইহা তাহারা জানিবে।
৩০ হে মনুষ্যের সন্তান তোমার লোকের সন্তানেরা
দেয়ালের নিকটে ও ঘরের দ্বারে তোমার বিপক্ষে
নিত্য কথা কহিতেছে ও তাহারা প্রত্যেক জন পরস্পর
কহে অর্থাৎ প্রত্যেক জন আপন২ ভাইরদিগকে কহে
যে আমি বিনতি করি তোমরা আইস এই যে কথা
যিহুহার নিকটহইতে নির্গত হইয়াছে সে কি ৷
৩১ ও লোকেরা যেমন আইসে তেমনে তাহারা তোমার
নিকটে আইসে ও আমার লোকেরদের মত তোমার
সম্মুখে বসে ও তোমার কথা শুনে কিন্তু তাহা পালন
করে না কেননা তাহারা মুখে অনেক প্রেম প্রকাশ করে
কিন্তু তাহারদের মন তাহারদের লোভের অনুগামী
৩২ হয়। এবং দেখ যে জনের উত্তম স্বর এবং উত্তম তান
রূপে বাজাইতে পারে তাহারাই উত্তম গানের মত তুমি
তাহারদের প্রতি আছ কেননা তাহারা তোমার কথা
৩৩ শুনে কিন্তু তাহা পালন করে না এবং এই হইলে
কেননা অবশ্য আসিবে তাহারা জানিবে যে এক জন
ভবিষ্যদ্বক্তা তাহারদের মধ্যে হইয়াছিল।

৩৪ পর্ব্ব

পরে যিহুহার এ বাক্য আমার কাছে আইল। হে
মনুষ্যের সন্তান তুমি যিশরায়েলের রক্ষকেরদের
বিরুদ্ধে ভবিষ্যদ্বাক্য ঘোষণা কর ঘোষণা কর ও তাহা

Digitized by Google

রদিগকে কহ যিহুহা পরমেশ্বর রক্ষকেরদিগকে
২ এ কথা কহেন আপনারদিগকে ভোজন করায় যে
যিশরালের রক্ষকেরা তাহারদের সন্তাপ হউক
রক্ষকেরদের কি পাল ভোজন করান উপযুক্ত
৩ নয়। তোমরা চরবি খাও ও আপনারদিগকে
লোমেতে বস্ত্রান্বিত কর ও পুষ্টেরদিগকে মার
৪ কিন্তু পালকে চরাও না। রোগী তোমরা বলবান
কর নাই ও পীড়িতকে সুস্থ কর নাই ও ভগ্নকে
বাঁধ নাই ও তাড়িতকে পুনর্ব্বার আন নাই ও হারানকে
চেষ্টা কর নাই কিন্তু বলেতে ও নির্দ্দয়তাতে তাহার
৫ দিগকে শাসন করিয়াছ। ও তাহারা ছিন্নভিন্ন
হইল কেননা রক্ষক কেহ নাই এবং তাহারা ছিন্নভিন্ন
৬ হইয়া মাঠের সকল পশুরদের ভক্ষ্য হইল। আমার
ভেড়ারা সকল পর্ব্বত দিয়া ও সকল প্রত্যুচ্চপর্ব্বত
দিয়া ভ্রমণ করিল আমার পাল পৃথিবীর সকল
মুখের উপরে ছড়ান গিয়াছে ও কেহ তাহারদিগকে
চেষ্টা কিম্বা তত্ত্ব করিল না।
৭ অতএব হে রক্ষকেরা তোমরা যিহুহার বাক্য
৮ শুন। যিহুহা পরমেশ্বর এ কথা কহেন আমি যদি
জীবৎ আছি তবে আমার পাল যে শিকার হইল ও
কোন রক্ষক ছিল না এই কারণ আমার পাল মাঠের
প্রতি পশুর ভক্ষ্য ছিল এবং রক্ষকেরা আমার পাল
চেষ্টা করে নাই কিন্তু রক্ষকেরা আপনারদিগকে
৯ ভোজন করাইল ও পালকে ভোজন করাইল না এইহ
জন্যে হে রক্ষকেরা তোমরা যিহুহার বাক্য শুন।

Digitized by Google

১০ যিহ্বহা পরমেশ্বর এ কথা কহেন দেখ আমি
রক্ষকেরদের বিপক্ষে আছি ও তাহারদের হাতহইতে
আপন পালকে চাহিব ও তাহারদিগকে পাল চরান
ত্যাগ করাইব রক্ষকেরা আপনারদিগকে আর
ভোজন করাইবে না কেননা তাহারা তাহারদের ভক্ষ্য
না হয় একারণ আমি তাহারদের মুখহইতে আপন
পালকে উদ্ধার করিব।
১১ কেননা যিহ্বহা পরমেশ্বর এ কথা কহেন দেখ
আমি আমিই আপন মেষেরদের তত্ত্ব করিব ও তাহার
১২ দের উদ্দেশ পাইব। রক্ষক যে দিন আপন ছিন্ন
ভিন্ন মেষেরদের মধ্যে হইয়া আপন মেষেরদের তত্ত্ব
যেমন করে সে মত আমি আপন মেষেরদের অন্বে
ষণ করিব এবং অন্ধকারময় ও মেঘাচ্ছন্ন দিনে তাহারা
যেখানে ছিন্নভিন্ন হইল সে সকল স্থানহইতে তাহার
১৩ দিগকে উদ্ধার করিব। এবং আমি লোকেরদের
মধ্যহইতে তাহারদিগকে আনিব এবং দেশেরদের
মধ্যহইতে তাহারদিগকে একত্র করিব ও তাহারদিগকে
আপন দেশে আনিব এবং নদীর নিকটে ও দেশের
সকল সবাস স্থানে আমি যিশরালের পর্ব্বতেরদের
১৪ উপরে তাহারদিগকে চরাইব। এবং আমি তাহার
দিগকে উত্তম চরানে চরাইব ও যিশরালের উচ্চ
পর্ব্বতের উপরে তাহারদের খোঁয়াড় হইবে তাহারা
সেখানে উত্তম খোঁয়াড়ে শুইবে এবং উত্তম চরানে
১৫ যিশরালের পর্ব্বতেরদের উপরে চরিবে। যিহ্বহা
পরমেশ্বর কহেন যে আমি আপন পালকে চরাইব

Digitized by Google

১৬ এবং শয়ন করাইব। আমি হারাণকে অন্বেষণ
করিব ও খেদানেরদিগকে পুনর্ব্বার আনিব ও ভগ্নকে
বাঁধিব ও পীড়িতকে বলবান করিব কিন্তু পুষ্টেরদিগকে
ও বলবানেরদিগকে আমি নষ্ট করিব আমি তাহার
১৭ দিগকে বিচার পূর্ব্বক চরাইব। এবং হে আমার
পাল তোমারদের বিষয়ে যিহুহা পরমেশ্বর এ কথা
কহেন দেখ আমি পশুরদের ও পশুরদের মধ্যে
বিচার করি অর্থাৎ মেষেরদের ও পাঁটা ছাগলের
১৮ দের মধ্যে। ভাল চরাণ যে তোমরা খাইয়া ফেলি
য়াছ সে কি তোমারদের গোচরে ক্ষুদ্র বিষয় কিন্তু
তোমরা আপনারদের চরাণের অবশিষ্টও তোমার
দের পায়েতে দলিয়া ফেলিয়াছ এবং গভীর জল যে
তোমরা পান করিয়াছ সেও কি ক্ষুদ্র বিষয় কিন্তু
তোমরা পায়েতে অবশিষ্টও ঘোলা করিয়াছ।
১৯ আমার পালের বিষয়ে এই তোমরা পায়েতে যাহা
দলিয়া ফেলিয়াছ তাহা তাহারা খায় ও তোমরা আপ
নারদের পায়েতে যাহা ঘোলা করিয়াছ তাহা তাহারা
পান করে।

২০ অতএব যিহুহা পরমেশ্বর তাহারদিগকে এ কথা
কহেন দেখ আমি আমিই পুষ্ট ও কৃশ পশুরদের
২১ মধ্যে বিচার করিব তোমরা কাঁকালিতে ও স্কন্ধেতে
ঠেলিয়াছ ও যে পর্য্যন্ত তোমরা তাহারদিগকে ছিন্ন
ভিন্ন না কর সে পর্য্যন্ত আপনারদের শৃঙ্গেতে রোগির
২২ দিগকেও ঠেলিয়াছ। অতএব আমি আপন পালকে
রক্ষা করিব ও তাহারা শিকার আর হইবে না এবং

Digitized by Google

আমি পশুরদের ও পশুদের মধ্যে বিচার করিব।
২৩ এবং তাহারদের উপরে আমি এক রক্ষক নিযুক্ত
করিব অর্থাৎ আমার দাউদ দাস ও সে তাহার
দিগকে চরাইবে সে তাহারদিগকে চরাইবে ও সে
২৪ তাহারদের রক্ষক হইবে। এবং যিহহা যে আমি
তাহারদের ঈশ্বর হইব ও আমার দাস দাউদ তাহার
দের মধ্যে অধ্যক্ষ হইবে যিহহা যে আমি তাহা
২৫ কহিয়াছি। এবং আমি তাহারদের সহিত মেলের
এক বন্দোবস্ত করিব ও হিংসক পশুরদিগকে সে
দেশহইতে দূর করিব তাহাতে তাহারা বনে নিরাপদে বাস
করিবে ও অরণ্যে শয়ন করিবে। এবং তাহার
২৬ দিগকেও আমার পর্ব্বতের চতুর্দ্দিগে যেং স্থল সে
সকল স্থানেও আশীর্ব্বাদ করিব এবং বৃষ্টি আপন
কালেতে বর্ষাইব সে যাহাতে আশীর্ব্বাদরূপ বৃষ্টি হইবে।
২৭ এবং মাঠের বৃক্ষ আপন ফল ফলিবে ও পৃথিবী আপন
উৎপন্ন দিবে ও তাহারা দেশে নিরাপদে থাকিবে ও
যখন আমি তাহারদের যোঁয়ালের দড়ি ছিঁড়িব ও
তাহারদের হাতেতে যাহারদিগকে সেবা করিয়াছে
যে লোকেরা তাহারদের হাতহইতে যখন তাহারদিগ
কে উদ্ধার করিব তখন আমি যে যিহহা ইহা তাহারা
২৮ জানিবে। ও তাহারা অন্য দেশীয়েরদের প্রতি
শিকারস্বরূপ আর হইবে না মাঠের পশুরাও তাহার
দিগকে আর খাইয়া ফেলিবে না কিন্তু তাহারা নিরাপ
দে বাস করিবে এবং কেহ তাহারদিগে ভীত করিবে



Digitized by Google

২৯ না। তাহারদের জন্যে আমি যশস্বী এক গাছ
উৎপন্ন করিব এবং দেশে তাহারা ক্ষুধাতে আর ক্ষয়
প্রাপ্ত হইবে না ও অন্য দেশীয়েরদের অপমান আর
৩০ ভোগ করিবে না। যিহোহা পরমেশ্বর এ কথা কহেন
যিহোহা তাহারদের ঈশ্বর যে আমি তাহারদের
সহবর্ত্তী থাকি এবং তাহারা অর্থাৎ যিস্রায়েলের
৩১ বংশ যে আমার লোক ইহা তাহারা জানিবে। এবং
যিহোহা পরমেশ্বর এ কথা কহেন আমার পাল যে
তোমরা অর্থাৎ আমার চরাণের স্থানস্থ পাল তোমরা
মনুষ্য ও আমি তোমারদের ঈশ্বর।

পর্ব্ব ৩৫
যিহোহার এ কথা ও আমার কাছে আইল। ২ হে
মনুষ্যের সন্তান সেয়ীর পর্ব্বতের বিপরীতে তোমার
মুখ রাখ এবং তাহার বিপরীতে ভবিষ্যদ্বাক্য কহ।
৩ এবং তাহাকে এ কথা কহ যিহোহা পরমেশ্বর এ কথা
কহেন হে সেয়ীর পর্ব্বত দেখ আমি তোমার বিপক্ষ
হইয়াছি এবং আপন হাত তোমার বিরুদ্ধে বিস্তীর্ণ
করিব ও তোমাকে নিতান্ত নির্জনা ও অরণ্য করিব।
৪ আমি তোমার নগরেরদিগকে উৎসন্ন করিব ও
তোমাকে অরণ্য করিব এবং আমি যে যিহোহা ইহা তুমি
৫ জানিবা। তুমি নিত্য ঘৃণা রাখিয়াছ ও তাহারদের
আপৎকালে যিস্রায়েলের সন্তানেরদের রক্ত তলোয়ারের
বলেতে পাত করিয়াছ অর্থাৎ যে দিনে অপরাধের
৬ শেষ হইল সে দিনে। অতএব যিহোহা পরমেশ্বর এ
কথা কহেন আমি যদি জীবৎ হই তবে রক্তপাতের
নিমিত্তে আমি তোমাকে সমর্পণ করিব এবং রক্ত

Digitized by Google

তোমাকে তাড়িয়া দিবে তুমি রক্তপাত ঘৃণা না করিয়াছ
7 অতএব রক্ত তোমাকে তাড়িবে। এ প্রকার আমি
শেয়ীর পর্ব্বতকে শূন্য ও অরণ্য করিব ও যে বাহিরে
যায় ও যে ফিরিয়া আইসে ইহারদিগকে তাহার মধ্য
8 হইতে উচ্ছিন্ন করিব। এবং তাহার পর্ব্বতেরদিগকে
আমি তাহার হত লোকেরদিগেতে পূর্ণ করিব যাহারা
তলোয়ারেতে তাহারা হত তোমারদের পর্ব্বতে ও তোমার
9 ঘাটে ও তোমার সকল নদীতে পড়িবে। আমি
তোমাকে নিত্য ওএরান করিব ও তোমার নগরেরা
ফিরিয়া আসিবে না এবং আমি যে যিহহা ইহা
১৫ কিন্তু যখন য়িশ্রায়েলের সন্তানেরা আমার নিকট
হইতে অপক্রমণ করিল তৎকালে আমার পবিত্র
স্থানের কর্ম্ম করিল যে সাদোকের সন্তান লেবীয়
যাজকেরা যিহোবা পরমেশ্বর কহেন যে তাহারা আমার
সেবা করিবার নিমিত্তে আমার নিকটে আসিবে
এবং চরবি ও রক্ত আমার উদ্দেশে উৎসর্গ করিতে
১৬ তাহারা আমার সম্মুখে দাঁড়াইবে। তাহারা
আমার পবিত্র স্থানে প্রবেশ করিবে এবং আমার
সেবা করিবার কারণ আমার মেজের নিকটে আসি
বে ও তাহারা আমার কর্ম্ম করিবে।
১৭ এবং তাহারা দ্বার দিয়া যখন ভিতরে আঙ্গিনায়
প্রবেশ করে তখন এ মত হইবে যে তাহারা মিশির
বস্ত্রেতে বস্ত্রান্বিত হইবে এবং তাহারা যে সময় ভিত
রের আঙ্গিনায় ও ভিতরে সেবা করে সে কালে পশম
১৮ তাহারদের গাত্রে আসিবে না। তাহারা মাথায়
মিশির কাপড়ের টোপি ও কোমরে মিশির কাপড়ের
ইজার পরিবে তাহারা ঘর্ম্ম জনক কোন বস্ত্রেতে আপ
১৯ নারদিগকে পরিহিত করিবে না। এবং যখন তাহারা
বাহিরে উঠানে যায় অর্থাৎ লোকেরদের কাছে যখন

Digitized by Google

তাহারা বাহিরে প্রাঙ্গণে যায় তখন যে বস্ত্রেতে তাহারা সেবা করিল সে বস্ত্রগুলিকে ও পবিত্র কুঠরিতে রাখিবে
ও অন্য বস্ত্র পরিবে এবং আপনাদের বস্ত্রেতে পবি
২০ ত্রতাহেতুক লোকেরদিগকে পবিত্র করিবে না। তাহারা
মস্তক মুড়াইবে না ও কেশ দীর্ঘ হইতেও দিবে না
২১ তাহারা মাথার কেশ কাটিবে। তাহারা যখন ভিতরে
২২ প্রাঙ্গণে যায় তখন কোন যাজক দ্রাক্ষারস পান
করিবে না। তাহারা বিধবাকে কিম্বা ত্যাগীতে স্ত্রীকে
বিবাহ করিবে না কিন্তু ইস্রায়েল বংশীয়া কন্যাকে
কিম্বা পূর্ব্বের যাজকের ভার্য্যা ছিল এমন বিধবাকে
২৩ বিবাহ করিবে। এবং তাহারা পবিত্র ও সাধারণ
বস্তুর ভেদ আমার লোকেরদিগকে শিক্ষা করাইবে
এবং অশুচি ও শুচির ভেদ তাহারদিগকে জানাইবে।
২৪ বাদানুবাদে তাহারা বিচারসাধক হইবে এবং আমার
বিচারানুসারে তাহারা বিচার করিবে এবং আমার
সকল যজ্ঞগুলিতে তাহারা আমার বিধি ও ব্যবস্থা পালন
করিবে ও আমার বিশ্রামবারকে পবিত্র করিয়া রাখিবে
২৫ এবং আপনারদিগকে অশুচি করিতে তাহারা কোন
শবের নিকটে আসিবে না কিন্তু পিতা কিম্বা মাতা
কিম্বা পুত্র কিম্বা কন্যা কিম্বা ভাই কিম্বা অবিবাহিতা
ভগিনীর নিমিত্তে তাহারা আপনাদিগকে অশুচি করি
২৬ তে পারে। তাহার শুচিত্ব পাইবার পরে সে আপনার
২৭ জন্যে সাত দিন গণনা করিবে এবং যিহুহা পরমে
শ্বর কহেন যে দিন সে পবিত্র স্থানে সেবা করিবার
জন্যে পবিত্র স্থানে ভিতরের প্রাঙ্গণের কাছে যায় সে

Digitized by Google

২৮ দিন সে আপন পাপার্থ নৈবিদ্য দিবে। এবং সে
তাহারদের প্রতি অধিকারের নিমিত্তে হইবে আমি
তাহারদের অধিকার এবং যিশরালের মধ্যে তোমরা
তাহারদের কিছু বৃত্ত দিবা না আমি তাহারদের বৃত্তি।
২৯ তাহারা চরু ও পাপার্থ নৈবিদ্য ও আজ্ঞা লঙ্ঘনার্থ নৈবি
দ্য ভোজন করিবে এবং যিশরালের মধ্যে ঈশ্বরের
৩০ জন্যে যে প্রতি দত্ত দ্রব্য সে তাহারদের হইবে। এবং
সকলের প্রথম ফলের শ্রেষ্ঠ এবং তোমারদের সকল
উৎসর্জনীয় দ্রব্যের মধ্যে সকলের প্রতি উৎসৃষ্ট দ্রব্য
যাজকেরদের হইবে। এবং যাজক তোমার দ্বারে
আশীর্ব্বাদ স্থাপন করে এ কারণ তোমারদের ছানা
৩১ ময়দার প্রথম তোমরা যাজককে দিবা। পক্ষী হউক
কিম্বা পশু হউক যে কোন দ্রব্য স্বয়ং মৃত কিম্বা
পশুতে ছিঁড়া এমন কোন দ্রব্য যাজকেরা খাইবে না।
পর্ব্ব এবং তোমরা যখন অধিকারের নিমিত্তে গুলিবাট
৪৫ করিয়া দেশ ভাগ করিবা তখন যিহুহার উদ্দিশে এক
নৈবিদ্য উৎসর্গ কর অর্থাৎ দেশের পবিত্র এক ভাগ
তাহার দীর্ঘতা পঁচিশ সহস্র নলের পরিমাণ ও তাহার
প্রস্থতা দশ সহস্র এই ভাগ তাহার সকল সীমায়
২ চতুর্দ্দিগে পবিত্র হইবে। তাহার মধ্যে পবিত্র স্থানের
জন্যে পাঁচশত দীর্ঘ ও পাঁচশত প্রস্থ হইবে চারিদিগে
সমান এবং তাহার প্রান্তের নিমিত্তে পঞ্চাশ হাত চতু
৩ র্দ্দিগে। সে পরিমাণের মধ্যে তুমি পচিশ সহস্র
দীর্ঘ ও দশ সহস্র প্রস্থ মাপিবা এবং তাহার মধ্যে



Digitized by Google

৪ পবিত্র স্থান ও মহাপবিত্র স্থান হইবে। দেশের পবিত্র
অংশ যাজকেরদের নিমিত্ত অর্থাৎ যিহোবার সেবা
করিতে নিকটে আসিবে যে পবিত্র স্থানের সেবকেরা
তাহারদের নিমিত্তে হইবে সে তাহারদের বাটী নিমি
ত্তক ও পবিত্র স্থানের নিমিত্তক শুচি স্থান হইবে।
৫ এবং পঁচিশ সহস্র দীর্ঘ ও দশ সহস্র প্রস্থ যে স্থান
তাহা ঘরের সেবক লেবীয়েরা কুড়ি কুঠরি অধিকা
রের জন্যে আপনারদের কারণ পাইবে।—
৬ এবং পাঁচ সহস্র প্রস্থ ও পঁচিশ সহস্র দীর্ঘ পবিত্র
অংশের সম্মুখে তোমরা নগরের অংশ নিরূপণ
করিবা সে যিশরালের সকল বংশের নিমিত্তে হইবে।
৭ এবং পবিত্র অংশরূপ নৈবিদ্যের ও নগরের অংশের
এদিগে এবং ওদিগে পবিত্র অংশের সম্মুখে এবং
পশ্চিম পার্শ্বে পশ্চিম দিগে ও পূর্ব্ব পার্শ্বে পূর্ব্বদিগে
নগরের অংশের সম্মুখে অধ্যক্ষের নিমিত্তক অংশ
হইবে তাহার দীর্ঘত্ব পশ্চিম সীমাহইতে পূর্ব্ব সীমা
৮ পর্য্যন্ত তাহার এক অংশের সম্মুখে হইবে। যিশরা
লের মধ্যে তাহার অধিকার সে দেশে হইবে এবং
আমার অধ্যক্ষেরা আমার লোকেরদের উপদ্রব আর
করিবে না এবং তাহারা তাহারদের গোষ্ঠ্যনুসারে
যিশরালবংশকে দেশ দিবে।—
৯ যিহোবা পরমেশ্বর এ কথা কহেন হে যিশরালের
অধ্যক্ষেরা তোমারদের এ যথেষ্ট হউক যিহোবা
পরমেশ্বর কহেন তোমরা দৌরাত্ম্য ও উৎপাট দূর
কর এবং যাথার্থ্য ও বিচার কর ও আমার লোকেরু

Digitized by Google

দের নিকটহইতে তোমারদের অন্যায় দূর কর।
১০ তোমরা প্রকৃত তরাজু ও প্রকৃত আইফা ও প্রকৃত বাত
১১ কর। বাত খোমরের দশমাংশ হবার জন্যে
ও আইফা খোমরের দশমাংশ হবার জন্যে
আইফা ও বাতের এক পরিমাণ হবে তাহার পরিমাণ
১২ খোমরের পরিমাণানুসারে হইবে। শিকল বিংশতি
গেরা হবে বিংশতি শিকল পঁচিশ শিকল ও পনেরো
১৩ শিকল তোমারদের মানা হইবে। তোমরা যে
নৈবিদ্য করিবা সে এই এক আইফা গোমের ষষ্ঠাংশ
এবং এক খোমর যবের আইফার ষষ্ঠাংশও তোমরা
১৪ দিবা। তৈলের ব্যবস্থা এই তৈলের বাত আছে
এবং এক খোরের মধ্যে তোমরা বাতের দশমাংশ
দিবা অর্থাৎ দশ বাতের খোমর কেননা দশ বাত
১৫ এক খোমর। এবং য়িহোবা পরমেশ্বর কহেন
চরু ও হোম ও স্বস্ত্যয়নের নিমিত্তে য়িশ্রায়েলের
সকল চরান স্থানের মধ্যহইতে দুই শতের মধ্যে
পালের এক মেষের বাচ্চা তাহারদের নিমিত্তে মিলন
১৬ করিবার কারণ তোমরা দিবা। য়িশ্রায়েলের মধ্যে
যে রাজা তাহার কারণ দেশের সমস্ত লোকেরা এ
১৭ নৈবিদ্য দিবে। এবং উৎসব ও অমাবস্যা ও শাবত
ও য়িশ্রায়েলের বংশের সকল পর্ব্বের কালে হব্য ও
চরু ও পানীয় নিবেদনার্থ দ্রব্য অধ্যক্ষের দাতব্য
হইবে য়িশ্রায়েলের বংশের নিমিত্তে মিলন করিতে
সে পাপার্থ নৈবিদ্য ও চরু ও হোম ও স্বস্ত্যয়ন প্রস্তুত
১৮ করিবে। য়িহোবা পরমেশ্বর এ কথা কহেন প্রথম

Digitized by Google

মাসে মাসের প্রথম দিনে তুমি নিষ্কলঙ্ক এক যুবা বলদ
১৯ লইয়া ও পবিত্র স্থান শুচি করিবা। এবং যাজক
পাপার্থ নৈবেদ্যের কিছু রক্ত লইবে ও ঘরের
চৌকাটের উপরে ও যজ্ঞবেদীর কীরের চারি কোনার
উপরে ও ভিতরের আঁগিনার দ্বারের স্তম্ভের উপরে
২০ দিবে। এবং যে প্রত্যেক জন ভুল করে তাহার কারণ
ও যে প্রত্যেক জন অজ্ঞান আছে তাহার ও কারণ
মাসের সপ্তম দিনে তুমি এ প্রকার করিবা এমতে
২১ তোমরা ঘরকে মিলাইবা। প্রথম মাসে মাসের
চতুর্দ্দশ দিনে তোমরা সাত দিনের পর্ব্বকপ পেশাখ্
২২ করিবা খোমিরকটি খাওয়া যাইবে। সে দিনে
অধ্যক্ষ আপনার কারণ ও দেশের সকল লোকেরদের
কারণ পাপার্থ নৈবিদ্য নিমিত্তক এক বলদ প্রস্তুত
২৩ করিবেন। সে পর্ব্বের সাত দিন তিনি দিনে২ সাত
দিন পর্য্যন্ত য়িহুহার উদ্দেশে হোম করিবার কারণ
নিষ্কলঙ্ক সাত বলদ ও সাত মেষ ও দিনে২ পাপার্থ
নৈবিদ্যের কারণ ছাগলের এক বাচ্চা প্রস্তুত করিবেন।
২৪ এবং এক২ বলদের নিমিত্তে এক আইফা ও এক২
মেষের নিমিত্ত এক আইফা চরু প্রস্তুত করিবেন এবং
২৫ এক আইফার নিমিত্ত এক হিন তৈল। সপ্তম মাসে
মাসের পঞ্চদশ দিনে সাত দিনের পর্ব্বের নিমিত্তে
পাপার্থ নৈবিদ্যানুসারে ও হোমানুসারে ও চরুর অনু
সারে ও তৈলের অনুসারে তিনি এ মত করিবেন।—

পর্ব্ব ৪৬ য়িহুহা পরমেশ্বর এ কথা কহেন ভিতরের আঁগিনার
পূর্ব্বমুখের দ্বার কর্ম্মোপযুক্ত ছয় দিন রুদ্ধ থাকিবে

Digitized by Google

১ কিন্তু শাবতে খোলা যাইবে এবং অমাবস্যাদিনে ও
২ খোলা যাইবে। এবং সে দ্বারের বাহির বারান্দার
পথ দিয়া অধ্যক্ষ প্রবেশ করিবেন ও দ্বারের স্তম্ভের
নিকটে দাঁড়াইবেন ও যাজকেরা তাঁহার হোম ও তাঁহার
মঙ্গলার্থক বলি প্রস্তুত করিবে এবং সে দ্বারের গোবরাটের
নিকটে ভজনা করিবেন তারপর তিনি বাহিরে যাইবেন
কিন্তু সায়ংকাল পর্যন্ত দ্বার দেওয়া যাইবে না।
৩ সে মত শাবতে ও অমাবস্যাতে দেশের লোকেরাও এ
দ্বারের কপাটের নিকটে যিহোবার সম্মুখে ভজনা
৪ করিবে। শাবতদিনে অধ্যক্ষ যে হোম যিহোবার
উদ্দেশে করিবেন সে নিখুঁত ছয় মেষের বাচ্ছা
৫ ও নিখুঁত এক মেষ। এবং এক মেষের জন্যে
এক আইফা চরু এবং মেষের বাচ্ছার নিমিত্তে তাঁহার
যেমন দিবার শক্তি এবং এক২ আইফার সহিত এক২
৬ হিন তৈল। এবং অমাবস্যার দিনে নিখুঁত এক যুবা
বলদ ও ছয় ভেড়ার বাচ্ছা ও এক মেষ তাহারা নিখুঁত
৭ হইবে। এবং তিনি চরু প্রস্তুত করিবেন এক২ বলদের
সহিত এক আইফা ও এক২ মেষের সহিত এক আইফা
ও ভেড়ার বাচ্ছারদের সহিত তাঁহার হাতে যেমন
শক্তি এবং এক২ আইফার সহিত এক হিন তৈল।
৮ ও যখন অধ্যক্ষ প্রবেশ করেন তখন সে দ্বারের
বারান্দার পথে প্রবেশ করিবেন এবং সে পথ দিয়া
বাহিরে যাইবেন।
৯ কিন্তু যখন দেশের লোকেরা ওসব কালে যিহো
বার সাক্ষাতে আইসে তখন যে জন ভজনা করিবার

কারণ উত্তর দ্বারের পথ দিয়া প্রবেশ করে সে দক্ষিণ
দ্বারের পথে বাহিরে যাইবে এবং যে জন দক্ষিণ
দ্বারের পথ দিয়া প্রবেশ করে সে উত্তর দ্বারের পথ
দিয়া বাহিরে যাইবে সে যে দ্বারের পথে প্রবেশ করিল
সে পথে বাহিরে যাইবে না কিন্তু তাহার সম্মুখ দিয়া
১০ বাহিরে যাইবে। এবং তাহারদের মধ্যে যে যাজক
সে যখন তাহারা প্রবেশ করে তখন প্রবেশ করিবে ও
তাহারা যখন বাহিরে যায় তখন বাহিরে যাইবে।
১১ এবং পর্ব্ব ও উৎসব কালে এক২ বলদের সহিত
এক আইফা চরু হইবে ও এক২ মেষের সহিত এক
আইফা এবং মেষশাবকের সহিত তাহার যেমন
দিবার শক্তি এবং এক২ আইফার সহিত এক হিন তৈল।
১২ যখন অধ্যক্ষ যিহোবার উদ্দেশে স্বেচ্ছানুক্রমে ইচ্ছা
পূর্ব্বক হোম কিম্বা মঙ্গলার্থক প্রস্তুত করিতে চাহেন
তখন কেহ তাহার নিমিত্তে পূর্ব্ব মুখের দ্বার খুলিবে
এবং তিনি যে মত শাবতে করিলেন তেমন আপনার
হোম ও মঙ্গলার্থক প্রস্তুত করিবেন পরে তিনি বাহিরে
যাইবেন এবং তিনি গেলে পর কেহ দ্বার বন্দ করিবে।
১৩ তুমি যিহোবার উদ্দেশে দিনে২ প্রথম বৎসরের নিষ্খুঁত
এক মেষের বাচ্ছাকে হোম প্রস্তুত করিবা প্রতি প্রাতে
১৪ তুমি তাহা প্রস্তুত করিবা। এবং প্রতি প্রাতে তুমি
তাহার নিমিত্তক চরু প্রস্তুত করিবা আইফার ষষ্ঠাংশ
এবং ময়দার সহিত মিশাইবার কারণ এক হিন
তৈলের তৃতীয়াংশ ইহা যিহোবার উদ্দেশে অবিরাম
১৫ ব্যবস্থাতে নিত্য চরু। এ প্রকারে নিত্য হোমের

Digitized by Google

নিমিত্তে তাহারা প্রতি প্রাতে মেষের বাচ্চা ও চরু ও
তৈল প্রস্তুত করিবে ।—
১৬ যিহুহা পরমেশ্বর এ কথা কহেন অধ্যক্ষ যদি
আপন কোন পুত্রকে কিছু দেন তবে তাহার অধিকার
তাহার পুত্রেরদের হবে সে অধিকারিত্বতে তাহারদের
১৭ অধিকার হইবে । কিন্তু যদি তিনি আপন কোন
ভৃত্যকে আপন অধিকারের কিছু দান করেন তবে
মুক্তি বৎসর পর্য্যন্ত সে তাহার হইবে পরে সে পুন
র্ব্বার রাজার হইবে কিন্তু তাঁহার অধিকার তাহারদের
১৮ নিমিত্তে তাঁহার পুত্রেরদের হইবে । রাজা লোকের
দিগকে তাহারদের অধিকারহইতে দূর করিয়া ও পুরুষের
দ্বারা তাহারদের অধিকার লইবেন না আমার লো
করা প্রত্যেক জন আপনার অধিকারহইতে ছিন্নভিন্ন না
হয় এ নিমিত্তে তিনি আপন অধিকারের মধ্যহইতে
আপন পুত্রেরদিগকে অধিকার দিবেন ।—
১৯ পরে দ্বারের পার্শ্বে যে প্রবেশ পথ তাহা দিয়া তিনি
আমাকে যাজকেরদের উত্তর মুখের পবিত্র কুঠরিতে
আনিলেন এবং দেখ পশ্চিমদিগে তাহার দুই পার্শ্বে
২০ স্থান ছিল । তখন তিনি আমাকে কহিলেন যাজ
কেরা লোকেরদিগকে শুচি করিবার নিমিত্তে বাহিরে
আঙ্গিনায় তাহা না লইয়া যায় এই কারণ তাহারা
অজ্ঞানতার্থ নৈবিদ্য ও পাপার্থ নৈবিদ্য পাক করিবে
২১ ও চরু ভাজাইবে যে স্থানে সে এই । পরে তিনি
আমাকে বাহিরের স্থানে বাহিরে আনিলেন এবং
আঙ্গিনার চারি কোনা দিয়া আমাকে গমন করা

Digitized by Google

চত্বরের চারি কোণ দিয়া লইয়া গেলেন, তাহাতে চত্বরের প্রত্যেক কোণায় এক
২২ প্রাঙ্গন। প্রাঙ্গনের চারি কোণায় চল্লিশ হাত লম্বা
ও ত্রিশ হাত প্রস্থ সংযোগ ছিল; এই চারি কোণা এক
২৩ পরিমাণের। এবং তাহার মধ্যে চতুর্দিগে সে
চারিদিগের বেষ্টিত শ্রেণী এবং শ্রেণীর নীচে সে চারির
২৪ চতুর্দিগে পাকশালা ছিল। তখন তিনি আমাকে কহিলেন, যাহারা পাক করে, তাহাদের স্থান এই; সেখানে
গৃহের সেবকেরা লোকদের বলির পাক করিবে।

৪৭ পরে তিনি আমাকে গৃহের দ্বারের
১ কাছে আনিলেন; এবং দেখ, পূর্বদিগে গৃহের দ্বারের
নীচে হইতে জল বাহির হইতেছিল, কেননা গৃহের মুখ
পূর্বদিগে ছিল; এবং জল গৃহের দক্ষিণ পার্শ্বের
নীচে দিয়া যজ্ঞবেদির দক্ষিণ দিগ্‌ হইতে নির্গত হইল।
২ পরে তিনি উত্তর দিগের দ্বারের পথ দিয়া আমাকে
আনিলেন, এবং বাহিরের পূর্বমুখ দ্বার পর্যন্ত আমা
কে বাহিরের পথ দিয়া লইয়া গেলেন; তখন দেখিলাম, এবং
৩ দেখ, দক্ষিণ পার্শ্বে জল নির্গত হইল। এবং যে
পুরুষের হাতে সূত্র ছিল তিনি পূর্বদিগে যাইয়া এক
সহস্র হাত মাপিলেন; এবং আমাকে জলের মধ্য
দিয়া পার করাইলেন; জল গোড়গাঁইট পর্যন্ত ছিল।
৪ পুনশ্চ তিনি এক সহস্র মাপিলেন, এবং আমাকে
জলের মধ্য দিয়া আনিলেন; জল হাঁটু পর্যন্ত ছিল।
পুনশ্চ তিনি এক সহস্র মাপিলেন, এবং আমাকে
জলের মধ্য দিয়া আনিলেন; জল কোমর পর্যন্ত
৫ ছিল। পরে তিনি এক সহস্র মাপিলেন, তাহাতে

Digitized by Google

আমি যাহা পার করিতে পারিলাম না। সে এমন এক
নদী ছিল কেননা জল বাড়িয়াছিল সন্তরণীয় জল
অতরণীয় নদী।
৬ এবং তিনি আমাকে কহিলেন হে মনুষ্যের সন্তান
তুমি কি ইহা দেখিয়াছ? তখন তিনি আমাকে আনি
৭ লেন। এবং নদীর তীরে আমাকে ফিরাইলেন আমি
ফিরিয়া গেলে দেখ নদীর তীরে ওপারে ও এপারে
৮ অনেক বৃক্ষ ছিল। তখন তিনি আমাকে কহিলেন
এ জল পূর্ব্বদেশের দিগে প্রবহে ও বনে যায় ও সমুদ্রে
৯ যায় সমুদ্রে গেলে জল সুস্থ হইবে। এবং এমত
হবে যে কোনখানে জল যায় সেখানে প্রতি গতিকারী
জীব বাঁচিবে এবং এ জলের সেখানে যাওয়াতে
অত্যানের মৎস্য হইবে কেননা জল সুস্থ হইবে এবং
যে কোনখানে জল যায় সেখানে প্রতিদ্রব্য বাঁচিবেক।
১০ এবং এমত হবে যে মাছুয়ারা তাহার উপরে আই
নগদিহইতে আইনাগালীম পর্য্যন্ত দাঁড়াইবে এবং
জাল বিস্তার করনের অর্থে হইবে। তাহারদের মৎস্য
সোরা আপনং আত্মানুসারে বড় সমুদ্রের মৎস্যান
১১ সারে অতিশয় অনেক হইবে। কিন্তু তাহার পঙ্ক
যুক্ত স্থান ও বীল সুস্থ হইবে না তাহারা লবনযুক্ত
১২ হইবে। এবং নদীর তীরে ওপারে ও এপারে যাহার
পাতা ম্লান হইবে না ও যাহার ফল নষ্ট হইবে না
এমন ভক্ষ্যের নিমিত্তক সকল বৃক্ষ হইবে। তাহার
জল পবিত্র স্থানের মধ্য হইতে নির্গত হইল এ কারণ

মাসং

Digitized by Google

সে মাসানুক্রমে ফল ফলিবে ও তাহার ফল ভক্ষের
নিমিত্তে ও পত্র ঔষধের নিমিত্তে হইবে।—
১৩ যিহুহা পরমেশ্বর এ কথা কহেন যিশরায়েলের বারো
গোষ্ঠ্যানুসারে তোমরা যে সীমাতে দেশ অধিকার
১৪ করিবা সে এই যুষফের দুই অংশ হইবে। তোমার
দের পিতৃলোকেরদিগকে দিতে যে দেশের বিষয়ে
আমি আপন হাত ঊর্দ্ধ করিলাম তাহার অধিকার
১৫ তোমরা সকলে সমানরূপে পাইবা। এবং এ দেশ
অধিকারের নিমিত্তে তোমারদের কাছে পড়িবে
এবং উত্তরদিগে দেশের সীমা এই হইবে বড় সমুদ্র
হইতে হিত্‌লোনের পথে মনুষ্যেরা যে পথ দিয়া
১৬ সদদে যায়। হমত ও বিরোতা এবং দামাশেকের
ও হমতের সীমার মধ্যে যে শিবরাইম ও হৌরণের
১৭ সীমার নিকটস্থ হাজর হত্তিকোন। এবং সমুদ্রহইতে
হাজরেনন ও দামাশেকের সীমা ও উত্তরদিগে উত্ত
রের সীমা ও হমতের সীমা যে সে সীমা হইবে।
১৮ এই উত্তর পার্শ্ব। পূর্ব্ব পার্শ্ব তোমরা হৌরণ
হইতে ও দামাশেকহইতে ও গিলিয়াদহইতে এবং
যর্দ্দনের নিকটস্থ যিশরায়েল দেশহইতে সীমা অবধি
১৯ পূর্ব্বসমুদ্র পর্য্যন্ত মাপিবা এই পূর্ব্ব পার্শ্ব। দক্ষিণ
দিগে দক্ষিণ পার্শ্ব তমর অবধি কদেশস্থ বিবাদের
জল পর্য্যন্ত ও নদীহইতে বড় সমুদ্র পর্য্যন্ত। দক্ষিণ
২০ দিগে দক্ষিণ পার্শ্ব এই। এবং পশ্চিম পার্শ্ব সীমা
অবধি যে পর্য্যন্ত মানুষ হমতের সম্মুখে আইসে সে
২১ পর্য্যন্ত বড় সমুদ্র হইবে পশ্চিম পার্শ্ব এই। এ মতে

Digitized by Google

যিশ্রায়েলের গোষ্ঠ্যানুসারে তোমরা আপনারদের
নিমিত্ত দেশ বিভাগ করিবা।—
২২ এবং এমত হইবে তোমরা আপনারদের জন্যে এবং
সন্তানেরদিগকে তোমারদের মধ্যে জন্মাইবে যে
তোমারদের মধ্যে প্রবাসী অন্যদেশীয় লোকেরা তাহা
রদেরও জন্য তোমরা গুলিবাঁট করিয়া দেশ বিভাগ
করিবা এবং তাহারা যিশ্রায়েলের সন্তানেরদের মধ্যে
দেশজাত লোকেরদের মত তোমারদের প্রতি হইবে।
তাহারা যিশ্রায়েলের গোষ্ঠীরদের মধ্যে তোমারদের
২৩ সহিত অধিকার পাইবে। এবং যিহুহা পরমেশ্বর
কহেন যে এমত হবে অন্য দেশীয় লোক যে গোষ্ঠীর
মধ্যে বাস করে তাহার মধ্যে তোমরা তাহার অধিকার
দিবা।—

পর্ব্ব ৪৮ এই২ গোষ্ঠীরদের নাম উত্তর সীমাহইতে হিৎলোনের
পথে যে পথ দিয়া কেহ হমাতে যায় সে সীমা পর্য্যন্ত
হজর এনন ও উত্তরদিগে দামাশেকের সীমা হমাতের
সীমা পর্য্যন্ত কেননা পূর্ব্ব পশ্চিম এই তাহার সীমা।
২ এই দানের অংশ। এবং দানের সীমার কাছে পূর্ব্ব
পার্শ্বহইতে পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত আশেরের অংশ।
৩ এবং আশেরের সীমার কাছে পূর্ব্বপার্শ্ব হইতে
৪ পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত নপ্তলির অংশ। এবং নপ্তলির
সীমার কাছে পূর্ব্ব পার্শ্ব হইতে পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত
৫ মনশার অংশ। এবং মনশার সীমার কাছে
পূর্ব্ব পার্শ্বহইতে পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত আফ্রিমের
৬ অংশ। এবং আফ্রিমের সীমার কাছে পূর্ব্ব

Digitized by Google

পার্শ্ব হইতে পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত রূবেনের অংশ।
৭ এবং রূবেনের সীমার কাছে পূর্ব্ব পার্শ্ব হইতে
পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত যিহোদার অংশ।
৮ এবং যিহোদার সীমার কাছে পূর্ব্ব পার্শ্ব হইতে
পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত তোমরা নৈবিদ্য রূপে যে
পঁচিশ সহস্র প্রস্থ ও পূর্ব্ব পার্শ্ববিধি দক্ষিণ পার্শ্ব
পর্য্যন্ত অন্যভাগানুসারে প্রস্থ নিবেদন করিবা সে এই
হবে এবং তাহার মধ্যে পবিত্র স্থান হইবে।
৯ যিহুহার উদ্দেশে তোমরা যে নৈবিদ্য দিবা সে পঁচিশ
১০ সহস্র দীর্ঘ ও দশ সহস্র প্রস্থ হইবে। এবং
তাহারদের জন্যে অর্থাৎ যাজকেরদের জন্যে এ
পবিত্র নৈবিদ্য হইবে উত্তরদিগে পঁচিশ সহস্র দীর্ঘ ও
পশ্চিমদিগে দশ সহস্র প্রস্থ এবং পূর্ব্বদিগে দশ
সহস্র প্রস্থ ও দক্ষিণদিগে পঁচিশ সহস্র দীর্ঘ এবং
১১ যিহুহার পবিত্র স্থান তাহার মধ্যে হইবে। যিশরা
লের সন্তানেরা যখন অপভ্রমণ করিল তখন আমার
ক্রিয়া পালন করিল এবং লেবীয়েরা যেমন অপভ্রমণ
করিল তেমন অপভ্রমণ করিল না যে সাদকের পবিত্রী
১২ কৃত সন্তান যাজকেরা এই তাহারদের জন্যে। এবং
লেবীয়েরদের সীমার কাছে এ উৎসৃষ্ট নৈবিদ্য
১৩ ভূমি তাহারদের জন্যে মহা পবিত্র বস্তু হইবে। এবং
যাজকেরদের সীমার সম্মুখে লেবীয়েরা পঁচিশ
সহস্র দীর্ঘ ও দশ সহস্র প্রস্থ পাইবে সমুদায় দীর্ঘতা
১৪ পঁচিশ সহস্র ও প্রস্থতা দশ সহস্র হবে। তাহা।
তাহার কিছু বিক্রয় করিবে না এবং দেশের প্রথম

Digitized by Google

ক্ষেত্র বদল করিবে না ও অন্যাধিকার করিবে না
কেননা সে যিহোবার নিমিত্তে পবিত্র আছে।—

১৫ এবং যে পঁচিশ সহস্র চৌকের সম্মুখে প্রস্থতার
মধ্যে যে পাঁচ সহস্র থাকে সে নগরের জন্যে ও
বাসস্থানের জন্যে ও উপনগরের জন্যে সাধারণ
১৬ স্থান হইবে এবং নগর তাহার মধ্যে হইবে। এই২
তাহার পরিমাণ হইবে। উত্তর পার্শ্ব চারি সহস্র পাঁচ
শত দক্ষিণ পার্শ্ব চারি সহস্র পাঁচ শত পূর্ব্ব পার্শ্ব
চারি সহস্র পাঁচ শত ও পশ্চিম পার্শ্ব চারি সহস্র
১৭ পাঁচ শত। এবং নগরের উপনগর উত্তরদিগে
দুই শত পঞ্চাশ ও দক্ষিণদিগে দুই শত পঞ্চাশ ও
পূর্ব্বদিগে দুই শত পঞ্চাশ ও পশ্চিমদিগে দুই শত
১৮ পঞ্চাশ হইবে।— এবং দীর্ঘতায় যে অবশিষ্ট পবিত্র
নৈবিদ্যের সম্মুখে থাকে সে পূর্ব্বদিগে দশ সহস্র ও
পশ্চিমদিগে দশ সহস্র হবে এবং সে পবিত্র নৈবিদ্যের
সম্মুখে থাকিবে তাহা ও তাহার শস্য নগরের সেবক লোকের
১৯ দেহ রক্ষার কারণ হইবে।। এবং যাহারা নগরের
সেবা করে তাহারা ইস্রায়েলের সকল গোষ্ঠীর মধ্য
২০ হইতে তাহার সেবা করিবে।— সে নৈবিদ্য পঁচিশ
সহস্র দীর্ঘ প্রস্থ হইবে সে পবিত্র নৈবিদ্য চৌদিগ
সমান করিয়া তোমরা নগরের অধিকৃত ভুমির সহিত
দিবা।—

২১ এবং পবিত্র নৈবিদ্যের দুই পার্শ্বের ও পূর্ব্ব
সীমারদিগে যে নৈবিদ্যরূপ পঁচিশ সহস্র তাহার
সম্মুখে নগরের অধিকৃত ভুমির এবং অধ্যক্ষের

Digitized by Google

অংশের সম্মুখে পশ্চিম সীমার দিগে যে পঁচিশ সহস্র তাহার সম্মুখে পশ্চিম দিগে যে অবশিষ্ট সে অধিপতির নিমিত্তে হইবে। এবং সেই পবিত্র অংশ হইবে এবং ঘরের পবিত্র স্থান তাঁহার মধ্যে হইবে।

২২ এবং লেবিয়েরদের অধিকার অবধি এবং নগরের অধিকার অবধি অধিপতির অধিকারের মধ্যে যিহূদার ও বেনিয়ামীনের সীমার মধ্যে অধিপতির নিমিত্তে হইবে।

২৩ আর২ গোষ্ঠীরদের এই২ মত হইবে পূর্ব্ব পার্শ্ব
২৪ হইতে পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত বেনিয়ামীনের অংশ। এবং বেনিয়ামীনের সীমার কাছে পূর্ব্ব পার্শ্ব হইতে পশ্চিম
২৫ পার্শ্ব পর্য্যন্ত শিমেওনের অংশ। এবং শিমেওনের সীমার কাছে পূর্ব্ব পার্শ্বাবধি পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত
২৬ য়িশাখরের অংশ। এবং য়িশাখরের সীমার কাছে পূর্ব্ব পার্শ্বাবধি পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত জবুলনের
২৭ অংশ। এবং জবুলনের সীমার কাছে পূর্ব্ব
২৮ পার্শ্বাবধি পশ্চিম পার্শ্ব পর্য্যন্ত গাদের অংশ। এবং গাদের সীমার কাছে দক্ষিণ পার্শ্বে দক্ষিণদিগে সীমা তামর হইতে কাদেশস্থ বিবাদের জল পর্য্যন্ত এবং বড় সমুদ্রের দিগে যে নদী সেই পর্য্যন্তও হইবে।
২৯ তোমরা অধিকারের নিমিত্তে য়িশ্রায়েলের সন্তানেরদের প্রতি যে দেশ গুলিবাঁট করিয়া ভাগ করিবা সে এই এবং য়িহোবা পরমেশ্বর কহেন যে এই২ তাহারদের অংশ।

৩০ এবং উত্তরদিগে এই সে নগরের নির্গমন পথ চারি

৩১ সহস্র পাঁচ শত পরিমাণ। নগরের দ্বার য়িশ্রায়েলের
গোষ্ঠীরদের নামানুসারে হইবে রূবেনের এক দ্বার
য়িহোদার এক দ্বার লেবির এক দ্বার এ তিন দ্বার উত্তর
৩২ দিগে। পূর্ব্বদিগে চারি সহস্র পাঁচ শত এবং
তিন দ্বার অর্থাৎ যুসফের একদ্বার বেনিয়ামেনের এক
৩৩ দ্বার দনের এক দ্বার। দক্ষিণদিগে চারি সহস্র
পাঁচ শত পরিমাণ ও তিন দ্বার অর্থাৎ শিমওনের এক
দ্বার য়িশস্করের এক দ্বার জবুলনের এক দ্বার।
৩৪ পশ্চিমদিগে চারি সহস্র পাঁচ শত ও তাহারদের তিন
দ্বার অর্থাৎ গাদের এক দ্বার আশরের এক দ্বার ও
৩৫ নপ্তালির এক দ্বার। সে চতুর্দ্দিগে আঠারো সহস্র
পরিমাণ। এবং সে দিনাবধি নগরের নাম য়িহুহা
শাম্মা * হইবে।—

---

* অর্থাৎ য়িহুহা সেখানে।

## দানিয়েলের ভবিষ্যদ্বাক্য পুস্তক।

### প্রথম পর্ব্ব।

১ যিহোদার যিহোয়াকিম রাজার অধিকারের তৃতীয়
বৎসরে বাবেলের নবকদ্‌নাস্‌সোর রাজা যিরূশালমে
২ আইল ও তাহা অবরোধ করিল। এবং যিহোবা
যিহোদার যিহোয়াকিম রাজাকে ও সে যাহা শিনিয়ার
দেশে আপন দেবতার মন্দিরে লইয়া গেল যে ঈশ্বরের
মন্দিরের কতক২ পাত্র তাহাও তাহার হাতে দিলেন।
পরে সে আপন দেবের ভাণ্ডারে সে পাত্র আনিল।
৩ পরে যিশরায়েলের সন্তানেরদের ও রাজার বংশের
ও অধ্যক্ষেরদের বংশের কতক জনকে অর্থাৎ
৪ যাহারদের খুঁত নাই কিন্তু সুন্দর ও সকল বিদ্যাতে
নিপুণ ও বুদ্ধিতে পটু ও জ্ঞানেতে প্রজ্ঞ ও রাজবাটীতে
দাঁড়াইতে যোগ্য ও কাশিদীয়েরদের বিদ্যা ও ভাষা
শিক্ষা করার যোগ্য এমন লোককে আনিতে রাজা
আশপনজ নামে খোজারদের কর্ত্তাকে কহিলেন।
৫ এবং তাহারা তিন বৎসরের অন্তে রাজার সাক্ষাতে
দাঁড়ায় এই কারণ তাহারদিগকে তিন বৎসর পর্য্যন্ত
প্রতিপালন করত রাজা তাহারদের আহ্নিক ভাগ
রাজার অন্ন ও পানীয় দ্রাক্ষারস হইতে নিরূপণ

Digitized by Google

৬ করিবেন এবং যাহারদিগকে খোজারদের কর্ত্তা নাম
দিল এমন যে য়িহুদা বংশীয় দানিএল ও হননীয়া ও
৭ মিশাএল ও অজরীয়া তাঁহারদের মধ্যে ছিল কেননা
দানিএলকে বল্টশাৎসর নাম ও হননীয়াকে শাদরক
নাম ও মিশাএলকে মৈশক নাম ও অজরীয়াকে অবদ্
নগো নাম দিল ।—

৮ কিন্তু রাজার অন্নের ভাগেতে ও তাঁহার পানীয় দ্রাক্ষা
রসেতে আপনাকে অশুচি যে না করিবে এই নিয়ম
দানিএল আপন অন্তঃকরণে করিল এ জন্যে তিনি আ
পনাকে অশুচি যে না করেন এ অনুগ্রহ খোজারদের
৯ কর্ত্তার কাছে চাহিলেন । ঈশ্বর দানিএলকে খোজার
দের কর্ত্তার অনুগ্রহে ও বড় স্নেহে সম্বিষ্ট করিয়া
১০ ছিলেন । অথ খোজারদের কর্ত্তা দানিএলকে
কহিল তোমাদের অন্ন ও পানীয় নিরূপণ করিয়াছেন
যে আমার প্রভু মহারাজ তাঁহাকে আমি ভয় করি
কেননা তোমারদের জাতীয় আর বালকেরদের মুখ
হইতে মলিন তিনি কেন তোমারদের মুখ দেখিবেন
তাহা হইলে রাজার নিকটে তোমরা আমাকে আমার
১১ মাথার খাকার সন্দেহ করাইবা । তখন যাহাকে
খোজার কর্ত্তা দানিএল ও হননীয়া ও মিশাএল ও অজ
রীয়ার উপরে নিযুক্ত করিয়াছিল এমন যে মলসর
১২ তাঁহাকে দানিএল কহিল আমি এমিনতি করি যে তুমি
আপন দাসেরদের পরীক্ষা দশ দিন কর তাহারা আ
মারদিগকে খাইতে কলায় ও পান করিতে জল দিউক



Digitized by Google

১৩ পরে আমারদের মুখ ও যে বালকেরা রাজার অন্নের
ভাগ ভোজন করে তাহারদেরও মুখ আপন সাক্ষাতে
দৃষ্ট হউক পরে যেমন উপযুক্ত বুঝিবা তেমন আপন
১৪ কার দাসেরদের প্রতি করুন। তাহাতে তিনি এ
বিষয়ে তাহারদের কথা স্বীকার করিলেন ও দশ
১৫ দিন পর্য্যন্ত তাহারদের পরীক্ষা লইলেন। দশ
দিনের অন্তে তাহারদের মুখ যে বালকেরা রাজার
অন্নের ভাগ ভোজন করিত সে সকলের মুখহইতে
১৬ সুন্দর ও মাংসবিশিষ্ট দেখা গেল। এ প্রকারে
মলসর তাহারদের অন্নের ভাগ ও পানীয় দ্রাক্ষারস
হরণ করিলেন ও তাহারদিগকে কলায় দিলেন।
১৭ এই চারি বালকেরদের বিষয় এই ঈশ্বর সকল
বিদ্যাতে ও জ্ঞানেতে তাহারদিগকে পটুতা ও বিচার
দিলেন এবং দানিএলের ও সকল দর্শন ও স্বপ্ন বিষয়ে
১৮ বুদ্ধি ছিল। তাহারদিগকে প্রবিষ্ট করিবার জন্যে
রাজা যে কাল নিরূপণ করিয়াছিলেন সে কালের
অন্তে খোজারদের কর্ত্তা তাহারদিগকে নবকদনাসো
১৯ রের সাক্ষাৎ কহিয়া দিলেন। এবং রাজা তাহারদের
সহিত কথা বার্ত্তা করিলেন তাহাতে দানিএল ও
হনানীহ ও মিশাএল ও অজরীহের তুল্য সে সকলের
মধ্যে আর কেহ পাওয়া গেল না অতএব তাহারা
২০ রাজার সাক্ষাতে দাঁড়াইত। এবং জ্ঞান বিদ্যা বুদ্ধির
যে কোন বিষয় রাজা তাহারদিগকে জিজ্ঞাসা করি
৯ লেন সে সকল বিষয় তিনি আপন রাজ্যস্থ সকল
পণ্ডিত ও দৈবজ্ঞেরদেরহইতে দশগুণ শ্রেষ্ঠ জানিলেন।

Digitized by Google

২১ এবং দানিএল কোরসের প্রথম বৎসর পর্য্যন্ত থাকিলেন।

## পর্ব্ব ২

১ নবকদনাসোরের রাজ্যের দ্বিতীয় বৎসরে নবকদনাসোর যাহাতে আপন মন ব্যাকুল ছিল ও নিদ্রা ভাঙ্গিল
২ এমন স্বপ্ন দেখিল। তখন রাজাকে তাহার স্বপ্নের অর্থ জানাইবার কারণ রাজা পণ্ডিতেরদিগকে ও দৈবজ্ঞেরদিগকে ও গুণিনেরদিগকে ও কাশ্দীয়েরদিগকে ডাকিতে আজ্ঞা করিলেন অতএব তাহারা আইল
৩ ও রাজার সাক্ষাতে দাঁড়াইল। রাজা তাহারদিগকে কহিলেন যে আমি এক স্বপ্ন দেখিয়াছি ও সে স্বপ্নের অর্থ জানিতে আমার মন ব্যাকুল ছিল।
৪ তখন কাশ্দীয়েরা আরমীয় ভাষায় রাজাকে কহিল হে মহারাজ চিরজীবী হউন আপনকার দাসেরদিগকে সে স্বপ্ন বলুন ও আমরা তাহার অর্থ
৫ জানাইব। রাজা কাশ্দীয়েরদিগকে প্রত্যুত্তর করিয়া কহিলেন সে বিষয় আমার গোচরহইতে গিয়াছে তোমরা সে স্বপ্ন অর্থ সুদ্ধ যদি আমার নিকট না জানাও তবে তোমরা খণ্ড২ করিয়া কাটা
৬ যাবা ও তোমারদের বাটী সার্চিপি করা যাবে। কিন্তু যদি সে স্বপ্ন অর্থ সুদ্ধ আমাকে জানাও তবে আমার কাছে বড় দান ও শিরোপা ও সম্ভ্রম পাইবা
৭ অতএব সে স্বপ্ন অর্থ সুদ্ধ আমাকে জানাও। তাহারা পুনর্ব্বার প্রত্যুত্তর করিয়া কহিল মহারাজ আপন দাসেরদিগকে স্বপ্ন কহুন ও আমরা তাহার অর্থ
৮ জানাইব। রাজা প্রত্যুত্তর করিয়া কহিলেন সে

বিষয় যে আমার স্মরণ হইতে গিয়াছে ইহা তোমরা
জান অতএব তোমরা যে টালমটালি করিতে চাহ ইহা
৯ আমি নিশ্চয়রূপ জানি। কিন্তু যদি তোমরা
আমাকে সে স্বপ্ন জানাইবা না তবে তোমারদের
নিমিত্ত এক আজ্ঞা আছে কেননা কালের
অন্যথা হওয়া পর্য্যন্ত তোমরা আমার সাক্ষাতে কহি
বার জন্যে মিথ্যা ও প্রবঞ্চক কথা রচনা করিয়াছ অত
এব আমাকে স্বপ্ন কহ তাহাতে জানিব যে আমাকে
১০ জানাইতে পার ইহা আমি জানিব। কালিদীয়েরা
প্রত্যুত্তর করিয়া রাজার সাক্ষাতে কহিল যে মহা
রাজার বিষয় জানাইতে পারে এমন কোন মনুষ্য পৃথি
বীতে নয় অতএব কোন রাজা কিম্বা ভূপতি কিম্বা
শাসনকর্ত্তা কোন পণ্ডিত কিম্বা দৈবজ্ঞ কিম্বা কালি
দীয়ের প্রতি এ প্রকার বিষয় কখন জিজ্ঞাসা করে
১১ না। এবং মহারাজা যাহা চাহেন সে অতি বিশেষ
বিষয় এবং যাহারদের নিবাস মাংসবিশিষ্ট লোকের
দের মধ্যে নয় এমন যে দেবেরা তাহারদের ব্যতিরেকে
আর কেহ মহারাজের সাক্ষাতে ইহা জানাইতে পারে
১২ না। ইহাতে রাজা ক্রুদ্ধ ও অত্যন্ত চণ্ড হইয়া বাবে
লের সকল পণ্ডিতের দিগকে নষ্ট করিতে আজ্ঞা করিল।
১৩ এবং পণ্ডিতেরদিগকে মারিতে আজ্ঞা প্রচারিত হইল
ও তাহারা মারিবার জন্যে দানিয়েলকে ও তাহার সঙ্গির
দিগকে চেষ্টা করিল।

১৪ তখন বাবেলের সকল পণ্ডিতেরদিগকে মারিতে
বাহিরে গিয়াছিল যে রাজার নিকটস্থ সৈন্যের

Digitized by Google

আরিওক নামে সেনাপতি তাহাকে দানিএল বিবেচনা
১৫ ও জ্ঞানপূর্ব্বক প্রত্যুত্তর করিল। সে প্রত্যুত্তর
করিয়া রাজার কার্য্যকারক সেনাপতিকে কহিল রাজার
নিকট হইতে এ আজ্ঞা কেন এত শীঘ্র নির্গত হইয়াছে?
১৬ তখন আরিওক এ বিষয় দানিএলকে জানাইল। তখন
দানিএল ভিতরে গেল এবং তাঁহাকে সময় দিবেন
তাহাতে আপনি মহারাজকে অর্থ জানাইবে ইহা
১৭ রাজার কাছে প্রার্থনা করিল। পরে দানিএল আপন
বাটীতে গেল এবং দানিএল ও তাঁহার সখিরা
বাবেলের অন্য পণ্ডিতদের সহিত হারা না যায় এই
কারণ তাহারা এ তত্ত্বের বিষয়ে স্বর্গের ঈশ্বরের
১৮ নিকটে অনুগ্রহ প্রার্থনা করে এই কারণে হননীয়া ও
মিশাএল ও অজরীয়াহকে এ বিষয় জ্ঞাত করিল।
১৯ পরে রাত্রিকালীন দর্শনেতে এ গূঢ় বিষয় দানিএলের
কাছে প্রকাশিত হইল। তখন দানিএল স্বর্গের
২০ ঈশ্বরের স্তুতি করিল। দানিএল প্রত্যুত্তর করিয়া
কহিল সদা সর্ব্বক্ষণে ঈশ্বরের নাম ধন্য কেননা
২১ জ্ঞান ও বল তাঁহার। ও তিনি কাল ও ঋতুর
অন্যথা করেন তিনি রাজারদিগকে পদচ্যুত করেন
ও রাজারদিগকে স্থাপন করেন তিনি জ্ঞানিরদিগকে
জ্ঞান দেন ও বুদ্ধিমানেরদিগকে বিবেচনা দেন।
২২ তিনি গভীর ও অপ্রকাশ বিষয় প্রকাশ করেন
অন্ধকারে যাহা তাহা তিনি জানেন এবং আলো
২৩ তাঁহার নিকটে বাস করে। হে আমাকে জ্ঞান ও
বল দিয়াছ এবং আমরা সম্প্রতি যাহা তোমার নিকটে

Digitized by Google

প্রার্থনা করিলাম তাহা আমাকে জ্ঞাত করিয়াছ যে
আমার পিতৃ লোকের দের ঈশ্বর আমি তোমার কাছে
ধন্যবাদ করি ও তোমার স্তব করি কেননা রাজার
বিষয় তুমি আমারদিগকে জানাইয়াছ।
২৪ অতএব যাহাকে বাবেলের পণ্ডিতেরদিগকে নষ্ট
করিতে রাজা নিযুক্ত করিয়াছিলেন যে আরিওক তাহার
নিকটে দানিএল প্রবেশ করিল সে তাহার নিকটে
গিয়া কহিল যে বাবেলের পণ্ডিতেরদিগকে নষ্ট
করিও না আমাকে রাজার সাক্ষাতে আন এবং
২৫ আমি রাজাকে অর্থ জানাইব। তখন আরিওক
শীঘ্র করিয়া দানিএলকে রাজার সাক্ষাতে লইয়া গেল
এবং তাহাকে এই কথা কহিল সে অর্থ মহারাজের
নিকটে জানাইতে যিহূদার বন্দি পুত্রেরদের মধ্যে
২৬ এমন এক জনকে আমি পাইয়াছি। রাজা প্রত্যুত্তর
করিয়া বলটশাসর নামেতে খ্যাত দানিএলকে
কহিল আমি যে স্বপ্ন দেখিয়াছি তাহা ও তাহার অর্থ
২৭ তুমি কি আমাকে জ্ঞাত করিতে পার? রাজার সাক্ষা
তে দানিএল প্রত্যুত্তর করিয়া কহিল মহারাজ যে
গূঢ় বিষয় জিজ্ঞাসা করিয়াছেন বিদ্বানেরা ও দৈবজ্ঞেরা
ও পণ্ডিতেরা ও গণকেরা মহারাজের প্রতি তাহা জানা
২৮ ইতে পারে না বটে। কিন্তু তত্ত্ব প্রকাশকারী এক
ঈশ্বর স্বর্গে আছেন এবং শেষ কালে যাহা২ হবে
তাহা তিনি মহারাজ নবূকদনাৎসোরকে জানান। তো
মার স্বপ্ন ও তোমার শয্যার উপরে তোমার মাথার
২৯ দর্শন এই২। হে মহারাজ তোমার বিষয় এই ইহার

Digitized by Google

পরে কি হবে এই বিষয়ক চিন্তা শয্যায় তোমার ছিল এবং যিনি তত্ত্ব প্রকাশ করেন তিনি ভবিষ্যত বিষয় তোমার
৩০ প্রতি জানান। কিন্তু আমার বিষয় এই আরং জীবৎ লোকেরদের হইতে যে আমার বিদ্যা অধিকতর যে এই তত্ত্ব আমার কাছে জানান গিয়াছে তাহা নয় কিন্তু যাহারা যে রাজের নিকট অর্থ জানাইবে তাহারদের কারণ এবং তুমি আপন মনসঙ্কল্প জ্ঞাত হও এই কারণ ও জানান গিয়াছে।

৩১ হে মহারাজ তুমি দেখিয়াছ তাহাতে দেখ বড় এক প্রতিমা। ঐ অতিশয় তেজস্বী প্রতিমা তোমার সম্মুখে দাঁড়াইল এবং তাহার মূর্ত্তি ভয়ঙ্কর ছিল।
৩২ ঐ প্রতিমার মাথা স্বর্ণের ও তাহার বক্ষ ও বাহু রূপার
৩৩ তাহার উদর ও ঊরু পিত্তলের তাহার গোচ লোহার
৩৪ তাহার পা কিছু লোহার ও কিছু মৃত্তিকার। তাহার লোহা ও মৃন্ময় পায়ে সে প্রতিমাকে মারিল ও সে পা ভাঙ্গিয়া ফেলিল এমন এক প্রস্তর হস্ত বিনা খোদিত
৩৫ হওয়া পর্য্যন্ত তুমি অবলোকন করিলা। তখন সে লোহা মৃত্তিকা পিত্তল রূপা ও স্বর্ণ একত্র ভাঙ্গা গেল ও গ্রীষ্মকালের খলানের তুষের ন্যায় হইল ও যাহাতে তাহারদের স্থান পাওয়া গেল না বায়ু এই মত তাহারদিগকে উড়াইয়া ফেলিল পরে যে প্রস্তর প্রতিমাকে মারিল সে প্রস্তর বড় এক পর্ব্বত হইল ও সকল পৃথিবী ব্যাপিল।

৩৬ স্বপ্নের কথা এই সম্প্রতি আমরা মহারাজের সাক্ষাতে
৩৭ তাহার অর্থ জ্ঞাত করিব। হে মহারাজ তুমি রাজার

Digitized by Google

দের রাজা কেননা স্বর্গের ঈশ্বর তোমাকে রাজ্য ও
৩৮ পরাক্রম ও বল ও তেজ দিয়াছেন। ও যে কোন
স্থানে মানুষেরদের সন্তানেরা বাস করে সেই স্থানে
তিনি মাঠের পশুরদিগকে ও আকাশের পক্ষিরদিগকে
তোমার হাতে সমর্পণ করিয়াছেন ও তোমাকে সে
সকলের কর্ত্তা করিয়াছেন তুমি এ স্বর্ণের মাথা।
৩৯ তোমার পরে তোমাহইতে ক্ষুদ্র আর এক রাজ্য উঠিবে
ও সকল পৃথিবীর উপরে কর্ত্তৃত্ব করিবে যে আর এক
৪০ পিত্তলের রাজ্য তাহার পরে উঠিবে। চতুর্থ রাজ্য
লোহার মত দৃঢ় হইবে কেননা লোহা সকল দ্রব্য
ভাঙ্গে ও পরাস্ত করে ও যেমন লোহা এ সকল ভাঙ্গে
৪১ তেমন সে খণ্ডং করিবে ও যন্ত্রণা করিবে। পা
ও পায়ের অঙ্গুলি কিছু লোহার কিছু মৃত্তিকার তুমি
দেখিলা ইহাতে রাজ্য ভিন্নং হইবে কিন্তু তুমি
কাদাতে মিশ্রিত লোহা দেখিলা ইহাতে তাহার মধ্যে
৪২ লোহার কিছু দৃঢ়তা থাকিবে। এবং পায়ের অঙ্গুলি
কিছু লোহা কিছু মৃত্তিকা ছিল ইহাতে রাজ্য একাং
৪৩ শতঃ দৃঢ় একাংশত ভগ্ন হইবে। তুমি কাদাতে
মিশ্রিত লোহা দেখিলা ইহাতে তাহারা মনুষ্যের
দের সন্তানেরদের বংশেরদের সহিত আপনার
দিগকে মিশাইবে কিন্তু যেমন লোহা কাদার
সহিত মিশ্রিত হয় না সে মত তাহারা এক অন
৪৪ অন্যের সঙ্গে মিলিবে না। সে রাজারদের
কালে যাহা কখন নষ্ট হইবে না এমন এক রাজ্য
স্বর্গের ঈশ্বর স্থাপন করিবেন সে রাজ্য অন্য লোকের

Digitized by Google

দেয় নিমিত্তে দাড়ান যা বনা সে এ সকল রাজা খণ্ড খণ্ড করিবে ও নষ্ট করিবে এবং সে নিত্য স্থায়ী হইবে। হস্ত ব্যতিরেক পাথর পর্ব্বত হইতে যে কাটা গেল ইহা তুমি দেখিয়াছ এবং সে পাথর সে লোহা ও পিতল ও মৃত্তিকা ও রূপা ও স্বর্ণ খণ্ড করিল ইহাও দেখিয়াছ তাহাতে পর মেশ্বর মহা রাজাকে ভবিতব্য যাহা তাহা জানান এবং সে স্বপ্ন নিশ্চিত ও তাহার অর্থ নিঃসন্দেহ।—

তখন নবকদ্নিৎসের রাজা ভূমিষ্ঠ হইয়া দানিএলকে পূজা করিলেন এবং তাহার উদ্দেশে উৎসর্গ করি তে ও ধূপ পোড়াইতে আজ্ঞা দিলেন। রাজা প্রত্যুত্তর করিয়া দানিএলকে বলিল তুমি এ গূঢ় বিষয় জানাইতে পার অতএব সত্য তোমার ঈশ্বর ঈশ্বরেরদের ঈশ্বর ও রাজারদের প্রভু ও গূঢ় বিষয় প্রকাশক আছেন। তখন রাজা দানিএলকে বড় মানুষ করিল ও তাহারে অনেক বড় প্রসাদ দিল ও বাবেলের সমস্ত জিলার কর্ত্তা তাহাকে নিযুক্ত করিল ও বাবেলের পণ্ডিতের দের অধ্যক্ষেরদের প্রধান করিলেন। তখন দানিএল রাজার নিকটে নিবেদন করিলেন তাহাতে রাজা সাদ্রককে ও মীশককে ও অবদ্নগোকে বাবেল জিলার কার্য্যে নিযুক্ত করিলেন কিন্তু দানিএল রাজার দ্বারে বসিল।—

৩ পর্ব্ব

নবকদ্নিৎসের রাজা ষাইট হাত উচ্চ ও ছয় হাত ওসার এক স্বর্ণময় প্রতিমা নির্ম্মাণ করিলেন এবং

তাহা বাবেল জিলার দূরা মাঠে স্থাপন করিলেন।
২ তখন নবকদনাসোর রাজা যে প্রতিমা স্থাপন করিয়া
ছিলেন তাহার সংস্কারের নিমিত্ত আসিবার জন্যে
নবকদনাসোর রাজা অধ্যক্ষেরদিগকে ও শাসনকর্ত্তার
দিগকে ও সেনাপতিরদিগকে ও বিচারকর্ত্তারদিগকে
ও কোষাধিপেরদিগকে ও মন্ত্রিরদিগকে ও কোতোয়া
লেরদিগকে ও জিলার সকল কর্ত্তারদিগকে আনিতে
৩ পাঠাইলেন। তখন নবকদনাসোর রাজা যে প্রতিমা
স্থাপন করিয়াছিলেন তাহার সংস্কারের নিমিত্তে অধ্য
ক্ষেরা ও শাসনকর্ত্তারা ও সেনাপতিরা ও বিচারকর্ত্তারা
ও কোষাধিপেরা ও মন্ত্রীরা ও কোতোয়ালেরা ও তাবৎ
জিলার সকল কর্ত্তারা একত্র আইলে পরে নবকদনাসোর
যে প্রতিমা স্থাপন করিয়াছিলেন তাহার সাক্ষাতে
৪ দাঁড়াইল। তখন এক জন বন্দী উচ্চৈঃস্বরে ডাকিয়া
বলিল হে লোকেরা ও ভিন্নজাতীয়েরা ও ভাষীরা তোমার
৫ দের প্রতি এ আজ্ঞা করা যায়। তোমরা যে সময়ে শৃঙ্গ
বাঁশি বীণা ভেরী মৃদঙ্গ ডম্বুরু ইত্যাদি সকল প্রকার
বাদ্যের শব্দ শুন সে সময়ে উবুড় হইয়া নবকদনাসোর
রাজা যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছেন তাহার
৬ পূজা কর। এবং যে কেহ উবুড় না হয় ও পূজা
না করে সে সেই দণ্ডে জ্বলন্ত অগ্নিময় কুণ্ডে ফেলা
৭ যাবে। অতএব লোকেরা যে কালে শৃঙ্গ বাঁশি
বীণা ভেরী মৃদঙ্গ ইত্যাদি সকল প্রকার বাদ্যের
শব্দ শুনিল সে কালে সকল লোকেরা ও ভিন্ন জাতী
য়েরা ও ভাষীরা উবুড় হইয়া নবকদনাসোর রাজা যে

Digitized by Google

স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছিলেন সে প্রতিমার
পূজা করিল।—

৮ অতএব সে সময়ে কতক কাশদীয়েরা নিকট
৯ আইল ও য়েহোদীরদের অপবাদ করিল। তাহারা
এ কথা কহিয়া নবকদনেস্সোর রাজাকে বলিল হে মহা
১০ রাজ চিরকাল বাঁচুন। হে মহারাজ তুমি আজ্ঞা
করিয়াছ যে যে প্রত্যেক জন শৃঙ্গ বাঁশি বীনা ভরী মৃদঙ্গ
তম্বুর ইত্যাদি সকল প্রকার বাদ্য শুনে সে জন হেঁট
১১ হইয়া স্বর্ণময় প্রতিমার পূজা করে ও যে জন হেঁট না
হয় ও পূজা না করে সে জন জ্বলন্ত অগ্নিময় কুণ্ডে
১২ ফেলা যাবে। তুমি বাবেল জিলার কর্ম্মকর্ত্তা নিযুক্ত
করিয়াছ যে সাদরাক মীশক ও আবেদনেগো নামে
কতক জন য়েহোদীরা হে মহারাজ এ লোকেরা তোমাকে
মানে নাই তাহারা তোমার দেবেরদিগকে পূজা করে
না ও তুমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছ তাহার
পূজা করে না।—

১৩ তখন নবকদনেস্সোর ক্রোধ ও চণ্ডতাতে সাদরাক
ও মীশক ও আবেদনেগোকে আনিতে আজ্ঞা করিলেন
তখন তাহারা এ লোকেরদিগকে রাজার সাক্ষাতে
১৪ আনিল। নবকদনেস্সোর এ কথা কহিয়া তাহার
দিগকে বলিলেন হে সাদরাক মীশক ও আবেদ
নেগো এই কি সত্য তোমরা কি আমার দেবেরদের
সেবা কর না ও আমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন
১৫ করিয়াছি তোমরা কি তাহার পূজা কর না? এখন
যদি তোমরা প্রস্তুত হও ও যে সময়ে শৃঙ্গ বাঁশি বীনা

Digitized by Google

ভেরী মৃদঙ্গ তম্বুর ইত্যাদি সকল প্রকার বাদ্যের শব্দ
শুন আমি যে প্রতিমা করিয়াছি সে সময়ে যদি
তোমরা তাহার পূজা কর তবে ভাল কিন্তু যদি পূজা
না কর তবে সে দণ্ডে তোমরা প্রজ্বলিত অগ্নিময় কুণ্ড
ফেলা যাবা এবং আমার হাতহইতে তোমার
দিগকে উদ্ধার যে করিতে পারে, এমন কোন দেবতা
১৬ আছে?। সাদ্রক মীশক ও আবেদ্নেগো প্রত্যু
ত্তর করিয়া রাজার সাক্ষাতে কহিল হে নবকদ্নে
সের আমাদের এ বিষয়ে তোমাকে প্রত্যুত্তর করিতে
১৭ আবশ্যক নয়। যদি এমত হয় তবে যাহার সেবা
আমরা করি এমন যে আমারদের ঈশ্বর তিনি
জ্বলন্ত অগ্নিময় কুণ্ডহইতে আমারদিগকে উদ্ধার
করিতে পারেন এবং হে মহারাজ তিনি তোমার হাত
১৮ হইতে আমারদিগকে উদ্ধার করিবেন। কিন্তু সে
যদি নাই হয় হে মহারাজ তোমার কাছে জানা যাউক
যে আমরা তোমার দেবেরদিগকে সেবা করিব না
ও তুমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছ তাহার
পূজা করিবই না।

১৯ তখন নবকদ্নেসর চণ্ডাত পূর্ণ ছিল ও সাদ্রক
ও মীশক ও আবেদ্নেগোর বিপরীত তাহার মুখের
আকার বিকৃত ছিল। সে কহিল ও সামান্য
তপ্ত করার অপেক্ষা সাতগুণ সে কুণ্ড তপ্ত করিতে
২০ আজ্ঞা দিল। পরে আপন সৈন্যের মধ্যে বলবত্তম
লোকেরদিগকে সাদ্রক ও মীশক ও আবেদ্নেগো
কে বাঁধিতে ও জ্বলন্ত অগ্নিময় কুণ্ডে ফেলিতে আজ্ঞা

Digitized by Google

২১ দিল । তখন ঐ লোকেরা আপনারদের কুর্ত্তি ও
যোজা ও পাগড়ি ইত্যাদি সমেত বস্ত্রেতে বাঁধা গেল ও
২২ জ্বলন্ত অগ্নিময় কুণ্ডে ফেলা গেল । রাজার আজ্ঞা
দৃঢ় ও কুণ্ড অতিশয় তপ্ত তন্নিমিত্তে সাদ্রক ও মীশক ও
আবেদনেগোকে তোলাইল যে লোকেরা সে লোকের
২৩ দিগকে অগ্নিশিখা মারিল । পরে সাদরক ও
মীশক ও আবেদনেগো এই তিন জন বদ্ধ হইয়া জ্বলন্ত
২৪ অগ্নিময় কুণ্ডের মধ্যে পড়িল । তখন নবকদ্নেৎসার
রাজা চমৎকৃত হইল এবং শীঘ্র উঠিয়া মন্ত্রিদিগকে
কহিল যে আমরা কি বদ্ধ তিন জনকে অগ্নির মধ্যে
ফেলি নাই ? তাহারা উত্তর করিয়া রাজাকে কহিল
২৫ সত্য মহারাজ । সে প্রত্যুত্তর করিয়া কহিল দেখ
আমি খোলা ও অগ্নির মধ্যে ভ্রমণ করিতে চারি জনকে
দেখি ও তাহারদের কিছু ক্ষত হয় নাই এবং চতুর্থ
জনের মূর্ত্তি ঈশ্বরের পুত্রের মত ।
২৬ তখন নবকদ্নেৎসার জ্বলন্ত অগ্নিময় কুণ্ডের
মুখের নিকটে আইল এবং এই কথা কহিয়া বলিল হে
মহত্তম ঈশ্বরের সেবকেরা সাদরক ও মীশক ও
আবেদনেগো তোমরা বাহির হইয়া আইস । তখন
সাদরক ও মীশক ও আবেদনেগো অগ্নির মধ্য হইতে
২৭ বাহির আইল এবং তাহারদের শরীরের উপরে অগ্নির
কিছু পরাক্রম নাই ও তাহারদের মাথার একো কেশও
পোড়া গেল না ও তাহারদের বস্ত্র বিকৃত হইল না ও
তাহারদের উপরে অগ্নির গন্ধও পায় নাই এমন যে ঐ
লোকেরা তাহারদিগকে অধ্যক্ষেরা ও শাসনকর্ত্তারা ও

Digitized by Google

সেনাপতিরা ও রাজার মন্ত্রীরা একত্র হইয়া দেখিল।
২৮ পরে নবূকদ্‌নিৎসের এই কথা কহিয়া বলিল আপন
দূতকে পাঠাইয়াছেন এবং তাঁহাতে বিশ্বাস করিল ও
রাজার বাক্যের অন্যথা করিয়াছে ও আপনারদের ঈশ্বর
ব্যতিরেক আর কোন দেবের পূজা না করে এই নিমিত্তে
আপনারদের শরীর দিয়াছে যে আপন সেবক করা
২৯ তাহারদিগকে উদ্ধার করিয়াছেন যে সাদ্রক ও মীশক
ও আবেদনেগোর ঈশ্বর ধন্য হউন। অতএব প্রত্যেক
লোক কিম্বা ভিন্ন জাতীয় কিম্বা ভাষা সাদ্রক ও মীশক
আবেদনেগোর ঈশ্বরের বিপক্ষে কিছু কহিবে তাহারা
ও যে খণ্ড২ করা যায় ও তাহারদের ঘর সারের চপ
করা যায় এই আজ্ঞা আমি করি কেননা এপ্রকার
উদ্ধার করিতে যে পারে এমন আর কোন দেব নাই।
৩০ তখন রাজা বাবেল জিলায় সাদ্রক ও মীশক ও
আবেদনেগোকে আর বড় পদে স্থাপিত করিলেন।

পর্ব্ব ৪

১ নবূকদ্‌নিৎসের রাজা পৃথিবীনিবাসী সকল লোক ও
ভিন্ন জাতীয় ও ভাষিরদের প্রতি জানান যে তোমারদের
২ মঙ্গল অধিক হউক। পরমেশ্বর আমার প্রতি যে চিহ্ন
ও আশ্চর্য্য ক্রিয়া করিয়াছেন তাহা জানাইতে ভাল ইহা
৩ আমি জ্ঞান করিলাম। তাঁহার চিহ্ন কেমন বড় ও
তাঁহার আশ্চর্য্য ক্রিয়া কেমন প্রভাবক তাঁহার রাজ্য
নিত্য স্থায়ী রাজ্য ও তাঁহার কর্ত্তৃত্ব পুরুষ২ অনুক্রমে।
৪ নবূকদ্‌নিৎসের যে আমি আপন গৃহে সচ্ছন্দে ও
৫ আপন অট্টালিকাতে বর্ত্তমান ছিলাম। আমাকে
ভীত করিল যে এক স্বপ্ন তাহা আমি দেখিলাম এবং

Digitized by Google

আমার শয্যায় যে চিন্তা ও আমার মস্তকেতে দৃষ্ট
৬ দর্শন আমাকে ব্যাকুল করিল। অতএব তাহারা সে
স্বপ্নের অর্থ করিবে এই কারণ বাবেলের সকল পণ্ডি
তেরদিগকে আমার সাক্ষাতে আনিতে আমি আজ্ঞা
৭ করিলাম। তখন যাদুগরেরা ও দৈবজ্ঞেরা ও
কাশ্দীয়েরা ও গণকেরা ভিতরে আইল এবং আমি
তাহারদের সাক্ষাতে স্বপ্নের কথা কহিলাম কিন্তু
৮ তাহারা তাহার অর্থ আমাকে জানাইল না। শেষে
আমার দেবের নামানুসারে বেল্‌তেশস্‌র নামে ও
যাহার মধ্যে ধার্ম্মিক দেবেরদের আত্মা এমন যে দানি
এল তিনি আমার সাক্ষাতে আইলেন ও আমি তাহার
৯ গোচরে স্বপ্ন জানাইলাম। হে যাদুগরেরদের পতি যে
বেল্‌তেশস্‌র ধর্ম্মদেবেরদের আত্মা তোমার মধ্যে
ও কোন গুপ্ত বিষয় তোমাকে ব্যামোহ দেয় না এই
জন্যে আমি যে স্বপ্ন দেখিয়াছি সে দর্শন ও তাহার
১০ অর্থ আমাকে জানাও। আমার শয্যায় আমার
মাথাতে দৃষ্ট দর্শন এইরূপ আমি অবলোকন করি
লাম ও দেখ পৃথিবীর মধ্যে এক বৃক্ষ ও তাহার উচ্চতা
১১ বড়। সে বৃক্ষ বাড়িল ও বলবান হইল ও তাহার
উচ্চতা স্বর্গস্পর্শ ও তাহার দর্শন পৃথিবীর অত্যন্ত
১২ সীমা পর্য্যন্ত গেল। তাহার পত্র সুন্দর ও তাহার
ফল অনেক ও তাহার মধ্যে সকলের নিমিত্তক
ভক্ষ্য মাঠের পশুরা তাহার নীচে ছায়া পাইল ও
আকাশের পক্ষি তাহার শাখার মধ্যে বাস করিল ও
১৩ তাহাতে সকল প্রাণী আহার প্রাপ্ত ছিল। আমার

Digitized by Google

শয্যায় এ যে আপন মাথাতে দৃষ্ট দর্শন তা অবলোকন
করিলাম এবং দেখ এক জন চৌকিদার ও পবিত্র জন
১৪ স্বর্গ হইতে নামিল। সে উচ্চস্বরে ডাকিল
ও কহিল যে বৃক্ষ ছেদন কর এবং তাহার ডাল কাটিয়া
ফেল তাহার পত্র ঝাড়িয়া ফেল ও তাহার ফল ছড়াইয়া
দেও পশুরা তাহার নীচহইতে ও পক্ষীরা তাহার শাখা
১৫ হইতে যাউক। কিন্তু মাটির মধ্যে তাহার মূলের মধ্যে
লোহা ও পিতলের বাঁধনেতে বদ্ধ তাহার গোড়া থাকুক
সে আকাশের শিশিরেতে ভিজা থাকুক ও ভূমি ঘাসের
ঘাসের মধ্যে পশুরদের সহিত তাহার অংশ থাকুক।
১৬ তাহার অন্তঃকরণ মনুষ্যের অন্তঃকরণের অন্যপ্রকার
করা যাউক ও পশুর অন্তঃকরণ তাহাকে দেওয়া যাউক
১৭ ও সাত কাল তাহার উপরে বহিয়া যাউক। মহত্তম
ঈশ্বর যিনি তিনি মনুষ্যের রাজ্যে কর্ত্তৃত্ব করেন ও
যাহাকে ইচ্ছা করেন তাহাকে তাহা দেন ও অতি পামর
লোক তাহার উপরে নিযুক্ত করেন জীবতেরা ইহা জ্ঞাত
হয় এই কারণ এ বিষয় চৌকিদারদের নিয়মেতে
আছে ও এ প্রতিজ্ঞা ধার্ম্মিকেরদের বাক্যেতে আছে।
১৮ নবুকদ্‌নেজ্জোর রাজা যে আমি এ স্বপ্ন দেখিয়াছি
এখন হে বেল্‌তশাসর তুমি তাহার অর্থ জানাও
কেননা আমার রাজ্যের যে সকল পণ্ডিতেরা তাহারা
তাহার অর্থ জানাইতে পারে না কিন্তু তুমি পার কেননা
পবিত্র দেবেরদের আত্মা তোমার মধ্যে আছে।
১৯ তখন বেল্‌তশাসর নামে যে দানিএল তিনি এক
দণ্ড পর্য্যন্ত বিস্ময়াপন্ন ছিলেন ও তাহার চিন্তা তাহা

Digitized by Google

কে ব্যাকুলিত করিল রাজা কহিয়া বলিল হে যে
বেল্তেশাসর এ স্বপ্ন কিম্বা তাহার অর্থ তোমাকে
ব্যাকুলিত না করুক। বেল্তেশাসর প্রত্যুত্তর করিয়া
কহিল যে হে আমার প্রভু যাহারা তোমাকে ঘৃণা করে
তাহারদের এ স্বপ্ন হওক ও তাহার অর্থ তোমার
২০ শত্রুরদের প্রতি হওক। যাহা বাড়িল ও বলবান
ছিল যাহার মাথা গগন স্পর্শ করিল ও যাহার প্রকাশ
২১ সকল পৃথিবীতে গেল। যাহার পত্র সুন্দর ও ফল
অনেক যাহার মধ্যে সকলের ভক্ষ্য যাহার তলে
মাঠের পশুরা বাস করিল ও যাহার শাখার ওপরে
২২ আকাশের পক্ষিরদের বাসা থাকিল এমন যে বৃক্ষ
হে মহারাজ সে তুমি তুমি বাড়িয়াছ ও বলবান
হইয়াছ কেননা তোমার মহিমা স্বর্গ স্পর্শ করে ও
২৩ তোমার কর্ত্তৃত্ব পৃথিবীর সীমা পর্য্যন্ত যায়। স্বর্গ
হইতে নামিতে ও বৃক্ষ ছেদন কর ও নষ্ট কর
কিন্তু মাঠের ঘাসে লোহার ও পিত্তলের বন্ধনে
বাঁধা তাহার শিকড়ের গোড়া পৃথিবীতে রাখ সে
আকাশের শিশিরেতে ভিজা থাওক ও যে পর্য্যন্ত
সাত কাল তাহার ওপরে বহিয়া না যায় সে পর্য্যন্ত
তাহার অংশ মাঠের পশুরদের সহিত হওক এইং
কথা কহিতে ও এক জন চৌকিদার ও পুণ্যবানকে
২৪ তুমি দেখিয়াছ। ইহাতে হে মহারাজ এই তাহার
অর্থ এবং আমার প্রভু মহারাজের ওপরে আসি
২৫ য়াছে যে মহত্তম ঈশ্বরের নিয়ম সে এই। তাহারা

তোমাং

Digitized by Google

তোমাকে মনুষ্যেরদের মধ্যহইতে খেদাইয়া দিবে ও
তোমার নিবাস মাঠের পশুরদের সহিত হইবে এবং
তাহারা বলদেরদের ন্যায় তোমাকে ঘাস খাওয়াইবে
ও তোমাকে আকাশের শিশিরেতে ভিজাইবে এবং
মনুষ্যেরদের রাজ্যের মধ্যে যিনি যে কর্ত্তৃত্ব করেন
ও যাহাকে ইচ্ছা করেন তাহাকে তাহা যে দেন তুমি যে
পর্য্যন্ত ইহা না জান সে পর্য্যন্ত সাত কাল তোমার
২৬ উপরে বহিয়া যাইবে। এবং তাহারা বৃক্ষের মূলের
গোড়া রাখিতে আজ্ঞা দিল ইহাতে স্বর্গ যে কর্ত্তৃত্ব
করে তুমি ইহা জ্ঞাত হইলে তোমার রাজ্য যে তোমার
২৭ জন্যে নিশ্চিত থাকিবে ইহা জানিবা। অতএব হে
মহারাজ আমার পরামর্শ তোমার নিকটে গ্রাহ্য
হওক এবং যাথার্থ্যের দ্বারে আপন পাপ ত্যাগ কর
ও দরিদ্রেরদিগকে দয়া করাতে আপন অযাথার্থ্য
ত্যাগ কর কি জানি যে তাহাতে তোমার সুখের
অধিক থাকা হইবে।
২৮ এ সকলে নবুকদনাৎসোর রাজাকে ঘটিল। বারো
২৯ মাসের অন্তে তিনি বাবেল রাজ্যের রাজপুরীতে
৩০ বেড়াইতেছিলেন রাজা এ কথা কহিয়া বলিল আমি
আপন প্রভাবের বলেতে ও আপন মহিমার মানের
কারণ রাজ্যের রাজধানী হইবার নিমিত্তে যে মহা
৩১ বাবেল গাঁথাইয়াছি সে কি এই নয়। সে বাক্য
রাজার মুখে হইবা মাত্রে স্বর্গহইতে এক শব্দ পড়িল
যে হে নবুকদনাৎসোর রাজা তোমার বিষয়ে এ কথিত
৩২ আছে রাজ্য তোমাহইতে গিয়াছে। ও তাহারা

Digitized by Google

তোমাকে মনুষ্যেরদের নিকটহইতে খেদাইয়া দিবে
ও তোমার নিবাস মাঠের পশুরদের সহিত হইবে তাহারা
বলদেরদের ন্যায় তোমাকে ঘাস খাওয়াইবে এবং
মহত্তম ঈশ্বর মনুষ্যেরদের রাজ্যের মধ্যে যে কর্ত্তৃত্ব
করেন ও যাহাকে তাঁহার ইচ্ছা তাহাকে যে তাহা দেন
তুমি যে পর্য্যন্ত ইহা না জান সে পর্য্যন্ত সাত কাল তো
৩৩ মার উপরে বহিয়া যাইবে। সে দণ্ডে সে দশা নবকদ্
নাৎসোরের উপরে প্রত্যক্ষ হইল ও তিনি মনুষ্যেরদের
নিকটহইতে খেদান গিয়াছেন ও বলদেরদের মত
ঘাস খাইলেন এবং তাঁহার লোম পশুর পক্ষির ন্যায়
ও তাহার নখ পক্ষিরদের নখের ন্যায় যে পর্য্যন্ত না
হইল সে পর্য্যন্ত তাহার শরীর আকাশের শিশিরেতে
৩৪ ভিজা গেল। সে সকল দিনের অন্তে নবকদ্
নাৎসোর যে আমি আপন চক্ষু স্বর্গের প্রতি ওঠাইলাম
ও আমার বুদ্ধি আমার কাছে ফিরিয়া আইল
এবং আমি মহত্তম ঈশ্বরকে ধন্যবাদ করিলাম ও
যাহার কর্ত্তৃত্ব অনন্ত কর্ত্তৃত্ব ও যাহার রাজ্য পুরুষং
৩৫ অনুক্রমে স্থায়ী ও যাহার কাছে পৃথিবীর সকল
নিবাসীরা অবস্তুতারূপ মান্য যায় ও যিনি স্বর্গের
সৈন্যে ও পৃথিবীনিবাসিরদের মধ্যে আপন ইচ্ছা
নুসারে করেন এবং কেহ তাঁহার হাত বারণ করিতে
পারে না ও তুমি কি কার্য্য কর এই কথা তাহাকে
কহিতেও পারে না এমন যে নিত্যজীবী তাঁহাকে
৩৬ স্তুতি ও সন্মান করিলাম। সে সময়ে আমার বুদ্ধি
পুনর্ব্বার আমার কাছে আইল এবং আমার রাজ্যের

Digitized by Google

ঐশ্বর্য্যের নিমিত্তে আমার সম্ভ্রম ও তেজ আমার কাছে
ফিরিয়া আইল ও আমার মন্ত্রীরা ও আমার অমাত্যে
রা আমার চেষ্টা করিল ও আমি আপন রাজ্যে স্থির
করা গেলাম ও উত্তম মহত্ত্ব আমাকে দেওয়া গেল।
৩৭ এখন নবকদ্নাসোর যে আমি যাহার সকল ক্রিয়া
সত্য ও তাহার পথ বিচার ও যাহারা গর্ব্বাচরণ করে
তাহারদিগকে নামাইতে পারেন এখন যে স্বর্গের
রাজা তাঁহার স্তব ও প্রশংসা ও সম্ভ্রম করি।

পর্ব্ব ৫ বেল্শাসর রাজা আপন সহস্র অমাত্যের জন্যে
বড় ভোজ প্রস্তুত করিল ও সে সহস্রের সম্মুখে
২ দ্রাক্ষা রস পান করিল। বেল্শাসর যে সময়ে দ্রাক্ষা
রস আস্বাদন করিল সে সময়ে আপন পিতা নবকদ্না
সোর যে স্বর্ণের ও রূপার পাত্র যিরোশলমস্থ মন্দির
হইতে আনিয়াছিল রাজা ও তাহার অধ্যক্ষেরা ও
তাহার স্ত্রীরা ও তাহার চেমনীরা তাহাতে পান করে
৩ এই জন্যে সে পাত্র আনিতে আজ্ঞা করিলেন। তখন
ঈশ্বরের যিরোশলমস্থ মন্দিরহইতে নীত ছিল যে
স্বর্ণের পাত্র সে পাত্র তাহারা আনিল এবং রাজা ও
তাহার অধ্যক্ষেরা ও তাহার স্ত্রীরা ও তাহার চেম
৪ নিরা তাহাতে পান করিল। তাহারা দ্রাক্ষা রস
পান করিল ও স্বর্ণ ও রূপা ও পিতল ও লোহা ও
কাষ্ঠ ও প্রস্তরময় প্রতিমাবদের স্তব করিল।
৫ সেই দণ্ডে মনুষ্যের হাতের অঙ্গুলি বাহির হইল ও
রাজবাটীর দেওয়ালের লেপনের উপরে সামাদানের
সম্মুখে লেখিল এবং হাতের যে ভাগ লেখিল তাহা

Digitized by Google

৬ রাজা দেখিল। তখন রাজার মুখ বিকৃত হইল ও যাহাতে
তাহার কোমরের গিরা সিথিল হইল ও তাহার হাটু হাটুতে
লাগিল এমন তাহার চিন্তা তাহাকে ব্যাকুলিত করিল।
৭ রাজা উচ্চৈস্বরে জ্যোতিষিকেরদিগকে ও কাল্দীর
দিগকে ও জাদুগরেরদিগকে ভিতরে আনিতে কহিলেন।
রাজা কহিয়া বাবেলের পণ্ডিতেরদিগকে বলিলেন যে কেহ
এ লেখন পড়িবে ও তাহার অর্থ আমাকে জানাইবে
সে কির্ম্মিজ বস্ত্রে বস্ত্রান্বিত হইবে ও তাহার গলায়
স্বর্ণের জিঞ্জির দেওয়া যাইবে ও রাজ্যের মধ্যে সে
৮ তৃতীয় কর্ত্তা হবে। তখন রাজার সকল পণ্ডিতেরা
ভিতরে আইল কিন্তু তাহারা সে লিপি পড়িতে পারিল না
৯ ও রাজাকে তাহার অর্থ জ্ঞাত করিতে পারিল না। তখন
বেল্শাস্সর রাজা বড় ব্যাকুলিত ছিল ও তাহার মুখ
বিকৃত ছিল ও তাহার অমাত্যেরা বিস্ময়াপন্ন ছিল।
১০ রাজার ও তাহার অধ্যক্ষেরদের কথাতে রাণী
ভোজন শালায় আইল রাণী কহিয়া এ কথা বলিলেন
হে মহারাজ চিরকাল বাঁচুন তোমার চিন্তা তোমাকে
ব্যাকুলিত না করুক ও তোমার মুখ বিকৃত না হওক।
১১ যাহার মধ্যে ধার্ম্মিক দেবেরদের আত্মা এমন তোমার
রাজ্যে এক জন আছে। এবং তোমার পিতার কালে
দেবেরদের জ্ঞানের তুল্য দীপ্তি ও বুদ্ধি ও জ্ঞান
তাহার মধ্যে পাওয়া গেল রাজা যাহার নাম বেল্তেশাস্সর
রাখিল এমন যে সেই দানিএল তাহার মধ্যে উত্তম
আত্মা ও জ্ঞান ও স্বপ্নের অর্থকারী ও কঠিন বাক্য
প্রকাশকারী ও সন্দেহ নাশকারী বুদ্ধি তাহার মধ্যে

Digitized by Google

১২ পাওয়া গেল সে কারনে রাজা তোমার পিতা অর্থাৎ—
তোমার পিতা নবকদ্‌নাসোর রাজা তাহাকে বিদ্বানের
দের ও জ্যোতিষিকেরদের ও কাল্‌দীয়েরদের ও জাদুগ
রেরদের প্রধান নিযুক্ত করিলেন অতএব দানিএল তাকা
১৩ যাওল ও তিনি ইহার অর্থ জানাইবেন। তখন দানি
এল রাজার সাক্ষাতে আনা গেল রাজা কথা কহিয়া
দানিএলকে ইহা বলিল রাজা যে আমার পিতা তিনি
য়িহোদা দেশহইতে যাহাকে আনিলেন য়িহোদার দাসত্ব
গ্রস্তেরদের মধ্যে এমন যে দানিএল তুমি কি সেই।
১৪ দেবেরদের আত্মা যে তোমার মধ্যে ও দীপ্তি ও বুদ্ধি
ও উত্তম জ্ঞান যে তোমার মধ্যে প্রাপ্ত আছে ইহা
১৫ আমি তোমার বিষয়ে শুনিয়াছি। সম্প্রতি
এ লিখন পাঠ করিবার কারন ও তাহার অর্থ আমার
গোচরে জানাইবার কারন পণ্ডিতেরা ও জ্যোতিষজ্ঞেরা
আমার সাক্ষাতে আনা গিয়াছে কিন্তু তাহারা সে
১৬ বিষয়ের অর্থ জানাইতে পারিল না। ও তুমি যে
অর্থ করিতে পার ও সন্দেহ নাশ করিতে পার ইহা
তোমার বিষয়ে আমি শুনিয়াছি অতএব এখন যদি
তুমি এ লিখনের পাঠ করিতে পার ও তাহার অর্থ
আমার গোচর করিতে পার তবে তুমি কিৰ্ম্মিস বস্ত্রে
বস্ত্রান্বিত হইবা ও গলায় স্বর্নের হারে ভূষিত হইবা
ও রাজ্যে তৃতীয় কর্ত্তা হইবা।—

১৭ তখন দানিএল প্রত্যুত্তর করিয়া রাজার সাক্ষাতে
ইহা বলিল তোমার দান তোমার কাছে থাকুক ও
তোমার প্রসাদ অন্য কাহাকে দেও তথাপি আমি রাজার

Digitized by Google

সাক্ষাতে লিখন পাঠ করিব ও তাহার অর্থ তাহার
১৮ কাছে জানাইব। হে মহারাজ যে তুমি মহত্তম ঈশ্বর
তোমার পিতা নবকদ্‌নাজ্জারকে রাজ্য ও মহিমা ও তেজ
১৯ ও সম্ভ্রম দিলেন। ও তিনি যে মহিমা তাহাকে দিলেন
তৎপ্রযুক্ত সকল লোক ও জাতি ও ভাষা তাহার
সম্মুখেতে কাঁপিল ও ভয় করিল তিনি যাহকে ইচ্ছা
করিলেন তাহাকে মারিলেন ও যাহাকে ইচ্ছা করিলেন
তাহাকে বাঁচাইয়া রাখিলেন ও যাহাকে ইচ্ছা করিলেন
তাহাকে উচ্চ পদস্থ করিলেন ও যাহাকে ইচ্ছা করিলেন
২০ তাহাকে পদভ্রষ্ট করিলেন। কিন্তু তাহার অন্তঃ
করণ গর্ব্বিত ও তাহার মন অহংকারেতে কঠিন
হইলে সে আপন রাজকীয় সিংহাসন ভ্রষ্ট হিলেন
ও তাহারা তাহার তেজ তাহাহইতে লইল। ও তিনি
২১ মনুষ্যের সন্তানেরদের মধ্যহইতে খেদান গেলেন ও
তাহার অন্তঃকরণ পশুরদের মত করা গেল ও তাহার
নিবাস বন্য গাধারদের সহিত ছিল ও তাহারা
তাহাকে বলদেরদের ন্যায় ঘাস খাওয়াইল ও মহত্তম
ঈশ্বর মনুষ্যেরদের রাজ্যে কর্ত্তৃত্ব যে করেন ও যে
যাহাকে ইচ্ছা করেন তাহাকে তাহার উপরে নিযুক্ত
যে করেন সে যে পর্য্যন্ত ইহা না জানিল সে পর্য্যন্ত
তাহার শরীর আকাশের শিশিরেতে ভিজা গেল।
২২ এবং তাহার বেল্‌শাসর পুত্র যে তুমি এই সকল
জ্ঞাত হইলেও আপন অন্তঃকরণ নম্র না করিয়াছ
২৩ কিন্তু স্বর্গীয় পরমেশ্বরের বিরুদ্ধে আপনাকে বড়
করিয়াছ ও তাহারা তাহার ঘরের পাত্র তোমার

Digitized by Google

সম্মুখে আনিয়াছে ও তুমি ও তোমার অধ্যক্ষেরা ও
তোমার স্ত্রীরা ও তোমার উপপত্নীরা তাহাতে দ্রাক্ষা
রস পান করিয়াছ এবং দেখে না শুনে না ও বুঝে
না যে রূপার ও স্বর্ণের ও পিত্তলের ও লোহার ও
কাষ্ঠের ও পাথরের প্রতিমা তাহারদের প্রশংসা
করিয়াছ এবং যে ঈশ্বরের হাতে তোমার নিশ্বাস ও
তোমার সকল গতি তাঁহার প্রশংসা তুমি কর নাই।
২৪ তখন তাঁহার নিকটহইতে হাতের অংশ প্রেরিত
হইল ও এই লিপি লেখা গেল।
২৫ এই যে লিখিত লিপি মেনে মেনে তেকল ও
ফার্সিন। এই যে বাক্যের অর্থ মেনে ঈশ্বর তোমার
২৬ রাজ্যের গণনা করিয়াছেন ও তাহার শেষ করিয়াছেন।
২৭ তেকল তুমি ওজনেতে তৌল হইয়াছ ও কম জানা
২৮ গিয়াছ। পরস তোমার রাজ্য বিভক্ত আছে এবং
মাদীয়েরদিগকে ও পারসীয়দিগকে দেওয়া গিয়াছে।
২৯ তখন বেলশাসর আজ্ঞা করিল ও তাহারা দানিয়েলকে
কিরমিজ বস্ত্রে বস্ত্রান্বিত করিল ও তাহার গলায় স্বর্ণের
হার দিল ও তিনি রাজ্যের তৃতীয় কর্ত্তা হন এই
ঘোষণা তাহার বিষয়ে করিল।
৩০ সে রাত্রিতে কাল্দীয়েরদের বেলশাসর রাজা মারা
৩১ গেল। ও দারা মাদীয় বাষট্টি বৎসর বয়সে রাজ্য গ্রহণ
করিল।
পর্ব্ব সকল দেশের উপরে যে থাকিবে এমত একশত
৬ কুড়ি অধ্যক্ষ নিযুক্ত করিতে এবং অধ্যক্ষেরা তাহার
দিগকে সমাচার দেয় ও রাজার কিছু ক্ষতি না হয় এই

Digitized by Google

২ নিমিত্তে যাহারদের মধ্যে দানিএল যাহারা এমন তিন জন
প্রধান ও তাহারদের উপরে নিযুক্ত করিতে দারার মনস্থ
৩ ছিল। তখন এ দানিএলের মধ্যে উত্তম আত্মা পাওয়া
গেল এই জন্যে তিনি সকল প্রধানেরদের ও অধ্যক্ষের
দের উপরে নিযুক্ত করা গেলেন ও তাঁহাকে সকল
দেশের উপরে নিযুক্ত করিতে রাজা মনে করিলেন।
৪ তখন সে প্রধানেরা ও অধ্যক্ষেরা রাজ্যের বিষয়
কিছু দানিএলের বিরুদ্ধে পাইতে চেষ্টা করিল কিন্তু
কোন অপরাধনীয় বিষয় কিম্বা ত্রুটি পাইতে পারিল না
কেননা তিনি বিশ্বস্ত ও তাঁহার মধ্যে কোন ভ্রম কিম্বা
৫ দোষ পাওয়া গেল না। তখন সে মানুষেরা বলিল যে
তাঁহার ঈশ্বরের ব্যবস্থার বিষয়ে যদি আমরা এ দানিএ
লের বিরুদ্ধে কিছু না পাই তবে তাঁহার বিরুদ্ধে কিছু
৬ পাইব না। তখন এ প্রধানেরা ও অধ্যক্ষেরা একত্র
হইয়া রাজার নিকটে আইল এবং তাঁহাকে এ কথা
৭ কহিল যে হে দারা রাজ চিরকাল বাঁচুন। হে মহা
রাজ ত্রিশ দিন পর্য্যন্ত যে কেহ তোমাব্যতিরেক কোন
দেবের কিম্বা মনুষ্যের কাছে কিছু প্রার্থনা করে সে
সিংহের খাদে যে ফেলা যায় এই রাজকীয় আজ্ঞা স্থির
করিতে ও এক নিয়ম দৃঢ় করিতে রাজ্যের সকল প্রধা
নেরা ও শাসনকর্ত্তারা ও অধ্যক্ষেরা ও মন্ত্রিরা ও সেনা
৮ পতিরা একত্র হইয়া মন্ত্রণা করিয়াছে। অতএব যাহার
অন্যথা না হয় এমন যে মাদীয়েরদের ও পারসীয়ের
দের ব্যবস্থা তদনুসারে ইহাতে অন্যথা না হয়
[illegible]

Digitized by Google

এই কারণ সে নিয়ম স্থির কর ও লিপি স্বাক্ষর কর।
৯ অতএব দারা রাজা সে লিপি ও নিয়ম স্বাক্ষর করিল।
১০ এই লিপি যে স্বাক্ষর হইল তখন দানিএল ইহা জ্ঞাত
হইয়া ও আপন ঘরে গেলেন ও তাঁহার কোঠরির
জানালা যিরূশালমের দিগে খোলা হইলে পূর্ব্বে
যেমন করিতেন তেমন দিনে তিনবার হাঁটু গাড়িলেন
ও প্রার্থনা করিলেন ও আপন ঈশ্বরের সাক্ষাতে
১১ ধন্যবাদ করিলেন। তখন এ মনুষ্যেরা একত্র
আইল এবং প্রার্থনা করিতে ও আপন ঈশ্বরের
১২ সাক্ষাতে মিনতি করিতে দানিএলকে পাইল। তখন
তাহারা নিকটে আইল ও রাজার সাক্ষাতে রাজার
আজ্ঞার বিষয়ে কহিল হে মহারাজ যে প্রত্যেক জন
ত্রিশ দিন পর্য্যন্ত তোমাব্যতিরেক কোন দেবের কিম্বা
মানুষের কাছে কিছু প্রার্থনা করে সে সিংহের
খাদে যে ফেলা যায় এ অর্থে আপনি এক আজ্ঞা
পত্র কি স্বাক্ষর করেন নাই? রাজা প্রত্যুত্তর করিয়া
কহিল সত্য যাহার অন্যথা নয় এবং যে মাদীয়ের
দের ও পারসীয়েরদের ব্যবস্থানুসারে আমি তাহা
১৩ করিয়াছি। তখন তাহারা প্রত্যুত্তর করিয়া রাজার
সাক্ষাতে কহিল হে মহারাজ যিহূদার দাসত্বযুক্ত
সন্তানদের যে দানিএল সে তোমাকে এবং তুমি যে
আজ্ঞা পত্র স্বাক্ষর করিয়াছ তাহা ও মানে না কিন্তু
১৪ দিনে তিনবার প্রার্থনা করে। রাজা এ কথা
শুনিয়া আপনার উপরে বড় বিরক্ত হইল এ দানিএলকে
উদ্ধার করিবার তরে তাহার প্রতি মনোযোগ করিল

Digitized by Google

এবং সূর্য্যের অস্ত যাওন পর্য্যন্ত তাহাকে রক্ষা করিতে
১৫ বড় যত্ন করিল। তখন সে মনুষ্যেরা একত্র হইয়া
রাজাকে কহিল হে মহারাজ রাজা যে কোন আজ্ঞা
কিম্বা ব্যবস্থা স্থির করেন তাহার অন্যথা যে হইতে
পারিবে না মাদীয়েরদের ও পারসীয়েরদের ব্যবস্থা এই
১৬ ইহা জানিবেন। তখন রাজা আজ্ঞা করিলেন ও
তাহারা দানিএলকে আনিল ও সিংহের খাদে
ফেলিল। রাজা দানিএলকে কহিলেন যাঁহার সেবা
তুমি নিত্য কর এমন যে তোমার ঈশ্বর তিনি তোমাকে
১৭ রক্ষা করিবেন। এক পাথর আনীত ও দিল ও
খাদের মুখে থোয়া গেল এবং দানিএলের বিষয়ক
নিশ্চয়ের অন্যথা না হয় এই জন্যে রাজা আপন
মোহরেতে ও আপন অধ্যক্ষেরদের মোহরেতে তাহা
অঙ্কিত করিলেন।

১৮ তখন রাজা আপন রাজপুরীতে গেলেন ও উপবাসে
সে রাত্রি ক্ষেপণ করিলেন ও বাদ্য তাহার সাক্ষাতে
আনা গেল না ও তাহার নিদ্রা হইল না। তখন
১৯ রাজা প্রত্যুষে উঠিলেন এবং অতি ত্বরায় সিংহের
২০ খাদে গেলেন। এবং খাদের নিকটে পঁহুছিয়া
তিনি বিলাপযুক্ত শব্দেতে দানিএলকে সম্বোধন
করিলেন। রাজা কহিয়া এ কথা দানিএলকে
বলিলেন হে দানিএল জীবৎ ঈশ্বরের সেবক তুমি
যাঁহার সেবা নিত্য কর এমন যে তোমার ঈশ্বর তিনি
কি তোমাকে সিংহেরদের মুখহইতে রক্ষা করিতে
২১ পারেন?। তখন দানিএল রাজাকে কহিলেন হে

Digitized by Google

২২ মহারাজ চিরকাল বাঁচুন। আমার ঈশ্বর আপন
দূতকে পাঠাইয়াছেন এবং সিংহেরা আমাকে
হিংসা না করে এই নিমিত্তে তাহারদের মুখ বন্ধ
করিয়াছেন কেননা তাঁহার সাক্ষাৎ নির্দ্দোষতা
আমাতে দেখা পাওয়া গেল ; এবং হে মহারাজ
আপনকার সাক্ষাতে ও আমি কিছু দোষ করি নাই।
২৩ তখন রাজা তাহার বিষয়ে অতি আহ্লাদিত ছিলেন
এবং আজ্ঞা করিলেন যে তাহারা দানিএলকে খাদ
হইতে উঠায় অতএব দানিএল খাদ হইতে উঠান
গেলেন এবং তিনি আপন ঈশ্বরে বিশ্বাস করিলেন
এই জন্যে কোন ক্ষতি তাঁহার উপরে পাওয়া গেল না।
২৪ পরে রাজা আজ্ঞা করিল, এবং যে লোকেরা
দানিএলের অপবাদ করিয়াছিল তাহারদিগকে ও
তাহারদের বালকেরদিগকে ও তাহারদের ভার্য্যার
দিগকে তাহারা সিংহের খাদে ফেলিয়া দিল, তাহাতে
সিংহেরা তাহারদিগকে জয় করিল ও তাহারা খাদের
নীচে না গেলে তাহারদের সকল হাড় চূর্ণ করিল।
২৫ তখন দারা রাজা পৃথিবী সর্ব্বত্র নিবাসীরদিগকে
ও ভিন্ন জাতীয়েরদিগকে ও ভাষীরদিগকে পত্র লেখিলেন
২৬ তোমারদের মঙ্গল আরো অধিক হউক। আমি
আজ্ঞা করি যে আমার রাজ্যের সকল জিলায়
লোকেরা দানিএলের ঈশ্বরের সাক্ষাতে কাঁপে ও ভয়
করে কেননা তিনি জীবৎ ঈশ্বর ও নিত্য স্থায়ী ও
তাহার রাজ্য অবিনাশ্য ও তাহার কর্ত্তৃত্ব শেষ
২৭ পর্য্যন্ত থাকিবে। তিনি নিস্তার করেন ও উদ্ধার

Digitized by Google

করেন এবং স্বর্গে ও পৃথিবীতে চিহ্ন ও আশ্চর্য্য
ক্রিয়া করেন ও তিনি দানিএলকে সিংহেরদের
২৮ পরাক্রমহইতে রক্ষা করিয়াছেন। অতএব এ
দানিএল দারার ও কোরেশ পারসীয়ের অধিকারে
ভাগ্যবান ছিলেন।

৭ পর্ব্ব বাবেলের বেলশাসরের রাজার প্রথম বৎসরে দানিএ
লের স্বপ্ন হইল এবং তাহার শয্যার উপরে তাহার
দর্শন হইল তখন তিনি সে স্বপ্ন লেখিলেন ও সে
২ বিষয়ের সমূহ প্রকাশ করিলেন। দানিএল এ কথা
কহিয়া বলিলেন যে আমি রাত্রেতে আপন দর্শনে
দেখিলাম এবং দেখ আকাশের চারি বায়ু বড়
৩ সমুদ্রের উপরে যুদ্ধ করিল। এবং সমুদ্রহইতে
৪ পরস্পর ভিন্ন চারি বড় জন্তু উঠিল। প্রথম জন্তু
সিংহের মত ও তাহার নখর পক্ষির পাখা ছিল
তাহার পাখা যে পর্য্যন্ত নিষ্পক্ষ করা না গেল ও সে
যে পর্য্যন্ত পৃথিবীহইতে উথিত ও মনুষ্যের মত পায়ে
না দাঁড়াইল ও মনুষ্যের অন্তঃকরণ যে পর্য্যন্ত তাহা
কে দেওয়া না গেল সে পর্য্যন্ত আমি দেখিলাম।
৫ পরে দেখ ভালুকের মত আর এক দ্বিতীয় জন্তু হইল ও
সে আপন এক পার্শ্বে আপনাকে উঠাইল তাহার মুখের
মধ্যে দন্তের মধ্যখানে তিন পঞ্জর ছিল এবং তাহারা
তাহাকে কহিল যে উঠ বহু মাংস খাইয়া ফেল।
৬ ইহার পরে আমি দৃষ্টি করিলাম ও দেখ যাহার পৃষ্ঠের
উপরে পক্ষির চারি পাখা থাকে এমন আর এক
ব্যাঘ্রের ন্যায় জন্তু উপস্থিত সে জন্তুর ও চারি মাথা

Digitized by Google

৭ ও তাহাকে কর্ত্তৃত্ব দেওয়া গেল। ইহার পর
আমি রাত্রিকালীন দর্শনে দেখিলাম ও দেখ দুরন্ত
ও ভয়ঙ্কর ও অতিশয় বলবান চতুর্থ জন্তু উপস্থিত ও
তাহার বড় লোহার দন্ত সে খাইয়া ফেলিল ও ভাঙ্গিয়া
ফেলিল ও আপন পায়েতে অবশিষ্টকে আঘাত করিল
সে জন্তু আপন পূর্ব্ববর্ত্তী সকল জন্তুরদের হইতে ভিন্ন ও
৮ তাহার দশ শৃঙ্গ। আমি সে শৃঙ্গ বিচার করিলাম ও
দেখ যাহার সম্মুখে প্রথম শৃঙ্গেরদের তিন শৃঙ্গ সমূল
উৎপাটিত ছিল এমন আর এক ক্ষুদ্র শৃঙ্গ তাহারদের
মধ্যে উঠিল এবং দেখ ঐ শৃঙ্গে মনুষ্যেরদের চক্ষুর ন্যায়
চক্ষু ও বড় বিষয়বাদী এক মুখ ছিল।
৯ সিংহাসনেরা যে পর্য্যন্ত অধঃপাতিত না হইল ও
যাঁহার বস্ত্র বরফের মত ধবল ও যাঁহার মস্তকের
কেশ অতি পরিষ্কৃত ঊর্ণার মত এমন যে দিনময় বৃদ্ধ
তিনি যে পর্য্যন্ত না বসিলেন সে পর্য্যন্ত আমি দেখি
লাম। দিনময় বৃদ্ধের সিংহাসন অগ্নিময় শিখার
১০ ন্যায় ও তাহার চক্র জ্বলন্ত অগ্নির মত। তাহার
সম্মুখহইতে অগ্নিময় স্রোত বহিল ও * নির্গত হইল।
সহস্র২ তাহার সেবা করিল ও দশ সহস্র গুণ দশ
সহস্র তাহার সম্মুখে দাঁড়াইল বিচার নিরূপিত ছিল
১১ ও পুস্তক খোলা গেল। সে শৃঙ্গ যে বড় কথা কহিল
তাহার জন্যে আমি দৃষ্টি করিলাম সে জন্তু যে পর্য্যন্ত
হত না হইল ও তাহার শরীর যে পর্য্যন্ত দাহক
শিখাকে দত্ত না হইল সেই পর্য্যন্ত আমি দৃষ্টি

---

* অর্থাৎ ঈশ্বর।

Digitized by Google

১২ করিলাম। আর২ জন্তুগণের বিষয়ে এই২ তাহার
দের কর্ত্তৃত্ব আচ্ছন্ন ছিল কিন্তু নিরূপিত কাল ও অব
১৩ কাশ পর্য্যন্ত তাহারদের জীবন রাখা গেল। আমি
রাত্রি কালীন দর্শনে দেখিলাম ও দেখ মনুষ্যের
সন্তানের ন্যায় এক জন আকাশের মেঘে আইল
এবং দিনময় বৃদ্ধের নিকটে আইল ও তাহারা তাঁহা
১৪ কে তাঁহার নিকটে আনিল। এবং সকল লোকেরা
ও ভিন্ন জাতীয়েরা ও ভাষীরা তাহার সেবা করে এই
জন্যে তাহাকে কর্ত্তৃত্ব ও মাহাত্ম্য ও রাজ্য দেওয়া গেল
রহিয়া না যাবে এমন নিত্যস্থায়ী কর্ত্তৃত্ব তাহার কর্ত্তৃত্ব
ও যাহার নাশ হবে না এমন রাজ্য তাহার হইবে।
১৫ দানিএল যে আমি আপন শরীরস্থ আত্মায় শোকা
ন্বিত ছিলাম ও আমার মাথার দর্শন আমাকে ব্যাকু
১৬ লিত করিল। যাহারা নিকটে দাঁড়ায় তাহারদের
এক জনের নিকটে আমি আইলাম ও তাহাকে এ
সকলের তত্ত্ব জিজ্ঞাসা করিলাম অতএব তিনি আমাকে
কহিলেন ও এ বিষয়ের অর্থ আমাকে জানাইলেন।
১৭ এ যে চারি বড় জন্তু সে পৃথিবীহইতে উৎপাদনীয় চারি
১৮ রাজা। কিন্তু মহত্তম ঈশ্বরের পুণ্যবানেরা রাজ্য গ্রহণ
করিবে ও রাজ্য নিত্য অর্থাৎ সদাসর্ব্বকাল অধি
১৯ কার করিবে। তখন আর সকলহইতে ভিন্ন অতি
শয় ভয়ঙ্কর যাহার লোহার দন্ত ও পিত্তলের নখ ও
খাইয়া ফেলিল ও চূর্ণ করিল এবং অবশিষ্টকে পায়েতে
দলিত করিল এমন যে চতুর্থ জন্তু তাহার বিষয়ে তাহার
২০ মস্তকে যে দশ শৃঙ্গ তাহারদের ও যাহার সাক্ষাতে

Digitized by Google

ছিল পশ্চাৎ এমন উঠিল যে অন্য অর্থাৎ যাহার
চক্ষু ও বড় বিষয়বাদি মুখ ও যাহার আকার তাহার
সহবর্ত্তিরদের হইতে বলবান এমন যে শৃঙ্গ তাহার ও
২১ তত্ত্ব জানিতে চাহিলাম। আমি দেখিলাম
ও যে পর্য্যন্ত চিরস্থায়ি পুরুষ না আইলেন ও যে পর্য্যন্ত
মহত্তম ঈশ্বরের পুণ্যবানেরদের পক্ষে বিচার দেওয়া
২২ গেল না ও পুণ্যবানেরা রাজ্যাধিকার পায় যে কালে
সে কাল যে পর্য্যন্ত না আইল সে পর্য্যন্ত সে শৃঙ্গ
পুণ্যবানেরদের সহিত যুদ্ধ করিল ও তাহারদিগকে
২৩ জয় করিল। তিনি এমন কহিলেন চতুর্থ জন্তু যে সে
সকল রাজ্য হইতে ভিন্ন ও পৃথিবীকে খাইয়া ফেলিবে
ও দলিয়া ফেলিবে ও চূর্ণ করিবে যে পৃথিবীর উপরিস্থ
২৪ চতুর্থ রাজ্য তৎস্বরূপ হইবে। এবং ঐ রাজ্য হইতে
উৎপন্ন দশ শৃঙ্গ যে সে উৎপাদনীয় দশ রাজা ও
তাহারদের পরে আর এক উঠিবে ও সে পূর্ব্বহইতে
ভিন্ন হইবে ও তিন রাজারদিগকে পরাভব করিবে।
২৫ সে মহত্তম ঈশ্বরের বিপরীতে কথা কহিবে ও মহত্তম
ঈশ্বরের পুণ্যবানেরদিগকে জীর্ণ করিবে ও নিরূপিত
কাল ও ব্যবস্থার অন্যরূপ করিতে মনে করিবে এবং
কাল ও কালেরদের ও কালের অংশ করা পর্য্যন্ত
২৬ তাহারা তাঁহার হাতে দত্ত হইবে। কিন্তু বিচার বসিবে
ও শেষপর্য্যন্ত ক্ষয় করিবার ও নাশ করিবার নিমিত্তে
২৭ তাহারা তাঁহার কর্ত্তৃত্ব হরিবে। পরে রাজ্য ও
কর্ত্তৃত্ব ও সকলত্র সমস্ত রাজ্যের মহত্ত্ব মহ
ত্তম ঈশ্বরের পুণ্যবান লোকেরদিগকে দেওয়া যাইবে

Digitized by Google

তাহার রাজ্য অনন্তস্থায়ী রাজ্য ও সকল অধিকারি
তাঁহার সেবা করিবে ও তাঁহার আজ্ঞা পালন করিবে।
২৮ এই পর্য্যন্ত ঐ বিষয়ের শেষ। দানিএল যে আমি
আমার ভাবনা আমাকে বড় ব্যাকুলিত করিল ও
আমার স্বরূপ বিকৃত ছিল কিন্তু আমি সে বিষয় আপন
অন্তঃকরণে রাখিলাম।

৮ পর্ব

বেলশৎসরের রাজার অধিকারের তৃতীয় বৎসরে
আমার কাছে প্রথমে দেখা গেল যে দর্শন তদ্ভিন্ন আর
এক দর্শন আমার কাছে অর্থাৎ দানিএল যে আমি
২ আমার কাছে দেখা গেল। আমি এক দর্শনে দেখি
লাম এবং এই মত হইল আমি যখন দেখিলাম তখন
আয়লাম জিলাতে স্থিত শুশন নামে রাজধানীতে
ছিলাম আমি এক দর্শনে দেখিলাম এবং আওলি
৩ নদীর নিকটে ছিলাম। তখন আমি আপন চক্ষু
উঠাইলাম ও দেখ শৃঙ্গবিশিষ্ট এক মেষ নদীর সম্মুখে
দাঁড়াইল সে শৃঙ্গ উচ্চ কিন্তু এক আর একহইতে উচ্চ
৪ ও উচ্চতর যে সে শেষে উঠিল। কোন পশু যাহাতে
তাহার অগ্রে দাঁড়াইতে না পারে এমন পশ্চিমদিগে
ও উত্তরদিগে ও দক্ষিণদিগে ঠেলিতে আমি সে
মেষকে দেখিলাম কেহ তাহার হাতহইতে উদ্ধার
করিতে পারিল না কিন্তু সে আপন ইচ্ছানুসারে করিল
৫ ও বড় হইল। আমি ভাবিতে দেখ পৃথিবীর
সর্ব্বত্র মাঠের উপরে গমন করত এক ছাগ পশ্চিম
দেশহইতে আইল ও মৃত্তিকা স্পর্শ করিল না ও তাহার

ঝক।

৬ শৃঙ্গের মধ্যে সে পাঠার পুরোভাগে এক শৃঙ্গ হইল। এবং
অধি নদীর সম্মুখে দাঁড়াইতে যে শৃঙ্গবিশিষ্ট
মেষকে দেখিয়াছিলাম তাহার নিকটে সে আইল ও
৭ আপন পরাক্রমের ক্রোধে তাহার পাছে দৌড়িল। এবং
মেষের অতি নিকটে আসতে তাহাকে আমি দেখি
লাম ও সে ক্রোধেতে তাহার বিপরীতে আইল ও সে
মেষকে মারিল ও তাহার দুই শৃঙ্গ ভাঙ্গিল, এবং
তাহার সম্মুখে দাঁড়াইতে মেষের মধ্যে কিছু পরাক্রম
ছিল না। কিন্তু সে তাহাকে মৃত্তিকাতে ফেলিল ও
তাহাকে পায়ে আচ্ছিল এবং তাহার হাতহইতে
মেষকে উদ্ধার করিতে পারে এমন কোন কেহ
৮ ছিল না। অতএব সে ছাগ অতিবড় হইল এবং
বলবান হইলে সে বড় শৃঙ্গ ভাঙ্গা গেল ও তাহার
বদলে আকাশের চতুর্ব্বায়ুর দিগে চারি প্রখ্যাত শৃঙ্গ
৯ উঠিল। এবং দক্ষিণদিগে ও পূর্ব্বদিগে ও রম্য
দেশেরদিগে অতিশয় যে বাড়িল এমত তাহারদের
১০ একের মধ্যহইতে ক্ষুদ্র এক শৃঙ্গ উঠিল। এবং সে
স্বর্গের সৈন্য পর্য্যন্তই বাড়িল ও সৈন্যের কিছু ও
তারাগণের কিছু মৃত্তিকাতে ফেলিল ও তাহারদিগকে
১১ পায়ে আচ্ছিল। সে সৈন্যের সেনাপতির বিরুদ্ধে
আপনাকে বাড়াইল ও তাহার কর্ত্তৃক আহ্নিক বলিদান
ঘুচিত হইল ও তাহার পবিত্র স্থান ভাঙ্গা গেল।
১২ এবং আজ্ঞালঙ্ঘনের দ্বারা তাহাকে আহ্নিক বলির
বিরুদ্ধে সৈন্য দেয়া গেল ও সে মৃত্তিকা পর্য্যন্ত সত্য
তা ফেলিয়া দিল ও সে আচার করত ও ভাগ্যবান
হইল।

Digitized by Google

১৩ তখন কথা কহিতে এক পুণ্যবানকে আমি শুনিলাম এবং যে অমুক পুণ্যবান তাহাকে আর এক পুণ্যবান লোক এই কথা কহিল পবিত্র স্থান ও সৈন্যকে পায়ের নীচে দলিত হইবার কারণ দিতে আহ্নিক দৈনিক ও পাপাচারী যে উৎপাতন তদ্বিষয়ক দর্শন কত কাল পর্য্যন্ত হইবে। ১৪ ও তিনি আমাকে কহিলেন দুই সহস্র তিন শত দিন পর্য্যন্ত তখন পবিত্র স্থান শুচি করা যাইবে।

১৫ এই মত হইল আমি অর্থাৎ দানিয়েল যে আমি সে দর্শন দেখিলে ও তাহার অর্থ অন্বেষণ করিলে পর দেখ মনুষ্যের আকারের ন্যায় এক জন আমার সম্মুখে দাঁড়াইল। ১৬ এবং হে গাব্রিএল এ মনুষ্যকে এ দর্শন বুঝাও এই কথা কহিয়া ডাকিল যে মনুষ্যের এক রব অলাইর মধ্য হইতে আমি শুনিলাম। ১৭ অতএব আমি যে স্থানে দাঁড়াইলাম তাঁহার নিকটে তিনি আসিলেন এবং তিনি আইলে আমি ভীত হইলাম ও উবুড় হইয়া পড়িলাম কিন্তু তিনি আমাকে কহিলেন হে মনুষ্যের সন্তান তুমি বুঝ কেননা শেষ কালে ঐ দর্শন প্রত্যক্ষ হইবে। ১৮ তিনি আমার সহিত কথা কহিতেছেন তৎকালে আমি মৃত্তিকার দিগে মুখ রাখিয়া ঘোর নিদ্রায় ছিলাম কিন্তু তিনি আমাকে স্পর্শ করিলেন ও উঠাইলেন। ১৯ এবং তিনি কহিলেন দেখ ক্রোধের শেষে যাহা হইবে তাহা আমি তোমাকে জানাইব কেননা নিরূপিত কালে শেষ হইবে। ২০ তুমি যে শৃঙ্গবিশিষ্ট মেষকে দেখিলা সে মাদী ও

Digitized by Google

২১ পারস্যের দুই রাজা। ও সে অতি লোমশ ছাগল
গ্রীক দেশের রাজা ও তাহার দুই চক্ষুর মধ্যস্থলে যে বড়
২২ শৃঙ্গ সে প্রথম রাজা। সে শৃঙ্গ ভগ্ন হইলে তাহার
বদলে আর চারি উঠিল সে. তাহার তাৎপর্য্য এই সে
জাতিতে উৎপন্ন চারি রাজা উঠিবে কিন্তু তাহার
২৩ পরাক্রমানুসারে নয়। তাহারদের অধিকারের
শেষে যখন অপরাধীরা পরিপূর্ণ হয় তখন
ভয়ঙ্কর মূর্ত্তিমান ও কঠিন বাক্যযুক্ত এক রাজা উঠিবে।
২৪ ও তাহার প্রতাপ অতিশয় হইবে কিন্তু আপন পরাক্রমে
নহে। সে আশ্চর্য্য রূপে নষ্ট করিবে ও ভাগ্য
বান হইবে ও কর্ম্ম করিবে এবং সমর্থ লোককে ও
২৫ সাধু লোককে নষ্ট করিবে। তাহার বুদ্ধির দ্বারা
তাহার হাতে ছলনা সার্থক হইবে ও সে আপন অন্তঃ
করণে আপনাকে মর্য্যাদান্বিত করিবে ও মেলের দ্বারা
অনেককে নষ্ট করিবে সে রাজাদের রাজার প্রতিকূলে
ও দাঁড়াইবে কিন্তু সে হস্ত ব্যতিরেকে ভাঙ্গা যাইবে।
২৬ এবং অতএব যে প্রাতঃকালীন ও সন্ধ্যাকালীন দর্শন সে
সত্য অতএব তুমি দর্শনকে বন্ধ কর কেননা সে
২৭ অনেক দিনের নিমিত্তে হইবে। দানিয়েল যে আমি
ক্লান্ত ও পীড়িত কতক দিন পর্য্যন্ত ছিলাম তারপর
আমি উঠিলাম ও রাজার ক্রিয়া করিলাম ও আমি সে
দর্শনেতে চমৎকৃত ছিলাম কিন্তু কেহ তাহা বুঝিল না।

৯ পর্ব্ব কল্‌দীয়েরদের রাজ্যের উপরে রাজা করা গিয়া
১ ছিল যে মাদীয় বংশের অহশ্বেরশের পুত্র দারিয়াবস
২ তাহার প্রথম বৎসরে তাহার অধিকারের

Digitized by Google

প্রথম বৎসরেতে যিহুদা যে যিরেমিয়াহের অনুসারে হও
যাতে সত্তর বৎসর সম্পূর্ণ করিবেক। যিহোবার এই
বিষয়ক যে কথা যিরমীয়াহ ভবিষ্যদ্বক্তার কাছে আইল
সে বৎসরের সংখ্যা দানিয়েল যে আমি পুস্তকের
দ্বারা জানিলাম।

৩ আর উপবাস ও চটপরা ও ছাই মাথার সহিত
প্রার্থনা ও মিনতির দ্বারা আমি আপন মুখ যিহোবা
৪ পরমেশ্বরের পানে রাখিলাম। এবং আমি আপন
ঈশ্বর যিহোবার নিকটে প্রার্থনা করিলাম ও আপন
দোষ স্বীকার করিলাম ও কহিলাম। যাহারা
তোমাকে প্রেম করে ও তোমার আজ্ঞা পালন করে
তাহারদের প্রতি বন্দোবস্ত ও দয়া পালক যে হে
৫ অবধিক ঈশ্বর যিহোবা যে তুমি আমরা পাপ করিয়াছি
ও অযাথার্থ্য করিয়াছি ও তোমার আজ্ঞা ও বিচার
আজ্ঞা ত্যাগ করণ দ্বারা কুক্রিয়া করিয়াছি ও উল্লঙ্ঘন
৬ করিয়াছি। আমারদের রাজারদিগকে ও আমার
দের অধ্যক্ষেরদিগকে ও আমারদের পিতৃলোকেরদি
গকে ও দেশের সকল লোকেরদিগকে তোমার নামে
কথা কহিলে যে তোমার ভবিষ্যদ্বক্তা দাসেরা তাহারদের
কথা ও আজ্ঞা শুনি নাই।

৭ হে পরমেশ্বর যাথার্থ্য তোমার অধিকার কিন্তু অদ্য
যেরূপ আছে সেইরূপ মুখের ব্যাকুলতা আমারদের
অধিকার অর্থাৎ যিহুদা লোকেরদের ও যিরোশ
লম নিবাসিরদের ও তোমার বিরুদ্ধে তাহারা যে অজ্ঞা
লঙ্ঘন করিয়াছে তাহাতে তুমি যে২ দেশে তাহারদিগ

Digitized by Google

কে যেদাইয়াছ সে সকল দেশে নিকটস্থ কিম্বা দুরস্থ
৮ সকল যিশরাল তাহারদেরও অধিকার। হে পরমে
শ্বর আমরা তোমার বিপক্ষে পাপ করিয়াছি এই কারণ
মুখের ব্যাকুলতা আমারদের ও আমারদের রাজার
দের ও আমারদের অধ্যক্ষেরদের ও আমারদের
৯ পিতৃলোকেরদের অধিকার। আমরা তাঁহার বিপক্ষে
পাপ করিয়াছি বটে এবং তিনি আপন ভবিষ্যদ্বক্ত সেব
কেরদের দ্বারা আপন যে শাস্ত্র আমারদের সম্মুখে
১০ রাখিলেন সে শাস্ত্র পালন করিবার কারণ আপনার
দের পরমেশ্বর যিহোহার কথা মানি নাই বটে তথাপি
কৃপা ও ক্ষমা যিহোহা আমারদের পরমেশ্বরের
১১ অধিকার। সত্য তাহারা তোমার কথা না মানে
এই কারণ সমস্ত যিশরাল অপমানে দ্বারা তোমার
শাস্ত্রলঙ্ঘন করিয়াছে এই জন্যে ঈশ্বরের সেবক
মোশার শাস্ত্রে যে শাপ ও যে কিরা লিখিত আছে
সে আমারদের উপরে ঢালা গিয়াছে কেননা আমরা
১২ তাহার বিপক্ষে পাপ করিয়াছি। এবং তিনি আমার
দের উপরে বড় আপদ আনয়নের দ্বারা আপন যে২
কথা আমারদের বিপরীতে ও আমারদিগকে বিচার
করিল যে আমারদের বিচারকর্ত্তারা তাহারদেরও
বিপরীতে যে কথা কহিলেন সে কথা স্থির করিয়াছেন
কেননা যিরোশালমের প্রতি যে প্রকার করা গিয়াছে
সেইরূপ সর্ব্বত্র স্বর্গের নিচে করা যায় নাই।
১৩ মোশার শাস্ত্রে যেমন লিখিত আছে সেমত এই
সকল আপদ আমারদের উপরে আসিয়াছে তথাপি

Digitized by Google

আয়। আপনারদের পাপহইতে ফিরাই ও তোমার
সত্য বাক্য বুঝি এই কারণ যে আপনারদের প্রার্থনা
১৪ আমারদের পরমেশ্বর যিহুহর সাক্ষাতে করিয়াছি
তাহা নয় সে কারণ যিহুহা আপদের উপরে চৌকি
রাখিয়া আমারদের উপরে তাহা আনিয়াছেন কেননা
যিহুহা আমারদের পরমেশ্বর যাহা করেন সে
তাঁহার সকল ক্রিয়াতে তিনি যথার্থ আছেন যে হেতু
১৫ আমরা তাঁহার কথা শুনি নাই। এবং এখন অদ্য
যেমন হইয়াছে সেমত বলবান হস্তেতে আপন
লোকেরদিগকে মিস্রর দেশহইতে বাহির করিয়াছ
ও আপনার সুখ্যাতি করিয়াছ যে যিহুহা আমারদের
পরমেশ্বর আমরা পাপ করিয়াছি আমরা পাপাচার
করিয়াছি।
১৬ হে পরমেশ্বর আমি তোমার স্তুতি এ মিনতি করি
তোমার যাথার্থ্যের অনুসারে তোমার ক্রোধ ও
তোমার চণ্ডতা তোমার যিরোশলয় নগরহইতে অর্থাৎ
তোমার পবিত্র পর্ব্বতহইতে পরাঙ্মুখ করা যাউক
কেননা আমারদের পাপেতে ও আমারদের পিতৃলো
কেরদের অযাথার্থ্যেতে যিরোশলয় ও তোমার লোকে
রা আমারদের চতুর্দ্দিগস্থ লোকেরদের প্রতি নিন্দা
১৭ বিষয় হইয়াছে। অতএব হে আমারদের ঈশ্বর
তুমি আপন দাসের প্রার্থনা ও তাহার মিনতি শুন
এবং অরণ্য হইয়াছে যে তোমার পবিত্র স্থান তাহার
উপরে পরমেশ্বরের নিমিত্তে আপন মুখ প্রসন্ন কর।
১৮ হে আমার ঈশ্বর তুমি আপন কর্ণ পাতাও ও শুন

Digitized by Google

আপন চক্ষু খোল এবং আমারদের অরণ্য হওয়া এবং যে নগর তোমার নামেতে খ্যাত আছে তাহাও দেখ কেননা আমরা আপনারদের যাথার্থ্য প্রযুক্ত আপনারদের নিবেদন তোমার সাক্ষাতে করি না কিন্তু তোমার
১৯ অতি কৃপা প্রযুক্ত। হে পরমেশ্বর শুন হে পরমেশ্বর ক্ষমা কর হে পরমেশ্বর শুন ও কর হে আমার ঈশ্বর তুমি আপন নাম প্রযুক্ত বিলম্ব কর না কেননা তোমার নগর ও তোমার লোকেরা তোমার নামেতে খ্যাত আছে।—

২০ আমি এই মত কথা কহিতেছি ও প্রার্থনা করিতেছি ও আপন পাপ ও আপন ইস্রায়েল লোকেরদের পাপ স্বীকার করিতেছি ও আমার ঈশ্বরের পবিত্র পর্ব্বতের জন্যে আপন প্রার্থনা আমার ঈশ্বর যিহুহার
২১ সাক্ষাতে নিবেদন করিতেছি। আমি প্রার্থনা করিতেছি সে কালেই যাহাকে আমি দর্শনের প্রথমে দেখিয়াছিলাম যে গাব্রিএল মনুষ্য তিনি বেগে উড়ান হইয়া সন্ধ্যা কালীন ভুঞ্জনের কালে আমাকে
২২ স্পর্শ করিলেন। এবং তিনি আমাকে জ্ঞাত করিলেন ও আমার সহিত কথা কহিলেন ও বলিলেন হে দানিএল আমি তোমাকে জ্ঞান দিতে
২৩ বাহিরে আসিয়াছি। তোমার প্রার্থনার আরম্ভে আজ্ঞা বাহির হইল এবং তোমাকে জানাইতে আমি আসিয়াছি কেননা তুমি অতি প্রিয় অতএব বিষয়
২৪ বুঝ এবং এ দর্শন অনুধাবন কর। আজ্ঞালঙ্ঘন সমাপ্ত করিতে ও পাপের শেষ করিতে ও অযাথার্থ্যের

Digitized by Google

অন্যে মেল করিতে ও অনন্ত যাথার্থ্য প্রবিষ্ট করিতে
ও দর্শন ও ভবিষ্যদ্বাক্য মোহর করিতে ও মহাপবিত্র
স্থান অভিষেক করিতে তোমার লোকের ওপরে ও
তোমার পবিত্র নগরের ওপরে সত্তর সপ্তাহ নিরূপিত
২৫ আছে। অতএব জান এবং বুঝ যিরোশালম পুন
স্থাপন করিবার ও গাঁথিবার আজ্ঞা বাহিরে যাওনাবধি
মশীহ অধ্যক্ষ পর্য্যন্ত সাত সপ্তাহ ও বাষট্টি সপ্তাহ
হবে এবং বাজার ও প্রাচীর পুনর্ব্বার গাঁথা যাবে দুঃখি
২৬ শিষ্ঠ কালেই। এবং বাষট্টি সপ্তাহের পরে মশীহ
উচ্ছিন্ন হইবেন কিন্তু আপনার জন্যে নয় এবং
আগন্তুক অধ্যক্ষের লোকেরা ও পর ও পবিত্র স্থানের
নাশ করিবে ও তাহার শেষ বন্যাতে হইবে ও যুদ্ধের
২৭ শেষ পর্য্যন্ত বিনাশ নিরূপিত আছে। এবং এক
সপ্তাহের জন্যে তিনি অনেকের সহিত নিয়ম স্থির
করিবেন ও সপ্তাহের মধ্যে তিনি বলি ও নৈবিদ্য
নিবৃত্ত করিবেন এবং নিরূপিত সম্পূর্ণ করা ও রাশী
কৃতের ওপরে ঢালা যাওয়া পর্য্যন্ত তিনি ঘৃণার্হ
ক্রিয়ার স্থাপনেতে তাহা অরণ্য করিবেন।

১০ পর্ব্ব

১ পারসের কোরশ রাজার তৃতীয় বৎসরে এক
বিষয় বেলতেশাস নামে দানিএলের কাছে প্রকাশিত
ছিল সে বিষয় সত্য কিন্তু নিরূপিত কাল দীর্ঘ এবং
তিনি সে বিষয় বুঝিলেন ও সে দর্শনের বিষয়ে জ্ঞান
২ প্রাপ্ত ছিলেন। সেকালে দানিএল যে আমি তিন
৩ সপ্তাহ পর্য্যন্ত শোকান্বিত ছিলাম। আমি সুখদায়ি

খাদ্য

ভক্ষ্য ভোজন করিলাম না এবং মাংস ও দ্রাক্ষা রস
আমার মুখে আইল না এবং তিন সপ্তাহ পূর্ণ
হওয়া পর্য্যন্ত আমি আপনাকে তৈল মাখিলাম না।
৪ প্রথম মাসের চব্বিশাদি দিবসে আমি বড় নদী অর্থাৎ
৫ হিদ্দকলের তীরে হইয়া আপন চক্ষু উঠাইয়া
দৃষ্টি করিলাম এবং দেখ কাপড়েতে পরিহিত ও
কোমর আওফজের উত্তম স্বর্ণেতে বেষ্টিত এক জন
৬ ছিল। তাহার শরীর মরকত মণির ন্যায় তাহার
মুখ বিদ্যুতের আকৃতির মত তাহার চক্ষু অগ্নিময়
প্রদীপের মত এবং তাহার হস্ত ও পা পরিষ্কৃত
পিত্তলের বর্ণ ও তাহার বাক্যের শব্দ অনেকার শব্দের
৭ ন্যায়। এবং দানিএল যে আমি একা সে দর্শন
দেখিলাম কেননা আমার সঙ্গিলোকেরা সে দর্শন
দেখিল না কিন্তু তাহারা যাহাতে আপনারদিগকে
লুকাইতে পলাইল এমন বড় কাঁপন তাহারদের উপরে
৮ পড়িল। অতএব আমি একা অক্ত ছিলাম ও এ
বড় দর্শন দেখিলাম ও আমার মধ্যে আর বল থাকিল
না কেননা আমার মধ্যস্থিত সৌন্দর্য্য ক্লেদেতে বিকৃত
৯ হইল ও আমি আর বল ধারণ করিলাম না। তথাপি
আমি তাহার বাক্যের শব্দ শুনিলাম ও যখন আমি
তাহার বাক্য শুনিলাম তখন আমি আপন মুখের
উপরে অর্থাৎ আমার মুখ ভূমি স্পৃক্ হইলে ঘোর
১০ নিদ্রাতে ছিলাম। এবং দেখ এক হাত আমাকে
স্পর্শ করিল ও আমাকে আমার হাঁটুর ও হাতের তালু
১১ য়ার উপর স্থাপন করিল। এবং তিনি আমাকে

Digitized by Google

কহিলেন হে দানিএল অতিপ্রিয় মানুষ আমি যে কথা
তোমাকে কহি সে কথা বুঝ এবং উঠিয়া দাঁড়াও
কেননা তোমার নিকটে আমি এখন প্রেরিত আছি
তিনি এ কথা আমাকে কহিলে আমি কম্পিত হইয়া
১২ দাঁড়াইলাম। তখন তিনি আমাকে কহিলেন হে দানি
এল তুমি ভয় কর না কেননা যে প্রথম দিন তুমি বুঝি
তে ও আপন ঈশ্বরের সাক্ষাতে আপনাকে দমন করি
তে আপন অন্তঃকরণকে রাখিলা সে অবধি তোমার
কথা শুনা গিয়াছে এবং আমি তোমার কথার
১৩ কারণ আসিয়াছি। কিন্তু পারস্য রাজ্যের অধ্যক্ষ
একুশ দিন পর্য্যন্ত আমার বিরুদ্ধ করিল কিন্তু দেখ
প্রধান অধ্যক্ষেরদের মধ্যে এক জন যে মিখাএল
তিনি আমার উপকার করিতে আইলেন এবং আমি
সেখানে পারসের রাজারদের সহিত থাকিলাম।
১৪ এখন শেষতর কালে যে তোমার লোকেরদিগের
ঘটিবে তাহা তোমাকে বুঝাইতে আমি আসিয়াছি
১৫ কেননা দর্শন আর চিরকালীন। তিনি এ প্রকার কথা
আমাকে কহিলে আমি ভূমির পানে মুখ রাখিলাম
১৬ ও বোবা হইলাম। এবং দেখ মনুষ্যের সন্তানের
দের আকৃতির ন্যায় এক জন আমার ওষ্ঠাধর স্পর্শ
করিল তখন আমি আপন মুখ খুলিলাম ও কথা
কহিলাম ও যিনি আমার অগ্রে দাঁড়াইলেন
তাঁহাকে কহিলাম যে হে আমার প্রভু
এ দর্শনেতে আমার শোক আমাকে আকর্ষণ
করিয়াছে ও আমি কিছু বল ধারণ করি নাই।

Digitized by Google

১৭ কেননা আমার প্রভুর দাস এ আমার প্রভুর সহিত
কি প্রকারে কথা কহিতে পারে ॥ আমার বিষয়ে এ
আমার মধ্যে কিছু বল থাকিল না ও আর
১৮ নিশ্বাস আমার মধ্যে ও থাকিল না। তখন মনুষ্যের
আকৃতির ন্যায় এক জন আরবার আসিয়া আমাকে
১৯ স্পর্শ করিল ও আমাকে সবল করিল। এবং আমাকে
কহিল যে হে অতিপ্রিয় মানুষ ভয় কর না তোমার
মঙ্গল হউক সবল হও সবলই হও এবং তিনি এ কথা
আমাকে কহিলে আমি সবল হইলাম ও কহিলাম
যে আমার প্রভু কহন কেননা তুমি আমাকে সসামর্থ্য
২০ করিয়াছ। তখন তিনি আমাকে কহিলেন আমি
যে কারণে তোমার নিকটে আসিয়াছি তুমি কি তাহা
জ্ঞাত হইয়াছ? এবং এখন আমি পারসের অধ্যক্ষের
সহিত যুদ্ধ করিতে ফিরিয়া যাই ও আমি বাহিরে গেলে
২১ দেখ গ্রীকের রাজা ও আসিবে। কিন্তু সত্য বাক্য
যদি গ্রন্থে যে লিখিত হইয়াছে তাহা আমি তোমাকে
দেখাইব এবং এই বিষয়ে আমার পক্ষে যে হই
য়াছে এমন তোমারদের মিখাএল অধ্যক্ষ ব্যতিরেকে
কেহ নয়।

পর্ব্ব ১১ মাদীয় দারিওসের প্রথম বৎসরে আমি কিনা আমি
তাহাকে সসামর্থ্য ও বলবান করিতে দাঁড়াইলাম।
২ এবং এখন আমি সত্য বিষয় তোমাকে দেখাইব
দেখ আর তিন রাজা পারসে দাঁড়াইবে ও চতুর্থ যে
সে তাহারদের সকলহইতে অতিশয় ধনবান হইবে
ও ধনের দ্বারা সে আপন বলেতে সকলকে গ্রীক

Digitized by Google

৩। দেশের বিরুদ্ধে উঠিবে। এবং বড় শাসনের দ্বারা রাজ্য করিবে ও আপন ইচ্ছানুসারে করিবে যে
৪ এক বড় রাজা সে দাঁড়াইবে। ও সে যখন দাঁড়ায় তাহার রাজ্য ভাঙ্গা যাইবে এবং স্বর্গের চারি বায়ুর দিগে বিভক্ত হইবে কিন্তু তাঁহার সন্তানেরদের জন্যে তা নয় ও সে যে রাজ্য শাসন করিল তদনুসারে তা ও নয় কেননা তাঁহারদের ব্যতিরিক্ত অন্যেরদের কারণে তাহার রাজ্য উৎপাটিত হইবে।
৫ এবং দক্ষিণ দেশের রাজা বলবান হইবে ও তাহার এক অধ্যক্ষ ও তাহাহইতে বলবান হইবে ও কর্ত্তৃত্বপদপ্রাপ্ত হইবে তাঁহার রাজ্য বড় রাজ্য
৬ হইবে। এবং কতক বৎসরের পরে তাহারা আপনার দিগকে এক যোগ করিবে কেননা দক্ষিণ দেশের রাজার কন্যা ঐক্য করিতে উত্তর দেশের রাজার নিকটে যাইবে কিন্তু সে কন্যা বাহুবল ধারণ করিবে না সে রাজা ও এবং তাহার বংশ স্থায়ী হইবে না কিন্তু সে কন্যা ও যাহারা তাহাকে আনিল ও সে যাহাকে প্রসবিল ও সে কালে যে জন তাহাকে বলবান করিল এই২ সকলে আপদে সমর্পিত ও হইবে।
৭ কিন্তু তাঁহার মূলের এক শাখাহইতে উৎপন্ন হইবে যে এক জন সে সৈন্যে আসিবে ও উত্তর দেশের রাজার গড়ে প্রবেশ করিবে ও তাহার বিরুদ্ধ করিবে ও
৮ পরাক্রম করিবে ও তাহারদের দেবরদিগকে ও তাহারদের প্রতিমারদিগকে ও তাহারদের রূপার ও স্বর্ণের বহুমূল্যপাত্রবিশিষ্টের সঙ্গেবন্দে লইয়া যাবে এবং উত্তর

Digitized by Google

৯ দেশের রাজাহইতে অধিক বৎসরস্থায়ী হইবে। এমত
দক্ষিণ দেশের রাজা রাজ্যে আসিবে ও আপন দেশে
১০ ফিরিয়া যাইবে। কিন্তু তাহার * পুত্রেরা আপনার
দিগকে আন্দোলিত করিবে এবং অনেক বড় সৈন্য সং
গ্রহ করিবে এবং এক জন অবশ্য আসিবে ও উথ
লিবে ও তাহা ব্যাপিবে তাহার পরে সে ফিরিয়া যাইবে
ও আপন বল পর্য্যন্ত আপনাকে আন্দোলিত করিবে।
১১ এবং দক্ষিণ দেশের রাজা ক্রোধেতে চালিত হইবে
এবং আসিবে ও তাহার সহিত অর্থাৎ উত্তর
দেশের রাজার সহিত যুদ্ধ করিবে এবং সে বড়
এক জনতাকে বাহির করিবে কিন্তু সে জনতা তা
১২ হার হাতে দত্ত হইবে। সে সেই জনতাকে লইয়া
গেলে তাহার মন গর্ব্বিত হইবে ও সে অনেক
অযুতকে অধঃপতন করিবে কিন্তু সে বলবান
১৩ হইবে না। কেননা উত্তর দেশের রাজা ফিরিয়া
আসিবে ও পূর্ব্ব জনতাহইতে বড় জনতা বাহির
করিবে এবং কতক বৎসরের পরে বড় সৈন্য ও
১৪ অনেক ধনের সহিত অবশ্য আসিবে। সে কালে
দক্ষিণ দেশের রাজার বিরুদ্ধে অনেকে উঠিবে ও
তোমার লোকেরদের মধ্যে দস্যু যাহারা তাহারা
এ দর্শন স্থির করিবার কারণ আপনারদিগকে
১৫ বড় করিবে কিন্তু তাহারাও পড়িবে। অতএব
উত্তর দেশের রাজা আসিবে ও ঢিপি করিবে ও
প্রাচীরেতে বেষ্টিত নগরেরদিগকে হস্তবশ করিবে

* অর্থাৎ উত্তর দেশের রাজার।

Digitized by Google

এবং দক্ষিণ দেশের অস্ত্র ও তাহার মনোনীত
লোকেরা শত্রুকে নিবারণ করিবে না ও নিবারণ করিতে
১৬ বল হইবে না। কিন্তু যে তাহার বিপক্ষে আইসে
সে আপন ইচ্ছানুসারে করিবে এবং কেহ তাহার
সম্মুখে স্থির হইবে না ও সে সে উত্তম দেশে
১৭ দাঁড়াইবে ও সে তাহার হাতেতে সম্পূর্ণ হইবে। সে
আপন দেশের সকল বলের সহিত প্রবেশ করিতে
চেষ্টা করিবে এবং তাহার সহিত যথার্থ কথা
কহিবে ও স্ত্রীদের কন্যা ভুলাইবার কারণ
তাহাকে সে কন্যা দিবে কিন্তু সে কন্যা স্থির
১৮ হইবে না ও তাহার পক্ষে হইবে না। ইহার
পরে সে উপদ্বীপের প্রতি মুখ ফিরাইবে ও অনেক
আক্রমণ করিবে কিন্তু এক অধ্যক্ষ আপন পক্ষে হইয়া
তাহার কর্তৃক কৃত অপমান নিবৃত্তি করিবে সে
আপন অপমান ব্যতিরেক তাহা তাহার উপরে ফিরা
১৯ ইবে। তখন সে আপন দেশের গড়ের পানে মুখ
রাখিবে কিন্তু সে উছোট খাইবে ও পড়িবে ও আর
২০ পাওয়া যাইবে না। তখন তাহার পদে করগ্রাহক
এক জন রাজ্যের তেজে দাঁড়াইবে কিন্তু ক্রোধে নয়
ও যুদ্ধে নয় তথাপি অল্প দিনের মধ্যে সে নষ্ট
২১ হইবে। পরে যাহাকে তাহারা রাজ্যের সম্মান
দিবে না এমন এক জন অধম লোক তাহার পদে
দাঁড়াইবে কিন্তু সে নির্ব্বিরোধে প্রবেশ করিবে ও
২২ স্তবের দ্বারা রাজ্য পাইবে। এবং বন্যার বাহুতে
তাহারা ও তাহার সম্মুখ হইতে আপ্লাবিত হইবে ও

Digitized by Google

২৩ ভাঙ্গা যাইবে বন্দোবস্তের অধ্যক্ষ ভাঙ্গা যাইবে এবং
সে বন্দোবস্ত তাহার সহিত করা গেলেও সে
প্রতারণা ক্রিয়া করিবে ও সে আসিবে ও অল্প
২৪ লোকের দ্বারা বলবান হইবে। সে নির্বিঘ্ন রূপে
জিলার অত্যুত্তম স্থানে প্রবেশ করিবে ও তাহার
পিতৃ ও পিতামহ লোকেরা যাহা না করিয়াছে তাহা
করিবে সে তাহারদের মধ্যে লুটা দ্রব্য ও হৃত বস্তু
ও ধন তাহারদের মধ্যে ছড়াইবে সে দৃঢ় গড়েরদের
বিরুদ্ধেও কিছু কালের কারণ উপায় ভাবাইবে।
২৫ এবং বড় সৈন্যের সহিত করিয়া সে দক্ষিণ দেশের
রাজার বিপক্ষে আপন বল ও প্রতাপ আন্দোলন করিবে
এবং দক্ষিণ দেশের রাজা অতিবড় ও পরাক্রান্ত সৈন্য
সঙ্গে করিয়া যুদ্ধ করিতে যাইতে উদ্যত হইবে কিন্তু
সে দাঁড়াইবে না কেননা তাহারা তাহার বিরুদ্ধে উপায়
২৬ চিন্তা করিবে। সত্য যাহারা তাহার অংশের ভাগ
ভোজন করে তাহারা তাহাকে নষ্ট করিবে ও তাহার
২৭ সৈন্য উথলিবে এবং অনেকে মারা পড়িবে। এবং
এ দুই রাজারদের অন্তঃকরণ উপদ্রব করিতে প্রস্তুত
হইবে ও তাহারা এক মেজে বসিয়া মিথ্যা কথা
কহিবে কিন্তু সে সুফল হইবে না কেননা নিরূপিত
২৮ কালে শেষ হইবে। তখন সে বড় ধনসর্ব্বস্ব
লইয়া আপন দেশে ফিরিয়া যাইবে ও তাহার অন্তঃ
করণ পবিত্র বন্দোবস্তের প্রতিকূল হইবে ও সে কার্য্য
২৯ করিবে ও আপন দেশে ফিরিয়া যাইবে। নিরূপিত
কালে সে ফিরিয়া দক্ষিণ দেশের দিগে আসিবে

Digitized by Google

কিন্তু পূর্ব্বকালের ও শেষ কালের মত সে হইবে না।

৩০ কেননা কিত্তিমের জাহাজেরা তাহার বিপরীতে আসিবে সেকারণ সে শোকান্বিত হইবে ও ফিরিয়া আসিবে ও পবিত্র বন্দোবস্তের বিরুদ্ধে ক্রোধ করিবে সে সেই মত করিবে সে ফিরিয়া আসিবে ও যাহারা পবিত্র বন্দোবস্ত ত্যাগ করে তাহারদের সহিত

৩১ পরিচয় করিবে। ও তাহার পক্ষে অস্ত্র দাঁড়াইবে ও তাহারা সামর্থ্যের পবিত্র স্থানকে অশুচি করিবে ও আহ্নিক ক্রিয়া খণ্ডিবে ও অরণ্যকারি ঘৃণার্হ বস্তু

৩২ স্থাপন করিবে। এবং যাহারা দুষ্টরূপে বন্দোবস্তের বিরুদ্ধ করে তাহারদিগকে সে স্তবের দ্বারা বিকৃত করিবে কিন্তু আপন ঈশ্বর জানে যে লোকেরা তাহারা

৩৩ বলবান হইবে ও বড় ক্রিয়া করিবে। এবং লোকের দের মধ্যে জ্ঞানবান যাহারা তাহারা অনেক লোকের দিগকে উপদেশ করিবে কিন্তু তাহারা অনেক দিন পর্য্যন্ত তলোয়ারের ও অগ্নিশিখার ও অন্য দেশে

৩৪ দাসত্বের ও লুটের দ্বারা পড়িবে। তাহারা যখন পড়ে তখন অল্প উপকারেতে উপকৃত হইবে কিন্তু অনেকে স্তবের দ্বারা তাহারদের সপক্ষ হইবে।

৩৫ এবং জ্ঞানিরদের পরীক্ষা করিবার ও তাহারদিগকে পবিত্র করিবার ও শেষ কাল পর্য্যন্ত তাহারদিগকে শুক্লী করিবার কারণ জ্ঞানিরদের মধ্যেও কেহ২ পড়িবে কেননা সে নিরূপিত কালের বিষয়।



Digitized by Google

৩৬ এবং রাজা আপন ইচ্ছানুসারে করিবে ও আপনা
কে শ্রেষ্ঠ করিবে ও আপনাকে প্রত্যেক দেবের উপরে
বড় করিবে এবং ঈশ্বরেরদের ঈশ্বরের বিপরীতে
আশ্চর্য্য কথা কহিবে এবং যে পর্য্যন্ত ক্রোধ প্রকাশ
সম্পূর্ণ না হয় সে পর্য্যন্ত বাড়িবে কেননা যে নিযুক্ত
৩৭ হইয়াছে সে করা যাইবে। সে আপন পিতৃলো
কেরদের ঈশ্বর কিম্বা স্ত্রীরদের ইষ্ট কিম্বা কোন
দেবকেও মানিবে না কেননা সে সকলহইতে বড়
৩৮ আপনাকে করিবে॥ কিন্তু আপন অধিকারে সে মহ
জ্জিদিগকে সম্মান করিবে এবং আপন পিতৃলো
কেরা যাহাকে জানিল না এমত এক দেবকে সে স্বর্ণ
৩৯ ও রূপা ও মণিতে ও সুখদায়ি সম্ভ্রম করিবে। সে এমত
করিবে সে যাহাকে স্বীকার করিবে এমন যে অন্য এক
দেবতা তাহার সহিত সে মহজ্জিরদের রক্ষকেরদিগকে
সম্মানেতে বাড়াইবে ও তাহারদিগকে অনেক লোকের
দের উপরে কর্ত্তৃত্ব দিবে ও লাভের কারণ দেশ
৪০ বিভক্ত করিবে। এবং শেষ কালে দক্ষিণ দেশের
রাজা তাহার প্রতি ঠেলিবে এবং রথের ও সোয়ারিরদের
ও অনেক জাহাজেরদের সহিত উত্তর দেশের রাজা
ঘূর্ণিবায়ুর মত তাহার বিরুদ্ধে আসিবে ও দেশের
মধ্যে প্রবেশ করিবে ও উথলিবে ও তাহা ব্যাপিবে।
৪১ সে ওৎকৃষ্ট দেশেও প্রবেশ করিবে এবং অনেকে
পরাভূত হইবে কিন্তু আদোম ও মোয়াব ও আম্মোনের
সন্তানের প্রধানেরা এই২ কতকে তাহার হাতহইতে
৪২ এড়াইবে। সে দেশেরদের উপরে ও হাত বাড়া

Digitized by Google

৪৩ হইবে এবং মিসর দেশ এড়াইবে না। কিন্তু মিসরের
স্বর্ণ ও রূপা ধন ও সকল বহুমূল্য দ্রব্যের উপরে
তাহার পরাক্রম হইবে এবং লবীয়েরা ও কূশী
৪৪ য়েরা তাহার পশ্চাদ্গামি হইবে। কিন্তু পূর্ব্ব ও
উত্তর দেশহইতে আগত সমাচার তাহাকে ব্যাকু
লিত করিবে সে নিমিত্তে সে নষ্ট করিবার ও
অনেককে সর্ব্বতোভাবে অপহরণ করিবার কারণ
৪৫ মহাকোপে বাহিরে যাইবে। এবং সমুদ্রের মধ্যে
তেজস্বি পবিত্র পর্ব্বতে সে আপন অট্টালিকার তাম্বু
স্থাপন করিবে কিন্তু সে আপন শেষ দশা পাইবে ও
কেহ তাহার উপকার করিবে না।—

পর্ব্ব ১২ সে সময়ে তোমার লোকের সন্তানেরদের জন্যে
দাঁড়ায় যে মিখাএল মহা অধিপতি তিনি দাঁড়াইবেন এবং
দেশের জাতির উৎপত্তিঅবধি সে কাল পর্য্যন্ত যে
প্রকার দুঃখের কাল কখন হইল না এমন দুঃখের
সময় হইবে এবং সে কালে তোমার যে প্রত্যেক
জন পুস্তকে লিখিত পাওয়া যাইবে সে উদ্ধার
২ হইবে। এবং পৃথিবীর ধূলার মধ্যে শুয়ে যাহারা
তাহারদের মধ্যে অনেকে উঠিবে কেহ২ অনন্ত পর
মায়ুর কারণ এবং কেহ২ অপমান ও অনন্ত
৩ অবজ্ঞার কারণ। এবং জ্ঞানবান যাহারা তাহারা
আকাশের প্রভার মত দীপ্তি করিবে এবং যাহারা
অনেককে ধার্ম্মিকতার প্রতি ফিরায় তাহারা সদাসর্ব্ব
৪ কাল তারাদের ন্যায় দীপ্তি করিবে। কিন্তু হে
দানিএল তুমি শেষকাল পর্য্যন্ত এ কথা বন্ধ কর ও

Digitized by Google

পুস্তক মোহর কর অনেকে ইতস্ততো দৌড়িবে ও জ্ঞান
বৃদ্ধিত হইবে।—
৫ তখন দানিএল যে আমি দৃষ্টি করিলাম এবং দেখ
নদীর তীরের এদিগে এক জন ও নদীর তীরের ওদিগে
৬ আর এক জন এ মত আর দুই জন দাঁড়াইল। এবং
কাপড়ে বস্ত্রান্বিত নদীর জলের উপরিস্থ মানুষকে এক
জন কহিল যে এই আশ্চর্য্যের শেষ পর্য্যন্ত কত কাল
৭ হইবে। এবং কাপড়ে পরিহিত নদীর জলের উপ
রিস্থ মানুষ যখন আপন দক্ষিণ ও বাম হাত স্বর্গের
দিগে উঠাইলেন এবং ইহা যে কাল ও কালেরদের ও
অর্দ্ধকাল পর্য্যন্ত হইবে ও তিনি যখন পবিত্র লোকের
দিগকে ছিন্নভিন্ন করিতে নিষ্পন্ন করিবেন তখন এ
সকল সাঙ্গ যে হইবে এই২ কথা নিত্য জীবির নাম
লইয়া যখন কিরা করিলেন তখন আমি তাহার কথা
৮ শুনিলাম। এবং আমি শুনিলাম কিন্তু বুঝিলাম না
তখন আমি কহিলাম যে হে আমার পরমেশ্বর ইহার
৯ সমাপ্তি কি হইবে। এবং তিনি আমাকে কহি
লেন হে দানিএল তুমি চলিয়া যাও কেননা বাক্য বন্ধ
আছে ও শেষকাল পর্য্যন্ত মোহর করা গিয়াছে।
১০ অনেকে আপনারদিগকে পবিত্র করিবে ও শুক্লী করিবে
ও পরীক্ষিত হইবে কিন্তু দুষ্টেরা কদাচার করিবে এবং
দুষ্টেরদের মধ্যে কেহ বুঝিবে না কিন্তু বুদ্ধিমান
১১ বুঝিবে। এবং যে সময়ে আহ্নিক ক্রিয়া অপহৃত হইবে
ও অরণ্যকারী ঘৃণার্হ বস্তু স্থাপিত হইবে সে কালাবধি
১২ এক সহস্র দুই শত নব্বই দিন হইবে। যে জন

Digitized by Google

অপেক্ষা করে ও সে এক সহস্র তিন শত পঁয়ত্রিশ দিন
১৩ পর্য্যন্ত আইসে সে ধন্য। কিন্তু তুমি শেষ পর্য্যন্ত
চলিয়া যাও কেননা তুমি বিশ্রাম করিবা এবং সে
কালের শেষে আপন পদে দাঁড়াইবা।—

Digitized by Google

# ওশেয়ার ভবিষ্যদ্বাক্য পুস্তক।

## প্রথম অধ্যায়।

১ যহোদার অজীহা ও যোতম ও আহাজ ও যেহুষ্কী-
হা রাজারদের কালে ও যিশরালের যোআশের পুত্র
যরবাম রাজার কালে যিহুহার যে বাক্য বারির
২ ওশেয়া পুত্রের কাছে আইল সে এই। ওশেয়ার কর
নক যে যিহুহার বাক্য তাঁহার আরম্ভ এই। যিহুহা
ওশেয়াকে কহিলেন তুমি যাও আপন কাছে বেশ্যা
চারিণী এক ভার্য্যাকে ও বেশ্যাজাত বালকেরদিগকে
গ্রহণ কর কেননা যিহুহাকে ত্যাগ করত দেশ নিতা
৩ বেশ্যাচার করিয়াছে। অতএব সে গিয়া দিবলা
যের গোমর কন্যাকে গ্রহণ করিল ও সে গর্ব্ভধারণ
৪ করিয়া তাহার এক পুত্র জন্মাইল। এবং যিহুহা তাহা
কে কহিলেন যে তাহার নাম যিজরঈল * রাখ কেননা
কিঞ্চিৎ পরে আমি যিহুহার বংশের উপরে যিজ
রঈলের রক্ত ভোগ করাইব এবং যিশরালের বংশের
৫ রাজ্য নিবৃত্ত করিব। এবং আমি যে দিনে যিজরঈল
মাঠে যিশরালের ধনুক ভাঙ্গিব সে দিনে এ মত
হইবে।
৬ পরে সে আরবার গর্ব্ভধারণ করিল ও এক কন্যা
জন্মাইল এবং তিনি তাহাকে কহিলেন যে তাহার

* অর্থাৎ ঈশ্বরের বংশ।

Digitized by Google

নাম লোরুহামা * রাখ কেননা আমি য়িশরালের
বংশের উপরে আর দয়া করিব না কিন্তু সর্ব্বতো ভাবে
৭ তাহারদিগকে লওয়াইব। কিন্তু আমি য়িহোদার
বংশের উপরে দয়া করিব এবং য়িহোবা তাহারদের
ঈশ্বরের দ্বারা তাহারদিগকে নিস্তার করিব এবং
ধনুক কিম্বা তলোয়ার কিম্বা যুদ্ধ কিম্বা ঘোড়ারদের
কিম্বা সোয়ারিরদের দ্বারা নিস্তার করিব না।—
৮ যখন সে লোরুহামাকে দুগ্ধ ত্যাগ করাইয়াছিল
তখন সে গর্ব্ভ ধারণ করিল ও এক পুত্র জন্মাইল।
৯ তখন ঈশ্বর কহিলেন যে তাহার নাম লোঅম্মি রাখ
কেননা তোমরা আমার লোক নহ এবং আমি
তোমারদের ঈশ্বর হইব না।—
১০ তথাপি য়িশরালের সন্তানেরদের সংখ্যা সমুদ্রের
বালির মত অপ্রমেয় ও অগণ্য হইবে এবং এই মত
হইবে যে স্থানে তাহারদিগকে কহা গেল যে তোমরা
আমার লোক নহ সেখানে তাহারদিগকে কহা যাবে
১১ যে তোমরা জীবৎ ঈশ্বরের পুত্রেরা। তখন য়িশরালের
সন্তানেরা ও য়িহোদার সন্তানেরা একত্র করা যাবে
ও আপনারদের এক অধ্যক্ষ নিযুক্ত করিবে ও তাহারা
সে দেশ হইতে আসিবে কেননা য়িজরয়ীলের দিন বড়
হইবে।—

পর্ব্ব আপনারদের ভ্রাতারদিগকে হে অম্মি বাক্য কহ ও
২ আপন ভগিনীরদিগকে রুহামা বাক্য কহ। তোমার
মাতা যে আমার ভার্য্যা নয় এবং আমি যে তাহার স্বামী

* অর্থাৎ অপ্রিয়া।—

Digitized by Google

নহি এই ওত্তর প্রত্যুত্তর আপন মাতার সহিত কর
৩ এই ওত্তর প্রত্যুত্তর কর। অতএব পাছে আমি উলঙ্গিতা
পর্য্যন্ত তাহাকে বিবস্ত্রা করি ও সে আপন জন্মদিনে
যে রূপ ছিল সেই প্রকারে তাহাকে রাখি ও তাহাকে
অরণ্য করি ও এক দেশের মত তাহাকে রাখি ও
তাহাকে তৃষ্ণায় মারি সে আপন বেশ্যাচার আপন
দৃষ্টিহইতে দূর করুক ও আপন স্তনেরদের মধ্যহইতে
৪ আপন ওপপতি সকল দূর করুক। এবং আমি
তাহার বালকেরদিগকে দয়া করিব না কেননা তাহারা
৫ বেশ্যাজাত বালক। কেননা তাহারদের মাতা
বেশ্যা ক্রিয়া করিয়াছে তাহারদিগকে গর্ভে ধারণ
করিল যে সে লজ্জাকর ক্রিয়া করিয়াছে। কেননা সে
কহিয়াছে যে আমাকে আমার রুটি ও আমার জল
ও আমার ভেড়ার লোম ও আমার মসিনা ও আমার
তৈল ও আমার পানীয়দ্রব্য দেয় যে আমার প্রেম
কারিরা তাহারদের পাছে২ আমি যাইব।—
৬ অতএব দেখ আমি কাঁটাতে তাহার পথ রোধ করিব
ও সে আপন পথ না পায় এই জন্যে এক প্রাচীর
৭ করিব। এবং সে আপন প্রেমকারিরদের পাছে২
যাইবে কিন্তু তাহারদিগকে ধরিবে না সে তাহার
দিগকে চেষ্টা করিয়া ও তাহারদিগকে পাইবে না
তখন সে কহিবে যে আমি আপন প্রথম স্বামির
কাছে যাইব কেননা তখন আমার দশা ইদানীন্তন
৮ দশাহইতে ভাল ছিল। কেননা তাহার যে শস্য ও
দ্রাক্ষারস ও তৈল আমি দিলাম ও তাহার যে রূপা

Digitized by Google

ও স্বর্ণ তাহারা বাআলের কারণ প্রস্তুত করিল সে
সকল যে আমি বাড়াইলাম ইহা তাহারা জানিল না।
৯ অতএব আমি ফিরিয়া আসিব এবং আপন শস্য
তাহার কালে ও আপন দ্রাক্ষারস তাহার কালে লইয়া
যাইব এবং তাহার উলঙ্গতা ঢাকিবার কারণ দত্ত যে
আমার মেষের লোম ও আমার মসিনা তাহা ফিরিয়া
১০ পাইব এবং এখন আমি তাহার প্রেমকারিরদের
দৃষ্টিতে তাহার উলঙ্গতা প্রকাশ করিব এবং আমার
১১ হাতহইতে কেহ তাহাকে উদ্ধার করিবে না। আমি
তাহার সকল হর্ষ অর্থাৎ তাহার পর্ব্ব ও তাহার
অমাবস্যা ও তাহার শাবত ও তাহার উৎসব
১২ বিরত করিব। এবং আমার প্রেমকারিরা আমাকে
দিয়াছে যে আমার প্রাপ্তপ্রসাদ সে যাহার বিষয়ে
এ কথা কহিয়াছে এমন যে তাহার দ্রাক্ষা লতা ও
ডুমুর বৃক্ষ তাহাও আমি নষ্ট করিব এবং তাহাকে
বন করিব এবং মাঠের পশুরা তাহা খাইবে।
১৩ এবং যিহুহ্ কহেন সে যেং দিনে বাআলেরদের
উদ্দেশে ধূপ পোড়াইল ও আপনার কর্ণকুণ্ডলেতে ও
অলঙ্কারেতে আপনাকে অলঙ্কৃত করিল এবং আপন
প্রেমকারিরদের পাছেং গেল এবং আমাকে বিস্মৃত
হইল সে সকল দিনে আমি তাহার উপরে ভোগ
করাইব।

১৪ অতএব দেখ আমি তাহাকে প্ররোচনা করিব ও
তাহাকে অরণ্যে আনিব ও তাহাকে সান্ত্বনাদায়িবাক্য



Digitized by Google

১৫ কহিব। এবং সেখানহইতে দ্রাক্ষাক্ষেত্র এবং আশা
শার দ্বারের নিমিত্তে ও আখোরের মাঠ তাহাকে দিব
এবং সে যেমন আপন যৌবনাবস্থায় করিত ও যে
সময়ে সে মিসরহইতে আইল সে সময়ে যেমন
১৬ করিত তেমনি সেখানে গান করিবে। এবং যিহুহা
কহেন সে দিনে এমত হইবে তুমি আমাকে য়িশি
করিয়া বলিবা কিন্তু আমাকে বআলী করিয়া বলিবা
১৭ না। কেননা তাহার মুখহইতে আমি বআলের
দের নাম ঘুচাইব ও তাহারদের নামেতে তাহারা
১৮ আর কখন স্মৃত হইবে না। সে দিনে আমি
তাহারদের নিমিত্তে মাঠের পশুরদের সহিত ও
আকাশের পক্ষিরদের সহিত ও ভূমির উরগেরদের
সহিত বন্দোবস্ত করিব এবং আমি পৃথিবীর মধ্য
হইতে ধনুক ও তলোয়ার ও যুদ্ধসাজ ভাঙ্গিব ও তাহার
১৯ দিগকে নির্ব্বিঘ্নে শোয়াইব। এবং আমি তোমাকে
নিত্য সম্বন্ধ করিব আমি তোমাকে যাথার্থ্যে ও বিচারে
২০ ও অতি স্নেহেতে ও দয়াতে সম্বন্ধ করিব। আমি
বিশ্বস্ততাতেই তোমাকে সম্বন্ধ করিব এবং তুমি য়িহু
২১ হাকে জানিবা। য়িহুহা কহেন যে সেই দিনে এমত
হবে আমি প্রতিকার করিব আমি স্বর্গেরদের প্রতিকার
২২ করিব ও তাহারা পৃথিবীর প্রতিকার করিবে। এবং
পৃথিবী শস্য ও দ্রাক্ষারস ও তৈলের প্রতিকার করিবে ও
২৩ তাহারা য়িস্রয়েলের প্রতিকার করিবে। আমি পৃথিবীতে
তাহাকে আপন উদ্দেশে বুনিব ও দয়া যে না পাইয়া
ছিল তাহাকে আমি দয়া করিব এবং যাহারা আমার

Digitized by Google

লোকেরা ছিলে না তোমরা আমার লোকেরা এই কথা তাহারদিগকে কহিব এবং তুমি আমার ঈশ্বর এই কথা তাহারা কহিবে।—

পর্ব্ব তখন পরমেশ্বর আমাকে কহিলেন এখনও যাও অন্য

৩ দেবেরদের পানে দৃষ্টি করে ও দ্রাক্ষা রসেতে পূর্ণ কুম্ভা ভাল বাসে যে য়িশরালের সন্তানেরা তাহারদের প্রতি যে য়িহূহার প্রেম তদনুসারে আপন ভর্ত্তাতে প্রীতা তথাপি ও পরপতিগামিনী এক স্ত্রীকে প্রেম কর।

২ অতএব আমি পনেরো রূপার মুদ্রা ও ডেড় হোমর

৩ যবেতে তাহাকে আপন কাছে ক্রয় করিলাম। এবং আমি তাহাকে কহিলাম যে তুমি অনেক দিন পর্য্যন্ত আমার নিমিত্তে থাকিবা তুমি বেশ্যাক্রিয়া করিবা না এবং অন্য পুরুষের জন্যেও হইবা না সে মত ও আমি তোমার নিমিত্তে। কেননা য়িশরালের সন্তানেরা রাজহীন ও অধ্যক্ষহীন ও যজ্ঞহীন ও স্তম্ভহীন ও আইফদ্‌হীন ও তরাফিহীন অনেক দিন পর্য্যন্ত থাকিবে। তারপরে য়িশরালের সন্তানেরা ফিরিয়া আসিবে ও আপনারদের ঈশ্বর য়িহূহার ও আপনারদের দাঊদ রাজার তত্ত্ব করিবে ও শেষতর কালে য়িহূহাকে ও তাঁহার ভদ্রতা ভয় করিবে।—

পর্ব্ব হে য়িশরালের সন্তানেরা তোমরা য়িহূহার বাক্য

৪ শুন কেননা দেশনিবাসিরদের সহিত য়িহূহার এক বিবাদ আছে কেননা দেশে সত্যতা কিম্বা দয়া কিম্বা

২ ঈশ্বরবিষয়ক জ্ঞান নয়। তাহারা শপথ করণেতে ও মিথ্যা কথা কহাতে ও বধেতে ও চুরি করাতে ও

Digitized by Google

পরদার করাতে প্রবৃত্ত ও রক্ত রক্তকে স্পর্শ করে। *
৩ এ নিমিত্তে দেশ শোক করিবে এবং যে প্রত্যেক জন
তাহার মধ্যে বাস করে সে মাঠের পশুরদের সহিত
ও আকাশের পক্ষিরদের সহিত ক্ষীণ হইবে সমুদ্রের
৪ মৎস্যেরা ও অপহৃত হইবে তথাপি কেহ প্রতিবাদ
না করুক ও অন্যকে অনুযোগ না করুক কেননা
যাহারা যাজকের সহিত বল করে তাহারদের ন্যায়
৫ তোমার লোকেরা। এ নিমিত্তে তুমি দিনে পড়িবা
ও রাত্রিতে ভবিষ্যদ্বক্তা তোমার সহিত পড়িবে এবং
আমি তোমার মাতাকে বিনষ্টা করিব।—
৬ আমার লোকেরা জ্ঞানাভাবেতে নষ্ট হইয়াছে তুমি
জ্ঞান অবজ্ঞা করিয়াছ সে কারণ তুমি যে আমার
প্রতি যাজক আর না হও এই জন্যে আমি তোমাকে
অবজ্ঞা করিব তুমি আপন ঈশ্বরের শাস্ত্র বিস্মৃত
হইয়াছ এ কারণ আমি তোমার সন্তানেরদিগকেও
৭ বিস্মৃত হইব। তাহারা যত বর্দ্ধিত ছিল তত আমার
বিরুদ্ধে পাপ করিল অতএব আমি তাহারদের
৮ ঐশ্বর্য্যকে অপমান করিব। তাহারা আমার লোকের
দের পাপার্থ বলি খাইয়া ফেলে এবং আপনারদের
৯ পাপের পানে আপনারদের মন রাখে। এবং
সেখানে যেমন লোকেরা তেমন যাজক হইবে এবং
আমি তাহারদিগকে তাহারদের গতির কারণ দণ্ড দিব
এবং তাহারদের ক্রিয়ার প্রতিফল তাহারদিগকে দিব।
১০ কেননা তাহারা খাইবে কিন্তু তৃপ্ত হইবে না তাহারা

* অর্থাৎ খুন খনং হয়।—

Digitized by Google

বেশ্যাগমন করিবে তথাপি বাড়িবে না কেননা তাহারা
যিহোবাকে মনোযোগ করিতে ত্যাগ করিয়াছে।
বেশ্যাক্রিয়া ও দ্রাক্ষারস ও নূতন দ্রাক্ষারস অন্তঃ
করণকে অপহরণ করে।

১২ আমার লোকেরা আপনারদের যষ্টির কাছে
পরামর্শ জিজ্ঞাসা করে ও তাহারদের দণ্ড তাহারদের
নিকটে প্রকাশ করে কেননা বেশ্যাগমনকারি আত্মা তাহার
দিগকে ভ্রান্ত করিয়াছে এবং তাহারা আপনারদের
ঈশ্বরের নিকটহইতে বেশ্যাগমন পূর্ব্বক গিয়াছে।
১৩ তাহারা পর্ব্বতেরদের মাথার উপর যজ্ঞ করে ও ক্ষুদ্র পর্ব্ব
তেরদের উপরে অলোন বৃক্ষ ও লিবনী বৃক্ষ ও আলা
বৃক্ষের তলে ধূপ পোড়ায় কেননা তাহার ছায়া ভাল
অতএব তোমারদের কন্যারা বেশ্যাচার করিবে ও
১৪ তোমারদের বধূরা উপপতি গমন করিবে। তোমার
দের কন্যারা যখন বেশ্যা ক্রিয়া করে ও তোমারদের
বধূরা যখন উপপতি গমন করে তখন আমি তাহার
দিগকে শাস্তি দিব না কেননা তাহারা আপনারা
বেশ্যারদের কাছে বিভিন্ন হইয়াছে ও গণিকারদের
সহিত যজ্ঞ করে সে কারণে যে লোক বুঝে না সে
পড়িবে।

১৫ হে ইস্রায়েল তুমি যদি বেশ্যা ক্রিয়া কর তবু যিহূদা
দোষ না করুক এবং তোমরা গিল্গলে আসিও না
এবং বৈৎআবনে ও আসিও না এবং যিহোবা জীবৎ
১৬ আছেন এ কথা কহিয়া শপথ করিও না। কেননা
ইস্রায়েল গোঁ দামড়ার মত ইস্রায়েল পিছুদিয়া পড়ে

এখন যেমন মেষের শাবক প্রশস্ত স্থানে খাওয়ান যায়
তেমন পরমেশ্বর তাহাকে খাওয়াইবেন। আফ্রিম
দেবতাদের সঙ্গে যুক্ত হইয়াছে তাহাকে থাকিতে
১৮ দেও। তাহার পানীয় বস্তু অম্ল আছে তাহারা
অবিরত ব্যভিচার করিয়াছে তাহার অধ্যক্ষেরা লজ্জা
প্রযুক্ত কুকর্মেতেও এ প্রকার প্রেম করে। বায়ু আপন
পাখাতে তাহাকে বদ্ধ করিয়াছে এবং তাহারা তাহার
দের যজ্ঞের বিষয়ে লজ্জিত হইবে।

১ হে যাজকেরা ইহা শুন এবং হে যিশরায়েলের বংশ
তোমরা অবধান কর এবং হে রাজার গৃহ তোমরা
অবধান কর তোমরা মিস্পাতে পাতিত এক ফাঁদ ও
তাবোরে বিস্তৃত জাল এ জন্যে বিচার তোমারদের
২ উপরে হইয়াছে। হননকারকেরা বলি করিতে গভীর
আছে অতএব আমি তাহারদের সকলের অনুযোগ
৩ কর্ত্তা হইব। আমি আফ্রিমকে জানি যিশরাল
আমাহইতে গুপ্ত নয় যেহেতুক হে আফ্রিম তুমি বেশ্যা
গমন করিতেছ যিশরাল আপনাকে অপবিত্র করিয়া
৪ছে। তাহারদের কুকর্ম্মসকল তাহারদিগকে তাহার
দের ঈশ্বরের প্রতি ফিরিয়া আসিতে দিবে না কেননা
বেশ্যাগমনাত্মা তাহারদের মধ্যে এবং তাহারা
৫ যিহোবাকে জানে নাই। এবং যিশরালের অহঙ্কার
তাহার মুখের সাক্ষ্য দিতেছে এই নিমিত্তে যিশরাল ও
আফ্রিম আপনারদের অপরাধের দ্বারা পড়িবে
৬ যিহোদাও তাহারদের সহিত পড়িবে। তাহারা
তাহারদের মেষ ও গোপালের সহিত যিহোবাকে অন্বেষণ

Digitized by Google

করিতে যাইবে কিন্তু তাহারা তাঁহাকে পাইবে না তিনি
তাহারদের নিকট হইতে আপনাকে আচ্ছন্ন করিয়া
৭ ছেন। তাহারা যিহোবার প্রতি বিশ্বাস ঘাতকতাচরণ
করিয়াছে কেননা তাহারা অন্যজাতীয় বালকেরদিগকে
জন্মাইয়াছে এখন এক মাস তাহারদিগকে ও তাহার
৮ দের ভাগ নাশ করিবে। গিবিয়াতে শৃঙ্গ বাজাও ও
রামাতে তুরী বাজাও বৈৎআবনেতে উচ্চধ্বনি কর হে
৯ বিনিয়ামীন তুমি আপন পাছে দেখ। অনুযোগের দিনে
ইফ্রয়িম নষ্ট হইবেক অবশ্য ভবিতব্য তাহা আমি
১০ ইস্রায়েলের গোষ্ঠীমধ্যে জানাইয়াছি। যাহারা
সীমা কেহ স্থানান্তর করে তাহারদের মত যিহোদার
অধ্যক্ষেরা আছে আমি জলের ন্যায় আপন কোপ তাহারদের
১১ উপরে ঢালিব। বিচারে ইফ্রয়িম উপদ্রুত ও ভগ্ন হই
য়াছে কেননা সে আজ্ঞানুগামী বটে কিন্তু স্বেচ্ছাকারী।
১২ অতএব আমি ইফ্রয়িমের প্রতি কীটের মত হইব এবং
১৩ যিহোদার বংশের প্রতি ক্লেদের ন্যায় হইব। যখন
ইফ্রয়িম আপন রোগ ও যিহোদা যখন আপন ঘা
জ্ঞাত হইল তখন ইফ্রয়িম আশোরীয়ের কাছে গেল
ও যারব রাজার নিকটে লোক পাঠাইল তথাপি সে
তোমারদিগকে সুস্থ করিতে পারিল না ও তোমারদের
১৪ ঘা ভাল করিতে পারিল না। কেননা আমি
সিংহের ন্যায় ইফ্রয়িমের প্রতি আচার করিব ও
যিহোদার বংশের প্রতি যুবা সিংহের মত হইব
আমি কিনা আমি বিদীর্ণ করিব ও চলিয়া যাইব
আমি হরণ করিব এবং কেহ মুক্ত করিবে না।

Digitized by Google

তাহারা যে পর্য্যন্ত আপনারদিগকে অপরাধি স্বীকার
না করেন ও আমার মুখ অন্বেষণ না করে সে পর্য্যন্ত
আমি যাইয়া আপন স্থানে ফিরিয়া যাইব তাহারদের
দুঃখের সময় তাহারা প্রত্যুষে আমাকে অন্বেষণ
করিবে।

৬ অধ্যায় আইস আমরা যিহোবার প্রতি ফিরিয়া যাই কেননা
১ তিনি ছিঁড়িয়াছেন ও তিনি আমারদিগকে সুস্থ করি
বেন তিনি মারিয়াছেন ও আমারদিগকে বাঁধিয়া রাখি
২ বেন। তিনি দুই দিনের পরে আমারদিগকে জীয়াই
বেন ও তৃতীয় দিনে তিনি আমারদিগকে উঠাইবেন
৩ ও আমরা তাঁহার গোচরে বাঁচিয়া থাকিব। তখন
আমরা জানিব আমরা যিহোবাকে জানিতে মনোযোগ
করিব তাঁহার নির্গমন প্রাতঃকালের ন্যায় প্রস্তুত হই
য়াছে অর্থাৎ তিনি বৃষ্টির ন্যায় আমারদের নিকটে
আসিবেন শেষীয় ও প্রথমীয় বৃষ্টি পৃথিবীতে
যেমন আইসে তেমন।
৪ হে ইফ্রয়িম আমি তোমাকে কি করিব হে যিহোদা
আমি তোমাকে কি করিব কেননা তোমারদের ধর্ম্ম
প্রাতঃকালীন মেঘের মত এবং প্রাতঃকালীন শিশিরের
৫ মত বহিয়া যায়। এ নিমিত্তে আমি ভবিষ্যদ্বক্তারদের
করণক তাহারদিগকে প্রহার করিয়াছি আমি আপন
মুখের কথাতে তাহারদিগকে হত করিয়াছি এবং
তোমাকে দত্ত যে নীতি সে নির্গমনকারী আলোর
৬ মত। কেননা আমি দয়া ইচ্ছা করিয়াছি বলিদান
নাই এবং হোমহইতে ঈশ্বর বিষয়ক জ্ঞান ইচ্ছা করি

Digitized by Google

৭ যাজি। কিন্তু তাহারা মানুষেরদের মত বন্দোবস্ত
লঙ্ঘন করিয়াছে তাহারা সেইখানে আমার প্রতি
৮ মিথ্যাব্যবহার করিয়াছে। গিলিয়দ কুকর্ম্মকারির
৯ দের নগর সে রক্তেতে অপবিত্র। এবং দস্যুর
সংঘ যেমন কোন মানুষের অপেক্ষায় থাকে সেমত
যাজকেরদের সংঘ শিখিমের পথে হত্যা করে কেননা
১০ তাহারা য়িশ্রালের বংশে লোচ্চাগিরি করে আমি
সেখানে শঙ্কাদায়ী এক বিষয় দেখিয়াছি অর্থাৎ
১১ আফ্রিমের বেশ্যাগমনকে ও য়িশ্রালকে নষ্ট। হে
য়িহোদা যখন আমি আপন লোকেরদের অন্যদেশে
দাসত্ব ফিরাই তখন তোমার জন্যেও শস্যসঞ্চয়
কর্ম্ম নিরূপিত হইয়াছে।

৭ পর্ব্ব আমি যখন য়িশ্রালকে সুস্থ করিতে চাহিলাম
১ তখন আফ্রিমের অযাথার্থ্য ও শমারোণের দুষ্টতা
প্রকাশ করা গেল কেননা তাহারা প্রতারণা করে চোর
প্রবেশ করে এবং বাহিরে দস্যুরদের সমূহ নষ্ট
২ করে। এবং আমি যে তাহারদের সকল দুষ্টতা
স্মরণ করি ইহা তাহারা অন্তঃকরণে না কহেন কেননা
তাহারদের পাপশীলতা তাহারদিগকে বেষ্টিত করি
৩ য়াছে তাহারা আমার সম্মুখে হইয়াছে। তাহারা
আপনারদের দুষ্টতাতে রাজাকে ও আপনারদের
মিথ্যা কথাতে অধ্যক্ষকে আনন্দিত করিয়াছে।
৪ তাহারা সকলে পারদারিক তাহারা অতিশয় তপ্তীকৃত
তনুরের মত ছানা চট্কাইলেপর যে পর্য্যন্ত সে

৫ খমির না হয় সে পর্য্যন্ত ভর্জ্জক ক্ষান্ত হয়। আমার
দের রাজার দিনে অধ্যক্ষেরা তাহাকে দ্রাক্ষা রসের
কুম্ভে পীড়িত করিল সে নিন্দকেরদের সহিত হাত
৬ বিস্তার করিল। কেননা তাহারা যে সময়ে লুকিয়া
থাকে সে সময়ে তাহারা তনুরের ন্যায় আপনার
দের অন্তঃকরণ প্রস্তুত করিয়াছে তাহারদের ভর্জ্জক
সমস্ত রাত্রি ঘুমে প্রাতঃকালে সে জ্বলন্ত অগ্নির মত
৭ জ্বলে। তাহারা সকলে তনুরের মত তপ্ত এবং
আপনারদের বিচারকর্ত্তারদিগকে খাইয়া ফেলিয়াছে
তাহারদের সকল রাজারা পতিত হইয়াছে আমার
কাছে যে নিবেদন করে এমন তাহারদের মধ্যে কেহ
৮ নয়। এফ্রিম সে লোকেরদের সহিত আপনাকে
মিশ্রিত করিয়াছে এফ্রিম উলটা হওয়া ব্যতিরিক্ত রুটি
৯ রুটির মত। বিদেশিরা তাহার বল খাইয়া ফেলি
য়াছে ও সে তাহা জানে না সত্য পাকা চুল এখানে
ওখানে তাহার উপরে আছে কিন্তু সে তাহা জানেনা।
১০ এবং যিশরালের অহঙ্কার তাহার মুখেতে প্রমাণ
দেয় এবং এ সকল হইলে ও তাহারা আপনারদের
ঈশ্বর যিহুহার প্রতি ফিরে না ও তাহাকে চেষ্টা
করে না।—

১১ এফ্রিম হৃদয়হীন কোন অজ্ঞান ঘুঘুর মত তাহারা
১২ মিস্রকে ডাকে তাহারা আশোরে যায়। তাহারা
যখন যাইবে তখন আমি আপন জাল তাহারদের
উপরে বিস্তীর্ণ করিব আমি তাহারদিগকে আকাশের
পক্ষিরদের মত নামাইব তাহারা আপনারদের মণ্ডলিতে

Digitized by Google

যে কথা শুনে সে কথে আমি তাহারদিগকে শাস্তি
১৩ দিব। হায় তাহারদের কেননা তাহারা আমার
নিকটহইতে পলাইয়াছে সর্ব্বনাশ তাহারদের ওপরে
হওক কেননা তাহারা আমার বিপক্ষে আজ্ঞাতিক্রম
করিয়াছে আমি তাহারদিগকে মুক্ত করিয়াছি বটে
তথাপি তাহারা আমার বিপক্ষে মিথ্যা কথা কহিয়াছে।
১৪ এবং তাহারা অন্তঃকরনের সহিত আপনারদের
শয্যায় আমার প্রতি ক্রন্দন করিল না তাহারা শস্য ও
দ্রাক্ষারসের নিমিত্তে চিন্তান্বিত ছিল তাহারা আমার
১৫ শাসন হেলন করিল। আমি তাহারদিগকে বাঁধি
লাম ও তাহারদের হাত বলবান করিলাম তথাপি তাহারা
১৬ আমার বিরুদ্ধে কুক্রিয়া অনুভব করে। তাহারা
ফিরিয়া আইসে বটে কিন্তু যাহা কিছু নয় তাহার
প্রতি তাহারা কপটী ধানুকের মত তাহারদের অধ্য
ক্ষেরা আপনারদের জিহ্বার রাগেতে তলোয়ারের দ্বারা
পড়িবে। মিস্‌র দেশে তাহারদের অপমান এই
হইবে।

পর্ব্ব ৮ তুমি আপন মুখে তুরী লাগা সে নশর পক্ষির
ন্যায় যিহুহার ঘরের বিরুদ্ধে আসিবে কেননা তাহারা
আমার বন্দোবস্ত অতিক্রম করিয়াছে ও আমার
২ শাস্ত্রের বিপরীত গমন করিয়াছে। যিশরাল
আমাকে ডাকিয়া কহিবে হে আমার ঈশ্বর আমরা
৩ তোমাকে জানি। যিশরাল ভাল আচরণ ত্যাগ
৪ করিয়াছে শত্রু তাহাকে তাড়িয়া দিবে। তাহারা
রাজারদিগকে স্থাপন করিয়াছে কিন্তু আমার দ্বারা

Digitized by Google

নাই তাহারা অধ্যক্ষরদিগকে করিয়াছে ও আমি
তাহা জানি নাই তাহারা উচ্ছিন্ন হয় এই জন্যে আপনার
দের রূপা ও স্বর্ণেতে তাহারা প্রতিমা করিয়াছে।
৫ হে শমরোণ তোমার বাছুর তোমাকে ত্যাগ করিয়া
ছে আমার ক্রোধ তাহারদের বিপরীতে প্রজ্বলিত
হইয়াছে তাহারা কত কাল পরিষ্কৃততার বৈর করিবে?
৬ কেননা সে য়িশ্রায়েল হইতেও হইল কর্ম্মকারক তাহা
নির্ম্মাণ করিল সেই কারণ সে ঈশ্বর নয় কিন্তু
৭ শমরোণের বাছুর খণ্ড২ করা যাইবে। কেননা
তাহারা বায়ু বুনিয়াছে ও ঘূর্ণিবায়ু ফসল কাটিবে
তাহার ডাঁটা নয় তাহার শস্যেতে সুজি কিছু হইবে
না যদ্যপিও সে কিছু উৎপাদন করে তবু বিদেশিরা
৮ তাহা গিলিয়া ফেলিবে। য়িশ্রায়েল গিলিয়া ফেলা
গিয়াছে এখন যাহাতে কিছু রুচি নাই এমন কোন
পাত্রের মত সে অন্যদেশীয় লোকেরদের মধ্যে হইবে।
৯ কেননা আপনার সুখ চেষ্টা করে যে কোন বন্য গর্দ্দভ
তদ্রূপে তাহারা আপন২ ইচ্ছায় অশোরে গিয়াছে
আফ্রিম তাহারা প্রেমকারিরদিগকে ভাড়া লইয়াছে।
১০ সত্য তাহারা অন্যদেশীয়েরদের মধ্যে প্রেমকারির
দিগকে ভাড়া লইয়াছে তথাপি আমি তাহারদিগকে
১১ একত্র করিব। এবং রাজা ও অধ্যক্ষেরা কিঞ্চিত
পরে ভারের কারণ শোক করিবে। আফ্রিম
পাপের উদ্দেশে অনেক যজ্ঞবেদী করিয়াছে সে
কারণ তাহার নিমিত্তে পাপের উদ্দেশে যজ্ঞবেদী
১২ করা যাইবে। আমি আপন শাস্ত্রের বড় বিষয়

Digitized by Google

তাহার কাছে লিখিয়াছি কিন্তু সে সকল অসম্ভব
১৩ বিষয়ের মত গণিত হইল। তাহারা আমার
উৎসর্জ্জনীয় নৈবেদ্যের জন্য মাংস নিবেদন করে ও
খায় কিন্তু যিহ্বহা তাহারদিগকে গ্রহণ করেন না
এখন তিনি তাহারদের অযাথার্থ্য স্মরণ করিবেন ও
তাহারদের পাপের ফল দিবেন তাহারা মিসরে আর
১৪ বার যাইবে। কেননা যিশরাএল আপন সৃষ্টিকর্ত্তা
কে বিস্মৃত হইয়াছে ও মন্দির গাঁথিয়াছে এবং
যিহুদা প্রাচীর বেষ্টিত নগর বাড়াইয়াছে কিন্তু আমি
তাহার নগরে অগ্নি পাঠাইব ও সে তাহার অট্টালিকা
খাইয়া ফেলিবে।

পর্ব্ব হে যিশরাএল তুমি অন্য লোকেরদের মত হর্ষেতে
৯ আনন্দ করিও না কেননা তুমি আপন ঈশ্বর হইতে
গিয়া বেশ্যাগমন করিয়াছ তুমি প্রত্যেক খামারের
২ উপরে প্রতিবর্ত্তন ভাল বাসিয়াছ। খামার ও
দ্রাক্ষা যন্ত্র তাহারদিগকে খাওয়াইবে না এবং তাহার
৩ মধ্যে নূতন দ্রাক্ষা রসের অভাব হইবে। তাহারা
যিহ্বহার দেশে বাস করিবে না কিন্তু আফ্রিম পুনর্ব্বার
মিসরে যাবে এবং আশোরে তাহারা অশুচি দ্রব্য
৪ খাইবে। তাহারা যিহ্বহার উদ্দেশে দ্রাক্ষা রস
নিবেদন না করুক সে তাঁহার প্রতি তুষ্টিকর নয়
তাহারদের নৈবেদ্য তাঁহার প্রতি মৃতার্থ শোক
কারিরদের আহারের মত। যাহারা তাহার
কিছু খায় সে সকলে অশুচি হইবে কেননা
তাহারদের প্রাণের নিমিত্তক ভক্ষ্য যিহ্বহার ঘরে

Digitized by Google

৫ আসিবে না। ওৎসব দিনেও যিহোবার পর্ব্বের
৬ দিনে তোমরা কি করিবা? কেননা দেখ তাহারা।
সর্ব্বনাশ প্রযুক্ত গিয়াছে মিস্র তাহারদিগকে একত্র
করিবে মেম্ফিস তাহারদিগকে কবর দিবে তাহার
দের কপাময় পাত্রের স্থানে তাহারদের নিবাসে
বিছুটির অধিকার হইবে তাহারদের তাম্বুতে কণ্টক
৭ হবে দেখিবার কাল অর্থাৎ প্রতিফল দেওয়ার দিন
আসিয়াছে যিশ্রাল জানিবে তোমার অযাথার্থ্যের
৮ বাহুল্যানুসারে দণ্ডও বড় হইবে। ভবিষ্যদ্বক্তা মূর্খ হই
য়াছে পরমার্থিক মানুষ বাতুল আছে আফ্রিমের চৌকি
দার আমার ঈশ্বরের সহিত ছিল কিন্তু তাহার সকল
পথে ভবিষ্যদ্বক্তা ব্যাধের ফাঁদস্বরূপ হইয়াছে আমার
৯ ঈশ্বরের গৃহের মধ্যে দণ্ড আছে। তাহারা যেমন
গিবআর দিনে তেমন আপনারদিগকে অতি অশুচি
করিল তিনি তাহারদের অযাথার্থ্য স্মরণ করিবেন
১০ তিনি তাহারদের পাপ ভোগ করাইবেন। আমি
অরণ্যে দ্রাক্ষার মত যিশ্রালকে পাইলাম ডুম্বুর গা
ছের প্রথম কালে যেমন তাহার ওপরে প্রথম পক্ব ডুম্বুর
তেমন আমি তোমারদের পিতৃলোকেরদিগকে দেখি
লাম কিন্তু তাহারা বাআলপেওরের কাছে গেল ও সে
লজ্জাকর বস্তুর প্রতি আপনারদিগকে ভিন্ন করিল
এবং তাহারদের প্রতি যেমন আমার প্রেম ছিল তেমন
১১ তাহারদের ঘৃণার্হ বস্তু ছিল। আফ্রিমের এই পক্ষী
যেমন উড়ে তেমনি তাহারদের ঐশ্বর্য্য ওড়িয়া যাইবে।
প্রসব হইবে না গর্ব্ভ হইবে ও গর্ব্ভধারণ হইবে

Digitized by Google

১২ না তাহারা যদি আপনারদের বালকেরদিগকে
বর্দ্ধিত করে তবু যাহাতে কোন জন অবশিষ্ট
না থাকে সে মত আমি তাহারদিগকে সন্তানহীন
করিব সত্য যখন আমি তাহারদিগকে ত্যাগ করি
১৩ তখন হায় তাহারদের। আমি সোরকে যেমন
দেখিলাম তেমন আফ্রিমও রম্যস্থানে রোপিত ছিল কিন্তু
হত্যাকর্ম্মিরদের কারণ আফ্রিম বালকেরদিগকে প্রসব
১৪ করিবে। হে যিহুহা তাহারদিগকে দেও তুমি কি
দিবা তাহারদিগকে পাবী গর্ব্ভ ও শুষ্ক স্তন দেও।
১৫ তাহারা যে সকল দুষ্টতা গিল্গালে করিয়াছে তাহার
ফল দেও কেননা আমি সেখানে তাহারদিগকে ঘৃণা
করিলাম। তাহারদের ক্রিয়ার দুষ্টতাতে আমি
তাহারদিগকে আপন ঘরহইতে খেদাইয়া দিব আমি
তাহারদিগকে আর প্রেম করিব না তাহারদের সকল
১৬ অধ্যক্ষেরা বির্দ্মত্যাগী। আফ্রিম প্রহৃত আছে তাহার
দের শিকড় শুকিয়া গিয়াছে তাহারা ফল ফলিবে না
তাহারা যদি ফলে তথাপি আমি তাহারদের গর্ব্ভের
১৭ প্রিয় ফল হত করিব। আমার ঈশ্বর তাহারদিগ
কে ফেলিয়া দিবেন কেননা তাহারা তাহার কথাতে
অবধান করে নাই এবং তাহারা অন্যদেশীয়েরদের
মধ্যে পরিভ্রমণকারী হইবে।—

পর্ব্ব যিশরাল ফলবান দ্রাক্ষা লতা সে আপন প্রদেশে
১০ ফল ফলে সে আপন ফলের অনেকতানুসারে বেদী
বাড়াইল তাহার দেশের উত্তমতানুসারে তাহারা
২ সুন্দর প্রতিমা করিয়াছে। তাহারদের অন্তঃকরণ

Digitized by Google

দ্বিধা হইয়াছে এখন তাহারা দণ্ডিত হইবে তিনি
তাহারদের বেদী ভাঙ্গিবেন তিনি তাহারদের প্রতিমার
৩ দিগকে নষ্ট করিবেন। কেননা এখন তাহারা
কহিবে যে আমারদের রাজা নয় কেননা আমরা
ঈশ্বরকে ভয় করি নাই তবে রাজা আমারদের কি
৪ করিবেক? তাহারা বন্দোবস্ত করত মিথ্যা কিরা করিয়া
কথা কহিয়াছে এ প্রকারে যেমন ক্ষেত্রের চাসে বাশ
৫ গাছ বাড়ে তেমন বিচার বাড়ে। বৈতাবনের বাছু
রেতে শমরোণনিবাসিরা ভয় করিবে কেননা তাহার
লোকেরা তাহার উপরে শোক করিবে এবং যে যাজ
কেরা তাহার উপরে আনন্দ করিত তাহারা তাহার
ঐশ্বর্য্যেতে ও শোক করিবে কেননা সে তাহা হইতে
৬ গিয়াছে। সে ও যারিব রাজার নিমিত্তক এক জন
রের কারণ আশোরে লইয়া যাওয়া যাইবে আফ্রয়
পাইবে লজ্জা এবং য়িশরাল আপন পরামর্শেতে লজ্জিত
হবে।

৭ শমরোণ উচ্ছিন্ন হইয়াছে তাহার রাজা জলের
৮ উপরিস্থ ফেণার মত আছে। য়িশরালের পাপ
যে আবন তাহার উচ্চ স্থান ও নষ্ট হইবে কণ্টক ও
শিয়ালকাঁটা তাহারদের যজ্ঞবেদীরদের উপরে উঠিব
এবং আমারদিগকে ঢাক এ কথা তাহারা পর্ব্বতের
দিগকে কহিবে ও আমারদের উপরে পড় এই
৯ কথা পর্ব্বতেরদিগকে কহিবে। হে য়িশ
রাল তুমি গিবআর কালাবধি পাপ করিয়াছ তাহারা
সেখানে দাঁড়াইল গিবআতে যে যুদ্ধ অযাথার্থ্যকারী

Digitized by Google

সন্তানেরদের বিপক্ষে ছিল সে তাহারদিগকে স্পর্শ
১০ করিল না। আমি যে তাহারদিগকে শাস্তি দি এই
আমার মনে আছে এবং যখন তাহারা আপনারদের
দুই পাপের বিষয়ে দণ্ডিত হইবে তখন লোকেরা
১১ তাহারদের সাক্ষে সংগৃহীত হইবে। এবং
ইফ্রয়িম শিক্ষিত কোন দিহায়নের মত হইয়া শস্য
মাড়িতে ভাল বাসে কিন্তু আমি তাহার সুন্দর গলার
উপরে আরোহণ করিলাম আমি ইফ্রয়িমকে বহাইব
য়িহোদা চাস করিবে ও যাকুব আপনার জন্যে ঢেলা
১২ ভাঙ্গিবে। তোমরা আপনারদের প্রতি যাথার্থ্য বীজে
বুন কৃপাতে ফসল কাট তোমারদের পতিত ভূমি ভাঙ্গ
কেননা যিহোবা যে পর্য্যন্ত না আইসেন ও তোমারদের
উপরে যাথার্থ্য বৃষ্টি না করুন সে পর্য্যন্ত তাঁহাকে
১৩ চেষ্টা করিতে কাল আছে। তোমরা দুষ্টতাকেই
চাস দিয়াছ ও অযাথার্থ্যরূপ ফসল কাটিয়াছ তোমরা
১৪ মিথ্যা ফল খাইয়াছ। তুমি আপন পথে ও আপন
বলবান লোক সমূহেতে বিশ্বাস করিয়াছ এই জন্যে
তোমার লোকেরদের মধ্যে কোলাহল উঠিবে এবং
যুদ্ধের দিনে যেমন শল্মন বৈৎ-আর্বেল নষ্ট করিল সে
মত তোমার দৃঢ় গড় নষ্ট হইবে মাতা আপন বালকের
১৫ দের উপরে আছাড়া হইয়া খণ্ড হইল। তোমার
দের বড় অযাথার্থ্য প্রযুক্ত বৈৎএল তোমারদিগকে
সেই মত করিবে এক অরুণ যেমনি লুপ্ত হয় তেমনি
য়িশ্রায়েলের রাজা সর্ব্বতোভাবে লুপ্ত হইবে।



Digitized by Google

## ১১ একাদশ পর্ব্ব ওশেয়ার ভবিষ্যদ্বাক্য।—

পর্ব্ব ১১ যখন য়িশরাল বালক ছিল তখন আমি তাহাকে
প্রেম করিলাম এবং আপনার পুত্রকে মিসরহইতে
২ ডাকিলাম। তাহারা যত তাহারদিগকে ডাকিল
তত তাহারা তাহারদের নিকটহইতে গেল তাহারা
বাআলেরদের উদ্দেশে যজ্ঞ করিল এবং খোদুয়া প্রতি
৩ মারদের উদ্দেশে ধূপ পোড়াইল। আমি তাহার
দের হাত ধরিয়া আফ্রিমকে হেঁটাইতে শিক্ষা করাই
লাম কিন্তু আমি যে তাহারদিগকে সুস্থ করিলাম ইহা
৪ তাহারা জানিল না। আমি মনুষ্যের দড়িতে
অর্থাৎ প্রেমের বাঁধনেতে তাহারদিগকে আক
র্ষণ করিলাম এবং তাহারদের গালের উপরির
যুয়াল তাহারদের স্কন্ধহইতে তুলিয় যাহারা তাহার
ও আপন মনেঃ মরিতে ইচ্ছা করিল এই মত রৌদ্র
তাহার মাথায় লাগিল এবং সে কহিল যে আমার
৯ জীবনহইতে বরং আমার মরণ ভাল। পরে ঈশ্বর
য়োনাকে কহিলেন তুমি কি কদুর কারণ ক্রোধ করিতে
ভাল করিতেছ? সে কহিল যে আমি মরণ পর্য্যন্ত
১০ ক্রোধ করিতে ভাল করি। তখন যিহোবা কহিলেন
তুমি যাহার কারণ কিছু শ্রম কর নাই ও যাহাকে তুমি
বাড়াও নাই যে এক রাত্রিতে উঠিল ও এক রাত্রিতে
মরিল এমন যে কদু তাহার উপরে তুমি দয়া করিয়াছ
১১ এবং যাহারা আপনারদের দক্ষিণ ও বাম হাতের
ভেদ দেখিতে পায় না এমন এক শত কুড়ি সহস্রের
অধিক লোক এবং অনেক পশুরা যাহাতে থাকে
এমন যে বৃহন্নগর অর্থাৎ নীনিবি আমি কি তাহার
দয়া করিব না?

# মীখার ভবিষ্যদ্বাক্য পুস্তক।

## প্রথম পর্ব।

১ যিহোদার যোতম ও আহাজ ও যিহিষ্কিয় রাজা-
দের কালে যিহোবার যে বাক্য মীকা মোরাষ্টীয়ের
কাছে উপস্থিত হইল অর্থাৎ তিনি শমরোণের ও
যিরোশালমের বিষয়ে যাহা দেখিলেন সে এই।
২ হে সকল লোকেরা তোমরা শুন হে পৃথিবী তুমি
শুন ও তাহার মধ্যে যত তাহারা ও শুনুক এবং
যিহোবা পরমেশ্বর অর্থাৎ আপন পবিত্র মন্দিরের মধ্য
হইতে যিহোবা তোমারদের বিপক্ষে সাক্ষী হউন।
৩ কেননা দেখ যিহোবা আপন স্থানহইতে আসিতেছেন
এবং নামিবেন ও পৃথিবীর উচ্চ স্থানের উপরে পাদবি
৪ ক্ষেপ করিবেন। এবং অগ্নির সম্মুখে মোম যেমন
হয় এবং জল যেমন পথাতহইতে চালা যায় তেমন
তাঁহার নীচে পর্ব্বতেরা গলিয়া যাবে ও মাঠেরা
৫ ফাটিয়া যাবে। যাকুবের অতিক্রমেতে ও যিশরা
লের বংশের পাপেতে এই সকল হইল। যাকুবের
অতিক্রম কি? সে কি শমরোণ নয়? এবং যিহোদার
উচ্চ স্থানেরা কি তাহারা কি যিরোশালম নয়?।
৬ অতএব আমি শমরোণকে মাঠের এক ঢিপির ন্যায়
ও দ্রাক্ষা ক্ষেত্রের কলমের ন্যায় করিব এবং আমি
তাহার পাথরেরদিগকে মাঠে ফেলিব ও তাহার বুনি

Digitized by Google

৭ য্যাদ প্রকাশ করিব। ও তাহার সকল খোদিত প্রতি-
মারা খণ্ড২ করা যাইবে ও তাহার সকল বেতন
অগ্নিতে দগ্ধ হইবে ও তাহার সকল দেবতারদিগকে
আমি অনাথ করিব কেননা বেশ্যার বেতনেতে সে
তাহা সঞ্চয় করিল ও বেশ্যার বেতনে তাহারা ফিরিয়া
৮ যাইবে। সেকারণ আমি বিলাপ ও আর্ত্তস্বর
করিব আমি বিবস্ত্র ও উলঙ্গ হইয়া যাইব আমি
শৃগালেরদের ন্যায় বিলাপ করিব পেঁচারদের মত আর্ত্ত-
৯ স্বর করিব। কেননা তাহার ঘাও অচিকিৎস্য
হইয়াছে কেননা সে যিহোদা পর্য্যন্ত আসিয়াছে সে
আমার লোকেরদের দ্বার পর্য্যন্ত অর্থাৎ যিরোশালম
পর্য্যন্ত আসিয়াছে।
১০ গাতে তাহা জানাইও না কিছু ক্রন্দন করিও না
১১ অফ্রার ঘরে আপনাকে ধূলাতে গড়াগড়ি দিও। হে
সাফিরনিবাসী তুমি উলঙ্গ ও লজ্জিত হইয়া চলিয়া
যাও বৈৎ আৎসলের শোকে সানন নিবাসী আইল না
১২ সে তোমারদের কাছে আপন স্থিতি পাবে। কেননা
মারত নিবাসী যত্ন করিয়া মঙ্গলাপেক্ষা করিল কিন্তু
যিহোবার নিকটহইতে অমঙ্গল যিরোশালমের দ্বার
১৩ পর্য্যন্ত আইল। হে লাখিশ নিবাসী তুমি বেগবান
পশুতে গাড়ি যোড় সীয়োনের কন্যার প্রতি সে পাপের
আরম্ভ হইয়াছে কেননা যিশ্রায়েলের অতিক্রম তোমার
১৪ মধ্যে পাওয়া গেল। এ নিমিত্তে তুমি মোরিসেত-
গাতকে নজর দিবা যিশ্রায়েলের রাজারদের প্রতি
১৫ আখ্জিবের বাটী মিথ্যা হইবে। তথাপি হে

Digitized by Google

মারেশা নিবাসী আমি তোমার এক দায়াদ নিকটে
আনিব সে যিশ্রয়েলের গৌরব যে অদুল্লম তাহার
১৬ নিকটে আসিবে। তুমি আপন কোমল বালকের
দের জন্যে আপনাকে টাকপড়া কর ও মুণ্ডন কর
শকুনি পক্ষির মত আপন টাকপড়া বাড়াও কেননা
তাহারা তোমার নিকটহইতে অন্য দেশে দাসত্বে
গিয়াছে।

২ পর্ব্ব যাহারা আপনারদের শয্যায় অধার্মিক্য উৎপন্ন
১ করে ও কুক্রিয়া আচার করে হায় তাহারদের রাত্রি
প্রভাত হইলে তাহারা সে ব্যাপার করে কেননা সে
২ তাহারদের হাতের শক্তির মধ্যে এবং তাহারা ক্ষেত্র
লোভ করে ও তাহা জোরেতে লয় এবং ঘর ও
লোভ করে ও অপহরণ করে এই মত তাহারা
মানুষ ও তাহার ঘরের উপর অর্থাৎ মানুষ ও তাহার
৩ অধিকারের উপরে উপদ্রব করে। অতএব যিহোবা এ
কথা কহেন দেখ যাহাহইতে তোমরা আপনারদের
গলা মুক্ত করিবা না এমন অমঙ্গল আমি এ লোকের
বিরুদ্ধে ঠাওরাই তোমরা গর্ব্ব পূর্ব্বক ও চলিবা না
কেননা এ কাল মন্দ।

৪ সে কালে কেহ তোমারদের বিপক্ষে দৃষ্টান্তোপদেশ
প্রবন্ধ গ্রহণ করিবে এবং ঘোর বিলাপেতে বিলাপ
করিবে ও কহিবে যে আমরা সর্ব্বতোভাবে নষ্ট
হইয়াছি সে আমার লোকেরদের অধিকারের
অন্যথা করিবে সে তাহা আমার নিকটহইতে কেমনি
দূর করিয়াছে? সে বিমুখ হইয়া আমারদের ভূমি

Digitized by Google

৫ বিভাগ করিয়াছে। অতএব যিহুহার মণ্ডলির মধ্যে
পর্য্যায়ানুক্রমে রজ্জু যে ফেলিবে তোমার এমন কোন কেহ
৬ থাকিবে না। ভবিষ্যদ্বাক্য কহিও না তাহারা ভবিষ্য
দ্বাক্য কহে তাহারা তাহারদের নিকটে ভবিষ্যদ্বাক্য
কহিবে না তাহারা লজ্জা পাইবে না।—
৭ হে যাকুব বংশ শাস্যেতে যাও. যিহুহার আত্মা
কি বদ্ধ আছে? এই কি তাঁহার ক্রিয়া? যে জন
যথার্থরূপে চলে আমার কথা কি তাহার মঙ্গল করে
৮ না? কিঞ্চিৎ কাল গেল আমার লোক শত্রুর মত
আমার বিরুদ্ধে উত্থিত আছে যে লোকেরা যুদ্ধেতে
বিমুখ লোকেরদের ন্যায় নিশ্চিন্ত হইয়া পথে যায়
তাহারদের গাত্রহইতে তোমরা গিলাফ শুদ্ধ বস্ত্র
৯ খোল। আমার লোকেরদের স্ত্রীরদিগকে তোমরা
তাহারদের রম্যঘরহইতে বাহির করিয়াছ তোমরা
সদাসর্ব্বক্ষণ তাহারদের সন্তানেরদের নিকটহইতে
১০ আমার মাহাত্ম্য সর্ব্বতোভাবে লইয়াছ। উঠ প্রস্থান
কর কেননা এ তোমারদের বিশ্রাম নয় যে হেতুক সে
অপবিত্র আছে সে অতিঘোর বিনাশেতে ও তোমার
১১ দিগকে নষ্ট করিবে। যদি কেহ মিথ্যারূপ আত্মা
তে আচরণ করিয়া মিথ্যা কথা কহে যে আমি দ্রাক্ষা
রসের ও সুরার বিষয়ক ভবিষ্যদ্বাক্য তোমাকে কহিব
সেই এ লোকেরদের ভবিষ্যদ্বক্তা হইবে।—
১২ হে যাকুব আমি অবশ্য তোমার সকলকে একত্র ক
রিব আমি যিশরালের অবশিষ্টকে অবশ্য একত্র করিব
আমি তাহারদিগকে বস্রার মেষের ন্যায় একত্র

Digitized by Google

করিব যেমন ভেড়ারা আপন খোঁয়াড়েতে একত্র হয়
তেমনি তাহারা মনুষ্য সমূহ প্রযুক্ত বড় শব্দ করিবে।
১৩ ভঙ্গক তাহারদের অগ্রবর্ত্তী হইয়া আসিয়াছে তাহা
রা ভাঙ্গিয়া ফেলিয়াছে ও দ্বারেতে আসিয়াছে ও তাহা
দিয়া বাহিরে গিয়াছে এবং তাহারদের রাজা তাহার
দের অগ্রে যাবেন ও যিহোবা তাহারদের সম্মুখে
অগ্রে যাবেন।—

পর্ব্ব ৩ পরে আমি কহিলাম ভাল ঘৃণা করে ও মন্দ ভাল
বাসে তাহারদের গাত্রহইতে চর্ম্ম ও তাহারদের হাড়
২ হইতে মাংস ছিন্ন কর আমার লোকের
দের মাংস খাও ও তাহারদের চর্ম্ম ছাড়িয়া ফেল ও
তাহারদের হাড় ভাঙ্গ ও হাঁড়ির কারণ যেমন করা
যায় তেমন তাহা খণ্ড২ করিয়া কাট ও কড়াইর জন্যে
৩ যেমন মাংস কাটা যায় তেমনি কাট হে যাকুবের
প্রধানেরা ও যিস্রায়েলের বংশের অধ্যক্ষেরা এমন যে
তোমরা আমি মিনতি করি ইহা শুন বিচার জানা কি
৪ তোমারদের অধিকার নয়? তখন তাহারা যিহোবার
প্রতি প্রার্থনা করিবে কিন্তু তিনি তাহারদের কথা
শুনিবেন না তাহারা আপনারদের ক্রিয়াতে যেমন মন্দ
ব্যবহার করিয়াছে তেমন তিনি সে সময়ে আপন মুখ
তাহারদেরহইতে লুকাইবেন।—
৫ যে ভবিষ্যদ্বক্তারা আমার লোকেরদিগকে ভুলায়
এবং আপন দাঁতেতে কামড়ায় ও যেন শান্তি কহে ও
যে জন তাহারদের মুখে না দেয় তাহার বিপক্ষে
তাহারা যুদ্ধ প্রস্তুত করে তাহারদের বিষয়ে যিহোবা

Digitized by Google

৬ এই কথা কহেন। এই নিমিত্তে তোমরা যাহাতে
দর্শন না পাও তোমারদের প্রতি রাত্রি এমত হইবে
এবং তোমরা মন্ত্রণা প্রকাশ না কর এই জন্যে তোমার
দের প্রতি অন্ধকার হইবে এবং ভবিষ্যদ্বক্তারদের
ওপরে সূর্য্য অস্ত যাবে ও দিন তাহারদের ওপরে
৭ অন্ধকারময় হইবে। তখন দর্শকেরা লজ্জিত ও
মন্ত্র প্রকাশিকারিরা ব্যাকুলিত হইবে সত্য তাহারা
সকলে আপন২ ওষ্ঠাধর ঢাকিবে কেননা ঈশ্বরের
নিকটহইতে কোন উত্তর নয়।—
৮ কিন্তু যিহ্বহার আত্মার দ্বারা ও ন্যায়ের ও পরাক্র
মের আত্মার দ্বারা আমি যাকুবকে তাহার অতিক্রম
ও যিশ্রায়লকে তাহার পাপ প্রকাশ করিতে অবশ্য
৯ পরাক্রমেতে পূর্ণ আছে। হে বিচার ঘৃণাকারী
ও ন্যায় বিমুখকারী যাকুবের বংশের প্রধানেরা ও
যিশ্রায়েলের বংশের অধ্যক্ষেরা আমি মিনতি করি
১০ তোমরা এ কথা শুন। তাহারা রক্তেতে সীয়নকে
১১ ও অযাথার্থ্যেতে যিরোশালমকে গাঁথে। তাহার
প্রধানেরা নজরের জন্যে বিচার করে ও তাহার যাজ
কেরা বেতনের কারণ শিক্ষা করায় ও তাহার ভবিষ্য
দ্বক্তারা অর্থের জন্যে ভবিষ্যদ্বিষয় জানায় তথাপি
তাহারা যিহ্বহার ওপরে অবলম্বিত হইয়াছে ও কহে
যে যিহ্বহা কি আমারদের মধ্যে নয়? কোন অমঙ্গল
১২ আমারদের ওপরে আসিতে পারিবে না। অতএব
তোমারদের জন্যে সীয়ন ক্ষেত্রের মত কর্ষিত হইবে



Digitized by Google

ও যিরোশালয় ঢিপি হইবে ও গৃহের পর্ব্বত অরণ্যের
উচ্চস্থানের মত হবে।—

পর্ব্ব কিন্তু শেষ কালে এমত হইবে যিহোহার ঘরের পর্ব্বত
৪ পর্ব্বতেরদের শৃঙ্গে স্থাপিত হইবে এবং পুত্তান্ত পর্ব্বতে
রদের উপরে উচ্চীকৃত হইবে এবং লোকেরা তাহাতে
২ বহিয়া আসিবে। এবং অনেক দেশীয় লোকেরা
আসিবে ও কহিবে আইস আমরা যিহোহার পর্ব্বতে
এবং যাকুবের ঈশ্বরের ঘরে যাই এবং তিনি আমা
রদিগকে আপন পথ শিখাইবেন ও আমরা তাহার
পথে গতি করি কেননা সীয়োনের মধ্যহইতে শাস্ত্র ও
যিরোশালমের মধ্যহইতে যিহোহার বাক্য বাহিরে
যাইবে।—

৩ এবং তিনি অনেক লোকেরদের মধ্যে বিচার করি
বেন এবং বলবান লোকেরদিগকে দূরে থাকিয়া
ধমকাইবেন এবং তাহারা আপনারদের তলোয়ার পিট
িয়া লাঙ্গলের ফাল করিবে ও আপনারদের বিরিস
পিটিয়া কাস্ত্যা করিবে লোক লোকের বিপক্ষে তলোয়ার
আর উঠিবে না এবং তাহারা যুদ্ধও আর শিখিবে না।
৪ কিন্তু তাহারা প্রত্যেক জন আপন দ্রাক্ষা লতার ও
ডুম্বুর বৃক্ষের নীচে বসিবে ও কেহ তাহারদিগকে
ভীত করিবে না কেননা সৈন্যের যিহোহার মুখ ইহা
৫ কহিয়াছে। কেননা সকল লোক প্রত্যেক জন আপনং
দেবের নামে চলিবে এবং আমরা সতত আমার
দের ঈশ্বর যিহোহার নামে চলিব।

৬ যিহোহা কহেন যে সে দিন আমি মঙ্গুগতিকারি

Digitized by Google

নীকে একত্র করিব এবং বহিষ্কৃতাকেও আমি যাহাকে
৭ দুঃখ দিয়াছি তাহাকেও সংগ্রহ করিব। এবং আমি
খঞ্জনকারিণীকে অবশিষ্টাংশে রক্ষা প্রাপ্তি করিব এবং
দূরীকৃতাকে শক্তিমান লোক করিব এবং যিহোবা এ
অবধি সদাকাল পর্য্যন্ত সীয়োনে তাহারদের উপরে
৮ কর্ত্তৃত্ব করিবেন। এবং হে পালের গড় সীয়োনের
কন্যার দুর্গ গড় সে আদ্যঃ প্রভুত্ব কর্ত্তৃত্ব তোমার নিকটে
আসিবে রাজ্য যিরোশালমের কন্যার নিকটে আসিবে।
৯ এখন তুমি কেন উচ্চৈঃস্বরে কর তোমার মধ্যে কি
রাজা নাই? তোমার মন্ত্রী কি হত হইয়াছে কেননা
স্ত্রীর প্রসব কালীন ব্যথার ন্যায় ব্যথা তোমাকে ধরি
১০ য়াছে। হে সীয়োনের কন্যা তুমি ব্যথিতা হও প্রসব
কারিণী স্ত্রীর ন্যায় প্রসব করিতে যত্ন কর কেননা
এখন তুমি নগরের বাহিরে যাইবা ও মাঠে বাস
করিবা তুমি বাবেল পর্য্যন্ত যাইবা সেখানে তুমি মোচিত
হইবা সেখানে যিহোবা তোমাকে তোমার শত্রুরদের
হাতহইতে মুক্ত করিবেন।—

১১ সে অশুচি করা যাউক ও আমারদের চক্ষু সীয়োনের
উপরে দৃষ্টি করুক এই বাক্যবাদী অনেক লোক ও
১২ তাহার বিপক্ষে একত্র হইয়াছে। কিন্তু তাহারা
যিহোবার মনঃকল্পনা জানে না ও তাঁহার বিচার বুঝে
না কেননা যেমন আঁটি খামারে সংগৃহীত হয় সে
মত তিনি তাহারদিগকে একত্র করিবেন।

১৩ হে সীয়োনের কন্যা উঠ শস্য মাড় কেননা আমি
তোমার শৃঙ্গ লোহময় ও তোমার খুর পিত্তলময় করিব

Digitized by Google

এবং তুমি অনেক লোকেরদিগকে চূর্ণ করিবা এবং
আমি যিহুহার উদ্দেশে তাহারদের লাভ ও সকল
পৃথিবীর যিহুহার উদ্দেশে তাহারদের ধন পবিত্র
করিব।

পর্ব্ব ৫

হে সৈন্যের কন্যা আপনাকে সৈন্য করিয়া সংগ্রহ
কর সে আমারদিগকে অবরোধ করিতে লাগিয়াছে
তাহারা লাঠিতে যিশরালের বিচারকর্ত্তাকে গালে
২ মারিবে। কিন্তু হে বীতলহাম আফ্রাথা তুমি যিহো
দার সহস্রেরদের মধ্যে ক্ষুদ্র বট তথাপি যিশরালের
মধ্যে রাজ্য করণীয় যিনি ও পূর্ব্বাবধি অর্থাৎ অনাদি
কালাবধি যাহার নির্গমন হইল তিনি আমার প্রতি
৩ তোমার মধ্যহইতে আসিবেন। এই নিমিত্তে
প্রসব ব্যথা পাইতেছে যে সে যে পর্য্যন্ত প্রসব না
হয় সে পর্য্যন্ত তিনি তাহারদিগকে ছাড়িয়া দিবেন
পরে তাহার ভ্রাতারদের মধ্যে অবশিষ্ট যাহারা
তাহারা যিশরালের সন্তানেরদের কাছে ফিরিয়া
যাইবে।

৪ এবং তিনি দাঁড়াইবেন ও যিহুহার বলেতে অর্থাৎ
তাহার ঈশ্বর যিহুহার নামের মহত্ত্বেতে চরাইবেন ও
তাহারা থাকিবে কেননা এখন পৃথিবীর সীমা পর্য্যন্ত
৫ তিনি বড় হইবেন। এবং যখন আশোরীয় আমার
দের দেশে আসিবে তখন এ পুরুষ শান্তিস্বরূপ হই
বেন এবং সে যখন আমারদের অট্টালিকাতে আসিবে
তখন আমরা সাত রাখালেরদিগকে ও আট অধ্য
৬ ক্ষেরদিগকে তাহার বিপক্ষে উঠাইব। এবং

Digitized by Google

তাহারা তলোয়ারেতে আশোরের দেশ এবং তাঁহার
প্রবেশ স্থানে নিম্রোদের দেশ খাইয়া ফেলিবে
আশোরীয় যখন আমারদের দেশে আইসে ও যখন
আমারদের সীমার মধ্যে পাদবিক্ষেপ করে তখন
তিনি এই মত আমারদিগকে তাহার হাতহইতে
৭ উদ্ধার করিবেন। এবং য়িহুহার নিকটহইতে শি
শীর যেমন এবং মনুষ্যের জন্য বিলম্ব না করে ও
মনুষ্যেরদের সন্তানেরদের অপেক্ষা না করে যে
ঘাসের উপরে আগত বৃষ্টি ও যেমন তেমনি অনেক
লোকেরদের মধ্যে যাকুবের অবশিষ্ট লোকেরা
হইবে।
৮ বনের মধ্যে যে পশুরা তাহারদের মধ্যে যেমন
সিংহ এবং যদি পালের মধ্যে দিয়া যায় তবে দলাইয়া
ফেলে ও চিরিয়া ফেলে ও কেহ রক্ষা করিতে পারে না
এমন যে যুবা সিংহ সে যেমন ভেড়া পালেরদের মধ্যে
তেমনি যাকুবের অবশিষ্ট লোকেরা অন্য দেশীয়েরদের
৯ মধ্যে হইবে। তোমার হাত তোমার বৈরিরদের বিপক্ষে
উত্থিত হইবে ও তোমার সকল শত্রুরা উচ্ছিন্ন হইবে।
১০ এবং য়িহুহা কহেন যে এই মত হইবে সে দিনে
আমি তোমার মধ্যহইতে তোমার ঘোড়ারদিগকে
উচ্ছিন্ন করিব এবং তোমার রথেরদিগকে বিনাশ
১১ করিব। এবং আমি তোমার দেশের নগরেরদিগকে
উচ্ছিন্ন করিব এবং তোমার দৃঢ় গড় ভাঙ্গিয়া ফেলিব।
১২ এবং তোমার হাতের মধ্যহইতে ডাইনপনা উচ্ছিন্ন
করিব এবং তোমার আর জাদুগারেরা হইবে না

Digitized by Google

১৩ তোমার মধ্যহইতে আমি তোমার খোদা প্রতিমার
দিগকে ও তোমার স্তম্ভেরদিগকে ও উচ্ছিন্ন করিব এবং
তুমি আপন হস্তকৃত বস্তুর ভজনা আর করিবা না।
১৪ এবং তোমার মধ্যহইতে আমি তোমার চৈত্যবৃক্ষ
উৎপাটন করিব এমত আমি তোমার নগরেরদিগকে
১৫ নষ্ট করিব। এবং অন্যদেশীয়েরা যে প্রকার বচন
শুনে নাই সেই প্রকারে আমি ক্রোধেতে ও চণ্ডতাতে
তাহারদের উপরে সমুচিত দণ্ড দিব।—

পর্ব্ব ৬ যিহুহা যাহা কহেন তোমরা সম্প্রতি তাহা শুন
তুমি উঠ পর্ব্বতেরদের সম্মুখে বাদানুবাদ কর এবং
২ প্রত্যন্ত পর্ব্বতেরা তোমার শব্দ শুনুক। হে পর্ব্বতেরা
ও পৃথিবীর দৃঢ় বুনিয়াদেরা তোমরা যিহুহার বাদানু
বাদ শুন কেননা আপন লোকেরদের সহিতে যিহুহার
৩ বাদানুবাদ আছে এবং তিনি যিশ্রায়েলের সহিত উত্তর
প্রত্যুত্তর করিবেন। হে আমার লোকেরা আমি
তোমারদিগকে কি করিয়াছি? আমি কাহাতে তোমার
৪ দিগকে শ্রান্ত করিয়াছি আমার প্রতিকূলে সাক্ষ্য দেও।
কেননা আমি মিসরদেশ হইতে তোমাকে আনিলাম
ও তোমাকে দাসালয়ের মধ্যহইতে মুক্ত করিলাম
ও তোমার অগ্রে আমি মোশাকে ও আহারণকে ও
৫ মরিয়মকে পাঠাইলাম। হে আমার লোকেরা তোমরা
যিহুহার যাথার্থ্য জান এই জন্য শিত্তীমহইতে গল্গাল
পর্য্যন্ত মোয়াবের বলাক রাজা যে পরামর্শ করিল ও
বেওরের বলআম পুত্র যে প্রত্যুত্তর তাহাকে দিল তাহা
এখন স্মরণ কর।—

Digitized by Google

৬ আমি কি দিয়া যিহোবার সাক্ষাতে আসিব ও মহ
ত্তম ঈশ্বরের সাক্ষাতে প্রণাম করিব আমি কি হোম
লইয়া কি এক বৎসরের বাছুরেরদিগকে লইয়া
৭ আসিব ? যিহোবা কি মেষের সহস্রেতে কি তৈল
ময় নদী দশ সহস্রেতে তুষ্ট হইবেন । আমি কি
আপন অতিক্রমেতে আপন প্রথম জাত পুত্রকে দিব
অর্থাৎ আমার আত্মার পাপেতে কি আপন শরীরের
৮ ফল দিব ? । হে মনুষ্য যে ক্রিয়া ভাল তাহা তিনি
তোমার প্রতি দেখাইয়াছেন এবং যথার্থরূপ ক্রিয়া
করণ ও দয়া ভাল বাসন ও আপন ঈশ্বরের সহিত
নম্র রূপে আচরণ ব্যতিরেক যিহোবা তোমার কাছে আর
৯ কি চাহেন ? । যিহোবার শব্দ নগরের মধ্যে হইতে
ডাকে ও জ্ঞানী তোমার নাম দেখিবে । দণ্ডকে ও যিনি
তাহা নিরূপণ করিয়াছেন তাহার কথাও শুন ।
১০ দুষ্টের ঘরে কি দুষ্টতারূপ ধন ও ঘৃণার্হ কমি
১১ পরিমাণ পাত্র কি এখনও থাকে । আমি কি
দুষ্ট তরাজু ও প্রতারক বাটখারার থলিধারিরদিগকে
১২ শুদ্ধরূপে মানিব । কেননা তাহার ধনবান লোকেরা
দৌরাত্ম্যেতে পূর্ণ হইয়াছে এবং তন্নিবাসী লোকেরা
মিথ্যা কথা কহিয়াছে এবং তাহারদের মুখস্থ জিহ্বা
১৩ প্রতারক হইয়াছে । অতএব তোমাকে মারণেতে
অর্থাৎ তোমার পাপ প্রযুক্ত তোমাকে শূন্য করাতে
১৪ আমি তোমাকে পীড়িত করিব । তুমি খাইবা
কিন্তু তৃপ্ত হইবা না তোমার অধঃপতন তোমার মধ্যে
হইবে তুমি ধরিবা কিন্তু উদ্ধার করিবা না ও তুমি

Digitized by Google

যাহা উদ্ধার কর তাহা আমি তলোয়ারে সমর্পণ
১৫ করিয়া দিব । তুমি বীজ বুনিবা কিন্তু শস্য কাটিবা
না তুমি জিত ফল পিষিবা কিন্তু আপনাকে তৈলেতে
মাখিবা না এবং মিষ্ট দ্রাক্ষা রসও করিবা কিন্তু
দ্রাক্ষা রস পান করিবা না ।—
১৬ কেননা আমরির বাক্য ও আহাবের বংশের
সকল ক্রিয়া পালিত আছে এবং আমার তোমাকে
অরণ্য করিবার জন্যে ও তাহার নিবাসিদিগকে ও
শীশদেয়া পাত্রকরণ করিবার জন্য তোমরা তাহারদের
পরামর্শে আচরণ কর এই নিমিত্তে তোমরা আমার
লোকেরদের অপমান ভোগ করিবা ।—

পর্ব্ব হায় আমার কেননা লোকেরা গ্রীষ্ম কালীন ফল
৭ চয়ন করিলে পর যেমন হয় দ্রাক্ষা চয়নের পরে ঝাড়া
দ্রাক্ষা যেমন তেমনি আমি হইয়াছি । খাবার জন্য
থুপা থাকে না আমার প্রাণ প্রথম পক্ব ফল বাঞ্ছা করি ।
২ পৃথিবীর মধ্যেহইতে উত্তম মানুষ হত হইয়াছে এবং
মনুষ্যেরদের মধ্যে সাধু কেহ নয় তাহারা সকলে
রক্তের নিমিত্তে লুকিয়া থাকে তাহারা প্রত্যেক জন
জালেতে আপনং ভ্রাতাকে শিকার করে ।—
৩ তাহারা দুই হাতেতে যত্ন পূর্ব্বক কুক্রিয়া করে এই
জন্যে অধ্যক্ষ চাহে ও বিচারকর্ত্তা নজর চাহে এবং
বড় মানুষ আপন হিংসাকারী চিন্তা প্রকাশ করে এ
৪ প্রকার তাহারা তাহা যত্ন করে । তাহারদের মধ্যে
অত্যুত্তম যে সে স্যাকুলের মত ও যাথার্থিকতম যে
সে কণ্টকময় বেড়হইতে তীক্ষ্ণ তোমার চৌকিদারের

Digitized by Google

ও দণ্ড হওয়া দিন আসিয়েছে এখন তাহারদের ব্যাকু
লতা হইবে।—
৫ তোমরা বন্ধুতে বিশ্বাস করিও না পথদর্শকে কিছু
বিশ্বাস রাখিও না যে স্ত্রী তোমার বক্ষস্থলে শয়ন
করে তাহার নিকট আপন মুখের কপাট খুলিও না।
৬ কেননা পুত্র পিতার অপমান করে ও কন্যা আপন
মায়ের বিপক্ষে উঠে পুত্রবধূ আপন শাশুড়ীর বিপ
ক্ষে উঠে মানুষের শত্রুরা তাহার আপন বাড়ীর
৭ লোকেরা। অতএব আমি যিহুহার প্রতি দৃষ্টি করিব
আমি আপন ত্রাণের ঈশ্বরের অপেক্ষা করিব আমার
ঈশ্বর আমার কথা শুনিবেন।—
৮ হে আমার শত্রু তুমি আমার উপরে আনন্দ করিও
না আমি যখন পড়ি তখনও উঠিব যখন আমি অন্ধ
কারে বসি তখন যিহুহা আমার প্রতি আলো হবেন।
৯ আমি যিহুহার বিরুদ্ধে পাপ করিয়াছি অতএব তিনি
যে পর্য্যন্ত আমার মকর্দ্দমা বিষয়ক উত্তর প্রত্যুত্তর
না করেন ও আমার নিমিত্তে বিচার না করেন সেই
পর্য্যন্ত আমি তাহার রোষ সহিব তিনি আমাকে
আলোতে বাহির করিয়া আনিবেন এবং আমি তাহার
১০ যাথার্থ্য দেখিব। তখন আমার শত্রু তাহা দেখিবে
এবং যিহুহা তোমার পরমেশ্বর কোথায় এই কথা যে
স্ত্রী আমাকে কহিল তাহাকে লজ্জা ঢাকিবে। আমার
চক্ষু তাহাকে দেখিবে এখন সে গলির কাদার মত দলা
১১ যাইবে। তোমার প্রাচীর গাঁথিবার কেননা সে দিন

১২ নিয়ম দূরকরা যাবে। সেই দিনে তিনি আশোর
হইতে ও প্রাচীর বেষ্টিত নগরহইতে তোমার নিকটে
আসিবেন এবং গর্ত্তহইতে নদীতে ও সমুদ্রহইতে
১৩ সমুদ্রে ও পর্ব্বতহইতে পর্ব্বতে আসিবেন। কিন্তু
দেশে যাহারা বাস করে তাহারদের কারণ অর্থাৎ
তাহারদের ক্রিয়ার ফলেতে দেশ জরণ্য হইবে।—
১৪ তুমি আপন লোকেরদিগকে অর্থাৎ কারমেলের
মধ্যস্থিত অরণ্যেতে একা বাস করে যে তোমার অধি
কারস্বরূপ পাল তাহাকে আপন দণ্ডেতে চরাও তাহারা
পূর্ব্বকালীন দিনে যেমন করিত তেমন বশন ও
১৫ গিলিয়দে চরুক। তোমার মিসরদেশহইতে বাহির
আইসন দিনানুসারে আমি তাহাকে চমৎকার বিষয়
দেখাইব।—
১৬ লোকেরা দেখিবে এবং আপনারদের পরাক্রমেতে
লজ্জিত হইবে তাহারা মুখের উপরে হাত দিবে তাহার
১৭ দের কর্ণ বধির হইবে। তাহারা সর্পের ন্যায়
ধূলা চাটিবে তাহারা মৃত্তিকার কেঁচুয়ার মত আপনং
সুরঙ্গের মধ্যহইতে বাহিরে হইবে তাহারা আমার
দের ঈশ্বর যিহুহাতে ভীত হইবে ও তোমার বিষয়ে
ভয় করিবে।—
১৮ পাপ ক্ষমাকারী ও আপন অধিকারের অবশিষ্ট
লোকেরদের অতিক্রম ফল অদায়ী তোমার ন্যায়
ঈশ্বর আর কে আছে? তিনি দয়াতে সন্তুষ্ট আছেন
১৯ সে কারণ আপন ক্রোধ নিত্য রাখেন না। তিনি
পনর্ব্বার ফিরিবেন তিনি আমারদিগকে দয়া করিবেন

Digitized by Google

তিনি আমারদের পাপ দমন করিবেন এবং তুমি
তাহারদের সকল পাপ সমুদ্রের গম্ভীর স্থানে
২০ ফেলিবা। তুমি যাঁকুবের প্রতি ও আব্রাহামের
প্রতি যে দয়া দত্ত ছিল অর্থাৎ সত্যতা যে ও পূর্ব্ব
কালে আমারদের পিতৃলোকেরদের প্রতি কিরিয়া
করিয়াছ তাহা পূর্ণ করিবা।—

Digitized by Google

## নাহোমের ভবিষ্যদ্বাক্য পুস্তক।—

### প্রথম পর্ব্ব।—

১ নিনিবির ভার। ইল্কোশীয় নাহোমের দর্শন
বিষয়ক পুস্তক এই।—
২ ঈশ্বর স্বলেন ও যিহ্বহা প্রতি ফল দেন যিহ্বহা প্রতি
ফল দেন প্রতিফল দিবেন এবং যিহ্বহা আপন বৈরির
দিগকে ও চণ্ড আছেন আপন শত্রুরদের জন্যে ক্রোধ
৩ রাখেন। যিহ্বহা বিলম্বক্রোধ ও মহাপরাক্রান্ত এবং
পাপিকে অমনি মুক্ত করিবেন না যিহ্বহার পথ ঘূর্ণ
৪ বায়ুতে ও ঝড়ে এবং মেঘেরা তাঁহার পদ ধূলা। তিনি
সমুদ্রকে ধমকান ও শুষ্ক করেন এবং সকল নদীকে
শুকান বশন ম্লান হইয়াছে এবং কারমল ও লবাননের
৫ ফুল ম্লান হইয়াছে। তাঁহার সাক্ষাতে পর্ব্বতেরা কাঁপে
ও প্রত্যন্তপর্ব্বতেরা গলিয়া যায় এবং তাঁহার সাক্ষাতে
পৃথিবী দগ্ধ হইয়াছে সত্য জগৎও এবং তাহার
মধ্যে যাহারা বাস করে সে সকলেও দগ্ধ হই
৬ য়াছে। তাঁহার কোপের সম্মুখে কে দাঁড়াইতে
পারে? ও তাঁহার ক্রোধের প্রচণ্ডতাতে কে স্থির থাকি
তে পারে? তাঁহার চণ্ডতা অগ্নির মত ঢালা যায় ও
৭ তাঁহাতে পর্ব্বতেরা ভাঙ্গিয়া ফেলা যায়। যিহ্বহা
মঙ্গলকারী দুর্দ্দশা কালে দৃঢ় আশ্রয় যাহারা তাঁহার
৮ শরণ লয় তাহারদিগকে তিনি জানেন। কিন্তু তিনি

Digitized by Google

পরিপ্লবনকারী বন্যাতে তাহার স্থান নিঃশেষ রূপে
নাশ করিবেন এবং অন্ধকার তাহার শত্রুদিগের
৯ পাছে২ দৌড়িবে তোমরা যিহহার বিপক্ষে কি চাওয়াও
তিনি নিঃশেষরূপে নাশ করিবেন দুঃখ দ্বিতীয়বার
১০ উঠিবে না। কেননা তাহারা যখন কণ্টকের ন্যায়
জড় হয় ও মাতালেরদের মত মত্ত হয় সেই কালে
১১ সুশুষ্ক নাড়ার মত ধ্বংস করা যাইবে। যিহহার
প্রতিকূলে মন্দ যে ভাবে এমন এক জন দুষ্ট মন্ত্রী
১২ তোমার মধ্যহইতে আসিয়াছে। যিহহা এ কথা
কহেন তাহারা যদি শান্ত এবং অনেক ও হয় তথাপি
যখন তিনি সেখান দিয়া যান তখন তাহারা এ মত
কাটা যাইবে। আমি তোমাকে দুঃখ দিয়াছি বটে
১৩ তথাপি তোমাকে আর দুঃখ দিব না। কেননা
এখন আমি তোমার স্কন্ধহইতে তাহার যোঁয়াল
১৪ ভাঙ্গিব এবং তোমার বন্ধন ভাঙ্গিয়া ফেলিব। এবং
তোমার নামেতে খ্যাত আর কেহ যে না বুনা যাইবে
এমন আজ্ঞা যিহহা তোমার বিষয়ে দিয়াছেন তোমার
দেবেরদের মন্দিরহইতে আমি খোদাপ্রতিমাকে ও
ঢালুয়াপ্রতিমাকে উচ্ছিন্ন করিব আমি তোমার কবর
১৫ করিব কেননা তুমি অধম হইয়াছ। মঙ্গল সমাচার
আনে এ মেল ঘোষণা করে যে জন দেখ পর্ব্বতেরদের
উপরে তাহার পা। হে যিহোদা তুমি আপন উৎসব
পালন কর আপন মানস পূর্ণ কর কেননা দুষ্ট তোমার
নিকট দিয়া আর যাবে না সে সর্ব্বতোভাবে উচ্ছিন্ন
হইয়াছে।—

Digitized by Google

পর্ব্ব যে আছাড়িয়া ফেলে সে তোমার সম্মুখে আসি
২ য়াছে থানা রক্ষা কর পথে চৌকি দেও আপন কোমর
২ সবল কর পরাক্রম অতিশয় দৃঢ় কর। কেননা
যিহূহা যেমন যিশয়াকের উত্তমতা পরাবর্ত্তন করিয়া
ছেন তেমন যাকুবের উত্তমতা ও দূর করিয়াছেন
কেননা শূন্যকারিরা তাহারদিগকে শূন্য করিয়াছে ও
৩ তাহারদের দ্রাক্ষা শাখা নষ্ট করিয়াছে। তাহার
বলবান মানুষের ঢাল রক্তবর্ণী করা গিয়াছে পরাক্রা
ন্তেরা সিন্দুর বর্ণেতে পরিহিত আছে তাহার আয়োজন
দিনে রথেরা প্রজ্বলিত তামরের সহিত হইবে এবং
৪ বরোশবৃক্ষেরা অতিবাদ লাড়ান যাবে। রাজ
পথে রথেরা দৌড়াদৌড়ি করিবে তাহারা প্রশস্ত
পথে লাগালাগি হইবে তাহারা তামরের ন্যায় দেখা
৫ যাইবে তাহারা বিদ্যুতের ন্যায় দৌড়িবে। সে
আপন যোগ্য লোকেরদিগকে স্মরণ করিবে তাহারা
গমনে উছোট খাইবে তাহারা তাহার প্রাচীরে শীঘ্র
করিয়া যাইবে এবং রক্ষার্থ দ্রব্য প্রস্তুত হইবে।
৬ নদীরদের দ্বার খোলা যাবে ও রাজপ্রাসাদ গলিয়া
৭ যাইবে। এবং হুসব অন্যদেশে দাসত্বে লইয়া
যাওয়া যাইবে এবং কপোতেরা আপন বক্ষে স্পন্দন
করত যে শব্দ করে তাহার ন্যায় শব্দ করিয়া
৮ তাহার দাসীরা তাহাকে লইয়া যাবে। কিন্তু
পূর্ব্বাবধি নিনিবি সজল পুষ্করিণীর মত আছে তথাপি
তাহারা পলাইয়া যাইবে থাক থাক কিন্তু কেহ
৯ পশ্চাৎ দেখিবে না। তোমরা [illegible] লুট লও

Digitized by Google

স্বর্ণস্বরূপ লুটও লও কেননা তাহার সুন্দর পাত্রের
১০ মধ্যে বাহুল্যের ও সৌন্দর্য্যের সীমা নয়। সে
শূন্য ও হীন ও অরণ্য হইয়াছে হৃদয় গলিয়া যায় ও
হাটু মারামারি যায় সকল কোমরে বড় ব্যথা তাহার
১১ দের সকলের মুখ কালতা সঞ্চয় করে। সিংহের
দের নিবাস কোথায় যুবা সিংহদের চরাণ স্থান
কোথায় অর্থাৎ সিংহ ও বুড়া সিংহ ও সিংহের
ছা যে খানে বেড়াইত ও কেহ তাহারদিগকে ভীত
১২ করিল না। সিংহ আপন ছাদের জন্যে প্রচুর
খণ্ড২ করিল ও আপন সিংহীরদের কারণ শ্বাসা
রোধ করিল ও আপন গর্ত্ত শিকারেতে ও আপন
১৩ বাসস্থান চৌর্য্যেতে পূর্ণ করিল। সৈন্যের যিহুহা
কহেন যে দেখ আমি তোমার বিপক্ষে এবং
ধূমাতে তাহার রথেরদিগকে পোড়াইব এবং তলো
য়ার তোমার যুবা সিংহেরদিগকে খাইয়া ফেলিবে
এবং আমি পৃথিবীর মধ্যহইতে তোমার শিকার
উচ্ছিন্ন করিব ও তোমার দূতেরদের কথা আর শুনা
যাবে না।—

পর্ব্ব ৩

হায় রক্তস্রাবী নগরের সে সর্ব্বতোভাবে মিথ্যা
কথাতে ও চুরিতে পূর্ণ শিকার প্রস্থান করে না। চাবু
২ কের ও চক্রেরদের দৌড়াদৌড়ির ও প্লুতগামী ঘোড়ার
৩ দের ও লাফালাফি রথেরদের শব্দ। অশ্বারোহী
তেজস্বী তলোয়ার ও চকচকী খড়্গ উঠায় এবং মারা
গিয়াছে যাহারা তাহারদের অনেক হইয়াছে ও
অনেক শব আছে তাহারদের শবের সীমা নাই

Digitized by Google

৪ তাহারা শবের উপরে উছোট খায়। আপন বেশ্যা ক্রিয়াতে রাজ্য বিক্রয় করে ও আপন ডাইনপনাতে পরিজনেরদিগকে বিক্রয় করে যে সুন্দরী বেশ্যা অথচ ডাইনপনার ঠাকুরাণী তাহার বেশ্যা ক্রিয়ার
৫ অনেকার্থেতে। সৈন্যের যিহ্‌বা কহেন যে দেখ আমি তোমার বিপরীতে এবং আমি তোমার বস্ত্রের অধো ভাগ তোমার মাথার উপরে প্রকাশ করিব এবং অন্য দেশীয়েরদিগকে তোমার উলঙ্গতা দেখাইব ও
৬ রাজ্যেরদিগকে তোমার অপমান দেখাইব। এবং আমি তোমার উপর ঘৃণা মল ফেলিব ও তোমাকে অধম করিব ও তোমাকে দৃশ্যদ্রব্যের মত রাখিব।
৭ এবং এমত হইবে যে সকল লোকেরা তোমার উপরে অবলোকন করিবে তাহারা তোমার নিকটহইতে পলাইবে ও কহিবে ঘ নিনিবি অরণ্য হইয়াছে তাহার বিষয়ে বিলাপ করিবে কে? তোমার নিমিত্তে আমি কোথাহইতে সান্ত্বনাকর্ত্তারদিগকে অন্বেষণ করিব?।
৮ নদীরদের মধ্যে স্থিত জলেতে চতুর্দ্দিগে বেষ্টিত যাহার পেলা সমুদ্র যাহার প্রাচীর সমুদ্র এমন যে লোকমর
৯ নো তাহাহইতে ভাল কি তুমি?। কুশ ও মিস্র তাহার বল সে ও অসীমো ফূত ও লোবী তোমার উপকারিরা
১০ তথাপি সে স্বস্থানহইতে বহান গেল সে অন্য দেশে দাসপদে গেল তাহার ছোট বালকেরা সকল রাস্তার মাথায় আছাড়ান গিয়া খণ্ড২ হইল তাহারা তাহার আদরণীয় লোকের নিমিত্তে গুলিবাঁট করিল ও তাহার
১১ বড় মানুষ সকলে জিঞ্জিরে বাঁধা গেল। তুমি ও

Digitized by Google

মত্ত হইবা তুমি গুপ্ত হইবা তুমিও শত্রু প্রযুক্ত বল অন্বে
১২ ষণ করিবা। তোমার সকল দৃঢ় গড় প্রথম পক্ব ডুমুর
ফলিত ডুম্বুর বৃক্ষের মত তাহারা যদি নাড়িত তবে
১৩ ভক্ষকের মুখে পড়িবে। দেখ তোমার মধ্যস্থিত
যে লোকেরা স্ত্রী তাহারা তোমার দেশের দ্বার তোমার
শত্রুরদের নিমিত্ত পরিমুক্ত হইবে অগ্নি তোমার
১৪ খড়কা খাইয়া ফেলিবে। সৈন্যাবরোধের জন্যে
জল তোল তোমার দৃঢ় গড় দৃঢ়তর কর মৃত্তিকাতে
১৫ প্রবেশ কর গারা দল খোলা শক্ত কর। সেখানে
অগ্নি তোমাকে খাইয়া ফেলিবে তলোয়ার তোমাকে
উচ্ছেদন করিবে সে পঙ্গপাল ফড়িঙ্গের মত তোমাকে
খাইয়া ফেলিবে তুমি পঙ্গপাল ফড়িঙ্গের ন্যায় আপ
নাকে অনেক করাও শলভের ন্যায় আপনাকে অনেক
১৬ করাও। তুমি আকাশের তারারদেরহইতে আপন
বনিকেরদিগকে অনেক করিয়াছ পঙ্গপাল ফড়িঙ্গ নষ্ট
১৭ করে ও উড়িয়া যায়। তোমার মুকুট বশিষ্ঠ যাহারা
তাহারা শলভের মত এবং শীতল দিনে বেড়াতে থাকে
কিন্তু সূর্য্য প্রকাশিত হইলে উড়িয়া যায় ও তাহারদের
থাকিবার স্থান জানা যায় না এমন যে বড় ফড়িঙ্গ
১৮ তাহারদের ও মত। হে আশোরের রাজা
তোমার রক্ষকেরা তন্দ্রাযুক্ত হইয়াছে তোমার কুলীনেরা
থাকিবে তোমার লোকেরা পর্ব্বতের উপরে ছিন্নভিন্ন
হইয়াছে এবং কেহ তাহারদিগকে সংগ্রহ করে
১৯ না। তোমার ঘায়ের সুস্থকরণোপায় নয় তোমার

ক্ষত

Digitized by Google

৩ তৃতীয় পর্ব্ব নাহোমের ভবিষ্যদ্বাক্য ।—

কত বড় দুঃখদায়ী যাহারা তোমার ধ্বনি শুনে সে সকলে তোমার ওপরে হাততালি দিবে কেননা তোমার দুষ্টতা কাহার ওপরে নিত্য যায় নাই ? ।—

Digitized by Google

# হবক্কূকের ভবিষ্যদ্বাক্য পুস্তক।—

## প্রথম পর্ব।

১ হবক্কূক ভবিষ্যদ্বক্তা যে ভার দেখিল সে এই।—
২ হে যিহোবা আমি কতকাল নিবেদন করিব ও তুমি
শুনিবা না তোমার কাছে কতকাল দৌরাত্ম্যের বিষয়ে
৩ নিবেদন করিব ও তুমি ত্রাণ করিবা না? তুমি কেন
আমাকে অযাথার্থ্য দেখাও এবং আমাকে দুঃখে
অবলোকন করাও কেননা বিনাশ ও দৌরাত্ম্য আমার
সম্মুখে আছে এবং ঝকড়া ও বিবাদ যে আমাকে
৪ দেখায় এমন লোকেরা আছে। অতএব শাস্ত্র
শিথিল করা গিয়াছে বিচার কখন নির্গমন করে না
কেননা দুষ্ট যাথার্থিককে বেষ্টন করে অতএব অন্যায়
বিচার চলে।—
৫ তোমরা অন্যদেশীয়েরদের মধ্যে দেখ ও অবলো
কন কর ও বড় আশ্চর্য্য মান কেননা তোমার প্রতি
কহা গেলেও তোমরা যাহা প্রত্যয় করিবা না এমন
৬ কর্ম্ম আমি তোমারদের কালে করিব। কেননা
দেখ যে নিবাস তাহারদের নয় সে নিবাস অধিকার
করিতে দেশের প্রস্থতাতে যাবে যে কাশ্দীয়েরা সে
তিক্তমনা ও হঠাৎকারিলোকসমূহকে আমি উঠা
৭ ইতেছি। তাহারা ভয়ঙ্কর ও শঙ্কাদায়ী তাহারদের
বিচার ও তাহারদের মহিমা তাহারদের মধ্য হইতে

Digitized by Google

৮ নির্গত হবে । তাহারদের ঘোড়া ব্যাঘ্রেরদের
হইতে বেগগামী ও সায়ং কালীন কেন্দুয়ারদেরহইতে
উগ্র তাহারদের অশ্বারোহিরা আপনারদিগকে বিস্তর
করিবে ও তাহারদের অশ্বারোহিরা দূরহইতে আসিবে
খাইতে শীঘ্র করে যে নগর পক্ষী তাহার মত তাহারা
৯ উড়িবে । তাহারা দৌরাত্ম্যের জন্যে সকলে আসিবে
তাহারদের মুখ পূর্ব্বীয় বায়ুকে চুষিতে থাকিবে এবং
তাহারা বালির ন্যায় অন্য দেশে দাসত্বপ্রাপ্তরদিগকে
১০ সংগ্রহ করিবে । এবং তাহারা রাজারদিগকে
নিন্দা করিবে ও অধ্যক্ষেরা তাহারদের কাছে তুচ্ছ
বিষয় হইবে তাহারা প্রত্যেক দৃঢ় গড় অবজ্ঞা করিবে
১১ কেননা তাহারা ধূলা সঞ্চয় করিবে ও লইবে । তখন
আপন ২ পরাক্রম আপন দেবের ইহা মনে করিয়া সে
আপন মন অন্যপ্রকার করিবে এবং লঙ্ঘন করিবে ও
দোষ করিবে ।—

১২ হে যিহ্বহা আমার ঈশ্বর হে আমার সুপবিত্র তুমি
কি অনাদি কালাবধি নহ ? আমরা মরিব না হে
যিহ্বহা তুমি তাহারদিগকে বিচারের কারণ নিরূপণ
করিয়াছ এবং হে শক্তিমান ঈশ্বর তুমি শাস্তির
১৩ নিমিত্তে তাহারদিগকে স্থির করিয়াছ । কুক্রিয়া
যে দেখিবা তাহাহইতে নির্ম্মলচক্ষু বিশিষ্ট তুমি ও
অযাথার্থ্য দৃষ্টি করিতে পার না যাহারা প্রতারণা
করে তাহারদের উপরে তুমি কেন দেখ এবং দুষ্ট
আপনাহইতে যাথার্থিক মানুষকে যখন খাইয়া ফেলে
১৪ তখন কেন চুপ কর ? এবং সমুদ্রের মৎস্যের ন্যায়

Digitized by Google

ও যাহারদের উপরে কর্ত্তা নাই যে উদ্যোগেরা তাহার
১৫ দের মত মনুষ্যেরদিগকে কেন কর? তাহারা তাহা
রদিগকে বড়িসেতে ধরে ও জালে আটকায় ও তাহার
দের বেঁওতিতে তাহারা তাহারদিগকে সংগ্রহ করে
১৬ সে কারণ তাহারা আনন্দ করে ও হৃষ্ট হয়। সে
নিমিত্তে তাহারা আপনারদের জালের উদ্দেশে যজ্ঞ
করে ও আপনারদের বেঁওতির উদ্দেশে ধূপ পোড়ায়
কেননা তাহারদের দ্বারা তাহারদের অংশ বিলক্ষণ
১৭ ও তাহারদের ভক্ষ্য যথেষ্ট। অতএব তাহারা কি
আপনারদের জাল শূন্য করিবে ও অন্যদেশীয়েরদিগকে
নিত্য হত্যা করিতে কি ভাবিবে না?—

পর্ব্ব আমি আপন চৌকিতে দাঁড়াইব ও আপনাকে
২ গড়ের উপরে বসাইব তিনি আমাকে কি কহিবেন
ও আমি যখন অনুযুক্ত হই তখন কি উত্তর দিব ইহা
২ দেখিবার জন্যে চৌকি দিব। এবং যিহুহা আমাকে
উত্তর দিলেন ও কহিলেন যে জন পড়ে সে দৌড়ে এই
জন্যে দৃশ্য বিষয় লেখ এবং তক্তের উপরে স্পষ্ট কর।
৩ কেননা দৃশ্য বিষয় এখন নিরূপিত কালের কারণ আছে
কিন্তু শেষে কহিবে ও মিথ্যা করিবে না সে যদি বিলম্ব
করে তবু তাহার অপেক্ষা কর কেননা সে অবশ্য
৪ আসিবে বিলম্ব করিবে না। দেখ যাহার মন গর্ব্বিত
হইয়াছে তাহার মন তাহার মধ্যে সোজা নয় কিন্তু
যাথার্থিক আপন প্রত্যয়ের দ্বারা বাঁচিবে।—
৫ সে দ্রাক্ষারসেতে অতিক্রম করে ও অহঙ্কারী মানুষ
আছে ও আপন অধিকারে থাকে না ও আপন

Digitized by Google

অভিলাষ নরকের ন্যায় বাড়ায় ও মৃত্যুর ন্যায় আছে
ও তৃপ্ত হইতে পারিবে না কিন্তু আপনার কাছে
সকল দেশীয় লোকেরদিগকে সংগ্রহ করে ও
আপন কাছে সকল লোকেরদিগকে জড় করে। সে
৬ প্রযুক্ত এই সকল কি তাহার প্রতিকূলে শ্লেষ প্রবন্ধ
ও টিটকারী কাহিনী গ্রহণ করিবে না ও আপনার
যাহা নয় তাহা বাড়ায় যায় তাহার সে কতকাল হবে
ও আপনাকে ঘনমৃত্তিকাতে ভারগ্রস্ত করে যে জন
৭ হায় তাহার। তোমাকে কামড়াইবে যাহারা কি
তাহারা হঠাৎ উঠিবে না ও তোমাকে দুঃখ দিবে
যাহারা তাহারা কি হঠাৎ জাগিবে না ও তুমি তাহার
৮ দের নিমিত্তে কি লুট দ্রব্য হইবা না। তুমি অনেক
দেশীয় লোকেরদিগকে লুট করিয়াছ এই জন্য
মানুষেরদের রক্ত প্রযুক্ত এবং দেশের ও নগরের ও
তন্নিবাসিরদের দৌরাত্ম্য প্রযুক্ত লোকেরদের সকল
৯ অবশিষ্টেরা তোমাকে নষ্ট করিবে। আপনার বাসা
উচ্চেতে রাখে ও দুর্দ্দশার পরাক্রম হইতে উদ্ধৃত হয়
এই জন্যে আপনঘরের জন্য মন্দ লোভ করে যে জন
১০ হায় তাহার। তুমি অনেকলোকেরদিগকে উচ্ছিন্ন
করাতে আপনঘরের অপমানের পরামর্শ করিয়াছ
১১ ও আপন প্রাণের বিরুদ্ধে পাপ করিয়াছ। কেননা
দেয়ালের মধ্যহইতে পাথর চেঁচাইবে ও কাষ্ঠের মধ্য
হইতে আড়কাঠ তাহার প্রত্যুত্তর দিবে।—
১২ রক্তের দ্বারা পুরী গাঁথায় ও অযাথার্থ্যের দ্বারা
১৩ নগর স্থাপন করে যে জন হায় তাহার। এ লোকেরা

Digitized by Google

যে স্বয়ং অগ্নিতে শ্রম করে ও লোকেরা স্বয়ং অবস্তু
তার নিমিত্তে আপনারদিগকে যে ক্লান্ত করে দেখ সে
১৪ কি যিহোহাহইতে নয়? কেননা জল যেমন সমুদ্রকে
ব্যাপে তেমনি যিহোহার মাহাত্ম্যবিষয়কজ্ঞানেতে
পৃথিবী পূর্ণ হইবে।
১৫ যে জন আপন প্রতিবাসিকে সুরা দেয় আপন পান
পাত্র তাহার মুখে যে দেয় ও তাহারদের উলঙ্গতা
দেখে এই নিমিত্তে তাহাকে মত্ত ও করে যে জন হায়
১৬ তাহার। তুমি মাহাত্ম্যপ্রযুক্ত লজ্জাতে পূর্ণ হইয়াছ
তুমিও পান কর তোমার লিঙ্গাগ্র আদুলা হউক
যিহোহার দক্ষিণ হাতের পেয়ালা তোমার প্রতি ফিরান
যাবে ও তোমার মাহাত্ম্যের উপরে লজ্জাকর বমন
১৭ হইবে। কেননা লবাননের দৌরাত্ম্য তোমাকে
ঢাকিবে এবং মানুষেরদের রক্ত প্রযুক্ত ও দেশের ও
নগরের ও তন্নিবাসিরদের দৌরাত্ম্য প্রযুক্ত তাহার
দিগকে ভীত করিল যে পশুরা তাহারদের লুট তোমাকে
ঢাকিবে।
১৮ খোদাপ্রতিমার সৃষ্টিকর্ত্তা যে তাহা খুদিয়াছে তাহা
তে তাহার কি লাভ কর্ম্মকর্ত্তা বোবা প্রতিমাকে গড়ি
বার কারণ আপনাতে কৃত যে কর্ম্ম তাহাতে যে বিশ্বাস
করে এ অন্যে ছাঁচুয়া প্রতিমাতে ও মিথ্যা কথা
১৯ শিক্ষা করাতে কি ফল? যে জন কাষ্ঠকে জাগ
এই কথা কহে ও গোঙ্গাপাথরকে উঠ উনি উপদেশ
করিবেন এই কথা কহে হায় তাহার। দেখ সে
স্বর্ণ ও রূপাতে মুড়া ও তাহার মধ্যে কিছু শ্বাস নাই।

Digitized by Google

২০ কিন্তু যিহোবা আপন পবিত্র মন্দিরে আছেন, সকল
পৃথিবী তাঁহার সম্মুখে চুপ করিয়া থাকুক।

পর্ব্ব ৩ সিগিঅনতের ভাবে হবক্কুক ভবিষ্যদ্বক্তার প্রা
নিবেদন এই।

২ হে যিহোবা আমি তোমার কথা শুনিয়াছি ও ভীত
হইলাম হে যিহোবা বৎসরেরদের মধ্যে আপন ক্রিয়া
সজীব কর বৎসরেরদের মধ্যে আর ও ক্রোধের মধ্যে
দয়া স্মরণ কর।
৩ ঈশ্বর তীমন হইতে আইলেন এবং সর্ব্বোপরিস্থ
ঈশ্বর পারণ পর্ব্বত হইতে আইলেন। সেলা। তাঁহার
প্রভা আকাশ ব্যাপিল এবং পৃথিবী তাঁহার স্তবেতে
৪ পূর্ণ হইল। তাঁহার তেজ আলোর মত ছিল
তাঁহার হাত হইতে কিরণ নির্গত হইল এবং সেখানে
৫ তাঁহার প্রভাবের গোপন ছিল। তাঁহার অগ্রে
মড়ক গমন করিল এবং তাঁহার পায়ে প্রজ্বলিত
৬ অঙ্গার নির্গত হইল। তিনি দাঁড়াইলেন ও পৃথিবী
মাপিলেন তিনি দেখিলেন ও অন্যদেশীয়লোকের
দিগকে তাড়াইয়া পৃথক্ করিলেন। নিত্যস্থায় পর্ব্ব
তেরা ছিন্নভিন্ন করা গেল সর্ব্বদাকার প্রাচীন পর্ব্ব
৭ তেরা অবনত হইল তাহার গতি সনাতন। আমি
কূশানের তাম্বু দুঃখস্থ দেখিলাম মদীন দেশের পরদা
৮ কাঁপিল। যিহোবা কি নদীরদের ওপরে বিরক্ত
ছিলেন? তোমার ক্রোধ কি নদীরদের প্রতি ছিল?
তুমি যে আপন ঘোড়ারদের ও ত্রাণরূপ রথেরদের
উপরে আরোহণ করিলা ইহাতে কি তোমার ক্রোধ

Digitized by Google

৯ সমুদ্রের প্রতি ছিল ? গোষ্ঠীরদের কিরার অনুসারে তোমার ধনুক অর্থাৎ তোমার বাক্য সর্ব্বতোভাবে আদেশ করা গিয়াছে। সেলা। তুমি নদীতে পৃথি
১০ বীকে ফাটাইলা। পর্ব্বতেরা তোমাকে দেখিল তাহারা কাঁপিল জলের উপ্‌ছলনি সেস্থান দিয়া গেল গভীরস্থল আপন শব্দ প্রকাশ করিল তাহারা আপন
১১ হাত ঊর্দ্ধে উঠাইল। সূর্য্য ও চন্দ্র আপন২ নিবাসে স্থগিত রহিল তাহারা তোমার শরের তেজেতে ও
১২ তোমার চক্‌চকি শূলের দীপ্তিতে গেল। তুমি ক্রোধেতে দেশের মধ্য দিয়া গতি করিলা তুমি ক্রোধের
১৩ অন্যদেশীয় লোকেরদিগকে মাড়িলা। তুমি আপন লোকেরদের ত্রাণের কারণ নির্গমন করিলা অর্থাৎ তোমার অভিষিক্তের সহিত ত্রাণের কারণ গিয়াছিলা তুমি গলা পর্য্যন্ত গোড়া প্রকাশ করাতে দুষ্টেরদের ঘরের মধ্যহইতে মাথাকে ক্ষত করিয়াছ।
১৪ সেলা তুমি তাহার লাঠিতে তাহার গ্রামেরদের মণ্ডলের দিগকে বিন্ধিয়া ফেলিয়াছ তাহারা আমাকে ছিন্নভিন্ন করিবার কারণ ঘূর্ণবায়ুর ন্যায় বাহিরে আইল যেমন গুপ্তরূপে দরিদ্রেরদিগকে খাইয়া ফেলিতে আনন্দ
১৫ করা যায় তেমন তাহারদের আনন্দ ছিল। তুমি আপনার ঘোড়ারদের করণক সমুদ্র দিয়া অর্থাৎ
১৬ মহাজলের রাশি দিয়া গিয়াছিলা। আমি যখন শুনিলাম তখন আমার উদর কাঁপিল সে শব্দেতে আমার ওষ্ঠাধর কাঁপিল ক্লেদ আমার হাড়ে প্রবেশ



Digitized by Google

হরিল এবং আমি আপদের দিনে বিশ্রাম পাই এই
জন্যে আপনার মধ্যে কাঁপিলাম তিনি যখন লোকের
দের কাছে আইসেন তখন আপনসৈন্যের সহিত
তাহারদের উপরে চড়াই করিবেন।
১৭ উদুম্বরবৃক্ষ যদি ফুল না করে ও দ্রাক্ষালতাতে যদি
ফল না হয় যদি জিতবৃক্ষ বিষয়ক শ্রম বৃথা হয় ও
ক্ষেত্রে যদি কিছু ভক্ষ্য উৎপন্ন না হয় যদি খোয়াড়
হইতে মেষপাল উচ্ছিন্ন হয় ও যদি গরুর পাল গোষ্ঠেতে
১৮ না থাকে তথাপি আমি যিহোবায় আনন্দ করিব আমি
১৯ আপন ত্রাণের ঈশ্বরে উল্লাস করিব। যিহোবা
পরমেশ্বর আমার বল তিনি আমার পা হরিণের
পায়ের ন্যায় করিবেন এবং আমার উচ্চস্থানের
উপরে আমাকে ভ্রমণ করাইবেন। আমার তারযুক্ত
যন্ত্রেতে শ্রেষ্ঠ গায়কের জন্যে এই।

Digitized by Google

# সফনীয়ার ভবিষ্যদ্বাক্য পুস্তক

## প্রথম পর্ব্ব।—

১ যিহূদার আমোন রাজার য়োশীয়া পুত্রের কালে
যিহূহার যে বাক্য হিষ্কীয়ার আমরীয়া পুত্রের
গদলীয়া পুত্রের কোশী পুত্রের সফনীয়া পুত্রের কাছে
উপস্থিত হইল সে এই।—
২ যিহূহা কহেন যে আমি দেশের মধ্যহইতে সকল
৩ পরে সর্ব্বতোভাবে বিনাশ করিব। আমি মনু
ষ্যকে ও পশুকে বিনাশ করিব আমি আকাশের
পক্ষিরদিগকে ও সমুদ্রের মৎস্যেরদিগকে বিনাশ
করিব এবং উচোটখাওয়ার মুটা দুষ্টেরদের সহিত
বিনাশ করিব এবং যিহূহা কহেন যে আমি দেশের
৪ ভূমিহইতে মনুষ্যকে উচ্ছিন্ন করিব। আমি যিহো
দা ও যিরোশলমনিবাসী সকলের উপরে আপন
হাত বিস্তীর্ণ করিব এবং এ স্থানহইতে আমি বায়লের
অবশিষ্টকে এবং যাজকেরদের সহিত কমরীয়েরদের
৫ নামকে ও যাহারা ঘরের ছাতের উপরে স্বর্গের
সৈন্যের পূজা করে তাহারদিগকে ও যাহারা ভজনা
করে ও যিহূহার নাম লইয়া দিব্য করে ও যাহারা
৬ মলকমের নাম লইয়া দিব্য করে তাহারদিগকে এবং
যাহারা যিহূহাহইতে পরাক্রান্ত হইয়াছে তাহার
দিগকে ও যাহারা যিহূহার অন্বেষণ করে নাই ও

Digitized by Google

তাহার কারণ জিজ্ঞাসা করে নাই তাহারদিগকে ও
৭ উচ্ছিন্ন করিব। যিহুহা পরমেশ্বরের সাক্ষাতে
চুপ কর কেননা যিহুহার দিন নিকট আছে
কেননা যিহুহা এক যজ্ঞ প্রস্তুত করিয়াছেন তিনি
আপন আহূতেরদিগকে নিমন্ত্রণ করিয়াছেন।
৮ এবং যিহুহার যজ্ঞের দিনে এমত হইবে যে আমি
অধ্যক্ষেরদিগকে ও রাজ বালকেরদিগকে ও বিদেশীয়
৯ বস্ত্রেতে বস্ত্রান্বিত সকলকে দণ্ড দিব। যাহারা
গবরাটে লাফ দেয় ও আপনারদের প্রভুরদের ঘর
দৌরাত্ম্যেতে ও খলতাতে পূর্ণ করে সে সকলকে ও
১০ আমি সে দিনে দণ্ড দিব। এবং যিহুহা কহেন
যে সে দিনে এমত হইবে মৎস্যদ্বারহইতে চেঁচা
নের শব্দ ও দ্বিতীয় দ্বারহইতে আর্ত্তস্বর ও পর্ব্বতের
১১ দেরহইতে বড় ধাঁই শব্দ শুনা যাবে। হে মাক্তেশ
নিবাসিরা তোমরা আর্ত্তস্বর কর কেননা বানিজ্য
কারি লোকেরা পরিচ্ছিন্ন হইল রূপ্যবাহক সকলে
১২ উচ্ছিন্ন হইল। সে সময়ে এমত হইবে আমি
বাতির দ্বারা যিরোশলমের তল্লাস করিব এবং আপ
নারদের গাদ্দীর উপরে বসাপ্ত গিয়াছে এবং আপন
অন্তঃকরণে কহে যে যিহুহা মঙ্গল করিবেন না এবং
অমঙ্গল ও করিবেন না এমন যে মনুষ্যেরা তাহার
১৩ দিগকে শাস্তি দিব। সেই কারণ তাঁহারদের দ্রব্য
পাত্র লুটা বস্তু হইবে ও তাহারদের ঘর অরণ্য হইবে
তাহারা ঘর ও গাঁথিবে কিন্তু তাহাতে বাস করিবে না
ও তাহারা দ্রাক্ষাক্ষেত্র করিবে কিন্তু তাহার দ্রাক্ষা

Digitized by Google

১৪ রস পান করিবে না। যিহোবার বড় দিন নিকটে
আছে সে নিকটে ও অতি শীঘ্র আসিতেছে অর্থাৎ
যিহোবার দিনের শব্দ বলবান মানুষ সেখানে বড়
১৫ ক্রন্দন করিবে। সেই দিন ক্রোধের দিন সে দুঃখ
ও ক্লেশের দিন সে ক্ষয় ও নাশ হওয়ার দিন সে
অন্ধকার ও ঘোরতর দিন সে মেঘপুঞ্জ ও তিমিরময়
১৬ দিন। সে প্রাচীরবেষ্টিত নগরের ও উচ্চ গড়ের
১৭ বিপক্ষে তূরী বাজান ও রণধ্বনি করণের দিন। মনুষ্যেরা
যিহোবার বিপক্ষে পাপ করিয়াছে সেই কারণ তাহারা
অন্ধ মনুষ্যেরদের মত ভ্রমণ করে এই জন্যে আমি
তাহারদের উপরে ক্লেশ আনিব এবং তাহারদের
রক্ত ধূলার ন্যায় ও তাহারদের মাংস মলের ন্যায়
১৮ ঢালান যাবে। যিহোবার ক্রোধের দিনে তাহারদের
রূপা কিম্বা তাহারদের স্বর্ণ তাহারদিগকে উদ্ধার
করিতে শক্ত হইবে না কিন্তু দেশ সমুদায় তাঁহার
জ্বলনাগ্নিতে খাইয়া ফেলা যাবে কেননা তিনি
দেশনিবাসিরদের অতি ত্বরা দূর করা সিদ্ধ করিবেন।

পর্ব্ব হে অনভিমত জাতি আপনারদিগকে একত্র কর
২ নিয়মের প্রসব হওয়ার পূর্ব্বে তুষ যেমন উড়িয়া
যায় দিনের তাহার ন্যায় বহিয়া যাওয়ার পূর্ব্বে যিহোবার
প্রচণ্ড কোপের তোমারদের উপরে আইসনের পূর্ব্বে
যিহোবার ক্রোধের দিনের তোমারদের উপরে আইস
৩ নের পূর্ব্বেই একত্র হও। যিহোবার রীতি ক্রিয়া
করিয়াছ যে তোমরা পৃথিবীর মৃদু লোকেরা তোমরা
সকলে তাঁহার চেষ্টা কর যাথার্থ্যের চেষ্টা কর

Digitized by Google

যদ্যপি চেষ্টা কর হইতে পারিবে যে তোমরা যিহোবার ক্রোধের দিনে গুপ্ত হইবা।

৪ কেননা অজা ত্যক্ত হইবে ও আস্কলন অরণ্য হইবে তাহারা মধ্যাহ্নে অস্দোদকে খেদাইয়া দিবে ও এক্রোন উৎপাটিত হইবেক।

৫ সমুদ্রের তীরনিবাসিরদের অর্থাৎ করেথীয় জাতির হায়। যিহোবার বাক্য তোমারদের প্রতিকূলে আছে। হে পলেষ্টীয়রদের দেশ যে কনাআন যাহাতে নিবাসী না থাকে এমনে আমি তোমাকে নষ্ট করিব।

৬ এবং সমুদ্রতীর বসতি ও রাখালেরদের কুটিয়া ও মেষশালা হইবে।

৭ এবং ঐ তট যিহোদার বংশের অবশিষ্ট লোকেরদের স্থান্য হইবে ও তাহারা তাহার উপরে চরিবে তাহারা সন্ধ্যাকালে আস্কলনের ঘরে শয়ন করিবে কেননা তাহারদের ঈশ্বর যিহোবা তাহারদিগকে অবলোকন করিবেন ও তাহারদের অন্যদেশে যাত্রাদি নিবৃত্ত করিবেন।

৮ আমি মোয়াবের অপমান কথা ও অম্মোনের সন্তানেরা যে নিন্দাতে আমার লোকেরদিগকে নিন্দা করিয়াছে ও তাহারদের সীমার বিরুদ্ধে আপনারদিগকে বড় করিয়াছে সে নিন্দাও আমি শুনিয়াছি।

৯ অতএব সৈন্যের যিহোবা যিশ্রায়েলের ঈশ্বর কহেন যে যদি আমি জীবৎ হই তবে অবশ্য মোয়াব সদোমের মত হইবে এবং অম্মোনের সন্তানেরা অমরার মত হইবে অর্থাৎ বিছুটির ও লবণের গর্তের উৎপত্তি স্থান ও নিত্য অরণ্য আমার লোকের অবশিষ্ট লোকেরা

Digitized by Google

তাহারদিগকে নষ্ট করিবে এবং আমার অবশিষ্ট
লোকেরা তাহারদিগকে অধিকার করত ভোগ করিবে।
১০ তাহারা আপনারদের অহঙ্কার প্রযুক্ত ইহা পাইবে
কেননা তাহারা ইস্রায়েলের সৈন্যদের লোকেরদের প্রতি
বড় নিন্দা করিয়াছে ও আপনারদিগকে বড়
১১ করিয়াছে। যিহোবা তাহারদের প্রতি ভয়ঙ্কর হইবেন
কেননা তিনি শুখাইবেন পৃথিবীর সকল দেবেরদিগকে
মারিবেন এবং লোকেরা প্রত্যেক জন আপনার স্থানে
অর্থাৎ অন্যদেশীয়েরদের সকল উপদ্বীপ তাঁহাকে
ভজনা করিবে।
১২ হে কূশীয়েরা তোমরা ও আমার খড়্গেতে
১৩ মারা যাইবা। এবং তিনি উত্তর দেশের দিগে
আপন হাত বিস্তার করিবেন ও অশূরকে নষ্ট
করিবেন এবং নিনিবিকে উৎসন্ন ও অরণ্যের মতন
১৪ শুষ্ক করিবেন। এবং তাহার মধ্যে পশুপালেরা
শুইবে অর্থাৎ সর্ব্ব দেশীয়েরদের সকল পশু। পানি
ভেলা পক্ষী ও যাযাবরতোড় তাহার উপরকার সরদালে
বাস করিবে তাহারদের শব্দ খিড়কির মধ্যে গান
করিবে তাহার গোবরাটে শূন্যতা থাকিবে কেননা
তিনি আরজকাষ্ঠের কর্ম্ম আদুনা করিবেন।
১৫ আমি হই ও আমাবিনা কেহ নয় এই কথা আপন
অন্তঃকরণে কহিল যে নিশ্চিন্ত বাসকারিণী আনন্দ
কারিণী নগর এই সে সে কেমনি অরণ্য ও পশুরদের
শুইবার স্থান হইয়াছে যে প্রত্যেক জন তাহার নিকট
হইয়া যায় সে শীশ দিবে ও মাথা নাড়াইবে।

Digitized by Google

পর্ব সমলা ও অপবিত্রা যে অর্থাৎ উপদ্রবকারিণী
২ নগরী যে হায় তাহারা। সে বাক্যের অনুবর্ত্তিনী
ছিল না সে শাস্তি গ্রহণ করিল না সে যিহুহায়
বিশ্বাস করিল না সে আপন ঈশ্বরের নিকটে আইল
৩ না। তাহার মধ্যস্থিত যে তাহার অধ্যক্ষেরা তাহারা
গর্জ্জনকারি সিংহ তাহার বিচারকর্ত্তারা সায়ংকালীন
কেন্দুয়া পরদিন না হইলে তাহারা হাড় খায় না।
৪ তাহার ভবিষ্যদ্বক্তারা চঞ্চল ও বিশ্বাসঘাতক লোকেরা
তাহার পুরোহিতেরা পবিত্র স্থানকে সাধারণ করিয়াছে
৫ তাহারা শাস্ত্রকে জোর করিয়াছে। নীতিকারী
যিহুহা তাহার মধ্যে আছেন তিনি অন্যায় করিবেন না
তিনি প্রতি প্রাতে আপন বিচার প্রকাশ করেন তিনি
ত্রুটি করেন না কিন্তু অন্যায়কর্ত্তা কিছু লজ্জা জানে না।
৬ আমি দেশীয়লোকেরদিগকে উচ্ছিন্ন করিয়াছি তাহার
দের গড় মনুষ্যহীন হইয়াছে যাহাতে কেহ সেখান
দিয়া যায় না তেমনি আমি তাহারদের রাস্তা শূন্য
করিলাম মনুষ্য যাহাতে না থাকে কোন নিবাসি
যাহাতে না থাকে তেমনি তাহারদের নগরেরা নষ্ট
৭ হইয়াছে। আমি কহিলাম যে অবশ্য তুমি আমাকে
ভয় করিবা অবশ্য তুমি উপদেশ গ্রহণ করিবা তাহা
হইলে আমি যত তাহারদিগকে শাস্তি দিতাম তথাপি
তাহারদের নিবাস উচ্ছিন্ন হইত না কিন্তু তাহারা
প্রত্যূষে উঠিল ও আপনারদের সকল ক্রিয়া অপবিত্র
করিল।—
৮ অতএব যিহুহা কহেন আমি যে দিনে শিকার

Digitized by Google

উঠিবারে উঠি যে দিন পর্য্যন্ত তোমরা আমার অপেক্ষা
কর কেননা আমি আপন চণ্ডতা অর্থাৎ আমার
সকল প্রচণ্ড কোপ রাজাদের উপরে ঢালি এই জন্য
তাহার দিগকে একত্র করিবার কারণ ভিন্ন দেশীয়
লোকের দিগকে সংগ্রহ করিতে আমার নিয়ম আছে।
কেননা আমার ক্রোধানলেতে সকল পৃথিবী খাইয়া
ফেলা যাইবে [illegible] কেননা লোকেরদের [illegible]র সেবা
এক মনোতে করিবার নিমিত্ত তাহারা যে তাঁহার
নামেতে প্রার্থনা করে এই জন্য আমি তখন শুদ্ধ এক
১০ ভাষা তাহারদের প্রতি ফিরাইব। কূশের নদীর ও
পারহইতে আমার প্রার্থনাকারিরা অর্থাৎ আমার
ছিন্নভিন্ন লোকেরদের কন্যা আমার নৈবেদ্য আনিবে।
১১ তুমি যে ক্রিয়াতে আমার আজ্ঞালঙ্ঘন করিয়াছ সে
তোমার সকল কৃত ক্রিয়াতে তুমি সে দিনে লজ্জিত
হইবা না কেননা যাহারা তোমার অহঙ্কার দেখিয়া
আনন্দ করে তাহারদিগকে আমি সে দিনে তোমার
মধ্যহইতে লইয়া যাব এবং তুমি আমার পবিত্র
১২ পর্ব্বতের বিষয়ে আর গর্ব্বিত হইবা না। তোমার
মধ্যে আমি দুঃখিত ও দরিদ্র এক লোকসমূহকে
রাখিব এবং তাহারা যিহোবার নামে বিশ্বাস করিবে
১৩ ইস্রায়েলের অবশিষ্ট লোকেরা অযথার্থ করিবে
না ও মিথ্যা কথা কহিবে না ও প্রতারক জিহ্বা ও
তাহারদের মুখে পাওয়া যাইবে না কেননা তাহারা

Digitized by Google

চরিবে ও শুইবে ও কেহ তাহারদিগকে ভীত করিবে
না।
১৪ হে সীয়োনের কন্যা গান কর হে ইস্রায়েল উচ্চৈঃ
স্বর কর হে যিরূশালমের কন্যা তুমি আহ্লাদিত হও
১৫ ও সকল অন্তঃকরণের সহিত আনন্দ কর। যিহোবা
তোমার দণ্ড দূর করিয়াছেন তিনি তোমার শত্রুকে
বাহির করিয়া ফেলিয়াছেন ইস্রায়েলের রাজা যিহোবা
তোমার মধ্যে আছেন তুমি আর অমঙ্গল দেখিবা না।
১৬ তুমি ভয় করিও না সে দিনে এই কথা যিরূশালমকে
ও তোমার হাত শিথিল না হউক এই কথা সীয়োনকে
১৭ এ কহা যাবে। তোমার মধ্যবর্ত্তি যিহোবা তোমার
ঈশ্বর বলবান আছেন তিনি ত্রাণ করিবেন তিনি আন
ন্দেতে তোমার উপরে আনন্দ করিবেন তিনি আপন
প্রেমে স্থিতি করিবেন তিনি গানেতে তোমার উপরে
১৮ আনন্দ করিবেন। তোমার মধ্যে মহোৎসবের অন্যে
শোকান্বিত যাহারা তাহারদিগের বিরুদ্ধে অপমান যাহার
দের কাছে ভার ছিল তাহারদিগকে আমি একত্র
১৯ করিব। দেখ যাহারা তোমাকে দুঃখ দেয় তাহা
রদিগকে আমি সে সময়ে নষ্ট করিব এবং যে খোঁড়া
হয় তাহাকে উদ্ধার করিব ও যে খেদান গিয়াছে
তাহাকে একত্র করিব এবং তাহারা যে সকল দেশে
অপমান পাইয়াছে সে সকল দেশে আমি তাহারদি
২০ গকে প্রশংসা ও সুখ্যাতি পাওয়াইব। আমি যখন
তোমারদিগকে একত্র করি সে সময়ে তোমারদিগকে
আনিব কেননা যিহোবা কহেন যে আমি তোমারদের

Digitized by Google

ও তৃতীয় পৰ্ব্ব সফনীহার ভবিষ্যদ্বাক্য।—

চক্ষুর গোচরে যেসময়ে তোমারদের অন্যদেশে দাসত্ব ফিরাই সে সময়ে আমি পৃথিবীর সকল লোকেরদের মধ্যে তোমারদিগকে নাম ও স্তুতি রূপ করিব।—

[illegible] ১

[illegible] ২

[illegible] ৩

[illegible] ৪

[illegible] ৫

[illegible] ৬

[illegible] ৭

[illegible] ৮

[illegible]

Digitized by Google

# য়্যগী ভবিষ্যদ্বাক্য পুস্তক।

## প্রথম পর্ব্ব।

১ দারিয়সর রাজার দ্বিতীয় বৎসরের ষষ্ঠ মাসের
প্রথম দিনে য়্যগী ভবিষ্যক্তার দ্বারা য়িহুহার এ বাক্য
য়িহোদার অধ্যক্ষ শালতীএলের জরুব্বাবল পুত্রের কাছে
ও যশদেকের পুত্র যিহশুআ প্রধান যাজকের কাছে
আইল।—
২ সৈন্যের য়িহুহা এ কথা কহেন এ লোকেরা কহে যে
কাল উপস্থিত নয় অর্থাৎ য়িহুহার ঘরের গাঁথনোপ
৩ যুক্ত কাল। তখন য়্যগী ভবিষ্যদ্বক্তার দ্বারা য়িহু
৪ হার এ বাক্য উপস্থিত হইল। হে তোমরা তোমার
দের আপনং সছাত ঘরে বাস করনের ও এ ঘর
৫ অরণ্যরূপ থাকার কাল কি আছে। অতএব
সৈন্যের য়িহুহা এ কথা কহেন যে তোমরা আপনার
৬ বিষয় বিবেচনা কর। তোমরা অনেক বুনিয়াছ
এবং অল্প সঞ্চয় করিয়াছ তোমরা খাও কিন্তু তৃপ্ত
না হও তোমরা পান কর কিন্তু পানীয়েতে পূর্ণ নহ
তোমরা আপনারদিগকে বস্ত্রান্বিত কর কিন্তু কেহ
তপ্ত নও এবং যে জন বেতন পায় সে ছিদ্র বিশিষ্ট
এক থইলায় থুইবার কারণ বেতন পায়।—
৭ সৈন্যের য়িহুহা এ কথা কহেন যে তোমরা আপনং
৮ বিষয় বিবেচনা কর। য়িহুহা কহেন যে তোমরা
পর্ব্বতে যাও এবং কাষ্ঠ আন ও ঘর গাঁথ এবং

Digitized by Google

আমি তাহাতে তুষ্ট হওয়া করিব ও মহিমান্বিত
হইব। তোমরা অনেক অপেক্ষা করিলা কিন্তু দেখ
সে অল্প হইল এবং তোমরা তাহা ঘরে আনিলে আমি
তাহার উপরে ফুঁ দিলাম সেনাপতি যিহুহা কহেন যে
যেন আমার ঘর অরণ্যের ন্যায় হইয়াছে ও তোমরা
১০ প্রত্যেক জন আপন২ ঘরে যাও এই কারণ তন্নি
মিত্তে তোমারদের উপরিস্থ আকাশ শিশিরতে নিবৃত্ত
হইয়াছে ও পৃথিবী আপন ফলেতে নিবৃত্ত হইয়াছে।
১১ এবং আমি দেশের ও পর্ব্বতেরদের ও শস্যের ও
নূতন দ্রাক্ষা রসের ও তৈলের ও ভূমিতে উৎপন্নের
ও মানুষের ও পশুদের ও হাতের সকল কার্য্যের
উপরে নির্জ্জলতা ডাকিলাম।
১২ তখন শালতীয়েলের জরুববল পুত্র ও যশদেকের পুত্র
যিহোশুআ প্রধান যাজক ও অবশিষ্ট যত লোক সে
সকলে আপনারদের ঈশ্বর যিহুহার বাক্যের ও যিহুহা
তাহারদের ঈশ্বর তাঁহাকে যে প্রকারে পাঠাইয়াছিলেন
তেমনি হগী ভবিষ্যদ্বক্তার বাক্যের ও অনুবর্ত্তী হইল
এবং লোকেরা যিহুহার সাক্ষাতে ভয় করিল।
১৩ তখন যিহুহার দূত যে হগী ভবিষ্যদ্বক্তা তিনি যিহুহার
আজ্ঞাপিত বাক্য দ্বারা লোকেরদিগকে কহিল যে যিহু
হা কহেন যে আমি তোমারদের সহিত আছি।
১৪ এবং যিহুহা যিহূদার অধ্যক্ষ শালতীয়েলের জরুব
বল পুত্রের আত্মাকে ও যশদেকের যিহোশুআ পুত্র
প্রধান যাজকের আত্মাকে এবং অবশিষ্ট সকল লোকে
১৫ রদের আত্মাকে উঠাইলেন এবং দারিয়স রাজার

Digitized by Google

দ্বিতীয় বৎসরের ষষ্ঠ মাসের চব্বিশ দিবসে তাহারা আইল ও আপন ঈশ্বর সৈন্যের যিহোবার গৃহে কার্য্য করিল [illegible]

২ সপ্তম মাসের একবিংশ দিবসে যিহোবার বাক্য হগয় ভবিষ্যদ্বক্তার দ্বারা উপস্থিত হইল ॥ যিহূদার অধ্যক্ষ শালতীয়েলের পুত্র যিরুব্বাবিল এবং যিহোচাদকের পুত্র যিহোশূয় প্রধান যাজক ও অবশিষ্ট লোকদিগকে এই কথা কহ । ও যাহারা পূর্ব্বে ঐ গৃহের ঐশ্বর্য্য দেখিয়াছে এমন কোন লোক তোমারদের মধ্যে অবশিষ্ট কি আছে । এখন তোমরা তাহা কেমন দেখিতেছ । সেই তুলনায় সে তাহার সহিত তোমারদের দৃষ্টিতে কিছু নয় । কিন্তু যিহোবা কহিতেছেন হে যিরুব্বাবিল এখন সবল হও এবং হে যিহোচাদকের পুত্র প্রধান যাজক যিহোশূয় তুমি সবল হও এবং যিহোবা কহেন হে দেশস্থ লোক সকল তোমরা সবল হও ও কার্য্য কর কেননা সৈন্যের যিহোবা কহেন যে আমি তোমারদের সহিত । তোমরা যখন মিসর হইতে আইলা তখন আমি তোমারদের সহিত যে নিয়ম করিলাম তদনুসারে আমার আত্মা তোমারদের সহিত থাকে তোমরা ভয় করিও না । কেননা সৈন্যের যিহোবা এমত কহেন আর একবার কিঞ্চিৎ কালের পরে আমি আকাশ ও পৃথিবী ও সমুদ্র ও শুষ্কভূমি নাড়াইব । এবং আমি সকল দেশীয় লোকের দিগকে নাড়াইব এবং সর্ব্বদেশীয়দের বাঞ্ছিত যিনি তিনি আসিবেন এবং সৈন্যের যিহোবা কহেন যে আমি এই ঘর তেজেতে পূর্ণ করিব । সৈন্যের যিহোবা কহেন

৯ যে রূপা আমার ও স্বর্ণ আমার সৈন্যের যিহুহা কহেন
যে এ শেষতর ঘরের তেজ পূর্ব্ব ঘরের তেজো অধিক
হইবে এবং সৈন্যের যিহুহা কহেন যে আমি এ স্থানে
যোগ দিব।
১০ দারিয়াবসের দ্বিতীয় বৎসরের নবম মাসের চব্বিশ
দিনে যিহুহার এ বাক্য হগী ভবিষ্যদ্বক্তার দ্বারা উপ
১১ স্থিত হইল যথা সৈন্যের যিহুহা এ কথা কহেন তোমরা
শাস্ত্রের বিষয়ে যাজকেরদিগকে এ কথা জিজ্ঞাসা
১২ কর। যদি কেহ আপন বস্ত্রের আঁচলায় পবিত্র
মাংস বহত সে আঁচলাতে রুটি কিম্বা ঝোল কিম্বা
দ্রাক্ষারস কিম্বা তৈল কিম্বা কোন প্রকার ভক্ষ্য স্পর্শ
করে তবে সে দ্রব্য কি পবিত্র হইবে? এবং যাজকেরা
১৩ প্রত্যুত্তর করিয়া কহিল যে নয়। তখন হগী কহিল
শবেতে অশুচি কোন কেহ যদি ইহার মধ্যে কোন দ্রব্য
স্পর্শ করে তবে সে দ্রব্য কি অশুচি হইবে? এবং যাজ
কেরা প্রত্যুত্তর করিয়া কহিল যে সে অশুচি হইবে।
১৪ তখন হগী প্রত্যুত্তর করিয়া কহিল যিহুহা কহেন
যে এ লোকেরা ও এ জাতি
আমার সম্মুখে এইমত এবং তাহারদের হাতের সমস্ত
ক্রিয়া এইমত এবং তাহারা সেখানে যে নৈবেদ্য দেয়
১৫ সেই অপবিত্র। এবং এখন আমি বিনতি করি
এ দিনাবধি অর্থাৎ যিহুহার মন্দিরে পাথর পাথরের
উপরে স্থাপিত হইতে লাগিল তাহার পূর্ব্বাবধি বিবে
চনা কর। সে অবধি যখন কেহ বিংশতি পরি
১৬ মাণের ঢিপির নিকটে আইল তখন কেবল দশ

Digitized by Google

দ্বিতীয় পর্ব্ব হগ্গীর ভবিষ্যদ্বাক্য।

আইয়া গেল যখন কেহ [illegible]কুণ্ডেতে পঞ্চাশ[illegible] যন্ত্র
[illegible] আইল তখন [illegible] পাত্রি পাওয়া গেল
১৭ [illegible] আমি তোমারদের হাতের সকল কার্য্যে
তোমারদিগকে শুষ্কতাতে ও শস্যেতে ও শিলবৃষ্টিতে
১৮ [illegible] আমার প্রতি ফির নাই ।ঃ এই
দিনাবধি বিবেচনা কর [illegible] দিনাবধি
অর্থাৎ যিহুহার মন্দিরের বুনিয়াদ যখন স্থাপিত ছিল
১৯ সে দিনাবধি বিবেচনা কর । বীজ কি এই পর্য্যন্ত
গোলায় আছে এবং এ পর্য্যন্ত ও দ্রাক্ষালতা ও ডুমুর
বৃক্ষ ও দাড়িম্ব ও জিতবৃক্ষ ফল ফলে নাই আজ
অবধি আমি তাহারদিগকে আশীর্ব্বাদযুক্ত করিব ।—
২০ পুনর্ব্বার মাসের চব্বিশ দিনে যিহুহার এই বাক্য
২১ হগ্গীর কাছে আইল । যিহোদার অধ্যক্ষ জের
রুব্বাবলকে এই কথা কহ আমি স্বর্গ ও পৃথিবীকে নড়া
২২ ইব। এবং আমি রাজ্যেরদের সিংহাসন উল্টিয়া
ফেলিব এবং অন্যদেশীয়েরদের রাজ্যেরদের বল নষ্ট
করিব এবং আমি রথেরদিগকে ও তদারূঢ়েরদিগকে
উল্টিয়া ফেলিব এবং ঘোড়ারা ও তদারূঢ়েরা প্রত্যেক
জন আপন ভাইর তলোয়ারেতে নামিয়া পড়িবে।
২৩ সৈন্যের যিহুহা কহেন যে হে শালতিয়েলের পুত্র
জেরুব্বাবল যে আমার দাস আমি সে দিনে তোমাকে
লইব এবং যিহুহা কহেন যে তুমি মোহরের ন্যায়
হইবা কেননা সৈন্যের যিহুহা কহেন যে আমি
তোমাকে মনোনীত করিয়াছি।—

Digitized by Google

## জখরীয়ার ভবিষ্যদ্বাক্য পুস্তক।

### প্রথম পর্ব্ব।

১ দারিয়াবসের দ্বিতীয় বৎসরের অষ্টম মাসে যিহোবার
এই বাক্য যিদ্দো বরখীয়া পুত্রের জখরীয়া পুত্র ভবিষ্য
২ দ্বক্তার কাছে আইল। যিহোবা তোমারদের পিতৃ
৩ লোকেরদের উপরে বড় বিরক্ত হইয়াছিলেন। অতএব
তাহারদিগকে এই কথা কহ সৈন্যের যিহোবা এ কথা
কহেন যে সৈন্যের যিহোবা কহেন তোমরা আমার
প্রতি ফির এবং সৈন্যের যিহোবা কহেন যে আমি
৪ তোমারদের প্রতি ফিরিব। যাহারদিগকে পূর্ব্ব
কালীন ভবিষ্যদ্বক্তারা উচ্চৈঃস্বরে কহিল যে সৈন্যের
যিহোবা ইহা কহেন তোমরা আপনারদের কুপথ ও
কুক্রিয়া হইতে মুখ ফিরাও কিন্তু যিহোবা কহেন যে
তাহারা শুনিল না ও আমার কথা অবধান করিল
না এমন যে তোমারদের পিতৃলোকেরা তাহারদের
মত হইও না।
৫ তোমারদের পিতৃলোকেরা কোথায় এবং ভবিষ্যদ্
৬ বক্তারা কি নিত্য বাঁচে। কিন্তু আমি আপন ভবি
ষ্যদ্বক্তৃ সেবকেরদিগকে আজ্ঞা করিয়াছি যে আমার
বাক্য ও আমার ব্যবস্থা কি তোমারদের পিতৃলোকের
দিগকে ধরে নাই এবং তাহারা ফিরিল ও বলিল
সৈন্যের যিহোবা যে রূপ আমারদের গতি ও ক্রিয়ানুসারে

আমারদের প্রতি করিতে মনে করিলেন তেমনি তিনি
আমারদের প্রতি করিয়াছেন।—
৭ দারিওসের দ্বিতীয় বৎসরের একাদশ মাস অর্থাৎ
শেবট মাসের চতুর্ব্বিংশতি দিনে যিহুহার এ বাক্য
যিদ্দের পুত্র বারখীহার পুত্র জাখারীহা ভবিষ্যদ্বক্তার কাছে
৮ আইল। আমি রাত্রিতে দেখিলাম এবং দেখ
রক্তবর্ণ ঘোড়ার উপরে আরূঢ় এক জন ছিল এবং
নীচ ভূমিতে যে বিলাতি মিন্দি গাছ ছিল তাহার মধ্যে
সে দাঁড়াইল এবং তাহার পাছে রক্তবর্ণ ও বিচিত্র ও
৯ সাদা ঘোড়া ছিল। তখন আমি কহিলাম হে
আমার প্রভু ইহারা কি এবং আমার সঙ্গে আলাপ
করিল যে দূত তিনি আমাকে কহিলেন ইহারা কি
১০ তাহা আমি তোমাকে জানাইব। এবং যে জন
বিলাতি মিন্দি গাছের মধ্যে দাঁড়াইল সে কহিল যিহু
হা যাহারদিগকে পৃথিবীতে ইতস্ততো ভ্রমণ করিতে
১১ পাঠাইয়াছেন ইহারা সে। এবং তাহারা বিলাতি
মিন্দির মধ্যে স্থিত ঈশ্বরের দূতকে প্রত্যুত্তর করিল
